

ফ্রি বাইবেল কমেন্ট্রি

আপনি বাইবেল বুঝতে পারবেন!

সমস্যাগ্রস্থ মন্ডলীর কাছে পৌলের চিঠিঃ
১ এবং ২ করিন্থীয়

ড. বব উটলে, hermeneutics (বাইবেল ব্যাখ্যা) এর অবসর প্রাপ্ত অধ্যাপক

বিষয় বস্তু

এই ব্যাখ্যা বইতে ব্যবহৃত শব্দ সংক্ষেপ

লেখকের কথাঃ কিভাবে এই ব্যাখ্যা বই আপনাকে সাহায্য করতে পারে?

উত্তম বাইবেল অধ্যয়নের নির্দেশিকাঃ প্রমাণযোগ্য সত্যের জন্য ব্যক্তিগত অনুসন্ধান

ব্যাখ্যা :

১ করিন্থীয়ের ভূমিকা

<u>১ করিন্থীয় ১</u>	<u>১ করিন্থীয় ৯</u>
<u>১ করিন্থীয় ২</u>	<u>১ করিন্থীয় ১০</u>
<u>১ করিন্থীয় ৩</u>	<u>১ করিন্থীয় ১১</u>
<u>১ করিন্থীয় ৪</u>	<u>১ করিন্থীয় ১২</u>
<u>১ করিন্থীয় ৫</u>	<u>১ করিন্থীয় ১৩</u>
<u>১ করিন্থীয় ৬</u>	<u>১ করিন্থীয় ১৪</u>
<u>১ করিন্থীয় ৭</u>	<u>১ করিন্থীয় ১৫</u>
<u>১ করিন্থীয় ৮</u>	<u>১ করিন্থীয় ১৬</u>

২ করিন্থীয়ের ভূমিকা

<u>২ করিন্থীয় ১</u>	<u>২ করিন্থীয় ৮</u>
<u>২ করিন্থীয় ২</u>	<u>২ করিন্থীয় ৯</u>
<u>২ করিন্থীয় ৩</u>	<u>২ করিন্থীয় ১০</u>
<u>২ করিন্থীয় ৪</u>	<u>২ করিন্থীয় ১১</u>
<u>২ করিন্থীয় ৫</u>	<u>২ করিন্থীয় ১২</u>
<u>২ করিন্থীয় ৬</u>	<u>২ করিন্থীয় ১৩</u>
<u>২ করিন্থীয় ৭</u>	

পরিশিষ্ট :

গ্রীক ব্যাকরণগত কাঠামোর সংক্ষিপ্ত সংজ্ঞা

লেখনী বিষয়ক সমালোচনা

শব্দকোষ/পরিভাষা

মতবাদগত বিবৃতি

কপিরাইট © ২০১৩ [Bible Lessons International](http://BibleLessonsInternational.com). সর্বসত্ত্ব সংরক্ষিত। এই বইয়ের যে কোন অংশ বিনামূল্যে কপি বা বিতরণ করা যাবে। এই ধরনের কপি বা বিতরণ অবশ্যই ড. বব উটলের অনুকূলে এবং অন্তর্ভুক্ত হবে www.freebiblecommentary.org।

এই ব্যাখ্যা বইতে ব্যবহৃত মূখ্য বাইবেল টেক্সট হলঃ New American Standard Bible (Update, 1995) Copyright ©1960, 1962, 1963, 1968, 1971, 1972, 1973, 1975, 1977, 1995 by The Lockman Foundation, P. O. Box 2279, La Habra, CA 90632-2279

বিষয় সূচী
(TABLE OF CONTENTS)

এই ব্যাখ্যা বইতে ব্যবহৃত শব্দ সংক্ষেপ	৭
লেখকের কথাঃ কিভাবেই এই ব্যাখ্যা বই আপনাকে সাহায্য করতে পারে	৯
উত্তম বাইবেল অধ্যয়নের নির্দেশিকাঃ প্রমাণযোগ্য সত্যের জন্য ব্যক্তিগত অনুসন্ধান	১১
ব্যাখ্যাঃ	
১ করিন্থীয় পত্রের ভূমিকা	১৭
১ করিন্থীয় ১	২৩
১ করিন্থীয় ২	৬৩
১ করিন্থীয় ৩	৮১
১ করিন্থীয় ৪	৯৪
১ করিন্থীয় ৫	১০৫
১ করিন্থীয় ৬	১১৫
১ করিন্থীয় ৭	১৩১
১ করিন্থীয় ৮	১৫৩
১ করিন্থীয় ৯	১৬২
১ করিন্থীয় ১০	১৭৭
১ করিন্থীয় ১১	১৯২
১ করিন্থীয় ১২	২০৯
১ করিন্থীয় ১৩	২২৫
১ করিন্থীয় ১৪	২৩৩
১ করিন্থীয় ১৫	২৫০
১ করিন্থীয় ১৬	২৭৬
২ করিন্থীয় পত্রের ভূমিকা	২৮৭
২ করিন্থীয় ১	২৯২
২ করিন্থীয় ২	৩০৮
২ করিন্থীয় ৩	৩১৮
২ করিন্থীয় ৪	৩২৭
২ করিন্থীয় ৫	৩৩৬
২ করিন্থীয় ৬	৩৪৯
২ করিন্থীয় ৭	৩৫৮
২ করিন্থীয় ৮	৩৬৫
২ করিন্থীয় ৯	৩৭৪
২ করিন্থীয় ১০	৩৮৩
২ করিন্থীয় ১১	৩৯০
২ করিন্থীয় ১২	৪০০
২ করিন্থীয় ১৩	৪১২
পরিশিষ্ট এক : গ্রীক ব্যাকরণগত কাঠামোর সংক্ষিপ্ত সংজ্ঞা	৪১৯
পরিশিষ্ট দুই : লেখনী বিষয়ক সমালোচনা	৪২৬
পরিশিষ্ট তিন : শব্দকোষ/পরিভাষা	৪২৯
পরিশিষ্ট চার : মতবাদগত বিবৃতি	৪৩৭

বিশেষ বিষয়ের বিষয় সূচী
(SPECIAL TOPIC TABLE OF CONTENTS)

আহবান	২৪
মণ্ডলী (<i>ekklesia</i>)	২৬
নূতন নিয়মে পবিত্রতা/শুচিকরণ	২৬
পবিত্র গণ	২৭
শান্তি (<i>shalom</i>)	২৮
ঈশ্বরের পিতৃত্ব	২৯
ধন্যবাদজ্ঞাপন	৩১
নির্দোষ, নিরাপরাধ, দোষহীন, অনিন্দনীয়	৩৫
পুরাতন নিয়মে বিশ্বাস, নির্ভরতা, এবং বিশ্বস্ততা(৭২৫)	৩৭
<i>Koinōnia</i>	৪০
ঈশ্বর পুত্র	৪১
সান্ত্বনা	৪২
প্রভুর নাম	৪৩
বাগ্মিত্ব	৪৫
এই যুগ এবং যে যুগ আসছে	৪৮
YHWH এর অনন্তকালীন পরিব্রাণের পরিকল্পনা	৪৯
ধৈর্যধারণের আবশ্যিকতা	৫০
মশীহ	৫২
নির্বাচন/পূর্ব অদৃষ্ট এবং ধর্মতাত্ত্বিক সমতার জন্য প্রয়োজন	৫৩
মাংস (<i>sarx</i>)	৫৫
বিফল ও বাতিল (<i>katargeō</i>)	৫৬
ধার্মিকতা	৫৭
মুক্তিপণ/পুনরুদ্ধার	৬০
আলোকিত করণ	৬৪
অনুপ্রেরণা	৬৪
পৌলের <i>Huper</i> সমন্বয় ব্যবহার	৬৫
নিগূঢ় তত্ত্ব	৬৬
শেষ বা পরিপূর্ণ (<i>TELOS</i>)	৬৯
চিরকাল (<i>'olam</i>)	৭১
মহিমা (<i>doxa</i>)	৭৩
ঈশ্বরের জন্য নাম	৭৩
ত্রিভু	৭৬
আত্মার ব্যক্তিরূপ	৭৭
আগুন	৮৭
পরীক্ষা ও তার অর্জনহিত তাৎপর্যের জন্য গ্রীক টার্ম	৮৭
পরিব্রাণ (গ্রীক VERB TENSES)	৮৯
পবিত্র	৯০

পৌলের <i>KOSMOS</i> (জগৎ) ব্যবহার	৯৩
দাসরূপী নেতৃত্ব	৯৫
পাঠান (<i>APOSTELLŌ</i>)	৯৯
ঈশ্বরের রাজ্য	১০৩
নূতন নিয়মে আত্মা (<i>PNEUMA</i>)	১০৮
গর্ব করা	১১০
খামি	১১১
নূতন নিয়মে দুর্বৃত্ততা এবং গুণাবলী	১১২
ধর্মত্যাগ (<i>APHISTĒMI</i>)	১২০
বিশ্বাসীদের উত্তরাধিকার	১২১
যে কোন মুহূর্তে যীশুর ফিরে আসা বনাম এখনও নয়	১২৭
বাইবেলে মহিলা	১৩৪
উপবাস	১৩৬
ব্যক্তিগত মন্দতা	১৩৭
পৌলের ক্রীতদাসদের প্রতি উপদেশ	১৪৪
সম্পদ	১৪৭
দেহ ও আত্মা	১৫০
উৎকর্ষ সাধন	১৫৫
এক ঈশ্বরবাদ	১৫৬
বিনাশ সাধন (<i>APOLLUMI</i>)	১৬০
প্রথমজাত	১৬২
মুদ্রাঙ্ক	১৬৪
বার্ণবা	১৬৫
মোশির ব্যবস্থার প্রতি পৌলের দৃষ্টিভঙ্গি	১৬৭
লেখনীগত সমালোচনা	১৬৮
পুরস্কার ও শাস্তির মাত্রা	১৭৪
লোহিত সাগর	১৭৯
নিস্তারপর্ব (উপাসনার নিয়ম)	১৮৪
মন্দ আত্মা (অশুচি আত্মা)	১৮৫
খ্রীষ্টিয় স্বাধীনতা বনাম খ্রীষ্টিয় দায়িত্ব	১৮৭
বিচার করা (খ্রীষ্টিয়ানদের কি একজন অন্যের বিচার করা উচিত?)	১৮৯
মস্তক (<i>KEPHALĒ</i>)	১৯৫
মদ এবং মদ্য পানে আসক্তির প্রতি বাইবেলের মনোভাব	২০২
নিয়ম	২০৫
বাইবেলে আত্মা	২১১
অভিশাপ (<i>ANATHEMA</i>)	২১৩
খ্রীষ্ট ধর্ম দলগত	২১৬
পুরাতন নিয়মের ভাববাণী	২১৭
প্রেমপূর্ণ দয়া (<i>HESED</i>)	২২৭
আশা	২৩১
নূতন নিয়মের ভাববাণী	২৩৫

আমেন	২৪০
হৃদয়	২৪১
পরিচর্যায় মহিলা	২৪৫
“মহিলারা নীরব থাকবে” সম্পর্কিত তত্ত্ব	২৪৬
সমর্পিত (<i>HUPOTASSŌ</i>)	২৪৭
প্রাথমিক মন্ডলীর <i>KERYGMA</i>	২৫৩
দাঁড়ান (<i>HISTĒMI</i>)	২৫৪
পুনরুত্থান	২৫৬
যীশুর পুনরুত্থান উত্তর আবির্ভাব	২৫৭
বারো সংখ্যা	২৫৮
যাকোব, যীশুর সৎ ভাই	২৫৯
খ্রীষ্টের ফিরে আসার জন্য নূতন নিয়মের টার্ম	২৬৩
<i>ARCHĒ</i>	২৬৪
কর্তৃত্ব (<i>EXOUSIA</i>)	২৬৫
পৌলের লেখায় স্বর্গদূত	২৬৭
বোকা লোকদের জন্য টার্ম	২৭০
ধংস, বিনাশ, ক্ষয়নীয় (<i>PHTHEIRŌ</i>)	২৭২
ইশ্রায়েলীয়দের দ্বারা ব্যবহৃত শিক্ষা	২৭৪
দশমাংশ দান	২৭৮
নূতন নিয়মে “দরজা” ব্যবহার	২৮১
বলবান হও	২৮৩
<i>MARANATHA</i>	২৮৫
SOPHISTS	২৮৭
তীমথিয়	২৯৪
নির্যাতন	২৯৭
নিশ্চয়তা	২৯৯
সেই দিন	৩০৩
আশ্বাস	৩০৫
প্রচুররূপে (<i>perisseuō</i>)	৩১১
পরিকল্পনা	৩১৩
তীত	৩১৩
পৌলের প্রার্থনা, প্রশংসা ও ধন্যবাদজ্ঞাপন	৩১৪
সাহসিকতা (<i>PARRHĒSIA</i>)	৩২৩
যীশু এবং আত্মা	৩২৫
নূতনীকরণ (<i>ANAKAINŌSIS</i>)	৩৩৪
মৃতেরা কোথায়?	৩৪০
<i>KTISIS</i>	৩৪৬
পুরাতন নিয়মে মন পরিবর্তন	৩৬১
দরিদ্রদের দান	৩৭৮
স্বীকারোক্তি	৩৮০

স্বর্গ এবং তৃতীয় স্বর্গ	৪০২
শয়তান	৪০৪
দুর্বলতা	৪০৬
পৌলের লেখনীতে “সত্য”	৪১৫

এই ব্যাখ্যা পুস্তকে ব্যবহৃত শব্দ সংক্ষেপসমূহ
(ABBREVIATIONS USED IN THIS COMMENTARY)

AB	Anchor Bible Commentaries, ed. William Foxwell Albright and David Noel Freedman
ABD	Anchor Bible Dictionary (6 vols.), ed. David Noel Freedman
AKOT	Analytical Key to the Old Testament by John Joseph Owens
ANET	Ancient Near Eastern Texts, James B. Pritchard
BDB	A Hebrew and English Lexicon of the Old Testament by F. Brown, S. R. Driver and C. A. Briggs
IDB	The Interpreter's Dictionary of the Bible (4 vols.), ed. George A. Buttrick
ISBE	International Standard Bible Encyclopedia (5 vols.), ed. James Orr
JB	Jerusalem Bible
JPSOA	The Holy Scriptures According to the Masoretic Text: A New Translation (The Jewish Publication Society of America)
KB	The Hebrew and Aramaic Lexicon of the Old Testament by Ludwig Koehler and Walter Baumgartner
LAM	The Holy Bible From Ancient Eastern Manuscripts (the Peshitta) by George M. Lamsa
LXX	Septuagint (Greek-English) by Zondervan, 1970
MOF	A New Translation of the Bible by James Moffatt
MT	Masoretic Hebrew Text
NAB	New American Bible Text
NASB	New American Standard Bible
NEB	New English Bible
NET	NET Bible: New English Translation, Second Beta Edition
NRSV	New Revised Standard Bible
NIDOTTE	New International Dictionary of Old Testament Theology and Exegesis (5 vols.), ed. Willem A. VanGemeren
NIV	New International Version
NJB	New Jerusalem Bible
OTPG	Old Testament Passing Guide by Todd S. Beall, William A. Banks and Colin Smith
REB	Revised English Bible

RSV	Revised Standard Version
SEPT	The Septuagint (Greek-English) by Zondervan, 1970
TEV	Today's English Version from United Bible Societies
YLT	Young's Literal Translation of the Holy Bible by Robert Young
ZPBE	Zondervan Pictorial Bible Encyclopedia (5 vols.), ed. Merrill C. Tenney

Copyright © 2013 [Bible Lessons International](#)

লেখকের কথাঃ

কিভাবে এই ব্যাখ্যা বই আপনাকে সাহায্য করতে পারে?

(A Word From the Author: How Can This Commentary Help You?)

বাইবেলের ব্যাখ্যা একটি যুক্তিসম্মত ও আত্মিক প্রক্রিয়া যেটি চেষ্টা করে অনুপ্রাণিত প্রাচীন লেখককে এমন ভাবে বুঝতে যার মাধ্যমে ঈশ্বরের বার্তা আমাদের দৈনন্দিন জীবনে বুঝতে ও প্রয়োগ করা যেতে পারে।

আত্মিক প্রক্রিয়া খুব গুরুত্বপূর্ণ কিন্তু ব্যাখ্যা করা কঠিন। এর মধ্যে ঈশ্বরের প্রতি সমর্পন এবং খোলামেলা ভাব অন্তর্ভুক্ত। অবশ্যই ক্ষুধা থাকবে (১) তাঁর জন্য, (২) তাঁকে জানার ও (৩) তাঁকে পরিচর্য্যার। এই প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত প্রার্থনা, স্বীকারোক্তি এবং জীবন যাপন পদ্ধতি পরিবর্তনের ইচ্ছা। ব্যাখ্যা দানের প্রক্রিয়াতে আত্মা হল অত্যন্ত গুরুত্বপূর্ণ, কিন্তু কেন খাঁটি, ঈশ্বরভক্ত খ্রীষ্টিয়ানেরা ভিন্ন ভাবে বাইবেল বোঝে তা একটি রহস্য।

যুক্তিসম্মত প্রক্রিয়া বর্ণনা করা সহজ। আমাদের অবশ্যই মূল পাঠের সাথে সুসামঞ্জস্যপূর্ণ ও ন্যায়সঙ্গত হতে হবে এবং আমাদের ব্যক্তিগত বা ডিনোমিনেশনাল পক্ষপাতে প্রভাবিত না হওয়া। আমরা সকলে ঐতিহাসিক ভাবে প্রশিক্ষিত। আমরা কেউই উদ্দেশ্যমূলক, নিরপেক্ষ ব্যাখ্যাকারক নই। এই ব্যাখ্যা পুস্তক যত্নসহকারে যুক্তিসম্মত প্রক্রিয়া দান করছে যার মধ্যে রয়েছে তিনটি ব্যাখ্যাদানকারী নীতির কাঠামো যেটি আমাদের সাহায্য করবে পক্ষপাতদৃষ্টতা থেকে মুক্ত থাকতে।

প্রথম নীতি

প্রথম নীতি হল ঐতিহাসিক প্রেক্ষাপট লক্ষ্য করা যখন বাইবেলের বইটি লেখা হয়েছে এবং নির্দিষ্ট ঐতিহাসিক উপলক্ষ্য এর কর্তৃত্বকারীতা সম্পর্কে। মূল লেখকের একটি উদ্দেশ্য ছিল, একটি বার্তাকে পৌঁছে দেওয়া। লেখনী আমাদের কাছে কোন কিছুই অর্থ প্রকাশ করতে পারে না যদি এটি মূল, প্রাচীন, অনুপ্রাণিত লেখকের কাছে কোন অর্থবহ না হয়। তার লক্ষ্য— আমাদের ঐতিহাসিক, অবৈগত, সংস্কৃতিগত, ব্যক্তিগত বা ডিনোমিনেশনগত প্রয়োজন নয়— লক্ষ্য হল মূল চাবিকাঠি। ব্যাখ্যার একটি অখন্ড অংশীদার হল প্রয়োগ, কিন্তু সঠিক ব্যাখ্যা অবশ্যই সব সময় প্রয়োগের অগ্রবর্তী থাকে। এর অবশ্যই পুনরাবৃত্তি হবে যেন বাইবেলের প্রতিটি লেখনীর একটি কেবল মাত্র একটিই অর্থ থাকে। এই অর্থ হল যেটি মূল বাইবেলের লেখক স্থির করেছিলেন আত্মিক নেতৃত্বের মাধ্যমে তার সময়ে লোকদের কাছে পৌঁছে দিতে। এই এক অর্থের বিভিন্ন সংস্কৃতি এবং পরিস্থিতিতে ভিন্ন ভিন্ন সাম্ভাব্য প্রয়োগ হতে পারে। এই প্রয়োগের অবশ্যই মূল লেখকের মূল সত্যের সঙ্গে যোগসূত্র থাকবে। এই কারণে, এই ব্যাখ্যা নির্দেশক অধ্যয়ন পরিকল্পিত হয়েছে বাইবেলের প্রতিটি পুস্তকের একটি ভূমিকা দিয়ে।

দ্বিতীয় নীতি

দ্বিতীয় নীতিটি হল সাহিত্য বিষয়ক একক চিহ্নিত করা। প্রতিটি বাইবেলের পুস্তক হল সমন্বিত দলিল। অনুবাদকের কোন অধিকার নেই সত্যের অন্যান্য দিককে বর্জন করে একটি দিককে বিচ্ছিন্ন করে ফেলা। সেজন্য, আমাদের অবশ্যই অনুবাদের পূর্বে সমগ্র বাইবেলের পুস্তকগুলি বোঝার চেষ্টা করতে হবে আলাদা আলাদা ভাবে সাহিত্যের একক হিসাবে। আলাদা আলাদা অংশ—অধ্যায়, প্যারাগ্রাফ বা পদসমূহ—অর্থবহ হতে পারে না যদি সম্পূর্ণ এককের কোন অর্থ না থাকে। অনুবাদ অবশ্যই সম্পূর্ণ বিষয়ের অবরোধ প্রক্রিয়া থেকে ছোট অংশের দিকে আরোহ প্রক্রিয়ায় পরিচালিত হবে। সেজন্য এই অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা শিক্ষার্থীদের সাহায্যের জন্য পরিকল্পিত করা হয়েছে যেন তারা সাহিত্যের প্রতিটি এককের কাঠামো প্যারাগ্রাফ অনুসারে বিশ্লেষণ করতে পারে। প্যারাগ্রাফ ও প্রতিটি বিভাগ অনুপ্রাণিত নয়, কিন্তু সেগুলি আমাদের সাহায্য করতে পারে প্রতিটি এককের চিন্তাসমূহ চিহ্নিত করতে।

প্যারাগ্রাফ স্তরে ব্যাখ্যা করতে—বাক্য, বাক্যাংশ, শব্দগুচ্ছ বা শব্দ স্তর নয়—চাবিকাঠি হল বাইবেলের লেখকদের স্থিরকৃত অর্থের অনুসরণ। প্যারাগ্রাফের ভিত্তি একত্রিত বিষয়ের উপরে, প্রায়ই একে বলা হয় মূল theme (ভাব) বা বিষয়ভিত্তিক বাক্য। প্রতিটি প্যারাগ্রাফের শব্দ, শব্দগুচ্ছ, বাক্যাংশ এবং বাক্যসমূহ কোন না কোন ভাবে একত্রিত মূলভাব বা থিমের সঙ্গে সম্পর্কিত। এগুলি একে সীমাবদ্ধ করে, একে প্রসারিত করে, একে ব্যাখ্যা করে এবং/বা একে প্রশ্নবিদ্ধ করে। সঠিক ব্যাখ্যার সত্যিকার চাবিকাঠি হল প্রতিটি সাহিত্যের এককের মাধ্যমে প্যারাগ্রাফ থেকে প্যারাগ্রাফ ভিত্তি করে মূল লেখকের চিন্তার অনুসরণ যা বাইবেলের পুস্তককে গঠিত করেছে। এই অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা পরিকল্পিত করা হয়েছে আধুনিক ইংরাজি অনুবাদের তুলনা করে শিক্ষার্থীদের এগুলি করতে সাহায্যের জন্য। এই অনুবাদগুলি বেছে নেওয়া হয়েছে কারণ এগুলি ভিন্ন ভিন্ন অনুবাদ তত্ত্ব ব্যবহার করেছে:

1. United Bible Society's Greek text হল সংশোধিত চতুর্থ সংস্করণ (UBS⁴)। আধুনিক টেক্সট বিশেষজ্ঞ দ্বারা এই টেক্সট প্যারাগ্রাফ করা হয়েছে।
2. New King James Version (NKJV) হল একটি word-for-word আক্ষরিক অনুবাদ যার ভিত্তি হল গ্রীক পান্ডুলিপি ঐতিহ্যগত ভাবে যেটি পরিচিত Textus Receptus নামে। অন্য অনুবাদের চেয়ে এই অনুবাদের প্যারাগ্রাফ বিভাগ-গুলি দীর্ঘ। এই দীর্ঘ এককগুলি একত্রিত বিষয় দেখতে শিক্ষার্থীদের সাহায্য করে।
3. New Revised Standard Version (NRSV) হল একটি পরিমার্জিত word-for-word অনুবাদ। এটি পরবর্তী দুটি আধুনিক সংস্করণের মাঝখানে মধ্যবিন্দু গঠন করেছে। এর প্যারাগ্রাফ বিভাগগুলি বিষয়বস্তু চিহ্নিত করণে চমৎকার সহায়ক।

8. Today's English Version (TEV) হল একটি গতিশীল সমমানের অনুবাদ যেটি United Bible Society প্রকাশ করেছে। এটি বাইবেল এমন ভাবে অনুবাদ করতে চেষ্টা করেছে যেন ইংরাজি পাঠক বা ভাষা-ভাষি লোক গ্রীক টেক্সট-এর অর্থ বুঝতে পারে। প্রায়ই, বিশেষ করে সুসমাচারে, এটি প্যারাফ্রাফ বিভাগ করেছে বঙ্গা অনুসারে কিন্তু বিষয় অনুসারে নয়, ঠিক সেই ভাবে যেভাবে NIV করেছে। অনুবাদের উদ্দেশ্যের জন্য এটি সাহায্যকারী নয়। এটি উল্লেখ করা বেশ মজার যে UBS⁴ এবং TEV উভয়ে এটি প্রকাশ করেছে একই সত্তা হিসাবে, যদিও তাদের প্যারাফ্রাফে ভিন্নতা রয়েছে।
৫. Jerusalem Bible (JB) হল একটি গতিশীল সমমানের অনুবাদ যার ভিত্তি হল French Catholic অনুবাদ। এটা খুবই সাহায্যকারী ইউরোপিয়ান দৃষ্টিভঙ্গি থেকে প্যারাফ্রাফ করার বিষয়টি তুলনা করতে।
৬. ১৯৯৫ সনে ছাপানো টেক্সট New American Standard Bible (NASB) আধুনিকিকরণ করে, এটি হল word-for-word অনুবাদ। verse by verse টিকা এই প্যারাফ্রাফকে অনুসরণ করে।

তৃতীয় নীতি

তৃতীয় নীতিটি হল বাইবেলের বিভিন্ন অনুবাদ পাঠ করা এই উদ্দেশ্যে যে সাম্ভাব্য ব্যাপক অর্থ (ভাষাগত অর্থে) অনুধাবন করা যা বাইবেলের শব্দ বা শব্দগুচ্ছের মধ্যে থাকতে পারে। প্রায়ই গ্রীক শব্দগুচ্ছ বা শব্দ বিভিন্ন ভাবে বোঝা যেতে পারে। এই ভিন্ন ভিন্ন অনুবাদগুলি এই সুযোগগুলি এনে দেয় এবং গ্রীক পাণ্ডুলিপির পার্থক্য চিহ্নিত ও ব্যাখ্যা করতে সাহায্য করে। এটি মতবাদকে প্রভাবিত করে না, কিন্তু এগুলি আমাদের সাহায্য করতে চেষ্টা করে প্রাচীন অনুপ্রাণিত লেখকদের মূল লেখনীর কাছে পৌছাতে।

এই ব্যাখ্যা পুস্তক শিক্ষার্থীদের দ্রুততার সাথে তার অনুবাদ পরীক্ষা করার উপায় দিচ্ছে। এর মানে এই নয় যে তা হবে যথাযথ, কিন্তু হবে তথ্যপূর্ণ এবং চিন্তা-উদ্বেককারী। প্রায়ই, অন্য সাম্ভাব্য অনুবাদ আমাদের সাহায্য করে সংকীর্ণমনা, গোড়ামীপূর্ণ এবং ডিনোমিনেশনাল না হতে। একজন অনুবাদের ব্যাপক অনুবাদ যোগ্যতার সুযোগ থাকা প্রয়োজন যেন প্রাচীন লেখনী কতটা দ্ব্যর্থব্যঞ্জক হতে পারে তা বুঝতে পারেন। এটা খুব দুঃখজনক যে খ্রীষ্টিয়ানদের মধ্যে খুব সামান্য একা রয়েছে যারা দাবি করে বাইবেল তাদের সত্যের উৎস হিসাবে।

এই নীতিগুলি আমাকে সাহায্য করেছে প্রাচীন লেখনী নিয়ে সংগ্রামে বাধ্য করে আমার বেশির ভাগ ঐতিহাসিক দ্বিধাদ্বন্দ্বকে এড়িয়ে যেতে। আমার আশা যে এটি আপনার জন্যও একই রকম আশীর্বাদের হবে।

বব উটলে

২৭ জুন, ১৯৯৬

Copyright © 2013 [Bible Lessons International](http://www.biblelessons.org/)

উত্তম বাইবেল অধ্যয়নের নির্দেশনাঃ

(A GUIDE TO GOOD BIBLE READING:)

প্রমাণযোগ্য সত্যের জন্য ব্যক্তিগত অনুসন্ধান

(A PERSONAL SEARCH FOR VERIFIABLE TRUTH)

ড. বব উটলে তার কমেন্টিতে ব্যবহৃত শাস্ত্র ব্যাখ্যার বিজ্ঞান ভিত্তিক দর্শন এবং প্রক্রিয়ায় সংক্ষিপ্ত ব্যাখ্যায় কি অনুসরণ করেছেন

আমরা কি সত্য জানতে পারি? কোথায় এটি পাবো? আমরা কি একে যুক্তিগত ভাবে প্রমাণ করতে পারি? সর্বোচ্চ কর্তৃত্বকারী বলে কি কেউ আছেন? এমন চূড়ান্ত কি কিছু আছে যা আমাদের জীবনকে, আমাদের পৃথিবীকে পরিচালনা দিতে পারে? জীবনের কি কোন অর্থ আছে? আমরা কেন পৃথিবীতে? আমরা কোথায় যাচ্ছি? এই প্রশ্নগুলি-যা সকল যুক্তিসম্মত লোকের গভীর ভাবে চিন্তার-মানবিক মেধাকে সময়ের শুরু থেকেই বিব্রত করেছে (উপদেশক ১:১৩-১৮; ৩:৯-১১)। আমার জীবনের অখন্ড বিষয় নিয়ে আমার ব্যক্তিগত অনুসন্ধানকে স্মরণ করতে পারি। আমি খুব অল্প বয়স থেকেই একজন খ্রীষ্ট বিশ্বাসী, যার ভিত্তি ছিল প্রাথমিক ভাবে পরিবারের অন্যান্যদের তাৎপর্যপূর্ণ সাক্ষ্য। আমি যখন বয়ঃপ্রাপ্ত হলাম, সঙ্গে সঙ্গে আমার নিজের বিষয়ে এবং আমার জগৎ সম্পর্কে প্রশ্নও বাড়তে লাগলো। সাধারণ সাংস্কৃতিক ও ধর্মীয় কথামালা কোন অর্থ বহন করতো না সেই সব অভিজ্ঞতার যা আমি পাঠ করেছি বা যার সম্মুখাসম্মুখী হয়েছি। এটা ছিল অস্বস্তিকর, কঠোর জগত যে জগতে আমি বাস করি তার সামনে একটা দ্বিধাদ্বন্দ্বের, অশেষণের, আকাংখ্যার এবং প্রায়ই হতাশার অনুভূতির সময়।

অনেকে দাবী করে যে তাদের কাছে এই সব চূড়ান্ত প্রশ্নের উত্তর রয়েছে, কিন্তু গবেষণা ও চিন্তার পরে আমি পেয়েছি যে তাদের উত্তরগুলির ভিত্তি ছিল: (১) ব্যক্তিগত দর্শন, (২) প্রাচীন লোক-কাহিনী, (৩) ব্যক্তিগত অভিজ্ঞতা অথবা (৪) মানসিক অভিব্যক্তি। আমার দরকার ছিল কিছু নিশ্চয়তা, কিছু প্রমাণ, কিছু যুক্তি সম্মত বিচার যার উপরে আমার বিশ্ব-দর্শন, আমার অখন্ডতার কেন্দ্র, আমার বেঁচে থাকার যুক্তি নির্ভরশীল। আমি এগুলি আমার বাইবেল অধ্যয়নে পেয়েছি। আমি এর বিশ্বাসযোগ্যতার প্রমাণের বিষয়ে অনুসন্ধান শুরু করি, যা আমি পেয়েছি (১) বাইবেলের ঐতিহাসিক বাস্তবতা যেটি নিশ্চিত করেছেন প্রত্নতত্ত্ববিদেরা, (২) পুরাতন নিয়মের ভাববাণীর নির্ভুলতা, (৩) বাইবেল লেখনীর সম্পূর্ণ ১৬ শত বছরে এর বার্তার ঐক্য, এবং (৪) সেই সব লোকদের ব্যক্তিগত সাক্ষ্য, যাদের জীবন বাইবেলের সংস্পর্শে এসে স্থায়ীভাবে পরিবর্তিত হয়ে গেছে। খ্রীষ্টধর্ম, নির্ভরতা ও বিশ্বাসের একীভূত পদ্ধতি হিসাবে, মানুষের জীবনের এই সব জটিল প্রশ্ন নিয়ে আলোচনা করতে সমর্থ। এগুলি কেবলমাত্র যুক্তিসঙ্গত কাঠামো যোগায় না, কিন্তু বাইবেল নির্ভরতার অভিজ্ঞতা-ভিত্তিক দিকসমূহ আমাকে আবেগগত দিক দিয়ে আনন্দ ও দৃঢ় প্রত্যয় এনে দেয়।

আমি ভেবেছি যে আমার জীবনের জন্য অখন্ড কেন্দ্র-খ্রীষ্টকে পেয়ে গেছি, শাস্ত্রের মাধ্যমে যেভাবে বুঝতে পেরেছি। এটি ছিল একটি শিহরণ জাগান অভিজ্ঞতা, এক আবেগময় প্রশান্তি। যাহোক, আমি এখনও স্মরণ করতে পারি সেই আঘাত ও যন্ত্রণা যখন এটি আমার কাছে প্রকাশিত হতে থাকে যে এই বইটির কতগুলি ভিন্ন ভিন্ন অনুবাদ যা লোকের দ্বারা সমর্থিত, কখনও কখনও একই মন্ডলীতে এবং চিন্তাশীল পণ্ডিতদের কাছে। বাইবেলের নির্ভরযোগ্যতা ও অনুপ্রেরণা অনুমোদনের শেষ ছিল না, কিন্তু কেবলমাত্র আরম্ভ ছিল। কিভাবে আমি শাস্ত্রের অনেক কঠিন অংশের পরস্পর বিরোধী ও পার্থক্য বিশিষ্ট অনুবাদকে যারা দাবী করছে যে তা কর্তৃত্বকারী ও নির্ভরযোগ্য সেগুলি প্রমাণ করবো বা বাতিল করবো? এই কাজটি হয়ে পড়লো আমার জীবনের লক্ষ্য এবং বিশ্বাসের তীর্থযাত্রা। আমি জানতাম যে খ্রীষ্টে আমার বিশ্বাস আমার জীবনে মহা শান্তি ও আনন্দ এনেছে। আমার সংস্কৃতির সম্পর্কের মাঝখানে আমার মন আকাংখীত ছিল কোন চূড়ান্ত কিছুর এবং ধর্মীয় পদ্ধতির গোড়ামীপূর্ণ দ্বন্দ্ব ও ডিনোমিনেশনগত উদ্ধৃত্য। প্রাচীন সাহিত্যের অনুবাদের বিষয়ে আমার বৈধ প্রক্রিয়ার অশেষনে, আমি বিশ্বাসিত হয়েছিলাম আমার নিজের ঐতিহাসিক, সাংস্কৃতিক, ডিনোমিনেশনাল ও অভিজ্ঞতার পক্ষপাত আবিষ্কারে। আমি মাঝে মাঝেই বাইবেল পাঠ করি কেবলমাত্র আমার নিজের দৃষ্টিভঙ্গি পুনরায় শক্তিশালী করার জন্য। আমি এটি ব্যবহার করি গোড়ামির উৎস হিসাবে অন্যদের আক্রমণ করতে যখন পুনর্নিশ্চিত আমার নিজের নিরাপত্তাহীনতা এবং অপ্রতুলতার। এই বাস্তবতা উপলব্ধি আমার কাছে কতটা যন্ত্রণাদায়ক ছিল!

যদিও আমি কখনোই সম্পূর্ণরূপে উদ্দেশ্যমূলক হতে পারিনি, আমি একজন ভাল বাইবেল পাঠক হতে পেরেছি। আমি আমার মূল পক্ষপাতকে সীমাবদ্ধ করতে পারি সেগুলিকে চিহ্নিত করে এবং তাদের উপস্থিতি স্বীকার করে। যদিও আমি সেসব থেকে মুক্ত হতে পারিনি, কিন্তু আমি আমার নিজের দুর্বলতার সম্মুখাসম্মুখী হয়েছি। অনুবাদক প্রায়ই ভাল বাইবেল পাঠের সবচেয়ে খারাপ শত্রু! বাইবেল অধ্যয়নে আমি আমার পূর্ব ধারণাগুলি তালিকা করছি যেন আপনি, পাঠক হিসাবে, আমার সাথে সেগুলি পরীক্ষা করতে পারেন:

I. পূর্ব ধারণাসমূহ

- আমি বিশ্বাস করি বাইবেল হল একমাত্র সত্য ঈশ্বরের অনুপ্রাণিত আত্ম-প্রকাশ। সেজন্য, এটি অবশ্যই অনুবাদ করতে হবে নির্দিষ্ট ঐতিহাসিক অবস্থানে ঐশ্বরীক অনুপ্রাণিত মূল লেখকের মানবিক লেখকদের মাধ্যমে প্রকাশিত উদ্দেশ্যের আলোতে।
- আমি বিশ্বাস করি যে বাইবেল সাধারণ মানুষেরা লিখেছেন- সকল মানুষের জন্য! ঈশ্বর নিজেকে স্পষ্টভাবে আমাদের সাথে কথা বলার পর্যায়ে এনেছেন ঐতিহাসিক এবং সাংস্কৃতিক প্রেক্ষাপটে। ঈশ্বর সত্য গোপন করেন না-তিনি চেয়েছেন আমরা যেন বুঝি! সেজন্য, এটি অনুবাদ হতে হবে সেই সময়ের আলোকে কিন্তু আমাদের সময়ের আলোকে নয়। বাইবেল এমন নয় যে আজকে আমাদের কাছে যে অর্থ প্রকাশ করেছে তা তাদের কাছে কখনোই প্রকাশ করেনি প্রথম যারা এর কথা শুনেছে বা পাঠ করেছে। এটা গড়পড়তা সকল মানবিক মনের বোধগম্য এবং ব্যবহার যোগ্য সাধারণ মানবিক যোগাযোগ কৌশল ও প্রক্রিয়াতে।

৩. আমি বিশ্বাস করি বাইবেলে রয়েছে অখন্ড বার্তা ও উদ্দেশ্য। এটা কখনো নিজেকে নিজের সাথে বিরোধ করে না, যদিও এতে কঠিন ও অসামঞ্জস্যপূর্ণ প্যাসেজ আছে। তাই বাইবেল নিজেই হল বাইবেলের সবচেয়ে ভাল অনুবাদক।
৪. আমি বিশ্বাস করি প্রতিটি প্যাসেজের (ভাববাণী ছাড়া) একটি কেবলমাত্র একটিই অর্থ রয়েছে যার ভিত্তি মূল অনুপ্রাণিত লেখকদের লক্ষ্য। যদিও আমরা জানি আমরা কখনোই সম্পূর্ণ নিশ্চিত হতে পারি না মূল লেখকের লক্ষ্য সম্পর্কে, তবে এর দিকে অনেক নির্দেশক লক্ষ্য করায়:
 - ক. genre (সাহিত্যের রীতি) বেছে নেওয়া হয়েছে বার্তা প্রকাশের জন্য
 - খ. ঐতিহাসিক পরিস্থিতি এবং/অথবা নির্দিষ্ট উপলক্ষ্য যা এর লেখনীর জন্য দায়ী
 - গ. সমগ্র পুস্তকের সাহিত্য বিষয়ক প্রেক্ষাপট সেই সঙ্গে প্রতিটি সাহিত্যের একক
 - ঘ. সাহিত্যের এককের লেখনীর পরিকল্পনা (রূপরেখা) যেভাবে সেগুলি সমগ্র বার্তার সঙ্গে সম্পর্কযুক্ত
 - ঙ. নির্দিষ্ট ব্যাকরণগত গঠনশৈলী বার্তাটি যোগাযোগে কার্যরত।
 - চ. বার্তাটি উপস্থাপনে শব্দ চয়ন।

উল্লেখিত বিষয়গুলির প্রতিটি ক্ষেত্রের অধ্যয়ন হল আমাদের প্যাসেজ অধ্যয়নের উদ্দেশ্য। ভাল বাইবেল পাঠে আমার পদ্ধতি সম্পর্কে ব্যাখ্যা করার আগে আমাকে কিছু অনুপযুক্ত পদ্ধতি ব্যাখ্যা করতে দিন যেগুলি আজকে ব্যবহৃত হচ্ছে যার কারণে অনুবাদের অনেক বিভেদ সৃষ্টি হচ্ছে, যা অবশ্যই পরিহার করা হয়েছে:


II. অনুপযুক্ত পদ্ধতি

১. বাইবেলের পুস্তকগুলির সাহিত্যের প্রেক্ষাপট অবহেলা করা এবং প্রতিটি বাক্য, বাক্যাংশ অথবা প্রতিটি স্বতন্ত্র শব্দসমূহকে সত্যের প্রকাশ হিসাবে নেওয়া যার সঙ্গে লেখকের উদ্দেশ্যের বা বৃহৎ প্রেক্ষাপটের কোন সম্পর্ক নেই। একে প্রায়ই বলা হয় “proof-texting.”
২. পুস্তকগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট অবহেলা করে অনুমান নির্ভর ঐতিহাসিক প্রেক্ষাপট নির্ণয় যা লেখনীর সঙ্গে সামান্য বা কোন ভাবেই সমর্থন করে না।
৩. পুস্তকগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট অবহেলা এবং একে সকালের স্থানীয় সংবাদপত্র যেটি লেখা হয় প্রাথমিক ভাবে আধুনিক স্বতন্ত্র খ্রীষ্টিয়াদের জন্য সেভাবে পাঠ করা।
৪. লেখনীকে দার্শনিক/ধর্মতাত্ত্বিক বার্তা হিসাবে রূপকাত্মক বা প্রতিকি হিসাবে নেওয়ার দ্বারা পুস্তকগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট অবহেলা করা সম্পূর্ণ ভাবে প্রথম শ্রোতাদের এবং মূল লেখকদের উদ্দেশ্যের সঙ্গে সম্পর্কযুক্ত নয়।
৫. নিজেদের ধর্মতাত্ত্বিক পদ্ধতি, পছন্দসই মতবাদ বা সমকালীন বিষয়সমূহ ইত্যাদি বিকল্প দ্বারা মূল বার্তাকে অবহেলা করা মূল লেখকদের উদ্দেশ্য এবং প্রকাশিত বার্তার সঙ্গে সম্পর্কযুক্ত নয়। প্রায়ই এই ঘটনা অনুসরণ করে বাইবেলের প্রাথমিক পাঠে প্রতিষ্ঠিত বক্তার কর্তৃত্ব প্রতিষ্ঠার একটি উপায় হিসাবে। একে প্রায়ই উল্লেখ করা হয় ‘পাঠকদের সাড়া প্রদান’ (‘আমার কাছে পাঠের অর্থ কি’ অনুবাদ) বলে।

সমস্ত লিখিত মানবিক যোগাযোগে অন্ততপক্ষে তিনটি সম্পর্কযুক্ত উপাদান পাওয়া যেতে পারে:



অতীতে, এই তিনটি উপাদানের যে কোন একটিতে ভিন্ন ভিন্ন পাঠ কৌশলে দৃষ্টি দেওয়া হতো, কিন্তু বাইবেলের সত্যিকার চমৎকার অনুপ্রেরণার নির্ভরতার সবচেয়ে উপযুক্ত হল একটি পরিবর্তিত ডায়গ্রাম:



সত্যে তিনটি উপাদানই অবশ্যই অন্তর্ভুক্ত হবে ব্যাখ্যাদানকারী প্রক্রিয়াতে। যথার্থতা নির্ণয়ের উদ্দেশ্যে, আমার অনুবাদের দৃষ্টি নিবদ্ধ হয় প্রথম দুটি উপাদানে: মূল লেখক এবং পাঠ। আমি সম্ভবত যে সব অবহেলা লক্ষ্য করেছি তাতে প্রতিক্রিয়া প্রকাশ করেছি (১) রূপকাত্মক বা আত্মিককরণ পাঠ এবং (২) “পাঠকের সাড়া প্রদান” অনুবাদ (আমার কাছে এর অর্থ কি)। অবহেলা প্রতিটি ধাপেই ঘটতে পারে। আমাদেরকে সব সময় আমাদের উদ্দেশ্য, পক্ষপাতিত্ব, কৌশল এবং প্রয়োগ পরীক্ষা করতে হবে। কিন্তু কিভাবে আমরা তা পরীক্ষা করবো যদি অনুবাদের কোন সীমানা, সীমারেখা, কোন নীতি না থাকে? এখানেই লেখকের উদ্দেশ্য এবং লেখনীর কাঠামো আমাকে কিছু নীতি যুগিয়ে দেয় সম্ভাব্য বৈধ অনুবাদের সুযোগ সীমাবদ্ধ করার জন্য।

এই অনুপযুক্ত পাঠ কৌশলের আলোতে, উত্তম বাইবেল অধ্যয়ন ও ব্যাখ্যার কিছু সম্ভাব্য প্রয়োগ কি যা একটি নির্দিষ্ট পরিমাণ নির্ভরতা ও সামঞ্জস্যতা দেবে?

III. উত্তম বাইবেল অধ্যয়নে সম্ভাব্য প্রক্রিয়া

এই পয়েন্টে আমি আলোচনা করছি না নির্দিষ্ট লেখনী অনুবাদের অপূর্ব কৌশল কিন্তু সাধারণ বাইবেল ব্যাখ্যার নীতিসমূহ যা সকল প্রকার বাইবেলের টেক্সটের জন্য বৈধ। লেখনী কৌশলের নির্দিষ্ট প্রক্রিয়ার একটি ভাল বই হল *How To Read The Bible For All Its Worth*, by Gordon Fee and Douglas Stuart, published by Zondervan.

আমার পদ্ধতি লক্ষ্য রাখে প্রাথমিক ভাবে পাঠকদের উপরে যাদের পবিত্র আত্মা বাইবেলের দ্বারা আলোকিত করেছে চারটি ব্যক্তিগত পাঠ চক্রের মাধ্যমে। এটি আত্মা, লেখনী এবং পাঠককে মুখ্য করে, গৌন করে না। এটি আরও পাঠককে রক্ষা করে ব্যাখ্যাকারকদের অতিরিক্ত প্রভাব থেকে। আমি এটা বলতে শুনেছি: “ব্যাখ্যার উপরে বাইবেল অনেক আলোক প্রক্ষেপ করেছে।” এর মানে এই নয় যে অধ্যয়ন উপকরণের প্রতি হীন মন্তব্য করা, কিন্তু সেগুলির সঠিক ব্যবহারে উপযুক্ত সময়ের আবেদন করা।

লেখনীই আমাদের অনুবাদকে সমর্থিত করবে আমাদের অবশ্যই এমন সক্ষমতা অর্জন করতে হবে। পাঁচটি ক্ষেত্র অন্ততপক্ষে এই সীমাবদ্ধ পার্থক্য দেখায়:

১. ঐতিহাসিক অবস্থান
২. সাহিত্যগত প্রেক্ষাপট
৩. ব্যাকরণগত কাঠামো(syntax)
৪. সমকালীন শব্দ ব্যবহার
৫. সুসঙ্গত সমান্তরাল প্যাসেজ
৬. সাহিত্য রীতি

আমাদের অনুবাদের পেছনে কারণ এবং যুক্তি দেখানোর সক্ষমতা থাকার প্রয়োজন। বাইবেল হল আমাদের একমাত্র বিশ্বাস ও অনুশীলনের উৎস। দুঃখজনক ভাবে বলতে হয়, খ্রীষ্টিয়ানেরা প্রায়ই এর শিক্ষা বা এটি যা অনুমোদন করে তাতে একমত নয়। চারটি পাঠ চক্র পরিকল্পিত করা হয়েছে পরবর্তী ব্যাখ্যানকারী অর্ন্তদৃষ্টিতে:

১. প্রথম পাঠ চক্র

ক. একবারেই বইটি পড়ে শেষ করা। তারপর ভিন্ন অনুবাদে এটি আবার পাঠ করুন, আশাশ্রদ্ধ ভাবে ভিন্ন অনুবাদ তত্ত্ব থেকে

- (১) word-for-word (NKJV, NASB, NRSV)
- (২) গতিশীল সমতাপূর্ণ (TEV, JB)
- (৩) ভাবার্থ প্রকাশ (Living Bible, Amplified Bible)

খ. সমগ্র লেখনীর কেন্দ্রীয় উদ্দেশ্যের দিকে লক্ষ্য রাখা। এর মূল ভাব চিহ্নিত করা।

গ. সাহিত্য একক, অধ্যায়, প্যারাগ্রাফ বা বাক্য বিচ্ছিন্ন (যদি সম্ভব হয়) করুন যেটি স্পষ্টভাবে এর কেন্দ্রীয় উদ্দেশ্য বা মূল ভাব প্রকাশ করেছে।

ঘ. প্রধান সাহিত্য রীতি চিহ্নিত করুন

- (১) পুরাতন নিয়ম
 - ক) হিব্রু বর্ণনা
 - খ) হিব্রু কবিতা (প্রজ্ঞা সাহিত্য, গীতসংহিতা)
 - গ) হিব্রু ভাববাণী (গদ্য, কবিতা)
 - ঘ) ব্যবহার শব্দ কৌশল (কোড)
- (২) নূতন নিয়ম
 - ক) বর্ণনামূলক (সুসমাচার, প্রেরিত পুস্তক)
 - খ) দৃষ্টান্তসমূহ (সুসমাচার)
 - গ) চিঠি/প্রেরিত পত্রসমূহ
 - ঘ) রহস্য প্রকাশমূলক সাহিত্য

২. দ্বিতীয় পাঠ চক্র

ক. সমস্ত বইটি আবার পাঠ করুন, বড় বড় মূল বিষয় বা বিষয়বস্তু চিহ্নিত করতে অন্বেষণ করুন।

খ. বড় বড় মূল বিষয় রূপরেখা করুন এবং সহজ ভাবে তাদের বিষয়বস্তু সংক্ষেপে বর্ণনা করুন।

গ. আপনার উদ্দেশ্যের বিবৃতি পরীক্ষা করুন এবং অধ্যয়ন উপকরণের সাহায্যে রূপরেখাটি বড় করুন।

৩. তৃতীয় পাঠ চক্র

- ক. সমগ্র বইটি আবার পাঠ করুন, বাইবেলের পুস্তক থেকে ঐতিহাসিক প্রেক্ষাপট ও লেখার নির্দিষ্ট উপলক্ষ্য খুঁজে বের করে চিহ্নিত করুন।
- খ. বাইবেলের পুস্তকে যে সব ঐতিহাসিক বিষয় উল্লেখিত হয়েছে তার তালিকা করুন
- (১) লেখক
 - (২) তারিখ
 - (৩) গ্রহীতা
 - (৪) লেখার পিছনে নির্দিষ্ট কারণ
 - (৫) সংস্কৃতিগত প্রেক্ষাপটের দিক সমূহ যা লেখার উদ্দেশ্যের সঙ্গে সম্পর্কযুক্ত
 - (৬) ঐতিহাসিক লোক এবং ঘটনার উল্লেখ
- গ. যে বাইবেলের পুস্তকের আপনি অনুবাদ করছেন তার প্যারাগ্যাফ স্তর পর্যন্ত আপনার রূপরেখাকে প্রসারিত করুন। সব সময়ই সাহিত্যের একক চিহ্নিত করুন এবং রূপরেখা তৈরী করুন। এটা হতে পারে কয়েকটি অধ্যায় বা প্যারাগ্রাফ। এটি আপনাকে সক্ষম করবে মূল লেখকের যুক্তি এবং লেখনীর পরিকল্পনা অনুসরণ করতে।
- ঘ. অধ্যয়ন উপকরণের সাহায্যে আপনার ঐতিহাসিক প্রেক্ষাপট পরীক্ষা করুন।

৪. চতুর্থ পাঠ চক্র

- ক. নির্দিষ্ট সাহিত্য একক কয়েকটি ভিন্ন ভিন্ন অনুবাদ থেকে পাঠ করুন
- (১) word-for-word (NKJV, NASB, NRSV)
 - (২) গতিশীল সমতাপূর্ণ (TEV, JB)
 - (৩) ভাবার্থ প্রকাশ(Living Bible, Amplified Bible)
- খ. সাহিত্যগত বা ব্যাকরণগত কাঠামো দেখুন
- (১) বারবার উল্লেখিত শব্দগুচ্ছ, ইফিষীয় ১:৬, ১২, ১৪
 - (২) বার বার উল্লেখিত ব্যাকরণগত কাঠামো, রোমীয় ৮:৩১
 - (৩) তুলনামূলক ধারণা সমূহ
- গ. পরবর্তী বিষয়গুলি তালিকা করুন
- (১) তাৎপর্যপূর্ণ টার্ম
 - (২) অস্বাভাবিক টার্ম
 - (৩) গুরুত্বপূর্ণ ব্যাকরণগত কাঠামো
 - (৪) নির্দিষ্ট কঠিন শব্দসমূহ, বাক্যাংশ এবং বাক্যসমূহ
- ঘ. সমতাপূর্ণ সমান্তরাল প্যাসেজ দেখুন
- (১) আপনার ব্যবহৃত বিষয়ের স্পষ্ট শিক্ষার প্যাসেজ দেখুন ক) “ধারাবাহিক ধর্মতত্ত্ব” পুস্তক খ) নির্দেশক পুস্তক বা রেফারেন্স বাইবেল ৩) শব্দের অক্ষরগত সূচী ব্যবহার করে
 - (২) আপনার বিষয়ের মধ্যে সাজানো অসঙ্গত মনে হলেও সঙ্গত জোড়া বাক্য। অনেক বাইবেলের সত্য উপস্থাপন করা হয়েছে যুক্তিগত আলোচনার জোড়ায়; অনেক ডিনোমিনেশনগত দ্বন্দ্ব এসেছে বাইবেলের দ্বন্দ্বের অর্থ প্রমাণিত লেখনী বা proof-texting থেকে। সমগ্র বাইবেল অনুপ্রাণিত, এবং আমাদের অবশ্যই এর সম্পূর্ণ বার্তা খুঁজে বের করতে হবে আমাদের অনুবাদে শাস্ত্রীয় সামঞ্জস্যতা যোগানোর স্বার্থে।
 - (৩) একই পুস্তক, একই লেখক বা একই লেখনী কৌশলের সমান্তরাল বিষয়গুলি দেখুন; বাইবেলই হল এর সবচেয়ে ভাল অনুবাদক কারণ এতে রয়েছে একজন লেখক, আত্মা।
- ঙ. ঐতিহাসিক প্রেক্ষাপট ও উপলক্ষ্য বিষয়ে আপনার পর্যবেক্ষণ অধ্যয়ন উপকরণের সহায়তায় পরীক্ষা করুন।
- (১) স্টাডি বাইবেল
 - (২) বাইবেল বিশ্বকোষ, হ্যান্ডবুক ও ডিক্সনারী
 - (৩) বাইবেলের ভূমিকা
 - (৪) বাইবেল ব্যাখ্যাসমূহ (আপনার অধ্যয়নের এই পয়েন্টে, বিশ্বাসী সম্প্রদায়কে সুযোগ দিন, অতীত এবং বর্তমান, আপনার ব্যক্তিগত অধ্যয়নে সহায়তা ও সংশোধন করতে।)

IV. বাইবেল ব্যাখ্যার প্রয়োগ

এই পয়েন্টে আমরা প্রয়োগের দিকে যাব। আপনি সময় নিয়েছেন লেখনীর মূল প্রেক্ষাপট উপলব্ধিতে; এখন এটি আপনার জীবনে, আপনার সংস্কৃতিতে অবশ্যই প্রয়োগ করবেন। আমি বাইবেল কর্তৃত্বকে এভাবে ব্যাখ্যা করি “মূল বাইবেল লেখক তার সময়ে কি বলেছেন এবং সেই সত্যকে আজকে আমাদের সময়ে প্রয়োগ করাটা বোঝা।”

প্রয়োগ অবশ্যই উভয় সময় এবং যুক্তিতে মূল লেখকের উদ্দেশ্য ব্যাখ্যা অনুসরণ করবে। আমরা ততক্ষণ পর্যন্ত বাইবেলের প্যাসেজ আমাদের সময়ে প্রয়োগ করতে পারি না যতক্ষণ পর্যন্ত আমরা বাইবেলের সময়ে এটি কি বলেছে তা না বুঝতে পারি! এই বাইবেল প্যাসেজ অবশ্যই এই অর্থ প্রকাশ করবে না যা এটি কখনোই অর্থ করেনি!

আপনার বিশদ রূপরেখা, প্যারাগ্রাফ স্তরে (পাঠ চক্র#৩) আপনার নির্দেশক হবে। প্রয়োগ অবশ্যই প্যারাগ্রাফ স্তরে নির্ণিত হবে, শব্দ স্তরে নয়! শব্দের কেবল লেখনীর প্রসঙ্গে অর্থ থাকে; বাক্যাংশেরও কেবল এর প্রসঙ্গে অর্থ থাকে; বাক্যেরও এর প্রসঙ্গে কেবল অর্থ থাকে। কেবল অনুপ্রাণিত ব্যক্তি মূল লেখকের ব্যাখ্যা প্রক্রিয়ায় জড়িত থাকে। আমরা কেবল মাত্র তার পথ অনুসরণ করি পবিত্র আত্মার আলোকে। কিন্তু আলোকিতকরণ অনুপ্রেরণা নয়। বলা হয়, ‘এই সদাপ্রভুর বাক্য’, আমাদের অবশ্যই মূল লেখকের উদ্দেশ্য মেনে চলতে হবে। প্রয়োগ অবশ্যই নির্দিষ্ট ভাবে সম্পর্কযুক্ত হবে সমগ্র লেখনীর সাধারণ উদ্দেশ্যে, নির্দিষ্ট সাহিত্য একক এবং প্যারাগ্রাফ স্তরের চিন্তার উন্নয়নের সাথে।

আমাদের সময়ের বিষয়কে বাইবেলের অনুবাদে যুক্ত করবেন না; বাইবেলকে কথা বলতে দিন! এতে অবশ্যই আমাদের আবশ্যিক হবে লেখনী থেকে নীতি বের করা। এটি বৈধ যদি লেখনী নীতিকে সমর্থন করে। দুর্ভাগ্যজনক ভাবে, অনেক সময় আমাদের নীতিসমূহ এরকম হয়—“আমাদের” নীতি— কিন্তু লেখনীর নীতি নয়।

বাইবেল প্রয়োগে, এটা মনে রাখা দরকার যে (ভাববাণীর ক্ষেত্র ছাড়া) একটি নির্দিষ্ট বাইবেল লেখনীর একটি কেবলমাত্র একটিই অর্থ বৈধ। এই অর্থ মূল লেখকের উদ্দেশ্যের সঙ্গে সম্পর্কযুক্ত যেভাবে সে তার সময়ের কোন সমস্যা বা প্রয়োজন বিষয়ে বলেছে। এই একটি অর্থ থেকে অনেক সম্ভাব্য প্রয়োগ বের করা যেতে পারে। প্রয়োগের ভিত্তি হবে গ্রহীতার প্রয়োজন কিন্তু অবশ্যই মূল লেখকের অর্থের সঙ্গে সম্পর্কযুক্ত থাকবে।

V. অনুবাদে আত্মিক দিকসমূহ

যতটা সম্ভব আমি আলোচনা করেছি অনুবাদ ও প্রয়োগে জড়িত যুক্তিগত ও লেখনীগত কৌশল সম্বন্ধে। এখন আমি সংক্ষেপে অনুবাদের আত্মিক দিকসমূহ নিয়ে আলোচনা করবো। পরবর্তীতে উল্লেখিত পরীক্ষার তালিকা আমার জন্য সহায়ক হয়েছে:

১. আত্মার সাহায্যের জন্য প্রার্থনা (১ করি ১:২৬-২:১৬)।
২. ব্যক্তিগত ভাবে জানা পাপ সমূহের জন্য ক্ষমা ও শুচিতার জন্য প্রার্থনা (১ যোহন ১:৯)।
৩. ঈশ্বরকে আরও ভালভাবে জানার আকাংখ্যায় প্রার্থনা (গীতা ১৯:৭-১৪; ৪২:১ পদ থেকে কয়েকটি পদ; ১১৯:১ পদ থেকে কয়েকটি পদ)।
৪. যে কোন নূতন অর্ন্তদৃষ্টি তৎক্ষণাৎ নিজের জীবনে প্রয়োগ।
৫. অবিরত নন্দ ও শিখতে আগ্রহী থাকা।

যুক্তিগত প্রক্রিয়া এবং পবিত্র আত্মার আত্মিক নেতৃত্বের মধ্যে সমতা রক্ষা করা খুব কঠিন কাজ। পরবর্তী উদ্ধৃতি আমাকে সাহায্য করেছে দুটির মধ্যে সমতা রাখতে:

১. James W. Sire, *Scripture Twisting*, pp. 17-18 থেকে:

“ঈশ্বরের লোকদের মনে ঈশ্বরের কাছ থেকে আলো আসে—কেবলমাত্র আত্মিক উত্তমতার জন্য নয়। বাইবেল ভিত্তিক খ্রীষ্টধর্মের কোন আত্মিক গুরু (guru) ক্লাশ নয়, কোন আলোকিতকরণ নয়, কোন লোক নয় যাদের মাধ্যমে সঠিক অনুবাদ অবশ্যই আসবে। এবং এরকমই, যখন পবিত্র আত্মা প্রজ্ঞা, জ্ঞান এবং আত্মিক বিচক্ষণতার বিশেষ দান দেন, তিনি কখনোই দান প্রাপ্ত খ্রীষ্টিয়ানদের তাঁর বাক্যের কর্তৃত্বকারী অনুবাদক হিসাবে বিবেচনা করেন না। এটি তাঁর প্রতিটি লোকের জন্য তারা শিখবে, বিচার করবে এবং মনোযোগ দেবে বাইবেলের উল্লেখ দ্বারা যেটি কর্তৃত্ব নিয়ে দাঁড়ান তাদেরও কাছে যাদের ঈশ্বর বিশেষ দক্ষতা দিয়েছেন। সকল কিছুর সারাংশে, বাইবেলের সমগ্র পুস্তকের বিষয়ে আমার অনুমান হল সে সকল মানুষের জন্য ঈশ্বরের সত্যিকার প্রকাশ, আর সকল বিষয় সম্পর্কে এটি যা বলে তাহল আমাদের চূড়ান্ত কর্তৃত্ব, এটা কোন ভাবেই সম্পূর্ণ রহস্যময় নয় কিন্তু প্রতিটি সংস্কৃতির সাধারণ লোকের দ্বারা তা সম্পূর্ণভাবে বোধগম্য হতে পারে।”

২. ‘Kierkegaard’, Bernard Ramm, প্রতিষ্ঠিত *Protestant Biblical Interpretation*, p. 75:

‘Kierkegaard’ অনুসারে বাইবেলের ব্যাকরণগত, শব্দগত ও ঐতিহাসিক অধ্যয়ন প্রয়োজন ছিল কিন্তু প্রাথমিকভাবে ছিল বাইবেলের সত্যিকার পাঠের জন্য। “ঈশ্বরের বাক্য হিসাবে বাইবেল পাঠ, লোকেরা অবশ্যই একে মুখে পাঠ করবে অন্তর দিয়ে, নিঃশব্দে, সাগ্রহে প্রত্যশায়, ঈশ্বরের সঙ্গে কথা বলতে। চিন্তা-ভাবনা ছাড়া বা উদাসীনভাবে বা যত্নহীন ভাবে বা মানসিক ভাবে বা পেশাগতভাবে বাইবেল পাঠ ঈশ্বর বাক্য হিসাবে বাইবেল পাঠ নয়। যেমন কেউ একজন এটি পাঠ করে যেভাবে ভালবাসার পত্র পড়ে সেভাবে, অন্যদিকে আর একজন পাঠ করে এটি ঈশ্বরের বাক্য হিসাবে।”

৩. H. H. Rowley in *The Relevance of the Bible*, p. 19:

“বাইবেল কেবলমাত্র মেধাগত বোধগম্যতা নয়, যদিও সম্পূর্ণরূপে, সকলে এর সম্পদের অধিকারী হতে পারে। এটি এই ধরণের বোধগম্যতাকে হয়ে জ্ঞান করে না, কারণ এটি আবশ্যিক এর সম্পূর্ণ বোধগম্যতা। কিন্তু এটি অবশ্যই পরিচালিত করবে এই পুস্তকের আত্মিক সম্পদের আত্মিক বোধগম্যতার দিকে যদি এটি সম্পূর্ণ করা হয়। এই কারণে মেধাগত দক্ষতার প্রয়োজনের চেয়েও আত্মিক বোধগম্যতা আরও বেশী দরকারী। আত্মিক বিষয় আত্মিক বিচক্ষণায় দেখতে হবে, এবং বাইবেলের শিক্ষার্থীর দরকার আত্মিক ভাবে

গ্রহণের মনোভাব, ঈশ্বরকে পাবার এক অদম্য আগ্রহ যা তাকে তাঁর কাছে সমর্পণ করতে পারে, যদি সে তার বৈজ্ঞানিক অধ্যয়নকে বাদ দিয়ে আসতে পারে সমস্ত পুস্তকের সবচেয়ে মহান উচ্চতর উত্তরাধিকারের দিকে।”

VI. এই ব্যাখ্যা পুস্তকের পদ্ধতি

এই অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা পুস্তক পরিকল্পিত হয়েছে আপনার অনুবাদের কার্যধারার সাহায্য করতে পরবর্তীতে উল্লেখিত কয়েকটি উপায়ে:

১. প্রতিটি পুস্তকের একটি সংক্ষিপ্ত ঐতিহাসিক রূপরেখা দেওয়া হয়েছে। পাঠ চক্রঃ#৩ শেষ করার পরে আপনি এই তথ্যগুলি পরীক্ষা করবেন।
২. প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি প্রতিটি অধ্যায়ের শুরুতে পাবেন। এটি আপনাকে দেখতে সাহায্য করবে যে কিভাবে সাহিত্যের একক বিন্যস্ত করা হয়েছে।
৩. প্রতিটি অধ্যায়ের শুরুতে বা বড় সাহিত্যের একক প্যারাগ্রাফ বিভাগ এবং সেগুলির বর্ণনামূলক শিরোনাম কয়েকটি অনুবাদের অনুবাদ থেকে দেওয়া হয়েছে:

- ক. The United Bible Society Greek text, fourth edition revised(UBS⁴)
- খ. The New American Standard Bible, 1995 Update (NASB)
- গ. The New King James Version (NKJV)
- ঘ. The New Revised Standard Version (NRSV)
- ঙ. Today's English Version (TEV)
- চ. The Jerusalem Bible (NJB)

প্যারাগ্রাফ বিভাগ অনুপ্রাণিত নয়। সেগুলি অবশ্যই নির্ণয় করা হয়েছে লেখনীর প্রসঙ্গ থেকে। ভিন্ন ভিন্ন অনুবাদ তত্ত্ব ও ধর্মতাত্ত্বিক দৃষ্টিকোণের কয়েকটি আধুনিক অনুবাদের সঙ্গে তুলনা করে, আমরা সক্ষম হয়েছি মূল লেখকের চিন্তার আনুমানিক কাঠামো বিশ্লেষণ করতে। প্রতিটি প্যারাগ্রাফে একটি বড় সত্য রয়েছে। একে বলা হয় “বিষয় বাক্য”(the topic sentence) বা ‘লেখনীর মূল চিন্তা।’ এই যুক্ত চিন্তা হল চাবিকাঠি সঠিক ঐতিহাসিক, ব্যাকরণগত অনুবাদের। কারোরই অনুবাদ, প্রচার বা শিক্ষা দেওয়া উচিত নয় কোন একটি প্যারাগ্রাফের ছাড়া! আরও মনে রাখা দরকার যে প্রতিটি প্যারাগ্রাফ তার চারপাশের প্যারাগ্রাফ দ্বারা বেষ্টিত। সেজন্য সমগ্র পুস্তকের প্যারাগ্রাফ স্তরের রূপরেখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের অবশ্যই সক্ষম হতে হবে বিষয়ের যুক্তিগত প্রবাহের দিক অনুসরণ করা যেটি অনুপ্রাণিত মূল লেখক বলতে চেয়েছেন।

৪. ববের নোট verse-by-verse অনুবাদ প্রক্রিয়া অনুসরণ করেছে। এটি আমাদের বাধ্য করেছে মূল লেখকের চিন্তা অনুসরণ করতে। এই নোট আমাদের কয়েকটি ক্ষেত্রের তথ্য সরবরাহ করেছে:
 - ক. সাহিত্যের প্রসঙ্গ
 - খ. ঐতিহাসিক, সাংস্কৃতিক অর্ন্তদৃষ্টি
 - গ. ব্যাকরণগত তথ্য
 - ঘ. শব্দ অধ্যয়ন
 - ঙ. সমতাপূর্ণ সমান্তরাল প্যাসেজ
৫. ব্যাখ্যার একটি নির্দিষ্ট পয়েন্টে, New American Standard Version (১৯৯৫ আপডেটস) ছাপান লেখনী যুক্ত করা হবে আধুনিক কয়েকটি অনুবাদের সংস্করণ দ্বারা:
 - ক. The New King James Version (NKJV), এটি ‘Textus Receptus’ লেখনীগত পাণ্ডুলিপিটি অনুসরণ করেছে।
 - খ. The New Revised Standard Version (NRSV), এটি National Council of Churches of the Revised Standard Version এর word-for-word সংশোধিত সংস্করণ।
 - গ. The Today's English Version (TEV), এটি American Bible Society এর গতিশীল সমতাপূর্ণ অনুবাদ।
 - ঘ. The Jerusalem Bible (JB), এটি একটি ইংলিশ অনুবাদ যার ভিত্তি হল French Catholic গতিশীল সমতাপূর্ণ অনুবাদ।
৬. তাদের জন্য যারা গ্রীক পড়েনি, তুলনামূলক ইংলিশ অনুবাদ সাহায্য করতে পারে লেখনীর সমস্যাসমূহ চিহ্নিত করতে:
 - ক. পাণ্ডুলিপির পার্থক্য
 - খ. বিকল্প শব্দার্থ
 - গ. ব্যাকরণগত সমস্যাবহুল লেখনী ও কাঠামো
 - ঘ. দ্ব্যর্থব্যাঞ্জক লেখনী যদিও ইংলিশ অনুবাদ এই সব সমস্যা সমাধান করতে পারে না, তবে তারা একে আরও গভীর ও ব্যাপক অধ্যয়নের বিষয় বস্তুতে পরিণত করে।
 - ঙ. প্রতিটি অধ্যায়ের শেষে সঙ্গতিপূর্ণ আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে যেগুলি লক্ষ্য করতে চেষ্টা করেছে ঐ অধ্যায়ের বড় অনুবাদকৃত বিষয়ের দিকে।

১ করিন্থীয় পত্রের ভূমিকা

(INTRODUCTION TO 1 CORINTHIANS)

(সমস্যাগ্রন্থ মন্ডলীকে বাস্তব উপদেশ)

I. ১ করিন্থীয় পত্রের অদ্বিতীয়তা

- ক. এটি প্রায়ই উদ্ধৃতি দেওয়া হয় এবং প্রাথমিক মন্ডলীর আদিপিতাদের দ্বারা পৌলের আগের যে কোন লেখার চেয়ে বেশিবার উল্লেখ করা হয়েছে যেটি এর গুরুত্ব ও উপকারিতাকে দেখায়।
- খ. Muratorian Fragment এ, যেখানে বইগুলির একটি তালিকা ছিল যেটি রোম থেকে প্রকাশিত (২০০ খ্রী.), এটি তালিকাভুক্ত হয়েছে পৌলের প্রথম লেখা হিসাবে যেটিও এর গুরুত্বকে দেখায়।
- গ. পৌল এই ব্যবহারিক পত্রে একটি স্বতন্ত্রতা তৈরী করেছেন তার ব্যক্তিগত মতামত এবং প্রভুর আদেশের মধ্যে। যাহোক, এর ভিত্তি হল যে কোন বিষয়ে যীশুর শিক্ষার উপরে তার জ্ঞান। যদি তিনি পারতেন তবে তিনি যীশুর কথাগুলিই তাদের দিতেন। তিনি বিশ্বাস করতেন যে তার মতামত অনুপ্রাণিত এবং কর্তৃত্ববাচক (১ করি ৭:২৫,৪০)।
- ঘ. পৌলের মন্ডলীর সহভাগিতার জন্য নির্দেশক নীতি হল প্রতিটি বিশ্বাসীর স্বাধীনতা, কিন্তু তাদের সমানুপাত হারে যৌথ দায়িত্ব, যার ভিত্তি ব্যবস্থার উপরে নয়, কিন্তু ভালবাসার উপরে। যে কোন ব্যক্তিগত পক্ষপাতিত্ব বা সুযোগ সুবিধার উর্দ্ধে সমগ্র মন্ডলীর স্বাস্থ্য ও সমৃদ্ধি (১ করি ১২:৭)।
- ঙ. এই পত্রটি (২ করিন্থীয় সহ) আমাদের নূতন নিয়মের মন্ডলীর প্রাথমিক দিকে দেখায়, এর কাঠামো, পদ্ধতি, এবং বার্তা। যাহোক, এটি অবশ্যই স্মরণে রাখতে হবে যে এই মন্ডলীটি সমস্যাগ্রন্থ, সাধারণ সহভাগিতা ছিল না।

II. করিন্থ নগর

- ক. গ্রীসের (অর্থাৎ, Cape Malea) বেশির ভাগ দক্ষিণাঞ্চলের পয়েন্টে শীতকালীন জাহাজ চলাচলের পথ খুব বিপদজনক ছিল। সেজন্য, একটি সংক্ষিপ্ত সম্ভাব্য দূরত্বের স্থলপথ গুরুত্বপূর্ণ ছিল। করিন্থের ভৌগোলিক অবস্থান চার মাইল isthmus এর উপরে করিন্থ উপসাগর(অর্থাৎ, Ionian Sea) এবং Saronic উপসাগরের (অর্থাৎ, Aegean Sea) মধ্যে থাকায় এই নগরটিকে করেছিল বড় সামুদ্রিক ব্যবসা, বাণিজ্য (বিশেষ প্রকারের মৃৎমিল্ল এবং বিশেষ প্রকারের পিতলের), এবং সামরিক কেন্দ্র। পৌলের সময়ে এটি আক্ষরিক ভাবে ছিল পূর্ব ও পশ্চিমের সংস্কৃতির মিলন কেন্দ্র।
- খ. গ্রীক-রোমীয় জগতে করিন্থ একটি বড় সাংস্কৃতিক কেন্দ্র ছিল কারণ এখানে প্রতি ২ বছর অন্তর Isthmian Games অনুষ্ঠিত হতো যার সূচনা হয়েছিল ৫৮১ খ্রীষ্ট পূর্বে (Poseidon মন্দিরে)। একমাত্র চার বছর পর পর অনুষ্ঠিত এথেন্সের Olympic Games, আকৃতিতে ও গুরুত্বে এর প্রতিদ্বন্দ্বি ছিল (Thucydides, Hist. 1.13.5)।
- গ. ১৪৬ খ্রীষ্ট পূর্বে করিন্থ রোমের বিরুদ্ধে বিদ্রোহে (অর্থাৎ, Achaean League) জড়িয়ে পড়ে এবং রোমীয় সেনাপতি Lucius Mummius নগরটি ধংস করে দেন এবং গ্রীক অধিবাসীরা ছত্রভঙ্গ হয়ে ক্রীতদাসত্ব বরণ করে। এর অর্থনৈতিক ও সামরিক গুরুত্বের কারণে নগরটি Julius Caesar পুনরায় নির্মাণ করেন খ্রীষ্ট পূর্ব ৪৬ না হয় ৪৮ অব্দে। এটি হয়ে পড়ে একটি রোমীয় উপনিবেশ যেখানে রোমীয় সৈন্যরা অবসরে থাকতেন। এটি স্থপত্যে ও সংস্কৃতিতে ছিল রোমের প্রতিরূপ এবং ২৭ খ্রীষ্ট পূর্বে রোমীয় প্রদেশ আখায়ার প্রশাসনিক (অর্থাৎ, Senatorial) কেন্দ্র ছিল। ১৫ খ্রীষ্টাব্দে নগরটি হয়ে পড়েছিল রাজকীয় প্রদেশ।
- ঘ. প্রাচীন করিন্থের উচ্চভূমি, সমতল থেকে ১৮৮০ ফুটেরও বেশি উচ্চ ছিল, আফ্রোদিতির মন্দিরের এলাকা। এই মন্দিরের সাথে যুক্ত ছিল ১০০০ বেশ্য (Strabo, Geography, 8.6.20-22)। “একজন করিন্থীয়” (অর্থাৎ, Korinthiazesthai, মুদ্রাঙ্কিত Aristophanes [খ্রীষ্ট পূর্ব ৪৫০-৩৮৫] দ্বারা) নামটি একই রকম ছিল টিলেঢালা, উশংখল জীবন যাপনকারীদের মত। এই মন্দিরটি, বেশির ভাগ নগরটি, পৌল সেখানে যাবার ১৫০ বছর আগে ভূমিকম্পে ধংস হয়ে গিয়েছিল, নগরটি আবার নির্মিত হয় ৭৭ খ্রীষ্টাব্দে। এটা অনিশ্চিত যে পৌলের সময়ে উর্বরতার আরাধনা চালু ছিল কি না। যেহেতু ১৪৬ খ্রীষ্ট পূর্বে রোমীয়দের দ্বারা নগরটি ধংস প্রাপ্ত হয়েছিল এবং এর অধিবাসীরা হত হয় বা ক্রীতদাসত্ব বরণ করে, গ্রীক সংস্কৃতিপুষ্টি নগরটির উপরে আধিপত্য বিস্তার করে এর রোমীয় উপনিবেশের মর্যাদা (Pausanias, II.3.7)। গ্রীক সংস্কৃতির পরিবর্তে এই রোমীয় সংস্কৃতিক প্রসঙ্গ, ১ করিন্থীয় ব্যাখ্যায় গুরুত্বপূর্ণ পার্থক্য তৈরী করেছে।

III. লেখক

- ক. এই নগরিতে প্রেরিত পৌল তার ২য় প্রচার যাত্রায় এসেছিলেন; এর বিবরণ আমরা পাব প্রেরিত ১৮:১-২১ পদে। একটি দর্শনের মাধ্যমে প্রভু পৌলের কাছে প্রকাশ করেছিলেন যে অনেকেই বিশ্বাস করবে এবং সেখানে তার পরিচর্যার বিপরিতে কোন বিরোধিতা সফল হবে না (প্রেরিত ১৮:৯-১০)।
- খ. পৌলের প্রচার কৌশল ছিল তার সময়ে প্রতিটি প্রধান নগরে মণ্ডলী প্রতিষ্ঠা করা, তিনি জানতেন যে নগরে কাজে আসা মন পরিবর্তনকারী লোক, ভ্রমণকারী বিক্রেতা, এবং নাবিকেরা যখন সেই নগর থেকে ফিরে যাবে তখন তারা সুসমাচার ছড়িয়ে দেবে। স্থানীয় মণ্ডলীর উপরে তাদের এলাকায় সুসমাচার প্রচার ও শিষ্য তৈরী করার দায়িত্ব বর্তেছিল।
- গ. পৌল আক্লিলা ও প্রিক্সিল্লাকে পেলেন, তারাও করিছে বিশ্বাসী যিহুদী তাম্বু-প্রস্তুতকারক বা চামড়ার কর্মকার ছিলেন। তাদের রোম থেকে ৪৯ খ্রীষ্টাব্দে Claudiu এর যে কোন যিহুদী পর্ব বা ধর্মানুষ্ঠানের বিরুদ্ধের আদেশে জোর করে বের করে দেওয়া হয়েছিল (প্রেরিত ১৮:২)। পৌল করিছে একাকী এসেছিলেন। সীল ও তীমথিয় উভয়েই মাকিদনিয়াতে কাজে নিয়োজিত ছিলেন (প্রেরিত ১৮:৫)। তিনি খুব হতাশ হয়ে পড়েছিলেন (প্রেরিত ১৮:৯-১৯; ১ করি ২:৩)। যাহোক, তিনি ধৈর্যধারণ করলেন এবং ১৮ মাস করিছে থাকলেন (প্রেরিত ১৮:১১)।
- ঘ. এই বই যে পৌলের লেখা তার সাক্ষ্য দিয়েছেন রোমের Clement, যিনি ৯৫/৯৬ খ্রীষ্টাব্দে করিছীয়দের কাছে একটি পত্র লিখেছিলেন (*I Clement* ৩৭:৫; ৪৭:১-৩; ৪৯:৫)। এই পত্রের লেখক যে পৌল সে বিষয়ে কখনোই কোন সরেন্দহ দেখা দেয় নি, এমনকি আজকের ক্রিটিক্যাল পন্ডিতেরাও নয়।

IV. তারিখ

- ক. পৌলের করিছে যাবার তারিখ স্থির করা হয়েছে Delphi তে পাওয়া স্ফাট Claudiu এর একটি উৎকীর্ণ লিপি দ্বারা, যে তারিখটি ছিল গাল্লিয়োর শাসনামল যার আরম্ভ ৫১ খ্রীষ্টাব্দের জুলাই মাস থেকে ৫২ খ্রীষ্টাব্দের জুলাই (প্রেরিত ১৮:১২-১৭), যেটি পৌলের সেখানে পৌছাবার তারিখ নির্ণয় করে প্রায় ৪৯-৫০ খ্রীষ্টাব্দ।
- খ. তাহলে পৌলের চিঠির তারিখ হতে পারে ৫০ খ্রীষ্টাব্দের মাঝামাঝি কোন এক সময়। চিঠিটি তিনি ইফিষ থেকে লিখেছিলেন যেখানে তিনি দুই বছর (প্রেরিত ১৯:১০) ও তিন বছর (প্রেরিত ২০:৩১) এর মধ্যে পরিচর্যা করেছিলেন।
- গ. পৌলের লেখনীর সম্ভাব্য সময়ানুক্রম অনুসরণ করা হয়েছে F. F. Bruce এবং Murry Harris এর সামান্য সামান্য সংশোধন করে:

	বই	তারিখ	লেখার স্থান	প্রেরিত পুস্তকের সাথে সম্পর্ক
১	গালাতীয়া	৪৮	সিরিয়ার আন্তিয়খিয়া	প্রেরিত ১৪:২৮; ১৫:২
২	১ থিমলনীকীয়	৫০	করিছ	প্রেরিত ১৮:৫
৩	২ থিমলনীকীয়	৫০	করিছ	
৪	১ করিছীয়	৫৫	ইফিষ	প্রেরিত ১৯:২০
৫	২ করিছীয়	৫৬	মাকিদনিয়া	প্রেরিত ২০:২
৬	রোমীয়	৫৭	করিছ	প্রেরিত ২০:৩
৭-১০	কারাগারের চিঠি			
	কলসীয়	৬০ খ্রী. প্রথম দিকে	রোম	
	ফিলিমন	৬০ খ্রী. প্রথম দিকে	রোম	
	ইফিষীয়	৬০ খ্রী. প্রথম দিকে	রোম	
	ফিলিপীয়	৬২-৬৩ খ্রী. শেষ দিকে	রোম	প্রেরিত ২৮:৩০-৩১
১১-১৩	চতুর্থ প্রচার যাত্রা			
	১ তীমথিয়	৬৩ (বা পরে,	ইফিষ(?)	
	তীত	৬৩ কিন্তু আগে	মাকিদনিয়া	
	২ তীমথিয়	৬৪ ৬৮ খ্রী.)	রোম	

V. চিঠিটির প্রাপক

- ক. চিঠিটির প্রাপক ছিলেন পাখির বাচ্চার মত মণ্ডলী বেশির ভাগ পরজাতিয়দের দ্বারা গঠিত হয়েছিল। করিছের অধিবাসীরা জাতিগত ভাবে ও সংস্কৃতিগত ভাবে মিশ্রিত ছিল। আমরা প্রভুতত্ত্ব ও শাস্ত্র থেকে জানি (প্রেরিত ১৮:৪-৮) যে করিছে একটি সমাজগৃহ ছিল।

- খ. রোমীয় সৈন্যরা তাদের ২০ বছরের চাকরী জীবনের শেষে এখানে অবসর যাপন করতেন। করিছ ছিল একটি স্বাধীন নগরী, একটি রোমীয় উপনিবেশ, এবং রোমীয় প্রদেশ আখায়ার রাজধানী।
- গ. চিঠিটিতে মনে হয় প্রতিফলিত করেছে মণ্ডলীতে বেশ কয়েকটি দলের বিষয়ে:
১. বুদ্ধিবৃত্তিজাত গ্রীক যারা খুব গর্বিত ছিল তাদের দার্শনিক ঐতিহ্যে এবং চেষ্টা করতো খ্রীষ্টিয় প্রত্যাদেশের সাথে এই পুরাতন প্রথা এবং মেধাগত ঐতিহ্যের মিলন ঘটাতে।
 ২. রোমীয় পৃষ্ঠপোষক এবং সামাজিক ভাবে অভিজাত সম্প্রদায়
 ৩. বিশ্বাসী যিহুদী নির্ভরশীলরা গঠিত হয়েছিল বেশির ভাগ “ঈশ্বর-ভয়শীল” পরজাতীয়দের সমন্বয়ে, যারার সমাজঘরে উপস্থিত হতো
 ৪. এক বৃহৎ সংখ্যক ধর্মান্তরিত ক্রীতদাস

VI. চিঠিটির উদ্দেশ্য

ক. পৌল সমস্যার বিষয়ে শুনেছিলেন যেটি আরও চারটি উৎস থেকে সমৃদ্ধ হয়েছিল

১. ক্লোয়ীর পরিজন, ১ করি ১:১১
 ২. প্রশ্নের উত্তর জানতে চেয়ে মন্ডলী থেকে একটি চিঠি, ১ করি ৭:১,২৫; ৮:১; ১২:১; ১৬:১,১২
 ৩. স্ত্রিফান, ফর্তুনাত, ও আখায়িকের ব্যক্তিগত পরিদর্শন, ১ করি ১৬:১৭
- এটি সম্ভব যে চিঠিটি (#২) এই লোকেরা বহন করে এনেছিল (#৩)।

এটি কৌতুহলজনক যে Murry Harris ১ করিষ্টিয় চিঠির রূপরেখা করেছেন যার ভিত্তি পৌলের মণ্ডলী সম্বন্ধে প্রাপ্ত তথ্য।

১. ক্লোয়ীর পরিজনদের মৌখিক প্রতিবেদন, ফলস্বরূপ পৌলের লিখিত অধ্যায় ১ করি ১-৪
২. মণ্ডলীর প্রতিনিধিদের মৌখিক প্রতিবেদন (অর্থাৎ, স্ত্রিফান, ফর্তুনাত, ও আখায়িক), ফলস্বরূপ লিখিত অধ্যায় ১ করি ৫-৬
৩. মন্ডলীর লিখিত প্রশ্ন, ফলস্বরূপ লিখিত অধ্যায় ১ করি ৭-১৬

খ. মণ্ডলীটি দলে বিভক্ত হয়ে পড়েছিল, বিভিন্ন নেতাদের সমর্থন করতো: পৌল, আপোল্লো, পিতর, এবং সম্ভবত একটি খ্রীষ্ট দল (১ করি ১:১২)। মণ্ডলী কেবল যে নেতাদের প্রকৃতির উপরে ভিত্তি করে বিভক্ত হয়েছিল তা নয়, তাছাড়াও ছিল কতগুলি নৈতিক বিষয় এবং আত্মিক দান ব্যবহারের বিষয়। বিকর্তের একটি প্রধান বিষয় ছিল পৌলের প্রেরিতিক কর্তৃত্ব (বিশেষ করে ২ করিষ্টিয়)!

VII. পৌলের করিষ্টিয় মণ্ডলীর সাথে যোগাযোগ-পরীক্ষাস্বরূপ একটি প্রস্তাব

ক. পৌল কতগুলি চিঠি করিছে লিখেছিলেন?

১. মাত্র দুটি, ১ ও ২ করিষ্টিয়
২. তিনটি, যার একটি চিঠি হারিয়ে গেছে
৩. চারটি, যার দুটি চিঠি হারিয়ে গেছে
৪. কিছু কিছু আধুনিক পন্ডিতেরা ২ করিষ্টিয়ের দুটি হারিয়ে যাওয়া চিঠির আংশিক খুঁজে পেয়েছেন
 - ক. আগের চিঠি (১ করি ৫:৯) ২ করি ৬:১৪-১৭:১ পদে)
 - খ. কঠিন চিঠি (২ করি ২:৩-৪,৯; ৭:৮-১২) ২ করি ১০-১৩ পদে)
৫. পাঁচটি, ২ করি ১০-১৩ পদ হল পঞ্চম চিঠি, যেটি পাঠান হয়েছিল তীতের আরও খারাপ খবর আনার প্রেক্ষিতে

খ. তত্ত্ব #৩ মনে হয় সবচেয়ে ভাল খাপ খায়

১. আগের চিঠি, হারান (১ করি ৫:৯)
২. ১ করিষ্টিয়
৩. কঠিন চিঠি, হারান (সম্ভবত যার আংশিক ২ করি ২:২-১১; ৭:৮-১২ পদে লিপিবদ্ধ হয়েছে)
৪. ২ করিষ্টিয়

গ. একটি প্রস্তাবিত পুনর্গঠন

তারিখ	পরিদর্শন	চিঠি
৫০-৫২ খ্রীষ্টাব্দ পৌলের ২য় প্রচার যাত্রা	ক. পৌলের ২য় প্রচার যাত্রায় তিনি করিছে ১৮ মাস ছিলেন (প্রেরিত ১৮:১-১১)	
৫২ খ্রীষ্টাব্দ গাল্লিয়ো শাসনকর্তা ছিলেন ৫১ খ্রীষ্টাব্দ থেকে (প্রেরিত ১৮:১২-১৭)		ক. ১ করি ৫:৯-১১ পদ মনে হয় একটি চিঠির উল্লেখ করছে মণ্ডলীতে ব্যভিচারের পরিস্থিতির বিষয়ে। এই চিঠিটি অজ্ঞাত

<p>৫৬ খ্রীষ্টাব্দ (বসন্তকাল)</p>	<p>খ. পৌল ইফিষে থাকতেই মণ্ডলীর সমস্যা সম্পর্কে শুনেছিলেন দুটি উৎস থেকে: (১) ক্লোয়ীর পরিজন, ১ করি ১:১১ এবং (২) স্ত্রিফান, ফর্ভুনাত, ও আখায়িক, ১ করি ১৬:১৭। তারা দৃশ্যত করিছীয় গৃহ মন্ডলীর কাছ থেকে একটি চিঠি এনেছিলেন যে চিঠিতে প্রশ্নগুলি ছিল</p>	<p>কেবল মাত্র: (১) যেমন কিছু কিছু ধারণা, এই যে ২ করি ৬:১৪-৭:১ পদ এর একটি অংশ অথবা (২) এই যে ২ করি ২:৩,৪,৯ পদ হল epistolary aorists এবং উল্লেখ করছে ২ করিছীয়।</p>
<p>৫৬ খ্রীষ্টাব্দ (শীতকাল) বা ৫৭ খ্রীষ্টাব্দ (শীতকাল)</p>	<p>গ. পৌল গুরুত্বসহকারে একটি যন্ত্রণাদায়ক পরিদর্শন করেছিলেন করিছে। (যেটি প্রেরিত পুস্তকে লিপিবদ্ধ করা হয়নি, ১ করি ২:১)। এটি সফল ছিল না, কিন্তু তিনি প্রতিজ্ঞা করেছিলেন ফিরে আসার।</p> <p>ঘ. পৌল ত্রোয়াতে তীতের সাথে দেখা করার পরিকল্পনা করেছিলেন, কিন্তু তীত আসেন নাই, তাই পৌল মাকিদনিয়া গিয়েছিলেন (২ করি ২:১৩; ৭:৫,১৩), সম্ভবত ফিলিপীতে (MSS Bc, K, L, P)।</p>	<p>খ. পৌল এই সব প্রশ্নের উত্তর দিয়েছিলেন (১ করি ৭:১,২৫; ৮:১; ১২:১; ১৬:১,২) ১ করিছীয় চিঠিটি লিখে। তীমথিয় (১ করি ৪:১৭) ইফিষ থেকে (১ করি ১৬:৮) চিঠিটি করিছে নিয়ে যাবার দায়িত্ব নিয়েছিলেন। মণ্ডলীর সমস্যা সমাধানে তীমথিয় সক্ষম ছিলেন না।</p> <p>গ. পৌল একটি কঠিন চিঠি লিখেছিলেন (২ করি ২:৩-৪:৯; ৭:৮-১২) করিছীয় গৃহ মন্ডলীর কাছে যেটি তীত তাদের কাছে পৌছে দিয়েছিল (২ করি ২:১৩; ৭:১৩-১৫)। এই চিঠিটি অজ্ঞাত, যদি না, যেমন কেউ কেউ মনে করেন, এর আংশিক রয়েছে ২ করি ১০-১৩ পদে।</p> <p>ঘ. তিনি তীতকে পেলেন এবং শুনলেন যে মণ্ডলী তার নেতৃত্বের প্রতি সাড়া প্রদান করেছে এবং তারপর তিনি মহা ধন্যবাদ সহকারে ২ করিছীয় চিঠিটি লিখলেন (৭:১১-১৬)। এই চিঠিটি তীত নিয়ে গিয়েছিলেন।</p>
<p>৫৭-৫৮ খ্রীষ্টাব্দ (শীতকাল)</p>	<p>ঙ. প্রেরিত ২০:২-৩ পদে মনে হয় করিছে পৌলের লিপিবদ্ধ শেষ পরিদর্শন উল্লেখিত হয়েছে। যদিও এটিতে করিছের নাম উল্লেখিত হয়নি, এটি ধারণা করা হয়। তিনি সেখানে ছিলেন শীতের মাসগুলি।</p>	<p>ঙ. চিহ্নিত মনোভাব পরিবর্তিত হয়েছে ১-৯ অধ্যায় এবং ১০-১৩ অধ্যায়ের মধ্যে যে বিষয়ে অনেক পণ্ডিত ব্যাখ্যা দিয়েছেন আরও খারাপ খবর (সম্ভবত পুন: জাগরণ ঘটেছে পুরাতন বিরোধীদের এবং আরও যুক্ত হয়েছে নূতন বিরোধি) এসেছে করিছীয় গৃহ মন্ডলীগুলির থেকে আর তারপর ১-৯ অধ্যায় লেখা হয়েছে(F. F. Bruce)।</p>

VIII. উপসংহার

- ক. ১ করিন্থীয়তে আমরা দেখি পৌলকে, একজন পালক, মণ্ডলীর সমস্যা নিয়ে আলোচনার করছেন। গালাতীয় এবং এই চিঠিতে, আমরা তাকে দেখি বিশ্বজনীন সত্যকে বিভিন্ন ভাবে প্রয়োগ করছেন, মণ্ডলীর প্রয়োজনের উপরে ভিত্তি করে: স্বাধীনতা গালাতীয়ার মণ্ডলীর জন্য/করিন্থীয় মণ্ডলীর জন্য সীমাবদ্ধতা।
- খ. এই বইটি হয় একটি “সংস্কৃতির ডাইনোসোর” না হয় একটি নীতিগত সত্যের সম্পদ প্রয়োগ করা হয়েছে নির্দিষ্ট ঐতিহাসিক/সংস্কৃতিগত প্রেক্ষাপট। আমাদের অবশ্যই সতর্ক হতে হবে সত্যকে এবং সেই সত্যের সংস্কৃতিক প্রয়োগকে দ্বিধাদ্বন্দ্ব ফেলা যাবে না। এই অত্যন্ত গুরুত্বপূর্ণ শাস্ত্র ব্যাখ্যার নীতি বিষয়ক ভাল আলোচনার জন্য দেখুন Gordon D. Fee and Douglas Stuart's *How To Read the Bible for All Its Worth*, pp. 65-76 and Gordon Fee, *Gospel and Spirit*।
- গ. এই বইটি আপনাকে আপনার আত্মিক ক্ষমতার সীমা পর্যন্ত চালিত করবে বাইবেল ব্যাখ্যা করতে। এটি আপনাকে পুনরায় চিন্তা করতে বাধ্য করবে আপনার ধর্মতত্ত্বের দিক সম্পর্কে। এটি আমাদের সময়ে ঈশ্বরের ইচ্ছার একটি জানলা উন্মুক্ত করবে, বিশেষ বলতে, যেমন অন্য কিছু বাইবেলের লেখনী।

IX. ১ করিন্থীয় পত্রের সংক্ষিপ্ত রূপরেখা

- ক. ভূমিকা ১ করি ১:১-৯
১. শুভেচ্ছা, ১ করি ১:১-৩
 ২. ধন্যবাদজ্ঞাপন, ১ করি ১:৪-৯
- খ. করিন্থের প্রতিবেদনকৃত সমস্যা, ১ করি ১:১০-৬:২০
১. মণ্ডলীর মধ্যে দলভেদ কারণ ছিল খ্রীষ্টিয় নেতৃত্বের (অর্থাৎ, পৌল, আপোল্লো, পিতর) উদ্দেশ্য এবং বার্তা সম্পর্কে ভুল বোঝাবুঝি, ১ করি ১:১০-৪:১২
 ২. হতবাক করা ব্যভিচার, ১ করি ৫:১-১৩
 ৩. খ্রীষ্টিয় মামলা মোকদ্দমা, ১ করি ৬:১-১১
 ৪. খ্রীষ্টিয় স্বাধীনতা দায়িত্বের দ্বারা সীমাবদ্ধ, ১ করি ৬:১২-২০
- গ. করিন্থীয়দের কাছ থেকে একটি চিঠি যেখানে সমস্যাসংকুল প্রশ্ন, ১ করি ৭:১-১-১৬:৪
১. মানুষের যৌনতা, ১ করি ৭:১-৪০
 ২. খ্রীষ্টিয় স্বাধীনতা ও মূর্তিপূজার সংস্কৃতির সাথে সম্পর্ক, ১ করি ৮:১-১১:১
 ৩. খ্রীষ্টিয় আরাধনা ও আত্মিকতা, ১ করি ১১:২-১৪:৪০
 ৪. eschatolog উপরে অর্ন্তদৃষ্টি, বিশেষ করে পুনরুত্থান, ১ করি ১৫:১-৫৮
 ৫. যিরূশালেমের মাতৃমণ্ডলীর জন্য সাহায্য, ১ করি ১৬:১-৪
- ঘ. উপসংহারের মন্তব্য
১. পৌলের (এবং তার সহপরিচর্যাকারীদের) ভ্রমণ পরিকল্পনা, ১ করি ১৬:৫-১২
 ২. শেষ উপদেশ ও শুভেচ্ছা, ১ করি ১৬:১৩-২৪

X. পৌলের চিন্তার বিষয়ে আরও পাঠের পরামর্শ

- ক. *The Mind of St. Paul*, William Barclay, published by Harper & Row
- খ. *Paul, Apostle of the Heart Set Free*, F. F. Bruce, published by Eerdmans
- গ. *The Origins of Paul's Religion*, J. Gresham Machen, published by Eerdmans
- ঘ. *Paul, An Outline of His Theology*, Herman Ridderbos (translated by John De Witt), published by Eerdmans
- ঙ. *Epochs in the Life of Paul*, A. T. Robertson, published by Baker
- চ. *A Man In Christ*, James S. Stewart, published by Harper & Row
- ছ. *Dictionary of Paul and His Letters*, published by IVP
- জ. *Paul in the Roman World, The Conflict at Corinth*, Robert M. Grant, published by Westminster, John Knox Press
- ঝ. *Paul and Paul Among the Sophists*, Bruce W. Winter, published by Eerdmans

পাঠ চক্র এক

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

একবারেই সমগ্র বাইবেলটি পাঠ করুন। সমগ্র পুস্তকের কেন্দ্রীয় মূল ভাব আপনার নিজের কথায় বর্ণনা করুন।

১. সমগ্র পুস্তকের মূল ভাব
২. সাহিত্যের প্রকার(genre)

পাঠ চক্র দুই ("[A Guide to Good Bible Reading](#)" থেকে)

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

একবারেই সমগ্র বাইবেলটি দ্বিতীয়বার পাঠ করুন। প্রধান বিষয় রূপরেখা করুন এবং একটি বাক্যে বিষয়টি প্রকাশ করুন।

১. প্রথম সাহিত্যের এককের বিষয় বস্তু
২. দ্বিতীয় সাহিত্যের এককের বিষয় বস্তু
৩. তৃতীয় সাহিত্যের এককের বিষয় বস্তু
৪. চতুর্থ সাহিত্যের এককের বিষয় বস্তু
৫. ইত্যাদি।

১ করিন্থীয় ১
(1 CORINTHIANS 1)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ*

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন	শুভেচ্ছা	শুভেচ্ছা	শুভেচ্ছা	সম্বোধন ও শুভেচ্ছা
১:১-৩	১:১-৩	১:১-৩	১:১	১:১-৩
			১:২	
			১:৩	
	করিন্থীয়দের প্রতি আত্মিক দান	ধন্যবাদ জ্ঞাপন	খ্রীষ্টে আশীর্বাদ	ধন্যবাদ জ্ঞাপন
১:৪-৯	১:৪-৯	১:৪-৯	১:৪-৯	১:৪-৯
মণ্ডলীর মধ্যে বিভেদ	গোত্রবাদের পাপ	মণ্ডলীর মধ্যে বিভেদ	মণ্ডলীর মধ্যে বিভেদ	বিশ্বাসীদের মধ্যে বিভেদ
১:১০-১৭	১:১০-১৭	১:১০-১৭	১:১০-১৩	১:১০-১৬
			১:১৪-১৭	সত্যিকার প্রজ্ঞা ও ভ্রান্তি
খ্রীষ্ট ঈশ্বরের পরাক্রম ও প্রজ্ঞা	খ্রীষ্ট ঈশ্বরের পরাক্রম ও প্রজ্ঞা	খ্রীষ্ট ত্রুশোবিদ্ধ (১:১৮-২:৫)	খ্রীষ্ট ঈশ্বরের পরাক্রম ও প্রজ্ঞা	(১:১৭-৩:৪)
				১:১৭-২৫
১:১৮-২৫	১:১৮-২৫	১:১৮-২৫	১:১৮-২০	
			১:২১-২৫	
১:২৬-৩১	১:২৬-৩১	১:২৬-৩১	১:২৬-৩১	১:২৬-৩১

* যদিও তারা অনুপ্রাণিত নয়, প্যারাগ্রাফ বিভাগ হল মূল লেখকের উদ্দেশ্য বুঝতে পারা এবং অনুসরণ করার চাবিকাঠি। প্রতিটি আধুনিক অনুবাদ প্যারাগ্রাফকে বিভক্ত করেছে এবং সারসংক্ষিপ্ত করেছে। প্রতিটি প্যারাগ্রাফের রয়েছে একটি কেন্দ্রীয় বিষয়, সত্য বা চিন্তা। প্রতিটি সংস্করণ সেই বিষয় সংক্ষিপ্ত সার (encapsulates) করে এর নিজস্ব স্বতন্ত্র পছন্দ। যখন আপনি লেখা পড়বেন, নিজেকে জিজ্ঞাসা করবেন কোন অনুবাদটি আপনাকে বিষয়টি এবং পদ বিভাগ বুঝতে সাহায্য করে।

প্রতিটি অধ্যায়ে আমাদেরকে আগে বাইবেল পড়তে হবে এবং চেষ্টা করতে হবে এর বিষয়টি (প্যারাগ্রাফ) চিহ্নিত করতে, তারপর আধুনিক অনুবাদের সাথে আমাদের বোঝবার সক্ষমতা তুলনা করতে হবে। শুধুমাত্র যখনই আমরা মূল লেখকের উদ্দেশ্য বুঝতে পারব তার যুক্তি এবং উপস্থাপনা অনুসরণ করে তখনই আমরা সঠিকভাবে বাইবেলকে বুঝতে পারব। শুধুমাত্র মূল লেখক হলেন অনুপ্রাণিত-পাঠকের কোন অধিকার নেই বার্তাটি পরিবর্তন বা রূপান্তর করার। বাইবেলের পাঠকদের দায়িত্ব হল অনুপ্রাণিত সত্যটি তাদের প্রতিটি দিনে এবং তাদের জীবনে প্রয়োগ করা।

লক্ষ্য করবেন প্রতিটি পরিভাষা এবং সংক্ষিপ্তকরণ সম্পূর্ণরূপে ব্যাখ্যা করা হয়েছে পরবর্তী নথিপত্রগুলিতে: [Brief Definitions of Greek Grammatical Structure, Textual Criticism, and Glossary.](#)

পাঠ চক্র তিন ("[A Guide to Good Bible Reading](#)" থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ, ইত্যাদি।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ১:১

'পৌল, ঈশ্বরের ইচ্ছায় তাঁরই আহবানে যীশু খ্রীষ্টের একজন প্রেরিত, এবং আমাদের ভাই সোস্ট্রিনি, (অনুবাদকৃত টেক্সট)।

১:১ “পৌল” পৌলের সময়ে বেশির ভাগ যিহুদী যারা প্যালেস্টাইনের বাইরে বাস করতো তাদের দুটি ডাক নাম ছিল, একটি যিহুদী অন্যটি রোমীয় (প্রেরিত ১৩:৯)। পৌলের যিহুদী নাম ছিল শৌল। তিনি, প্রাচীন ইস্রায়েলের রাজার মত, বিন্যামিন বংশের ছিলেন (রোমীয় ১১:১; ফিলি ৩:৫)। তার রোমীয় বা গ্রীক নাম পৌল, যার অর্থ “ক্ষুদ্র।” এটি আরও উল্লেখ করতে পারে

১. তার দৈহিক কাঠামো, যেটি পরোক্ষ ভাবে উল্লেখ করা হয়েছে দ্বিতীয় শতকের ক্যানন বহিভূত বইতে, *The Acts of Paul*, এর একটি অধ্যায় যেটি থিমলনীকীয়র সাথে সম্পর্কিত যার শিরোনাম "Paul and Thecla"
২. তার ব্যক্তিগত ধারণা যে তিনি পবিত্রগণের মধ্যে সবচেয়ে ক্ষুদ্রতম কারণ তিনি মূলত মণ্ডলীর উপরে নির্যাতন করেছিলেন (১ করি ১৫:৯; ইফি ৩:৮; ১ তীম ১:১৫)
৩. সাধারণ ভাবে নামটি তার জন্মের সময়ে তার বাবা মা দিয়েছিলেন

■ “আহবান” পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন

বিশেষ বিষয়: আহবান করা

(SPECIAL TOPIC: CALLED)

ঈশ্বর সব সময় আহবান করার, নির্বাচিত করার কাজের সূচনা করেন এবং বিশ্বাসীদের তাঁর কাছে আসতে উৎসাহিত করেন (যোহন ৬:৪৪, ৬৫; ১৫:১৬; ১ করি ১:১-২; ইফি ১:৪-৫, ১১)। “আহবান করা” টার্মটি কয়েকটি ধর্মতাত্ত্বিক অর্থে ব্যবহৃত হয়েছে।

- ক. পুরাতন নিয়মে “নামে ডাকা” সব সময়ই ছিল একটি আরাধনার প্রসঙ্গে (আদি ৪:২৬; ১২:৮; ২১:৩৩; ২৬:২৫; যাত্রা ৩৪:৫)।
- খ. পাপীদের পরিব্রাজণে পাবার জন্য আহবান জানান হয়েছে ঈশ্বরের অনুগ্রহের দ্বারা (অর্থাৎ, যাত্রা ৩:৬-৭) খ্রীষ্টের সম্পদিত কাজের মাধ্যমে এবং আত্মার দোষী করার দ্বারা (অর্থাৎ, *klētos*, রোমীয় ১:৬-৭; ৯:২৪, যেটি ধর্মতত্ত্বগত ভাবে একই রকম ১ করি ১:১-২ এবং ২ তীম ১:৯; ২ পিতর ১:১০)।
- গ. পাপীদের উদ্ধার পাবার জন্য প্রভুর নামে ডাকতে হবে (অর্থাৎ, *epikaleō*, প্রেরিত ২:২১; ২২:১৬; রোমীয় ১০:৯-১৩)। এই মন্তব্য হল যিহুদী আরাধনার বাগধারা।
- ঘ. দুঃসময়ে এবং সংকটের সময়ে বিশ্বাসীরা তাঁর নামে ডাকে (অর্থাৎ, প্রেরিত ৭:৫৯)।
- ঙ. বিশ্বাসীদের আহবান জানানো হয়েছে খ্রীষ্টসাদৃশ্যতায় জীবন যাপনের (অর্থাৎ, *klēsis*, ১ করি ১:২৬; ৭:২০; ইফি ৪:১; ফিলি ৩:১৪; ২ থিষ ১:১১; ২ তীম ১:৯)।
- চ. পরিচর্যার কাজ করার জন্য বিশ্বাসীদের আহবান জানানো হয়েছে (প্রেরিত ১৩:২; ১ করি ১২:৪-৭; ইফি ৪:১)।

■ “একজন প্রেরিত” এটি “পাঠান” (অর্থাৎ, *apostellō*) এর জন্য প্রচলিত গ্রীক শব্দ। ১ করি ৪:৯ পদে বিশেষ বিষয় দেখুন। এই টার্মের বেশ কয়েকটি ধর্মতাত্ত্বিক ব্যবহার রয়েছে।

১. রাব্বিরা এটি ব্যবহার করতেন একজনকে আহ্বান করে অন্যজনের কাছে অফিশিয়াল প্রতিনিধি হিসাবে পাঠানোর জন্য, অনেকটা আমাদের ইংরাজী “ambassador” বা রাষ্ট্রদূতের মত (২ করি ৫:২০)।
২. সুসমাচার প্রায়ই এটি ব্যবহার করেছে যীশুর জন্য যাকে পিতা পাঠিয়েছিলেন (মথি ১:৪০; ১৫:২৪; মার্ক ৯:৩৭; লূক ৯:৪৮)। যোহনে এই টার্ম Messianic ইস্তিত দান করেছে(যোহন ৪:৩৪; ৫:২৪,৩০,৩৬,৩৭,৩৮; ৬:২৯,৩৮,৩৯,৪০,৫৭; ৭:২৯; ৮:৪২; ১০:৩৬; ১১:৪২; ১৭:৩,৮,১৮,২১,২৩,২৫; ২০:২১)। যীশুর প্রেরিত বিশ্বাসীদের জন্যও ব্যবহৃত হয়েছে (যোহন ১৭:১৮; ২০:২১)।
৩. নূতন নিয়ম এটি শিষ্যদের জন্য ব্যবহার করেছে।
 ১. মূল ১২ জন যারা যীশুর ঘনিষ্ঠ সম্পর্কে ছিলেন(লূক ৬:১৩; প্রেরিত ১:২১-২২)
 ২. প্রেরিতিক সাহায্যকারী ও সহকর্মীদের বিশেষ দল
 - (১) বার্ণাবা (প্রেরিত ১৪:৪,১৪)
 - (২) আন্দ্রনিক ও যুনিয় (KJV, যুনিয়, রোমীয় ১৬:৭)
 - (৩) অপোল্লো (১ করি ৪:৬-৯)
 - (৪) যাকোব, প্রভুর ভাই (গালা ১:১৯)
 - (৫) সিলবান ও তীমথি (১ থি ২:৬)
 - (৬) সম্ভবত তীত (২ করি ৮:২৩)
 - (৭) সম্ভবত ইফ্রুদিত (ফিলি ২:২৫)
 ৩. মণ্ডলীর উপরে অবিরত দান (১ করি ১২:২৮-২৯; ইফি ৪:১১)
৪. পৌল তার বেশির ভাগ পত্রে নিজের জন্য এই উপাধি ব্যবহার করেছেন তার ঈশ্বর দত্ত আহ্বান ও খ্রীষ্টের প্রতিনিধি হিসাবে কর্তৃত্ব প্রকাশের একটি উপায় হিসাবে (রোমীয় ১:১; ১ করি ১:১; ২ করি ১:১; গালা ১:১; ইফি ১:১; কল ১:১; ১ তীম ১:১; ২ তীম ১:১; তীত ১:১)।

■ “যীশু খ্রীষ্ট” এই টার্মটি উপাধির সম্পূর্ণ টার্ম “প্রভু যীশু খ্রীষ্ট” এর একটি অংশ (১ করি ১:২,৩,৭,৯,১০)। এই তিনটি উপাধির প্রত্যেকটির আলাদা আলাদা ধর্মতাত্ত্বিক তাৎপর্য রয়েছে।

১. “যীশু” এই নামটি বেথলেহমে শিশু যীশুকে দেওয়া হয়েছিল স্বর্গদূতের দ্বারা (মথি ১:২১)। এটি দুটি ইব্রীয় nouns দ্বারা গঠিত: “YHWH,” ঈশ্বরের জন্য নিয়মের নাম, এবং “পরিভ্রাণ” (অর্থাৎ, Hosea)। এটি হল ইব্রীয় নাম যিহোশূয়ের অরামিয় গঠন। যখন এটি একক ভাবে ব্যবহৃত হয় তখন প্রায়ই এটি সেই মানুষকে চিহ্নিত করে, নাসরতিয় যীশু, মরিয়মের পুত্র (অর্থাৎ, মথি ১:১৬,২৫; ২:১; ৩:১৩,১৫,১৬)।
২. “খ্রীষ্ট” হল ইব্রীয় মশীহের গ্রীক অনুবাদ (অর্থাৎ, একজন অভিষিক্ত জন)। এটি ঘোষণা করে যীশুর পুরাতন নিয়মের উপাধি যখন YHWH প্রতিজ্ঞা করেছিলেন যে একজনকে পাঠাবেন যিনি ধার্মিকতার নূতন যুগের প্রতিষ্ঠা করবেন।
৩. “প্রভু” (KJV ১ করি ১:১ পদে ব্যবহৃত হয়েছে) ইব্রীয় টার্ম *adon* এর অনুবাদ, যার অর্থ “মালিক, স্বামী, গুরু, বা প্রভু।” যিহূদীরা YHWH এই পবিত্র নামকে উচ্চারণ করতে ভয় পেত পাছে তারা নামটি অনর্থক নেয় এবং দশ আজ্ঞার একটি আজ্ঞা ভঙ্গ করে। যখনই তারা শাস্ত্র পাঠ করতো, তারা YHWH এর পরিবর্তে *Adon* উচ্চারণ করতো। এইজন্য আমাদের ইংরাজী অনুবাদ পুরাতন নিয়মের YHWH এর স্থানে বড় হাতের প্রভু (Lord) ব্যবহার করেছে। এই উপাধিটি (গ্রীকে *kurios*) যীশুর উপরে স্থানান্তর করে, নূতন নিয়মের লেখকেরা ঘোষণা করেছেন তাঁর ঈশ্বরত্ব এবং পিতার সঙ্গে তাঁর সমতা।

■ “ঈশ্বরের ইচ্ছানুসারে” এটি হল পৌলের কর্তৃত্ব (অর্থাৎ, “আহূত প্রেরিত,” ১ করি ১:১, “ঈশ্বরের ইচ্ছানুসারে,” ১ করি ১:১, এবং “আমাদের প্রভু যীশু খ্রীষ্টের নামে,” ১ করি ১:১০) সম্পর্কে ভূমিকাতে কয়েকটি জোড়াল মন্তব্যের প্রথমটি। করিন্থীয় পত্রে পৌলের প্রেরিতিক কর্তৃত্ব হল প্রধান ধর্মতাত্ত্বিক বিষয়, বিশেষ করে ২ করিন্থীয় পত্রে।

এই একই রকমের ভূমিকার শব্দগুচ্ছ ব্যবহৃত হয়েছে কল ১:১; ১ করি ১:১; ২ করি ১:১; এবং ২ তীম ১:১ পদে। পৌল নিশ্চিত ছিলেন যে ঈশ্বর তাকে প্রেরিত হিসাবে মনোনীত করেছেন। তার এই বিশেষ আহ্বান আরম্ভ হয়েছিল দম্বেশকের পথের মন পরিবর্তনে (প্রেরিত ৯:২২,২৬)।

■ “সোস্থিনি” ইনি সম্ভবত যিহূদী নেতা ছিলেন যার কথা প্রেরিত ১৮:১৭ পদে উল্লেখিত হয়েছে, যিনি লোকদের দ্বারা প্রহৃত হয়েছিলেন এবং সম্ভবত পরবর্তীতে বিশ্বাসী ও স্থানীয় মণ্ডলীর নেতা হয়েছিলেন। এটা সম্ভব যে তিনি ছিলেন পৌলের (১) সাহায্যকারী; (২) অনুলিপি কারক; (৩) মণ্ডলী সম্পর্কে তথ্যের উৎস অথবা; (৪) এমন একজন যাকে মণ্ডলীর লোকেরা ভালভাবে চিনত

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ১:২

^২ করিন্থে অবস্থিত ঈশ্বরের মণ্ডলীর কাছে, যারা খ্রীষ্ট যীশুতে পবিত্রকৃত তাদের কাছে, আহূত পবিত্রগণের কাছে, যারা সব জায়গায় আমাদের প্রভু যীশু খ্রীষ্টের নামে ডাকে তাদের সকলের কাছে, তিনি তাদের প্রভু এবং আমাদেরও: (অনুবাদকৃত টেক্সট)।

১:২ “মণ্ডলীর কাছে” পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: মন্ডলী (*ekklēsia*)

(SPECIAL TOPIC: CHURCH (*ekklēsia*))

এই গ্রীক টার্ম *ekklēsia*, এসেছে দুটি শব্দ থেকে, “বাহির হওয়া” এবং “আহ্বান করা।” এই শব্দের সাধারণ ব্যবহারও ছিল (অর্থাৎ, নাগরিকদের সভার জন্য আহ্বান করা, প্রেরিত ১৯:৩২, ৩৯, ৪১) এবং যেহেতু সেপ্টুয়াজিট এই টার্মটি ইস্রায়েলীয়দের “আরাধনায় একত্রিত” লোকদের জন্য ব্যবহার করেছে (*Qahal*, BDB 874, গণনা ১৬:৩; ২০:৪; দ্বি বি ৩১:৩০), ধর্মীয় ব্যবহার। প্রাথমিক মন্ডলী নিজেদের দেখতো পুরাতন নিয়মের ঈশ্বরের লোকদের ধারাবাহিকতা হিসাবে। তারা ছিল নূতন ইস্রায়েল (রোমীয় ২:২৮-২৯; গালাতীয় ৩:২৯; ৬:১৬; ১ পিতর ২:৫, ৯; প্রকাশিত বাক্য ১:৬), ঈশ্বরের বিশ্বব্যাপি প্রচার কাজের উদ্দেশ্য পরিপূর্ণতা (আদি পুস্তক ৩:১৫; ১২:৩; যাত্রা পুস্তক ১৯:৫-৬; মথি ২৮:১৮-২০; লুক ২৪: ৪৭; প্রেরিত ১:৮)। দেখুন [বিশেষ বিষয়: YHWH এর অনন্তকালীন পরিত্রাণের পরিকল্পনা](#) ([Special Topic: YHWH's Eternal Redemptive Plan](#))

এই টার্মটি ব্যবহার করা হয়েছে বিভিন্ন অর্থে সুসমাচারে এবং প্রেরিতদের কার্য বিবরণিতে।

১. নিরপেক্ষ নাগরিক সভায়, প্রেরিত ১৯:৩২, ৩৯, ৪১
২. খ্রীষ্টে ঈশ্বরের সার্বজনীন লোক, মথি ১৬:১৮ এবং ইফিষীয়
৩. একটি স্থানীয় খ্রীষ্টে বিশ্বাসীদের দল, মথি ১৮:১৭; প্রেরিত ৫:১১ (এই পদে, যিরুশালেমের মন্ডলী); প্রেরিত ১৩:১; রোমীয় ১৬:৫; ১ করি ১৬:১৯; কল ৪:১৫; ফিলিমন ২ পদ
৪. সম্মিলিতভাবে ইস্রায়েলের সমস্ত লোক, প্রেরিত ৭:৩৮ স্তীফানের প্রচারে
৫. একটি অঞ্চলে ঈশ্বরের লোক, প্রেরিত ৮:৩; গালা ১:২ (যিহূদা বা প্যালেস্টাইন)

মন্ডলী হল সমবেত লোক সাধারণ, কোন দালান নয়। শত শত বছর ধরে কোন মন্ডলীর দালান ছিল না। যাকোবে (একটি প্রাচীন খ্রীষ্টিয় বই) মন্ডলীকে উল্লেখ করা হয়েছে “*synagōgē*” (সমবেত লোক) টার্ম দ্বারা। মন্ডলীর জন্য এই টার্ম কেবলমাত্র যাকোবে দেখা যায় (যাকোব ২:২; ৫:১৪)।

Copyright © 2014 [Bible Lessons International](#)

■ “করিত্বে অবস্থিত ঈশ্বরের” এই শব্দগুচ্ছ “মন্ডলী” সম্পর্কে দুটি স্বতন্ত্র অর্থ প্রকাশ করছে।

১. এটি হল নূতন জন্ম প্রাপ্ত, বাঙাইজিত বিশ্বাসীদের স্থানীয় সম্মিলন। নূতন নিয়মের বেশির ভাগ জায়গায় *ekklesia* শব্দ ব্যবহৃত হয়েছে যেটি এই স্থানীয় অর্থ প্রতিফলিত করে।
১. এটি আরও বিশ্বজনীন ভাবে খ্রীষ্টের দেহ বা মন্ডলীকে প্রকাশ করে। এটি দেখা যায় মথি ১৬:১৮ পদে (অর্থাৎ, এই টার্মের প্রথম দুর্লভ ব্যবহার যীশুর দ্বারা, মথি ১৮:১৭ [দু'বার]); প্রেরিত ৯:৩১ পদে যিহূদীয়া, গালীল এবং শমরিয়ার সকল স্থানীয় মন্ডলীর জন্য এই *singular* “মন্ডলী” ব্যবহৃত হয়েছে; এবং চূড়ান্ত ভাবে ইফিষীয়ের জন্য এই টার্মের ব্যবহার, যেটি এশিয়া মাইনরে অবস্থিত মন্ডলীর জন্য চক্রাকার পত্র (ইফি ১:২২; ৩:১০, ২১; ৫:২৩-৩২)।

সকল বিশ্বাসীদের সম্মিলনে এক বৃহৎ খ্রীষ্ট মন্ডলী (কেউ কেউ মারা গেছেন, কেউ কেউ জীবিত আছেন) এবং এটি হল এই বিশ্বজনীন মন্ডলীর স্থানীয় প্রকাশ।

■ “তাদের কাছে যারা পবিত্রকৃত হয়েছে” এটি একটি PERFECT PASSIVE PARTICIPLE যার অর্থ তারা সব সময়ের জন্য এবং অবিরত পবিত্র বরে ঘোষিত আত্মার মাধ্যমে যীশুর কাজের দ্বারা (১ করি ৬:১১)। এই টার্ম (*hagiazō*) “পবিত্র” (*hagios*) এবং “সাধু” (অর্থাৎ, “পবিত্র জন” *hagioi*) শব্দের সাথে সম্পর্কিত। এটি বলে আমরা সেবার জন্য ঈশ্বরের জন্য পৃথককৃত। এখানে এটি উল্লেখ করছে তাঁতে আমাদের অবস্থান যেমন ১ করি ১:৩ পদ করেছে, কিন্তু নূতন নিয়মের অন্যান্য জায়গায় বিশ্বাসীরা “পবিত্রতার” জন্য ক্ষুধার্ত (অর্থাৎ, মথি ৫:৪৮)। এটি একটি ধরে রাখার মত অবস্থান। পৌল এই বিরোধপূর্ণ, অহংকারী মন্ডলীর লোকদের ব্যর্থতা ও পাপের মধ্যও তাদের “সাধু” বলে উৎসাহিত করেছেন!

বিশেষ বিষয়: নূতন নিয়মে পবিত্রতা/শুচিকরণ

(SPECIAL TOPIC: NT HOLINESS/SANCTIFICATION)

নূতন নিয়ম জোর দিয়েছে যে যখন পাপীরা অনুতাপ ও বিশ্বাসে যীশুর দিকে ফেরে (মার্ক ১:১৫; প্রেরিত ৩:১৬, ১৯; ২০:২১), তারা সঙ্গে ধার্মিক গণিত ও শুচিকৃত হয়। এটি হল তাদের খ্রীষ্টে নূতন অবস্থান। তাঁর ধার্মিকতা তাদের প্রতি আরোপিত হয় (আদি ১৫:৬; রোমীয় ৪)। তাদের ধার্মিক ও পবিত্র বলে ঘোষণা করা হয় (ঈশ্বরের forensic কাজ)।

কিন্তু নূতন নিয়ম বিশ্বাসীদের বিনতি করেছে পবিত্রতা বা শুচিকৃত হওয়ার। এটি হল যীশু খ্রীষ্টের সাধিত কর্মের ধর্মতাত্ত্বিক অবস্থান এবং খ্রীষ্ট সাদৃশ্যতার আহ্বান তাদের প্রতিদিনের জীবন আচরণে ও কাজে। যেমন পরিত্রাণ বিনামূল্যে দত্ত এবং জীবন পদ্ধতির সব কিছুর মূল্য দিতে হয়, তেমনি ভাবে, শুচিকরণও।

প্রারম্ভিক সাড়া প্রদান

অগ্রসরমান খ্রীষ্টসাদৃশ্যতা

প্রেরিত ২৬:১৮
রোমীয় ১৫:১৬
১ করিন্থীয় ১:২-৩; ৬:১১
২ থিমথলীয় ২:১৩
ইব্রীয় ২:১১; ১০:১০,১৪; ১৩:১২
২ পিতর ১:২

রোমীয় ৮:১৯
২ করি ৭:১
ইফিসীয় ১:৪; ২:১০
১ থি ৩:১৩; ৪:৩-৪, ৭; ৫:২
১ তীমথিয় ২:১৫
২ তীমথিয় ২:২১
১ পিতর ১:১৫-১৬
ইব্রীয় ১২:১৪

Copyright © 2014 Bible Lessons International

■ “খ্রীষ্ট যীশুতে” ব্যাকরণগত এই রূপ LOCATIVE OF SPHERE হিসাবে অভিহিত। বিশ্বাসীরা পিতার দ্বারা পবিত্রকৃত হয়েছে (অর্থাৎ, উৎস, যোহন ১৭:৭; ১ থি ৫:২৩) যীশুর মাধ্যমে (অর্থাৎ, ভিত্তি, ১ করি ১:২; ইফি ৫:২৬)। দুটি দিকই একসাথে এসেছে ইব্রীয় ২:১১ পদে। এটি সাধারণত পবিত্র আত্মা যার এই ধরণের বৈশিষ্ট্য রয়েছে (অর্থাৎ, মাধ্যম, রোমীয় ১৫:১৬; ২ থি ২:১৩)।

এটি হল পৌলের প্রিয় একটি উপায় বিশ্বাসীদের অভিহিত করার। এর সবচেয়ে ভাল উদাহরণ হল ইফি ১:৩,৪,৭,৯,১০,১২,১৩। দেখুন William Barclay, *The Mind of St. Paul*, pp. 121-132। এর অর্থ যীশুর সাথে জীবন দায়ক, ব্যক্তিগত সম্মিলন (প্রেরিত ১৭:২৮)।

এটা উল্লেখ করা বেশ কৌতূহলজনক যে কিভাবে অনুলিপিকারকেরা মাঝে মাঝে পেয়েছেন

১. “খ্রীষ্ট যীশুতে”- MSS P⁴⁶, B, D, F, G

২. “যীশু খ্রীষ্টেতে”- MSS N, A

এই ধরণের পার্থক্য প্রায়ই ঘটে পাঠ ও অনুলিপি করার প্রক্রিয়াতে। সেগুলিতে অর্থের উপরে কোন প্রভাব পড়ে না, কিন্তু দেখায় যে প্রাচীন অনুলিপিকারকেরা আরও কত সচেতন ছিলেন লেখনীর মূল অর্থে এবং দুরূহ সাহিত্যে।

■ “আহবানের দ্বারা” এটি একটি PRESENT MIDDLE PARTICIPLE। যেহেতু পৌল একজন প্রেরিত বলে আহৃত, সেরকমই, করিন্থীয় খ্রীষ্টিয়ানদের বলা হয়েছে পবিত্রগণ (রোমীয় ১:৭)। লক্ষ্য করুন এই অধ্যায়ে নির্বাচন মতবাদের উপরে অত্যন্ত গুরুত্ব দানের ১ করি ১:৯,২৪,২৬,২৭,২৮ পদে। এই কাঠামো ঈশ্বরের তাদের আহবানের আরম্ভের কাজকে উল্লেখ করে এবং তাদের পরবর্তীতে পরিভ্রাণের জন্য প্রার্থনায় যীশুকে ডাকা, যার ফলাফল হল চলমান প্রার্থনা, আরাধনা, এবং বাধ্যতা। পরিভ্রাণ হল প্রারম্ভিক বিশ্বাস/অনুতাপে সাড়া প্রদান এবং অবিরত বিশ্বাস/অনুতাপে সাড়া প্রদান উভয়ই। বিশেষ বিষয় দেখুন: আহবান ১ করি ১:১ পদে।

■ “সাধুগণ” “সাধুগণ” (*hagioi*) ধর্মতত্ত্বগত ভাবে পুরাতন নিয়মের টার্ম “পবিত্র” (*kadosh*) এর সাথে সম্পর্কিত, যার অর্থ “ঈশ্বরের সেবার জন্য পৃথক করে রাখা” (১ করি ১:২; ২ করি ১:১; রোমীয় ১:১; ফিলি ১:১; কল ১:২)। এটি নূতন নিয়মে একটি PLURAL ব্যতিক্রম একবার মাত্র ফিলিপীয়তে (৪:২১), কিন্তু এ ছাড়াও, এটি ব্যবহৃত হয়েছে যৌথ ভাবে। উদ্ধার পেতে বিশ্বাসের নিয়মের সমাজের একটি অংশ হতে হবে, বিশ্বাসীদের পরিবার, খ্রীষ্টের দেহ।

ঈশ্বরের লোকেরা পবিত্র কারণ যীশুর আরোপিত ধার্মিকতা(রোমীয় ৪; ২ করি ৫:২১; গালাতীয় ৩)। এটি ঈশ্বরের ইচ্ছা যে কারা পবিত্র জীবন যাপন করবে (১ করি ১:৪; ৪:১; ৫:২৭; কল ১:২২; ৩:১২)। বিশ্বাসীদের ঘোষণা করা হয়েছে পবিত্র (অবস্থানগত পবিত্রতা) এবং আহবান জানানো হয়েছে জীবন যাপনের পবিত্রতায় (অগ্রসরমান পবিত্রতা)। ন্যায্যতা ও পবিত্রতা অবশ্যই একত্রে সমর্থিত হতে হবে!

বিশেষ বিষয়: পবিত্রগণ (*hagios*)

{SPECIAL TOPIC: SAINTS (*hagios*)}

এটি হল হিব্রু *kadosh* এর গ্রীক সমতুল্য (noun, BDB 871; verb, BDB 872, KB 1066-1067; দেখুন বিশেষ বিষয়:পবিত্র), যার রয়েছে মূল অর্থ কাউকে, কোন জিনিসকে, বা কোন স্থান যেটি YHWH এর স্বতন্ত্র ব্যবহারের জন্য আলাদা করা। এটি “পবিত্র” এর ইংরাজি ধারণা উল্লেখ করে। ইস্রায়েল ছিল YHWH এর পবিত্র জাতি (১ পিতর ২:৯; যেটি উদ্ধৃত করেছে যাত্রা ১৯:৬)। মানুষ থেকে YHWH আলাদা তাঁর প্রকৃতি দ্বারা (অনন্তকালীন, সৃষ্টি করা হয়নি এমন পবিত্রতা) এবং তাঁর বৈশিষ্ট্যে (নৈতিক সিদ্ধতা)। তিনিই হলেন মানদণ্ড যে মানদণ্ডে অন্য সবকিছু মাপা ও বিচার করা হয়েছে। তিনি মানুষের চিন্তার অতিত, পবিত্রতম, পবিত্র সবকিছু থেকে।

ঈশ্বর মানুষকে সৃষ্টি করেছেন সহভাগিতার জন্য, কিন্তু পতন (আদি ৩) সম্পর্কগত ও নৈতিকতায় বাধার সৃষ্টি করেছে পবিত্র ঈশ্বর ও পাপী মানুষের মধ্যে। ঈশ্বর তাঁর বিবেকবান সৃষ্টিকে পুনরুদ্ধার করাটা বেছে নিয়েছেন; সেজন্য, তিনি তাঁর লোকদের “পবিত্র” হতে আহবান করেছেন (লেবীয় ১১:৪৪; ১৯:২; ২০:৭,২৬; ২১:৮)। বিশ্বাসের দ্বারা YHWH সঙ্গে সম্পর্কে তাঁর লোকেরা পবিত্র হয়েছে তাঁতে তাদের নিয়মগত মর্যাদার দ্বারা, কিন্তু আরও আহবান জানানো হয়েছে পবিত্র জীবনের যাপনের (দেখুন বিশেষ বিষয়: পবিত্রকরণ, মথি ৫:৪৮; ইফি ৪:১,১৭; ৫:২-৩,১৫; ১ পিতর ১:১৫)।

এই পবিত্র জীবন যাপন সম্ভব কারণ বিশ্বাসীরা সম্পূর্ণ ভাবে গৃহিত ও ক্ষমা প্রাপ্ত হয়েছে (১) যীশুর জীবন ও (২) কাজের মাধ্যমে এবং তাদের মনে ও অন্তরে পবিত্র আত্মার উপস্থিতির জন্য। এটি প্রতিষ্ঠা করেছে বিশ্বাসীদের paradoxical অবস্থার:

১. খ্রীষ্টের আরোপিত ধার্মিকতার কারণে পবিত্র হওয়া (অর্থাৎ, রোমীয় ৪)

২. আত্মার উপস্থিতির কারণে পবিত্র জীবনের আহবান জানানো হয়েছে (দেখুন বিশেষ বিষয়: পবিত্রকরণ)

বিশ্বাসীরা “পবিত্র লোক” (*hagioi*) কারণ হল:

১. পবিত্রতমের ইচ্ছা (পিতা, যোহন ৬:২৯,৪০; ১ পিতর ১:১৫-১৬)
২. পবিত্র পুত্রের কাজ (যীশু, ২ করি ৫:২১; ১ পিতর ১:১৮-২১)
৩. অন্তরের বাসকারী পবিত্র আত্মার উপস্থিতি (রোমীয় ৮:৯-১১,২৭)

নূতন নিয়মে সব সময়ই পবিত্র লোকদের বহুবচন (ব্যতিক্রম একবারই ফিলিপীয় ৪:২১ পদে, কিন্তু তা সত্ত্বেও প্রসঙ্গ একে বহুবচন করেছে) হিসাবে উল্লেখ করা হয়েছে। উদ্ধার পাওয়া হল একটি পরিবার, একটি দেহ, একটি দালানের অংশ হওয়া! বাইবেল ভিত্তিক বিশ্বাস শুরু হয় ব্যক্তিগত ভাবে গ্রহণের মাধ্যমে, কিন্তু বিষয়টি হল যৌথ সহভাগিতা। আমরা প্রত্যেকে খ্রীষ্টের দেহ-মন্ডলীর (১ করি ১২:৭) স্বাস্থ্য, বৃদ্ধি এবং কল্যাণের দান (১ করি ১২:১১) পেয়েছি। আমরা সেবা করার জন্য উদ্ধার পেয়েছি! পবিত্রতা হল পরিবারের বৈশিষ্ট্য!

এটি বিশ্বাসীদের জন্য একটি উপাধি হয়েছে (থেরিত ৯:১৩,৩২,৪১; ২৬:১০; রোমীয় ১:৭; ১ করি ১:২; ২ করি ১:১; ইফি ১:১; ফিলি ১:১; কল ১:২) এবং উপায় অন্যদের জন্য নির্ধারিত সেবার (রোমীয় ১২:১৩; ১৬:২; ইফি ১:১৫; কল ১:৪; ১ তীম ৫:১০; ইব্রীয় ৬:১০)। পৌল একবারই মাত্র দান গ্রহণ করেছিলেন পরজাতিদের কাছ থেকে যিরুশালেম মন্ডলীর দরিদ্রদের জন্য (রোমীয় ১৫:২৫-২৬; ১ করি ১৬:১; ২ করি ৮:৪; ৯:১)।

Copyright © 2014 [Bible Lessons International](#)

■ “সকলের কাছে যারা সব জায়গায়” পৌল এই শব্দগুচ্ছ ব্যবহার করে করিন্থীয় বিশ্বাসীদের মনে করিয়ে দিচ্ছেন যে তারা বৃহত্তর মন্ডলীর পরিবারের অংশ। তাদের অধিকার নাই অদ্বিতীয় বা বিশেষ আচরণ লাভের। তাদের অবশ্যই খ্রীষ্টের সম্পূর্ণ দেহের অনুশীলন ও মতবাদ মেনে চলতে হবে (১ করি ৪:১৭; ৭:১৭; ১১:১৬; ১৪:৩৩)।

■ “আমাদের প্রভুর নামে ডেকে” এটি উল্লেখ করে খ্রীষ্টিয়ান হওয়া (থেরিত ২:২১; ২২:১৬; রোমীয় ১০:৯-১৩), কিন্তু এছাড়াও অবিরত আরাধনার (অর্থাৎ, পুরাতন নিয়ম নামটি ব্যবহার করেছে, আদি ৪:২৬; ১২:৮; ২৬:২৫)। এখানে এটি হল PRESENT MIDDLE PARTICIPLE, যেটি বর্ণনা করে খ্রীষ্টের সাথে প্রতিটি মুহূর্তে বিশ্বাসের সম্পর্ক (অর্থাৎ, পৌলের কাছে ধর্মতত্ত্বগত ভাবে একই ধরণের “খ্রীষ্টেতে”) এবং ব্যক্তিগত ইচ্ছার উপরে গুরুত্বারোপ। ১ করি ১:১০ পদে বিশেষ বিষয় দেখুন।

■ “তাদের এবং আমাদের প্রভু” এটি আর একটি শব্দগুচ্ছ যা ইঙ্গিত দেয় সকল বিশ্বাসীদের এবং মন্ডলীর একতা। সকল খ্রীষ্টে বিশ্বাসী মন্ডলীর প্রভু হলেন যীশু, যার মধ্যে করিন্থ ও অর্ন্তভুক্ত। এই শব্দগুচ্ছে পৌল নিজেকে ও সোস্থিনিকে করিন্থের বিশ্বাসীদের সঙ্গে চিহ্নিত করেছেন। তাদের অবশ্যই স্মরণ করা দরকার যে (১) অনেক মন্ডলীর মধ্যে তারাও একটি এবং (২) পৌল তাদেরই একজন এবং তাদেরই জন্য!

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ১:৩

° আমাদের পিতা ঈশ্বর আর প্রভু যীশু খ্রীষ্ট তোমাদের অনুগ্রহ ও শান্তি দান করুন। (অনুবাদকৃত টেক্সট)।

১:৩ “অনুগ্রহ” পৌল সাধারণ গ্রীক পত্রের আরম্ভের টার্ম “শুভেচ্ছা,” *charein*, পরিবর্তন করেছেন একটি অদ্বিতীয় খ্রীষ্টিয় শব্দে যেটি শুনতে একই রকমের, *charis* (রোমীয় ১:৭; ২ করি ১:২; গালা ১:৩; ইফি ১:২; ফিলি ১:২; ২ থিম ১:২; ফিলিমন ১:৩)।

■ “শান্তি” এটি সম্ভব যে যখন অনুগ্রহ প্রতিফলিত করে প্রতিনিধিত্বমূলক গ্রীক শুভেচ্ছা তখন “শান্তি” প্রতিফলিত করে প্রতিনিধিত্বমূলক ইব্রীয় শুভেচ্ছা, *shalom*। টার্ম *shalom* অর্থ ইব্রীয় শুভেচ্ছা ও বিদায় উভয়ই। এটি কেবল মাত্র সমস্যার অনুপস্থিতির ইঙ্গিত দেয় না, কিন্তু সাধুতা ও কল্যাণের উপস্থিতিও। এটি কেবল মাত্র সম্ভব যে পৌলের প্রচলিত শুভেচ্ছা এসেছে গণনা ৬:২৫-২৬ পদ থেকে, যেখানে অনুগ্রহ ও শান্তি উভয়ই দৃশ্যমান। ধর্মতত্ত্বগত ভাবে শান্তি সবসময়ই অনুগ্রহের আগেই ঘটে, কিন্তু উভয়ই লাভ হয় কেবল মাত্র খ্রীষ্টের সাথে বিশ্বাসের সম্পর্কে (অর্থাৎ, উভয়ই যৌথভাবে এবং আলাদাভাবে)।

বিশেষ বিষয়: শান্তি (*shalom*) [পুরাতন নিয়ম]

(SPECIAL TOPIC: PEACE (*shalom*) [OT])

ইব্রীয় টার্ম *shalom* (BDB 1022, KB 1532) খুবই প্রচলিত Semitic সমজাতীয় ক্ষেত্রে।

ক. Akkadian

১. অক্ষত থাকা
২. ভাল থাকা
৩. ভাল অবস্থায় থাকা

খ. Ugaritic (Canaanite)

১. অক্ষত থাকা
২. স্বাস্থ্যবান

গ. আরবীয়

১. স্বাস্থ্যবান হওয়া
২. একটি সুখী অবস্থায় থাকা

ঘ. আরামিক

১. সম্পূর্ণ হওয়া
২. শেষ/সম্পূর্ণ হয়ে যাওয়া
৩. সব কিছু শেষে শান্তি
৪. অক্ষত থাকা

ঙ. ইব্রীয় অন্তর্নিহিত তাৎপর্য

১. সম্পূর্ণতা
২. সুস্থতা
৩. কল্যাণ
৪. শান্তি

আজকে *shalom* টার্মটি একটি ইব্রীয় শুভেচ্ছা ও বিদায় মন্তব্য। এটি এখনও বোবায় মন্দের অনুপস্থিতি ও ভালরও উপস্থিতি (অর্থাৎ, জীবনের সম্ভ্রুতি)। এটি বোবায় নিরাপত্তার এবং সম্ভ্রুতির একটি মানসিক অবস্থা। লক্ষ্য করুন কিভাবে পুরাতন নিয়মের একটি “শান্তির চুক্তি” এর কথা বলে (গণনা ২৫:১২; যিহি ৩৪:২৫; ৩৭:২৬; এছাড়া লক্ষ্য করুন আদি ২৬:২৯,৩১; যিহো ৯:১৫)। অবশ্যই এর অনুসরণ করতে হবে (গীতা ৩৪:১৪; রোমীয় ১৪:১৯)। AB, vol. 5, p. 206, “শান্তি,” “সত্য,” এবং “ন্যায় বিচার” হল সমান্তরাল ইব্রীয় ধারণা (সখরিয় ৮:১৬-১৯)। গর্ডউই, কে বলা হয় “শান্তির প্রভু” (বিচার ৬:২৪; রোমীয় ১৬:২০; ২ করি ১৩:১১; ফিলি ৪:৯; ১ থি ৫:২৩)। YHWH কে বলা হয় “শান্তির প্রভু” (বিচার ৬:২৪; রোমীয় ১৬:২০; ২ করি ১৩:১১; ফিলি ৪:৯; ১ থি ৫:২৩)। মশীহকে বলা হবে “শান্তি রাজ” (যিশা ৯:৫)। একটি নতুন দিন যখন শান্তি, সত্য, এবং ন্যায় বিচার বাস্তব হবে মানুষের অভিজ্ঞতায় (যিশা ৬০:১৭; ৬:২৩,২২)। আদি ১:৩১ পদের “উত্তম” হল আবার একটি সম্ভাবনা, হ্যাঁ, একটি প্রতিজ্ঞা (অর্থাৎ, “একটি নতুন আকাশ ও নতুন পৃথিবী”)।

Copyright © 2014 Bible Lessons International

■ “আমাদের পিতা ঈশ্বর এবং প্রভু যীশু খ্রীষ্ট থেকে” “অনুগ্রহ” এবং “শান্তি” উভয়ই আসে পিতা এবং পুত্রের কাছ থেকে। পিতা এবং যীশু এক একক হিসাবে ব্যাকরণগত ভাবে সংযুক্ত (অর্থাৎ, একটি PREPOSITION, কিন্তু দুটি OBJECTS)। এটি ছিল নতুন নিয়মের লেখকদের প্রচলিত উপায় যীশুর ঈশ্বরিকতা ঘোষণা করার (১ থি ১:১; ৩:১১; ২ থি ১:২,১২; ২:১৬)। যীশুর উপরে পুরাতন নিয়মে ঈশ্বরের জন্য ব্যবহৃত উপাধি ব্যবহার ছিল এই সত্য প্রকাশের আর একটি উপায় (অর্থাৎ, প্রভু); এছাড়াও পুরাতন নিয়মের ঘটনা “আমাদের প্রভুর দিন,” এখন যীশুর উপরে অরোপিত হয়েছে (“আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দিন,” ১ করি ১:৮)।

“প্রভু যীশু খ্রীষ্ট” উপাধির জন্য ১ করি ১:১ পদে নোট দেখুন।

বিশেষ বিষয়: ঈশ্বরের পিতৃত্ব

(SPECIAL TOPIC: THE FATHERHOOD OF GOD)

I. পুরাতন নিয়ম

ক. একটি ধারণা আছে যে সৃষ্টিকর্তা হিসাবে ঈশ্বর হলেন পিতা।

১. আদি ১:২৬-২৭
২. মালাখী ২:১০
৩. প্রেরিত ১৭:২৮

খ. পিতা রূপকের মত বেশ কয়েকটি অর্থে ব্যবহৃত হয়েছে।

১. ইস্রায়েলীয়দের পিতা (মনোনয়নের দ্বারা)

ক. “পুত্র” যাত্রা ৪:২২; দ্বি বি ১৪:১; ৩৯:৫; যিশা ১:২; ৬৩:১৬; ৬৪:৮; যির ৩:১৯; ৩১:৯,২০; হোশেয় ১:১০; ১১:১; মালাখী ১:৬

খ. “প্রথমজাত” – যির ৩১:৯

২. ইস্রায়েলের রাজার পিতা (Messianic)

ক. ২ শমূ ৭:১১-১৬

খ. গীতা ২:৭; প্রেরিত ১৩:৩৩; ইব্রীয় ১:৫; ৫:৫

- গ. হোশেয় ১১:১; মথি ২:১৫
৩. প্রেমময় পিতামাতার উপমা হিসাবে
- ক. একজন পিতা (রূপক)
- (১) তার পুত্রের যত্ন নেন – দ্বি বি ১:৩১
 - (২) শাসন করেন-দ্বি বি ৮:৫; হিতো ৩:১২
 - (৩) যোগান দাতা(অর্থাৎ যাত্রা)- দ্বি বি ৩২:৬
 - (৪) কখনো ত্যাগ করবেন না-গীত ২৭:১০
 - (৫) ভালবাসেন-গীত ১০৩:১৩
 - (৬) বন্ধু/পথ প্রদর্শক-যির ৩:৪
 - (৭) আরোগ্যকারী/ক্ষমাদানকারী-যির ৩:২২
 - (৮) দয়া দাতা-যির ৩১:২০
 - (৯) প্রশিক্ষক-হোশেয় ১১:১-৪
 - (১০) বিশেষ পুত্র-মালাখী ৩:১৭
- খ. মাতা (রূপক)
- (১) কখনো ত্যাগ করবেন না-গীত ২৭:১০
 - (২) সেবাকারী মায়ের ভালবাসা-যিশা ৪৯:১৫; ৬৬:৯-১৩ এবং হোশেয় ১১:৪(প্রস্তাবিত পাঠগত সংশোধন “যোয়ালী” থেকে “নবজাত শিশু”-র সাথে)

II. নূতন নিয়ম

- ক. দ্বিত্ব (সেই সব লেখনী যেখানে তিনটিই উল্লেখিত হয়েছে)
১. সুসমাচার
 - ক. মথি ৩:১৬-১৭; ২৮:১৯
 - খ. যোহন ১৪:২৬
 ২. পৌল
 - ক. রোমীয় ১:৪-৫; ৫:১,৫; ৮:১-৪,৮-১০
 - খ. ১ করি ২:৮-১০; ১২:৪-৬
 - গ. ২ করি ১:২১; ১৩:১৪
 - ঘ. গালা ৪:৪-৬
 - ঙ. ইফি ১:৩-১৪,১৭; ২:১৮; ৩:১৪-১৭; ৪:৪
 - চ. ১ থিষ ১:২-৫
 - ছ. ২ থিষ ২:১৩
 - জ. তীত ৩:৪-৬
 ৩. পিতর-১ পিতর ১:২
 ৪. যিহুদা-২০-২১ পদ
- খ. যীশু
১. “কেবলমাত্র একজাত” হিসাবে যীশু- যোহন ১:১৮; ৩:১৬,১৮; ১ যোহন ৪:৯
 ২. “ঈশ্বর পুত্র” হিসাবে যীশু - মথি ৪:৩; ১৪:৩৩; ১৬:১৬; লুক ১:৩২,৩৫; যোহন ১:৩৪, ৪৯; ৬:৬৯; ১১:২৭
 ৩. প্রিয়তম পুত্র হিসাবে যীশু-মথি ৩:১৭; ১৭:৫
 ৪. যীশু ঈশ্বরের জন্য ‘abba’ শব্দ ব্যবহার করেছেন-মার্ক ১৪:৩৬
 ৫. যীশু PRONOUNS ব্যবহার করে ঈশ্বরের সঙ্গে তাঁর এবং আমাদের সম্পর্কে দেখিয়েছেন
 - ক. “আমার পিতা,” অর্থাৎ যোহন ৫:১৮; ১০:৩০,৩৩; ১৯:৭; ২০:১৭
 - খ. “তোমাদের পিতা,” অর্থাৎ মথি ৫:১৬,৪৫,৪৮; ৬:১,৪,৬,৮,৯,১৪,১৫,১৮,২৬,৩২; ৭:১১; ১০:২০,২৯; ১৮:১৪
 - গ. “আমাদের পিতা,” অর্থাৎ মথি ৬:৯,১৪,২৬
- গ. পারিবারিক অনেক রূপকের মধ্যে একটিতে বর্ণনা করা হয়েছে ঈশ্বর ও মানব জাতির মধ্যকার সম্পর্ক:
১. পিতা হিসাবে ঈশ্বর
 ২. বিশ্বাসীরা হলেন
 - ক. ঈশ্বরের পুত্রগণ
 - খ. সন্তান
 - গ. ঈশ্বর থেকে জাত
 - ঘ. নূতন জন্মপ্রাপ্ত
 - ঙ. দত্তক হিসাবে গৃহিত
 - চ. অগ্রে আনিত
 - ছ. ঈশ্বরের পরিবার

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ১:৪-৯

^৪ আমি সব সময় তোমাদের জন্য আমার ঈশ্বরকে ধন্যবাদ দিয়ে থাকি কারণ খ্রীষ্ট যীশুতে ঈশ্বরের অনুগ্রহ তোমাদের দেওয়া হয়েছে, ^৫ সেই দয়া এই যে, তোমরা তাতেই সব দিক থেকে, সব কিছু বলবার ক্ষমতায় ও জ্ঞানে বেড়ে উঠেছ, ^৬ কারণ খ্রীষ্টের সম্বন্ধে সাক্ষ্য তোমাদের অন্তরে গাঁথা হয়ে আছে। ^৭ সেইজন্য কোন দানের অভাব তোমাদের হচ্ছে না, তোমরা আমাদের প্রভু যীশু খ্রীষ্টের প্রকাশিত হবার জন্য আশ্রয়ের সংগে অপেক্ষা করে আছ, ^৮ তিনি তোমাদের শেষ পর্যন্ত স্থির রাখবেন, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দিনে নির্দোষ রাখবেন। ^৯ ঈশ্বর বিশ্বাসযোগ্য, তিনিই তোমাদের ডেকেছেন যেন তাঁর পুত্র আমাদের প্রভু যীশু খ্রীষ্ট ও তোমাদের মধ্যে সহভাগিতা থাকে। (অনুবাদকৃত টেক্সট)।

১:৪ “তোমাদের বিষয়ে আমি সব সময় আমার ঈশ্বরকে ধন্যবাদ দেই” এটি একটি PRESENT ACTIVE INDICATIVE, যেটি প্রকাশ করে চলমান কাজকে। ৪-৯ পদ হল সেই সব জিনিসের প্রসারণ যাতে পৌল ঈশ্বরকে ধন্যবাদ দিচ্ছেন এই সমস্যাগ্রস্থ মণ্ডলীর জীবনের জন্য। প্রথম শতকের পত্রের ভূমিকার ধন্যবাদজ্ঞাপন ছিল সংস্কৃতিগত ভাবে প্রত্যাশিত উপাদান। ২ করিন্থীয় পত্রের ভূমিকায় কোন ধন্যবাদ জ্ঞাপন নেই (গোলাতীয় পত্রও নয়)।

দুটি প্রাচীন uncial পাণ্ডুলিপি রয়েছে (অর্থাৎ, ^৪ এবং B) যেটি বাদ দিয়েছে PRONOUN “আমার।” যাহোক, গ্রীক পাণ্ডুলিপি P⁶¹, ^৪, A, C, D, F, G, সেই সাথে Vulgate, Syriac, Coptic, এবং Armenian অনুবাদ এটি অর্ন্তভুক্ত করেছে। UBS⁴ গ্রীক টেক্সট এর অর্ন্তভুক্তিকে দিয়েছে A রেটিং (অর্থাৎ, নিশ্চিত)।

বিশেষ বিষয়: ধন্যবাদ জ্ঞাপন (SPECIAL TOPIC: THANKSGIVING)

I. ভূমিকা

ক. এটি হল ঈশ্বরের প্রতি বিশ্বাসীদের সঠিক মনোভাব:

১. এটি হল খ্রীষ্টের মধ্য দিয়ে ঈশ্বরের প্রতি আমাদের প্রশংসার উৎস
ক. ২ করিন্থীয় ২:১৪
খ. ২ করিন্থীয় ৯:১৫
গ. কলসীয় ৩:১৭
২. এটি হল পরিচর্যার জন্য উপযুক্ত প্রেরণা, ১ করি ১:৪
৩. এটি হল স্বর্গের চলমান মূল বিষয়:
ক. প্রকাশিত বাক্য ৪:৯
খ. প্রকাশিত বাক্য ৭:১২
গ. প্রকাশিত বাক্য ১১:১৭
৪. এটি হল বিশ্বাসীদের চলমান মূল বিষয়
ক. কলসীয় ২:৭
খ. কলসীয় ৩:১৭
গ. কলসীয় ৪:২

II. বাইবেলের বিষয়বস্তু

ক. পুরাতন নিয়ম

১. দুইটি মূল শব্দ
ক. *yadah* (BDB 392, KB 398), যার অর্থ প্রশংসা
খ. *todah* (BDB 392, KB 1695), যার অর্থ ধন্যবাদজ্ঞাপন। এটি সাধারণত ব্যবহৃত হয়ে থাকে বলিদানের উৎসর্গ হিসাবে (২ বংশ ২৯:৩১; ৩৩:১৬)
২. দায়ূদ বিশেষ লেবীয়দের নিযুক্ত করেছিলেন ঈশ্বরকে প্রশংসা এবং ধন্যবাদ দেওয়ার জন্য। শলোমন, হিষ্কিয়, নহমিয় এটি অব্যাহত রেখেছিলেন।
ক. ১ বংশাবলী ১৬:৪, ৭, ৪১
খ. ১ বংশাবলী ২৩:৩০
গ. ১ বংশাবলী ২৫:৩
ঘ. ২ বংশাবলী ৫:১৩
ঙ. ২ বংশাবলী ৭:৬
চ. ২ বংশাবলী ৩১:২

- ছ. নহিমিয় ১১:১২
 জ. নহিমিয় ১২:২৪, ২৭, ৩১, ৩৮, ৪৬
৩. Psalter হল ইস্রায়েলীয়দের প্রশংসা ও ধন্যবাদজ্ঞাপনের সংকলন।
- ক. YHWH প্রতি ধন্যবাদজ্ঞাপন চুক্তির প্রতি তাঁর বিশ্বস্ততার জন্য
 (১) গীত ১০৭:৮
 (২) গীত ১০৩:১ থেকে কয়েকটি পদ
 (৩) গীত ১৩৮:২
- খ. ধন্যবাদজ্ঞাপন ছিল মন্দিরের শোভাযাত্রার অংশ
 (১) গীত ৯৫:২
 (২) গীত ১০০:৪
- গ. উৎসর্গ সহকারে ধন্যবাদজ্ঞাপন
 (১) গীত ২৬:৭
 (২) গীত ১২২:৪
- ঘ. YHWH এর কাজের জন্য ধন্যবাদ দেওয়া
 (১) শত্রুদের থেকে মুক্তি
 (ক) গীত ৭:১৭
 (খ) গীত ১৮:৪৯
 (গ) গীত ২৮:৭
 (ঘ) গীত ৩৫:১৮
 (ঙ) গীত ৪৪:৮
 (চ) গীত ৫৪:৬
 (ছ) গীত ৭৯:১৩
 (জ) গীত ১১৮:১, ২১, ২৯
 (ঝ) গীত ১৩৮:১
 (২) জেল থেকে মুক্তি (রূপক), গীত ১৪২:৭
 (৩) মৃত্যু থেকে মুক্তি
 (ক) গীত ৩০:৪, ১২
 (খ) গীত ৮৬:১২-১৩
 (গ) যিশাইয় ৩৮:১৮-১৯
 (৪) তিনি দুষ্টদের অবণত এবং ধার্মিকদের উচ্চ করেন
 (ক) গীত ৫২:৯
 (খ) গীত ৭৫:১
 (গ) গীত ৯২:১
 (ঘ) গীত ১৪০:১৩
 (৫) তিনি ক্ষমা করেন
 (ক) গীত ৩০:৪
 (খ) যিশাইয় ১২:১
 (৬) তিনি তাঁর লোকদের যোগান দেন
 (ক) গীত ১০৬:১ থেকে কয়েকটি পদ
 (খ) গীত ১১১:১
 (গ) গীত ১৩৬:১, ২৬
 (ঘ) গীত ১৪৫:১০
 (ঙ) যিরিমিয় ৩৩:১১
- খ. নতুন নিয়ম
১. প্রধান যে শব্দ ব্যবহৃত হয়েছে ধন্যবাদ এবং ধন্যবাদজ্ঞাপনের জন্য (কিছু উল্লেখ)
 ক. *eucharisteō* (১ করি ১:৪, ১৪; ১০:৩০; ১১:২৪; ১৪:১৭, ১৮; কলসীয় ১:৩, ১২; ৩:১৭)
 খ. *eucharistos* (কলসীয় ৩:১৫)
 গ. *eucharistia* (১ করি ১৪:১৬; ২ করি ৪:১৫; ৯:১১, ১২; কলসীয় ২:৭; ৪:২)
 ঘ. *charis* (১ করি ১৫:৫৭; ২ করি ২:১৪; ৮:১৬; ৯:১৫; ১ পিতর ২:১৯)
২. যীশুর উদাহরণ
 ক. তিনি খাদ্যের জন্য কৃতজ্ঞ ছিলেন:
 (১) লূক ২২:১৭, ১৯ (১ করি ১১:২৪)

- (২) যোহন ৬:১১,২৩
- খ. তিনি প্রার্থনার উত্তর পাবার জন্য কৃতজ্ঞ ছিলেন, যোহন ১১:৪১
৩. ধন্যবাদজ্ঞাপনের অন্যান্য উদাহরণ
- ক. ঈশ্বরের খ্রীষ্টকে উপহারের জন্য, ২ করি ৯:১৫
- খ. খাবারের জন্য
- (১) প্রেরিত ২৭:৩৫
- (২) রোমীয় ১৪:৬
- (৩) ১ করিঙ্কীয় ১০:৩০; ১১:২৪
- (৪) ১ তীমথিয় ৪:৩-৪
- গ. আরোগ্যের জন্য, লুক ১৭:১৬
- ঘ. শান্তির জন্য, প্রেরিত ২৪:২-৪
- ঙ. বিপদ থেকে মুক্তির জন্য
- (১) প্রেরিত ২৭:৩৫
- (২) প্রেরিত ২৮:১৫
- চ. সকল পরিস্থিতির জন্য, ফিলিপীয় ৪:৬
- ছ. সকল মানুষের জন্য, বিশেষ করে নেতাদের, ১ তীমথিয় ২:১-২
৪. ধন্যবাদের অন্য দিকসমূহ
- ক. এটি বিশ্বাসীদের জন্য ঈশ্বরের ইচ্ছা, ১ থিমলনীকীয় ৫:১৮
- খ. এটি আত্মায়পূর্ণ জীবনের একটি উদাহরণ, ইফিষীয় ৫:২০
- গ. একে অবহেলা করা হল পাপ
- (১) লুক ১৭:১৬-১৭
- (২) রোমীয় ১:২১
- ঘ. এটা হল পাপের জন্য প্রতিষেধক, ইফিষীয় ৫:৪
৫. পৌলের কৃতজ্ঞতা
- ক. মন্ডলীর উপর তার আর্শীবাদ
- (১) সুসমাচার ঘোষণা করার জন্য
- (ক) রোমীয় ১:৮
- (খ) কলসীয় ১:৩-৪
- (গ) ইফিষীয় ১:১৫-১৬
- (ঘ) ১ থিমলনীকীয় ১:২
- (২) অনুগ্রহ দানের জন্য
- (ক) ১ করিঙ্কীয় ১:৪
- (খ) ২ করিঙ্কীয় ১:১১; ৪:১৫
- (৩) সুসমাচার গ্রহণের জন্য, ১ থিমলনীকীয় ২:১৩
- (৪) সুসমাচার ছড়িয়ে দেবার সহভাগিতায়, ফিলিপীয় ১:৩-৫
- (৫) অনুগ্রহে বৃদ্ধি পাওয়ার জন্য, ২ থিমলনীকীয় ১:৩
- (৬) নির্বাচনের জ্ঞানের জন্য, ২ থিমলনীকীয় ২:১৩
- (৭) আত্মিক আর্শীবাদের জন্য, কলসীয় ১:১২; ৩:১৫
- (৮) দানের উদারতার জন্য, ২ করিঙ্কীয় ৯:১১-১২
- (৯) নতুন বিশ্বাসীদের জন্য আনন্দ, ১ থিমলনীকীয় ৩:৯
- খ. তার ব্যক্তিগত ধন্যবাদজ্ঞাপন
- (১) একজন বিশ্বাসী হবার জন্য, কলসীয় ১:১২
- (২) পাপের বন্দি হতে মুক্ত হবার জন্য, রোমীয় ৭:২৫; ২ করি ২:১৪
- (৩) অন্য বিশ্বাসীদের আত্মত্যাগের পরিশ্রমের জন্য, রোমীয় ১৬:৪; ২ করি ৮:১৬
- (৪) কিছু ঘটনা না ঘটায়, ১ করিঙ্কীয় ১:১৪
- (৫) ব্যক্তিগত আত্মিকদানের জন্য, ১ করিঙ্কীয় ১৪:১৮
- (৬) বন্ধুদের আত্মিক বৃদ্ধির জন্য, ফিলিমন ৪-৫
- (৭) পরিচর্যার জন্য শারীরিক সবলতার জন্য, ১ তীমথিয় ১:১২

III. উপসংহার

- ক. ধন্যবাদজ্ঞাপন হল আমাদের ঈশ্বরের প্রতি কেন্দ্রীয় সাড়াদান যখন আমরা রক্ষা পাবো। এই বিষয়টি শুধুমাত্র মৌখিক সম্মতিতে নয়, কিন্তু জীবন পদ্ধতির মাধ্যমে কৃতজ্ঞতাজ্ঞাপন।

- খ. সকল বিষয়ে ধন্যবাদজ্ঞাপন হল ঈশ্বরের তত্ত্বাবধানে একটি পরিপক্ব জীবনের লক্ষ্য (১ থিঃ ৫:১৩-১৮)।
 গ. ধন্যবাদজ্ঞাপন হল পুরাতন ও নতুন নিয়মে একটি বার বার বলা বিষয়। এটি কি আপনারও একটি মূল বিষয়?

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “ঈশ্বরের অনুগ্রহের জন্য যা খ্রীষ্ট যীশুতে তোমাদের দেওয়া হয়েছে” পৌল জোর দিয়েছেন যে যীশু খ্রীষ্টের কৃত কাজের দ্বারা ঈশ্বরের অনুগ্রহে তাদের স্থির থাকা ও দানসমূহ এবং তাদের ব্যক্তিগত যোগ্যতার গুণে নয় (অর্থাৎ, AORIST PASSIVE PARTICIPLE, ইফি ২:৮-৯)। এই লক্ষ্য দরকার ছিল তাদের আত্মিক গর্বের বিবেচনার মধ্যে

১. তাদের মেধাগত নেতৃত্ব
২. তাদের ব্যক্তিগত আত্মিক দানসমূহ
৩. তাদের মেধাগত প্রেক্ষাপট (অর্থাৎ, গ্রীক সংস্কৃতি)
৪. তাদের সামাজিক অবস্থান (অর্থাৎ, রোমীয় সংস্কৃতি)

১:৫ “সব কিছুতেই তোমরা তাঁতেই বৃদ্ধি লাভ করেছে” এই AORIST PASSIVE INDICATIVE ১ করি ১:৪ পদের ধর্মতাত্ত্বিক জোর দানের সাথে খাপ খায় (অর্থাৎ, ঈশ্বরের অনুগ্রহ খ্রীষ্টে দত্ত হয়েছে)। ১ করি ১:৪-৯ পদের সকল PASSIVE VERBS এর মধ্যে পরোক্ষ প্রতিনিধি হল ঈশ্বর। ত্রিত্ব ঈশ্বর বিশ্বাসীদের যা কিছু প্রয়োজন তা যুগিয়ে থাকেন (অর্থাৎ, সকল আত্মিক দানসমূহ, ১ করি ১:৭)। দেখুন বিশেষ বিষয়: ১ করি ২:১০ পদে ত্রিত্ব।

লক্ষ্য করুন পৌল এই পদে তিনটি *pas* ব্যবহার করেছেন (অর্থাৎ, “সকল” বা “সবকিছু”)। ঈশ্বর হলেন সম্পূর্ণ যোগানদাতা। তাঁর চাতুর্য, মেধা, বা মানবিক সত্ত্বার সামাজিক মর্যাদার প্রয়োজন নেই।

NASB “সব কিছু বলবার ও সকল জ্ঞানে”

NKJV “সব কথা বলার ও সকল জ্ঞানে”

NRSV “সব ধরণের কথা বলার ও সকল জ্ঞানে”

TEV “সব বিষয় যার মধ্যে রয়েছে সব কথা বলার ও সকল জ্ঞান”

NJB “সব ধরণের কথা বলার ও জ্ঞানে”

Phillips অনুবাদে আছে “তোমার ওষ্ঠাধর থেকে বের হওয়া কথায় রয়েছে তোমার হৃদয়ের উপলব্ধি।” এতে রয়েছে গ্রীক-সংযুক্ত (অর্থাৎ, পরবর্তীতে জ্ঞানবাদ) আত্মিক অহংকারের দুটি দিক যেটি করিন্থীয় খ্রীষ্টিয়ানদের মধ্যে প্রসার লাভ করেছিল (১ করি ১৩:১-৩)। তাদের তাদের দান ও কাজ নিয়ে খ্রীষ্টের পরিবর্তে নিজেরা গৌরব বোধ করতো। এই দানগুলি ঈশ্বরই তাদের দিয়েছেন। এখানে মানুষের গর্ব করার মত কোন জায়গা ছিল/আছে (ইফি ২:৯)। দেখুন বিশেষ বিষয়: গর্ব করা, পৃ..১১০ ; (SPECIAL TOPIC: BOASTING, See page 110) ১ করি ৫:৬ পদে।

পৌল যে জ্ঞানের কথা পরোক্ষ ভাবে উল্লেখ করেছেন এটি কোন তত্ত্বগত জ্ঞান নয়, এমনকি শিক্ষাগত জ্ঞানও নয়, কিন্তু খ্রীষ্টিয় সত্য এবং কিভাবে তা জীবনে প্রয়োগ করা যায় (১ করি ১:৮-১০; রোমীয় ১৪:১-১৫:১৩)। মানবিক জ্ঞান গঠন করে, কিন্তু ঈশ্বরীয় জ্ঞান সংশোধন করে এবং শান্তি এবং ঐক্য খ্রীষ্টিয় সহভাগিতার দিকে পরিচালিত করে। ওহ আজকের মণ্ডলীতে ঈশ্বরীয় জ্ঞানের দান কত না প্রয়োজনীয়!

১:৬ “কারণ খ্রীষ্টের সম্বন্ধে সাক্ষ্য” সুসমাচারের ত্রৈতিক প্রচার, আত্মার দ্বারা পরিচালিত ও শক্তিশালী, যা এই বিশ্বাসীদের আত্মিক দানসমূহে সমৃদ্ধ করে। ঈশ্বরের সব আশীর্বাদ ও দানের মত, এটিও খ্রীষ্টের মাধ্যমে প্রবাহিত হয় এই আকাংখিত, সাড়াদানে আত্মীয় মানুষের হৃদয়ে।

NASB, NKJV “তোমাদের অন্তরে গাঁথা হয়ে আছে”

NRSV “তোমাদের মধ্যে দৃঢ় গাঁথা হয়ে আছে”

TEV “তোমাদের অন্তরে দৃঢ়ভাবে গাঁথা হয়ে আছে”

NJB “তোমাদের অন্তরে মূল গেঁথেছে”

এটি হল গ্রীক টার্ম *bebaios*, যার তিনটি অন্তর্নিহিত অর্থ রয়েছে।

১. যেটি নিশ্চয়, নিশ্চিত বা কারো উপর নির্ভরযোগ্যতা (রোমীয় ৪:১৬; ২ করি ১:৭; ইব্রীয় ২:২০; ৩:৬, ১৪; ৬:১৬; ২ পিতর ১:১০, ১৯)।
২. একটি প্রক্রিয়া যার দ্বারা কোন কিছুর উপরে নির্ভরযোগ্যতা দেখান হয় বা প্রতিষ্ঠিত হয় (রোমীয় ১৫:৮; ইব্রীয় ২:২, Louw and Nida, *Greek-English Lexicon of the New Testament*, Vol. 1, pp. ৩৪০, ৩৭৭, ৬৭০)।
৩. প্রথম শতকের মিসরে পাওয়া প্যাপিরাসের পাতায় কৈনীতে এটি ছিল বৈধ নিশ্চয়তা বা নিশ্চয়তাদের একটি কৌশলগত টার্ম (Moulton and Milligan, *The Vocabulary of the Greek New Testament*, pp. 107-8)।

এখানে এটি উল্লেখ করছে তাদের মধ্যে ঈশ্বরের শক্তি সুস্পষ্ট দৃশ্যমান (অর্থাৎ, আত্মিক দানসমূহ)। এটি আত্মার অন্যান্য প্রকাশও উল্লেখ করতে পারে, কারণ এটি আর একটি AORIST PASSIVE INDICATIVE ১ করি ১:৫ পদের সামন্তরাল (এবং এছাড়াও ১ করি ১:৪ পদের মধ্যে AORIST PASSIVE PARTICIPLE), এটি আরও উল্লেখ করতে পারে তাদের ধর্মাস্তরে পবিত্র আত্মার মাধ্যমে ঈশ্বরের কাজ।

১:৭

NASB, NJB	“সেইজন্য কোন দানের অভাব তোমাদের হচ্ছে না”
NKJV	“সেইজন্য তোমাদের কোন দানের অভাব হচ্ছে না”
NRSV	“সেইজন্য তোমাদের কোন আত্মিক দানের অভাব হচ্ছে না”
TEV	“যেন তোমরা কোন আশীর্বাদ গ্রহণে ব্যর্থ না হও”

টার্ম “দান” হল *charisma*। শব্দটি “অনুগ্রহ” *charis*, টার্মের সাথে সম্পর্কিত, যেটি জোর দেয় যে আত্মিক দানসমূহ ঈশ্বর দান করেন সকলের মঙ্গলের জন্য (১ করি ১২:৭,১১)। সেগুলির অর্থ খ্রীষ্টকে গৌরাবান্বিত করা, আত্মাকে বা কোন একজন খ্রীষ্টিয়ানকে নয় (১২-১৪ অধ্যায়)। প্রয়োজনীয় সবগুলি দান করিছীয় মঞ্জুলীতে ছিল যেমন প্রতিটি মঞ্জুলীতে থাকে (১ করি ১:৫)। ঈশ্বর তাঁর লোকদের জন্য প্রচুর রূপে দিয়ে থাকেন (অর্থাৎ, দৃঢ় DOUBLE NEGATIVE “অভাব” এর সাথে সম্পর্কিত) পবিত্র আত্মার পরিচর্যার মাধ্যমে খ্রীষ্টের দুটি আগমনের মধ্যবর্তী সময়কালে।

■ “আগ্রহের সাথে অপেক্ষা করে আছ” এই গ্রীক টার্মের অর্থ হতে পারে

১. ধৈর্য সহকারে ভবিষ্যতের প্রত্যাশিত কোন ঘটনা ঘটানোর জন্য অপেক্ষা করা (ইব্রীয় ১০:১৩; ১ পিতর ৩:২০)
২. ভবিষ্যতের ঘটনার জন্য আগ্রহ সহকারে অপেক্ষা করা (রোমীয় ৮:১৯, ২৩, ২৫; ফিলি ৩:২০; ইব্রীয় ৯:২৮)

NKJV, NASB এবং NIV অনুবাদ অনুসরণ করেছে #২, অন্যদিকে NRSV, TEV এবং NJB অনুবাদ অনুসরণ করেছে #১।

■ “আমাদের প্রভু যীশু খ্রীষ্টের প্রকাশিত হবার” এটি হল একটি গ্রীক টার্ম *apocalupsis*। এটি প্রায়ই অনুবাদ করা হয়েছে “প্রকাশ” টার্মের মূল অর্থ পর্দা সরিয়ে দেওয়া যেন কোন কিছু প্রকাশ পায়। এটি হল নূতন নিয়মের শেষ পুস্তকের শিরোনাম। এখানে এটি উল্লেখ করছে খ্রীষ্টের ফিরে আসাকে (১ করি ১:৮)। দেখুন [বিশেষ বিষয়: খ্রীষ্টের ফিরে আসার জন্য নূতন নিয়মের টার্ম, পৃ...২৬৩; \(SPECIAL TOPIC: NT TERMS FOR CHRIST'S RETURN. See page 263\)](#) ১ করি ১৫:২৩ পদে।

১:৮

NASB, NKJV	“তিনি তোমাদের শেষ পর্যন্ত স্থির রাখবেন”
NRSV	“তিনি তোমাদের শেষ পর্যন্ত শক্তি দেবেন”
TEV	“তিনি তোমাদের শেষ পর্যন্ত দৃঢ় রাখবেন”
NJB	“তিনি তোমাদের অবিরত শক্তি দেবেন শেষ পর্যন্ত স্থির থাকার”

সমগ্র ১ করি ১:৪-৯ পদের PASSIVE VERB এর সক্রিয় প্রতিনিধি হলেন ঈশ্বর। যাহোক, ১ করি ১:৮ পদ অস্পষ্ট। কোন কোন ব্যাখ্যাকারক চিন্তা করেন যে এই সেকশনে প্রথম বারের মত খ্রীষ্টকে উল্লেখ করা হয়েছে “কে” বলে। এটি মনে হয় প্রসঙ্গত ধরে নেওয়া ভাল যে পিতা ঈশ্বর এখনও সক্রিয় প্রতিনিধি যিনি বিশ্বাসীদের মধ্যে অবস্থিতি করেন এবং তাদের গ্রহণযোগ্যতাকে প্রতিষ্ঠিত করেন।

টার্ম “নিশ্চিত” ১ করি ১:৬ পদে ব্যবহৃত হয়েছে। এই মঞ্জুলীর দরকার ছিল দৃঢ় হওয়া, অবিচল হওয়া এবং দোদুল্যমান না হওয়া। এটি হল তাদের কাছে পৌলের চিঠির একটা প্রধান উদ্দেশ্য। খ্রীষ্টের সুসমাচার নিশ্চিত(অর্থাৎ, ১ করি ১:৬) এবং তারাও নিশ্চিত হবে ঈশ্বরের সাহায্যে (অর্থাৎ, ১ করি ১:৮)। ২ করি ২:৮ পদে, পৌল তার জন্য তাদের ভালবাসা বিষয়ে নিশ্চিত হতে চেয়েছেন। বাইবেলে দৃশ্যতঃ দুটি স্ববিরোধী সত্য রয়েছে ঈশ্বরের সাথে বিশ্বাসীদের সম্পর্কের বিষয়ে।

১. এটি প্রকৃতিগত ভাবে নিয়মভিত্তিক; সেজন্য, এতে অন্তর্ভুক্ত একটি প্রারম্ভিক এবং একটি চলমান বিশ্বাস এবং অনুতাপের সাড়া প্রদান। আমাদের অবশ্যই অধ্যবসায়ী হতে হবে সম্পর্ক রক্ষায়।
২. এটি ঈশ্বরের বিশ্বস্ততায় নিরাপদ (যিহূদা ২৪)। আমাদের সম্পর্ক কেউই আমাদের কাছ থেকে চুরি করে নিতে পারবে না(যোহন ৬:৩৭,৩৯; ১০:২৮; রোমীয় ৮:৩৮-৩৯)। নিরাপত্তা ও কষ্টসহিষ্ণুতা উভয়ই বাইবেল ভিত্তিক(ইফি ২:৮-৯, ১০ এবং পিলি ২:১২-১৩)। এগুলি হল “নিয়ম” এর দুটি আবশ্যিকীয় দিক।

■ “নির্দোষ” পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: নিখুঁত, নির্দোষ, দোষহীন, অনিন্দনীয় (SPECIAL TOPIC: BLAMELESS, INNOCENT, GUILTLESS, WITHOUT REPROACH)

ক. প্রারম্ভিক বিবৃতি

১. এই ধারণাটি ধর্মতত্ত্বগত ভাবে বর্ণনা করেছে মানবজাতির আসল অবস্থা (অর্থাৎ, আদিপুস্তক ১, এদোন উদ্যান)
২. পাপ ও বিদ্রোহ এই নিখুঁত সহভাগিতাকে ধ্বংস করেছে (অর্থাৎ, আদিপুস্তক ৩)
৩. মানুষ (পুরুষ ও মহিলা) ঈশ্বরের সাথে সহভাগিতা পুনস্থাপন করতে আকাঙ্ক্ষী কারণ তারা তাঁর প্রতিমূর্তিতে এবং সাদৃশ্যে তৈরী হয়েছে (অর্থাৎ, আদি ১:২৬-২৭)।
৪. ঈশ্বর পাপে পূর্ণ মানব জাতির সাথে কয়েকটি উপায়ে কাজ করলেন
ক. ধার্মিক নেতারা (অর্থাৎ, অব্রাহাম, মোশি, যিশাইয়)

- খ. বলিদান পদ্ধতি (অর্থাৎ, লেবীয় ১-৭)
 গ. ধার্মিক উদাহরণ (নোহ, যোয়েল)
৫. চূড়ান্ত ভাবে ঈশ্বর মশীহকে দিয়েছেন
 ক. নিজের পূর্ণ প্রকাশ হিসাবে (যোহন ১:১-১৪; কলসীয় ১:১৩-১৭; ইব্রীয় ১:২-৩)
 খ. পাপের জন্য নিখুঁত বলিদান হিসাবে (মার্ক ১০:৪৫; ২ করি ৫:২১)
৬. খ্রীষ্টিয়ানদের নিখুঁত করা হয়েছে
 ক. ব্যবস্থাগত ভাবে খ্রীষ্টের আরোপিত ধার্মিকতার মধ্য দিয়ে (রোমীয় ৪:৩,৬,৮,১১,২২,২৩,২৪; যাকোব ২:২৩)
 খ. অগ্রসরমান ভাবে আত্মার কাজের মধ্য দিয়ে (যোহন ১৬:৮-১১)
 গ. খ্রীষ্টিয় ধর্মের লক্ষ্য হল খ্রীষ্ট সাদৃশ্যতা (রোমীয় ৮:২৮-৩০; ২ করি ৩:১৮; গালতীয় ৪:১৯; ইফি ১:৪; ৪:১৩; ১ থিষ ৩:১৩; ৪:৩; ৫:২৩; ২ থিষ ২:১৩; তীত ২:১৪; ১ পিতর ১:১৫), যেটি বাস্তবে, আদম ও হবার পতনে হারিয়ে যাওয়া ঈশ্বরের প্রতিমূর্তি পুনস্থাপন।
৭. স্বর্গ হল এদোন উদ্যানের নিখুঁত সহভাগিতার পুনস্থাপন। স্বর্গ হল ঈশ্বরের উপস্থিতিতে নতুন বিরূপালেমের নেমের আসা (প্রকা ২১:২) একটি শুদ্ধ পৃথিবীতে (২ পিতর ৩:১০)। বাইবেল আরম্ভ এবং শেষ এই একই মূল বিষয়ের উপরে।
 ক. ঘনিষ্ঠ, ঈশ্বরের সাথে ব্যক্তিগত সহভাগিতা
 খ. একটি উদ্যানের প্রেক্ষাপট (আদিপুস্তক ১-২ এবং প্রকাশিত বাক্য ২১-২২)
 গ. ভাববাণী মূলক বিবৃতির দ্বারা, পশুর উপস্থিতি এবং সহচার্য্য (যিশা ১১:৬-৯)
- খ. পুরাতন নিয়ম
 ১. সেখানে অনেক ভিন্ন ভিন্ন ইব্রীয় শব্দ আছে যা অর্থ করে সিদ্ধতা, নিখুঁততা, নিষ্পাপতার ধারণা যার নাম করা এবং সকল জটিল সম্পর্ক দেখান কঠিন।
 ২. প্রধান টার্ম অর্থ করে সিদ্ধতা, দোষহীনতা, বা নিষ্পাপতার ধারণা (Robert B. Girdlestone অনুসারে, *Synonyms of the Old Testament*, pp. 94-99) হল:
 ক. *shalom* (BDB1022, KB 1532)
 খ. *thamam* (BDB1070, KB 1743)
 গ. *calah* (BDB478, KB 476)
 ৩. Septuagint (অর্থাৎ, আদি মন্ডলীর বাইবেল) অনুবাদ করেছে এই ইব্রীয় ধারণাকে Koine গ্রীক টার্মে যা নতুন নিয়মে ব্যবহৃত হয়েছে (দেখুন নিচের গ.)
 ৪. মূল ধারণা বলিদান পদ্ধতির সাথে সংযুক্ত
 ক. *amōmos* (BDB 1071, যাত্রা ২৯:১; লেবীয় ১:৩,১০; ৩:১,৬; গণনা ৬:১৪)
 খ. *amiantos* এবং *aspilus* এরও আছে ধর্মদলগত অন্তর্নিহিত তাৎপর্য
- গ. নতুন নিয়ম
 ১. নিয়মগত ধারণা
 ক. ইব্রীয় বৈধ ধর্মদলগত অন্তর্নিহিত তাৎপর্য অনুবাদ হয়েছে *amōmos* দ্বারা (BDB 1071, ইফি ৫:২৭; ফিলি ২:১৫; ১ পিতর ১:১৯)
 খ. গ্রীক বৈধ অন্তর্নিহিত তাৎপর্য (১ করি ১:৮; কলসীয় ১:২২)
 ২. খ্রীষ্ট হলেন পাপ বিহীন, দোষ বিহীন, নিষ্পাপ ব্যক্তি (*amōmos*, ইব্রীয় ৯:১৪; ১ পিতর ১:১৯)
 ৩. খ্রীষ্টের অনুসারীরা অবশ্যই তাঁকে অনুকরণ করবে (*amōmos*, ইফি ১:৪; ৫:২৭; ফিলি ২:১৫; কল ১:২২; ২ পিতর ৩:১৪; যিহূদা ১:২৪; প্রকা ১৪:৫)
 ৪. এই ধারণাটি আরও ব্যবহার হয়েছে মন্ডলীর নেতাদের জন্য
 ক. *anegklētos*, “দোষারপ ছাড়া” (১ তীম ৩:১০; তীত ১:৬-৭)
 খ. *anepileptos*, “সমালোচনার উর্দ্ধে” বা “নিন্দার জন্য অজুহাত নেই” (১ তীম ৩:২; ৫:৭; ৬:১৪; তীত ২:৮)
 ৫. “অকলুষিত”(amiantos)ধারণাটি ব্যবহৃত হয়েছে
 ক. খ্রীষ্ট নিজে (ইব্রীয় ৭:২৬)
 খ. খ্রীষ্টিয় উত্তরাধিকার (১ পিতর ১:৪)
 ৬. “সামগ্রিক ভাবে” বা “সুস্থতা” এর ধারণা (*holoklēria*) (শ্বেরিত ৩:১৬; ১ থিষ ৫:২৩; যাকোব ১:৪)
 ৭. “দোষ বিহীন,” দোষ বিহীন নিষ্পাপতা” প্রকাশ করে *amemptos* দ্বারা (লুক ১:৬; ফিলি ২:১৫; ৩:৬; ১ থিষ ২:১০; ৩:১৩; ৫:২৩)
 ৮. “কোন দোষের বিষয় না” ধারণাটি প্রকাশ করে *amōmētos* (২ পিতর ৩:১৪)
 ৯. “দাগ বিহীন,” “নিষ্কলঙ্ক” ধারণাটি প্রায়ই ব্যবহার করা হয়েছে শান্তাংশে যেটি উপরের একটি টার্মেও আছে (১ তীম ৬:১৪; যাকোব ১:২৭; ১ পিতর ১:১৯; ২ পিতর ৩:১৪)
- ঘ. ইব্রীয় ও গ্রীক ভাষায় শব্দের সংখ্যা যেটি প্রকাশ করে এই ধারণাটি দেখায় এর গুরুত্ব। ঈশ্বর আমাদের প্রয়োজন খ্রীষ্টের মধ্য দিয়ে মিটিয়ে দিয়েছেন এবং আমাদের আহবান জানিয়েছেন তাঁর মত হবার জন্য।
 বিশ্বাসীরা মর্যাদাগত ভাবে, forensically ঘোষিত হয়েছে “সঠিক,” “ন্যায্য,” “নির্দোষ” খ্রীষ্টের কাজের দ্বারা। এখন বিশ্বাসীরা তাদের মর্যাদা অধিকার করছে। “তিনি যেমন জ্যোতিতে আছেন, আমরাও যদি তেমনি জ্যোতিতে চলি” (১ যোহন ১:৭)। “আহবানের উপযুক্ত হলে চল” (ইফি ৪:১,১৭; ৫:২,১৫)। যীশু ঈশ্বরের প্রতিমূর্তি পূর্ণ:স্থাপন করেছেন। ঘনিষ্ঠ সহভাগিতা এখন সম্ভব, কিন্তু মনে রাখবেন ঈশ্বর চান

এমন লোক যে তাঁর চরিত্রকে প্রতিফলিত করবে, যেমন তাঁর পুত্র করেছে, একটি হারিয়ে যাওয়া জগতের প্রতি (অর্থাৎ, জাতিদের)। আমাদের আহবান করা হয়েছে পবিত্রতার জন্য (মথি ৫:২০,৪৮; ইফি ১:৪; ১ পিতর ১:১৩-১৬)। ঈশ্বরের পবিত্রতা, শুধুমাত্র বেধ নয়, কিন্তু অস্তিত্বগত!

Copyright © 2014 Bible Lessons International

■ “আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দিনে” নূতন নিয়মের লেখকেরা পুরাতন নিয়মের “YHWH এর দিন” টি নিয়েছেন এবং এটি যীশুর দ্বিতীয় আগমনে বিষয়ে প্রয়োগ করেছেন। যীশু খ্রীষ্ট হলেন সৃষ্টিতে, পরিগ্রাণে এবং বিচারে YHWH এর বিকল্প।

১:৯ “ঈশ্বর বিশ্বস্ত” পুরাতন নিয়মের “বিশ্বাস” টার্মটি হল একটি রূপক সংযুক্তি অবিচল বা দৃঢ় অঙ্গভঙ্গির। এটি এসেছে রূপক ভাবে উল্লেখ করতে যে কোনটি নিশ্চিত, নির্ভরযোগ্য, আস্থাজনক এবং বিশ্বস্ত। এগুলির একটিরও বর্ণনা পরিগ্রাণ প্রাপ্ত পতিত মানুষের জন্য নয়। এটি মানুষের নির্ভরযোগ্যতা নয়, বা বিশ্বস্ততা বা আস্থাভাজনতা, কিন্তু ঈশ্বরের (দ্বি বি ৭:৯; গীত ৩৬:৫; ৪০:১০; ৮৯:১,২,৫,৮; ৯২:২; ১১৯:৯০; যিশা ৪৯:৭; রোমীয় ৩:৩; ১ করি ১০:১৩; ২ করি ১:১৮; ১ থিষ ৫:২৪; ২ তীম ২:১৩)। আমরা তাঁর নির্ভরযোগ্যতা প্রতিজ্ঞা নির্ভর করি, কিন্তু আমাদের নির্ভরযোগ্যতায় নয়! নিয়মের বাধ্যতা প্রবাহিত হয় কৃতজ্ঞতা থেকে! বাইবেলের লক্ষ্য সব সময়ই তাঁর বিশ্বস্ততার উপরে, কিন্তু বিশ্বাসীদের বিশ্বস্ততার উপরে নয়! বিশ্বাস কাউকে রক্ষা করতে পারে না। কেবলমাত্র অনুগ্রহই পারে, কিন্তু এটি গ্রহণ করতে হয় অনুগ্রহের দ্বারা (ইফি ২:৮-৯)। বিশ্বাসের পরিমাণ কতটা লক্ষ্য কখনই তার উপরে নয় (মথি ১৭:২০), কিন্তু এর উদ্দেশ্যের (যীশুর) উপরে। আমাদের আশা ঈশ্বরের অপরিবর্তনীয় চরিত্রের উপরে যিনি আহবান এবং প্রতিজ্ঞা করেন (মালাখী ৩:৬; ২ করি ১:২০)।

বিশ্বাস খ্রীষ্টে ঈশ্বর বিনামূল্যের দান গ্রহণ করে (রোমীয় ৩:২২,২৫; ৪:৫; ৬:২৩; ৯:৩০; গালা ২:১৬; ১ পিতর ১:৫)। মানবজাতিকে অবশ্যই সাড়া প্রদান করতে হবে (অর্থাৎ, আরম্ভে এবং অবিরত) খ্রীষ্টে ঈশ্বরের অনুগ্রহ ও ক্ষমার আহবানে (যোহন ১:১২; ৩:১৬-১৭, ৩৬; ৬:৪০; ১১:২৫-২৬; রোমীয় ১০:৯-১৩)।

ঈশ্বরের নিয়মের মাধ্যমে পতিত মানবের সঙ্গে লেনদেন করেছেন। তিনিই সব সময়ই অগ্রণী ভূমিকা পালন করেছেন (যোহন ৬:৪৪,৬৫) এবং কর্মসূচী স্থির করেছেন এবং সীমারেখা (মার্ক ১:৫১; প্রেরিত ২০:২১)। তিনি পতিত মানুষকে সুযোগ দিয়েছেন তাদের নিজেদের পরিগ্রাণে তাঁর নিয়মের দানে সাড়া প্রদানের দ্বারা অংশগ্রহণের। আবশ্যিকীয় হল প্রারম্ভিক সাড়া প্রদান এবং অবিরত বিশ্বাস, অনুতাপ, বাধ্যতা, সেবা, আরাধনা এবং কষ্টসহিষ্ণুতা।

Michael Magill, *New Testament TransLine*, p. 577, #24, একটি চমৎকার মন্তব্য করেছেন:

“লক্ষ্য করুন ১ করি ১:৫-৬ পদের past tense, ১ করি ১:৭ পদের present tense, ১ করি ১:৮ পদের future tense। এই তিনটি অর্থেই ঈশ্বর বিশ্বস্ত।”

বিশেষ বিষয়: পুরাতন নিয়মে বিশ্বাস করা, নির্ভরতা, বিশ্বাস এবং বিশ্বস্ততা(৭২৪)

{(SPECIAL TOPIC: Believe, Trust, Faith, and Faithfulness in the Old Testament (724))}

ধ. প্রারম্ভিক বক্তব্য

এটা বলা প্রয়োজন যে এই ধর্মতাত্ত্বিক ধারণার ব্যবহার, নূতন নিয়মে অত্যন্ত গুরুত্বপূর্ণ, এটি খুব স্পষ্ট ভাবে পুরাতন নিয়মে ব্যাখ্যা করা হয়নি। এটি নিশ্চিত ভাবেই সেখানে আছে, কিন্তু দেখান হয়েছে প্রধান নির্বাচিত প্যাসেজে ও ব্যক্তিতে।

পুরাতন নিয়ম মিশ্রিত করেছে

ক. ব্যক্তি এবং সমাজ

খ. ব্যক্তিগত সাক্ষাৎ এবং নিয়মের আজ্ঞাবহতা

বিশ্বাস হল ব্যক্তিগত অভিজ্ঞতা ও দৈনিক জীবনযাত্রা উভয়ই! ভাষার শব্দগত গঠনের (অর্থাৎ শব্দ অধ্যয়ন) চেয়ে একজন বিশ্বস্ত অনুসারীর জীবনে এটা বর্ণনা করা খুব সহজ। এটি ব্যক্তিগত দিকের সবচেয়ে ভাল উদাহরণ হল

ক. অব্রাহাম ও তার বংশধর

খ. দাযুদ এবং ইস্রায়েল

এই লোকেরা দেখা করেছিল/সম্মুখাসম্মুখী হয়েছিল ঈশ্বরের এবং তাদের জীবন স্থায়ী ভাবে পরিবর্তিত (নিখুঁত জীবনে নয়, কিন্তু অবিরত বিশ্বাসে) হয়ে গিয়েছিল। পরীক্ষা প্রকাশ করেছিল তাদের বিশ্বাসের দুর্বলতা এবং সবলতা যা ঈশ্বরের সম্মুখাসম্মুখী হয়েছিল, কিন্তু ঘনিষ্ঠতা, নির্ভরতা, সম্পর্ক অবিরত এগিয়েছে সময়ের সাথে সাথে! এটি পরীক্ষিত ও পরিশুদ্ধ হয়েছিল, কিন্তু এটি তাদের অঙ্গিকার ও জীবন যাত্রার দ্বারা অবিরত প্রমাণিত ছিল।

II. প্রধান মূল (root) ব্যবহৃত হয়েছে

ক. **אָמַן** (BDB 52, KB 63)

১. verb

ক. *Qal* stem – সমর্থন করা, লালন-পালন করা (অর্থাৎ, ২ রাজা ১০:১,৫; ইস্টের ২:৭, অ-ধর্মতাত্ত্বিক ব্যবহার)

খ. *Niphal* stem – নিশ্চিত করা বা দৃঢ় করা, প্রতিষ্ঠা করা, স্থির করা, বিশ্বস্ত হওয়া বা নির্ভরযোগ্য হওয়া

(১) মানুষের বিষয়ে, যিশাইয় ৮:২; ৫৩:১; যির ৪০:১৪

(২) জিনিসের বিষয়ে, যিশাইয় ২২:২৩

- (৩) ঈশ্বরের বিষয়ে, দ্বি বি ৭:৯; যিশাইয় ৪৯:৭; যির ৪২:৫
 গ. *Hiphil stem* – দৃঢ়ভাবে দাঁড়ান, বিশ্বাস করা, নির্ভর করা
 (১) অব্রাহাম ঈশ্বরে বিশ্বাস করলেন, আদি ১৫:৬
 (২) মিসরে ইস্রায়েলীয়রা বিশ্বাস করেছিল, যাত্রা ৪:৩১; ১৪:৩১ (দ্বি বি ১:৩২ পদে অস্বীকার করা হয়েছে)
 (৩) মোশির মাধ্যমে YHWH এর কথা ইস্রায়েলীয়রা বিশ্বাস করেছিল, যাত্রা ১৯:৯; গীত ১০৬:১২, ২৪
 (৪) আহস ঈশ্বরে নির্ভর করেন নাই, যিশা ৭:৯
 (৫) যে কেউ বিশ্বাস করে এতে/তাঁহাতে, যিশা ২৮:১৬
 (৬) ঈশ্বর সম্বন্ধে সত্যে বিশ্বাস করা, যিশাইয় ৪৩:১০-১২

২. noun (masculine) – বিশ্বস্ততা (অর্থাৎ, দ্বি বি ৩২:২০; যিশা ২৫:১; ২৬:২)

৩. adverb – সত্য, বাস্তবিক, আমি একমত, এটা এমনই হোক, (দ্বি বি ২৭:১৫-২৬; ১ রাজা ১:৩৬; ১ বংশ ১৬:৩৬; যিশা ৬৫:১৬; যির ১১:৫; ২৮:৬)। এটি হল পুরাতন নিয়ম ও নূতন নিয়মে প্রকাশ্য অরাধনায় ব্যবহৃত “আমেন”।

খ. **אִמּוּנָה**(BDB 54, KB 68) feminine noun, দৃঢ়তা, বিশ্বস্ততা, সত্য

১. মানুষের বিষয়ে, যিশাইয় ১০:২০; ৪২:৩; ৪৮:১

২. ঈশ্বরের বিষয়ে, যাত্রা ৩৪:৬; গীত ১১৭:২; যিশাইয় ৩৮:১৮, ১৯; ৬১:৮

৩. সত্যের বিষয়ে, দ্বি বি ৩২:৪; ১ রাজা ২২:১৬; গীত ৩৩:৪; ৯৮:৩; ১০০:৫; ১১৯:৩০; যির ৯:৪; সখ ৮:১৬

গ. **אִמּוּנָה**(BDB 53, KB 62), দৃঢ়তা, অবিচলতা, আনুগত্য

১. হাতের বিষয়ে, যাত্রা ১৭:১২

২. সময়ের বিষয়ে, যিশাইয় ৩৩:৬

৩. মানবিকতার বিষয়ে, যির ৫:৩; ৭:২৮; ৯:২

৪. ঈশ্বরের বিষয়ে, গীত ৪০:১১; ৮৮:১১; ৮৯:১, ২, ৫, ৮; ১১৯:১৩৮

III. পুরাতন নিয়মের এই ধারণা পৌলের ব্যবহার

ক. পৌলের YHWH এবং পুরাতন নিয়ম সম্পর্কে নূতন উপলব্ধির ভিত্তি তার দম্মেকের পথে যীশুর সাথে সম্মুখাসম্মুখী হওয়ার উপরে (প্রেরিত ৯:১-১৯; ২২:৩-১৬; ২৬:৯-১৮)।

খ. তিনি তার নূতন উপলব্ধির পুরাতন নিয়মে সমর্থন পেয়েছিলেন দুটি পুরাতন নিয়মের মূল প্যাসেজ থেকে যেটি মূল (১:১২) ব্যবহার করেছে।

১. আদি ১৫:৬- অব্রাহামের ব্যক্তিগত সাক্ষাৎ ঈশ্বর দ্বারা শুরু হয়েছিল (আদি ১২) যার ফল ছিল বিশ্বাসে বাধ্যতার জীবন (আদি ১২:২২)। পৌল পরোক্ষ ভাবে এটি উল্লেখ করেছেন রোমীয় ৪ ও গালাতীয় ৩ অধ্যায়ে।

২. যিশা ২৮:১৬ – যারা এতে বিশ্বাস করেছে(অর্থাৎ, ঈশ্বর পরীক্ষা করেছেন এবং দৃঢ় ভাবে কোণের পাথর স্থাপন করেছেন) তারা কখনো হবে না

ক. রোমীয় ৯:৩৩, “লজ্জিত” বা “হতাশ হওয়া”

খ. রোমীয় ১০:১১, উপরের মত একই রকম

৩. হবককূক ২:৪-যারা বিশ্বস্ত ঈশ্বর সম্পর্কে জানে তারা অবশ্যই বিশ্বস্ত জীবন যাপন করবে (যির ৭:২৮)। পৌল এই টেক্সট রোমীয় ১:১৭ এবং গালাতীয় ৩:১১ পদে ব্যবহার করেছেন (আরও নোট করুন ইব্রীয় ১০:৩৮)।

IV. পুরাতন নিয়মের ধারণা পিতর ব্যবহার করেছেন

ক. পিতর সম্বন্ধে করেছেন

১. যিশা ৮:১৪ – ১ পিতর ২:৮ (ব্যাত্যাজনক পাথর)

২. যিশা ২৮:১৬ – ১ পিতর ২:৬ (কোণের পাথর)

৩. গীত ১১৮:২২ – ১ পিতর ২:৭ (বাতিল করা পাথর)

খ. তিনি অদ্বিতীয় ভাষাকে উল্টে দিয়েছেন যা বর্ণনা করেছে ইস্রায়েল, “একটি মনোনীত বংশ, রাজকীয় যাজকবর্গ, পবিত্র জাতি, ঈশ্বরের নিজস্ব অধিকারের লোক” যেখান থেকে

১. দ্বি বি ১০:১৫; যিশা ৪৩:২১

২. যিশা ৬১:৬; ৬৬:২১

৩. যাত্রা ১৯:৬; দ্বি বি ৭:৬

এবং এখন এটি ব্যবহৃত হচ্ছে মঞ্জুরী প্রীটে বিশ্বাসের জন্য (১ পিতর ২:৫, ৯)

V. যোহনের ধারণাটি ব্যবহার করেছেন

ক. এর নূতন নিয়মের ব্যবহার

“বিশ্বাস করা” টার্মটি এসেছে গ্রীক টার্ম ‘*pisteuō*’ থেকে, যেটি আরও অনুবাদ হতে পারে “বিশ্বাস করা,” “বিশ্বাস,” বা “নির্ভর করা।”

উদাহরণ স্বরূপ, যোহনের সুসমাচারে noun ব্যবহার দেখা যায় না, কিন্তু verb প্রায়ই ব্যবহৃত হয়েছে। যোহন ২:২৩-২৫ পদে অনিশ্চয়তা রয়েছে মশীহ হিসাবে নাসরতীয় যীশুর প্রতি লোকদের অঙ্গিকারের যথার্থতা নিয়ে। অন্য উদাহরণ এই গভীরতাহীন “বিশ্বাস করা” টার্ম ব্যবহারের যোহন ৮:৩১-৫৯ এবং প্রেরিত ৮:১৩, ১৮-২৪ পদে। সত্যিকার বাইবেল ভিত্তিক বিশ্বাস প্রাথমিক সাড়া প্রদানের থেকেও বেশি

কিছু। এটি অবশ্যই অনুসৃত হবে শিষ্যত্বের প্রক্রিয়া দ্বারা (মথি ১৩:২০-২২, ৩১-৩২)।

খ. prepositions এর সাথে এর ব্যবহার

১. *eis* অর্থ “ভিতরে”। এই অদ্বিতীয় কাঠামো বিশ্বাসীদের উপরে জোর দিয়েছে যীশুর উপরে তাদের নির্ভরতা/বিশ্বাস রাখতে
 - ক. তাঁর নামের মধ্যে (যোহন ১:১২; ২:২৩; ৩:১৮; ১ যোহন ৫:১৩)
 - খ. তাঁর মধ্যে (যোহন ২:১১; ৩:১৫, ১৮; ৪:৩৯; ৬:৪০; ৭:৫, ৩১, ৩৯, ৪৮; ৮:৩০; ৯:৩৬; ১০:৪২; ১১:৪৫, ৪৮; ১২:৩৭, ৪২; মথি ১৮:৬; প্রেরিত ১০:৪৩; ফিলি ১:২৯; ১ পিতর ১:৮)
 - গ. আমার মধ্যে (যোহন ৬:৩৫; ৭:৩৮; ১১:২৫, ২৬; ১২:৪৪, ৪৬; ১৪:১, ১২; ১৬:৯; ১৭:২০)
 - ঘ. পুত্রের মধ্যে (যোহন ৩:৩৬; ৯:৩৫; ১ যোহন ৫:১০)
 - ঙ. যীশুর মধ্যে (যোহন ১২:১১; প্রেরিত ১৯:৪; গালা ২:১৬)
 - চ. আলোর মধ্যে (যোহন ১২:৩৬)
 - ছ. ঈশ্বরের মধ্যে (যোহন ১৪:১)
২. *ev* অর্থ ‘মধ্যে’ যেমন যোহন ৩:১৫; মার্ক ১:১৫; প্রেরিত ৫:১৪ পদে
৩. *epi* অর্থ ‘মধ্যে’ বা ‘উপরে,’ যেভাবে মথি ২৭:৪২; প্রেরিত ৯:৪২; ১১:১৭; ১৬:৩১; ২২:১৯; রোমীয় ৪:৫, ২৪; ৯:৩৩; ১০:১১; ১ তীম ১:১৬; ১ পিতর ২:৬ পদে
৪. dative case যার preposition নেই যেমন গালা ৩:৬; প্রেরিত ১৮:৮; ২৭:২৫; ১ যোহন ৩:২৩; ৫:১০
৫. *hoti*, যার অর্থ “বিশ্বাস করেছে” কি বিশ্বাস করা হয়েছে তার বিষয়বস্তু জানায়
 - ক. যীশু হলেন ঈশ্বরের পবিত্রতম (যোহন ৬:৬৯)
 - খ. যীশু হলেন আমি আছি (যোহন ৮:২৪)
 - গ. যীশু পিতাতে এবং পিতা তাঁতে আছেন (যোহন ১০:৩৮)
 - ঘ. যীশু হলেন মশীহ (যোহন ১১:২৭; ২০:৩১)
 - ঙ. যীশু হলেন ঈশ্বর পুত্র (যোহন ১১:২৭; ২০:৩১)
 - চ. পিতা যীশুকে পাঠিয়েছিলেন (যোহন ১১:৪২; ১৭:৮, ২১)
 - ছ. পিতার সাথে যীশু এক (যোহন ১৪:১০-১১)
 - জ. পিতার কাছ থেকে যীশু এসেছিলেন (যোহন ১৬:২৭, ৩০)
 - ঝ. যীশু নিজেকে পিতার নিয়মের নাম “আমি আছি”-র সাথে চিহ্নিত করেছেন (যোহন ৮:২৪; ১৩:১৯)
 - ঞ. আমরা তাঁর সঙ্গে জীবন যাপন করবো (রোমীয় ৬:৮)
 - ট. যীশু মরেছেন এবং পুনরায় জীবিত হয়ে উঠেছেন (১ থিষ ৪:১৪)

VI. উপসংহার

- ক. বাইবেল ভিত্তিক বিশ্বাস হল ঈশ্বরীক বাক্য/প্রতিজ্ঞার প্রতি মানবিক সাড়া প্রদান। ঈশ্বরই সবসময় প্রথমে শুরু করেন (অর্থাৎ, যোহন ৬:৪৪, ৬৫), কিন্তু এই ঈশ্বরীক যোগাযোগের অংশ হিসাবে মানবিক সাড়া প্রদানের প্রয়োজন (অর্থাৎ, দেখুন বিশেষ বিষয়: চুক্তি (Special Topic: Covenant)।
 ১. মন পরিবর্তন (দেখুন বিশেষ বিষয়: (Special Topic:))।
 ২. বিশ্বাস/নির্ভরতা (দেখুন বিশেষ বিষয়: (Special Topic: Faith, Believe, or Trust))
 ৩. বাধ্যতা
 ৪. কষ্ট সহিষ্ণুতা (দেখুন বিশেষ বিষয়: কষ্ট সহিষ্ণুতা (Special Topic: Perseverance)।
- খ. বাইবেল ভিত্তিক বিশ্বাস হল
 ১. একটি ব্যক্তিগত সম্পর্ক (প্রারম্ভিক বিশ্বাস)
 ২. বাইবেল ভিত্তিক সত্যের এক নিশ্চয়তা (ঈশ্বরীয় প্রকাশে বিশ্বাস, অর্থাৎ, শাস্ত্র)
 ৩. এর প্রতি সাড়া প্রদানে উপযুক্ত বাধ্যতা (প্রতিদিনের বিশ্বস্ততা)বাইবেল ভিত্তিক বিশ্বাস স্বর্গের টিকিট নয় বা কোন জীবন বীমার পলিসি নয়। এটা হল ব্যক্তিগত সম্পর্ক। এটা ছিল সৃষ্টির উদ্দেশ্য, মানুষ ঈশ্বরের প্রতিমূর্তিতে এবং সাদৃশ্যে (আদি ১:২৬-২৭) তৈরী হয়েছিল। মূল বিষয়টি হল “ঘনিষ্ঠতা।” ঈশ্বর আকাংক্ষা সহভাগিতা, কোন রকম ধর্মতাত্ত্বিক মর্যাদা নয়! কিন্তু পবিত্র ঈশ্বরের সাথে সহভাগিতা চেয়েছে সন্তানেরা “পারিবারিক” বৈশিষ্ট্যসমূহ প্রদর্শন করবে (অর্থাৎ, পবিত্রতা, লেবীয় ১৯:২; মথি ৫:৪৮; ১ পিতর ১:১৫-১৬)। পাপে পতন (আদি ৩) আমাদের সঠিক সাড়া প্রদানের যোগ্যতাকে প্রভাবিত করেছে। সেজন্য, ঈশ্বর আমাদের পক্ষে কাজ করলেন (মিথি ৩৬:২৭-২৮), আমাদের “নূতন হৃদয়” এবং “নূতন আত্মা” দিলেন, যা আমাদের সক্ষম করেছে বিশ্বাস এবং মন পরিবর্তনের মধ্যে দিয়ে তাঁর সঙ্গে সহভাগিতা ও তাঁর বাধ্য হতে! এই তিনটি বিষয়ই খুব গুরুত্বপূর্ণ। এই তিনটিই অবশ্যই পালন করে চলতে হবে। লক্ষ্য হল ঈশ্বরকে জানা (হিব্রু ও গ্রীক উভয় অর্থেই) এবং আমাদের জীবনে তাঁর চরিত্রকে প্রতিফলিত করা। বিশ্বাসের লক্ষ্য কোন একদিন স্বর্গ নয়, কিন্তু প্রতিদিনের জীবনে ঈশ্বর সাদৃশ্যতা লাভ!
- গ. মানবিক বিশ্বস্ততা হল ফলাফল (নূতন নিয়ম), ঈশ্বরের সঙ্গে সম্পর্কের জন্য ভিত্তি নয় (পুরাতন নিয়ম): মানবিক বিশ্বাস হল তাঁর বিশ্বস্ততা; মানবিক নির্ভরতা হল তাঁর নির্ভরযোগ্যতা। পরিত্রাণ বিষয়ে নূতন নিয়মের দৃষ্টিভঙ্গির মূল বিষয় হল মানুষ অবশ্যই প্রাথমিক ও অবিরত ভাবে খ্রীষ্টে প্রদর্শিত ঈশ্বরের অনুগ্রহ ও দয়ার প্রতি সাড়া প্রদান করবে। তিনি ভালবেসেছেন, তিনি পাঠিয়েছেন, তিনি যুগিয়েছেন; আমাদের

অবশ্যই বিশ্বাস এবং বিশ্বস্ততা সহকারে সাড়া প্রদান করতে হবে(ইফি ২:৮-৯ এবং ১০)!

বিশ্বস্ত ঈশ্বর চেয়েছেন বিশ্বস্ত মানুষ যারা এই জগতের অবিশ্বস্ত লোকদের কাছে তাঁকে প্রকাশ করবে এবং তাঁর উপরে ব্যক্তিগত বিশ্বাসে তাদেরকে নিয়ে আসবে।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “যার মধ্যে দিয়ে তোমাদের ডাকা হয়েছে” এটি হল ঈশ্বরের মনোনীত করিছীয় বিশ্বাসীদের প্রতি অবিরত জোর দান (১ করি ১:২,৯,২৪,২৬; প্রেরিত ১৮:৯)।

■ “তাঁর পুত্রের সাথে সহভাগিতায়” এটি হল গ্রীক টার্ম *koinonia* যার অর্থ যৌথ অংশগ্রহণের মধ্যে। ঈশ্বর আমাদের আহবান করেছেন তাঁর পুত্রের সাথে সম্মিলিত হতে ব্যক্তিগত (দেখুন বিশেষ বিষয়: পবিত্রকরণ ১ করি ১:২ পদে) এবং সম্পর্কগত উভয় ভাবেই। খ্রীষ্ট ধর্মের লক্ষ্য খ্রীষ্টসাদৃশ্যতা (রোমীয় ৮:২৯; গালা ৪:১৯; ইফি ১:৪; ২:১০)।

খ্রীষ্টের সঙ্গে মিলিত হবার পরে বিশ্বাসীদের জীবন যাপনই হল তাদের পরিব্রাজনের প্রমাণ (নূতন নিয়মের বই যাকোব এবং ১ যোহন)। কাজের উপরে বিশ্বাসের মাধ্যমে অনুগ্রহে তারা উদ্ধার লাভ করেছে (ইফি ২:৮-৯,১০)! তারা সেবা করার জন্য উদ্ধার লাভ করেছে (রোমীয় ৬:১১)! বিশ্বাস ছাড়া কাজ মৃত, যেমন কাজ ছাড়া বিশ্বাস (মথি ৭:২১-২৩ এবং যাকোব ২:১৪-২৬)। পিতার মনোনয়নের লক্ষ্য হল বিশ্বাসীরা “পবিত্র ও নির্দোষ” হবে (ইফি ১:৪; মথি ৫:৪৮)।

পৌল প্রায় সময়ই আক্রমণের শিকার হতেন তার সংস্কার মুক্ত সুসমাচারের জন্য কারণ এটি মনে হতো ঈশ্বরবিহীন জীবন যাপনে উৎসাহ দিত। একটি সুসমাচার বাহ্যিকভাবে নৈতিক কাজের উপরে সংযুক্ত না থাকায় সম্রাজ্যের দিকে পরিচালিত করতে পারে। পৌলের সুসমাচার ঈশ্বরের অনুগ্রহে স্বাধীন এবং খ্রীষ্টের সমাপ্ত কাজে এবং পবিত্র আত্মার আকর্ষিত ছিল, কিন্তু এটি দাবী করতো উপযুক্ত সাড়া প্রদান, কেবল মাত্র প্রাথমিক অনুতাপ নয়, কিন্তু অবিরত অনুতাপ। ঈশ্বরভক্তির জীবন যাপন হল ফলাফল, আইনহীনতা নয়। পরিব্রাজনের জন্য ভাল কাজ কোন কৌশল নয়, কিন্তু ফলাফল। সম্পূর্ণ বিনামূল্যে পরিব্রাজনের এই স্ববিরোধিতা এবং সবকিছুর মূল্যে সাড়া দান অন্যের কাছে পৌছানো কঠিন, কিন্তু দুটি অবশ্যই ধারণা করতে চাপে-পূর্ণতা, স্ববিরোধিতা, বাক্য বিনিময়ে সমতা। কেউই ধার্মিকতা ও পবিত্রকরণ আলাদা করতে সাহস করবে না।

বিশেষ বিষয়: *KOINŌNIA* (সহভাগিতা)

{SPECIAL TOPIC: *KOINŌNIA* (FELLOWSHIP);}

“সহভাগিতা” (*koinōnia*) টার্মটির অর্থ

১. একজন ব্যক্তির সাথে গভীর সম্পর্ক

ক. পুত্রের সাথে (১ করি ১:৯; ১ যোহন ১:৬)

খ. আত্মার সাথে (২ করি ১৩:১৪; ফিলি ২:১)

গ. পিতা এবং পুত্রের সাথে (১ যোহন ১:৩)

ঘ. নিয়মের অন্য ভাই/বোনদের সাথে (প্রেরিত ২:৪২; ২ করি ৮:২৩ গালা ২:৯; ফিলিমন ১৭ পদ; যোহন ১:৩,৭)

ঙ. মন্দের সাথে নয় (২ করি ৬:১৪)

২. কোন জিনিস বা দলের সাথে গভীর সম্পর্ক

ক. সুসমাচারের সাথে (ফিলি ১:৫; ফিলিমন ৬ পদ)

খ. খ্রীষ্টের রক্তের সাথে (১ করি ১০:১৬)

গ. অন্ধকারের সাথে নয় (২ করি ৬:১৪)

ঘ. কষ্টভোগের সাথে (২ করি ১:৭; ফিলি ৩:১০; ৪:১৪; ১ পিতর ৪:১৩)

৩. উপহার বা অনুদান মহানুভবতার সাথে করা (রোমীয় ১২:১৩; ১৫:২৬; ২ করি ৮:৪, ৯:১৩; ফিলি ৪:১৫; ইব্রীয় ১৩:১৬)

৪. ঈশ্বরের খ্রীষ্টের মধ্য দিয়ে অনুগ্রহের দান, যেটি মানব জাতির সহভাগিতা পুনরুদ্ধার করে তাঁর এবং তাঁর ভাই এবং বোনদের সাথে

এটি নিশ্চিত করে সমান্তরাল সম্পর্ক (মানুষ থেকে মানুষ) যেটি নিয়ে আসা হয়েছে উল্লম্ব সম্পর্কে (মানুষ থেকে সৃষ্টিকর্তা)। এটা আরও গুরুত্ব দেয় খ্রীষ্টিয় সমাজের প্রয়োজন এবং আনন্দের উপর (অর্থ্যাৎ, ইব্রীয় ১০:২৫)।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “তাঁর পুত্র” যীশু ঈশ্বরের পুত্র হিসাবে পৌলের লেখনীর বার বার বলা থিম ছিল। (রোমীয় ১:৩,৪,৯; ৫:১০; ৮:৩,২৯,৩২; ১ করি ১:৯; ২ করি ১:১৯; গালা ১:১৬; ২:২০; ৪:৪,৬; ইফি ৪:১৩; কল ১:১৩; ১ থিষ ১:১০)। তিনি কেবল সময়ের “পুত্র” নন, কিন্তু অন্তর্কালীন “পুত্র” (ইব্রীয় ১:২; ৩:৬; ৫:৮; ৭:২৮)। এমন কোন সময় নাই যখন যীশু পুত্র ছিলেন না। যীশু উচ্চ প্রশংসিত পুনরুত্থানের দ্বারা এবং স্বর্গারোহন কেবলমাত্র পুনস্থাপিত ও বর্ধিত তাঁর পূর্ব অস্তিত্ব, পূর্ব মূর্তিমান গৌরব।

বিশেষ বিষয়: ঈশ্বর পুত্র (SPECIAL TOPIC: THE SON OF GOD)

এটি হল নূতন নিয়মে যীশুর সবচেয়ে বড় উপাধির একটি। নিশ্চিত ভাবে এর ঐশ্বরিক অন্তর্নিহিত অর্থ রয়েছে। এটি যীশুকে অর্ন্তভুক্ত করেছে ‘পুত্র’ বা ‘আমার পুত্র’ হিসাবে এবং ঈশ্বরকে উল্লেখ করা হয়েছে “পিতা” বলে (দেখুন বিশেষ বিষয়: ঈশ্বরের পিতৃত্ব)। নূতন নিয়মে এটি ১২৪ বারের বেশি পাওয়া যায়। এমনকি ‘মনুষ্য পুত্র’ হিসাবে যীশুর নিজের আত্ম-পরিচয়ের ঐশ্বরিক অন্তর্নিহিত অর্থ রয়েছে যা এসেছে দানিয়েল ৭:১৩-১৪ পদ থেকে।

পুরাতন নিয়মে “পুত্র” পদমর্যাদা চারটি নির্দিষ্ট দলকে উল্লেখ করতে পারে (দেখুন বিশেষ বিষয়: “পুত্রেরা..”)।

- ক. দূতগণ (সাধারণত plural, আদি ৬:২; ইয়োব ১:৬; ২:১)
- খ. ইস্রায়েলের রাজা (২ শমু ৭:১৪; গীত ২:৭; ৮৯:২৬-২৭)
- গ. জাতি হিসাবে সমগ্র ইস্রায়েল (যাত্রা ৪:২২-২৩; দ্বি বি ১৪:১; হোশেয় ১১:১; মালাখী ২:১০)
- ঘ. ইস্রায়েলীয় বিচারক (গীত ৮২:৬)

এটি হল দ্বিতীয় ব্যবহার যেটি যীশুর সাথে সংযুক্ত। এই ভাবে “দায়ুদের পুত্র” এবং ‘ঈশ্বর পুত্র’ উভয়ই সম্পর্ক যুক্ত ২ শমুয়েল ৭, গীতসংহিতা ২ এবং ৮৯ পদে। পুরাতন নিয়মে “ঈশ্বর পুত্র” মশীহের জন্য নির্দিষ্ট ভাবে কখনই ব্যবহৃত হয়নি, ব্যতিক্রম কেবল বিচার দিনের রাজা হিসাবে ইস্রায়েলের একজন “অভিষিক্তের কাজ” হিসাবে। যাহোক, মরু সাগরের পুঁথিতে উপাধির সঙ্গে মশীহ বিষয়ক তাৎপর্য খুব সাধারণ (দেখুন “*Dictionary of Jesus and the Gospels*,” –এর ৭৭০ পৃষ্ঠায় সুনির্দিষ্ট উল্লেখ)। এছাড়াও “ঈশ্বর পুত্র” হল একটি মশীহ বিষয়ক উপাধি দুটি আন্ত-বাইবেল ভিত্তিক যিহুদী রহস্য উদঘাটনমূলক কাজ (II Esdras ৭:২৮; ১৩:৩২, ৩৭, ৫২; ১৪:৯ এবং I Enoch ১০৫:২)।

এর নূতন নিয়মের প্রেক্ষাপট যেভাবে এটি যীশুর বিষয়ে উল্লেখ করেছে তাহল সবচেয়ে ভাল সারাংশ কয়েকটি শ্রেণীতে।

১. তাঁর পূর্ব-অস্তিত্ব (যোহন ১:১৫-৩০; ৮:৫৬-৫৯; ১৬:২৮; ১৭:৫; ২ করি ৮:৯; ফিলি ২:৬-৭; কল ১:১৭; ইব্রীয় ১:৩; ১০:৫-৮)
২. তাঁর অদ্বিতীয় (কুমারীর গর্ভে) জন্ম (যিশা ৭:১৪; মথি ১:২৩; লুক ১:৩১-৩৫)
৩. তাঁর বাস্তব (মথি ৩:১৭; মার্ক ১:১১; লুক ৩:২২। স্বর্গ থেকে ঈশ্বরের বাণী ২ গীতের রাজসিক রাজার সাথে যিশাইয় ৫৩ অধ্যায়ের দু:খভোগি দাসের সঙ্গে একত্রিত করেছে)।
৪. তাঁর শয়তান দ্বারা পরীক্ষা (মথি ৪:১-১১; মার্ক ১:১২, ১৩; লুক ৪:১-১৩। তাঁর পুত্রত্ব সম্বন্ধে সন্দেহ করতে তাঁকে পরীক্ষা করা হয়েছিল অথবা অন্তত: পক্ষে ত্রুশ ছাড়া ভিন্ন উপায়ে এর উদ্দেশ্য সাধন করতে)।
৫. অগ্রহণীয় স্বীকারকারী দ্বারা তাঁর স্বীকৃতি
 - ক. মন্দ আত্মারা (মার্ক ১:২৩-২৫; লুক ৪:৩১-৩৭, ৪১; মার্ক ৩:১১-১২; ৫:৭); দেখুন বিশেষ বিষয়: মন্দ আত্মা [আশুচি আত্মা]
 - খ. অবিশ্বাসীদের দ্বারা (মথি ২৭:৪৩; মার্ক ১৪:৬১; যোহন ১৯:৭)।
৬. তাঁর শিষ্যদের দ্বারা তাঁর স্বীকৃতি
 - ক. মথি ১৪:৩৩; ১৬:১৬
 - খ. যোহন ১:৩৪, ৪৯; ৬:৬৯; ১১:২৭
৭. তাঁর নিজের আত্ম-স্বীকৃতি
 - ক. মথি ১১:২৫-২৭
 - খ. যোহন ১০:৩৬
৮. পিতা হিসাবে ঈশ্বরের প্রতি তাঁর পারিবারিক সম্বন্ধের রূপক ব্যবহার
 - ক. ঈশ্বরের জন্য তাঁর আব্বা শব্দ ব্যবহার
 - ১) মার্ক ১৪:৩৬
 - ২) রোমীয় ৮:১৫
 - ৩) গালাতীয় ৪:৬
 - খ. বারবার তাঁর পিতা (*patēr*) শব্দের ব্যবহার ঈশ্বরের সঙ্গে তাঁর সম্পর্কের বিষয়ে বর্ণনা করে।

সারাংশে, “ঈশ্বর পুত্র” উপাধির মহা ধর্মতাত্ত্বিক অর্থ রয়েছে তাদের জন্য যারা পুরাতন নিয়ম এবং এর প্রতিজ্ঞাসমূহ এবং শ্রেণী বিভাগ জানতো, কিন্তু নূতন নিয়মের লেখকেরা দ্বিধাগ্রস্থ ছিলেন পরজাতিদের কাছে এর ব্যবহারে কারণ তাদের পৌত্তলিক প্রেক্ষাপট এই যে তাদের “দেবতা” মহিলাদের সংস্পর্শে এসেছেন যার ফলাফল বংশধর এসেছে “the titans” বা “দৈত্য”।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ১:১০-১৭

^{১০}এখন ভাইয়েরা, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের নামে আমি অনুরোধ করছি যে, তোমরা সকলে এক হও এবং তোমাদের মধ্যে কোন দলাদলি না থাকুক, কিন্তু তোমরা একমন ও এক বিবেচনা সিদ্ধ হও। ^{১১} কেননা, আমার ভাইয়েরা, তোমাদের সম্বন্ধে ক্লোয়ীর বাড়ীর লোকদের কাছে এই খবর পেলাম যে তোমাদের মধ্যে ঝগড়া-বিবাদ রয়েছে। ^{১২} আমি এই কথা বলতে চাইছি যে, তোমাদের মধ্যে কেউ বলে, “আমি পৌলের দলের,” কেউ বলে, “আমি আপল্লোর দলের,” কেউ বলে, “আমি কৈফার দলের,” আবার কেউ বলে, “আমি খ্রীষ্টের দলের।” ^{১৩} কিন্তু খ্রীষ্ট কি ভাগ হয়েছেন? পৌলকে কি তোমাদের জন্য ক্রুশে দেওয়া হয়েছিল? অথবা তোমরা কি পৌলের নামে বাপ্তিস্ম গ্রহণ করেছ? ^{১৪} আমি ঈশ্বরের ধন্যবাদ করি যে ক্রীস্টপ আর গায় ছাড়া তোমাদের আর কাউকেই আমি বাপ্তিস্ম দিই নি, ^{১৫} যাতে কেউ বলতে না পারে যে তোমরা আমার নামে বাপ্তিস্ম গ্রহণ করেছ। ^{১৬} অবশ্য আমি স্ত্রিফানের পরিবারের লোকদেরও বাপ্তিস্ম দিয়েছি; কিন্তু তা ছাড়া, আর কাউকে বাপ্তিস্ম দিয়েছি বলে আমার মনে পড়ে না। ^{১৭} কারণ খ্রীষ্ট আমাকে বাপ্তিস্ম দিতে পাঠান নি, বরং সুখবর প্রচার করবার জন্যই পাঠিয়েছেন, তা ভাষার চতুরতায় নয়, যেন খ্রীষ্টের ক্রুশীয় মৃত্যু নিষ্ফল হয়ে না পড়ে। (অনুবাদকৃত টেক্সট)।

১:১০ “এখন” এটি একটি ADVERSATIVE। পৌল চিঠির মূল অংশ শুরু করেছেন।

■ “আমি অনুরোধ করছি” এই শব্দগুচ্ছ যেমন কোমল তেমনই রক্ষ। এটি ছিল উপযুক্ত ভাবে জীবন যাপনের একটি আহবান সেই সাথে একটি কর্তৃত্বময় চ্যালেঞ্জ। পৌল প্রায়ই এই টার্ম ব্যবহার করতেন (১ করি ১:১০; ৪:১৬; ১৬:১৫; ২ করি ২:৮; ৫:২০; ৬:১; ১০:১; ১২:১,৮; ১৫:৩০; ইফি ৪:১; ফিলি ৪:২; ১ থি ৪:১০; ১ তীম ১:৩; ফিলিমন ১:৯-১০)। ১ করি ১:৪-১১ পদে সম্পূর্ণ নোট দেখুন।

বিশেষ বিষয়: সান্ত্বনা

(SPECIAL TOPIC: COMFORT)

I. পুরাতন নিয়মে সান্ত্বনা (যিশা ৪০:১ থেকে নোট)

এই টার্ম (BDB 636, KB 688, *Piel* imperative, plural) ব্যবহার করা হয়েছে যিশা ১:৩৯ পদে কেবল মাত্র তিন বার, কিন্তু যিশা ৪৪-৬৬ অধ্যায়ে চৌদ্দবার (বেশিরভাগ ক্ষেত্রে *Piel*)। “সান্ত্বনা” যিশাইয়ের এই অংশের শিরোনাম হতে পারতো। এটি YHWH এর সহানুভূতির যত্ন ও চিন্তা উল্লেখ করে (যিশা ১২:১)। শব্দটি মনে হয় বিকশিত হয়েছে যোড়াদের ভারী দীর্ঘশ্বাস থেকে। YHWH দুঃখ করছেন যে তাঁকে তাঁর লোকদের শান্তি দিতে হয়েছে। শান্তি শেষ হয়েছে। এটি নিশ্চিত নয় যদি এর কারণ হয়

ক. তারা অনুতাপ করেছে (অর্থাৎ, যিহিঙ্কেল ১৮)

খ. YHWH সিদ্ধান্ত নিয়েছেন তাদের পক্ষে কাজ করার জন্য যদিও তারা নিজেরা সত্যিকার ভাবে অনুতাপ করতে অক্ষম (যিহি ৩৬:২২-৩৮)

একটি নতুন দিন (অর্থাৎ, নতুন চুক্তি, যির ৩১:৩১-৩৪)নেমে এসেছে! এটি ভিত্তি হয়েছে YHWH এর চরিত্রের উপরে, তাঁর লোকদের কাজের উপরে নয় (রোমীয় ৩:২১-৩১; গালা ৩; ইফি ২:৮-৯); তাঁর ক্ষমতা, তাদের নয়; তাঁর আনন্তকালীণ পরিত্রাণের পরিকল্পনা যেটিতে তারা হল এক অবিচ্ছেদ্য অংশ।

II. নতুন নিয়মে সান্ত্বনা (২ করি ১:৪-১১)

টার্ম “সান্ত্বনা,” *paraklēsis*, এর ভিন্ন রূপে, দশ বার ব্যবহার করা হয়েছে ২ করি ১:৩-১১ পদে। এটি হল মূল টার্ম সমগ্র প্যাসেজ জুড়ে এবং এছাড়াও ২ করিন্থীয় ১-৯ অধ্যায়ে, যেখানে এটি ব্যবহার করা হয়েছে পঁচিশ বার। “পাশাপাশি আহ্বান করা” শব্দটির অর্থ। এটি প্রায়ই ব্যবহৃত হয়েছে বিচারিক অর্থে একজন উকিল যিনি আইনগত সাহায্য, সান্ত্বনা, এবং নির্দেশনা প্রদান করেন।

এই প্রসঙ্গে এটি ব্যবহার করা হয়েছে উৎসাহ এবং সান্ত্বনা দান করা অর্থে। একটি সম্পর্কিত টার্ম *paraklētos*, ব্যবহার করা হয়েছে পবিত্র আত্মার জন্য যোহন ১৪:১৬, ২৬; ১৫:২৬; ১৬:৭; এবং যীশুর জন্য ১ যোহন ২:১ পদে। এই প্রসঙ্গে এটি ব্যবহার করা হয়েছে পিতার জন্য (দেখুন বিশেষ বিষয়: [Paraclete \[paraklōtos\]](#)) (SPECIAL TOPIC: [Paraclete \[paraklōtos\]](#))

parakaleō এর verb এর রূপ ব্যবহার করা হয়েছে কয়েকটি অর্থে

ক. সেপ্টুয়াজিট

১. উপদেশ দান, দ্বি বি ৩:২৮

২. সান্ত্বনা দান, আদি ২৪:৬৭; ৩৭:৩৫; গীত ১১৯:৫০ (মশীহ অর্থে যিশা ৪০:১; ৪৯:১৩; ৫১:৩; ৬১:২)

৩. সহানুভূতি থাকা, দ্বি বি ৩২:৩৬; বিচার ২:১৮; গীত ১৩৫:১৪

৪. শান্ত করা, যিশা ৩৫:৪

৫. ডাকা, যাত্রা ১৫:১৩

খ. করিন্থীয়দের প্রতি পৌলের লেখনী

১. উপদেশ দান, ১ করি ১:১০; ৪:১৬; ১৪:৩০-৩১; ১৬:১৫-১৬; ২ করি ২:৮; ৫:২০; ৬:১; ৮:৪; ৬; ১০:১

২. সাস্ত্রনা দান, উৎসাহিত করা, ২ করি ১:৪,৬; ২:৭; ৭:৬,৭,১৩; ১৩:৩১
৩. সহানুভূতি থাকা, শান্ত করা, ১ করি ৪:১৩
৪. আবেদন করা, অনুমনয় করা, অনুরোধ করা, ১ করি ১৬:১২; ২ করি ৯:৫; ১২:১৮

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “ভাইয়েরা” পৌল প্রায়ই “ভাইয়েরা” বা “ভাই” টার্ম ব্যবহার করেছেন। যদিও পৌল এই মণ্ডলীকে অনুযোগ করেছিলেন কঠোর ভাষায় তথাপিও তারা খ্রীষ্টে তার ভাই এবং বোন।

পৌল প্রায়ই এই টার্ম ব্যবহার করতেন কোন নূতন বিষয়ের উল্লেখ করতে, কিন্তু এই বইতে তিনি এটি উল্লেখ করেছেন এই মণ্ডলীর সাথে তিনি এবং অন্যান্য মণ্ডলী যে একাত্ম তা বোঝাতে।

■ “আমাদের প্রভু যীশু খ্রীষ্টের নামের দ্বারা” যিহূদীদের জীবনে একজনের নাম প্রতিনিধিত্ব করতে তার চরিত্র ও কর্তৃত্ব। এখানে Phillips অনুবাদ মূল বিষয়টি ধরেছেন “এই সব কিছুর দ্বারা আমাদের প্রভু যীশু খ্রীষ্ট তোমাদের কাছে উপায়।”

বিশেষ বিষয়: প্রভুর নাম (নূতন নিয়ম)

{SPECIAL TOPIC: THE NAME OF THE Lord (NT)}

এটি নূতন নিয়মে সাধারণ শব্দগুচ্ছ ছিল মণ্ডলীতে ত্রিভু ঈশ্বরের সক্রিয়তার ক্ষমতা ও ব্যক্তিগত উপস্থিতির জন্য। এটি কোন যাদুকরী সূত্র ছিল না, কিন্তু ঈশ্বরের বৈশিষ্ট্যের প্রতি বিনতি জানান যেমন যীশুতে দেখা গিয়েছে।

প্রায়ই এই শব্দগুচ্ছ প্রভু হিসাবে যীশুকে উল্লেখ করতো (ফিলি ২:১১)

১. বাপ্তিস্মে ব্যক্তির যীশুতে তার বিশ্বাসের প্রকাশ্য ঘোষণা (রোমীয় ১০:৯-১৩; প্রেরিত ২:৩৮; ৮:১২, ১৬; ১০:৪৮; ১৯:৫; ২২:১৬; ১ করি ১:১৩, ১৫; যাকোব ২:৭)
২. ভূত তাড়াবার সময়ে (মথি ৭:২২; মার্ক ৯:৩৮; লূক ৯:৪৯; ১০:১৭; প্রেরিত ১৯:১৩)
৩. আরোগ্যদানের সময়ে (প্রেরিত ৩:৬, ১৬; ৪:১০; ৯:৩৪; যাকোব ৫:১৪)
৪. পরিচর্যা কাজের সময়ে (মথি ১০:৪২; ১৮:৫; লূক ৯:৪৮)
৫. মণ্ডলীতে শাসনের সময়ে (মথি ১৮:১৫-২০)
৬. পরজাতিদের কাছে প্রচারের সময়ে (লূক ২৪:৪৭; প্রেরিত ৯:১৫; ১৫:১৭; রোমীয় ১:৫)
৭. প্রার্থনায় (যোহন ১৪:১৩-১৪; ১৫:২, ১৬; ১৬:২৩; ১ করি ১:২)
৮. খ্রীষ্ট ধর্মকে উল্লেখ করার একটি উপায় (প্রেরিত ২৬:৯; ১ করি ১:১০; ২ তীম ২:১৯; যাকোব ২:৭; ১ পিতর ৪:১৪)

ঘোষক হিসাবে, পরিচর্যাকারী হিসাবে, সাহায্যকারী হিসাবে, আরোগ্যদানকারী হিসাবে, ভূত দূরকারী ইত্যাদি হিসাবে আমরা যাই করি না কেন আমরা এটা করি তাঁর চরিত্রে, তাঁর ক্ষমতায়, তাঁর সুযোগ-সুবিধায় – তাঁর নামে (অর্থাৎ, ফিলি ২:৯-১০)!

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “তোমরা সকলে এক হও যে” পৌলের উদ্দেশ্যে সাধনে দুটি PRESENT ACTIVE SUBJUNCTIVES (অর্থাৎ, *hina*) বাক্যাংশ।

১. যেন সেখানে সব সময়ই মতানৈক্য না থাকে (PRESENT ACTIVE SUBJUNCTIVE)
২. যেন তারা (PRESENT ACTIVE SUBJUNCTIVE) একসাথে গ্রথিত থাকে (অর্থাৎ, PERFECT PASSIVE PARTICIPLE, যেটি এটিকে করেছে PERIPHRASTIC)।

এই SUBJUNCTIVES গুলি সাম্ভাব্য ঘটনার নোট যুক্ত করেছে। সেখানে ছিল বিভেদ এবং এই দলাদলি তাদের একত্রে সংযুক্ত রাখে নাই। একতা রক্ষার জন্য প্রয়োজনীয় মনোভাব ও কাজ তালিকাভুক্ত করা হয়েছে ইফি ৪:২-৩ পদে।

পৌলের এই মন্ডলীর প্রতি আকাংখ্যায় প্রতিফলিত হয়েছিল যোহন ১৭:১১,২১-২৩ পদে যীশুর প্রার্থনা, “যেমন আমরা, তেমনই তারা যেন এক হয়।” এছাড়াও এটি ইফি ৪:১-৬ পদের চালিকা শক্তি। একতা(সমতা নয়) জরুরী ছিল স্বাস্থ্যকর, বর্ধিমুগ্ধ, মহান আদেশ পালনকারী মন্ডলীর জন্য (ফিলি ১:২৭)। একতার না থাকার ফল হল মনের অক্ষতা(২ করি ৩:১৪; ৪:৪; ১১:৩)।

■ “তোমাদের মধ্যে দলাদলি না থাকুক” এই টার্ম (অর্থাৎ, *schismata*) ব্যবহৃত হয়েছে কৈনী গ্রীকে বিরোধপূর্ণ রাজনৈতিক দলগুলির জন্য (প্রেরিত ১৪:৪; ২৩:৭)। আমরা ইংরাজি শব্দ পেয়েছি “দলভেদ,” এই গ্রীক টার্ম থেকে। এটি এই মন্ডলীর একটি প্রধান সমস্যা ছিল (১ করি ১১:১৮-১৯; ১২:২৫)। এই দলভেদের ভিত্তি ছিল

১. বিশ্বাসীদের কোন নির্দিষ্ট নেতৃত্বের দক্ষতায় ব্যক্তিগত পক্ষপাত (অর্থাৎ, প্রকাশ্য কখনে)

২. আত্মিক দানের বিষয়ে বিশ্বাসীদের গর্ব ও ঈর্ষা
৩. বিশ্বাসীদের অর্থনৈতিক শ্রেণীবিভাগে স্বীকৃতি (অর্থাৎ, ধনী এবং দরিদ্র)
৪. সামাজিক মর্যাদার উপরে বিশ্বাসীদের কুসংস্কার (অর্থাৎ, ক্রীতদাস এবং স্বাধীন)
৫. বিশ্বাসীদের মধ্যে জাতিগত অহংকার (অর্থাৎ, যিহুদী এবং পরজাতি)
৬. বিবাহ বিষয়ক মর্যাদার উপরে বিশ্বাসীদের ঈর্ষা বা অহংকার (অর্থাৎ, বিবাহিত এবং অবিবাহিত)
৭. বিশ্বাসীদের মধ্যে মেধাগত দক্ষতার উপরে অহংকার (অর্থাৎ, প্রথম শতকের শিক্ষাগত বিশিষ্ট সম্প্রদায়, কূটতর্কিক)

অনেক ভাবেই এগুলি উদ্ভূত, গর্ব, গোঁড়ামিবাদ এবং ব্যক্তিগত পক্ষপাতে গুরুত্ব দিন যা বর্ণনা করে আধুনিক মন্ডলীর সম্প্রদায়গত বিশৃঙ্খলা। প্রতিটি দলই তাদের মানবিক নেতাদের অনুসরণ করে নিজেদের এক নম্বর বলে দাবী করতো (অর্থাৎ, Luther, Calvin, Arminius, Wesley, ইত্যাদি)। প্রতিটি দলই ভাবতো যে তারা সম্পূর্ণভাবে ঈশ্বরের মনকে প্রতিফলিত করছে। ওহ, তাদের প্রয়োজন ছিল অবিরত নশুতা ও শিক্ষাগ্রহণের যোগ্যতা। তাদের সকলের জন্য যারা অবিরত যীশুর নামে ডাকতো ও তাঁর মন্ডলীকে!

■ “কিন্তু তোমরা একমন ও এক বিবেচনা সিদ্ধ হও” Today's English Version (TEV) অনুবাদে আছে “এক চিন্তায় সম্পূর্ণ ভাবে একমন ও উদ্দেশ্যে এক হও।” এই উদ্দেশ্য হল ঈশ্বরের রাজ্যের, সুসমাচারের, মহান আদেশের, ব্যক্তিগত পবিত্রতার, ব্যক্তিগত সংস্কার, পক্ষপাতিত্ব, বা পরিকল্পনার জন্য নয়!

১:১১ “ক্রোয়ীর বাড়ীর লোকদের” এই মহিলা সম্পর্কে আমরা কিছুই জানি না কেবল মাত্র জানি যে তিনি এই করিছ মন্ডলীর একজন সদস্য ছিলেন অথবা অন্ততপক্ষে তার কর্মীরা সদস্য ছিল। তার নামটি ছিল ডাকনাম যেটি ছিল কৃষিকাজের দেবি, Demeter এর জন্য। তার দাস ছিল পৌলের একটি উৎস এই সব সমস্যা জানার জন্য যেটি দিনে দিনে প্রসারিত হচ্ছিল করিছের গৃহ মন্ডলীতে। দেখুন ভূমিকা, ৬. ক।

■ “যে তোমাদের মধ্যে ঝগড়া-বিবাদ রয়েছে” এই একই টার্ম (অর্থাৎ, *eris*) গালাতীয় পত্রের ৫:২০ পদে মাংসিক ফলের তালিকাতে রয়েছে, যেটি বৈশিষ্ট্যময় করেছে পতিত, ত্রুদ, স্বার্থপর লোকদের। এটি আরও তালিকা করা হয়েছে পৌলের অন্যান্য চিঠির পাপের তালিকাতে (১ করি ৩:৩; ২ করি ১২:২০; ১ তীম ৬:৪)। এটি কখনোই যীশু খ্রীষ্টের মন্ডলীর বৈশিষ্ট্য হওয়া উচিত নয়!

১:১২ এটি মনে হয় হতে পারে দলভেদের একটি তালিকা (অর্থাৎ, পৌলের দল, আপল্লোর দল, পিতরের দল, যীশুর দল)। বেশির ভাগই নেতাদের বৈশিষ্ট্যানুসারে গঠিত (অর্থাৎ, পৌল=স্বীনতার দল, যাদের মধ্যে কেবলমাত্র বিশ্বাস দ্বারা পরজাতিয়েরা; আপল্লো= দার্শনিক দল; কৈফা= যিহুদী ঐতিহ্য বা আইন সম্মত দল, ২ করি ১১:১৮-৩৩); খ্রীষ্ট= যাদের বিশেষ মর্যাদা, আহবান প্রাপ্ত, দান রয়েছে, বা আত্মিকতা রয়েছে (সম্ভবত ২ করি ১২:১)। যাহোক, নুতন নিয়মে নিশ্চিত কোন তথ্য নেই এই দলগুলির প্রতিটির অনুপ্রেরণা বা ধর্মতত্ত্ব সম্পর্কে। এই নেতারা নিজেদের বিভক্ত ছিলেন না। কিন্তু করিছের (সম্ভবত গৃহ মন্ডলী) মন্ডলীতে ছিল যারা তাদের সমর্থক হিসাবে দাবী করতে তারা ছিল বিভক্ত।

■ “আপল্লো” ইনি ছিলেন মিসরের আলেকজান্দ্রিয়ার উচ্চ শিক্ষিত এবং সুবক্তা প্রচারক। তিনি করিছে ছিলেন (প্রেরিত ১৮:২৪-১৯:১), কিন্তু তিনি ফিরে যেতে অস্বীকার করেছিলেন (১ করি ১৬:১২)। তিনি ছিলেন কেবলমাত্র একজন নেতা যার দিকে মন্ডলী আকর্ষিত হয়েছিল।

■ “কৈফা” এটি হল গ্রীক নামের অরামিক সমরূপ, পিতর। এটা অনিশ্চিত যে পিতর কখনো করিছে গিয়েছেন কি না। যদি না যান, তবে এটি প্রতিফলিত করতে পারে “যিহুদী ধর্ম” গত দল (গালাতীয় এবং সম্ভবত ২ করিছীয়)।

■ “আমি খ্রীষ্টের” এটি অনিশ্চিত যদি এটি পৌলের নেতা-পরিচালিত দলভেদের প্রতিক্রিয়া কি না বা আর একটি বিভক্ত দল যারা দাবী করেছিল কেবলমাত্র খ্রীষ্টকে তাদের নেতা হিসাবে। রোমের Clement, যিনি করিছীয়দের ৯৫ খ্রীষ্টাব্দের দিকে লিখেছিলেন (অর্থাৎ, I Clem. 48) তিনি খ্রীষ্টের দল বলে কোন কিছু উল্লেখ করেন নাই, যদিও তিনি অন্যান্য বিরোধপূর্ণ দলের কথা উল্লেখ করেছিলেন। এটি এই দৃষ্টিভঙ্গিকে সমর্থন করে যে এটি হতে পারে পৌলের একটি আর্ন্তস্বর ছিল। তারা মানবিক নেতা বেছে নিতে, স্বীকার করতে এবং অনুসরণ করতে পারতো, কিন্তু তিনি উচ্ছে তুলে ধরেছেন এবং নিজেকে বলেছেন যে তিনি কেবলই খ্রীষ্টের!

অন্য পন্ডিতেরা মনে করেন যে এটি হতে পারে অন্য কোন একটি দল যারা যীশুর বিষয়ে বিশেষ জ্ঞান আছে বলে দাবী করে অথবা যীশুর কাছ থেকে বিশেষ প্রত্যাশা পেয়েছে অথবা যীশুর সাথে বিশেষ সম্পর্ক আছে (অর্থাৎ, একটি সম্ভ্রান্ত, কিন্তু আবার, এটি অনিশ্চিত এবং কেবলমাত্র অনুমান। প্রথম ও দ্বিতীয় শতকের মন্ডলী সম্পর্কে অনেক কিছু রয়েছে যা আমরা জানি না।

১:১৩ এই পদ লিপিবদ্ধ করেছে পৌলের হতবিস্মল প্রতিক্রিয়া। “খ্রীষ্ট কি বিভক্ত হয়েছেন?” এটি একটি PERFECT PASSIVE INDICATIVE, ইঙ্গিত দেয় যে করিছের এই বিভক্ত দলসমূহ দ্বারা খ্রীষ্ট বিভক্ত হয়েছেন এবং রয়েছেন তাদের আচার আচরণ এবং কাজের দ্বারা। যদি এটি কোন প্রশ্ন হয়, তাহলে “হ্যাঁ” উত্তরই প্রত্যাশিত।

প্যাপিরাসের পাণ্ডুলিপি যেটি লিখিত হয়েছিল ২০০ খ্রীষ্টাব্দের দিকে, এতে রয়েছে লেখনীগত পার্থক্য, “খ্রীষ্ট বিভক্ত হতে পারেন না” (কিন্তু এই প্যাপিরাস নষ্ট হয়ে গেছে এবং লেখনীটি অনিশ্চিত)। সবচেয়ে প্রাচীন এবং নির্ভরযোগ্য গ্রীক uncial পাণ্ডুলিপি α , A, B, C, D, F, এবং G, negative মুছে ফেলেছে, এইভাবে, এটি হয়েছে (১) একটি প্রশ্ন; (২) একটি হতবিস্মল চীৎকার; বা (৩) একটি মন্তব্য। UBS⁴ দিয়েছে সংক্ষিপ্ত লেখনীকে A রেটিং (নিশ্চিত)।

■ “পৌলকে কি তোমাদের জন্য ক্রুশে দেওয়া হয়েছিল? অথবা তোমরা কি পৌলের নামে বাপ্তিস্ম গ্রহণ করেছ?” এটি হল পৌলের খ্রীষ্টের সর্বোচ্চতা সম্পর্কে দৃঢ় মন্তব্য (অর্থাৎ, নিজেকে অবনত করেছিলেন) সম্ভবত বিভক্ত দলগুলির উদ্দেশ্যে অথবা অন্ততপক্ষে সেই দলের জন্য যে দলটি তার নামে চিহ্নিত। এই রূপক প্রশ্ন প্রত্যাশা করে “না” উত্তর।

১:১৪ “ক্রীস্প” এই হল সেই লোক যার উল্লেখ প্রেরিত ১৮:৮ পদে রয়েছে যিনি খ্রীষ্টকে গ্রহণ করেছিলেন এবং করিছের সমাজঘরের নেতা ছিলেন। প্রেরিত ১৮:৮ পদ আরও উল্লেখ করেছে যে তিনি পরিবারস্থ সকলের সঙ্গে একত্রে বাপ্তিস্ম গ্রহণ করেছিলেন (১ করি ১:১৬)। দৃশ্যত পৌল এই “পরিবারস্থ সকলকে” বাপ্তিস্ম দিয়েছিলেন। প্রাচীন জগতে যখন পরিবারের প্রধান ধর্মান্তরিত হতেন, সাধারণত সমগ্র পরিবারই ধর্মান্তরিত হতো। এর মধ্যে স্বাভাবিক ভাবেই অর্ন্তভুক্ত ছিল ছেলেমেয়েরা ও দাস দাসীগণ, অবশ্য যদি কেউ থাকতো। এ বিষয়ে আমার সম্পূর্ণ নোটের জন্য দেখুন প্রেরিত ১৬:৫ পদ, ওয়েবসাইট, www.freebiblecommentary.org.

■ “গায়” এই লোকটি হতে পারে সেই লোক যার কথা রোমীয় ১৬:২৩ পদে উল্লেখিত হয়েছে, যার গৃহে করিছের মণ্ডলী শিলিত হতো। তার সম্পূর্ণ রোমীয় নাম হতে পারে Gaius Titus Justus।

১:১৬ “স্তিফান” এই সেই ব্যক্তি যার নাম উল্লেখিত হয়েছে ১ করি ১৬:১৫, ১৭ পদে। তিনি তিনটি মণ্ডলীর যে কোন একটির সদস্য ছিলেন যিনি মণ্ডলী থেকে পত্র ইফিমে পৌলের কাছে নিয়ে গিয়েছিলেন। ভূমিকা দেখুন, ৬. ক।

১:১৭ “কারণ খ্রীষ্ট আমাকে বাপ্তিস্ম দিতে পাঠান নি, বরং সুখবর প্রচার করবার জন্যই পাঠিয়েছেন” এর অর্থ বাপ্তিস্মকে অশ্রদ্ধা করা নয় (মথি ২৮:১৯), কিন্তু করিছের মণ্ডলীর মধ্যে দলভেদের আত্মার প্রতি প্রতিক্রিয়া যা বেশ কিছু নেতাকে উচ্ছে তুলে ধরেছিল। যাহোক, এই মন্তব্য উল্লেখ করতে পারে যে বাপ্তিস্মকে অনুগ্রহের বাহন “পবিত্র ধর্মানুষ্ঠান” হিসাবে না দেখা। এটি বিশ্বাসকর যে কেউ কেউ পৌলের লেখনীকে পবিত্র ধর্মানুষ্ঠানের অর্থে ব্যাখ্যা করেছেন যখন তার সকল লেখার মধ্যে বিশেষ করে ১ করিছীয় ১১ অধ্যায়ে প্রভুর ভোজ একবার এবং রোমীয় ৬:১-১১ এবং কল ২:১২ পদে একবার করে দুইবার বাপ্তিস্মের কথা উল্লেখ করেছেন। যাহোক, বাপ্তিস্ম হল প্রতিটি বিশ্বাসীর জন্য ঈশ্বরের ইচ্ছা:

১. এটি যীশুর একটি উদাহরণ (মথি ৩:১৩-১৭)
২. এটি যীশুর একটি আদেশ (মথি ২৮:২৮-১০)
৩. এটি হল প্রত্যাশিত, স্বাভাবিক প্রক্রিয়া সকল বিশ্বাসীদের জন্য (রোমীয় ৬; প্রেরিত ২:৩৮)

আমি বিশ্বাস করি না যে এটি ঈশ্বরের বা আত্মার অনুগ্রহ লাভের জন্য একটি পথ। এটি এই ছিল যে নূতন বিশ্বাসীদের প্রকাশ্যে সুযোগ তাদের বিশ্বাসকে প্রকাশ্যে ও চূড়ান্ত ভাবে ঘোষণা করা। কোন নূতন নিয়মের বিশ্বাসী জিজ্ঞাসা করবে না, “উদ্ধার পেতে আমাকে কি অবশ্যই বাপ্তিস্ম নিতে হবে?” যীশু এটি নিয়েছেন! যীশু মণ্ডলীকে আদেশ দিয়েছেন এটি করতে! এটি করুন!

বিশেষ বিষয়: বাপ্তিস্ম (SPECIAL TOPIC: BAPTISM)

I. যিহূদীদের জীবনে বাপ্তিস্ম

ক. প্রথম ও দ্বিতীয় শতকে বাপ্তিস্ম যিহূদীদের মধ্যে একটি প্রচলিত ধর্মানুষ্ঠান ছিল।

১. মন্দিরে আরাধনার প্রস্তুতির জন্য (অর্থাৎ, শুচি হবার অনুষ্ঠান)
২. গ্রীক থেকে আগতদের স্ব-বাপ্তিস্ম

যদি পরজাতিদের প্রেক্ষাপট থেকে কেউ একজন পরিপূর্ণ ইস্রায়েলীয় সন্তান হয়ে উঠতে চাইতো, তাকে তিনটি কাজ সম্পন্ন করতে হতো:

- ক. তুকছেদ, যদি পুরুষ হয়
 - খ. জলে নিমজ্জমানের মাধ্যমে স্ব-বাপ্তিস্ম, তিনজন সাক্ষীর উপস্থিতিতে
 - গ. মন্দিরে বলি উৎসর্গ
৩. শুচি করার কাজ (লেবীয় ১৫)

প্রথম শতাব্দীর প্যালেস্টাইনের সাম্প্রদায়িক দলগুলি, যেমন Essenes, দৃশ্যত বাপ্তিস্ম ছিল একটি প্রচলিত নিয়ম, পুনরাবৃত্তিমূলক অভিজ্ঞতা। যদিও, মূলধারার যিহূদী ধর্মে, যোহনের মনপরিবর্তনার্থক বাপ্তিস্ম অব্রাহামের স্বাভাবিক সন্তানদের জন্য বিব্রত কর হতো পরজাতিদের গ্রহণযোগ্য ধর্মানুষ্ঠান সহ্য করা।

খ. কিছু পুরাতন নিয়মের উদাহরণ উল্লেখ করা হলো যেগুলি হতে আনুষ্ঠানিক বৌতকরণের জন্য।

১. আত্মিক শুদ্ধতার প্রতিক হিসাবে (যিশা ১:১৬)
২. যাজকদের দ্বারা সম্পাদিত নিয়মিত ধর্মানুষ্ঠান (যাত্রা ১৯:১০; লেবীয় ১৬)

এটি অবশ্যই উল্লেখ্য যে প্রথম শতকের যিহূদী সংস্কৃতির অন্য সব বাপ্তিস্ম ছিল স্ব-শাসিত। একমাত্র বাপ্তিস্মদাতা যোহনের বাপ্তিস্ম দানের আহবান তাকে অর্ন্তভুক্ত করেছে একজন মূল্যায়নকারী (মথি ৩:৭-১২) এবং এই মন পরিবর্তনের কাজের পরিচালক হিসাবে (মথি ৩:৬)।

II. মণ্ডলীতে বাপ্তিষ্ম

ক. ধর্মতত্ত্বগত উদ্দেশ্য

১. পাপের ক্ষমা - প্রেরিত ২:৩৮; ২২:১৬
 ২. পবিত্র আত্মা গ্রহণ করা - প্রেরিত ২:৩৮ (প্রেরিত ১০:৪৪-৪৮)
 ৩. খ্রীষ্টের সাথে ঐক্য- গালতীয় ৩:২৬-২৭
 ৪. মণ্ডলীর সদস্যপদ - ১ করি ১২:১৩
 ৫. এক আত্মিক পরিবর্তনের প্রতিক - ১ পিতর ৩:২০-২১
 ৬. এক আত্মিক মৃত্যু ও পুনরুত্থানের প্রতিক - রোমীয় ৬:১-৫
- খ. বাপ্তিষ্ম ছিল আদি মণ্ডলীর সুযোগ একজন ব্যক্তির প্রকাশ্য স্বীকারোক্তির (বা স্বীকার করা) জন্য। এটি ছিল/হয় না পরিব্রাণের পদ্ধতি, কিন্তু মৌখিক ভাবে বিশ্বাসের সম্মতির উপলক্ষ্য (অর্থাৎ, সম্ভবত, “যীশু হলেন প্রভু”)। মনে রাখুন আদি মণ্ডলীর কোন দালান ছিল না এবং তারা গৃহে মিলিত হত বা প্রায়ই অত্যাচারের কারণে একটি গোপন স্থানে মিলিত হতো।
- গ. অনেক ব্যাখ্যাকারক দাবী করেছেন যে ১ পিতর হল একটি বাপ্তিষ্ম মূলক প্রচার। যদিও এটি সম্ভব, এটি কেবল একমাত্র বিকল্প নয়। এটি সত্য যে পিতর প্রায়ই বাপ্তিষ্মকে ব্যবহার করেছেন বিশ্বাসে একটি গুরুত্বপূর্ণ কাজ হিসেবে (প্রেরিত ২:৩৮,৪১; ১০:৪৭)। যদিও, এটি ছিল/হয় না একটি ধর্মীয় অনুষ্ঠানের ঘটনা, কিন্তু একটি বিশ্বাসের ঘটনা, প্রতিকিকরণ করতে মৃত্যু, সমাধি, এবং পুনরুত্থানকে যেমন বিশ্বাসীরা খ্রীষ্টের নিজের অভিজ্ঞতার সাথে চিহ্নিত হতো (রোমীয় ৬:৭-৯; কলসীয় ২:১২)। এই কাজটি হল প্রতিকি, ধর্মানুষ্ঠান নয়; কাজটি হল ঘোষণা করার একটি অনুষ্ঠান, পরিব্রাণের কোন কৌশল নয়।

III. প্রেরিত ২:২৮ পদে বাপ্তিষ্ম এবং অনুতাপ

Curtis Vaughan এর, প্রেরিত পুস্তকে একটি আকর্ষণীয় পাদটীকা আছে ২৮ পৃষ্ঠায় যেটি প্রেরিত ২:৩৮ পদের সাথে সম্পর্কিত।

“বাপ্তিষ্মইজিত” এর জন্য গ্রীক শব্দ হল একটি third person imperative; “অনুতাপ”এর জন্য শব্দ হল second person imperative। এই পরিবর্তন বেশির ভাগ সরাসরি second person command থেকে কম সরাসরি “বাপ্তিষ্মইজিত”এর third person ইঙ্গিত দেয় যে পিতরের অনুতাপের জন্য মৌলিক প্রাথমিক দাবী।”

এটি অনুসরণ করে বাপ্তিষ্মদাতা যোহন (মথি ৩:২) এবং যীশুর (মথি ৪:১৭) প্রচারের উপরে গুরুত্ব দানের।

অনুতাপ মনে হয় একটি আত্মিক চাবি এবং বাপ্তিষ্ম হল একটি বহিস্থ অভিব্যক্তি এই আত্মিক পরিবর্তনের। নতুন নিয়ম অবাপ্তিষ্ম প্রাপ্ত বিশ্বাসীদের বিষয়ে কিছুই জানতো না! আদি মণ্ডলীর কাছে বাপ্তিষ্ম ছিল বিশ্বাসের প্রকাশ্য ঘোষণা। এটা হল খ্রীষ্টকে বিশ্বাসের প্রকাশ্য ঘোষণার অনুষ্ঠান, পরিব্রাণের জন্য কোন কৌশল নয়! এটা মনে রাখা প্রয়োজন যে পিতরের দ্বিতীয় প্রচারে বাপ্তিষ্মের কোন উল্লেখ ছিল না, যদিও অনুতাপ ছিল (প্রেরিত ৩:১৯; লুক ২৪:১৭)। বাপ্তিষ্ম ছিল যীশুর দ্বারা স্থাপিত একটি উদাহরণ (মথি ৩:১৩-১৮)। বাপ্তিষ্ম যীশু আদেশ করে গেছেন (মথি ২৮:১৯)। পরিব্রাণের জন্য বাপ্তিষ্মের প্রয়োজনীয়তার এই আধুনিক প্রশ্নটি নতুন নিয়মে বলা হয়নি; প্রত্যাশা করা হয় সকল বিশ্বাসী বাপ্তিষ্মইজিত হবে। যদিও, একজনকে অবশ্যই নিজেকে রক্ষা করতে হবে ধর্মানুষ্ঠানের কৌশলবাদ থেকে! পরিব্রাণের বিশ্বাসের বিষয়, কোন সঠিক স্থান, সঠিক শব্দ, সঠিক ধর্মানুষ্ঠানের বিষয় নয়!

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

NASB “তা ভাষার চতুরতায় নয়”

NKJV “তা ভাষার প্রজ্ঞায় নয়”

NRSV “তা প্রজ্ঞার বাগ্মিতায় নয়”

TEV “তা মানুষের ভাষার প্রজ্ঞা ব্যবহারে নয়”

NJB “তা ভাষার প্রজ্ঞার উপায়ে নয়”

টার্ম *sophia* (অর্থাৎ, চতুরতা বা প্রজ্ঞা) ১ করি ১:১৭-২৪ পদে ব্যবহৃত হয়েছে মানবিক বিবেচনায় (অর্থাৎ, জাগতিক প্রজ্ঞা, মানবিক প্রজ্ঞা, পতিত প্রজ্ঞা)। মানবিক বাগ্মিতা এবং/বা প্রজ্ঞা কখনই খ্রীষ্টের অন্যের জন্য মৃত্যুর বিষয়ে ঈশ্বরের সুখবরের জায়গা নিতে পারে না (অর্থাৎ, যিশা ৫৩; মার্ক ১০:৪৫; ২ করি ৫:২১)। বার্তায় রয়েছে শক্তি, কিন্তু বার্তাবাহকে নয় (অর্থাৎ, এমনকি পৌলের মধ্যেও নয়, ২ করি ১০:১০; ১১:৬)। মণ্ডলীর একটি অংশ ভাষার কাব্যরসের বিষয়ে নিজেদের গর্বিত মনে করতো (দেখুন Bruce W. Winter, *Philo and Paul Among the Sophists*)। একদল যিহুদী মনোভাব সম্পন্ন ডাক্তার শিক্ষক পরবর্তীকালে করিছে আসবে এবং ২ করি ১০-১৩ অধ্যায়ে পৌলকে তার কথায় কাব্যরসের দক্ষতার অভাব হেতু আক্রমণ করবে। কোন মানুষই ঈশ্বরের সামনে গৌরবান্বিত হতে পারে না (১ করি ১:২৯; ইফি ২:৯)।

■ “যেন খ্রীষ্টের ক্রুশীয় মৃত্যু নিষ্ফল হয়ে না পড়ে” যদি মানুষ তাদের নিজেদের কাজ বা মেধা দিয়ে রক্ষা করতে পারতো, তাহলে খ্রীষ্টের মৃত্যুর কোন দরকারই ছিল না! কিন্তু, তারা পারবে/পারে না! ক্রুশের শক্তি হল খ্রীষ্টের মধ্যে দিয়ে ঈশ্বরের সম্পূর্ণ উপায়। এই পৃথিবী রক্ষা করার জন্য যা কিছু দরকার ছিল তার সব কিছুই করা হয়েছে, সম্পূর্ণ হয়েছে, এবং তা সুপ্রাপ্য খ্রীষ্টের জীবন, শিক্ষায়, মৃত্যুতে, পুনরুত্থানে, স্বর্গারোহনে, এবং দ্বিতীয় আগমনে, এতেই মানুষ কেবলমাত্র বিশ্বাসে সাড়া প্রদান/গ্রহণ করতে পারে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ১:১৮-২৫

^{১৮} কারণ যারা ধ্বংসের পথে যাচ্ছে তাদের কাছে খ্রীষ্টের সেই ক্রুশীয় কথা মূর্খতা ছাড়া আর কিছুই নয়, কিন্তু আমরা যারা পাপ থেকে উদ্ধারের পাচ্ছি আমাদের কাছে তা ঈশ্বরের শক্তি। ^{১৯} কারণ লেখা আছে,

“আমি জ্ঞানীদের জ্ঞান নষ্ট করব,
বুদ্ধিমানদের বুদ্ধি বিফল করব।”

^{২০} কিন্তু জ্ঞানী লোক কোথায়? অধ্যাপকই বা কোথায়? এই যুগের তর্ককারীরা কোথায়? এই জগতের জ্ঞান যে কেবল মূর্খতা তা কি ঈশ্বর দেখান নি? ^{২১} কারণ, ঈশ্বর তাঁর নিজের জ্ঞানে স্থির করেছেন বলেই জগৎ তার নিজের জ্ঞান দিয়ে ঈশ্বরকে জানতে পারে নি, এইজন্য সুখবরের মূর্খতা দিয়ে পাপ থেকে বিশ্বাসীদের উদ্ধার করা ঈশ্বর ভাল মনে করলেন। ^{২২} কারণ যিহুদীরা চিহ্ন হিসাবে আর্চব কাজ দেখতে চায় ও গ্রীকেরা জ্ঞানের খোঁজ করে; ^{২৩} কিন্তু আমরা ক্রুশে দেওয়া খ্রীষ্টের কথা প্রচার করি, তিনি যিহুদীদের কাছে একটা বাধা আর অযিহুদীদের কাছে মূর্খতার মত, ^{২৪} কিন্তু যিহুদী ও গ্রীক, ঈশ্বর যাদের ডেকেছেন, তাদের কাছে সেই খ্রীষ্টই ঈশ্বরের শক্তি আর ঈশ্বরের জ্ঞান। ^{২৫} কারণ ঈশ্বরের যা মূর্খতা তা মানুষের জ্ঞানের চেয়ে অনেক বেশী জ্ঞানপূর্ণ, আর যা দুর্বলতা বলে মনে হয় তা মানুষের শক্তির চেয়ে অনেক বেশী শক্তিপূর্ণ। (অনুবাদকৃত টেক্সট)।

১:১৮ “ক্রুশের কথার জন্য” এই “কথা” (অর্থাৎ, *logos*) পৌলের প্রচারের বিষয়বস্তুর সাথে সম্পর্কিত (১ করি ১:১৭ এবং ২৩)। সাধারণত পৌল তার প্রচারে খ্রীষ্টের ক্রুশবিদ্ধকরণ ও পুনরুত্থান উভয়ের উপরেই জোর দিয়েছেন। কিন্তু এই প্রসঙ্গে তিনি লক্ষ্য রেখেছেন ক্রুশবিদ্ধকরণ (আদি ৩:১৫; গীত ২২; যিশা ৫৩; সখরিয় ৯-১৪) এবং এর ফলাফলের উপরে (১ করি ১:৩০)।

NASB, NKJV,

NRSV “মূর্খতা”

TEV “নির্বুদ্ধিতা”

NJB “বোকামী”

এই গ্রীক শব্দ ইংরাজিতে এসেছে “অত্যন্ত মূর্খ ব্যক্তি” হিসাবে। পৌলের পতিত মানুষের প্রজ্ঞার বর্ণনায় এটি একটি মূল উপাদান (১ করি ১:১৮, ২১, ২৩, ২৫), এছাড়াও লক্ষ্য করুন ১ করি ২:১৪; ৩:১৮-১৯; ৪:১০ পদ। সুসমাচার ঈশ্বরের কাছ থেকে প্রকাশিত (অর্থাৎ, আত্ম প্রকাশ) হয়েছে, এটি মানুষের কোন আবিষ্কার নয়!

□ “যারা ধ্বংসের পথে যাচ্ছে তাদের কাছে, কিন্তু আমরা যারা পাপ থেকে উদ্ধারের পাচ্ছি আমাদের কাছে তা ঈশ্বরের শক্তি” এগুলি হল দুটি PRESENT PARTICIPLES। প্রথমটি হল PRESENT MIDDLE PARTICIPLE এবং দ্বিতীয়টি হল PRESENT PASSIVE PARTICIPLE। দেখুন বিশেষ বিষয়: পরিত্রাণের জন্য ব্যবহৃত গ্রীক VERB TENSES, পৃ.৮৯; (SPECIAL TOPIC: SALVATION (GREEK VERB TENSES, See page 89) ১ করি ৩:১৫ পদে। কেবলমাত্র দুই ধরণের মানুষ: তারা যারা ধ্বংসের পথে যাচ্ছে আর তারা যারা উদ্ধার পাচ্ছে (২ করি ২:১৫; ৪:৩)। টার্ম “ধ্বংস হচ্ছে” অর্থ সম্পূর্ণ নিশ্চিহ্ন হয়ে যাওয়া নয়, কিন্তু স্থায়ী ভাবে ঈশ্বরের সহভাগিতা হারান, যার জন্য তাদের সৃষ্টি করা হয়েছিল। দেখুন বিশেষ বিষয়: ১ করি ১:২৮ পদে। আধুনিক ব্যাখ্যাকারকেরা ইব্রীয় কঠোর বচনের পরিবর্তে নরম বচন নিয়েছেন এবং সেগুলিকে আক্ষরিক করেছেন। দুটি উদাহরণ হল:

১. “মৃত্যুমান”= মৃত্যু, পুনরুত্থান পর্যন্ত অচেতন নয়
২. “ধ্বংস”= আত্মিক ভাবে হারিয়ে যাওয়া, সম্পূর্ণ ধ্বংস নয়

অনেকে বলে থাকেন যে সম্পূর্ণ ধ্বংস (অর্থাৎ, জীবন রহিতকরণ) সম্পূর্ণ নরকের চাইতে অনেক বেশি সহানুভূতিপূর্ণ (Fudge, *The Fire That consumes*)। সমস্যা উদ্ভিত হয়েছে যখন একই শব্দ ব্যবহৃত হয়েছে নরক বর্ণনায় স্বর্গ বর্ণনায় (অর্থাৎ, “অনন্তকালীন,” মথি ২৫:৪৬) এবং দ্বৈত পুনরুত্থান উল্লেখ হয়েছে যেমন দানিয়েল ১২:২; যোহন ৫:২৮-২৯; এবং প্রেরিত ২৪:১৫ পদ। তথাপিও ঈশ্বর কখনই লোকদের নরকে পাঠান না, কিন্তু তাদের নিজেদের প্রত্যাখ্যান (১) যে আলো তারা পেয়েছে (অর্থাৎ, গীত ১৯:১-৬; রোমীয় ১-২) বা (২) সুসমাচার (অর্থাৎ, ক্ষমাহীন পাপ এবং মৃত্যুজনক পাপ এবং অবিশ্বাসের পাপ)। এই জীবনে অবিশ্বাস অনন্তজীবন প্রভাবিত করে।

নূতন নিয়ম বর্ণনা করেছে পরিত্রাণকে এই হিসাবে

১. অতীতের চূড়ান্ত ইচ্ছামূলক কাজ (অর্থাৎ, AORIST TENSE, প্রেরিত ১৫:১১; রোমীয় ৮:২৪; ২ তীম ১:৯; তীত ৩:৫)
২. একটি প্রক্রিয়া যেটি অবিরত জীবনে চলমান (অর্থাৎ, PRESENT TENSE, ১ করি ১:১৮; ১৫:২; ২ করি ২:১৫)
৩. একটি অতীতের ঘটনা যেটি একটি সত্তার মর্যাদা পেয়েছে (অর্থাৎ, PERFECT TENSE, ইফি ২:৫-৮)
৪. ভবিষ্যতে সুসম্পূর্ণ করা (অর্থাৎ, FUTURE TENSE, রোমীয় ৫:৯,১০; ১০:৯; ১৩:১১; ১ করি ৩:১৫; ফিলি ১:২৮; ১ থি ৫:৮-৯; ইব্রীয় ১:১৪; ৯:২৮)

এর যে কোন একটিকে আলাদা করার ধর্মতাত্ত্বিক বিপদ যেমন “the” পরিত্রাণের মূল বিষয়। আমাদের সব সময়ই পাহারা দিতে হবে খুব সহজ বিশ্বাসবাদে যেটি কেবলমাত্র আরম্ভের কাজে জোর দান করে বা সিদ্ধতাবাদে যেটি জোর দান করে কেবলমাত্র উৎপন্ন ফলে। পরিত্রাণ হল খ্রীষ্টে ঈশ্বরের দানে একটি প্রারম্ভিক, ইচ্ছুক সাড়া দান যেটির বিষয় প্রতিনিয়ত খ্রীষ্ট সাদৃশ্যতা। এটি কেবলমাত্র একজন ব্যক্তিশ্বেগতম জানান নয়, কিন্তু একটি বার্তা একজন ব্যক্তির সম্বন্ধে যাকে গ্রহণ করতে হবে, এবং একটি জীবন যাপনের জন্য সেই লোকের জীবন অনুকরণ করা। এটি কোন উৎপন্ন দ্রব্য নয়, কোন জীবন বীমা পলিসি নয়, স্বর্গে যাবার কোন টিকিট নয়, কিন্তু যীশুর সাথে ক্রমবর্ধমান প্রতিদিনকার সম্পর্ক। নূতন নিয়ম জোর দেয় না সিদ্ধান্ত গ্রহণ করার, কিন্তু শিষ্য হবার (মথি ২৮:১৯-২০)।

প্রকৃত রহস্য এটি যে যখন সুসমাচার উপস্থাপিত হয়, কেউ কেউ বলেন, “হ্যা” এবং তারা রক্ষা পায়, কিন্তু কেউ কেউ বলেন “না” এবং তাদের বিদ্রোহ পুনঃনিশ্চিত হয় (লুক ২:৩৪; যোহন ৯:৩৯; ১ পিতর ২:৭)। এটি আমাকে অবাধ করে নাই যে লোকেরা হ্যা বলে, কিন্তু আমি যাতে আমোদিত তাহল

১. ঈশ্বরের আকাংখ্যা সকলে যেন উদ্ধার পায়
২. খ্রীষ্টের সুসম্পূর্ণ কাজ
৩. আত্মার সাথহে অন্বেষণ
৪. মানবতার দোষানুভূতি
৫. ঈশ্বরবিহীন মানবের উদ্দেশ্যহীন জীবন

এই লোকেরা বলে “না”! এটাই হল নির্বাচনের রহস্য (২ করি ৩:১৪; ৪:৪; ১১:৩)।

■ “ঈশ্বরের শক্তি” সুসমাচার হল ঈশ্বরের শক্তি (১ করি ১:২৪; রোমীয় ১:১৬)। সুসমাচার প্রকাশিত এবং ঈশ্বরের শক্তির পথ। এটি বিশ্বাস উৎপন্ন করে। এটি মন পরিবর্তন উৎপন্ন করে। এটি প্রজ্ঞা, ধার্মিকতা, পবিত্রতা, এবং পরিত্রাণ উৎপন্ন করে (১ করি ১:৩০)। ত্রুশের কথা প্রচার এই সব কাজ করে। লিখিত বাক্যের পিছনে এটি ঈশ্বরের শক্তি (অর্থাৎ, বাইবেল), জীবন্ত বাক্য (অর্থাৎ, খ্রীষ্ট), প্রচারিত বাক্য (অর্থাৎ, সুসমাচার), এবং প্রতিষ্ঠিত বাক্য (অর্থাৎ, খ্রীষ্টসাদৃশ্যতা/ঈশ্বরের রাজ্য)।

১:১৯ এটি যিশা ২৯:১৪ পদের একটি উদ্ধৃতি। এটি পুরাতন নিয়মের একই ধরনের সমান্তরালের একটি উদাহরণ। জোর দেওয়া হয়েছে যে ঈশ্বর ছাড়া মানবিক প্রজ্ঞা হল বোকামী (যিশা ২৯:১৩; উপ ১:১২-১৮; ১২:১২)।

■ “ধংস” এটি পুরাতন নিয়মের উদ্ধৃতির একটি অংশ (অর্থাৎ, যিশা ২৯:১৪)। দেখুন বিশেষ বিষয়: *Apollumi* ১ করি ৮:১১ পদে।

১:২০ এটি একটি তালিকা মানবিক যুক্তিবাদীদের (অর্থাৎ, যিহুদী এবং পরজাতি)। এটা হতে পারে LXX এর (*Jerome Biblical Commentary*, p. 257) যিশা ৩৩:১৮ পদের একটি পরোক্ষ উল্লেখ। মানুষ কখনই সুসমাচার আবিষ্কার করতে পারে না। এটি ঈশ্বরের নিগূঢ় তত্ত্ব যা যুগের কাছ থেকে গোপন রাখা হয়েছে (ইফি ২:১১-৩:১৩)। ঈশ্বরের পরিকল্পনা এবং যোগান মনে হয় মুখতা কারণ তা অবমূল্যায়ন করে মানবিক যোগ্যতা ও প্রজ্ঞা।

■ “এই যুগের. . . জগতের” এই দুটি শব্দগুচ্ছ প্রতিফলিত করে একই ধারণা যা হল সময়ের এই কাল পতিত হয়েছে। এটি ঈশ্বরের পরিকল্পিত জগত নয়, কিন্তু সুসমাচার এই পতিত জগতকে ঈশ্বরের সৃষ্টির পরিকল্পিত উদ্দেশ্যের দিকে রূপান্তর করবে (অর্থাৎ, আদি ১-২ এবং প্রকাশিত বাক্য ২১-২২ অধ্যায়)।

টার্ম “জগৎ” নতুন নিয়মে দুটি অর্থ ব্যবহৃত হয়েছে: (১) বাস্তব পৃথিবী (যোহন ২:১৬) এবং (২) পতিত মানব সমাজ সংগঠিত ও কাজ করে যাচ্ছে ঈশ্বরকে বাদ দিয়ে (যাকোব ১:২৭; ৪:৪; ১ যোহন ২:১৫-১৭)। পৌলের লেখনীতে ইব্রীয় টার্ম *'olam*, গ্রীকে অনুবাদিত হয়েছে *aiōn*, এবং *kosmos* এর সাথে একই রকম অর্থে এসেছে (১ করি ১:২০; ২:৬; ৩:১৯; ইফি ২:২)। *Kosmos* এর জন্য দেখুন বিশেষ বিষয়: পৌলের *Kosmos* (জগৎ) ব্যবহার ১ করি ৩:২১-২২।

বিশেষ বিষয়: এই যুগ এবং যে যুগ আসছে

(SPECIAL TOPIC: THIS AGE AND THE AGE TO COME)

পুরাতন নিয়মের ভাববাদীরা ভবিষ্যতকে দেখতেন বর্তমানের সম্প্রসারণ হিসেবে। তাদের কাছে ভবিষ্যত হবে ভৌগোলিক ইস্রায়েলের পুনঃস্থাপন। যদিও, তারা একে দেখেছিল নতুন দিন হিসেবেও (যিশা ৬৫:১৭; ৬৬:২২)। আব্রাহামের বংশধরদের ইচ্ছাকৃতভাবে YHWH -কে অবিরত প্রত্যাখ্যানের (এমনকি নির্বাসনের পরেও) সাথে একটি নতুন নমুনার উদ্ভব হয় যিহুদী দুই নিয়মের মধ্যবর্তী সময়কালের রহস্য উদঘাটন মূলক সাহিত্যে (অর্থাৎ, I Enoch, IV Ezra, II Baruch)। এই লেখাগুলি দুই যুগের মধ্যে পার্থক্য করে: একটি বর্তমান মন্দ যুগ শয়তানের দ্বারা শাসিত এবং আত্মা দ্বারা শাসিত এবং মশীহের প্রায়ই একটি গতিশীল যোদ্ধা দ্বারা উৎসর্গীকৃত একটি ধার্মিকতার আসন্ন যুগ।

ধর্মতত্ত্বের (eschatology) এই ক্ষেত্রে একটি সুস্পষ্ট উন্নয়ন আছে। ধর্মতত্ত্ববিদেরা এটিকে বলে “অগ্রগামী প্রকাশ।” নতুন নিয়ম দাবী করে এই নতুন বিশ্বজনীন দুই যুগের বাস্তবতা (অর্থাৎ, ইহলৌকিক দৈত্ববাদ)।

যীশু	পৌল	ইব্রীয় (পৌল)
মথি ১২:৩২; ১৩:২২, ৩৯	রোমীয় ১২:২	ইব্রীয় ১:২; ৬:১৫; ১১:৩
মার্ক ১০:৩০	১ করি ১:২০; ২:৬, ৮; ৩:১৮	

লুক ১৬:৮; ১৮:৩০;
২০:৩৪-৩৫

২ করি ৪:৪

গালা ১:৪
ইফি ১:২১; ২:২,৭;
৬:১২
১ তীম ৬:১৭
২ তীম ৪:১০
তীত ২:১২

নতুন নিয়মের ধর্মতত্ত্বে এই দুই যিহুদী যুগ ছাপিয়ে যাওয়া হয়েছে কারণ মশীহের দুটি আগমনের অপ্রত্যাশিত এবং দৃষ্টি উপেক্ষিত ভবিষ্যতবাণী। যীশুর দেহধারণ পরিপূর্ণ করেছে নতুন যুগের উৎসর্গের পুরাতন নিয়মের বেশিরভাগ ভবিষ্যতবাণীগুলির (দানি ২:৪৪-৪৫)। যদিও, পুরাতন নিয়মও তাঁর আগমনকে দেখেছে বিচার এবং বিজয়ী হিসেবে, তবুও তিনি প্রথমে এসেছেন কষ্টভোগকারী দাস (যিশা ৫৩, সখরিয় ১২:১০), নশ্র এবং নত (সখরিয় ৯:৯) হিসেবে। তিনি ক্ষমতা সহকারে ফিরে আসবেন যেভাবে পুরাতন নিয়ম ভবিষ্যতবাণী করেছে (প্রকাশিত ১৯)। এই দুই-ধাপের পরিপূর্ণতার কারণে স্বর্গরাজ্য উপস্থিত হবে (উৎসর্গকরণ), কিন্তু ভবিষ্যত (সম্পূর্ণভাবে নিঃশেষিত হবে না)। এটাই হল ইতিমধ্যে নতুন নিয়মের উত্তেজনা, কিন্তু এখনই নয়!

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “এই জগতের জ্ঞান যে কেবল মূর্খতা তা কি ঈশ্বর দেখান নি” ব্যকরণ দেখায় যে পৌল প্রত্যাশা করছেন “হ্যা” উত্তরের।

১:২১ “কারণ, ঈশ্বর তাঁর নিজের জ্ঞানে” এটি হতে পারে হিতোপদেশ ৮:২২-৩১ পদের একটি পরোক্ষ উল্লেখ, যেমন যোহন ১:১-৫, ৯-১৪ পদ। এটি আরও উল্লেখ করছে ঈশ্বরের পতিত মানবতার পরিত্রাণের পরিকল্পনা। সৃষ্টির পূর্বেই পরিত্রাণ পরিকল্পিত ছিল ঈশ্বরের হৃদয়ে (মথি ২৫:৩৪; প্রেরিত ২:২৩; ৩:১৮; ৪:২৮; ১৩:২৯; ইফি ১:৪; ১ পিতর ১:১৯-২০; প্রকা ১৩:৮)। এই পরিকল্পনায় অর্ন্তভুক্ত রয়েছে

১. মানুষের পতনের বিষয়ে পূর্বজ্ঞান
২. মানুষের ঈশ্বরের প্রকাশিত ইচ্ছার অনুশীলন করার অক্ষমতা (দি বি ৩১:২৭-২৯; যিহো ২৪:১৯; গালা ৩)
৩. খ্রীষ্টে ঈশ্বরের যোগান (অর্থাৎ, নতুন নিয়ম, যির ৩১:৩১-৩৪; যিহি ৩৬:২২-৩২)
৪. ঈশ্বরের পরিবারে খ্রীষ্টে বিশ্বাসের মাধ্যমে যিহুদী ও পরজাতিয়দের নিমন্ত্রণ (১ করি ১:২১; ইফি ২:১১-৩:১৩)

বিশেষ বিষয়: YHWH এর অনন্তকালীণ পরিত্রাণ পরিকল্পনা (SPECIAL TOPIC:YHWH's ETERNAL REDEMPTIVE PLAN)

আমি অবশ্যই স্বীকার করছি পাঠক আপনাকে যে আমি এই অংশে পক্ষপাতমূলক হয়েছি। আমার পদ্ধতিমূলক ধর্মতত্ত্ব Calvinism বা Dispensationalism নয়, কিন্তু এটি মহান আদেশের সুসমাচার প্রচার তত্ত্ব (মথি ২৮:১৮-২০; লুক ২৪:৪৬-৪৭; প্রেরিত ১:৮)। আমি বিশ্বাস করি ঈশ্বরের একটি অনন্তকালীণ পরিকল্পনা আছে সকল মানবজাতির উদ্ধারের জন্য (অর্থাৎ, আদি ৩:১৫; ১২:৩; যাত্রা ১৯:৫-৬; যির ৩১:৩১-৩৪; যিহি ১৮; ৩৬:২২-৩৯; প্রেরিত ২:২৩; ৩:১৮; ৪:২৮; ১৩:২৯; রোমীয় ৩:৯-১৮; ১৯-২০,২১-৩১), তাদের সকলের যারা সৃষ্টি হয়েছে তাঁর নিজের প্রতিমূর্তি ও সাদৃশ্যে (আদি ১:২৬-২৭)। ব্যবস্থা খ্রীষ্টেতে একত্রিত (গালা ৩:২৮-২৯; কলসীয় ৩:১১)। যীশু হলেন ঈশ্বরের নিগূঢ় তত্ত্ব, গোপনীয় ছিল কিন্তু এখন প্রকাশিত (ইফি ২:১১-৩:১৩)! নতুন নিয়মের সুসমাচার, ইশ্রায়েল নয়, হল শাস্ত্রাংশের চাবি।

এই পূর্ব উপলব্ধি আমার শাস্ত্রাংশের সকল ব্যাখ্যাকে রঙ্গীন করে। আমি সকল শাস্ত্র এর মধ্য দিয়ে পড়ি! এটি স্পষ্টই একটি পক্ষপাত (সকল ব্যাখ্যাকারীদের এটি আছে!), কিন্তু এটা হল একটি একটি শাস্ত্রীয়-তথ্যমূলক পূর্বধারণা।

আদি ১-২ অধ্যায়ের লক্ষ্য YHWH সৃষ্ট একটি স্থান যেখানে তিনি এবং তাঁর সর্বোচ্চ সৃষ্টি, মানবজাতি, সহভাগিতা করতে পারে (আদি ১:২৬,২৭; ৩:৮)। বাস্তব সৃষ্টি হল একটি মঞ্চ এই আন্ত-ব্যক্তিগত স্বর্গীয় বিষয়সূচির।

১. St. Augustine বৈশিষ্ট্যময় করেছেন একে প্রতিটি মানুষের মধ্যে একটি স্বর্গীয়-আকৃতির গর্ত হিসাবে যা কেবল ঈশ্বর নিজের দ্বারাই পূর্ণ করতে পারেন।
২. C.S. Lewis এই জগতকে বলেছেন “স্পর্শ কাতর জগত” (অর্থাৎ, মানুষের জন্য ঈশ্বরের দ্বারা প্রস্তুতকৃত)।

পুরাতন নিয়মে এই স্বর্গীয় বিষয়সূচির অনেক ইঙ্গিত আছে।

১. আদিপুস্তক ৩:১৫ পদ হল প্রথম প্রতিজ্ঞা যে YHWH কখনো মানবজাতিকে পাপ এবং বিদ্রোহের চরম বিশৃঙ্খলায় রাখবেন না। এটি ইশ্রায়েলকে উল্লেখ করে না কারণ সেখানে কোন ইশ্রায়েল নেই, বা ব্যবস্থার লোক, আদিপুস্তক ১২ অধ্যায়ে আব্রাহামের আহ্বানের পূর্ব পর্যন্ত।
২. আদিপুস্তক ১২:১-৩ পদ হল YHWH এর অব্রাহামের প্রতি প্রারম্ভিক আহ্বান এবং প্রকাশ যেটি হয়ে উঠবে নিয়মের জাতি, ইশ্রায়েল। কিন্তু

এই প্রাথমিক আহ্বানেও, ঈশ্বরের সমগ্র জগতের প্রতি দৃষ্টি আছে। লক্ষ্য করুন আদি ১২:৩ পদ!

৩. যাত্রাপুস্তক ২০ (দ্বিতীয় বিবরণ ৫) অধ্যায়ে YHWH তাঁর ব্যবস্থা দেন মোশীকে তাঁর বিশেষ লোকদের পরিচালনা করতে। লক্ষ্য করুন যে যাত্রা ১৯:৫-৬ পদে, YHWH মোশীর কাছে প্রকাশ করেছেন ইস্রায়েল অদ্বিতীয় সম্পর্ক লাভ করবে। কিন্তু আরও লক্ষ্য করুন যে তারা ছিল বাছাইকৃত, অব্রাহামের মত, জগতকে আর্শীবাদ করতে (যাত্রা ১৯:৫, “কেননা সমস্ত পৃথিবী আমার”)। ইস্রায়েল ছিল জাতিরা যেন YHWH কে জানতে পারে ও তাঁর প্রতি আকৃষ্ট হয় সেজন্য একটি কৌশল। দুঃখজনকভাবে তারা বিফল হয়েছিল (যিহি ৩৬:২২-৩৮)।
৪. ১ রাজাবলী ৮ অধ্যায়ে শলোমন মন্দিরকে উৎসর্গ করেছিলেন যেন সবাই YHWH এর কাছে আসতে পারে (১ রাজা ৮:৪৩,৬০)।
৫. গীতসংহিতায়- ২২:২৭-২৮; ৬৬:৪; ৮৬:৯ (প্রকা ১৫:৪)
৬. ভাববাদীদের মধ্য দিয়ে YHWH অবিরত তাঁর সার্বজনীন মুক্তির পরিকল্পনা প্রকাশ করেছেন।
 - ক. যিশাইয়- ২:২-৪; ১২:৪-৫; ২৫:৬-৯; ৪২:৬,১০-১২; ৪৫:২২; ৪৯:৫-৬; ৫১:৪-৫; ৫৬:৬-৮; ৬০:১-৩; ৬৬:১৮,২৩
 - খ. যিরমিয় ৩:১৭; ৪:২; ১৬:১৯
 - গ. মীখা ৪:১-৩
 - ঘ. মালাখী ১:১১

এই সার্বজনীন গুরুত্ব দান সহজতর করা হয়েছে “নতুন ব্যবস্থা”র আর্বিভাবের দ্বারা (যির ৩১:৩১-৩৪; যিহি ৩৬:২২-৩৮), যেটি লক্ষ্য দিয়েছে YHWH এর দয়ার উপর, পতিত মানবজাতির কার্যক্রমে নয়। সেখানে একটি “নতুন হৃদয়,” একটি “নতুন মন,” এবং একটি “নতুন আত্মা” আছে। বাধ্যতা আবশ্যকীয় কিন্তু এটি হল অভ্যন্তরীণ, বাহ্যিক নিয়মাবলী নয় (রোমীয় ৩:২১-৩১)।

নতুন নিয়ম স্পষ্টভাবে শক্তিশালী করেছে সার্বজনীন মুক্তির পরিকল্পনাটি কয়েকটি উপায়ে।

১. মহান আদেশ - মথি ২৮:১৮-২০; লুক ২৪:৪৬-৪৭; প্রেরিত ১:৮
২. ঈশ্বরের অভ্যন্তরীণ পরিকল্পনা (অর্থাৎ, পূর্ব পরিকল্পিত) - লুক ২২:২২; প্রেরিত ২:২৩; ৩:১৮; ৪:২৮; ১৩:২৯
৩. ঈশ্বর চান সকল মানবজাতিকে রক্ষা করতে - যোহন ৩:১৬; ৪:৪২; প্রেরিত ১০:৩৪-৩৫; ১ তীম ২:৪-৬; তীত ২:১১; ২ পিতর ৩:৯; যোহন ২:২; ৪:১৪
৪. খ্রীষ্ট পুরাতন নিয়ম এবং নতুন নিয়ম একত্রিত করেছেন - গালা ৩:২৮-২৯; ইফি ২:১১-৩:১৩; কল ৩:১১। সকল মানব বাধা এবং পার্থক্য সরিয়ে ফেলা হয়েছে খ্রীষ্টতে। যীশু হলেন “ঈশ্বরের নিগূঢ় তত্ত্ব,” গোপন ছিল কিন্তু এখন প্রকাশিত (ইফি ২:১১-৩:১৩)।

নতুন নিয়ম গুরুত্ব দেয় যীশুতে, ইস্রায়েলে নয়। সুসমাচার, একটি জাতি নয় বা ভৌগোলিক অঞ্চল নয়, এটি কেন্দ্রীয়। ইস্রায়েল ছিল প্রথম প্রকাশ কিন্তু যীশু হলেন চূড়ান্ত প্রকাশ (মথি ৫:১৭-৪৮)।

আমি আশা করি আপনারা সময় বের করবেন পড়ার জন্য [\(বিশেষ বিষয়: কেন পুরাতন নিয়মের চুক্তির প্রতিজ্ঞা মনে হয় নতুন নিয়মের চুক্তির প্রতিজ্ঞা থেকে একেবারে আলাদা \(Special Topic: Why Do OT Covenant Promises Seem So Different from NT Covenant Promises \)](#)। আপনারা এটি পাবেন অনলাইনে www.freebiblecommentary.org।

Copyright © 2014 [Bible Lessons International](#)

■ “ঈশ্বরকে জানতে পারে নি” গ্রীকেরা বিশ্বাস করতো না যে ঈশ্বরকে জানা সম্ভব। তাদের দেবতাদের মানবিক দুর্বলতা ছিল এবং এই জগতের সঙ্গে অর্ন্তভুক্ত ছিল না। পতিত মানব কখনই ঈশ্বরকে আবিষ্কার করতে পারে না, কিন্তু ঈশ্বর মনোনীত করেছিলেন খ্রীষ্টের মাধ্যমে নিজেকে প্রকাশ করতে, (অর্থাৎ, জীবন্ত বাক্য) এবং বাইবেলের মাধ্যমে (অর্থাৎ, লিখিত বাক্য), সেই সাথে পরিত্রাণপ্রাপ্ত মানবের মাধ্যমে (অর্থাৎ, প্রতিষ্ঠিত বাক্য)!

■ “এইজন্য সুখবরের মূর্ততা ঈশ্বর ভাল মনে করলেন” এটি কোন উপস্থাপনা নয়, কিন্তু সুসমাচারের বিষয়বস্তু যা পতিত মানবের কাছে মূর্ততা (১ করি ২:১৪)।

■ “বিশ্বাসীদের উদ্ধার করা” এটি একটি AORIST ACTIVE INFINITIVE যার আগে এসেছে PRESENT ACTIVE PARTICIPLE। এটি হল সুসমাচার ঘোষণার মূল উপাদান! টার্ম “উদ্ধার” পুরাতন নিয়মে ব্যবহৃত হয়েছে দৈহিক উদ্ধারের জন্য, কিন্তু নতুন নিয়মে এটি ব্যবহৃত হয়েছে আত্মিক ক্ষমা ও গ্রহণের জন্য। খ্রীষ্টের মাধ্যমে আমাদের ঈশ্বরের কাছে গ্রহণযোগ্যতা একটি সম্পূর্ণ সত্য, কিন্তু আমাদের দিক থেকে এটি হল অবিরত নিয়মের সম্পর্ক। ঈশ্বর ও মানুষের সব যোগাযোগ হল নিয়ম ভিত্তিক। ঈশ্বর সব সময় নিয়ম শুরু করেন এবং এর আবশ্যকীয় উপাদান নির্ণয় করেন, তিনি মনোনীত করেছেন যে আমাদের অবশ্যই ব্যক্তিগত ভাবে সাড়া প্রদান করতে হবে এবং অবিরত সাড়া প্রদান করে যেতে হবে। দেখুন বিশেষ বিষয় ১ করিছীয় ৩:১৫ পদে।

বিশেষ বিষয়: ধৈর্যধারণ
(SPECIAL TOPIC: PERSEVERE)

খ্রীষ্টিয় জীবনের সঙ্গে সংযুক্ত বাইবেলের মতবাদ ব্যাখ্যা করা খুব কঠিন কারণ সেগুলি উপস্থাপন করেছে প্রাচ্য দেশীয় প্রচলিত যুক্তি-তর্কের মাধ্যমে সত্যে পৌছানোর জোড়া (বিশেষ বিষয়: প্রাচ্যের সাহিত্য [বাইবেল ভিত্তিক paradoxes])। এই জোড়া মনে হয় দ্বন্দ্বপূর্ণ, তথাপি উভয়ই বাইবেল ভিত্তিক। পশ্চিমা খ্রীষ্টিয়ানদের প্রবণতা আছে একটি সত্যকে বেছে নেওয়া এবং অবহেলা বা অবমূল্যায়িত করা বিপরীত সত্যকে। আমি ব্যাখ্যা করছি।

ক. পরিত্রাণ কি খ্রীষ্টে নির্ভরতার এক প্রারম্ভিক সিদ্ধান্ত অথবা শিষ্যত্বের জন্য সারা জীবনের অঙ্গীকার?

খ. পরিত্রাণ কি একটি নির্বাচন যার মাধ্যম সার্বভৌম ঈশ্বরের কাছ থেকে আসা অনুগ্রহ অথবা ঐশ্বরীক দানের প্রতি মানুষের বিশ্বাস এবং মন পরিবর্তনের সাড়া প্রদান?

গ. পরিত্রাণ কি, একবার লাভ করলে, হারানো অসম্ভব, অথবা অবিরত বাধ্যতার কি প্রয়োজন রয়েছে?

ধৈর্যধারণের বিষয়টি সমগ্র মণ্ডলীর ইতিহাসে বিতর্কের বিষয়। সমস্যার শুরু হয়েছে দৃশ্যত নূতন নিয়মের দ্বন্দ্বপূর্ণ প্যাসেজ থেকে:

ক. নিশ্চয়তার উপরে লেখনী

১. যীশুর মন্তব্য (যোহন ৬:৩৭; ১০:২৮-২৯)

২. পৌলের মন্তব্য (রোমীয় ৮:৩৫-৩৯; ইফি ১:১৩; ২:৫,৮-৯; ফিলি ১:৬; ২:১৩; ২ থি ৩:৩; ২ তীম ১:১২; ৪:১৮)

৩. পিতরের মন্তব্য (১ পিতর ১:৪-৫)

খ. ধৈর্যধারণের আবশ্যিকতার উপরে লেখনী

১. যীশুর মন্তব্য (মথি ১০:২২; ১৩:১-৯, ২৪-৩০; ২৪:১৩; মার্ক ১৩:১৩; যোহন ৮:৩১; ১৫:৪-১০; প্রকা ২:৭, ১৭, ২৬; ৩:৫, ১২, ২১)

২. পৌলের মন্তব্য (রোমীয় ১১:২২; ১ করি ১৫:২; ২ করি ১৩:৫; গালা ১:৬; ৩:৪; ৫:৪; ৬:৯; ফিলি ২:১২; ৩:১৮-২০; কল ১:২৩; ২ তীম ৩:২)

৩. ইব্রীয় পুস্তকের লেখকের মন্তব্য (২:১; ৩:৬, ১৪; ৪:১৪; ৬:১১)

৪. যোহনের মন্তব্য (১ যোহন ২:৬; ২ যোহন ৯)

৫. পিতার মন্তব্য (প্রকা ২১:৭)

বাইবেল ভিত্তিক পরিত্রাণের বিষয়টি এসেছে ভালবাসা, দয়া, এবং সার্বভৌম দ্বিত্ব ঈশ্বরের অনুগ্রহ থেকে। কোন মানুষই রক্ষা পেতে পারে না আত্মার সূচনা ছাড়া (যোহন ৬:৪৪, ৬৫)। ঈশ্বর প্রথমে আসেন এবং এজেভা স্থির করেন, কিন্তু দাবী করে যে মানুষ অবশ্যই বিশ্বাসে এবং মন পরিবর্তনের সাড়া প্রদান করবে, উভয়ই প্রারম্ভিক ভাবে ও সবসময়। ঈশ্বর মানুষের সাথে কাজ করেন নিয়মের সম্বন্ধে। সেখানে রয়েছে সুযোগ ও দায়িত্ব!

পরিত্রাণ সকল মানুষকে দেওয়া হয়েছে। যীশুর রক্ত পতিত সৃষ্টির পাপ সমস্যার বিষয়ে কাজ করেছে। ঈশ্বর একটি পথ দিয়েছেন এবং চেয়েছেন সকল মানুষ যারা তাঁর প্রতিমূর্তিতে সৃষ্ট তাঁর ভালবাসায় এবং যীশুর ব্যবস্থায় সাড়া প্রদান করে।

যদি আপনি এই বিষয়ে আরও পড়তে আগ্রহী হন নন-ক্যালভিনিষ্টিক দিক ছাড়া, তাহলে দেখুন

১. Dale Moody, *The Word of Truth*, Eerdmans, 1981 (pp. 348-365)

২. Howard Marshall, *Kept by the Power of God*, Bethany Fellowship, 1969

৩. Robert Shank, *Life in the Son*, Westcott, 1961

এই ক্ষেত্রে বাইবেল দুটি ভিন্ন সমস্যার বিষয়ে বলেছে: (১) নিশ্চয়তাকে নেওয়া হয়েছে ফলহীন, স্বার্থপর জীবন যাপনের লাইসেন্স হিসাবে এবং (২) তাদেরকে উৎসাহ দান যারা পরিচর্যা এবং ব্যক্তিগত পাপের জন্য সংগ্রাম করেছে। সমস্যা হল যে ভুল দল ভুল বার্তা গ্রহণ করেছে এবং সীমাবদ্ধ বাইবেলের প্যাসেজ নিয়ে ধর্মতাত্ত্বিক পদ্ধতি নির্মাণ করেছে। কিছু কিছু খ্রীষ্টিয়ানের প্রচলিত ভাবে দরকার নিশ্চয়তার বার্তা, যখন অন্যদের দরকার কঠোর সতর্কবাণী! আপনি কোন দলে আছেন?

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

১:২২ “যিহূদীরা চিহ্ন দেখতে চায়” এটি প্রতিফলিত করে পৌলের খ্রীষ্টের জীবন সম্পর্কে জ্ঞান (মথি ১২:৩৮; ১৬:১,৪; মার্ক ৮:১১-১২; যোহন ৪:৪৮; ৬:৩০)।

■ “গ্রীকেরা জ্ঞানের খোঁজ করে” “গ্রীকেরা” (*Hellēnes*) উল্লেখ করে সকল অযিহূদী লোককে। এটি স্পষ্ট ভাবে দেখা প্রেরিত ১৮:২১,৩২; রোমীয় ১:১৩ পদে এর ব্যবহারে।

১:২৩ এই পদটির ADVERSATIVE “কিন্তু” দিয়ে শুরু হওয়া উচিত। পৌল “চিহ্ন” এবং “প্রজ্ঞা” এই উভয় আকাংখ্যার উত্তর দিয়েছেন যে তা ছিল সুসমাচার।

■ “ক্রুশে দেওয়া” এটি একটি PERFECT PASSIVE PARTICIPLE। যীশুর ক্রুশোবিদ্ধকরণ, কোন যুক্তি বা কোন অলৌকিক কাজ নয়, তাহল পৌলের সুসমাচারের মূল বিষয়। PERFECT TENSE ঘোষণা করে যে যীশু সেই “ক্রুশোবিদ্ধ একজন।” যখন আমরা স্বর্গে যীশুকে দেখবো তিনি তাঁর ক্রুশোবিদ্ধকরণের চিহ্ন ধারণ করে থাকবেন (যোহন ২০:২৫) কারণ সেগুলি হল তাঁর গৌরব ও সম্মানের ব্যাজ। যীশু হলেন ত্রিত্বের একমাত্র অংশ যার মাংসিক দেহ রয়েছে।

এটি নিশ্চিত ভাবে সম্ভব যে এই PERFECT TENSE হল একটি CONSUMMATIVE PERFECT যেটি লক্ষ্য রাখে একটি ঘটনা বা কাজের সম্পূর্ণতার উপরে, ফলাফলের দিকে ইঙ্গিত দেয় (Daner and Mantey, *A Manual Grammar of the Greek New Testament*,

pp. 202-203)। যীশুর ক্রুশোবিদ্ধকরণ আমাদের পরিভ্রাণকে মুদ্রাঙ্কিত করেছে। তিনি ছিলেন আদি ৩:১৫; গীত ২২; যিশা ৫৩; এবং সখ ১২:১০ পদের পরিপূর্ণতা। দু:খভোগকারী মশীহ ছিলেন যিহুদীদের কাছে ধর্মতত্ত্বগত ভাবে আঘাত!

লক্ষ্য করুন মশীহের উপাধি প্রাচীন ঘোষণাকারী ও স্বীকারকারীদের দ্বারা ব্যবহৃত হয়েছে।

১. যীশু হলেন খ্রীষ্ট (মশীহ)-প্রেরিত ৫:৪২; ৯:২২; ১৭:৩; ১৮:৫,২৮; ১ করি ১:২৩

২. যীশু হলেন ঈশ্বর পুত্র-প্রেরিত ৯:২০; রোমীয় ১:৩-৪

৩. যীশু হলেন প্রভু (প্রতিফলিত প্রভু, YHWH)-প্রেরিত ২:৩৬; ১০:৩৬; ১১:২০; রোমীয় ১০:৯; ২ করি ৪:৫; কল ২:৬

এগুলি হল ধর্মতাত্ত্বিক সারাংশ ব্যবহৃত হয়েছে নিশ্চিত করতে খ্রীষ্টতত্ত্ব সমর্থন করতে (দেখুন James D. G. Dunn, *Unity and Diversity in the NT*, pp. 34-63)।

NASB, NKJV,

NRSV “একটা বাধা”

TEV “বিরক্তিকর বাধা”

NJB “বিপ্লবজনক বাধা”

এই গ্রীক টার্ম (অর্থাৎ, *skandalon*) ব্যবহৃত হয়েছে জীবজন্তু ধরার ফাঁদের কলাকৌশলের সুইচের জন্য (গালা ৫:১১)। যিহুদীরা খ্রীষ্টকে প্রত্যাখ্যান করেছে কারণ ক্রুশারোপন (দি বি ২১:২৩)। তারা প্রত্যাশা করে ছিল মশীহ হবেন সামরিক নেতা (এবং তিনি হবেন যখন তিনি ফিরে আসবেন!)। যিহুদীরা দু:খভোগি মশীহকে স্বীকার করে নাই (আদি ৩:১৫; গীত ২২; যিশা ৫২:১৩-৫৩:১২; সখ ১২:১০) এবং দুই ধাপের আগমন (অর্থাৎ, দেহধারণ এবং গৌরবময় ফিরে আসা)।

বিশেষ বিষয়: মশীহ (দানি ৯:২৬ পদ থেকে)

{SPECIAL TOPIC: MESSIAH (from Dan. 9:26)}

এই টার্ম ব্যাখ্যা করা কঠিন কারণ এর ভিন্ন ভিন্ন ব্যবহার টার্ম “মশীহ” বা “অভিষিক্ত ব্যক্তি” এর সাথে সংযুক্ত (BDB 603, KB 645)। টার্মটি ব্যবহৃত হয়েছে একজন লোকের উপরে বিশেষ তেল ঢালা যা চিহ্নিত করে ঈশ্বরের আহবান এবং নির্ধারিত নেতৃত্বের কাজের জন্য সুসজ্জিত করা।

১. যিহুদী রাজাদের ব্যবহৃত (অর্থাৎ, ১ শমুয়েল ২:১০; ১২:৩; ২৪:৬,১০; ২ শমু ১৯:২১; ২৩:১; গীত ৮৯:৫১; ১৩২:১০,১৭; বিলাপ ৪:২০; হবককুক ৩:১৩; “অভিষিক্ত রাজা” দানি ৯:২৫ পদে)
২. যিহুদী যাজকদের ব্যবহৃত (অর্থাৎ, “অভিষিক্ত যাজক,” যাত্রা ২৯:৭; অর্থাৎ, লেবীয় ৪:৩,৫,১৬; ৬:১৫; ৭:৩৬; ৮:১২; সম্ভবত গীত ৮৪:৯-১০; এবং ১৩৩:২)
৩. আদি পিতাদের, ভাববাদীদের ব্যবহৃত (আদি ২৬:৭; ১ বংশ ১৬:২২; গীত ১০৫:১৫; যেটি উল্লেখ করছে যৌথ ভাবে নিয়মের লোকদের; সম্ভবত হবককুক ৩:১৩)
৪. ভাববাদীদের ব্যবহৃত (১ রাজা ১৯:১৬; সম্ভবত ১ বংশ ২৯:২২)
৫. কোরসের ব্যবহৃত (যিশা ৪৫:১)
৬. #১ এবং #২ হল সমন্বিত গীত ১১০ এবং সখরিয় ৪ অধ্যায়ে
৭. ঈশ্বরের বিশেষ আগমনে ব্যবহৃত, দায়ুদ বংশীয় রাজা ধার্মিকতার নূতন যুগ আনয়ন করবেন
ক. যিহুদা বংশ(আদি ৪৯:১০)
খ. যিশয়ের কুলে (২ শমুয়েল ৭)
গ. বিশ্বজনীন রাজত্ব (গীত ২; যিশা ৯:৬; ১১:১-৫; মিখা ৫:১-৪ থেকে কয়েকটি পদ)
ঘ. দরিদ্রদের প্রতি পরিচর্যা (যিশা ৬১:১-৩)

আমি ব্যক্তিগত আকর্ষিত “একজন অভিষিক্ত ব্যক্তি” চিহ্নিতকরণে যিনি নাসরতীয় যীশু (যোহন ১:৪১; ৪:২৫) কারণ

১. চতুর্থ সাম্রাজ্যের সময়কালে দানিয়েল দুই অধ্যায়ের অনন্তকালীন রাজ্যের পরিচিতি
২. দানি ৭:১৩ পদের “মানুষের পুত্র” এর পরিচয় অনন্তকালীন রাজ্য দিয়েছে
৩. দানি ৯:২৪ পদের পরিভ্রাণজনক বাক্যাংশ, যেটি পতিত জগতের ইতিহাসে চূড়ান্ত পরিণতির প্রতি লক্ষ্য করায়
৪. যীশুর নূতন নিয়মে দানিয়েলের পুস্তকের ব্যবহার (মথি ২৪:১৫; মার্ক ১৩:১৪)

এটি অবশ্যই স্বীকার করতে হবে এটি একটি দুর্লভ উপাধি পুরাতন নিয়মে, সম্ভবত কেবলমাত্র দানি ৯:২৫ পদে। এটি আরও স্বীকার করতে হবে যে পুরাতন নিয়মের মশীহের সাধারণ বর্ণনায় যীশু খাপ খান না।

১. ইস্রায়েলে নেতা নন
২. একজন যাজক দ্বারা আনুষ্ঠানিক ভাবে অভিষিক্ত নন
৩. ইস্রায়েলের কেবলমাত্র রক্ষাকর্তা নন
৪. কেবল “মনুষ্য পুত্র” নন, কিন্তু হতবাক করা “ঈশ্বর পুত্র”

NASB, NJB	“আর অধিহুদীদের কাছে মূর্খতা”
NKJV	“গ্রীকদের কাছে মূর্খতা”
NRSV	“পরজাতিদের কাছে মূর্খতা”
TEV	“পরজাতিদের নির্বুদ্ধিতা”

গ্রীকেরা যীশুকে প্রত্যাখান করেছে কারণ পুনরুত্থানের ধারণা (অর্থাৎ, কারণ তাদের কাছে মাংসিক দেহ মন্দতার উৎস ছিল) তাদের দর্শনগত পূর্ব ধারণার আদর্শে খাপ খায়নি। পৌলের এই মন্তব্য আরও দেখায় যে ধরে নেওয়া “মৃত্যু যাত্রী এবং উখিত পরিত্রাতা” উর্বরতার আরাধনায় এবং রহস্যময় ধর্মে গ্রীকদের চিন্তায় কোন বড় মতবাদ ছিল না এবং নিশ্চিত ভাবেই পৌলেরও যীশুর প্রতি দৃষ্টিভঙ্গির উৎস ছিল না।

নিজের সংস্কৃতি বা জাতিগত শ্রেণীতে সুসমাচারকে বিচার না করতে সতর্ক হোন। NKJV, Textus Receptus অনুসরণে, “গ্রীকেরা” আছে, যেটি অনুসরণ করেছে সংশোধিত গ্রীক uncial পাণ্ডুলিপি C³ এবং D^c। অন্য সব গ্রীক পাণ্ডুলিপিতে আছে “পরজাতি” (*ethnesiu*)। টার্ম “গ্রীকেরা” দেখা যায় ১ করি ১:২২ এবং ২৪ পদে। সম্ভবত প্রাচীন অনুলিপিকারকেরা ১ করি ১:২৩ পদ পরিবর্তন করে সবগুলিকে করেছে সঙ্গতিপূর্ণ।

“মূর্খতা” এর জন্য ১ করি ১:২৫ পদের নোট দেখুন।

১:২৪ “কিন্তু ঈশ্বর যাদের ডেকেছেন” ১ করিহুদীয় পত্রের আরম্ভেই জোর দেওয়া হয়েছে ঈশ্বরের আহবান (অর্থাৎ, নির্বাচন) এবং ঈশ্বরের অনুগ্রহ হল করিহুদীয় মণ্ডলীর পরিব্রাণের একমাত্র ভিত্তি (১ করি ১:২,৯,২৬,২৭; ইফি ১-২)। যোহন ৬:৪৪,৬৫ পদ থেকে আমরা শিখেছি যে, আত্মা কাউকে আকর্ষণ না করলে কেউই ঈশ্বরের কাছে আসতে পারে না। ঈশ্বরের আহবান মানুষের সাড়া প্রদানের আবশ্যিকতাকে বাদ দেয় না বা ছোট করে না, উভয়ই প্রারম্ভিক এবং অবিরত চলমান।

বিশেষ বিষয়: নির্বাচন/পূর্ব নির্ধারিত অদৃষ্ট এবং একটি ধর্মতাত্ত্বিক সমতার জন্য প্রয়োজন

(SPECIAL TOPIC: ELECTION/PREDESTINATION AND THE NEED FOR A THEOLOGICAL BALANCE)

নির্বাচন একটি বিশ্বয়কর মতবাদ। যদিও, এটি আসলে পক্ষ সর্ধনের আহবান নয়, কিন্তু অন্যদের পরিব্রাণের জন্য একটি পথ, একটি হাতিয়ার বা একটি উপায় হওয়ার আহবান! পুরাতন নিয়মে টার্মটি ব্যবহৃত হয়েছিল প্রাথমিক ভাবে সেবার জন্য; নতুন নিয়মে এটি প্রাথমিক ভাবে ব্যবহৃত হয়েছে পরিব্রাণের জন্য যেটি সেবার বিষয়। বাইবেল কখনোই আপোষ করে নাই ঈশ্বরের সার্বভৌমত্ব এবং মানুষের স্বাধীন ইচ্ছার মধ্যে অনুভূত দ্বন্দ্বের, কিন্তু উভয়কেই নিশ্চিত করেছে! বাইবেল ভিত্তিক এই চাপের একটি ভাল উদাহরণ হল রোমীয় ৯ অধ্যায় ঈশ্বরের সার্বভৌম মনোনয়ন এবং রোমীয় ১০ অধ্যায় মানুষের আবশ্যিকীয় সাড়া প্রদানের উপরে (রোমীয় ১০:১১, ১৩)।

এই ধর্মতাত্ত্বিক চাপের মূল হয়তো আমরা পেতে পারি ইফি ১:৪ পদে। যীশু হলেন ঈশ্বর নির্বাচিত মানুষ এবং সকলে সম্ভাব্য ভাবে তাঁতে মনোনীত (Karl Barth)। যীশু হলেন পতিত মানুষের প্রয়োজনে ঈশ্বরের “হ্যাঁ” (Karl Barth)। ইফিযীয় ১:৪ পদ আরও সাহায্য করে এই বিষয়টি ব্যাখ্যা করে জোর দিয়ে বলতে যে পূর্ব নির্ধারিত অদৃষ্টের লক্ষ্য স্বর্গ নয়, কিন্তু পবিত্রতা (খ্রীষ্ট সাদৃশ্যতা)। আমরা প্রায়ই আকর্ষিত হই সুসমাচারের উপকারের দিকে এবং দায়িত্বকে অবহেলা করি! ঈশ্বরের আহবান (নির্বাচন) হল সময়ের জন্য সেই সঙ্গে অনন্তকালীন!

মতবাদ এসেছে অন্য সত্যের সম্পর্কের মধ্যে, একক, সম্পর্কহীন সত্য হিসাবে নয়। একটি উত্তম উপমা হতে পারে নক্ষত্রপুঞ্জ বনাম একটি একক তারার। ঈশ্বর সত্য উপস্থাপন করেছেন প্রাচ্যের সাহিত্য ধারায়, প্রতিচ্যের নয়। মতবাদগত সত্যের যুক্তি তর্কের (স্ববিরোধিতা) জোড়ায় কারণে ঘটা চাপকে অবশ্যই আমরা বাদ দেব না:

১. পূর্ব নির্ধারিত অদৃষ্ট বনাম মানুষের স্বাধীন ইচ্ছা
২. বিশ্বাসীদের নিরাপত্তা বনাম ধৈর্যধারণের আবশ্যিকতা
৩. আদি পাপ বনাম ইচ্ছাশক্তি দ্বারা কৃত পাপ
৪. পাপহীনতা (শুদ্ধতাবাদ) বনাম কম পাপ করা
৫. প্রারম্ভিক তাৎক্ষণিক ধার্মিক গণনা করণ এবং পবিত্র করণ বনাম অগ্রসরমান পবিত্রকরণ
৬. খ্রীষ্টিয় স্বাধীনতা বনাম খ্রীষ্টিয় দায়িত্ববোধ
৭. ঈশ্বরের সকল কিছুকে অতিক্রম করা বনাম ঈশ্বরের স্বাভাবিক উপস্থিতি
৮. ঈশ্বর চূড়ান্ত ভাবে অজ্ঞাত বনাম ঈশ্বর শাস্ত্রে জানার যোগ্য
৯. ঈশ্বর রাজ্য উপস্থিত হিসাবে বনাম ভবিষ্যৎ সুসম্পন্ন করা
১০. ঈশ্বরের দান হিসাবে মন পরিবর্তন বনাম নিয়মবদ্ধ সাড়া প্রদান হিসাবে মানুষের মন পরিবর্তনের প্রয়োজনীয়তা
১১. ঐশ্বরীয় হিসাবে যীশু বনাম মানুষ হিসাবে যীশু
১২. যীশু পিতার সমান বনাম পিতার অধীনস্থ হিসাবে যীশু

“নিয়ম” এর ধর্মতাত্ত্বিক ধারণা সার্বভৌম ঈশ্বরকে একতাবদ্ধ করেছে (যিনি সব সময়ই অগ্রণী ভূমিকা গ্রহণ করেন এবং বিষয় সকল স্থির করেন) বাধ্যতামূলক প্রারম্ভিক এবং অবিরত মন পরিবর্তন মানবিক বিশ্বাসে সাড়া প্রদানের সাথে (মার্ক ১:১৫; প্রেরিত ৩:১৬,১৯; ২০:২১)। সতর্ক থাকবেন এক দিকে স্ববিরোধি proof-texting এবং অন্য দিকটিকে হীনমূল্য করা থেকে! সতর্ক থাকবেন কেবল মাত্র আপনার প্রিয় মতবাদ বা পদ্ধতিগত ধর্মতত্ত্বের

উপরে জোর দান থেকে।

Copyright © 2014 Bible Lessons International

■ “যিহুদী ও গ্রীক উভয়ই” এটি দেখায় সুসমাচারের উদ্দেশ্য আর তাহল খ্রীষ্টে সকল মানুষকে এক বন্ধনে আবদ্ধ করা। ঈশ্বর এই নিগূঢ় তত্ত্বকে যুগের কাছ থেকে গোপন রেখেছেন, কিন্তু এখন স্পষ্টরূপে প্রকাশিত (ইফি ২:১১-৩:১৩)।

■ “খ্রীষ্টই ঈশ্বরের শক্তি আর ঈশ্বরের জ্ঞান” প্রথম শব্দগুচ্ছ হতে পারে খ্রীষ্টের পুনরুত্থানের সাথে সম্পর্কিত কারণ রোমীয় ১:৪ পদে “ঈশ্বরের শক্তি” ব্যবহার।

দ্বিতীয় শব্দগুচ্ছ অদ্বিতীয় ভাবে করিছীয় মন্ডলীর সমস্যার সাথে সম্পর্কিত যারা জোর দেয় জ্ঞানের। যাহোক, এটি নিশ্চিত ভাবেই হিতোপদেশ ৮:২২-৩১ পদের উল্লেখ হতে পারে (অর্থাৎ, সৃষ্টির ব্যক্তিরূপদানকারী প্রজ্ঞা, ১ করি ৮:৬; কল ১:১৫-১৭; ইব্রীয় ১:২)।

১:২৫ “ঈশ্বরের যা মূর্ততা তা মানুষের জ্ঞানের চেয়ে বেশী জ্ঞানপূর্ণ” এটি একটি পুরাতন নিয়মের থিম (যিশা ৫৫:৮-৯)। এটি পুনরাবৃত্তি করা হয়েছে ১ করি ১:১৮, ২১, ২৩ পদে। এটি হল টার্ম *mōros*। এটি এবং এর অন্য রূপ ব্যবহৃত হয়েছে পৌলের দ্বারা এই করিছীয় পত্রে। দেখুন বিশেষ বিষয় ১ করি ১:১৫:৩৬ পদে।

১. *mōros* (বোকা), ১ করি ১:২৫, ২৭; ৩:১৮; ৪:১৪
২. *mōria* (বোকামী), ১ করি ১:১৮, ২১, ২৩; ২:১৪; ৩:১৯
৩. *mopainō* (বোকা হওয়া), ১ করি ১:২০

■ “ঈশ্বরের দুর্বলতা মানুষের শক্তির চেয়ে বেশী শক্তিপূর্ণ” এটি মূলত বলতে চেষ্টা করেছে ঈশ্বরের অতুলনীয় মহত্বের কথা। তিনি মানুষের দুর্বলতার মাধ্যমে মহান হচ্ছেন (১ করি ১২:৫, ৭-১০)। এটি উল্লেখ করতে পারে “আপাত দৃষ্টিতে” যীশুর মৃত্যুর ব্যর্থতা খাঁটি মানবিক দৃষ্টিকোণ থেকে (২ করি ১৩:৪), তথাপি বাস্তবতায় এটি ছিল অনন্তকালীন ফলাফলসহ একটি বিজয়!

সুসমাচার, বিজয়, সবই ঈশ্বরের এবং মানবজাতির নয়। দেখুন বিশেষ বিষয়: দুর্বলতা ২ করি ১২:৯ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিছীয় ১:২৬-৩১

^{২৬} কারণ, ভাইয়েরা, তোমাদের আহ্বান বিবেচনা কর, মানুষের বিচারে তোমাদের মধ্যে অনেকেই যে জ্ঞানী, অনেকেই যে ক্ষমতাশালী, অনেকেই যে উচ্চ বংশের, তা নয়; ^{২৭} কিন্তু জগৎ যা মূর্ততা বলে মনে করে ঈশ্বর তা-ই বেছে নিয়েছেন যেন জ্ঞানীরা লজ্জা পায়, এবং জগৎ যা দুর্বল বলে মনে করে ঈশ্বর তা-ই বেছে নিয়েছেন যেন যা শক্তিশালী তা লজ্জা পায়, ^{২৮} এবং জগৎ যা নীচ ও তুচ্ছ বলে মনে করে, এমন কি, জগতের চোখে যা কিছুই নয় ঈশ্বর তা-ই বেছে নিয়েছেন যেন জগতের চোখে যা মূল্যবান তা মূল্যহীন হতে পারে, ^{২৯} যেন কোন মানুষ তাঁর সামনে গর্ব করতে না পারে। ^{৩০} কিন্তু তা থেকে তোমরা সেই খ্রীষ্ট যীশুর সংগে আছ, যিনি হয়েছেন আমাদের জন্য ঈশ্বর থেকে জ্ঞান, ও ধার্মিকতা ও পবিত্রতা, ও মুক্তি, ^{৩১} এইজন্য, যেমন লেখা আছে, “যে গর্ব করে, সে প্রভুকে নিয়েই গর্ব করুক।” (অনুবাদকৃত টেক্সট)।

১:২৬-৩১ এক অধ্যায়ের এই শেষ প্যারাগ্রাফ আমাদের দেখায় যে “প্রজ্ঞা” এবং “জ্ঞান” এর উত্তেজনা-পূর্ণ সম্পর্ক যেভাবে এটি সম্পর্কিত সুসমাচারের সাথে। এক অর্থে সেগুলো “মন্দ,” অন্য অর্থে সেগুলো “ভাল।” আমি Herman Ridderbos' *Paul, An Outline of His Theology* বই থেকে চমৎকার একটি প্যাসেজ উদ্ধৃত করছি:

“নিশ্চিত যে, বিশ্বাস ও জ্ঞানের সম্পর্ক, *pistis* এবং *gnosis*, যেমন ঠিক বিশ্বাস এবং কাজ, হল দু'মনা বিষয়। এক দিকে জ্ঞান দাড়িয়ে আছে বিশ্বাসের পথে, অর্থাৎ, যখন, যেমন ঠিক যিহুদীদের জন্য ভাল কাজ, এটি প্রতিনিধিত্ব করে আত্ম-পরিব্রাজনের মানবিক ইচ্ছা। যেমন এই বিপরীত সমৃদ্ধ হয়েছে গালাতীয় এবং রোমীয়তে কাজের প্রতি শ্রদ্ধা নিয়ে, এটি খ্রীষ্টিয় বিশ্বাসের জন্য ভীতিকর *gnosis* এর ব্যাখ্যার দিক থেকে বিশেষ করে ১ করিছীয়তে (অর্থাৎ, ১ করি ১:২৬-২৯)। এবং এই বিপদের অস্তিত্ব কেবল পৌল যাকে বলেন “এই জগতের জ্ঞান” সেদিক থেকেই নয় (১ করি ১:২১), কিন্তু এছাড়াও এক ধরণের খ্রীষ্টিয় *gnosis* এর দিক থেকেও। পৌল এই *gnosis* কে স্বীকার করেছেন: আমরা জানি যে আমাদের সকলেরই জ্ঞান রয়েছে (১ করি ৮:১)। কিন্তু তিনি সঙ্গে সঙ্গে এটি যোগ করেছেন: জ্ঞান গর্বিত হয়, ভালবাসা গঠন করে। এখানের বিষয়টি কি ভুলভাবে নিয়োগকৃত খ্রীষ্টিয় *gnosis*, যেটি নিজেই উন্নত করে একজন প্রতিবেশির উপরে, দুর্বল জন; একটি জ্ঞান যা অবশ্যই নিয়োজিত হবে একজনের নিজের ব্যক্তিগত স্বাধীনতার সেবায়, কিন্তু মন্ডলীর নৈতিক উন্নতি সাধনের জন্য নয়। এই *gnosis* কেবলমাত্র সমর্থন করে গর্বিত ব্যক্তিবাদে এবং ভালবাসার বিপরীতে দাঁড়ায়। এই অর্থে *gnosis*, কাজ হেতুও, ভালবাসার বিপরীতে এসে দাঁড়াতে পারে: এরকম হলে এটি ক্ষতিকর এবং অলাভজনক (১ করি ১৩:২, ৩)” পৃষ্ঠা ২৪২।

১:২৬

NASB, NRSV,

NJB

NKJV

TEV

“বিবেচনা করা”

“দেখা”

“স্মরণ করা”

এটি হয় একটি PRESENT ACTIVE IMPERATIVE অথবা একটি PRESENT ACTIVE INDICATIVE। Moffatt একে এভাবে অনুবাদ করেছে, “তোমার নিজের মর্যাদার দিকে দেখ।” প্যাসেজের অর্থ ছিল না প্রাথমিক মন্ডলী ও এর নেতাদের জোর করে দমিয়ে রাখা, কিন্তু ঈশ্বরের ভালবাসা ও শক্তির নিশ্চয়তা। এর অর্থ ছিল এই দার্শনিক মন্ডলী গর্বকে চূর্ণ করা। এই প্রাথমিক মন্ডলী গঠিত হয়েছিল বেশির ভাগ সমাজের “অভাবগ্রস্থ” দের নিয়ে। যাহোক, দৃশ্যত করিছে একটি দলভেদ গঠিত হয়েছিল রোমীয় পৃষ্ঠপোষকদের নিয়ে এবং সংস্কৃতিগত ভাবে উচ্চ মর্যাদার। এই গুলি ব্যবহারের দ্বারা যাদের কোন জাগতিক মর্যাদা নেই, ঈশ্বর তাঁর শক্তিকে বড় করে দেখিয়েছেন।

■ “মানুষের বিচারে তোমাদের মধ্যে অনেকেই যে জ্ঞানী তা নয়” এটি উল্লেখ করছে মানবিক প্রজ্ঞা বা জাগতিক মানদণ্ডের বিষয় (১ করি ১:২০; ২:৬,৮; ৩:১৮)।

বিশেষ বিষয়: মাংস(sarx)

{SPECIAL TOPIC: FLESH (SARX)}

গালাতীয় পত্রে পৌল এই টার্মটি প্রায়ই ব্যবহার করেছেন এবং এর ধর্মতাত্ত্বিক উন্নয়ন করেছেন রোমীয় পত্রে। পণ্ডিতেরা বিভক্ত যে কিভাবে টার্মটির ভিন্ন ভিন্ন অন্তর্নিহিত অর্থের পার্থক্য ব্যাখ্যা করবেন। নিশ্চিত ভাবেই অর্থগত দিক থেকে কিছুটা ঢাকা পড়ে গেছে। পরবর্তীতে শুধুমাত্র চেস্টা করা হয়েছে এই টার্মের ব্যাপক semantic ক্ষেত্রের উল্লেখ করতে।

- ক. মানবিক দেহ, যোহন ১:১৪; রোমীয় ২:২৮; ১ করি ৫:৫; ৭:২৮; ২ করি ৪:১১; ৭:৫; ১২:৭; গালা ১:১৬; ২:১৬, ২০; ৪:১৩; ফিলি ১:২২; কল ১:২২, ২৪; ২:৫; ১ তীম ৩:১৬।
- খ. মানবিক বংশ, যোহন ৩:৬; রোমীয় ১:৩; ৪:১; ৯:৩, ৫, ৮; ১১:১৪; ১ করি ১০:১৮; গালা ৪:২৩, ২৯
- গ. মানবিক ব্যক্তি, রোমীয় ৩:২০; ৭:৫; ৮:৭-৮; ১ করি ১:২৯; ২ করি ১০:৩; গালা ২:১৬; ৫:২৪
- ঘ. মানুষের মত কথা বলা, যোহন ৮:১৫; ১ করি ১:২৬; ২ করি ১:১২; ৫:১৬; ১০:২; গালা ৬:১২
- ঙ. মানবিক দুর্বলতাসমূহ, রোমীয় ৬:১৯; ৭:১৮; ৮:৫-৬, ৯; ২ করি ১০:৪; গালা ৩:৩; ৫:১৩, ১৬, ১৯-২১; কল ২:১৮
- চ. ঈশ্বরের প্রতি মানুষের বিরোধিতা, মানুষের পতনের ফলাফলের সঙ্গে সম্পর্কযুক্ত, রোমীয় ৭:১৪; ১৩:১৪; ১ করি ৩:১, ৩; ইফি ২:৩; কল ২:১৮; ১ পিতর ২:১১; ১ যোহন ২:১৬

এতে অবশ্যই জোর দিতে হবে যে “মাংস” কে নতুন নিয়মে মন্দ হিসাবে দেখা হয় নাই, যেভাবে গ্রীক চিন্তায় আছে। গ্রীক দার্শনিকদের জন্য, “মাংস” ছিল মানুষের সমস্যার উৎস; মৃত্যু একজনকে এর প্রভাব থেকে মুক্ত করতো। কিন্তু নতুন নিয়মে, “মাংস” হল আত্মিক দ্বন্দ্বের যুদ্ধক্ষেত্র (ইফি ৬:১০-১৮), তথাপি নিরপেক্ষ। যে কেউ মানবিক দেহকে ভাল বা মন্দ কাজে ব্যবহার করতে পারে।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “অনেকেই যে ক্ষমতামূলী তা নয়” এটি উল্লেখ করছে দৈহিক শক্তি বা সামাজিক অবস্থান।

■ “অনেকেই যে উচ্চ বংশের তা নয়” এটি উল্লেখ করছে একজনের পারিবারিক প্রেক্ষাপট যার সাথে অন্তর্ভুক্ত সম্পদ, শিক্ষা, এবং সামাজিক সুযোগ সুবিধা। এই তিনটি শ্রেণী বর্ণনা Sophists এর সাথে খাপ খায়, যারা খুবই গর্বিত ছিল তাদের শিক্ষা, মর্যাদা এবং কূটকৌশলের জন্য। দেখুন Bruce W. Winter, *Philo and Paul Among the Sophists*।

১:২৭ “জগৎ যা মূর্খতা বলে মনে করে ঈশ্বর তা-ই বেছে নিয়েছেন” এটি একটি AORIST MIDDLE INDICATIVE। ঈশ্বর নিজেই দুর্বলতার মাধ্যমে তাঁর শক্তি প্রকাশ করার বিষয়টি বেছে নিয়েছেন যেন কার গৌরব পাওয়া উচিত সে বিষয়ে কোন সন্দেহ না থাকে (২ করি ১২)। ঈশ্বরের উৎসের মধ্যেই বিজয় লুকিয়ে থাকে, মানুষের কাজে নয় (১ করি ১:২৯; ইফি ২:৯) বা সামাজিক মর্যাদাতেও নয়।

“মূর্খতা” এর জন্য ১ করি ১:২৫ পদের নোট দেখুন। “জগৎ” এর জন্য বিশেষ বিষয় দেখুন ১ করি ৩:২১-২২ পদে।

১:২৮

NASB “জগতের যা কিছু নীচ এবং তুচ্ছ”

NKJV “জগতের যা কিছু নীচ ও যে জিনিসগুলি তুচ্ছ”

NRSV “জগতের যা কিছু নীচ ও তুচ্ছ”

TEV “জগত যে জিনিসকে তুচ্ছতার চোখে দেখে”

NJB “যা কিছু মানবিক মানদণ্ডে সাধারণ এবং লজ্জাজনক”

এই শব্দগুচ্ছ তুলনীয় ১ করি ১:২৬ পদের “জ্ঞানী. . . ক্ষমতাশালী. . . উচ্চ বংশ” এর সাথে। টার্ম “নীচ বিষয়” আক্ষরিক ভাবে “যা কিছু জন্মগত ভাবে নীচু,” যেটি রোমীয় উচ্চ বংশের বিষয়ে আর একটি উল্লেখ।

NASB, NRSV	“জিনিস যা কিছুই নয়”
NKJV	“জিনিস যেগুলি কিছুই নয়”
TEV	“জিনিস কিছুই নয়”
NJB	“যেগুলিকে কিছুই নয় বলে গণনা করা হয়”

এটা কি আর এক ধরনের বাজে জিনিস/লোক বা একটি সারমর্ম? কারণ সেখানে কোন *kai* নেই (অর্থাৎ, এবং; MSS P⁴⁶, N^{*}, A, C^{*}, D, F, G) এই শব্দগুচ্ছের আগে যেভাবে অন্য সবগুলিতে আছে, এটি সম্ভবত একটি সারাংশের মন্তব্য। ঈশ্বর সেই সব লোকদের আহ্বান করেন এবং ব্যবহার করেন যাদের দিকে জগতের লোকেরা কোন মনোযোগই দেয় না! ধর্মতাত্ত্বিক পয়েন্ট হল

১. “কোন মানুষই ঈশ্বরের সামনে গৌরব করতে পারে না” (১ করি ১:২৯)
২. ঈশ্বরের ক্ষমতা এবং হাতিয়ার সমূহ মানব জাহাজের দুর্বলতায় ছাপিয়ে ওঠে (২ করি ১২:১-১০)
৩. খ্রীষ্টের মধ্যস্থতা সব কিছুর উপরে ছাপিয়া ওঠে (১ করি ১:৩০)

তাহাতে, সবকিছু যা যিহুদীরা ও গ্রীকেরা অনুসন্ধান করে এবং যার আকাংখী, তাহল YHWH এর দান, মশীহের মধ্যে দিয়ে, পবিত্র আত্মার দ্বারা উদ্যমী হয়!

▣ “মূল্যহীন জিনিস হতে পারে” এটি হল একটি গ্রীক টার্ম, *katargeō*। ১ করি ১:১৮ পদের নোট এবং পরবর্তী বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: নিষ্ফল এবং শূন্য(*katargeō*)

{SPECIAL TOPIC: NULL AND VOID (*katargeō*)}

এটি (*katargeō*) ছিল পৌলের একটি প্রিয় শব্দ। তিনি এটি প্রায় ২৫ বারের মত ব্যবহার করেছেন কিন্তু এর রয়েছে খুব ব্যাপক semantic সীমা।

ক. এর মূল শব্দতত্ত্বের উৎস *argos* থেকে যার অর্থ

১. নিষ্ক্রিয়
২. অলস
৩. অব্যবহৃত
৪. ব্যবহার অযোগ্য
৫. ফলপ্রদ নয়

খ. এর সঙ্গে *kata* সমন্বয় করে ব্যবহৃত হয়েছে এটি প্রকাশ করতে

১. নিষ্ক্রিয়তা
২. অব্যবহার যোগ্যতা
৩. যেটি বাতিল করা হয়েছে
৪. যেটি দূর করা হয়েছে
৫. যেটি একেবারে ফলপ্রদ নয়

গ. এটি একবারই মাত্র লুকে ব্যবহৃত হয়েছে ফলহীন বর্ণনা করতে, সেজন্য ব্যবহার অযোগ্য, গাছ (লুক ১৩:৭)

ঘ. পৌল রূপকার্থে এটি ব্যবহার করেছেন দুটি প্রাথমিক উপায়ে

১. ঈশ্বর অকার্যকর জিনিস তৈরী করেছেন যেগুলি মানব বিরোধি
 - ক. মানুষের পাপের স্বভাব-রোমীয় ৬:৬
 - খ. মোশির ব্যবস্থা ‘বীজ’ বিষয়ক ঈশ্বরের প্রতিজ্ঞা সম্পর্কিত-রোমীয় ৪:১৪; গালা ৩:১৭; ৫:৪,১১; ইফি ২:১৫
 - গ. আত্মিক শক্তিসমূহ-১ করি ১৫:২৪
 - ঘ. “ব্যবস্থা বিহীন মনুষ্য”-২ থিষ ২:৮
 - ঙ. দৈহিক মৃত্যু-১ করি ১৫:২৬; ২ তীম ১:১৬ (ইব্রীয় ২:১৪)
২. ঈশ্বর নৃতনের জন্য পুরাতনকে (নিয়ম, যুগ) পুনঃস্থাপন করেছেন
 - ক. যে বিষয়গুলি মোশির ব্যবস্থার সঙ্গে সম্পর্কযুক্ত-রোমীয় ৩:৩,৩১; ৪:১৪; ২ করি ৩:৭, ১১, ১৩, ১৪
 - খ. বিবাহে ব্যবহৃত ব্যবস্থার উপমা-রোমীয় ৭:২,৬
 - গ. এই যুগের বিষয়- ১ করি ১৩:৮, ১০, ১১
 - ঘ. এই দেহ- ১ করি ৬:১৩
 - ঙ. এই যুগের নেতারা-১ করি ১:২৮; ২:৬

এই শব্দ নানা উপায়ে অনুবাদ হয়েছে, কিন্তু এর প্রধান অর্থ হল কোন কিছুকে ব্যবহার অযোগ্য করা, নিষ্ফল এবং শূন্য, ফলপ্রদ নয়, শক্তিহীন, কিন্তু অস্তিত্বহীন, ধংস বা মুছে ফেলার জন্য নয়।

১:২৯ “যেন কোন মানুষ ঈশ্বরের সামনে গর্ব করতে না পারে” VERB হল একটি AORIST MIDDLE SUBJUNCTIVE যেটি ইঙ্গিত দেয় একটি নির্দ্বারিত ব্যক্তিগত মনোনয়ন। কোন সৃষ্ট মানব সত্তা বড়াই করতে পারে না সৃষ্টিকর্তার সামনে (ইফি ২:৯)! এটি ছিল গর্বিত করিছীয় এবং পতিত সকল মানুষ, যিহুদী বা পরজাতি, সকলের কাছে পৌলের বার্তার মূল সত্য (রোমীয় ৩:২৭; ইফি ২:৯)। দেখুন [বিশেষ বিষয়: গর্ব করা, পৃ..১১০](#), (SPECIAL TOPIC: BOASTING, See page 110) করি ৫:৬ পদে।

■ “মানুষ” এটি হল আক্ষরিক ভাবে “মাংস।” দেখুন বিশেষ বিষয় ১ করি ১:২৬ পদে।

১:৩০

NASB “তঁাহার কাজের দ্বারা”

NKJV “তঁাহার”

NRSV “তিনিই উৎস”

TEV “ঈশ্বর”

NJB “তঁাহার দ্বারা”

এটি আক্ষরিক ভাবে “তঁাহা হইতে,” যেটি একটি গ্রীক বাগধারা প্রকাশ করে First Cause, Prime Mover। পিতা এটি পাঠিয়েছেন, যীশু এটি এনেছেন, এবং আত্মা একে উদ্যমী করেছেন। যার পরেই এসেছে খ্রীষ্টের মাধ্যমে বিশ্বাসীদের জন্য ঈশ্বরীয় দানের একটি তালিকা।

■ “ঈশ্বর থেকে জ্ঞান” যিহুদী চিন্তার জ্ঞান ব্যক্তিরূপ পেয়েছে হিতোপদেশ ৮:২২-৩১ এবং কল ২:২-৩ পদে। জ্ঞান হল একজন ব্যক্তি। সত্য একজন ব্যক্তি। সুসমাচার একজন ব্যক্তি-যীশু! (যোহন ১৪:৬)।

যদি, পৌল মণ্ডলীতে দার্শনিক উপদানকে উদ্দেশ্য করে বলছিলেন, আর *sophia* হতে পারে তাদের সংস্কৃতিগত ঐতিহ্যে তাদের গর্বের সাথে সংযুক্ত (অর্থাৎ, Plato, Socrates, Aristotle, ইত্যাদি)। এটা হতে পারে শিক্ষা প্রতিষ্ঠান থেকে একটি রূপক। এটি আরও সম্ভব যে একটি প্রারম্ভিক Gnosticism ছিল করিছের মুক্ত ধর্মীয় পারিপার্শ্বিকতার উপস্থাপনা এবং সম্ভবত তা মন্ডলীতে অনুপ্রবেশ করেছিল (১ করি ১:১৮-২:৮; ৩:১৮-২৩; ৮:১-২)। যদি তাই হয়, তাহলে পৌলের কলসীয় পত্রের মন্তব্য সুসঙ্গত (অর্থাৎ, খ্রীষ্ট, নিজেই, হলেন জ্ঞান, কল ১:৯; ২:৩)।

আমি মনে করি এই সব টার্ম উল্লেখ করছে যীশুর মাধ্যমে বিশ্বাসীদের জন্য খ্রীষ্ট যা করেছেন।

১. তিনি আমাদের কাছে ঈশ্বরীয় জ্ঞান
২. তিনি আমাদের কাছে ঈশ্বরীয় ধার্মিকতা
৩. তিনি আমাদের কাছে ঈশ্বরীয় পবিত্রতা
৪. তিনি আমাদের কাছে ঈশ্বরীয় পরিব্রাণ

এগুলি সবই পুত্র ঈশ্বরের মাধ্যমে পিতা ঈশ্বরের।

■ “ধার্মিকতা” এটি এসেছিল আইন দরবারের রূপক থেকে (রোমীয় ৩:২১-২৬; ২ করি ৫:২১)। পৌলের সময়ে রাব্বিরা হিতোপদেশ ৮ অধ্যায়ের অর্ধ-ব্যক্তিগত জ্ঞানকে স্থানান্তর করেছিল মোশির ব্যবস্থার সাথে। এটি ছিল চূড়ান্ত কর্তৃপক্ষের বৈশিষ্ট্য। যদি পৌল করিছীয় মণ্ডলীতে যিহুদী উপদান চিন্তা করে থাকেন, এটি ছিল একটি শক্তিশালী এবং চূড়ান্ত মর্যাদা।

বিশেষ বিষয়: ধার্মিকতা

(SPECIAL TOPIC: RIGHTEOUSNESS)

“ধার্মিকতা” খুব এমন গুরুত্বপূর্ণ বিষয় যে এই ধারণা সম্পর্কে একজন বাইবেল শিক্ষার্থীর অবশ্যই ব্যক্তিগত ভাবে ব্যাপক অধ্যয়ন করা আবশ্যিক।

পুরাতন নিয়মে ঈশ্বরের চরিত্র বর্ণনা করা হয়েছে “ন্যায্য” বা ধার্মিক হিসাবে (verb, BDB 842, KB 1003; masculine noun, BDB 841, KB 1004; feminine noun, BDB 842, KB 1006)। এর মেসোপটেমিয়ার টার্ম এসেছে “নদীর নল-খাগড়া” থেকে যেটি ব্যবহৃত হতো নির্মাণ সামগ্রী হিসাবে যা দিয়ে বিচার করা হতো দেওয়াল এবং বেড়া দিগন্তরেখার সঙ্গে অনুভূমিক কিনা। ঈশ্বর এই টার্মটি বেছে নিয়েছেন রূপক ভাবে তাঁর নিজের প্রকৃতির জন্য ব্যবহার করতে। তিনি হলেন সোজা প্রান্ত (রপ্লার) যার দ্বারা সকল কিছু মূল্যায়িত হয়। এই ধারণা চেষ্টা করেছে ঈশ্বরের ধার্মিকতার সঙ্গে সঙ্গে তাঁর বিচার করার অধিকারকে প্রকাশ করতে।

মানুষ ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট (আদি ১:২৬-২৭; ৫:১-৩; ৯:৬)। মানুষকে সৃষ্টি করা হয়েছে ঈশ্বরের সঙ্গে সহভাগিতার জন্য (অর্থাৎ, আদি ৩:৮)। সমস্ত সৃষ্টি হল ঈশ্বরের জন্য মঞ্চ বা প্রেক্ষাপট এবং মানুষের পারস্পরিক যোগাযোগের। ঈশ্বর চেয়েছেন তাঁর সর্বোচ্চ সৃষ্টি, মানুষ, তাঁকে জানে, তাঁকে ভালবাসে, তাঁর সেবা করে, এবং তাঁর মত হয়! মানুষের আনুগত্য পরীক্ষা করা হয়েছিল (আদি ৩) এবং আদি দম্পতি সেই পরীক্ষায় ব্যর্থ হয়েছিল। এর ফলস্বরূপ ঈশ্বর ও মানবজাতির মধ্যে সম্পর্ক বিনষ্ট হল (রোমীয় ৫:১২-২১)।

ঈশ্বর প্রতিজ্ঞা করলেন এই সহভাগিতা সংশোধন ও পুনস্থাপনের (আদি ৩:১৫; দেখুন বিশেষ বিষয়: YHWH এর অনন্তকালীন পরিব্রাণের পরিকল্পনা)। এটি তিনি করলেন তাঁর নিজের ইচ্ছা ও তাঁর নিজের পুত্রের মাধ্যমে। মানুষ অক্ষম ছিল এই ভাঙ্গা সম্পর্ক পুনস্থাপনে (রোমীয় ১:১৮-৩:২০; প্রকা ৫)।

পতনের পরে, সম্পর্ক পুনস্থাপনে ঈশ্বরের প্রথম পদক্ষেপ ছিল নিয়মের ধারণা যার ভিত্তি তাঁর আমন্ত্রণ এবং মানুষের মন পরিবর্তন, বিশ্বস্ত, বাধ্য সাড়া প্রদান (যির ৩১:৩১-৩৪; যিহি ৩৬:২২-৩৮)। পতনের কারণে, মানুষ সঠিক কাজ করতে অক্ষম হয়ে পড়ে (রোমীয় ৩:২১-৩১; গালা ৩)। ঈশ্বর নিয়ম ভঙ্গকারী মানবের পুনস্থানের জন্য নিজেই প্রাথমিক পদক্ষেপ গ্রহণ করলেন। তিনি যার দ্বারা এটা করেছিলেন

১. ঘোষণা করলেন খ্রীষ্টের কাজের মধ্যে দিয়ে মানুষের ধার্মিকতা (অর্থাৎ, ব্যবস্থান্তিতিক ধার্মিকতা)
২. বিনামূল্যে দত্ত খ্রীষ্টের কাজের মধ্যে দিয়ে মানুষের ধার্মিকতা (অর্থাৎ, আরোপিত ধার্মিকতা)
৩. বাসকারী আত্মা দেবেন যিনি ধার্মিকতা উৎপন্ন করবেন (অর্থাৎ, খ্রীষ্টের সাদৃশ্যতা, ঈশ্বরের প্রতিমূর্তির পুনস্থাপন) মানুষের মধ্যে
৪. এদোন বাগানের সহভাগিতা পুনরুদ্ধার (তুলনা করুন আদি ১-২ এর প্রকা ২১-২২)

যাহোক, ঈশ্বরের আবশ্যিক নিয়ম ভিত্তিক সাড়া প্রদান। ঈশ্বর আজ্ঞা (অর্থাৎ, বিনামূল্যে দত্ত, অর্থাৎ, রোমীয় ৫:৮; ৬:২৩) করেন এবং যোগান, কিন্তু মানুষ অবশ্যই সাড়া প্রদান করবে এবং অবিরত সাড়া প্রদান করবে

১. মন পরিবর্তন
২. বিশ্বাস
৩. জীবন যাপনে বাধ্যতা
৪. ধৈর্য্য ধারণ

সেজন্য, ধার্মিকতা হল নিয়ম ভিত্তিক, পারস্পারিক কাজ ঈশ্বর এবং তাঁর সর্বোচ্চ সৃষ্টির মধ্যে, যার ভিত্তি ঈশ্বরের চরিত্র, খ্রীষ্টের কাজ এবং আত্মার সক্ষমতা, যার প্রতি প্রতিটি ব্যক্তি অবিরত ভাবে উপযুক্ত সাড়া প্রদান করবে। এই ধারণাকে বলা হয় “বিশ্বাস দ্বারা ধার্মিকতা লাভ” (অর্থাৎ, ইফি ২:৮-৯)। এই ধারণা সুসমাচারে প্রকাশিত হয়েছে, কিন্তু এই টার্মে নয়। এটি প্রাথমিক ভাবে পৌল ব্যাখ্যা করছেন, যিনি গ্রীক টার্ম “ধার্মিকতা” ব্যবহার করেছেন এর বিভিন্ন রূপে ১০০ বারেরও উপরে।

পৌল একজন প্রশিক্ষিত রাবি ছিলেন, *dikaioisunē* টার্ম ব্যবহার করেছেন এর হিব্রু অর্থে *tsaddiq* টার্মের যেটি ব্যবহৃত হয়েছে সেপ্টুয়াজিন্টে, গ্রীক সাহিত্য থেকে নয়। গ্রীক রচনায় টার্মটি কারও সাথে সংযুক্ত যে ঈশ্বর এবং সমাজের প্রত্যায় নিশ্চিত হয়েছে (অর্থাৎ, নোহ, ইয়োব)। হিব্রু অর্থে এটি সব সময় নিয়মগত টার্মে গঠন করা হয়েছে (দেখুন বিশেষ বিষয়: নিয়ম)। YHWH হলেন ন্যায়বান, নীতিবান, নৈতিক ঈশ্বর। তিনি চান তাঁর লোকেরা তাঁর চরিত্রকে প্রতিফলিত করবে। উদ্ধারকৃত মানব নূতন সৃষ্টি হয়েছে (২ করি ৫:১৭; গালা ৬:১৫)। এই নূতনীকরণের ফল হল ঈশ্বর ভক্তিতে নূতন জীবন পদ্ধতি (মথি ৫-৭; গালা ৫:২২-২৪; যাকোব; ১ যোহন)। যেহেতু ইস্রায়েল ছিল theocracy (ঈশ্বর শাসিত) সেখানে ছিল না কোন স্পষ্ট বর্ণনা জাগতিক (সামাজিক আদর্শ) এবং পবিত্রতার (ঈশ্বরের ইচ্ছা) মধ্যে। এই স্বাতন্ত্র্য প্রকাশিত হয়েছে হিব্রু ও গ্রীক টার্ম “বিচারক” (সমাজের সঙ্গে সম্পর্কিত) এবং “ধার্মিকতা” (ধর্মের সঙ্গে সম্পর্কিত) হিসাবে ইংরাজিতে অনুবাদ করা হয়েছে।

যীশুর সুসমাচার (সুখবর) হল যে পতিত মানব ঈশ্বরের সহভাগিতায় পুনস্থাপিত হয়েছে। এটি সম্পাদিত হয়েছে পিতার ভালবাসা, দয়া, এবং অনুগ্রহ; পুত্রের জীবন যাপন, মৃত্যু এবং পুনরুত্থান; এবং আত্মার উৎসাহ ও সুসমাচারের প্রতি আকর্ষণের মাধ্যমে। ধার্মিকতা হল ঈশ্বরের বিনামূল্যের একটি কাজ, কিন্তু এর বিষয় হবে অবশ্যই ঈশ্বর ভক্তিতে (অগস্টিনের মর্যাদা, যেটি প্রতিফলিত করে সংস্কারের আন্দোলনে সুসমাচারের স্বাধীনতার উপরে গুরুত্বারোপ এবং রোমান কাথলিকদের ভালবাসা এবং বিশ্বস্ততায় জীবনে পরিবর্তনের উপরে গুরুত্বারোপ)। সংস্কারবাদীদের জন্য “ঈশ্বরের ধার্মিকতা” টার্মটি হল objective genitive (অর্থাৎ, পাপী মানুষকে ঈশ্বরের গ্রহণযোগ্য করার কাজ [অবস্থানগত পবিত্রকরণ], যখন কাথলিকদের জন্য এটি subjective genitive, যেটি হল ঈশ্বরের মত হওয়ার প্রক্রিয়া [অভিজ্ঞতালব্ধ অগ্রসারী পবিত্রকরণ]। বাস্তবিক এটি নিশ্চত ভাবে উভয়ই!!)

আমার দৃষ্টিভঙ্গিতে সমগ্র বাইবেল আদি ৪-প্রকাশিত বাক্য ২০ পর্যন্ত ঈশ্বরের এদোন বাগানের সহভাগিতার পুনস্থাপনের বিবরণ। বাইবেল শুরু হয়েছে ঈশ্বর ও মানুষের সহভাগিতার জাগতিক অবস্থানে (আদি ১-২) এবং বাইবেল শেষ হয়েছে এই একই রকম অবস্থানে (প্রকাশিত বাক্য ২১-২২)। ঈশ্বরের প্রতিমূর্তি এবং উদ্দেশ্য পুনস্থাপিত হবে!

উপরের আলোচনার বিবরণের নোট পরবর্তীতে নির্বাচিত নূতন নিয়মের প্যাসেজ উল্লেখ করেছে গ্রীক শব্দগুচ্ছ।

১. ঈশ্বর ধার্মিক (প্রায়ই বিচারক হিসাবে ঈশ্বরের সঙ্গে সংযুক্ত)
 - ক. রোমীয় ৩:২৬
 - খ. ২ থি ১:৫-৬
 - গ. ২ তীম ৪:৮
 - ঘ. প্রকাশিত ১৬:
২. যীশু হলেন ধার্মিকতা
 - ক. প্রেরিত ৩:১৪; ৭:৫২; ২২:১৪ (মশীহের উপাধি)
 - খ. মথি ২৭:১৯
 - গ. ১ যোহন ২:১, ২৯; ৩:৭
৩. ধার্মিকতা হল তাঁর সৃষ্টির জন্য ঈশ্বরের ইচ্ছা
 - ক. লেবীয় ১৯:২
 - খ. মথি ৫:৪৮ (৫:১৭-২০)
৪. ধার্মিকতা যোগান ও উৎপন্ন করার ঈশ্বরীয় উপায়
 - ক. রোমীয় ৩:২১-৩১
 - খ. রোমীয় ৪

- গ. রোমীয় ৫:৬-১১
ঘ. গালা ৩:৬-১৪
৫. ঈশ্বর দ্বারা দত্ত
ক. রোমীয় ৩:২৪; ৬:২৩
খ. ১ করি ১:৩০
গ. ইফি ২:৮-৯
৬. বিশ্বাস দ্বারা গৃহিত
ক. রোমীয় ১:১৭; ৩:২২, ২৬; ৪:৩, ৫, ১৩; ৯:৩০; ১০:৪, ৬, ১০
খ. ২ করি ৫:৭, ২১
৭. পুত্রের কাজের মাধ্যমে
ক. রোমীয় ৫:১
খ. ২ করি ৫:২১
গ. ফিলি ২:৬-১১
৮. ঈশ্বরের ইচ্ছা যে তাঁর অনুসারীরা ধার্মিক হবে
ক. মথি ৫:৩-৪৮; ৭:২৪-২৭
খ. রোমীয় ২:১৩; ৫:১; ৬:১-২৩
গ. ইফি ১:৪; ২:১০
ঘ. ১ তীম ৬:১১
ঙ. ২ তীম ২:২২; ৩:১৬
চ. ১ যোহন ৩:৭
ছ. ১ পিতর ২:২৪
৯. ধার্মিকতার দ্বারাই ঈশ্বর জগতে বিচার করবেন
ক. প্রেরিত ১৭:৩১
খ. ২ তীম ৪:৮

ধার্মিকতা হল ঈশ্বরের বৈশিষ্ট্য, খ্রীষ্টের মাধ্যমে পাপী মানুষকে বিনামূল্যে দত্ত হয়েছে। এটি হল

১. ঈশ্বরের আদেশ
২. ঈশ্বরের দান
৩. খ্রীষ্টের কাজ
৪. জীবন যাপনের একটি জীবন

কিন্তু এটিও একটি ধার্মিক হওয়া প্রক্রিয়া যা অবশ্যই উৎসাহের সাথে এবং দৃঢ়তায় অনুসরণ করতে হবে, যেটি একদিন সুসম্পন্ন হবে দ্বিতীয় আগমনে। ঈশ্বরের সঙ্গে সহভাগিতা পরিত্রাণে পুনস্থাপিত হয়েছে কিন্তু সমগ্র জীবনের অগ্রযাত্রা সম্মুখসম্মুখী তাঁর সাথে হয় (১ যোহন ৩:২) মৃত্যুতে অথবা *Parousia*!

এখানে একটি উপযুক্ত উদ্ধৃতি এই আলোচনা উপসংহার করতে। এটি নেওয়া হয়েছে *Dictionary of Paul and His Letters* from IVP থেকে,

“ক্যালভিন, লুথারের চেয়েও বেশি, ঈশ্বরের ধার্মিকতার বিষয়ে সম্পর্কের উপরে গুরুত্বরূপ করেছেন। লুথারের ঈশ্বরের ধার্মিকতার বিষয়ে দৃষ্টিভঙ্গিতে মনে হয় অন্তর্ভুক্ত ছিল নির্দোষীতার ঘোষণার দিকসমূহ। ক্যালভিন জোর দিয়েছেন যোগাযোগের বিদ্যমান প্রকৃতি বা আমাদের প্রতি ঈশ্বরের ধার্মিকতার অংশ দানের উপরে” (পৃ. ৮৩৪)।

আমার কাছে বিশ্বাসীদের ঈশ্বরের সাথে সম্পর্কের তিনটি দিক রয়েছে।

১. সুসমাচার একজন ব্যক্তি (ইস্টার্গ মন্ডলী ও ক্যালভিন গুরুত্ব দিয়েছেন)
২. সুসমাচার হল সত্য (আগস্টিন ও লুথার জোর দিয়েছেন)
৩. সুসমাচার হল পরিবর্তিত জীবন (কাথলিকরা জোর দিয়েছেন)

সবগুলিই সত্য এবং একত্রে ধারণ করতে হবে স্বাস্থ্যবান, নিষ্কলংক, বাইবেল ভিত্তিক খ্রীষ্টধর্মের জন্য। যদি যে কোন একটিকে বেশি গুরুত্ব বা অবমূল্যায়ন করা হয়, সমস্যা ঘটবেই।

আমাদের অবশ্যই যীশুকে স্বাগত জানাতে হবে!

আমাদের অবশ্যই সুসমাচার বিশ্বাস করতে হবে!

আমাদের অবশ্যই খ্রীষ্টের সাদৃশ্যতার পশ্চাৎগমন করতে হবে!

■ “পবিত্রতা” এটি এসেছিল ইস্রায়েলের উৎসর্গের পদ্ধতির রূপক থেকে (রোমীয় ৬:১৯-২৩)। এটি এসেছে একই মূল যেমন “পবিত্র” বা “পবিত্রকরণ।” পুরাতন নিয়মে এটি উল্লেখ করেছে একজন ব্যক্তি, জায়গা বা জিনিস যেটি ঈশ্বরের সেবার জন্য পৃথকীকৃত ছিল। ধর্মতত্ত্বগত ভাবে এটি উল্লেখ করেছে খ্রীষ্টে বিশ্বাসীদের মর্যাদা। যে মুহূর্তে একজন তাঁর উপরে বিশ্বাস রাখে, সে ধার্মিক গণিত হয় ও পবিত্র হয় (রোমীয় ৮:৩০)। দেখুন বিশেষ বিষয় ১ করি ১:২ পদে।

■ “পরিদ্রাণ” এর অর্থ “পুনারায় কেনা” (রোমীয় ৩:২৪)। এটি এসেছে ক্রীসদাস বাজরের রূপক থেকে। এটি ছিল পুরাতন নিয়মে পরিদ্রাণের প্রধান ধারণা।

বিশেষ বিষয়: মুক্তিপণ/পুনরুদ্ধার

(SPECIAL TOPIC: RANSOM/REDEEM)

I. পুরাতন নিয়ম

ক. প্রাথমিক ভাবে দুটি ইব্রীয় বৈধ টার্ম রয়েছে যেগুলি এই ধারণা বহন করে।

১. *Ga'al* (BDB 145 I, KB 169 I), মূলত যার অর্থ “মূল্য পরিশোধে মুক্ত।” টার্মটির *go'el* গঠনে যুক্ত হয়ে এই ধারণা প্রকাশ করেছে ব্যক্তিগত মধ্যস্থতা, সাধারণত পরিবারের একজন সদস্য (অর্থাৎ, জ্ঞাত মুক্তিকর্তা)। এই সংস্কৃতিগত দিকটি হল কোন বস্ত্র, জীব-জন্তু, জমি পুনরায় কেনার অধিকার (লেবীয় ২৫, ২৭), অথবা আত্মীয় (রুত ৪:১৪; যিশা ২৯:২২) ধর্মতাত্ত্বিক ভাবে স্থানান্তরিত হয়েছে YHWH এর মিসর থেকে ইস্রায়েলীয়দের উদ্ধারে (যাত্রা ৬:৬; ১৫:১৩; গীত ৭৪:২; ৭৭:১৫; যির ৩১:১১)। তিনি হয়েছেন “পুনরুদ্ধারকারী” (ইয়োব ১৯:২৫; গীত ১৯:১৪; ৭৮:৩৫; হিতো ২৩:১১; যিশা ৪১:১৪; ৪৩:১৪; ৪৪:৬, ২৪; ৪৭:৪; ৪৮:১৭, ৪৯:৭, ২৬; ৫৪:৫, ৮; ৫৯:২০; ৬০:১৬; ৬৩:১৬; যির ৫০:৩৪)।

২. *Padah* (BDB 804, KB 911), মূলত যার অর্থ “মুক্ত করা” অথবা “উদ্ধার করা।”

- ক. প্রথমজাতদের পুনরুদ্ধার (যাত্রা ১৩:১৩-১৫ এবং গণনা ১৮:১৫-১৭)
 খ. দৈহিক পুনরুদ্ধার তুলনা করা হয়েছে আত্মিক পুনরুদ্ধারের সাথে (গীত ৪৯:৭, ৮, ১৫)
 গ. YHWH ইস্রায়েলীয়দের তাদের পাপ ও বিদ্রোহ থেকে উদ্ধার করবেন (গীত ১৩০:৭-৮)
- খ. কয়েকটি সম্পর্কযুক্ত টার্মের সাথে ধর্মতাত্ত্বিক ধারণা যুক্ত।

১. একটি প্রয়োজন, একটি বন্ধন, বাজেয়াপ্ত করা, কারাগারে বন্দি।

- ক. দৈহিক
 খ. সামাজিক
 গ. আত্মিক (গীত ১৩০:৮)

২. স্বাধীনতা, মুক্তি এবং পুনরুদ্ধারের জন্য একটি মূল্য অবশ্যই পরিশোধ করতে হবে।

- ক. ইস্রায়েল জাতির (দি বি ৭:৮)
 খ. ব্যক্তিগত ভাবে (ইয়োব ১৯:২৫-২৭; ৩৩:২৮; যিশা ৫৩)

৩. কেউ একজন অবশ্যই মধ্যস্থতাকারী ও হিতকারী ভূমিকা পালন করবেন। *gaal* অনুসারে ইনি সাধারণত পরিবারের সদস্য হন অথবা নিকটাত্মীয় (অর্থাৎ, *go'el*, BDB 145)।

৪. YHWH প্রায়ই নিজেই বর্ণনা করেছেন পারিবারিক টার্মে।

- ক. পিতা
 খ. স্বামী
 গ. নিকটাত্মীয় জ্ঞাত উদ্ধারকর্তা/প্রতিশোধদাতা উদ্ধার YHWH-র ব্যক্তিগত প্রতিনিধি দ্বারা সুরক্ষিত; মূল্য পরিশোধ করা হয়েছে, এবং পুনরুদ্ধার সংঘটিত হয়েছে!

II. নূতন নিয়ম

ক. বেশ কয়েকটি টার্ম ব্যবহৃত হয়েছে ধর্মতাত্ত্বিক ধারণা প্রকাশ করতে।

১. *Agorazō* (১ করি ৬:২০; ৭:২৩; ২ পিতর ২:১; প্রকা ৫:৯; ১৪:৩-৪)। এটি একটি বাণিজ্যিক টার্ম। এটি প্রতিফলিত আমাদের পক্ষে যীশুর বিকল্প মৃত্যুবরণ। করে কোন কিছুর জন্য মূল্য পরিশোধ করা। আমরা রক্তে-ক্রীত লোক আমরা আমাদের জীবনকে নিয়ন্ত্রণ করতে পারি না। আমরা খ্রীষ্টের।

২. *Exagorazō* (গালা ৩:১৩; ৪:৫; ইফি ৫:১৬; কল ৪:৫)। এটিও বাণিজ্যিক টার্ম। এটি প্রতিফলিত করে আমাদের পরিবর্তে যীশুর মৃত্যু। যীশু ব্যবস্থার কার্য-ভিত্তিক (অর্থাৎ, মোশির ব্যবস্থা, ইফি ২:১৪-১৬; কল ২:১৪), “অভিশাপ” কে ছিন্ন করেছেন, যেটি পাপী মানুষ কখনোই সম্পাদন করতে পারতো না। তিনি আমাদের সকলের জন্য অভিশাপ (দি বি ২১:২৩) ছিন্ন করেছেন (মার্ক ১০:৪৫; ২ করি ৫:২১)। যীশুতে, ঈশ্বরের ন্যায় বিচার ও ভালবাসা সমন্বিত হয়েছে সম্পূর্ণ ক্ষমা, গ্রহণ ও প্রবেশে!

৩. *Luō*, “স্বাধীন করা”

- ক. *Lutron*, “মূল্য পরিশোধ” (মথি ২০:২৮; মার্ক ১০:৪৫)। এগুলি শক্তিশালী শব্দ যীশুর নিজের মুখের তাঁর আগমনের উদ্দেশ্যের বিষয়ে, জগতের উদ্ধার কর্তা হতে যে দেনা তিনি করেন নাই সেই পাপের দেনা পরিশোধে (যোহন ১:২৯)।

খ. *Lutroō*, “মুক্ত করা”

- (১) ইস্রায়েলকে পুনরুদ্ধার (লুক ২৪:২১)
- (২) লোকদের পুনরুদ্ধার ও খাঁটি করতে নিজেকে প্রদান (তীত ২:১৪)
- (৩) নির্দোষ বিকল্প হতে (১ পিতর ১:১৮-১৯)

গ. *Lutrōsis*, “পুনরুদ্ধার”, “মুক্ত করা” বা “স্বাধীনতা”

- (১) যীশুর সম্বন্ধে সখরিয়ের ভাববাণী, লুক ১:৬৮
- (২) যীশুর জন্য হান্নার ঈশ্বরের প্রশংসা, লুক ২:৩৮
- (৩) যীশুই উত্তম, একবারই উৎসর্গ দান করেছেন, ইব্রীয় ৯:১২

৪. *Apolytrōsis*

ক. দ্বিতীয় আগমনে পুনরুদ্ধার (প্রেরিত ৩:১৯-২১)

- (১) লুক ২১:২৮
- (২) রোমীয় ৮:২৩
- (৩) ইফিসীয় ১:১৪; ৪:৩০
- (৪) ইব্রীয় ৯:১৫

খ. খ্রীষ্টের মৃত্যুতে পুনরুদ্ধার

- (১) রোমীয় ৩:২৪
- (২) ১ করিন্থীয় ১:৩০
- (৩) ইফিসীয় ১:৭
- (৪) কলসীয় ১:১৪

৫. *Antilytron* (১ তীম ২:৬)। এটি একটি গুরুত্বপূর্ণ টেক্সট (যেভাবে তীত ২:১৪ পদে) যেটির সংযোগে ত্রুশে যীশুর বিকল্প মৃত্যুকে মুক্ত করে। তিনি একজন এবং একমাত্র গ্রহণযোগ্য উৎসর্গ, যিনি “সকলের” জন্য মরেছেন (যোহন ১:২৯; ৩:১৬-১৭; ৪:৪২; ১ তীম ২:৪; ৪:১৪; তীত ২:১১; ২ পিতর ৩:৯; ১ যোহন ২:২; ৪:১৪)।

খ. নূতন নিয়মে ধর্মতাত্ত্বিক ধারণা।

১. মানুষ পাপের দাস হয়েছে (যোহন ৮:৩৪; রোমীয় ৩:১০-১৮; ৬:২৩)।
২. পুরাতন নিয়মের মোশির ব্যবস্থা (গালা ৩) এবং পর্বতে দত্ত যীশুর উপদেশ (মথি ৫-৭) মানুষের পাপে বন্দি অবস্থা প্রকাশ করেছে। মানুষের কাজ মৃত্যুর যোগ্য হয়ে পড়েছে (কল ২:১৪)।
৩. যীশু ঈশ্বরের নির্দোষ মেসশাবক, এ জগতে এসেছিলেন এবং আমাদের স্থানে মৃত্যুবরণ করেছিলেন (মার্ক ১০:৪৫; যোহন ১:২৯; ২ করি ৫:২১)। পাপ থেকে আমাদের ত্রুশ করা হয়েছে যেন আমরা ঈশ্বরের সেবা করতে পারি (রোমীয় ৬)।
৪. YHWH এবং যীশু “নিকটাত্মীয়ের” ইঙ্গিত দেয় যিনি আমাদের পক্ষে কাজ করছেন। এটি পারিবারিক রূপকের ধারাবাহিকতা (অর্থাৎ, পিতা, স্বামী, পুত্র, ভাই, নিকটাত্মীয়)।
৫. পুনরুদ্ধার শয়তানকে দেওয়া কোন মূল্য ছিল না (অর্থাৎ, মধ্যযুগের ধর্মতত্ত্ব), কিন্তু ঈশ্বরের বাক্য ও তাঁর ন্যায় বিচারের সাথে ঈশ্বরের ভালবাসা ও খ্রীষ্টে সম্পূর্ণ ভবিষ্যৎ বন্দোবস্ত। ত্রুশে শান্তি পুনরুদ্ধার হয়েছে, মানুষের বিদ্রোহ ক্ষমা হয়েছে, মানুষের মাঝে ঈশ্বরের প্রতিমূর্তি এখন সম্পূর্ণ ভাবে আবার ঘনিষ্ঠ সহভাগিতায় কাজ করছে!
৬. এছাড়াও পরিত্রাণে ভবিষ্যতের বিষয় রয়েছে (রোমীয় ৮:২৩; ইফি ১:১৪; ৪:৩০), যেটিতে আমাদের পুনরুত্থিত দেহ এবং ত্রিভু ঈশ্বরের সঙ্গে ঘনিষ্ঠ ব্যক্তিগত সম্পর্ক অর্ন্তভুক্ত (দেখুন বিশেষ বিষয়:ত্রিভু)। আমাদের পুনরুত্থিত দেহ তাঁর মত হবে (১ যোহন ৩:২)। তাঁর একটি দৈহিক দেহ ছিল, কিন্তু অতিরিক্ত পরিমাপ যোগ্য দিক সহ। ১ করিন্থীয় ১৫:১২-১৯ পদের সাথে ১ করিন্থীয় ১৫:৩৫-৫৮ পদ অসঙ্গত মনে হলেও সঙ্গত বলে ব্যাখ্যা করা কঠিন। স্পষ্টত দৈহিক, জাগতিক দেহ এবং স্বর্গীয়, আত্মিক দেহ রয়েছে। যীশুর দুটিই ছিল!

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

১:৩১ এইন উদ্ধৃতিটি এসেছে যিরমিয় ৯:২৩-২৪ পদ থেকে। পৌল এই উদ্ধৃতিটি পুনর্বীর উল্লেখ করেছেন ২ করি ১০:১৭ পদে। যিরমিয় প্যাসেজের “সদাপ্রভু” উল্লেখ করছে YHWH কে, কিন্তু এখানে যীশুকে! যীশুর ঈশ্বরত্ব নিশ্চিত করতে এটি হল নূতন নিয়মের একটি প্রচলিত কৌশল। আমাদের নিজেদের নিয়ে গর্ব করবো না, কিন্তু তাঁকে নিয়ে যাঁর মধ্যে ঈশ্বরত্বের সকল পূর্ণতা দৈহিকরূপে বাস করে! যিরমিয় থেকে এই দুটি উদ্ধৃতি দেখায় ১ করিন্থীয় ১-৪ এবং ২ করিন্থীয় ১০-১৩ অধ্যায়ের মধ্যে একটি সংযোগ। বিরোধি দল হল যিহুদী sophists যারা তাদের কাব্যলংকারকে নিয়ে গর্ব করতো (Bruce W. Winter, *Philo and Paul Among the Sophists*)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্বেককারী, চূড়ান্ত নয়।

১. কেন পৌল অধিকাংশ সময় ঈশ্বরের আহবানের উপরে গুরুত্বারোপ করেছেন?
২. কিভাবে ঈশ্বর পাপী মানুষকে “পবিত্র” বলতে পারেন?
৩. মণ্ডলীতে আত্মিক দানের উদ্দেশ্য কি?
৪. কেন করিন্থীয় মণ্ডলীতে এত দলভেদ ছিল?
৫. কিভাবে ১ করি ১:১২ পদ আধুনিক মণ্ডলী সম্প্রদায়ের সাথে সম্পর্কযুক্ত?
৬. ১ করি ১:১৭ পদে পৌল কি বাপ্তিস্মকে নিম্নে স্থান দিয়েছেন?
৭. কেন যিহুদীরা সুসমাচারকে প্রত্যাখান করেছেন?
৮. কেন গ্রীকেরা সুসমাচারকে প্রত্যাখান করেছেন?
৯. কেন ঈশ্বর সমাজিক মর্যাদাহীন বা মেধাহীন দুর্বল লোককে সুসমাচার বিস্তারে ব্যবহার করতে মনোনীত করেছেন?

Copyright © 2013 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

১ করিন্থীয় ২
(1 CORINTHIANS 2)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
ত্রুশোবিদ্ধ খ্রীষ্টকে ঘোষণা	খ্রীষ্ট ত্রুশোবিদ্ধ	খ্রীষ্ট ত্রুশোবিদ্ধ	খ্রীষ্ট ত্রুশে সে বিষয়ে বার্তা	সত্যিকার জ্ঞান ও ভ্রান্তি (১:১৭-৩:৪)
২:১-৫	২:১-৫	২:১-৫	২:১-৫	২:১-৫
ঈশ্বরের আত্মার দ্বারা প্রকাশ	আত্মিক জ্ঞান	আত্মিক জ্ঞান	ঈশ্বরের জ্ঞান	
২:৬-১৬	২:৬-১৬	২:৬-১৩	২:৬-১২ ২:১৩-১৬	২:৬-৯ ২:১০-১৬
		২:১৪-১৬		

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ, ইত্যাদি।

১ করিন্থীয় ২:১-১৬ পদের প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি

ক. করিন্থীয় মন্ডলীতে কিছু লোক ছিল যারা মেধাগত ভাবে খুব চৌকস ছিল (অর্থাৎ, প্রথম শতকের কাব্যলংকারের ঐতিহ্যে)। মানবিক জ্ঞান ও কাজের প্রতি অতিরিক্ত জোর দানের এই প্রসঙ্গে, পৌল প্রথম অধ্যায়ে শুরু করেছেন ঈশ্বরের অনুগ্রহের উপরে জোর দান করে (যেমন তিনি করেছেন ইফি ২:১-১০ পদে)। তথাপি, তিনি স্বীকার করেছেন যে ঈশ্বরীয় দানের মধ্যেই প্রজ্ঞা ও জ্ঞান। ২ অধ্যায়ে, এই একই বিষয়ে মানবিক আবিষ্কার বনাম প্রত্যাদেশের উপরে গুরুত্বদানের দ্বারা বলে চলেছেন। যেহেতু করিন্থীয়রা তাদের এই জ্ঞান রয়েছে বলে দাবি করেনি, তারা একই ভাবে এই জ্ঞান কিভাবে লাভ করা যায় তার উপায় সম্পর্কে দাবী করেনি।

খ. মূলত, ১ করি ২:১-১৬ পদ হল ১ করি ১:১৮-২৫ পদের বর্ধিতকরণ।

গ. ১০-১৬ পদ বোঝা যেতে পারে কয়েক শ্রেণীর আত্মিক অর্ন্তদৃষ্টি বা প্রকাশের উল্লেখ হিসাবে। ঈশ্বর সেভাবেই কাজ করেছেন যেভাবে নিজেকে আমাদের কাছে প্রকাশ করেছেন (অর্থাৎ, প্রকাশ, ১ করি ২:১০-১২); তিনি কিছু লোককে মনোনীত করেছেন তাঁর কাজ লিপিবদ্ধ ও ব্যাখ্যা করতে (অর্থাৎ, অনুপ্রেরণা, ১৩ পদ), এবং চূড়ান্ত ভাবে আত্মা বাইবেলের পাঠকদের তাঁর প্রকাশের প্রধান সত্য বুঝতে সক্ষম করে (অর্থাৎ, আলোকিতকরণ, ১ করি ২:১৪-১৬)।

বিশেষ বিষয়: আলোকিত করা (SPECIAL TOPIC: ILLUMINATION)

ঈশ্বর অতীতে কাজ করেছেন যা স্পষ্টভাবে তাঁকে মানুষের কাছে প্রকাশ করেছে (অর্থাৎ, সৃষ্টি, আদি পিতাদের আহবান, মহা প্রস্থান, বিজয় লাভ, ইত্যাদি)। ধর্মতত্ত্বে একে বলা হয় “প্রকাশিত হওয়া।” তিনি নির্দিষ্ট মানুষকে মনোনীত করেছেন এই আত্ম-প্রকাশকে লিপিবদ্ধ ও ব্যাখ্যা করার জন্য (অর্থাৎ, যোহন ১৪:২৬; ১৬:১২-১৫)। ধর্মতত্ত্বে একে বলা হয় “অনুপ্রেরণা।” তিনি তাঁর আত্মাকে পাঠিয়েছেন পাঠকদের তাঁকে ও তাঁর প্রতিজ্ঞা ও যোগান দানকে বোঝাতে, বিশেষ করে মশীহের আগমনকে। ধর্মতত্ত্বে একে বলা হয়েছে “আলোকিত করা।” সমস্যা ওঠে, যদি আত্মা ঈশ্বরকে বোঝাতে অন্তর্ভুক্ত থাকেন—তাহলে কেন তাঁকে ও তাঁর ইচ্ছা ও উপায় নিয়ে এত বেশি ব্যাখ্যা কেন?

এই সমস্যার আংশিক নিহিত রয়েছে পাঠকদের পূর্ব-উপলব্ধি অথবা ব্যক্তিগত অভিজ্ঞতায়। প্রায়ই একটি ব্যক্তিগত সূচী সমর্থন করা হয় বাইবেল ব্যবহারে proof-text বা atomistic পদ্ধতি দ্বারা। প্রায়ই একটি ধর্মতাত্ত্বিক জাল বাইবেলের উপরে বিছিয়ে বলা হয় এটি কেবলমাত্র কোন নির্দিষ্ট ক্ষেত্রে এবং এর নির্বাচিত উপায়ে কথা বলবে। আলোকিত করণ সহজভাবে অনুপ্রেরণার সাথে সমান হতে পারে না যদিও পবিত্র আত্মা প্রত্যেকেটিতে অর্ন্তভুক্ত। অনুপ্রেরণা (দেখুন বিশেষ বিষয়: অনুপ্রেরণা) নতুন নিয়মের সাথেই বন্ধ হয়েছে (অর্থাৎ, যিহূদা ৩,২০)। বেশীর ভাগ নতুন নিয়মের লেখনী যেগুলি আলোকিত করণের সাথে সম্পর্কিত তা উল্লেখ করে সুসমাচার ও খ্রীষ্ট সাদৃশ্য জীবনের সম্পর্কে জ্ঞান (অর্থাৎ, রোমীয় ৮:১২-১৭; ১ করি ২:১০-১৩; ইফি ১:১৭-১৯; ফিলি ১:৯-১১; কল ১:৯-১৩; ১ যোহন ২:২০-২৭)। এটি বাস্তবতায়, “নতুন চুক্তির” একটি প্রতিজ্ঞা (যির ৩১:৩১-৩৪, বিশেষ করে ৩৪ পদ)।

আত্মাকে বিশ্বাসীদের প্রকাশ বোঝার সাহায্যের সবচেয়ে ভাল পদ্ধতির অনুমোদন হতে পারে একটি প্যারাফ্রাফের কেন্দ্রীয় ধারণার উপরে জোর দিতে চেষ্টা করা, লেখনীর প্রতিটি বিশদ বিবরণের ব্যাখ্যা নয়। এটি বিষয় ভিত্তিক চিন্তা যেটি মূল লেখকের কেন্দ্রীয় সত্যকে প্রকাশ করে। পুস্তকের রূপরেখা বা সাহিত্যের একক ব্যক্তিকে সাহায্য করে মূল অনুপ্রাণিত লেখকের উদ্দেশ্যকে অনুসরণ করতে। কোন অনুবাদকই অনুপ্রাণিত নয়। আমরা বাইবেলের লেখকদের ব্যাখ্যার পদ্ধতি পুনরায় উৎপাদন করতে পারি না (অর্থাৎ, অনুপ্রেরণা)। আমরা যা পারি এবং অবশ্যই তা বুঝতে চেষ্টা করা দরকার তাদের সময়ে তারা কি বলেছেন এবং তারপর সেই সত্যকে আমাদের সময়ে প্রকাশ করা। বাইবেলে অংশ রয়েছে যা দ্ব্যর্থব্যাঞ্জক বা লুক্কায়িত (একটি নির্দিষ্ট সময় বা কাল পর্যন্ত)। কোন কোন টেক্সট ও বিষয়ে সব সময়ই কিছু অনৈক্য রয়েছে কিন্তু আমাদের অবশ্যই স্পষ্টভাবে বলতে হবে কেন্দ্রীয় সত্য এবং প্রতিটি বিশ্বাসীকে স্বাধীনতা দিতে হবে অনুবাদের জন্য মূল লেখকদের উদ্দেশ্যের সীমারেখার মধ্যে। অনুবাদকদের অবশ্যই তারা যে আলো পেয়েছে সেই আলোতে চলতে হবে, সবসময়ই বাইবেল এবং আত্মার কাছ থেকে আরও আলোর জন্য নিজের উন্মুক্ত রাখতে হবে। ঈশ্বর আমাদের উপলব্ধির স্তর এবং কিভাবে এই উপলব্ধির মাধ্যমে আমরা জীবন যাপন করি তার উপরে ভিত্তি করে বিচার করবেন।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

বিশেষ বিষয়: অনুপ্রেরণা (SPECIAL TOPIC: INSPIRATION)

এটি হল বিশ্বাসে জোর দিয়ে বলা যে ঈশ্বর সক্রিয়ভাবে তাঁর আত্মার দ্বারা যুক্ত ছিলেন তাঁর কাজ, প্রতিজ্ঞা, এবং মানব জাতির জন্য তাঁর ইচ্ছা লিপিবদ্ধ করতে। এটি হল “the” স্বর্গীয় আত্ম-উন্মোচন! এই উন্মোচনকে বলা হয় “প্রকাশ”। ভবিষ্যত প্রজন্মের জন্য এই লিপিবদ্ধকরণকে বলা হয় “অনুপ্রেরণা।”

বাইবেল “অনুপ্রেরণা” শব্দটির একমাত্র ব্যবহার হল ২ তীম ৩:১৬ এবং আক্ষরিকভাবে হল “ঈশ্বর শ্বাস ত্যাগ করলেন।” লক্ষ্য করুন “শাস্ত্র” নতুন নিয়মে সব সময় উল্লেখ করেছে পুরাতন নিয়মের দিকে (অর্থাৎ, ২ তীম ৩:১৫ উল্লেখ করে তীমথিযে যিহূদী হিসেবে বেড়ে ওঠা)। লক্ষ্য করুন শাস্ত্রের উদ্দেশ্য হল দুই ধাপের।

১. প্রজ্ঞা যেটি পরিত্রাণের দিকে পরিচালিত করে, ২ তীম ৩:১৫
২. ধার্মিকতায় প্রশিক্ষণ, ২ তীম ৩:১৬

লক্ষ্য করুন কিভাবে যোহন ৫:৩৯; ১ করি ১৫:৩-৪; এবং ১ পিতর ১:১০-১২ দেখেছে পুরাতন নিয়মকে খ্রীষ্টের দিকে নির্দেশক হিসাবে। যীশু নিজে এটি জোর দিয়ে বলেছেন যে লুক ২৪:২৫-২৭ পদ! আত্মা পুরাতন নিয়মের লেখকদের পরিচালিত করেছে (২ পিতর ১:২০-২১)। মন্ডলী পুরাতন নিয়মের ক্যাননকে গ্রহণ করেছে (দেখুন বিশেষ বিষয়: ক্যানন)। তারা একে দেখেছে সম্পূর্ণ অনুপ্রাণিত হিসাবে (মথি ৫:১৭-১৯)। যদিও, তারা বুঝতে পেরেছে যে নতুন নিয়ম, যার মধ্যে যীশুর বাক্য এবং কাজ আছে, তা ছিল চূড়ান্ত প্রকাশ (মথি ৫:২১-৪৮; ইব্রীয় ১:১-২)। যীশু হলেন YHWH এর পূর্ণ, চূড়ান্ত,

এবং সম্পূর্ণ প্রকাশ (যোহন ১:১-৫,১৪; কল ১:১৫-১৬)। তিনি পুরাতন নিয়মের মশীহের প্রতিজ্ঞা পরিপূর্ণ করেছেন (অর্থাৎ, মথি ২৬:৩১,৫৬; ১৪:২৭,৪৯; লুক ২০:১৭; যোহন ১২:১৪-১৬; ১৩:১৮; ১৫:২৫; ১৭:১২; ১৯:২৪-৩৬; প্রেরিত ১:১৬; ৩:১৮,২১-২৬; ৪:২৫-২৮)।

আত্মা অবশ্যই মন ও হৃদয়কে খুলে দেবে কারণ বুঝতে পারার আগে (প্রেরিত ৮:৩৪-৩৫; ১৩:২৭)। আত্মায় পরিচালিত বাইবেলের লেখকেরা মানুষের শব্দ, বাগধারা, এবং যীশুতে ঈশ্বরের আত্ম-উন্মোচনের সত্য উদাহরণের দ্বারা প্রকাশ করেছেন (যোহন ১৪:২৬; ১৫:২৬-২৭; ১ করি ২:১০-১১,১৩-১৬)।

একটি ভাল সংক্ষিপ্ত আলোচনা রয়েছে Millard J. Erickson, *Christian Theology*, 2nd ed., pp. 224-245।

সাহিত্যের প্রক্রিয়ার উপরে আরও একটি ভাল আলোচনা যেটি “মৌখিক” সামাজিক ভিত্তি থেকে লিখিত তথ্য হল John H. Walton and D. Brent Sandy, *The Lost World of Scripture* (2013)।

Copyright © 2014 [Bible Lessons International](http://www.biblelessonsinternational.com)

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি স্থীয় ২:১-৫

‘ আর, হে ভাইয়েরা, আমি যখন তোমাদের কাছে গিয়েছিলাম, তখন ঈশ্বরের সাক্ষ্য প্রচার করার সময় আমি সুন্দর ভাষা ব্যবহার করি নি বা খুব জ্ঞানী লোকের মত কথা বলি নি।^১ কারণ আমি মনে ঠিক করেছিলাম তোমাদের কাছে থাকবার সময়ে যীশু খ্রীষ্টকে, এবং তাঁকে ক্রুশে বিদ্ধ ছাড়া আর কিছুই জানব না।^২ আর আমি তোমাদের কাছে যখন ছিলাম তখন নিজেকে দুর্বল মনে করতাম এবং ভয়ে খুবই কাঁপতাম।^৩ আর আমার বার্তা ও আমার প্রচার কোন জ্ঞানপূর্ণ যুক্তি-তর্ক ছিল না, বরং পবিত্র আত্মার শক্তিই তাতে দেখা গিয়েছিল,^৪ যেন তোমাদের বিশ্বাস মানুষের জ্ঞানের উপর নির্ভর না করে ঈশ্বরের শক্তির উপর নির্ভর করে। (অনুবাদকৃত টেক্সট)।

২:১ “ভাইয়েরা” প্রায়ই পৌল বিশ্বাসীদের জন্য এই পদ মর্যাদা ব্যবহার করেছেন, সচেতন ভাবে বা অসচেতন ভাবে, এটি চিহ্নিত করতে যে পরবর্তী ধাপে সত্যের উপস্থাপনা বা নূতন সত্যের উপস্থাপনা (১ করি ২:১; ৩:১; ৪:৬; ৭:২৪; ১০:১; ১১:৩৩; ১২:১; ১৪:৬, ২০, ৩৫; ১৫:১, ৩১, ৫০, ৫৮; ১৬:১৫)। এই টার্ম করি স্থীয় মণ্ডলীর পুরুষ ও মহিলা উভয়কেই উল্লেখ করতে পারে।

NASB “আমি সুন্দর ভাষা ব্যবহার করি নি বা খুব জ্ঞানী লোকের মত কথা বলি নি”

NKJV “চমৎকার ভাষা ব্যবহার করি নি বা খুব জ্ঞানী লোকের মত কথা বলি নি”

NRSV “আমি ..অহঙ্কারী ভাষা ব্যবহার করি নি বা খুব জ্ঞানী লোকের মত কথা বলি নি”

TEV “আমি লম্বা লম্বা ভাষা ব্যবহার করি নি এবং মহাজ্ঞানীর মত কথা বলি নি”

NJB “আমি জাঁকজমকপূর্ণ বক্তৃতা দেই নি বা খুব জ্ঞানী লোকের মত বিতর্ক করি নি”

পৌল পার্থক্য প্রকাশ করছেন তার নিজের (অর্থাৎ, করি স্থীয় পৌল, প্রেরিত ১৮:১-১৮) এবং জ্ঞান ও কাব্যলংকারের উপরে দ্রাস্ত ভাবে জোর দানকারী কিছু করি স্থীয়দের মধ্যে যারা পরবর্তীতে মণ্ডলীর নেতা হয়েছিল। অপোল্লো, পৌল নয়, ছিলেন মার্জিত কাব্যরসতত্ত্ববিদ এবং তারা চাইতেন পৌল যেন তার প্রকাশ্য বক্তৃতায় তা অনুকরণ করেন (দেখুন Bruce W. Winter, *Philo and Paul Among the Sophists*)। “সর্বোৎকৃষ্টতা” (*hyperochē*) এর জন্য পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: পৌলের “HUPER”-এর সমন্বয় ব্যবহার

(SPECIAL TOPIC: PAUL'S USE OF HUPER COMPOUNDS)

পৌলের বিশেষ পছন্দ ছিল গ্রীক preposition *hyper* ব্যবহার করে নূতন শব্দ সৃষ্টিতে, যার মূল অর্থ “উপরে” বা “উচ্চতায়।” যখন এটি genitive (ablative) সাথে ব্যবহৃত হতো তখন এর অর্থ হতো “পক্ষে।” এর আরও অর্থ হতে পারে “সমক্ষে” বা “উদ্ভিগ্নতা,” *peri* এর মত (২ করি ৮:২৩; ২ থিম ২:১)। যখন accusative -এর সাথে ব্যবহৃত হতো তখন এর অর্থ “সবার উপরে,” “উপরে,” বা “দূরে” (A. T. Robertson, *A Grammar of the Greek New Testament in the Light of Historical Research*, pp. 625-633)। যখন পৌল কোন ধারণার উপরে জোর দিতে চেয়েছেন তখন তিনি এই preposition ব্যবহার করেছেন সমন্বিত ভাবে। পরবর্তীতে পৌলের সমন্বিত ভাবে এই PREPOSITION এর বিশেষ ব্যবহারের তালিকা।

ক. *Hapax legomenon* (কেবলমাত্র একবারই নূতন নিয়মে ব্যবহৃত হয়েছে)

১. *Huperakmos*, একজনের জীবনের প্রধান সময় অতীত, ১ করি ৭:৩৬

২. *Huperauxanō*, অতিরিক্ত ভাবে বৃদ্ধি পাওয়া, ২ খিষ ১:৩
৩. *Huperbainō*, অতিক্রম করা বা লংঘন করা, ১ খিষ ৪:৬
৪. *Huperkeina*, দুরে, ২ করি ১০:১৬
৫. *Huperekteina*, অতি প্রসারিত, ২ করি ১০:১৪
৬. *Huperentugchanō*, মধ্যস্থতা করা, রোমীয় ৮:২৬
৭. *Hupernikaō*, অধিকরূপে বিজয়ী হওয়া, রোমীয় ৮:৩৭
৮. *Huperpleonazō*, অতিমাত্রায় প্রাচুর্য হওয়া, ১ তীম ১:১৪
৯. *Huperupsoō*, সর্বোচ্চ ভাবে প্রশংসা করা, ফিলি ২:৯
১০. *Huperphroneō*, উচ্চাকাঙ্ক্ষী চিন্তা থাকা, রোমীয় ১২:৩

খ. কেবলমাত্র পৌলের লেখায় ব্যবহৃত শব্দ।

১. *Huperairomai*, নিজের প্রশংসা, ২ করি ১২:৭; ২ খিষ ২:৪
২. *Huperballontōs*, পরিমানের উপরে, অতিরিক্তরূপে, ২ করি ১১:২৩; (এখানে কেবলমাত্র adverb, কিন্তু verb ২ করি ৩:১০; ৯:১৪; ইফি ১:১৯; ২:৭; ৩:১৯ পদে)
৩. *Huperbolē*, অতিক্রম করা, অসাধারণ বর্ম, রোমীয় ৭:১৩; ১ করি ১২:৩১; ২ করি ১:৮; ৪:৭,১৭; ২২:৭; গালা ১:১৩
৪. *Huperekperissou*, সকল পরিমাপের উর্দে, ইফি ৩:২০; ১ খিষ ৩:১০; ৫:১৩
৫. *Huperlian*, সর্বোচ্চ স্তরের বা পূর্ব-উল্লেখযোগ্য, ২ করি ১১:৫; ১২:১১
৬. *Huperochē*, প্রসিদ্ধ, চমৎকার, ১ করি ২:১; ১তীম ২:২
৭. *Huperperisseuō*, বিস্ময়কর প্রাচুর্য, রোমীয় ৫:২০ (MIDDLE VOICE, প্রচুররূপে পূর্ণ, উপচয়, ২ করি ৭:৪)

গ. পৌল যে সব শব্দ ব্যবহার করেছেন এবং নূতন নিয়মের অন্য লেখকদের বেলায় বিরল

১. *Huperanō*, অনেক উর্দে, ইফি ১:২১; ৪:১০; এবং ইব্রীয় ৯:৫
২. *Huperechō*, উৎকৃষ্ট, পূর্ব-উল্লেখযোগ্য, রোমীয় ১৩:১; ফিলি ২:৩; ৩:৮; ৪:৭; ১ পিতর ২:১৩
৩. *Huperēphanos*, অনুমান বা দাঙ্কিক, রোমীয় ১:৩০; ২ তীম ৩:২ এবং লুক ১:৫১; যাকোব ৪:৬; পিতর ৫:৫।

পৌল ছিলেন দারুণ আবেগের মানুষ; যখন কোন জিনিস বা লোকেরা ভাল হতো, তারা খুব ভাল হতো এবং যখন তারা খারাপ হতো, তারা ছিল খুবই খারাপ। এই preposition তাকে সুবিধা করে দিয়েছে পাপ, নিজের এবং খ্রীষ্ট ও সুসমাচারের সম্বন্ধে তার সর্বোচ্চ অনুভূতির প্রকাশে।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

NASB, NKJV “ঈশ্বরের সাক্ষ্য”

NRSV, NJB “ঈশ্বরের নিগূঢ় তত্ত্ব”

TEV “ঈশ্বরের লুকানো সত্য”

এখানে গ্রীক পাবুলিপির পার্থক্য রয়েছে। গ্রীক টার্ম *musterion* (নিগূঢ় তত্ত্ব) দেখা যায় MSS P⁴⁶, N*, A, এবং C তে। শব্দ *marturion* (সাক্ষ্য) দেখা যায় প্রাচীন পাবুলিপি N², B, C, D তে। যদি এটি “নিগূঢ় তত্ত্ব” হয়, তবে এই ধারণা বর্ণিত হয়েছে ১ করি ২:৭; ইফি ২:১১-৩:১৩; এবং কল ১:২৬-২৭ পদে, যেটি হল খ্রীষ্টে এক পরিবারে (অর্থাৎ, মণ্ডলী) যিহূদী ও গ্রীকের সমন্বয়। যদি এটি “সাক্ষ্য” হয়, তবে এটি পিছনে ১:৬ পদে সংযুক্ত করে, যেটি হতে পারে “সুসমাচার” এর সাথে একই রকমের। UBS⁴ দিয়েছে “নিগূঢ় তত্ত্ব”-কে B রেটিং (অর্থাৎ, প্রায় নিশ্চিত)।

টার্ম “নিগূঢ় তত্ত্ব” প্রায়ই ব্যবহৃত হয়েছে মিসরে পাওয়া প্রথম শতকের Koine প্যাপিরাসে এই উল্লেখ যে একটি বিশেষ দলের কাছে কেবল মাত্র নূতন সূচনার গোপন জ্ঞান সুপ্রাপ্য (অর্থাৎ, রহস্যময় ধর্ম)। পৌল এই কৌশলগত টার্মটি নিয়েছেন এবং এটি তাদের সঙ্গে সংযুক্ত করেছেন যাদের আত্মা রয়েছে (অর্থাৎ, বিশ্বাসী) এবং যাদের তা নেই। এখানে এই পয়েন্টে পৌলের উপস্থাপনায় বিশ্বাসীদের মধ্যে বিভাগ নেই (১ করি ৩:১)। সকলকেই বিবেচনা করা হয়েছে “পরিপক্ব” বলে (১ করি ২:৬)।

বিশেষ বিষয়: নিগূঢ়তত্ত্ব (ঈশ্বরের পরিত্রাণের পরিকল্পনা)

{SPECIAL TOPIC: MYSTERY (God plan for redemption)}

I. পুরাতন নিয়মে

এই Aramaic শব্দ (BDB 1112, KB 1980), *raz*, অর্থ “লুকিয়ে রাখা,” “গোপন করে রাখা।” এটি দানিয়েলে বেশ কয়েকবার ব্যবহৃত হয়েছে (দানি ২:১৮, ১৯, ২৭, ২৮, ২৯, ৩০, ৪৭; ৪:৯)। এটি হয়েছে রহস্য উদঘাটনমূলক সাহিত্যের কেন্দ্রীয় বিষয় এবং প্রায়ই Dead Sea Scroll এ উল্লেখিত হয়েছে। ঈশ্বর তাঁর গোপন মন্ত্রণা তাঁর ভাববাদীদের কাছে প্রকাশ করেছেন (আদি ১৮:১৭; যির ২৩:১৮; দানি ৯:২২; আমোষ ৩:৭)।

Dead Sea Scroll সমাজ ঈশ্বরের প্রকাশকে ধ্যান করেছিল যার মাধ্যমে (১) পুরাতন নিয়মের ভাববাদীদের বার্তা (*raz*), কিন্তু এছাড়াও (২)

“ধার্মিকতার শিক্ষক” দের ব্যাখ্যা (peshar)। প্রকাশ ও ব্যাখ্যার এই ধরনের নমুনা রহস্য উদঘাটনমূলক সাহিত্যকে বৈশিষ্ট্যমণ্ডিত করেছে।

II. Synoptic সুসমাচারে “নিগূঢ় তত্ত্ব” ব্যবহৃত হয়েছে যীশুর দৃষ্টান্ত থেকে সামান্য বিচ্ছুরিত আত্মিক অন্তর্দৃষ্টির।

১. মার্ক ৪:১১
২. মথি ১৩:১১
৩. লূক ৮:১০

III. পৌল একে বেশ কয়েকটি ভিন্ন ভিন্ন উপায়ে ব্যবহার করেছেন।

১. একটি আংশিক কঠোর ইশ্রায়েল সুযোগ দিয়েছে পরজাতীয়দের যুক্ত হতে। এই পরজাতীয়দের আন্তঃপ্রবাহ কাজ করবে একটি কৌশল হিসেবে যিহুদীদের জন্য যীশুকে ভাববাণীর খ্রীষ্ট হিসেবে গ্রহণ করতে (রোমীয় ১১:২৫-৩২)।
২. সুসমাচার সকল জাতির কাছে জানানো হয়েছিল, তাদের বলা হয়েছিল যে তারা সকলে খ্রীষ্টেতে এবং খ্রীষ্টের মধ্য দিয়ে যুক্ত হয়েছে (রোমীয় ১৬:২৫-২৭; কল ২:২)।
৩. দ্বিতীয় আগমনে বিশ্বাসীদের নতুন দেহ (১ করি ১৫:৫-২৭; ১ থিম ৪:১৩-১৮)।
৪. খ্রীষ্টেতে সকল বিষয়ের সারমর্ম (ইফি ১:৮-১১)।
৫. পরজাতীয়রা এবং যিহুদীরা সহ-উত্তরাধিকারী (ইফি ২:১১-৩:১৩)।
৬. খ্রীষ্ট এবং মন্ডলীর মধ্যে অন্তরঙ্গ সম্পর্ক বর্ণনা করা হয়েছে বিবাহের টার্মে (ইফি ৫:২৩-৩৩)।
৭. পরজাতীয়দের সংযুক্তি নিয়মের লোকদের সাথে এবং খ্রীষ্টের আচার বাস হয়েছে যেন খ্রীষ্টসাদৃশ্য পরিপক্বতা উৎপন্ন হয়, অর্থাৎ, পতিত মানবে ঈশ্বরের ক্ষতিগ্রস্ত প্রতিচ্ছবি পুনস্থাপিত হয় (আদি ১:২৬-২৭; ৫:১; ৬:৫, ১১-১৩; ৮:২১; ৯:৬; কল ১:২৬-২৮)।
৮. শেষ সময়ের খ্রীষ্টারী (২ থিম ২:১-১১)।

IV. একটি আদি মন্ডলীর সমবেত গানে বা প্রশ্ন উত্তরে সুসমাচারের নিগূঢ়তত্ত্বের বিষয়টি পাওয়া যায় ১ তীম ৩:১৬ পদে।

V. যোহনের প্রকাশিত বাক্যে এটি ব্যবহৃত হয়েছে যোহনের রহস্য উদঘাটনমূলক প্রতিকের অর্থে।

১. প্রকা ১:২০
২. প্রকা ১০:৭
৩. প্রকা ১৭:৫,৬

VI. এই নিগূঢ়তত্ত্ব হল সত্য যা মানুষ কখনই খুঁজে বের করতে পারে না; সেগুলি অবশ্যই ঈশ্বর দ্বারা প্রকাশিত হবে।

VIII. দেখুন বিশেষ বিষয়: YHWH এর অনন্তকালীণ পরিত্রাণ পরিকল্পনা

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

২:২ “আমি” ১-৫ পদে পৌল মনে হয় নিজের সাথে তুলনা করেছেন

১. আগে আখিনিতে বলা সুসমাচার যেখানে তিনি গ্রীক যুক্তি-তর্ক ব্যবহার করেছিলেন, এমনকি তাদের কবিদেরও উদ্ধৃতি দিয়েছিলে (অর্থাৎ, প্রথম আভাষ Origen এর দ্বারা, প্রেরিত ১৭:১৬-৩৪)
২. তার বলা সুমাচার বনাম করিছেের লোকেরা যারা আত্মিক বিষয় সম্বন্ধে মানবিক জ্ঞান ও মানবিক কাব্যরসের সাথে কথা বলতেন।

▣ “যীশু খ্রীষ্টকে, এবং তাঁকে ক্রুশে বিদ্ধ” এটি একটি perfect passive participle (১ করি ১:২৩)। এই participle এ দুটি ধর্মতাত্ত্বিক দিক প্রকাশিত হয়েছে:

১. perfect tense প্রকাশ করেছে যে যীশু ক্রুশোবিদ্ধ একজন হয়েই রয়েছেন। যখন আমরা তাঁকে দেখব, তিনি তখনও ক্ষত চিহ্নসহ থাকবেন। তারা হল তাঁর গৌরবের চিহ্ন (দেখুন ১ করি ১:২৩ পদের নোট)।
২. passive voice প্রকাশ করেছে যে যীশুর মৃত্যু ছিল
ক. পিতার প্রতিনিধি দ্বারা এবং ছিল তাঁর অনন্তকালীন পরিকল্পনা (প্রেরিত ২:২৩; ৩:১৮; ৪:২৮; ১৩:২৯) পরিত্রাণের জন্য (যিশা ৫৩:১০)
খ. মানুষের পাপ এবং বিদ্রোহের দ্বারা যা দাবী করেছিল একটি উৎসর্গের (রোমীয় ৫:১৪-১৫, ১৮-১৯)

পৌলের ধর্মতত্ত্বের মূল বার্তা ছিল মানবতার পক্ষে খ্রীষ্টের মৃত্যু সম্বন্ধে। একজন দুঃখভোগী ও মৃত্যুপথ যাত্রী মশীহের ধারণা ঐতিহ্যবাহী যিহুদীদের চিন্তায় ছিল একেবারে অপরিচিত। সুসমাচারের এই দিকটি অবশ্যই পৌলকে প্রাথমিক সমস্যায় ফেলেছিল। কিভাবে YHWH এর অভিযুক্ত একজন ঈশ্বর দ্বারা অভিশপ্ত হতে পারেন (দি বি ২১:২৩)। তথাপি, এটি ছিল পুরাতন নিয়মের প্রত্যাদেশের একটি অংশ (আদি ৩:১৫; গীত ২২; যিশা ৫৩; সখ ১২:১০)। যীশু, ঈশ্বরের নিষ্পাপ পুত্র, আমাদের স্থানে মৃত্যুবরণ করলেন (রোমীয় ৫:১৮-১৯; ২ করি ৫:২১)। তিনি আমাদের জন্য অভিশপ্ত হয়েছিলেন (গালা ৩:১৩)। খ্রীষ্টের সকলের জন্য ক্রুশোবিদ্ধ হওয়াটা ছিল ঈশ্বরের লুকানো নিগূঢ় তত্ত্ব (কল ১:২৬-২৮; ২:২-৪)।

২:৩ “আর আমি তোমাদের কাছে যখন ছিলাম তখন নিজেকে দুর্বল মনে করতাম এবং ভয়ে খুবই কাঁপতাম” এটি হতে পারে LXX এর যাত্রা ১৫:১৬ পদের একটি পরোক্ষ উল্লেখ। পৌল আমাদেরকে দেখিয়েছেন তার দুর্বলতা সমূহ।

১. তিনি ভীত ছিলেন কারণ ফিলিপি, থিমলনীকীয়, এবং বিরয়াতে করা অমার্জিত আচরণ (প্রেরিত ১৬-১৭)
২. তিনি ফলাফলে এবং সম্ভবত অধিনীতে ব্যবহৃত তার পদ্ধতিতে হতাশ ছিলেন (অর্থাৎ, প্রেরিত ১৭:২২-৩৪ পদ থেকে Origen এর দৃষ্টিভঙ্গি)
৩. তার দৈহিক সমস্যা, সম্ভবত চোখের সমস্যা, তার চরম অসুবিধার কারণ ছিল (২ করি ১২:৭-৯)
৪. পৌলের করিছে থাকাকালীন বিশ্বাসের অভাব ও নিরুৎসাহ

খ্রীষ্ট অনেকবার পৌলের কাছে আবির্ভূত হয়েছেন তাকে উৎসাহিত করতে (প্রেরিত ১৮:৯-১০; ২৩:১১; ২৭:২৩)। তার কথা এবং তার দৈহিক অবস্থা এমন ছিল না যা লোকদের খ্রীষ্টের প্রতি বিশ্বাসের দিকে পরিচালিত করতে পারে, কিন্তু সুসমাচারের আবেদন এবং আত্মার শক্তি তা পারে (১ করি ২:৪; ১:১৭; ২ করি ১০:১০)।

যীশু খ্রীষ্টের একজন পরিচর্যাকারী হিসাবে আমার কাছে এটি উপলব্ধিতে সাহায্যকারী

১. যীশুর নিজেরও নিরুৎসাহজনক মুহূর্ত ছিল (অর্থাৎ, গেথশিমানী)
২. প্রেরিতেরা প্রায়ই যীশুর শিক্ষা সম্পূর্ণ ভাবে বুঝতে পারে নাই
৩. পৌল অনুভব করতেন ভীত ও দুর্বল।

সুসমাচার এবং আত্মার উপস্থিতির বিস্ময়কর ক্ষমতা থাকা সত্ত্বেও আমাদের সব সময়ই মাংসিক দুর্বলতা সম্বন্ধে সচেতন থাকতে হবে! ঈশ্বরের চরিত্র এবং যোগান মানবিক দুর্বলতায় বৃদ্ধি পায় (১ করি ১:২৬-২৯; ২ করি ১২)।

পৌলের এই সব দুর্বলতা যা ২ করি ১০-১৩ অধ্যায়ে ভদ্র শিক্ষকদের পৌলকে আক্রমণের জন্য ছিল। তারা তাদের ক্ষমতাকে বড় করে দেখাত (অর্থাৎ, শিক্ষা, সামাজিক মর্যাদা, আত্মিক সহজাতগুণ, কথা বলার দক্ষতা)। দৃশ্যত, পৌলের লেখনী সমূহ আরও বেশি কাব্যরসাত্মক কাঠামোর (অর্থাৎ, ২ করি ১০-১৩) এবং ক্ষমতাপন্ন ছিল তার মৌখিক বার্তার চাইতে। দেখুন [বিশেষ বিষয়: দুর্বলতা, পৃ...৪০৬; \(SPECIAL TOPIC: WEAKNESS, See page 406\)](#) ২ করি ১২:৯ পদে।

২:৪

NASB “কোন জ্ঞানপূর্ণ যুক্তি-তর্ক ছিল না”

NKJV “কোন মানবিক জ্ঞানপূর্ণ যুক্তি-তর্ক ছিল না”

NRSV “কোন জ্ঞানের যুক্তি-তর্ক ছিল না”

TEV “মানবিক জ্ঞানের দক্ষতাপূর্ণ কথার মত ছিল না”

NJB “কোন দার্শনিক যুক্তি-তর্ক দ্বারা প্রভাবিত ছিল না”

এই শব্দগুচ্ছের অনেক বিভিন্মতা রয়েছে গ্রীক পাণ্ডুলিপিতে।

১. প্রথম সমস্যা অপ্রচলিত adjective *peithois* সাথে সম্পর্কিত (MSS P⁴⁶, x, A, B, C, D), এটি সেপ্টুয়াজিট, Koine papyri, বা নূতন নিয়ম ছাড়া অন্য কোথাও পাওয়া যায় না।
২. অনেকে মনে করেন যে বিভিন্মতা এসেছে অনুলিপিকারকদের জন্য যারা এই adjective এর সঙ্গে অপরিচিত। তারা হতে পারে এর গঠন সামান্য পরিবর্তন করে করেছে *peithoi*, যার অর্থ “যুক্তি-পূর্ণ।”
৩. কিছু কিছু গ্রীক পাণ্ডুলিপি যোগ করেছে “মানুষের যুক্তি-পূর্ণ” (১ করি ২:১৩ এবং MSS x 2, A, C)।
৪. আরও কিছু পাণ্ডুলিপিতে টার্ম “কথা” (অর্থাৎ, *logois* বা *logos*) অনুপস্থিত (MSS P⁴⁶, F, G এবং Chrysostom দ্বারা গ্রীক টেক্সট ব্যবহার)।

সাধারণ প্রেক্ষাপট থেকে এটি মনে হয় সবচেয়ে ভাল এই শব্দগুচ্ছকে সংযুক্ত করা পৌলের মানবিক কাব্যরস, যুক্তি, এবং জ্ঞান প্রত্যাখ্যানের সাথে (১ করি ১:১৭; ২:১,১৩)। যাহোক, শব্দ *peithois* এর প্রকৃত অর্থ রয়ে গেছে অনিশ্চিত (দেখুন NIDNTT, vol. 1, pp. 588-593)।

■ “বরং পবিত্র আত্মার শক্তিই তাতে দেখা গিয়েছিল” এটি উল্লেখ করেছে করিন্থীয় বিশ্বাসীদের পরিবর্তিত জীবনের কথা। এটি আরও সম্পর্কিত হতে পারে নিশ্চয়তার চিহ্নের উপস্থিতি যা প্রায়ই পৌলের সুসমাচার প্রচারে থাকতো (প্রেরিত ১৩:১১; ১৪:১০; ১৬:১৮,২৮; ১৯:১১-১২; ২০:১০)। দেখুন ১ করি ২:১১ পদে আত্মার জন্য বড় বা ছোট হাতের অক্ষরে “s।”

২:৫ পৌলের কাছে, মানুষের একমাত্র আশা ছিল পিতার অনুগ্রহ, পুত্রের সম্পাদিত কাজ, এবং আত্মার পরাক্রম। অন্য কথায়, ঈশ্বর নিজেই হলেন পরিব্রাণের একমাত্র সত্য ভিত্তি। ঈশ্বরের প্রকাশ, মানুষের আবিষ্কার নয়; ঈশ্বরের জ্ঞান, মানুষের বাগিতা বা যুক্তি-তর্ক নয়, হল নির্ভরতার একমাত্র উৎস।

পৌলের কাছে, ঈশ্বরের সুসমাচার এবং পতিত মানবের উপযুক্ত নিয়মভিত্তিক সাড়া প্রদান (অর্থাৎ, মন পরিবর্তন, বিশ্বাস, বাধ্যতা, এবং কষ্ট সহিষ্ণুতা) হল অনন্তজীবনের চাবিকাঠি।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ২:৬-১৩

King James version এ আছে “কে” (অর্থাৎ, *tis*), গ্রীক পাল্লিপি P⁴⁶, C, D, এবং G অনুসরণে। বেশির ভাগ আধুনিক ইংরাজি অনুবাদে আছে “কি” (অর্থাৎ, *ti*), যেটি মনে হয় উদ্দেশ্যমূলক ব্যক্তিত্বের উপরে থেকে দৃষ্টি সরান (অর্থাৎ, আপল্লো, পৌল, পিতর)। এটি নিশ্চিত হয়েছে *ti* দ্বারা ৭ পদে। দেখুন Bruce Metzger, *A Textual Commentary On the Greek NT*, p. 548।

■ “সেবাকারী” এই টার্ম (অর্থাৎ, *diakonos*) থেকে আমরা আমাদের ইংরাজি শব্দ পেয়েছি “পরিচারক” (ফিলি ১:১; ১ তীম ৩:৮, ১২)। এটি হয়েছে তিনটি গ্রীক শব্দের একটি (অর্থাৎ, *therapeuō*, *hupēreteō* এবং *diakoneō*) ব্যবহৃত হয়েছে সেবা, সাহায্য, বা পরিচর্যা (আর একটি প্রচলিত টার্ম *latreuō* উল্লেখ করছে যাজকীয় পরিচর্যা)। দেখুন [বিশেষ বিষয়: দাসরূপী নেতৃত্ব](#), পৃ..৯৫; [\(SPECIAL TOPIC: SERVANT LEADERSHIP, See page 95\)](#) ১ করি ৪:১ পদে।

■ “যাদের মধ্য দিয়ে তোমরা বিশ্বাসী হয়েছো” খ্রীষ্টিয় জীবন শুরু হয় ঈশ্বরের সুসমাচার, যীশু খ্রীষ্ট, তাঁর শিক্ষা, তাঁর পরিব্রাজ্যিক কাজ, তাঁর পুনরুত্থান, এবং তাঁর আবার ফিরে আসার বিষয় স্বেচ্ছাকৃত ভাবে গ্রহণ (অর্থাৎ, aorist active indicative) করার সিদ্ধান্তের মধ্যে দিয়ে। কেউই পরিব্রাজ্যের প্রক্রিয়াকে অবহেলা করতে পারে না। এটি কোন একজনের পিতামাতার, একজনের জাতির, একজনের মেধার বিষয় নয়। এটি হল ঈশ্বরের চুক্তির দান এবং আমাদের চুক্তি ভিত্তিক সাড়া প্রদান (অর্থাৎ, মন পরিবর্তন, বিশ্বাস, বাধ্যতা, সেবা, এবং কষ্ট সহিষ্ণুতা)। লোকেরা খ্রীষ্টিয়ান হয় খ্রীষ্টকে গ্রহণ করে, সুসমাচারে বিশ্বাস করে, এবং খ্রীষ্টে গমনাগমন করে। এটি প্রথম দুটি সাধন করে, কিন্তু তৃতীয়টির অভাব থাকে। সুখবর হল একজন ব্যক্তি, একটি সত্য, এবং একটি জীবন পদ্ধতি। এই তিনটিই হল পরিপক্বতার জন্য চূড়ান্ত।

গ্রীক টার্ম বিশ্বাস করা (অর্থাৎ, *pisteuō*) ইংরাজিতে অনুবাদিত হয়েছে বিশ্বাস করা, নির্ভর করা, বা বিশ্বাস হিসাবে। এর পুরাতন নিয়মের প্রতিরূপের অর্থ হল “দৃঢ় হওয়া” এবং, সেজন্য রূপক ভাবে ব্যবহৃত হয়েছে কোন একজনের বিষয়ে যে নির্ভরযোগ্য, অনুগত, নির্ভরশীল, বা বিশ্বস্ত ছিল (দেখুন বিশেষ বিষয় ১ করি ১:৯ পদে)। যেহেতু এই প্রসঙ্গে তাৎপর্য প্রকাশ করে, মানুষ কেবলমাত্র ঈশ্বরের নির্ভরযোগ্যতার, ঈশ্বরের বিশ্বস্ততা, ঈশ্বরের চুক্তির আনুগত্যতার উপরেই সাড়া প্রদান করতে পারে। মানুষের বিশ্বাস হল ঈশ্বরের বিশ্বস্ততার উপরে সাড়া প্রদান! বিষয় হল বিশ্বাস, বিশ্বাসের প্রতিজ্ঞা হল ঈশ্বরের! তাঁর অনুগ্রহ, তাঁর দয়া, তাঁর আহবান, তাঁর পুত্র, তাঁর আত্মা, এগুলিই কেবলমাত্র বিদ্রোহী মানুষের একমাত্র আশা।

■ “প্রভুই আমাদের প্রত্যেককে যেমন কাজের সুযোগ দিয়েছেন” এখানে জোর দান করা হয়েছে ঐশ্বরিক উপাদানের উপরে, মানুষের সাড়া দান বা কাজের উপরে নয়। কিন্তু পূর্ব-অদৃষ্টের লক্ষ্য হল পবিত্রতা (ইফি ১:৪; ২:১০), কোন সুযোগ সুবিধার মর্যাদা নয়, কোন ব্যক্তিগত সুযোগ সুবিধার অনুশীলন বা কোন ব্যক্তিগত সমর্থন নয়। ঈশ্বর দ্বারা প্রতিটি বিশ্বাসী সজ্জিত তাঁর সেবা ও মণ্ডলীর সেবার জন্য (১ করি ১২:৭, ১১; ইফি ৪:১১-১৩)।

“প্রভুর-র সঠিক পরিচিতি দান করিন। সাধারণত পিতা ঈশ্বর যিনি পরিব্রাজ্যের জন্য আহবান করেন। কিন্তু পৌল ইতিমধ্যে “প্রভু” ব্যবহার করেছেন বেশ কয়েকবার ১ করি স্থায়ীতে যীশুকে উল্লেখ করতে (১ করি ১:২, ৩, ৭, ৮, ৯, ১০; ২:৮)। যাহোক, পৌল বেশ কয়েকবার পুরাতন নিয়মের প্যাসেজ উদ্ধৃত করেছেন যেখানে YHWH কে প্রভু বলে উল্লেখ করেছেন (১ করি ১:৩১; ২:১৬; ৩:২০)। ১ করি ২:১৬ পদে দ্ব্যর্থকতা স্পষ্ট দেখা গেছে যেখানে প্রভু পুরাতন নিয়মের একটি উদ্ধৃতিতে “খ্রীষ্টের মন” এর সমান্তরাল ভাবে ব্যবহৃত হয়েছে।

শব্দগুচ্ছ “প্রত্যেক জন” স্পষ্টভাবে দেখায় কাকে উদ্দেশ্য করে বলা হচ্ছে তা নির্ণয় করা কঠিন। এটা কি পৌল ও আপল্লোর মত নেতাদের, করিষ্টের বিশ্বাসীদের, বা সকল বিশ্বাসীদের?

১. সকল বিশ্বাসীদের আহবান করা হয়েছে এবং তারা দানপ্রাপ্ত, কিন্তু কাউকে কাউকে আহবান করা হয়েছে এবং পরিচালনার জন্য দান দেওয়া হয়েছে (গণনা ১৬:৩)
২. প্রসঙ্গ কি সম্পূর্ণ ভাবে সহভাগিতার বা সেখানে কোন ব্যক্তিগত বিষয়ে জোর দান আছে (আখাৎ, নিশ্চিত নেতার)?

৩:৬ “বীজ লাগিয়েছি. . . জল দিয়েছিল” পৌল কৃষিকাজের রূপক ব্যবহার করেছেন। সুসমাচার হল বীজ (অর্থাৎ, মথি ১৩), কিন্তু মানুষ একে বপন করে এবং তত্ত্বাবধান করে।

মহান আদেশে (অর্থাৎ, মথি ২৮:১৯-২০) দুটি সম-মর্যাদার কাজ আছে।

১. সুসমাচার প্রচার
২. শিষ্যত্বকরণ

পৌল সুসমাচার প্রচারের মাধ্যমে মণ্ডলী শুরু করেছেন এবং আপল্লো মণ্ডলীকে শিক্ষা দিয়েছেন। উভয় কাজই চরম গুরুত্বপূর্ণ ও অবিচ্ছেদ্য!

■ “কিন্তু ঈশ্বরই তা বাড়িয়ে তুলেছেন” এটি একটি imperfect tense, যার অর্থ অতীত কালের চলমান কাজ। আপল্লো এবং পৌলের কাজ ছিল একবারের কাজ, কিন্তু ঈশ্বরের কাজ অবিরত চলমান (১ করি ৩:৭)।

৩:৮

NASB, NKJV “এক”

NRSV “একই সাধারণ উদ্দেশ্যে”

TEV “তাদের মধ্যে কোন পার্থক্য নেই”

NJB “এরা সকলেই এক”

এই সংক্ষিপ্ত এবং দ্ব্যর্থব্যাঞ্জক গ্রীক শব্দগুচ্ছের প্রশ্ন (অর্থাৎ, NASB, NKJV) হল (১) সব নেতাই কি সমান বা (২) সকল নেতাই কি একই মন্ডলীর বৃদ্ধি পরিচর্যায় অংশীদার? সত্যিকার তুলনা আত্মিক দান (অর্থাৎ, প্রাথমিক সুসমাচার প্রচার বা শিষ্যকারক/পালক/শিক্ষক, ইত্যাদি, ইফি ৪:১১) মধ্যে নয়, কিন্তু ঈশ্বরের কাজ এবং মানবিক কর্তৃত্বের মধ্যে। মূল হলেন ঈশ্বর!

■ “কিন্তু প্রত্যেকে যার যার পরিশ্রম হিসাবে পুরস্কার পাবে” পুরস্কারের ধারণার বিকাশ হয়েছে ১ করি ৩:১০-১৫ পদে। পুরস্কারের আলোচনায় ১ করি ৩:১৪ পদে সম্পূর্ণ নোট দেখুন।

সেবার জন্য পুরস্কারের ধারণা সম্পর্কযুক্ত আত্মিক নীতির সাথে যা অঙ্কিত করা হয়েছে ১ করি ৩:১৩ এবং গালা ৬:৭ পদে। আমরা যা বুনি তাই কাটি (২ করি ৯:৬)।

একটি সম্পর্কযুক্ত ধর্মতাত্ত্বিক বিষয় হল পুরস্কারের মাত্রা। সুসমাচারের জ্ঞান আত্মা দ্বারা তেজময় হয় এবং ঈশ্বরের মণ্ডলীতে নেতৃত্বের আহবান আরও মহা দায়িত্ব বহন করে আনে (লুক ১২:৪৮)। নতুন নিয়ম মনে হয় পুরস্কারের এবং শান্তির মাত্রা শিক্ষা দিয়েছে (মথি ১০:১৫; ১১:২২,২৪; ১৮:৬; ২৫:২১,২৩; মার্ক ১২:৪০; লুক ১২:৪৭-৪৮; ২০:৪৭; যাকোব ৩:১)। দেখুন বিশেষ বিষয় ১ করি ৯:২৪ পদে।

৩:৯

NASB, NKJV “আমরা ঈশ্বরেরই সহকার্যকারী”

NRSV “আমরা ঈশ্বরেরই দাস, এক সাথে কাজ করছি”

TEV “আমরা অংশীদার একসাথে ঈশ্বরের জন্য কাজ করছি”

NJB “আমরা ঈশ্বরের কাজের অংশীদার”

ভিন্ন ভিন্ন অনুবাদ দেখাতে চেষ্টা করেছে যে আপল্লো ও পৌল ঈশ্বরের “জন্য” কাজ করছেন, কিন্তু তারা তিনজন সহ-কার্যকারী নন। অগ্রগণ্যতা সব সময়ই ঈশ্বরের থাকবে, তাঁর সাময়িক নেতাদের উপরে নয়!

এটি উল্লেখ করছে পৌল ও আপল্লোকে। এটি নিকট প্রাচ্যের রূপক যে পরিবার একসাথে মাঠে কাজ করছে (২ করি ৬:১)। এই পদের তিনটি রয়েছে possessive genitives: পৌল এবং আপল্লো পিতা ঈশ্বরের অধীন, যেভাবে করিন্থের মন্ডলী।

■ “তোমরা ঈশ্বরেরই ক্ষেত, ঈশ্বরেরই দালান” এটি উল্লেখ করছে করিন্থীয় মণ্ডলীকে। পৌল মণ্ডলী বর্ণনা করতে কৃষি শস্য বৃদ্ধি (যিশা ৬১:৩; মথি ১৫:১৩) এবং দালান গাঁথার (ইফি ২:২০-২২; কল ২:৭; ১ পিতর ২:৫) রূপক ব্যবহার করেছেন। ধর্মতত্ত্বগত ভাবে এটি অবশ্যই মনে রাখতে হবে যে মণ্ডলী হল লোক সমাজ, দালান নয়।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ৩:১০-১৫

^{১০} ঈশ্বরের যে অনুগ্রহ আমাকে দেওয়া হয়েছে, সেই অনুসারে, আমি জ্ঞানবান নির্মাতার মত ভিত্তি গেঁথেছি, আর তার উপরে অন্যেরা গাঁথছে। কিন্তু কে কিভাবে তৈরী করছে সেই বিষয়ে সে সাবধান হোক। ^{১১} কারণ যে ভিত্তি আগেই গাঁথা হয়েছে সেটা ছাড়া আর কোন ভিত্তি কেউ গাঁথতে পারে না, তিনি হলেন যীশু খ্রীষ্ট। ^{১২} এখন যদি কোন লোক সেই ভিত্তির উপরে সোনা, রূপা, দামী পাথর, কাঠ, খড়, বিচালি দিয়ে গাঁথে, ^{১৩} তবে সকলের কাজ প্রকাশ হয়ে পড়বে; কারণ সেই দিনে তা দেখা যাবে কারণ এটি আগুনে প্রকাশিত হবে, আর আগুনই যাচাই করবে প্রত্যেক মানুষের কাজ কি রকম। ^{১৪} যে যা গেঁথেছে তা যদি টিকে থাকে, তবে সে পুরস্কার পাবে। ^{১৫} আর যদি কারও কাজ পুড়ে যায়, তবে তার ক্ষতি হবে; কিন্তু সে নিজে উদ্ধার পাবে, যেন আগুনের মধ্য দিয়ে পার হয়ে এসেছে। (অনুবাদকৃত টেক্সট)।

৩:১০ “ঈশ্বরের যে অনুগ্রহ আমাকে দেওয়া হয়েছে” পৌল তার পরিত্রাণ, আহবান, এবং তাকে যে দান দেওয়া হয়েছে পরজাতিদের কাছে প্রেরিত হিসাবে সে বিষয় দৃঢ়তার সাথে ঘোষণা করছেন (১ করি ১৫:১০) ।

■ “জ্ঞানবান নির্মাতা” এর আরও অর্থ হতে পারে “দালানের তত্ত্বাবধায়ক।” আমরা এই গ্রীক শব্দ থেকে ইংরাজি শব্দ পেয়েছি “স্থপতি।” এক অর্থে পৌল দৃঢ় ভাবে বলতে চেষ্টা করেছেন তার কর্তৃত্ব পরজাতিদের কাছে খ্রীষ্টের আহবান প্রাপ্ত প্রেরিত হিসাবে এবং এই করিছীয়দের কাছে সুসমাচার প্রথম ঘোষণা করছেন।

■ “আমি ভিত্তি গাঁথছি” এটি উল্লেখ করছে করিছে পৌলের প্রাথমিক সুসমাচার প্রচারের কথা। এটি হতে পারে একটি যিশা ২৮:১৬ পদের একটি পরোক্ষ উল্লেখ। যীশু হলেন ভিত্তি!

■ “আর তার উপরে অন্যেরা গাঁথছে” পৌল মণ্ডলী শুরু করেছেন, কিন্তু অন্যরা অবদান রেখেছেন এর বৃদ্ধির। আপল্লো হলেন একটি উদাহরণ (১ করি ৩:৫-৯)। যাহোক, প্রসঙ্গে এটি আবশ্যই আরও সম্পর্কযুক্ত মণ্ডলীর সেই নেতাদের সাথে যারা দলভেদের আত্মাকে উষ্ণে দিচ্ছে। তারা হতে পারে বিভিন্ন গৃহ মণ্ডলীর নেতা।

■ “প্রত্যেকে সাবধান হোক” এটি আক্ষরিক ভাবে *blepō*, “আমি দেখি,” এর Present active imperative। এটি একটি সতর্কবাণী যে মণ্ডলীর নেতাদের তাদের মণ্ডলীর কাজের বিষয়ে ঈশ্বরের কাছে হিসাবে দিতে হবে, সেই সাথে সকল বিশ্বাসীদেরও (২ করি ৫:১০)।

৩:১১ মণ্ডলীর জন্য এই প্যাসেজে দুটি মানদণ্ড উল্লেখিত হয়েছে।

১. নেতার/বিশ্বাসীর বার্তা অবশ্যই খ্রীষ্ট কেন্দ্রিক হবে (১ করি ৩:১১-১২ এবং ইফি ২:২০-২১)
২. নেতার/বিশ্বাসীর জীবন অবশ্যই খ্রীষ্ট সাদৃশ্য হবে (১ করি ৩:১২-১৫)

৩:১২ “যদি” এটি হল ধারাবাহিক first class conditional sentences এর প্রথম যেটি সত্য বলে ধরে নেওয়া হয় লেখকের দিক থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্যের দিক থেকে (১ করি ৩:১২, ১৪, ১৫, ১৭, ১৮)। সেখানে ফলপ্রসূ ও মূল্যবান ছিল (এবং হয়) এবং ক্ষতিকারক ও ধংসাত্মক নেতা!

■ “কোন লোক সেই ভিত্তির উপরে গাঁথবে” এখানে প্রধান ব্যাখ্যামূলক প্রশ্ন হল কোন ভিত্তির কথা বলছেন : (১) সুসমাচার, ১ করি ৩:১১ বা (২) করিছের মণ্ডলী, ১ করি ৩:১০? তিনি কি সাধারণ ভাবে নেতা বা বিশ্বাসীদের উদ্দেশ্যে বলছেন? ১ করি ৩:১০-১৫ পদের একটি ব্যাখ্যা অবশ্যই সংযুক্ত ১ করি ৩:১৬-১৭ পদের সাথে, যেটি বর্ণনা করছে সমগ্র মণ্ডলী ঈশ্বরের মন্দির হিসাবে।

■ “সোনা, রূপা, দামী পাথর” এখানে গুরুত্ব দেওয়া হয়েছে যা টেকসই, সুন্দর, এবং দামী তার উপরে এবং যা আগনের দ্বারা ধংস হয় না। দামী পাথর হতে পারে রত্ন, অল্প দামী পাথর, বা পালিশ করা মর্মর পাথর।

৩:১৩

NASB “প্রকাশিত হবে”

NKJV “অভিব্যক্ত হবে”

NRSV “দৃশ্যমান হবে”

TEV “দেখা যাবে”

NJB “দেখান হবে”

এই সুস্পষ্ট প্রকাশ বিশ্বাসীদের বা নেতাদের পরিচর্যাকে (অর্থাৎ অনুপ্রেরণা, কাজ, উদ্দেশ্য) গুরুত্ব দান করা হয়েছে ১ করি ৩:৩ পদে তিন দিকের verb এর দ্বারা।

১. প্রকাশ হয়েছে (অর্থাৎ, *phainō*)
২. দেখান (অর্থাৎ, *dēloō*)
৩. প্রকাশ (অর্থাৎ, *apokaluptō*)

বিশ্বাসীদের এই উন্মুক্ত প্রদর্শন এবং বিচার অবশ্যই সংযুক্ত ২ করি ৫:১০ পদের খ্রীষ্টের বিচার সিংহাসনের সাথে।

■ “সেই দিনে তা দেখা যাবে” এটি উল্লেখ করছে পুরাতন নিয়মের “প্রভুর দিন,” যার মধ্যে অর্ন্তভুক্ত বিশ্বাসীদের মহিমামণ্ডিত হওয়া ও পুরস্কার এবং অবিশ্বাসীদের বিচার। যাহোক, এমনকি বিশ্বাসীদেরও খ্রীষ্টের বিচার সিংহাসনের সামনে হিসাব দিতে হবে (২ করি ৫:১০; মথি ১২:৩৬-৩৭; ২৫:৩১ থেকে কয়েকটি পদ; রোমীয় ২:১৬; ১৪:১২; গালা ৫:১০; ইব্রীয় ১৩:১৭)।

■ “আগুন” পরবর্তিতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: আগুন (BDB ৭৭, KB ৯২)

{SPECIAL TOPIC: FIRE (BDB 77, KB 92)}

শাস্ত্রে আগুনের ইতিবাচক ও নেতিবাচক উভয়ই অন্তর্নিহিত তাৎপর্য রয়েছে।

ক. ইতিবাচক

১. উষ্ণতা (যিশা ৪৪:১৫; যোহন ১৮:১৮)
২. আলো (যিশা ৫০:১১; মথি ২৫:১-১৩)
৩. রান্না (যাত্রা ১২:৮; যিশা ৪৪:১৫-১৬; যোহন ২১:৯)
৪. শুদ্ধিকরণ (গণনা ৩১:২২-২৩; হিতো ১৭:৩; যিশা ১:২৫; ৬:৬-৮; যির ৬:২৯; মালা ৩:২-৩)
৫. ঈশ্বরের পবিত্রতা (আদি ১৫:১৭; যাত্রা ৩:২; ১৯:১৮; যিহি ১:২৭; ইব্রীয় ১২:২৯)
৬. ঈশ্বরের নেতৃত্ব (যাত্রা ১৩:২১; গণনা ১৪:১৪; ১ রাজা ১৮:২৪)
৭. ঈশ্বরের ক্ষমতায়ন (প্রেরিত ২:৩)
৮. ঈশ্বরের নিরাপত্তা (সখরিয় ২:৫)

খ. নেতিবাচক

১. পুড়িয়ে ফেলে (যিহো ৬:২৪; ৮:৮; ১১:১১; মথি ২২:৭)
২. ধ্বংস করা (আদি ১৯:২৪; লেবীয় ১০:১-২)
৩. ক্রোধ (গণনা ২১:২৮; যিশা ১০:১৬; সখরিয় ১২:৬)
৪. শাস্তি (আদি ৩৮:২৪; লেবীয় ২০:১৪; ২১:৯; যিহো ৭:১৫)
৫. মিথ্যা eschatological চিহ্ন (প্রকা ১৩:১৩)

গ. পাপের প্রতি ঈশ্বরের ক্রোধ প্রায় প্রকাশ করা হয়েছে আগুনের কল্পনার মাধ্যমে

১. তাঁর ক্রোধ পুড়িয়ে ফেলে (হোশেয় ৮:৫; সফনীয় ৩:৮)
২. তিনি আগুন ঢেলে দেন (নহমিয় ১:৬)
৩. অনন্তকালীন আগুন (যির ১৫:১৪; ১৭:৪; মথি ২৫:৪১; যিহুদা ৭ পদ)
৪. eschatological দন্ড (মথি ৩:১০; ৫:২২; ১৩:৪০; যোহন ১৫:৬; ২ থি ১:৭; ২ পিতর ৩:৭-১০; প্রকা ৮:৭; ১৬:৮; ২০:১৪-১৫)

ঘ. theophanies কে প্রায়ই আগুনের উপস্থিতিতে দেখা যেত

১. আদি ১৫:১৭
২. যাত্রা ৩:২
৩. যাত্রা ১৯:১৮
৪. গীত ১৮:৭-১৫; ২৯:৭
৫. যিহি ১:৪, ২৭; ১০:২
৬. ইব্রীয় ১:৭; ১২:২৯

ঙ. বাইবেলের একই রকম অনেক রূপকের মত (অর্থাৎ, খামি, সিংহ) আগুন হতে পারে একটি আশীর্বাদ বা অভিশাপ যেটি নির্ভর করে প্রসঙ্গের উপরে।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “যাচাই করবে” এটি উল্লেখ করছে পরিশোধিত জীবন(১ করি ৪:৫), যে পরীক্ষা অনুমোদনের দৃষ্টি নিয়ে করা হয় (অর্থাৎ, *dokimazō*)।

বিশেষ বিষয়: পরীক্ষা ও এর অন্তর্নিহিত অর্থের জন্য গ্রীক টার্ম

(SPECIAL TOPIC: GREEK TERMS FOR TESTING AND THEIR CONNOTATIONS)

দুটি গ্রীক টার্ম রয়েছে যেটির তাৎপর্য কাউকে কোন উদ্দেশ্যে পরীক্ষা করা।

১. *Dokimazō, Dokimion, Dokimasia*

এই টার্ম হল ধাতুগত টার্ম আগুনের দ্বারা কোন কিছুর খাটিকু (অর্থাৎ রূপক ভাবে কোন একজনের) পরীক্ষা করা (দেখুন [বিশেষ বিষয়: আগুন \(Special Topic: Fire\)](#))। আগুন সত্যিকার ধাতুকে প্রকাশ করে এবং ধাতুর গাদ পুড়িয়ে (অর্থাৎ খাঁটি করে) দেয়। এই বাস্তব প্রক্রিয়া একটি শক্তিশালী বাগধারা হয়েছে ঈশ্বর এবং/অথবা শয়তান এবং/অথবা মানুষের জন্য অন্যদের পরীক্ষা করার। এই টার্ম ইতিবাচক অর্থে

ব্যবহৃত হয়েছে কোন কিছু গ্রহণের জন্য পরীক্ষা করা (দেখুন [বিশেষ বিষয়: ঈশ্বর তাঁর লোকদের পরীক্ষা করেন \[পুরাতন নিয়ম\]](#) ([Special Topic: God Tests His People \[OT\]](#))।

নূতন নিয়মে এটি ব্যবহৃত হয়েছে পরীক্ষার জন্য

- ক. বলদ – লুক ১৪:১৯
- খ. নিজেদের – ১ করি ১১:২৮
- গ. আমাদের বিশ্বাস – যাকোব ১:৩
- ঘ. এমনকি ঈশ্বর – ইব্রীয় ৩:৯

এই পরীক্ষার ফলাফল ধরে নেওয়া হয় ইতিবাচক হবে (রোমীয় ১:২৮; ১৪:২২; ১৬:১০-; ২ করি ১০:১৮; ১৩:৩; ফিলি ২:২৭; ১ পিতর ১:৭), সেজন্য, এই টার্ম এই ধারণা বহন করে কেউ একজন পরীক্ষিত ও প্রমাণিত

- ক. যোগ্য হয়েছে
- খ. ভাল হয়েছে
- গ. খাঁটি হয়েছে
- ঘ. মূল্যবান হয়েছে
- ঙ. সম্মানিত হয়েছে

২. *Peirazō, Peirasmus*

এই টার্ম প্রায়ই এই অর্থ প্রকাশ করে যে কোন সমস্যা বের করা বা বাতিলের উদ্দেশ্যে পরীক্ষা করা। এটি ব্যবহৃত হয়েছে প্রান্তরে যীশুর পরীক্ষার বিষয়ে।

- ক. এটি যীশুকে ফাঁদে ফেলার চেষ্টাকে বলেছে (মথি ৪:১; ১৬:১; ১৯:৩; ২২:১৮, ৩৫; মার্ক ১:১৩; লুক ৪:৩৮; ইব্রীয় ২:১৮)।
- খ. এই টার্ম (*peirazōn*) ব্যবহৃত হয়েছে শয়তানের উপাধি হিসাবে মথি ৪:৩; ১ থিষ ৩:৫ পদে (অর্থাৎ, “প্রলোভনকারী”)।
- গ. ব্যবহার
 - (১) এটি যীশু ব্যবহার করেছেন আমাদের সতর্ক করার জন্য যে আমরা যেন ঈশ্বরকে পরীক্ষা না করি (মথি ৪:৭; লুক ৪:১২; [অথবা খ্রীষ্ট ১ করি ১০:৯])।
 - (২) এটি আরও উল্লেখ করে কোন কিছু করতে চেষ্টা করতে যেটি ব্যর্থ হয়েছে (ইব্রীয় ১১:২৯)।
 - (৩) এটি বিশ্বাসীদের পরীক্ষা ও প্রলোভনের সম্পর্কিত বিষয়ে ব্যবহৃত হয়েছে (১ করি ৭:৫; ১০:৯, ১৩; গালা ৬:১; ১ থিষ ৩:৫; ইব্রীয় ২:১৮; যাকোব ১:২, ১৩, ১৪; ১ পিতর ৪:১২; ২ পিতর ২:৯)।

Copyright © 2014 [Bible Lessons International](#)

■ “প্রত্যেক মানুষের কাজ কি রকম” প্রসঙ্গে এটি অবশ্যই উল্লেখ করছে একটি মঞ্জুরী অর্ন্তভুক্তি। সকল আত্মিক দানই মঞ্জুরী গেঁথে তোলার জন্য (১ করি ১২:৭)। কোন আত্মিক পার্থক্য নেই যাজক শ্রেণী ও সাধারণ বিশ্বাসী, নেতা ও অনুসারীদের মধ্যে, কিন্তু রয়েছে কাজের পার্থক্য (গণনা ১৬:৩)। নেতারা আরও বেশি কৈফিয়তযোগ্য (যাকোব ৪:১)।

৩:১৪ “যদি” এটি ধারাবাহিক first class conditional sentences এর দ্বিতীয়, ধরে নেয় সত্য হতে পারে লেখকের দিক থেকে বা তার উদ্দেশ্যের দিক থেকে (১ করি ৩:১২, ১৪, ১৫, ১৭, ১৮)।

■ “সে পুরস্কার পাবে” এই প্যাসেজ উল্লেখ করছে পুরস্কারের কথা, পরিত্রাণ নয়। সকল লোক যাদের উদ্দেশ্যে বলা হচ্ছে মনে হয় তারা বিশ্বাসী!

নূতন নিয়মে পুরস্কারের ধারণা অবশ্যই যোগ্যতার গুণে পরিত্রাণ থেকে অবশ্যই আলাদা হবে (রোমীয় ৬:২৩)। পুরাতন নিয়মে পুরস্কার বা আশীর্বাদ বাধ্যতার সাথে সংযুক্ত ছিল (দ্বি বি ১১:১৩-৩২, ২৭-২৯; গীত ১)। এক অর্থে, এটা এখনও সত্য। যাহোক, পরিত্রাণ একটি দান, পুরস্কার নয়। বিশ্বাস ও বাধ্যতার জীবন হল পরিত্রাণের ফলাফল, কিন্তু পরিত্রাণের কোন উপায় নয়। পুরস্কার হারিয়ে যেতে পারে, তথাপি পরিত্রাণ থেকে যায়। পুরস্কার হল বিশ্বাসীদের পরিচর্যার উন্নতির স্বীকৃতি। পৌল এখন তার চূড়ান্ত ভাগ্যের মূল্যায়ন বৈশিষ্ট্যময় করছেন (১ থিষ ২:১৯-২০; ফিলি ২:১৪-১৬) সকল বিশ্বাসীকে অর্ন্তভুক্ত করে। পুরস্কার একটি উপায় তাদের স্বীকৃতির যারা কার্যকর ভাবে ও বিশ্বস্ততায় সুসমাচার দূরে নিয়ে যাবার পরিচর্যা করছেন। পুরস্কার হল ঈশ্বরের দান তাঁর রাজ্যের জন্য ক্ষমতা দানের মাধ্যমে। তথাপি, সকল চুক্তির সম্পর্কের মত, বিশ্বাসীদের অবশ্যই সঠিক ভাবে এবং বিবর্তিত সাড়া প্রদান করতে হবে (১ করি ৯:২৪-২৭)। দেখুন [বিশেষ বিষয়: পুরস্কার ও শাস্তির মাত্রা, পৃ..১৭৪; \(SPECIAL TOPIC: DEGREES OF REWARDS AND PUNISHMENT, See page 174\)](#) ১ করি ৯:২৪-২৭ পদে।

৩:১৫ “যদি কারও কাজ পুড়ে যায়” ওহ, দুর্ভাগ্য ফলহীন, স্বার্থপর, বিভক্ত খ্রীষ্টিয়ান জীবন – দুর্ভাগ্য ব্যক্তির জন্য, দুর্ভাগ্য মঞ্জুরীর জন্য, এবং দুর্ভাগ্য যারা রক্ষা পায়নি তাদের জন্য!

■ “কিন্তু সে নিজে উদ্ধার পাবে” এটি অনুগ্রহের অগ্রগণ্যতাকে দেখায় এমনকি পুরস্কার হারানোর সম্ভাবনা থাকা সত্ত্বেও।

এই ধারণা ঈশ্বরের অনুগ্রহে বিনামূল্যে পরিত্রাণ, খ্রীষ্টের সম্পাদিত কাজের, ধর্মতাত্ত্বিক উভয় সংকটের উত্তর দিতে পারে, এবং আত্মার উৎসাহ দানের তুলনার সাথে খ্রীষ্টিয় জীবনের সব কিছুর মূল্যের অনুজ্ঞার। আমার একমাত্র ভয় এই টেকটিকে মূল ধারণা হিসাবে ব্যবহারের যে কিভাবে শাস্ত্রে বিরল

ধর্মতাত্ত্বিক দল “ধর্ম ভ্রষ্ট,” ইন্দ্রিয় পরায়ন, শিশু খ্রীষ্টিয়ান ব্যবহৃত হচ্ছে! আধুনিক মণ্ডলী এই ধারণা অকার্যকর, উদাসিন, জাগতিক মণ্ডলীকে ব্যাখ্যা করতে ব্যবহার করছে, কিন্তু কদাচিৎ নূতন নিয়মের অনুজ্ঞা আত্মিক বৃদ্ধিকে অঙ্কিত করছে (ইব্রীয় ৫:১১-১৪)।

□ “উদ্ধার পাবে” একে রয়েছে চূড়ান্ত ভাগ্যের গতিপ্রকৃতি। নিচে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: পরিত্রাণের জন্য ব্যবহৃত গ্রীক VERB TENSES

(SPECIAL TOPIC: GREEK VERB TENSES USED FOR SALVATION)

পরিত্রাণ কোন প্রস্তুতকৃত জিনিস নয়, কিন্তু খ্রীষ্টে ঈশ্বরের সাথে একটি সম্পর্ক। যখন কেউ খ্রীষ্টে নির্ভরতা রাখেন তখনই এটা শেষ হয়ে যায় না; এটা কেবলমাত্র আরম্ভ! (একটি দরজা তারপরে রাস্তা, মথি ৭:১৩-১৪)! এটি আসলে কোন অগ্নি বীমা পলিসি নয়, স্বর্গে যাবার কোন টিকিটও নয়, কিন্তু দিনে দিনে বৃদ্ধি প্রাপ্ত হওয়া খ্রীষ্ট সাদৃশ্যতার একটি জীবন (রোমীয় ৮:২৮-২৯; ২ করি ৩:১৮; ৭:১; গালা ৪:১৯; ইফি ১:৪; ৪:১৩; ১ থি ৩:১৩; ৪:৩, ৭; ৫:২৩; ১ পিতর ১:১৫)। আমাদের আমেরিকায় একটি প্রবচন রয়েছে যেখানে বলা হয়েছে যত দীর্ঘ দিন এক জোড়া দম্পতি একসাথে বসবাস করবে ততই তারা দিনে দিনে দেখতে একই রকম হয়ে উঠবে। এটাই হল পরিত্রাণের লক্ষ্য!

সম্পূর্ণরূপে সাধিত কাজ (aorist) হিসাবে পরিত্রাণ

- প্রেরিত ১৫:১১ পদ
- রোমীয় ৮:২৪ পদ
- ২ তীমথিয় ১:৯ পদ
- তীত ৩:৫ পদ
- রোমীয় ১৩:১১ পদ (aorist সমন্বিত future ওরিয়েন্টেশনের সাথে)

অস্তিত্বের অবস্থা (perfec) হিসাবে পরিত্রাণ

- ইফিষীয় ২:৫, ৮ পদ

চলমান প্রক্রিয়া (present) হিসাবে পরিত্রাণ

- ১ করিথীয় ১:১৮; ১৫:২ পদ
- ২ করিথীয় ২:১৫ পদ
- ১ পিতর ৩:২১ পদ

ভবিষ্যতে সুসম্পন্ন হওয়া (প্রসঙ্গে অথবা verb tense এ future) হিসাবে পরিত্রাণ

- রোমীয় ৫:৯, ১০; ১০:৯, ১৩ পদ
- ১ করিথীয় ৩:১৫; ৫:৫ পদ
- ফিলিপীয় ১:২৮ পদ;
- ১ থিমলোনীকীয় ৫:৮-৯ পদ
- ইব্রীয় ১:১৪; ৯:২৮ পদ
- ১ পিতর ১:৫, ৯ পদ

সেজন্য, পরিত্রাণ আরম্ভ হয় প্রারম্ভিক বিশ্বাসের সিদ্ধান্ত দ্বারা (যোহন ১:১২; ৩:১৬; রোমীয় ১০:৯-১৩), কিন্তু অবশ্যই এটি জীবন পদ্ধতিগত বিশ্বাসের প্রক্রিয়ার বিষয় (রোমীয় ৮:২৯; গালা ৩:১৯; ইফি ১:৪; ২:১০), যেটি একদিন দৃষ্টিগোচরে সুসম্পন্ন হবে (১ যোহন ৩:২)। এই চূড়ান্ত অবস্থাকে বলা হয় মহিমাম্বিত হওয়া (রোমীয় ৮:২৮-৩০)। এর এভাবে দৃষ্টান্ত দেওয়া যেতে পারে

১. প্রারম্ভিক পরিত্রাণ – ধার্মিক গণিত হওয়া (পাপের শক্তি থেকে রক্ষা পাওয়া)
২. অগ্রসরমান পরিত্রাণ – পরিব্রকরণ (পাপের শক্তি থেকে রক্ষা পাওয়া)
৩. চূড়ান্ত পরিত্রাণ – মহিমাম্বিত হওয়া (পাপের উপস্থিতি থেকে রক্ষা পাওয়া)

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিথীয় ৩:১৬-১৭

^{১৬} তোমরা কি জান না যে তোমরা ঈশ্বরের মন্দির আর ঈশ্বরের আত্মা তোমাদের মধ্যে বাস করেন? ^{১৭} যদি কেউ ঈশ্বরের মন্দির ধংস করে, তবে

ঈশ্বরও তাকে ধংস করবেন, কারণ ঈশ্বরের মন্দির পবিত্র, আর তোমরাই সেই মন্দির। (অনুবাদকৃত টেক্সট)।

৩:১৬ “তোমরা কি জান না যে তোমরা ঈশ্বরের মন্দির” “মন্দির” (অর্থাৎ, *naos*, কেন্দ্রীয় পবিত্র স্থান) নিয়ে কোন প্রবন্ধ নেই। pronoun “তুমি” হল plural, যখন “মন্দির” হল singular, সেজন্য, এই প্রসঙ্গে “মন্দির” বরতে করিছের সমগ্র মন্ডলীকে উল্লেখ করছে (২ করি ৬:১৬; ইফি ২:২-২২), যার মধ্যে হতে পারে অনেকগুলি গৃহ মন্ডলী অর্ন্তভুক্ত।

যিহূদী বিশ্বাসের মূল উন্নত হয়েছে YHWH এর উপরে ব্যক্তিগত বিশ্বাসের পরিবর্তে মন্দিরের ধর্মানুষ্ঠান ও প্রার্থনার বিধিমালার উপরে (যির ৭)। এটি এই নয় যে একজন কোথায় বা কখন বা কিভাবে আরাধনা করবে, কিন্তু যিনি ঈশ্বর, তাঁর সঙ্গে সম্পর্কে থাকতে হবে। যীশু তাঁর দেহকে দেখেছিলেন ঈশ্বরের মন্দির হিসাবে (যোহন ২:২১)। যীশু পুরাতন নিয়মের মন্দির থেকেও মহান (মথি ১২:৬)। ঈশ্বরের কাজ একটি পবিত্র দালান থেকে বিশ্বাসীদের পবিত্র (অর্থাৎ, উদ্ধারকৃত, পবিত্র) দেখে স্থানান্তর হয়েছে। এই জগতে ঈশ্বরের কাজের মূল লক্ষ্য মানুষ! যীশুর দেহ এখন একটি জায়গা, যৌথ ও ব্যক্তিগত উভয় ভাবেই।

■ “আর ঈশ্বরের আত্মা তোমাদের মধ্যে বাস করেন” “বাস করা” হল একটি Present active indicative। “তুমি” হল plural। মন্দিরের ধারণা পুরাতন নিয়মে YHWH এর অদ্বিতীয় বাস করার জায়গা যেটি এখানে সমান্তরাল মন্ডলীর সাথে যা পবিত্র আত্মার বাস করার জায়গা।

নূতন নিয়মে বার বার ঈশ্বরের বাস করার জায়গার ধারণাকে বলা হয়েছে। ত্রিভূতের তিন ব্যক্তিকে বলা হল বিশ্বাসীর মধ্যে বাস করেন।

১. আত্মা (যোহন ১৪:১৬-১৭; রোমীয় ৮:৯,১১; ১ করি ৩:১৬; ৬:১৯; ২ তীম ১:১৪)
২. পুত্র (মথি ২৮:২০; যোহন ১৪:২০,২৩; ১৫:৪-৫; রোমীয় ৮:১০; ২ করি ১৩:৫; গালা ২:২০; ইফি ৩:১৭; কল ১:২৭)
৩. পিতা এবং পুত্র উভয়েই (যোহন ১৪:২৩ এবং ২ করি ৬:১৬)

৩:১৭ “যদি কেউ ঈশ্বরের মন্দির ধংস করে, তবে ঈশ্বরও তাকে ধংস করবেন” এটি একটি first class conditional sentence, যেটি ধরে নেয় অনাত্মিক বিশ্বাসীরা মণ্ডলীর কাজকে নষ্ট করছে এই বাস্তবতা (অর্থাৎ, নেতা বা দলভেদ)। এখানে প্রতিটি বিশ্বাসীর কাজের উপরে জোর দান করা হচ্ছে। এটি তাদের পরিত্রাণে প্রভাব ফেলেছে না, ১ করি ৩:১৫, কিন্তু তাদের স্থায়িত্ব এবং পুরস্কারে।

সবচেয়ে বড় দুর্ভাগ্য যে বিশ্বাসীরা সম্ভাবনাময় উৎসসমূহ তাদের আয়ত্বে থাকা সত্ত্বেও স্বার্থপর, ফলহীন জীবন যাপন করছে। তারা সুসমাচার জানে; তাদের আত্মা রয়েছে, তথাপি তারা এবং মণ্ডলী তাদের নিজেদের কাজ দ্বারা নষ্ট হচ্ছে। এটি হল সেই বিষয় যা লুক ১২:৪৮ পদে জোর জোরে বলা হয়েছে! এটা কি আপনাকে বলছে?

টার্ম *phtheirō* (ধংস) এর বেশ কয়েকটি অর্থ আছে নূতন নিয়মে।

১. দৈহিক ভাবে নষ্ট বা দুষিত (অর্থাৎ, পচা ফল বা নষ্ট মাংস, এমনকি রূপক ভাবে অর্থনৈতিক ক্ষতিগ্রস্ত হওয়া)
২. নৈতিক ভাবে নষ্ট বা দুষিত (অর্থাৎ, কোন দোড়বিদের নিয়ম ভঙ্গা বা কাউকে যৌন হয়রানি করা)
৩. ধংস
 - ক. দৈহিক ভাবে
 - খ. আত্মিক ভাবে
 - গ. অনন্তকালীন ভাবে

কেবলমাত্র সরাসরি প্রসঙ্গ অর্থ নিরূপন করতে পারে। এখানে এটি সমান্তরাল বাক্যাংশের সাথে ব্যবহৃত হয়েছে, কিন্তু এটি অনিশ্চিত যে প্রতিটি বাক্যাংশের অর্থ কি একই কি না কারণ প্রথমে উল্লেখ করছে মন্ডলী এবং দ্বিতীয়ত ব্যক্তিকে। প্রসঙ্গে এই টার্ম উল্লেখ করছে উদ্ধার পাওয়া, কিন্তু অপরিপক্ব, বিশ্বাসীরা যারা দলভেদের আত্মার কারণ করিছের মন্ডলীর উন্নতির করছে। দেখুন বিশেষ বিষয় ১ করি ১৫:৪২ পদে।

এটা খুব কঠিন এই প্রসঙ্গে “ধংস” অর্থ কি (মথি ১৮:৬; লুক ১৭:১-২; রোমীয় ১৪:১৫; ১ করি ৫:৫; ৮:১১; ১ তীম ১:২০)।

যখন আমি এই বিষয়ে চিন্তা করছিলাম, আমি ব্যক্তিগত ভাবে বিশ্বাস করি না এই টার্ম (এবং সম্পর্কযুক্ত টার্ম) বৈধ ভাবে ব্যবহৃত হয়েছে এটা প্রমাণ করতে যে যারা হারিয়ে গেছে তাদের দৈহিক ভাবে নিশ্চিহ্ন করা হয়েছে (Fudge, *The Fire That Consumes*), কিন্তু বরং তাদের বিবেক, ঈশ্বর থেকে অনন্তকালীন পৃথকীকরণ (অর্থাৎ, দানি ১২:২; মথি ২৫:৪৬; প্রেরিত ২৪:১৫)।

এটা সম্ভব যে এখানে পৌল যা উল্লেখ করেছেন তা ১ করি ৫:৫ পদ এবং ১ তীম ১:২০ পদের সাথে সম্পর্কিত, যেখানে মন্ডলী কাউকে তাদের সহভাগিতা থেকে বের করে দিয়েছে (কিন্তু সব সময় মন পরিবর্তনের মাধ্যমে পুনরুদ্ধারের আশা ও প্রার্থনা নিয়ে)।

■ “ঈশ্বরের মন্দির পবিত্র, আর তোমরাই সেই মন্দির” এটি একটি মিলিত ধারণা। সংযুক্ত এবং বৈধ তাৎপর্য হল যে প্রত্যেক বিশ্বাসীও ঈশ্বরের মন্দির (১ করি ৬:১৯)। খ্রীষ্টিয়ানদের পবিত্রতার জন্য ডাকা হয়েছে (মথি ৫:৪৮; ইফি ১:৪)।

বিশেষ বিষয়: পবিত্র

(SPECIAL TOPIC: HOLY)

ও. পুরাতন নিয়ম (বেশির ভাগ উদাহরণ যিশাইয় থেকে নেওয়া)

- ক. *kadosh* (BDB 872, KB 1072) টার্মটির শব্দতত্ত্ব অনির্দিষ্ট, সম্ভবত Canaanite (অর্থাৎ, Ugaritic)। এটা সম্ভব যে মূলের (অর্থাৎ, *kd*) কিছু অংশের অর্থ “ভাগ করা।” এটি জনপ্রিয় সংজ্ঞা “ঈশ্বরের ব্যবহারের জন্য পৃথককৃত” এর উৎস (Canaanite সংস্কৃতি থেকে, দি. বি ৭:৬; ১৪:২, ২১; ২৬:১৯)।

খ. এটি সম্পর্কিত বস্তুতে, স্থানে, সময়ে এবং ব্যক্তিতে ঈশ্বরের উপস্থিতির। এটি আদিপুস্তকে ব্যবহার করা হয় নি, কিন্তু যাত্রা পুস্তক, লেবীয় পুস্তক এবং গণনা পুস্তকে প্রচলিত হয়েছে।

গ. ভাববাণী মূলক সাহিত্যে (বিশেষত যিশাইয় ও হোশেয়) ব্যক্তিগত উপাদান পূর্বে উপস্থিত ছিল, কিন্তু অগ্রবর্তী থেকে গুরুত্ব দেওয়া হয়নি (দেখুন বিশেষ বিষয়: পবিত্র জন)। এটি একটি উপায় হয়ে দাঁড়ায় ঈশ্বরের মূল বিষয় উল্লেখের (যিশা ৬:৩)। ঈশ্বর পবিত্র। তাঁর নাম তাঁর চরিত্র উপস্থাপন করে, আর তাহল পবিত্র। তাঁর লোকেরা যারা তাঁর চরিত্র এই দরিদ্র পৃথিবীতে প্রকাশ করবে তারাও পবিত্র (যদি তারা বিশ্বাসে নিয়ম পালন করে)।

১. adjective, BDB 872 פִּבְרִית, “পবিত্র,” “পবিত্রকৃত” ব্যবহৃত হয়েছে

ক. ঈশ্বর, যিশা ৫:১৬; ৬:৩ (তিনবার); দেখুন বিশেষ বিষয়: পবিত্র জন

খ. তাঁর নাম, যিশা ৪০:২৫; ৪৯:৭; ৫৭:১৫

গ. তাঁর বাসস্থান, যিশা ৫৭:১৫

ঘ. তাঁর বিশ্রাম, যিশা ৫৮:১৩

২. verb, BDB 872 פִּבְרִית, “আলাদা করে রাখা,” উৎসর্গীকৃত”

ক. ঈশ্বরের চরিত্র, যিশা ৫:১৬; ২৯:২৩

খ. ঈশ্বর, যিশা ৮:১৩; ৬৫:৫

গ. ঈশ্বরের দূত, যিশা ১৩:৩

ঘ. ঈশ্বরের নাম, যিশা ২৯:২৩

ঙ. উৎসব, যিশা ৩০:২৯

চ. উৎসর্গীকৃত মানুষ, যিশা ৬৬:১৭

৩. noun, BDB 871 פִּבְרִית, “পৃথকীকরণ,” “পবিত্রকরণ”

ক. পবিত্র বংশ, যিশা ৬:১৩

খ. পবিত্র পর্বত, যিশা ১১:৯; ২৭:১৩; ৫৬:৭; ৫৭:১৩; ৬৫:১১, ২৫; ৬৬:২০

গ. পৃথক করা, যিশা ২৩:১৮

ঘ. পবিত্রতার উপায়, যিশা ৩৫:৮

ঙ. পবিত্র স্থান, যিশা ৪৩:২৮; ৬২:৯; ৬৪:১১

চ. পবিত্র নগরী, যিশা ৪৮:২; ৫২:১

ছ. পবিত্র জন, যিশা ৪৯:৭ (দেখুন বিশেষ বিষয়: পবিত্র জন)

জ. পবিত্র বাহু, যিশা ৫২:১০

ঝ. পবিত্র দিন, যিশা ৫৮:১৩

ঞ. পবিত্র প্রজা, যিশা ৬২:১২

ট. পবিত্র আত্মা, ৬৩:১০, ১১

ঠ. ঈশ্বরের সিংহাসন, যিশা ৬৩:১৫

ড. পবিত্র স্থান, যিশা ৬৩:১৮

ঢ. পবিত্র নগরসমূহ, যিশা ৬৪:১০

ঘ. নিয়মের ধর্মতাত্ত্বিক ধারণা, ন্যায় বিচার এবং আবশ্যিক চরিত্র থেকে ঈশ্বরের দয়া এবং ভালবাসা হল অবিচ্ছেদ্য। এখানে রয়েছে ঈশ্বরের উত্তেজনা অপবিত্র, পতিত, বিদ্রোহী মানবজাতির প্রতি। একটি খুবই উৎসাহজনক প্রবন্ধ রয়েছে Robert B. Girdlestone, এর *Synonyms of the Old Testament*, pp. 12-113 -য় “দয়াবান” হিসেবে ঈশ্বর এবং “পবিত্র” হিসেবে ঈশ্বরের মধ্যকার সম্পর্কের বিষয়ে।

II. নতুন নিয়ম

ক. নতুন নিয়মের (লুক বাদে) লেখকেরা হলেন ইব্রীয় চিন্তাবিদ, কিন্তু লিখেছেন Koine গ্রীকে। নতুন নিয়মের মণ্ডলী পুরাতন নিয়মের গ্রীক অনুবাদ, সেপ্টুয়াজিট ব্যবহার করতেন। এটি হল পুরাতন নিয়মের গ্রীক অনুবাদ, Classical গ্রীক সাহিত্য, চিন্তা বা ধর্ম নয়, যেটি তাদের শব্দভাণ্ডার নিয়ন্ত্রণ করতো।

খ. যীশু হলেন পবিত্র কারণ তিনি হলেন ঈশ্বর এবং ঈশ্বরের মত (লুক ১:৩৫; ৪:৩৪; প্রেরিত ৩:১৪; ৪:২৭, ৩০; প্রকা ৩:৭)। তিনি হলেন পবিত্র এবং ধার্মিক (প্রেরিত ৩:১৪; ২২:১৪)। যীশু হলেন পবিত্র কারণ তিনি নিষ্পাপ (যোহন ৮:৪৬; ২ করি ৫:২১; ইব্রীয় ৪:১৫; ৭:২৬; ১ পিতর ১:১৯; ২:২২; ১ যোহন ৩:৫)।

গ. যেহেতু ঈশ্বর পবিত্র (যোহন ১৭:১১; ১ পিতর ১:১৫৬-১৬; প্রকা ৪:৮; ৬:১০), তাঁর সন্তানদেরও পবিত্র হতে হবে (লেবীয় ১১:৪৪-৪৫; ১৯:২; ২০:৭, ২৬; মথি ৫:৪৮; ১ পিতর ১:১৬)। যেহেতু যীশু পবিত্র, তাঁর অনুসারীদের পবিত্র হতে হবে (রোমীয় ৮:২৮-২৯; ২ করি ৩:১৮; গালা ৪:১৯; ইফি ১:৪, ১ থিম ৩:১৩; ৪:৩; ১ পিতর ১:১৫)। খ্রীষ্টিয়ানরা রক্ষা পেয়েছে খ্রীষ্টসাদৃশ্য (পবিত্র) হয়ে সেবা করার জন্য।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ৩:১৮-২৩

^{১৮} কেউ নিজেকে প্রতারণিত না করুক। তোমাদের মধ্যে কেউ যদি এই চিন্তা করে যে এই যুগের জ্ঞানে সে জ্ঞানী, সে মুর্থ হোক, যেন সে জ্ঞানী হতে পারে। ^{১৯} কারণ ঈশ্বরের চোখে এই জগতের জ্ঞান কেবল মুর্থতা। কারণ লেখা আছে, “তিনি জ্ঞানীদের তাদের চাতুরীতে ধরেন”; ^{২০} আবার, “প্রভু জ্ঞানীদের তর্ক-বিতর্ক জানেন, সে সকল অসার।” ^{২১} সেজন্য তোমরা কেউ মানুষকে নিয়ে গর্ব করো না। কারণ সব কিছুই তো তোমাদের, ^{২২} কি পৌল কি আপল্লো কি কৈফা কি এই জগৎ কি জীবন কি মৃত্যু কি বর্তমান বিষয় কি ভবিষ্যতে যা আসছে; সব কিছুই তোমাদের; ^{২৩} আর তোমরা খ্রীষ্টের; আর খ্রীষ্ট ঈশ্বরের। (অনুবাদকৃত টেক্সট)।

৩:১৮ “কেউ নিজেকে প্রতারণিত না করুক” এটি একটি present imperative সাথে negative particle, যার সাধারণত অর্থ ইতিমধ্যে প্রক্রিয়াধীন কোন কাজকে থামান। করিছের কিছু কিছু বিশ্বাসীরা নিজেদের গর্বীত বলে মনে করতো তাদের সদস্য পদ বা সংশ্লিষ্টকতা কোন বিশেষ নেতা এবং/বা বিশেষ জ্ঞানের সাথে থাকার জন্য।

টার্ম “প্রতারণিত” হল *apataō* এর জোড়াল গঠন (ইফি ৫:৬; ১ তীম ২:১৪; যাকোব ১:২৬) পূর্ব সংযুক্ত *ek* এর সাথে (রোমীয় ৭:১১; ১৬:৮; ২ থি ২:৩)। এই টার্ম *planaō* সাথে একই রকমের (অর্থাৎ, উদ্দেশ্যহীন ভ্রমণ, বিপথগামী হওয়া, ভ্রান্ত পথে যাওয়া), যেটি Synoptic সুসমাচারে ব্যবহৃত হয়েছে, যোহনের লেখনীতে, এবং পৌলের (১ করি ৬:৯; ১৫:৩৩ এবং ২ করি ৬:৮ পদের adjective)। আত্ম প্রতারণা হল আত্মিক দুর্ভাগ্য (রোমীয় ১২:১৬; গালা ৬:৩; ২ তীম ৩:১৩; ১ যোহন ১:৮)। হতে পারে পৌল পরোক্ষ ভাবে উল্লেখ করেছেন হিতো ৩:৭ বা যিশা ৫:২১ পদ বা এমনকি যির ৯:২৩-২৪ পদ। করিছের অনেক দলভেদের নেতারা ভাবতো যে তারা পরিপক্ব ও জ্ঞানী, কিন্তু তারা নিজেদের প্রতারণিত করছিল।

■ “যদি” এটি একটি first class conditional sentence। করিছের মণ্ডলীর অনেকে নিজেদের গর্বীত বলে মনে করতো তাদের ধরে নেওয়া আত্মিকতা বা আত্মিক দান বা জ্ঞানের জন্য। এই প্রবণতা একই রকম ছিল পরবর্তীকালে যাকে বলা হয়েছে জ্ঞানবাদ (Gnosticism)। এটি ঐতিহাসিক ভাবে অনিশ্চিত যে করিছীয়েরা গ্রীক মেধাগত স্বতন্ত্রবাদের দ্বারা প্রভাবিত হয়েছিল কি না। এই ধরনের চিন্তার (চরম দ্বৈতবাদ আত্মা ও বস্তুর মধ্যে) পদ্ধতি সম্পূর্ণভাবে দ্বিতীয় শতক পর্যন্ত লিখিত হয়নি, কিন্তু এটি ছিল প্রাথমিক মন্ডলীতে প্রধান ধর্মদ্রোহ।

■ “তোমাদের মধ্যে কেউ যদি এই চিন্তা করে যে এই যুগের জ্ঞানে সে জ্ঞানী” এটি উল্লেখ করছে সেই লোকদের যারা চিন্তা করে যে তার বিশেষ জ্ঞান বা মর্যাদা রয়েছে। মণ্ডলীতে সেই রকম লোকেরা ছিল যারা তাদের আত্মিকতা, জ্ঞান, সামাজিক মর্যাদা, বা মেধার উপরে ভিত্তি করে নিজেদের উচ্চতর মর্যাদার বলে দাবী করতো। এটা সম্ভব যে এটি উল্লেখ করে ১ করি ১:১২; ৩:৫,২১ পদে উল্লেখিত বিভক্ত দলসমূহের দল নেতাদের।

■ “সে মুর্থ হোক” এটি একটি aorist middle (deponent) imperative। ঈশ্বরের সুসমাচার, খ্রীষ্ট নিজে, এটাই হল একমাত্র সত্য জ্ঞান। এই টার্ম প্রায়ই ব্যবহৃত হয়েছে “এই যুগের জ্ঞান” বর্ণনা করতে (১ করি ১:১৮, ২৭; এবং এখানে)। পৌলও এটি ব্যবহার করেছেন ১ করি ৪:১০ পদে বিদ্রূপাত্মক অর্থে করিছীয় খ্রীষ্টিয়ান যারা দাবী করতো ও মানুষের জ্ঞানকে বড় করে দেখাত তাদের বিষয়ে। দেখুন বিশেষ বিষয়: মুর্থ লোকদের জন্য টার্ম ১ করি ১৫:৩৬ পদে।

৩:১৯ “ঈশ্বরের চোখে এই জগতের জ্ঞান কেবল মুর্থতা” এর কারণ হল এর ভিত্তি সীমাবদ্ধ, জাগতিক, সসীম, পতিত জ্ঞান (১ করি ১:১৮, ২১, ২৩, ২৫)। মুর্থতার জন্য ১ করি ১:২৫ পদের নোট দেখুন।

৩:১৯-২০ পরবর্তীতে সামান্য পরিবর্তিত উদ্ধৃতি ইয়োব ৫:১৩ পদ এবং গীত ৯৪:১১ পদ থেকে। টার্ম “চাতুরী” এর জন্য দেখুন সম্পূর্ণ নোট ২ করি ৪:২ পদে।

৩:২১

NASB “সেজন্য তোমরা কেউ মানুষকে নিয়ে গর্ব করো না”

NKJV “সেহেতু তোমরা কেউ মানুষকে গৌরবান্বিত করো না”

NRSV “সেজন্য তোমরা কেউ মানুষ নেতার গর্ব করো না”

TEV “তাই কারোরই মানুষ কি করতে পারে তা নিয়ে গর্ব করা উচিত নয়”

NJB “সেজন্য তোমাদের মানুষকে নিয়ে গর্ব করার কিছু নেই”

এটি হতে পারে একটি পরোক্ষ উল্লেখ যির ৯:২৩-২৪ পদ থেকে। ১ করিছীয়তে অনেক বার মানুষের গর্ব বিষয়ে উল্লেখ করা হয়েছে (১ করি ১:২৯, ৩১; ৩:২১; ৪:৭; এবং ২ করি ৫:১২; ১০:১৭; ১১:১২, ১৮, ৩০; ১২:১, ৫, ৬, ৯)। ১ করি ৫:৬ পদে বিশেষ বিষয় দেখুন। এটা ছিল করিছের প্রধান সমস্যা (এবং সাধারণ ভাবে মানুষের সাথে)। এই সমস্যা অর্ন্তভুক্ত কেবলমাত্র অল্প কয়েকজন নেতার চেয়ে অনেক বেশি মন্ডলীতে; অনুসারীরাও দায়িত্ববান। এটা শুনতে আজকের ডিনোমিনেশনগত উদ্ভূত ও গর্বের মত (অর্থাৎ, আমি ক্যালভিনের; আমি ওয়েসলীর; আমি, ১ করি ৪:৬)।

৩:২১-২২ পৌল বলতে চেপ্টা করেছেন যে সব কিছুই (অর্থাৎ, একটি তালিকা যেটি রোমীয় ৮:৩৮-৩০ পদের মত একই রকমের) বিশ্বাসীদের খ্রীষ্টের মধ্যে দিয়ে সেই সঙ্গে সকল প্রচারকদের তালিকাও অর্ন্তভুক্ত। টার্ম *kosmos* (অর্থাৎ, জগৎ) এখানে ব্যবহৃত হয়েছে সৃষ্টিকৃত শৃংখলার হ্যাঁ বাচক অর্থে (. LXX

এর আদি ১:৩১)। বিশ্বাসীরা হল সহ-উত্তরাধিকারী খ্রীষ্টের মধ্যে দিয়ে সকল বিষয়ের এবং সব সময়ের (রোমীয় ৮:১২-১৭)। নিজেকে সীমাবদ্ধ করবেন না।

বিশেষ বিষয়: পৌলের *KOSMOS* (জগৎ) ব্যবহার

{SOECIAL TOPIC: PAUL'S USE OF *KOSMOS* (WORLD)}

পৌলের *kosmos* টার্মটি কয়েকটি উপায়ে ব্যবহার।

১. সকল সৃষ্টিকৃত শংখলা (রোমীয় ১:২০; ইফি ১:৪; ১ করি ৩:২২; ৮:৪,৫)
২. এই গ্রহ (২ করি ১:১২; ইফি ১:১০; কল ১:২০; ১ তীশ ১:১৫; ৩:১৬; ৬:৭)
৩. মানুষেরা (রোমীয় ৩:৬,১৯; ১১:১৫; ১করি ১:২৭-২৮; ৪:৯,১৩; ২ করি ৫:১৯; কল ১:৬)
৪. ঈশ্বরের থেকে আলাদা হয়ে মানুষের সংগঠিত হওয়া এবং কাজ করা (১ করি ১:২০-২১; ২:১২; ৩:১৯; ১১:৩২; গালা ৪:৩; ইফি ২:২,১২; ফিলি ২:১৫; কল ২:৮,২০-২৩)। এটি একদম একই রকম যোহেনের ব্যবহারে মত (১ যোহন ২:১৫-১৭)
৫. বর্তমানের জগতের কাঠামোসমূহ (১ করি ৭:২৯-৩১; গালা ৬:১৪; একই রকম ফিলি ৩:৪-৯, যেখানে পৌল বর্ণনা করেছেন যিহুদী কাঠামো সমূহ)

কিছু কিছু উপায়ে এইগুলো অতিক্রম করেছে এবং প্রতিটি ব্যবহার শ্রেণীবিন্যাস করাটা কঠিন। এই টার্ম, পৌলের চিন্তার মত অনেক, অবশ্যই সংজ্ঞায়িত করতে হবে তাৎক্ষণিক প্রসঙ্গ দিয়ে এবং একটি পূর্ব নিখারিত সংজ্ঞা দিয়ে নয়। পৌলের পরিভাষা ছিল সরল (James Stewart's *A Man in Christ*)। তিনি একটি ধর্মতত্ত্বগত অভিধান ঠিক করার চেষ্টা করেন নি, কিন্তু খ্রীষ্টকে ঘোষণা করেছেন।

Copyright © 2014 [Bible Lessons International](#)

৩:২৩ “তোমরা খ্রীষ্টের” “তোমরা” জোড়াল ও plural। এটি দেখায় মণ্ডলীতে খ্রীষ্টের উচ্চ প্রশংসিত স্থান (১ করি ১:২৯-৩১)। এটি আরও দেখায় বিশ্বাসী হিসাবে তাদের দায়িত্বকে।

■ “খ্রীষ্ট ঈশ্বরের” এটি উল্লেখ করছে খ্রীষ্টের পিতার প্রতি জাগতিক আনুগত্য (১ করি ১১:৩; ১৫:২৮)। এটি কোন মূল কেন্দ্রীয় বিষয় নয় (যোহন ১:১-৩), কিন্তু কাজের বিষয়। দ্বিত্ব (দেখুন বিশেষ বিষয় ১ করি ২:১০ পদে) হল কাজ সম্পর্কিত।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

৪. খ্রীষ্টীয় প্রচার বিষয়ে দুধ ও শক্ত খাবারের মধ্যে পার্থক্য কি?
৫. খ্রীষ্টিয়ানেরা কি ঈশ্বরের বিচারের সামনে দাঁড়াবে? যদি দাঁড়ায়, তাহলে কেন?
৬. ১ করি ৩:১০-১৫ পদে কাকে উদ্দেশ্য করে বলা হচ্ছে?
৭. ১ করি ৩:১৬ পদ কি প্রত্যেক বিশ্বাসীকে না মণ্ডলীর সকলকে একত্রে উল্লেখ করছে?
৮. ১ করি ৩:১৭ পদে টার্ম “ধংস” অর্থ কি? কিভাবে এটি ১ করি ৩:১৫ পদের সাথে সম্পর্কিত?
৯. খ্রীষ্ট কি পিতার অধীন, যেটি স্পষ্ট ভাবে ১ করি ৩:২৩ এবং ১৫:২৮ পদে দেখা গিয়েছে, যার অর্থ তিনি ঈশ্বর নন?

Copyright © 2013 [Bible Lessons International](#)

১ করিন্থীয় ৪
(1 CORINTHIANS 4)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
শ্রেণিতদের পরিচর্যা	ঈশ্বরের নিগূঢ়ত্বের ধনাধ্যক্ষ	অনুরোধ	খ্রীষ্টের শ্রেণিত	উপসংহার (৩:১৮-৪:১৩)
৪:১-৫	৪:১-৫	৪:১-৫	৪:১-৫	৪:১-৫
	জল সেচন, কাজ এবং সতর্কবাণী			খ্রীষ্টীয় প্রচারকদের স্থান
৪:৬-১৩	৪:৬-১৩	৪:৬-৭ ৪:৮-১৩	৪:৬-৭ ৪:৮-১৩	৪:৬-১৩
	পৌলের পিতৃসুলভ তত্ত্বাবধান	পিতার মত উপদেশ ও সতর্কবাণী		একটি আবেদন
৪:১৪-২১	৪:১৪-২১	৪:১৪-২১	৪:১৪-১৭ ৪:১৮-২১	৪:১৪-১৭ ৪:১৮-২১

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যায়টি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

৪ অধ্যায়ের সংক্ষিপ্ত রূপরেখা

- ক. ১-৫ পদ খ্রীষ্টীয় বিচার ও বিচারিত হওয়া নিয়ে আলোচনা করেছে।
- খ. ৬-১৩ পদ গর্বিত করিন্থীয় নেতা ও সত্যিকার শ্রেণিতদের তুলনা করেছে।

গ. ১৪-২১ পদে পৌল বিরোধীদের অভিযোগের আলোকে তার কর্তৃত্ব ও ভ্রমণ পরিকল্পনা নিয়ে আলোচনা করেছেন।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ৪:১-৫

^১ লোকে আমাদের এই রকম মনে করুক যে, আমরা খ্রীষ্টের সেবাকারী ও ঈশ্বরের নিগূঢ়ত্ব রূপ ধনের অধ্যক্ষ। ^২ এই ক্ষেত্রে, ধনাধ্যক্ষদের এটি আবশ্যিক যে তাদের যেন বিশ্বাসযোগ্য দেখতে পাওয়া যায়। ^৩ কিন্তু আমার কাছে এটা খুব ক্ষুদ্র বিষয় যে আমি তোমাদের দ্বারা বিচারিত হই, বা অন্য কোন মানুষের আদালতে; সত্যি কথা হল, আমি নিজেও আমার বিচার করি না। ^৪ কারণ আমার বিরুদ্ধে আমার বিবেক পরিষ্কার, তথাপি তাতে প্রমাণিত হয় না যে আমি নির্দোষ; কারণ যিনি আমার বিচার করেন তিনি প্রভু। প্রভুই আমার বিচার করেন। ^৫ সেইজন্য সময়ের আগে কোন বিচার কোরো না, কিন্তু প্রভুর আসা পর্যন্ত অপেক্ষা কর তিনি অন্ধকারে যা লুকানো আছে তা আলোতে আনবেন এবং মানুষের অন্তরের গোপন উদ্দেশ্যগুলোও প্রকাশ করবেন; আর প্রত্যেক জন ঈশ্বরের কাছ থেকে নিজ নিজ প্রশংসা পাবে। (অনুবাদকৃত টেক্সট)।

৪:১ “লোকে আমাদের এই রকম মনে করুক” এটি একটি present middle (deponent) imperative। বিশ্বাসীদের অবশ্যই মূল্যায়ন বা বিবেচনা করতে হবে নেতৃত্বের মর্যাদা। ঈশ্বরের রাজ্যের জন্য নেতৃত্ব হল সেবাকারী/ধনাধ্যক্ষতা (মার্ক ১০:৪২-৪৪)। পৌলের ধর্মতত্ত্ব যীশুর বাক্য অনুসরণ করেছে।

■ “খ্রীষ্টের সেবাকারী” নীচে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: দাসরূপী নেতৃত্ব

(SPECIAL TOPIC: SERVANT LEADERSHIP)

I. পুরাতন নিয়মে (“আমার দাস”)

এটি ছিল শ্রদ্ধা ও আহবানের একটি উপাধি (BDB 713, KB 774)

ক. এটি ব্যবহৃত হয়েছে একটি যৌথ অর্থে

১. গোষ্ঠীপিতাদের একটি দল হিসাবে - দ্বি বি ৯:২৭

২. ভাববাদীদের - ২ রাজা ৯:৭; ১৭:১৩; ইস্রা ৯:১১; যির ৭:২৫; ২৬:৫; ২৯:১৯; ৩৫:১৫; ৪৪:৪

৩. ইস্রায়েল - গীত ১০৫:৬; ১৩৬:২২; যিশা ৪১:৮-৯; ৪২:১৮-১৯; ৪৪:১,২,২১; ৪৫:৪; ৪৮:২০; ৪৯:৩; যিরি ৩০:১০; ৪৬:২৭,২৮

৪. সেপ্টুয়াজিট একটি শব্দগুচ্ছ যোগ করেছে যিশা ৪২:১ পদে, যেটি এটি উল্লেখ করে ইস্রায়েল জাতিকে (“আমার দাস যাকোব, আমি তাকে সাহায্য করবো; ইস্রায়েল আমার মনোনীত”)

খ. এটি ব্যবহার করা হয়েছে একটি ব্যক্তিমূলক অর্থে

১. আব্রাহাম - আদি ২৬:২৪; গীত ১০৫:৬

২. ইয়োব - ইয়োব ১:৮; ২:৩; ৪২:৭,৮

৩. ইসহাক - আদি ২৪:১৪

৪. যাকোব - ১ বংশা ১৬:১৩; গীত ১০৫:৬; যিহি ২৮:১৫

৫. মোশী - যাত্রা ১৪:৩১; গণনা ১২:৭-৮; দ্বি বি ৩৪:৫; যিহো ১:১-২, ৭, ১৩, ১৫

৬. যিহোশূয় - যিহো ২৪:২৯; বিচার ২:৮

৭. কালেব - গণনা ১৪:২৪

৮. দায়ূদ - যিহি ৩৭:২৫

৯. সরুবাব্বিল - হগয় ২:২৩

১০. শলোমন - ১ রাজা ৩:৮

১১. যিশাইয় - যিশা ২০:৩; ৪৪:২৬

১২. যীশু - মথি ১২:১৫-২১ উক্তি করে যিশা ৪২:১-৪

II. নূতন নিয়মে (বিশেষ করে করিন্থীয়তে)

ঈশ্বরের নেতারা মন্ডলীর জন্য দান (ইফি ৪:১১), কিন্তু তারা এখনও দাস, মালিক নয়! পৌল কয়েকটি টার্ম ব্যবহার করেছেন করিন্থীয় পত্রে দাস/মালিক ধারণা উল্লেখ করতে।

ক. গৃহকার্যে সহায়তা (মূলত “ধূলা তোলা”)

১. *diakonos*, ১ করি ৩:৫, ২ করি ৩:৬; ৬:৪; ১১:১৫(দু'বার), ২৩

২. *diakonia*, ১ করি ১৬:১৫; ২ করি ৩:৭,৮,৯ (দু'বার); ৪:১; ৫:১৮; ৬:৩; ৮:৪; ৯:১,১৩; ১১:৮

৩. *dialoneō*, ২ করি ৩:৩

- খ. দাস বা সাহায্যকারী, *hupēretēs* (নতুন নিয়মে এটি ব্যবহার করা হয়েছে অনেক ভিন্ন ভিন্ন ধরণের পরিচালকদের প্রতি), ১ করি ৪:১
- গ. ক্রীতদাস (যাকে কেনা হয়েছে ও অন্যের দ্বারা পরিচালিত হয়)
১. *doulos*, ১ করি ৭:২১,২২(দুইবার), ২৩; ২ করি ৪:৫
 ২. *douloō*, ১ করি ৯:১৯
- ঘ. সহকর্মী, সহকারী (*sun* + কর্মীর সমন্বয়), *sunergos*, ২ করি ১:২৪
- ঙ. সরবরাহকারী (মূলত যিনি একটি সংগীত দলকে তহবিল দেন)
১. *chorēgeō*, ১ করি ৯:১০
 ২. *epichorēgeō*, ২ করি ৯:১০
- চ. পরিচর্যাকারী (ব্যবহার করা হয়েছে সেপ্টুয়াজিন্টে পটিফরের কাছে যোষেফ, মোশীর কাছে যিহোশূয়, এলিয়ের কাছে শমূয়েল, দায়ূদের কাছে অবিশগ এবং ইস্রায়েলের কাছে লেবীয়দের (*leitourgia*, অর্থাৎ, সেপ্টুয়াজিন্টে সেবার সাধারণ টার্ম, ২ করি ৯:১২)

এই সব টার্মগুলি দেখায় পৌলের পরিচর্যার উপলব্ধি। বিশ্বাসীরা হল খ্রীষ্টের। খ্রীষ্ট যেভাবে অন্যদের সেবা করেছেন (মার্ক ১০:৪৫), বিশ্বাসীরা অন্যের সেবা করে (১ যোহন ৩:১৬)। মন্ডলীর নেতৃত্ব হল দাসরূপী নেতৃত্ব (মথি ২০:২০-২৮; মার্ক ১০:৩২-৪৫; লূক ২২:২৪-২৭)। এই অংহকারী, গর্বিত করিষ্টীয় মন্ডলীর দলসমূহ সম্পূর্ণভাবে সুসমাচারকে ভুল বুঝেছে এবং যীশুর হৃদয় ও পরিচর্যা অনুধাবন করতে ব্যর্থ হয়েছে!

বিশ্বাসীরা একটি পরিবারের অংশ। লক্ষ্য ব্যক্তিগত বিশ্বাসীর দিকে নির্দিষ্ট করে নয় কিন্তু মণ্ডলী স্বাস্থ্য ও বৃদ্ধি, পরিবার, ভূমি, মন্দিরের স্থাপনার দিকে (সকল নতুন নিয়মের সহযোগী রূপক)। বিশ্বাসীরা প্রত্যেকে দান প্রাপ্ত (১ করি ১২:১১) সকলের মঙ্গলের জন্য (১ করি ১২:৭)। আমাদের রক্ষা করা হয়েছে সেবা করার জন্য!

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “**ধনাধ্যক্ষ**” এটি একটি সমন্বিত গ্রীক টার্ম “গৃহ” এবং “আইন” থেকে। ইনি ছিলেন দাস যিনি গৃহ/জমিদারী ব্যবস্থাপনা করেছেন এবং মালিককে কৈফিয়ত দিয়েছেন (অর্থাৎ, মথি ২৫:১৪-৪৬; লূক ১৬:১ পদের টার্ম, “বরাদ্দ করা,” “যেটি কোন একজনকে প্রতিনিধি করা হয়েছে”)। এটি হল দায়িত্ব এবং সুসমাচারের নির্ভরযোগ্যতার উপরে গুরুত্বদান (১ করি ৪:২; ৪:১; ৯:১৭; কল ১:২৫; ১ থি ২:৪; তীত ১:৭; ১ পিতর ৪:১০)। ঈশ্বর তাঁর ধনাধ্যক্ষতাকে বিচার করবেন (১ করি ৪:৪,৫; ৩:১৩)। কি দারুণ সুযোগ-সুবিধা ও বাধ্যত্যা!

■ “**ঈশ্বরের নিগূঢ়তত্ত্ব**” এই টার্ম পৌল বিভিন্ন ভাবে বেশ কয়েকবার ব্যবহার করেছেন। প্রাথমিক চালিকা শক্তি মনে হয় এটি যে এক ঈশ্বর খ্রীষ্টেতে যিহূদী ও পরজাতিয়দের একত্রে একই পরিবারভুক্ত করতে যাচ্ছেন, এই ভাবে আদি ৩:১৫ ও ১২:৩ পদ পূর্ণ করছেন। দেখুন বিশেষ বিষয়: নিগূঢ় তত্ত্ব ১ করি ২:১ পদে।

■ “**যে তাদের যেন বিশ্বাসযোগ্য দেখতে পাওয়া যায়**” এটি হল adjective *pistos*। যীশু মথি ২৪:৪৫; ২৫:২১,২৩ পদে বিশ্বস্ত দাসের ধারণা ব্যবহার করেছেন!

দেখুন বিশেষ বিষয়: [পুরাতন নিয়মে বিশ্বাস করা, নির্ভরতা, বিশ্বাস, এবং বিশ্বস্ততা, পৃ..৩৭; \(SPECIAL TOPIC: BELIEVE, TRUST, FAITH, AND FAITHFULNESS IN THE OLD TESTAMENT, See page 37\)](#)

৪:৩ “**কিন্তু আমার কাছে এটা খুব ক্ষুদ্র বিষয় যে আমি তোমাদের দ্বারা বিচারিত হই**” পৌল একটি নির্দিষ্ট দল দ্বারা ব্যক্তিগত ভাবে আক্রান্ত হয়েছিলেন (অর্থাৎ, খ্রীষ্টে শিশু, ১ করি ৩:১, বা এমনকি গালাতীয়র Judaizers এর মত যিহূদীদের বিরোধি দল) করিছে। তার প্রেরিত পদে নিয়োগ তাদের বিবেচনায় মূল বিষয় ছিল না (তথাপিও এটি ছিল যাতনাদায়ক)। তার উদেগ ছিল যে কিভাবে লোকেরা সুসমাচারকে ও মণ্ডলীকে দেখছে (১ করি ৮:১৩; ৯:১৯-২৩; ১০:২৩,৩৩; ২ করি ৪:২; ৫:১১; রোমীয় ১৪:১-১৫:১৩)।

■ “**অন্য কোন মানুষের আদালতে**” এটি আক্ষরিক ভাবে “মানুষের দিন।” এটি উল্লেখ করছে মানুষের আদালত এগিয়ে চলেছে যেমন ৩:১৩ পদ উল্লেখ করছে “ঐশ্বরিক” আদালত এগিয়ে চলবে শেষ দিনে (১ করি ১:৮; ৫:৫)। যেমন ৪:৩ উল্লেখ করছে *sarkinois* কে (অর্থাৎ, ১ করি ৩:১ পদের অপরিপক্ক বিশ্বাসী), এই শব্দগুচ্ছ উল্লেখ করছে *psuchikos* কে (অর্থাৎ, আত্মা ছাড়া স্বাভাবিক মানুষ) ১ করি ২:১৪ পদে।

■ “**আমি নিজেও আমার বিচার করি না**” এটি সত্যিই খুব কঠিন যে কেউ আত্মিক ভাবে নিজের পরীক্ষা নিজেই সঠিক ভাবে করতে পারে। প্রায়ই বিশ্বাসীরা তাদের নিজেদের উপরে কঠিন এবং খুব সহজ অন্যদের বেলায়। প্রায়ই আমরা আমাদের নিজেদের সাথে অন্য মানুষদের তুলনা করে থাকি (২ করি ১০:১২-১৪)। আমাদের অবশ্যই ঈশ্বরকে বিচার করতে দিতে হবে (১ করি ৪:৫)। তিনি জানেন অন্তর ও পরিস্থিতি (১ শমূ ১৬:৭; ১ রাজা ৮:৩৯; ১ বংশ ২৮:৯; যির ১৭:১০; লূক ১৬:১৫; প্রেরিত ১:২৪)।

৪:৪ “কারণ আমার বিরুদ্ধে আমার বিবেক পরিস্কার” পৌলের মন পরিবর্তনের আগে তিনি মোশির ব্যবস্থার সাথে তার সম্পর্কে এই ভাবে অনুভব করতেন (থেরিও ২:৩:১; ফিলি ৩:৫-৯)। আত্মা তার লোভকে প্রকাশ করেছে (রোমীয় ৭:৭) এবং পৌল পাপে দোষীকৃত হয়েছেন এবং কেবলমাত্র খ্রীষ্টে ঈশ্বরের অনুগ্রহে সাড়া প্রদান করেছেন (রোমীয় ৩:১৯-২৬)। তিনি এই অনুগ্রহে একজন ধনাত্মকের মত জীবন যাপন ও পরিচর্যা করতেন। বিনামূল্যে অনুগ্রহের paradox এ, কিন্তু কৈফিয়ত যোগ্য ধনাত্মকতায়, তার ছিল শান্তিপূর্ণ বিবেক, কিন্তু কেবলমাত্র ঈশ্বরীক বিচারে একটি eschatological শ্রেষ্ঠিত করতে পারে সঠিক মূল্যায়ন ও পুরস্কার!

NASB, NRSV “নির্দোষ”
NKJV “ধার্মিক গণিত”
TEV “দোষহীন”
NJB “ধার্মিক”

এটি একটি perfect passive indicative। কেউ একজন অপরাধী বিবেক বোধ থেকে নিজেকে নির্দোষ ভাবার এটি একটি বৈধ কৌশলগত টার্ম (রোমীয় ৩:২৪)। এটি ধর্মতত্ত্বগত ভাবে রোমীয় ৮:১ পদের “দন্ডাজ্ঞা নাই” এবং রোমীয় ৮:৩১-৩৫ পদের বৈধ প্রসঙ্গের মত একই রকমের। এই প্রসঙ্গে এর অর্থ পৌল ঈশ্বরীক বিচার থেকে মুক্ত নন (১ করি ৫:১০) এই কারণে যে তার বিবেক পরিস্কার ছিল।

■ “কারণ যিনি আমার বিচার করেন তিনি প্রভু” ধনাত্মক তার নির্ভরযোগ্যতার হিসাব দেবেন (১ করি ৪:২; ৩:১১; ২ করি ৫:১০; ১০:১৮)।

৪:৫
NASB, NKJV
NRSV “সেইজন্য”
TEV “তাই”
NJB “এই কারণে”

এটি এই বিষয়ে পৌলের আলোচনার উপসংহার এবং এটি একটি আদেশ অপরিপক্ক মানবিক মূল্যায়ন সম্পর্কে।

■ “সময়ের আগে কোন বিচার কোরো না” এটি একটি present active imperative সাথে আছে negative particle, যার সাধারণত অর্থ ইতিমধ্যে প্রক্রিয়াধীন কোন কাজকে থামানো (মথি ৭:১-৫)। এই বিভক্ত দলসমূহ বা ভ্রান্ত শিক্ষকদের উত্তরাধিকারীরা ইতিমধ্যে পৌলের বিচার করেছে। পৌল অবশ্যই করিছে বৎসর ব্যাপি নানা ধরণের সমালোচনায় পড়েছিলেন (২ করি ১০-১২)।

■ “কিন্তু প্রভুর আসা পর্যন্ত অপেক্ষা কর” দ্বিতীয় আগমন নিশ্চিত; সময় এবং কিভাবে আসবেন তা অনিশ্চিত। সত্যিকার মূল্যায়ন অবশ্যই সঠিক সময়ের পর্যন্ত অপেক্ষা করে (মথি ১৩:২৪-৩০, ৩৬-৪৩)।

■ “তিনি অন্ধকারে যা লুকানো আছে তা আলোতে আনবেন” বিশ্বাসীদেরও তাদের উদ্দেশ্য, পরিকল্পনা এবং আচার আচরণের জন্য কৈফিয়ত দিতে হবে (১ করি ৩:১৩; যোহন ৩:১৭-২১; রোমীয় ২:১৬; ২ করি ৫:১০), কিন্তু ধন্যবাদ ঈশ্বরকে, তাদের পাপের নয়! পৌল এই একই শব্দ “গুপ্ত বিষয়” (*krupta*) ব্যবহার করেছেন বেশ কয়েকবার।

১. রোমীয় ২:১৬ – “মানুষের গুপ্ত বিষয় সকল”
২. ১ করি ৪:২৬ – “অন্ধকারের গুপ্ত বিষয় সমূহ”
৩. ১ করি ১৪:২৫ – অন্তরের গুপ্ত বিষয় সমূহ”
৪. ২ করি ৪:২ – “লজ্জার গুপ্ত বিষয় সমূহ”

■ “এবং মানুষের অন্তরের গোপন উদ্দেশ্যগুলোও প্রকাশ করবেন” এটি চূড়ান্ত। এই জন্য কেবলমাত্র ঈশ্বরই নিরপেক্ষ ভাবে বিচার করতে পারেন। বিশ্বাসীরা কেবলমাত্র সে সবার জন্য দায়ি যেটুকু তারা বুঝতে পারে, কিন্তু তারা সবসময়ই তাদের আচার আচরণ ও উদ্দেশ্যের জন্য দায়ি। বিশ্বস্ততা সব সময়ই পুরস্কৃত হবে (১ করি ৩:৮, ১৪, ১৫), অবিশ্বস্ততা বিচারিত হবে (১ করি ৩:১৬-১৭)। দেখুন [বিশেষ বিষয়: হৃদয়, ২৪৩](#); ([SPECIAL TOPIC: THE HEART, See page 243](#)) ১ করি ১৪:২৫ পদে।

■ “আর প্রত্যেক জন ঈশ্বরের কাছ থেকে নিজ নিজ প্রশংসা পাবে” এটি বার বার বলা একটি মূল বিষয় (ইয়োব ৩৪:১১; গীত ৬২:১২; উপ ১২:১৪; যির ১৭:১০; ৩২:১৯; মথি ১৬:২৭; ২৫:৩১-৪০; রোমীয় ২:১৬; ১৪:১২; ১ করি ৩:৮; ২ করি ৫:১০; ১ পিতর ১:১৭; প্রকা ২:২৩; ২০:১২; ২২:১২) গালা ৬:৭ পদের উপরে ভিত্তি করে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি ৪:৬-৭

^১ এখন এই সব বিষয়, ভাইয়েরা, আমি নিজের ও আপনাদের উদাহরণ দিয়ে তোমাদের জন্য বললাম, যেন তোমরা আমাদের কাছ থেকে শিখতে পার যে যা লেখা আছে তার বাইরে যেতে নেই, যেন তোমাদের মধ্যে কেউই একজনের পক্ষে আর একজনের বিরুদ্ধে অহংকার না কর। ^১ কারণ কে

তোমাকে প্রধান বলে বিবেচনা করে? তোমার এমন কি আছে যা তুমি দান হিসাবে পাও নি? আর যদি তুমি তা পেয়েই থাক, তবে তুমি পাও নি বলে কেন গর্ব করছ? (অনুবাদকৃত টেক্সট)।

৪:৬

NASB	“আমি নিজের ও আপল্লোর উদাহরণ দিয়ে বললাম”
NKJV	“উদাহরণ দিয়ে জানালাম”
NRSV,TEV	
NJB	“বললাম”

গ্রীক শব্দ “উদাহরণ দিয়ে বলা” (অর্থাৎ, *meteschēmatisa*, যেটি হল একটি Aorist active indicative) এই প্রসঙ্গে খুব কঠিন অনুবাদ করা। অন্য প্রসঙ্গে, ফিলি ৩:২১ পদ, active voice অর্থ “রূপান্তর,” এবং ২ করি ১১:১৩-১৫ পদে, middle voice অর্থ “ছদ্মবেশ।” মূল ধারণা হল পরিস্থিতির অবস্থা একদল থেকে অন্য দলে স্থানান্তর করা। পৌল নিজেকে এবং আপল্লোকে উদাহরণ হিসাবে ব্যবহার করেছেন সকল নেতাদের জন্য।

NASB	“যেন তোমরা আমাদের কাছ থেকে শিখতে পার যে যা লেখা আছে তার বাইরে যেতে নেই”
NKJV	“যেন আমাদের কাছ থেকে তোমরা শিখতে পার যে যা লেখা আছে তার বাইরে চিন্তা করতে নেই”
NRSV	“যেন তোমরা আমাদের মাধ্যমে শিখতে পার এই কথিত বাক্যের অর্থ ‘যা লেখা আছে তার বাইরে কিছু নেই’”
TEV	“সঠিক নিয়ম কানুন পালন কর”
NJB	“যা লেখা আছে তার বাইরে কিছু নেই”

শব্দগুচ্ছ, “লেখা আছে” সাধারণ ভাবে নূতন নিয়মে ব্যবহৃত হয়েছে পুরাতন নিয়মের উদ্ধৃতিকে বোঝানোর জন্য। এখানে মনে হয় এটি অতি পরিচিত একটি প্রবাদকে বুঝিয়েছে। সম্ভাব্য ব্যাখ্যা হল

১. পুরাতন নিয়মের একটি উদ্ধৃতির পরিচিতি (১ করি ১:১৯,৩১; ৩:১৯)
২. করিন্থের বিভক্ত দলের মধ্যে একটি দলের শ্লোগান
৩. “সঠিক নিয়ম কানুন পালন করা” (অর্থাৎ, বিশ্বাসীদের অবশ্যই শাস্ত্রের প্রতি অনুগত হয়ে জীবন যাপন করা উচিত:
ক. বিশেষ করে ১-৩ অধ্যায়ে পৌল যে বিষয়গুলি উদ্ধৃত করেছেন
খ. শাস্ত্রের বাইরে যেতে নেই যেমন অনেক যিহুদী ভ্রাতৃ শিক্ষকেরা যেতেন)

NASB	“যেন তোমাদের মধ্যে কেউই একজনের পক্ষে আর একজনের বিরুদ্ধে অহংকার না কর”
NKJV	“যেন তোমাদের মধ্যে কেউই একজনের পক্ষে আর একজনের বিরুদ্ধে গর্ব না কর”
NRSV	“সেজন্য তোমাদের মধ্যে কেউই একজনের সমর্থনে আর একজনের বিরুদ্ধে গর্ব না কর”
TEV	“তোমাদের মধ্যে করোরই একজনের পক্ষে গর্ব আর একজনকে হেয় জ্ঞান করা উচিত নয়”
NJB	“তোমাদের মধ্যে কেউই নিজের অহংকারে পূর্ণ না হোক এবং তুলনা না করুক, আর একজনের ক্ষতি সাধনে”

গ্রীক টার্ম *phusioō* এর মূল অর্থ কোন কিছু ফুলে ওঠা বা ফুলে বৃদ্ধি পাওয়া (অর্থাৎ, Robertson, *Word Pictures in the New Testament*, p. 105, and Vincent, *Word Studies*, p. 766, from *phusa* - bellows)। এটি খ্রীষ্টিয় সাহিত্যে (সম্ভবত পৌলের দ্বারা চিন্তাকৃত) গর্ব বা উদ্ধত্যের জন্য রূপকভাবে ব্যবহৃত হয়েছে। এটি ছিল করিন্থের মন্ডলীর জন্য একটি বড় আত্মিক সমস্যা। পৌল এই শব্দ ব্যবহার করেছেন ১ করি ৪:৬, ১৮, ১৯; ৫:২; ৮:১; ১৩:৪ এবং ২ করি ১২:২০ পদে পাপের তালিকায়। এটি নূতন নিয়মের করিন্থীয় পত্রের বাইরে একমাত্র কল ২:১৮ পদে ব্যবহৃত হয়েছে, যেখানে এটি উল্লেখ করেছে বিশেষ জ্ঞানের বিষয়ে Gnostic দের দর্শন।

বিশ্বাসীরা কখনোই উদ্ধত্যপূর্ণ ভাবে কোন নির্দিষ্ট শিক্ষককে অন্য শিক্ষকদের বাদ দিয়ে মনোনীত করবে না। তারা অবশ্যই বিচার করবে যারা দাবী করে তারাই ঠিক তাদের বার্তার বিষয়বস্তু সমূহ (১ যোহন ৪:১-৬) এবং তাদের জীবন যাত্রা (মথি ৭:১ পদ থেকে কয়েকটি পদ), তারা কি বলছে তার দ্বারা নয় এমনকি তাদের ব্যক্তিত্ব দ্বারাও নয় তাদের পক্ষপাত দ্বারাও নয় তাদের দাবীকৃত মানবিক নেতৃত্ব দ্বারাও নয় (অর্থাৎ, ডিনোমিনেশন)।

৪:৭

NASB	“কারণ কে তোমাকে প্রধান বলে বিবেচনা করে”
NKJV	“কারণ কে তোমাকে অন্যদের থেকে পৃথক করে”
NRSV	“কারণ কে তোমার মধ্যে কিছু আলাদা দেখে”
TEV	“কে তোমাকে অন্যদের উপরে প্রধান করেছে”
NJB	“কে তোমাকে অত্যন্ত গুরুত্বপূর্ণ করেছে”

pronoun “তোমাকে” এবং verb হল singular ১ করি ৪:৭ পদে, কিন্তু এটি এখনও “তোমাদের মধ্যে কেউ” প্রসঙ্গ। plural “তোমাদের” ১ করি ৪:৮ পদে অবিরত ব্যবহৃত হয়েছে।

গ্রীক সমন্বিত টার্ম *diakrinō* প্রায়ই ব্যবহৃত হয়েছে ১ করিন্থীয়তে আর বেশ কয়েকটি অর্থে।

১. সমর্থন করা বা প্রাধান্য উপস্থাপন করা (১ করি ৪:৭)
২. বিচার করা (১ করি ৬:৫)
৩. স্বতন্ত্রতা করতে (১ করি ১১:২৯)
৪. পরীক্ষা করতে (১ করি ১১:৩১; ১৪:২৯)
৫. অনুধাবন করতে (*diakrisis* এর noun গঠন, ১ করি ১২:১০)

সম্পর্কিত সমন্বয় *anakrinō* ব্যবহৃত হয়েছে ১ করি ২:১৫ (দু'বার); ৪:৩,৪ এবং ১২:২৪ পদে। সঠিক মূল্যায়ন প্রক্রিয়া বিশ্বাসী এবং নেতাদের মধ্যে এবং নেতাদের সাথে নেতাদের মধ্যে খুবই গুরুত্বপূর্ণ ছিল করিন্থীয় মণ্ডলীতে।

এই প্রশ্ন/উত্তর পদ্ধতি পৌলের শিক্ষার একটি বৈশিষ্ট্যময় পদ্ধতি যা পরিচিত “diatribe” নামে। পুরাতন নিয়মে এটি প্রচলিত (মালাখী) এবং রাব্বিদের কৌশল। পৌল মনে হয় বিভক্ত দলসমূহের (সম্ভবত গৃহ মন্ডলী) গর্বিত নেতাদের উদ্দেশ্যে বলেছেন।

■ “তোমার এমন কি আছে যা তুমি পাও নি” পৌল মনে করিয়ে দিচ্ছেন এই গর্বিত নেতাদের যে তারা সত্যের উদ্ভাবনকারী বা আবিষ্কারক নয়, কিন্তু অন্যদের পরিচর্যার গ্রহণকারী।

■ “যদি” এটি একটি first class conditional sentence, যেখানে লেখকের দৃষ্টিভঙ্গি থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্যে ধরে নেওয়া হয় সত্য বলে। এটি হল ১ করি ৪:৭ পদের তৃতীয় রূপকাত্মক প্রশ্ন। কিছু কিছু নেতা ও তাদের অনুসারীরা এমন ভাব করতো যেন তাদের ঘোষিত সত্যের উৎস তারাি ছিল। করিন্থের আর একটি সমস্যা ছিল মানুষের অহংকার (১ করি ১:২৯,৩১; ৩:২১; ৪:৭; ১৩:৪)। দেখুন বিশেষ বিষয় ১ করি ৫:৬ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ৪:৮-১৩

তোমরা এখন পরিপূর্ণ হয়েছে, তোমরা ইতিমধ্যেই ধনী হয়ে গেছ, আর আমাদের ছাড়াই রাজা হয়ে গেছ; অবশ্য, আমি চাই তোমরা রাজাই হও যেন আমরাও তোমাদের সাথে রাজত্ব করতে পারি।^৮ কারণ, আমি মনে করি, ঈশ্বর আমাদের প্রেরিতদের সকলের শেষের বলে দেখিয়েছেন, যেভাবে মানুষ মৃত্যুর জন্য দোষীকৃত হয়, কারণ আমরা জগতের কাছে, দূতদের ও মানুষের উভয়ের কাছেই ঠাট্টার পাত্র হয়েছি।^৯ আমরা খ্রীষ্টের জন্য মুর্থ হয়েছি, কিন্তু তোমরা খ্রীষ্টে বুদ্ধিমান হয়েছ; আমরা দুর্বল, কিন্তু তোমরা বলবান; তোমরা অনেক সম্মান পেয়েছ, কিন্তু আমরা অসম্মান পেয়েছি।^{১০} এই মুহূর্ত পর্যন্ত আমরা উভয়েই ক্ষুধার্ত ও পিপাসার্ত, এবং আমাদের কাপড়ের অভাব আছে, আর আমরা নিষ্ঠুরতার শিকার হচ্ছি, এবং আমাদের ঘর-বাড়ী নেই;^{১১} আর আমরা পরিশ্রম করি, কাজ করছি নিজের হাতে; যখন লোকে আমাদের নিন্দা করে, আমরা ধন্য; যখন আমরা অত্যাচারিত হচ্ছি, আমরা সহ্য করি;^{১২} যখন আমাদের গালাগালি দেয়, আমরা চেষ্টা করি নশ্রভাবে থাকতে; এমনকি এখন পর্যন্ত, আমরা জগতের আবর্জনার মত হয়েছি, সব জিনিসের জঞ্জাল হয়ে আছি। (অনুবাদকৃত টেক্সট)।

৪:৮-১৩ এটি হল হতবাক করা ব্যঙ্গোক্তি!

৪:৮

NASB “তোমরা এখন পরিপূর্ণ হয়েছে”

NKJV “তোমরা এখন পূর্ণ হয়েছে”

NRSV “তোমাদের সব চাহিদা তোমরা পেয়েছ”,

TEV “যা কিছু তোমাদের প্রয়োজন তোমরা কি তা এর মধ্যে পেয়ে গেছ”

NJB “তোমাদের সবকিছু রয়েছে”

pronoun “তোমরা” হল ১ করি ৪:৮,১০ পদে plural। এই টার্ম “পূর্ণ হয়েছে” সাধারণত ব্যবহৃত হয়েছে দৈহিক খাবার বিষয়ে (প্রেরিত ২৭:৩৮), কিন্তু এখানে এটি একটি রূপক (মথি ৫:৬) আত্মিক গর্বের। ৮ পদ হতে পারে তিনটি প্রশ্ন (TEV) বা তিনটি বক্তব্য (NASB, NKJV, RSV, এবং REB)। এগুলি হল ধারাবাহিক ব্যঙ্গাত্মক মন্তব্য বা প্রশ্ন যা প্রকাশ করে করিন্থীয় দল বিভক্ত নেতাদের গর্বের। তারা ভাবতো যে তারা পৌছে গেছে (অর্থাৎ, perfect passive periphrastic)। পৌল চেয়েছেন তাদের যেন থাকে, কিন্তু এটা সত্য ছিল না; তাদের কাজ তাদের পরিপক্বতার স্তর দেখাত (অর্থাৎ, খ্রীষ্টে শিশু)।

■ “রাজা. . . রাজত্ব” পৌল ব্যবহার করেছেন eschatological কল্পনা নেতাদের আত্ম-নির্ভরশীলতার উদ্ভবের বিষয়ে ধাক্কা দিতে। খ্রীষ্টে সকল বিশ্বাসী রাজা যীশুর সাথে সহ-রাজত্ব করবে, কিন্তু কেবলমাত্র দ্বিতীয় আগমনের পরে। এই নেতারা নিজেদের বিবেচনা করতেন যে তারা এখন রাজত্ব করছেন, আত্মিক ভাবে কথা বলছেন।

৪:৯ “ঈশ্বর আমাদের প্রেরিতদের সকলের শেষের বলে দেখিয়েছেন, যেভাবে মানুষ মৃত্যুর জন্য দোষীকৃত হয়” এই পদ রোমীয় বিজয় যাত্রা (কল ২:১৫) থেকে উদাহরণ হিসাবে নেওয়া হয়েছে, যেখানে দোষীকৃত বন্দিরা (অর্থাৎ, সাধারণ পরবর্তীতে রোমীয় রঙ্গমঞ্চে তাদের হত্যা করা হতো, ১ করি ১৫:৩২) যেখানে শেষ প্রদর্শিত হতো রোমীয় বিজয় মিছিলে।

বিশেষ বিষয়: পাঠান (*apostellō*), যার থেকে এসেছে “প্রেরিত”

“পাঠান”-এর জন্য এটা ছিল প্রচলিত গ্রীক শব্দ (অর্থাৎ, *apostellō*)। এই টার্মের বেশ কয়েকটি ধর্মতাত্ত্বিক ব্যবহার রয়েছে:

১. Classical গ্রীকে এবং রাব্বিরা এটি ব্যবহার করতেন কাউকে ডাকা এবং অন্যজনের কাছে দায়িত্বশীল প্রতিনিধি হিসাবে পাঠানোর জন্য, অনেকটা আমাদের আজকের ইংরাজি “ambassador” মত (২ করি ৫:২০)।
২. সুসমাচারগুলি প্রায়ই যীশুর ক্ষেত্রে এটি ব্যবহার করেছে যে যীশুকে পিতা পাঠিয়েছিলেন। যোহন এই টার্মটি মশীহ বিষয়ক ইঙ্গিত হিসাবে নিয়েছেন (মথি ১০:৪০; ১৫:২৪; মার্ক ৯:৩৭; লুক ৯:৪৮ এবং বিশেষ করে যোহন ৪:৩৪; ৫:২৪,৩০,৩৬,৩৭,৩৮; ৬:২৯, ৩৮,৩৯,৪০,৫৭; ৭:২৯; ৮:৪২; ১০:৩৬; ১১:৪২; ১৭:৩,৮,১৮,২১,২৩,২৫; ২০:২১ [“প্রেরিত” এবং ২১ পদে এর সমমান *pempō* ব্যবহৃত হয়েছে])। এটি যীশু ব্যবহার করেছেন বিশ্বাসীদের পাঠানোতে (যোহন ১৭:১৮; ২০:২১ [“*apostellō*” এবং এর সমমান “*pempō*” যোহন ২০:২১])
৩. নূতন নিয়ম noun “apostle” ব্যবহার করেছে শিষ্যদের জন্য
 - ক. শিষ্যদের মধ্যে মূল ১২ জন (অর্থাৎ, মার্ক ৬:৩০; লুক ৬:১৩; প্রেরিত ১:২,২৬)
 - খ. প্রৈরিতিক সাহায্যকারী ও সহ-কর্মীদের একটি বিশেষ দল
 - (১) বার্নাবা (প্রেরিত ১৪:৪,১৪)
 - (২) আদ্রনিক ও যুনীয় (KJV, যুনীয়, রোমীয় ১৬:৭)
 - (৩) অপোল্লো (১ করি ৪:৬-৯)
 - (৪) প্রভুর ভাই যাকোব (গালা ১:১৯)
 - (৫) সীলবান ও তীমথিয় (১ থিষ ২:৬)
 - (৬) সম্বত তীত (২ করি ৮:২৩)
 - (৭) সম্বত ইপাফ্রদিত (ফিলি ২:২৫)
 - গ. মণ্ডলীতে নিরবিচ্ছিন্ন দান (১ করি ১২:২৮-২৯, ইফি ৪:১১)
৪. পৌল তার বেশির ভাগ পত্রে এই উপাধিকে নিজেদের জন্য ব্যবহার করেছেন খ্রীষ্টের প্রতিনিধি হিসাবে তার ঈশ্বর দত্ত কর্তৃত্ব প্রকাশের একটি উপায় হিসাবে (রোমীয় ১:১; ১ করি ১:১; ২ করি ১:১; গালা ১:১; ইফি ১:১; কল ১:১; ১ তীম ১:১; ২ তীম ১:১; তীত ১:১)।
৫. আমরা আধুনিক বিশ্বাসীরা যে সমস্যার সামনে পড়ি তাহলে নূতন নিয়ম কখনই ব্যাখ্যা করেনি যে এই নিরবিচ্ছিন্ন দানে কি কি আছে বা কিভাবে এটি বিশ্বাসীদের মধ্যে চিহ্নিত হবে। স্পষ্টত যে কেউই অবশ্যই পার্থক্য করতে পারেন মূল ১২ জন (#৩ক) এবং পরবর্তীতে ব্যবহার (#৩খ)। দেখুন [বিশেষ বিষয়: অনুপ্রেরণা \(Special Topic: Inspiration\)](#) এবং [বিশেষ বিষয়:আলোকিতকরণ \(Special Topic: Illumination\)](#)। যদি আধুনিক “প্রেরিত” গণ আরও শাস্ত্র লিখতে অনুপ্রাণিত না হন (অর্থাৎ, ক্যানন বন্ধ হয়ে গেছে, যিহুদা ৩ পদ; দেখুন [বিশেষ বিষয়:ক্যানন \(Special Topic: Canon\)](#)), তাহলে তারা কি করবে যা তাদের নূতন নিয়মের ভাববাদী ও সুসমাচার প্রচারকদের থেকে আলাদা করবে (ইফি ৪:১১)? এখানে আমার সম্ভাবনাগুলো।
 - ক. প্রচারমূলক মণ্ডলী সুসমাচার প্রচার না করা জায়গায় প্রচার শুরু করবে (যেভাবে Didache তে রয়েছে)
 - খ. একটি প্রদত্ত এলাকাতে বা সম্প্রদায়ের মধ্যে পালকদের নেতারা
 - গ. ?আমি পছন্দ কির #১।

Copyright © 2014 [Bible Lessons International](#)

■ “আমরা জগতের কাছে, দূতদের ও মানুষের উভয়ের কাছেই ঠাট্টার পাত্র হয়েছি” পৌল সুসমাচার প্রচারের কঠিন কাজের কথা উল্লেখ করেছেন (২ করি ৪:৭-১২; ৬:৩-১০; ১১:২৩-৩০)।

শব্দগুচ্ছ “দূতদের কাছে” হতে পারে ইফি ২:৭; ৩:১০ পদের সাথে সংযুক্ত। ঈশ্বর নিজেকে দূতদের জগতের কাছে প্রকাশ করেছেন মানুষের প্রতি তাঁর কাজের দ্বারা (১ পিতর ১:১২)।

৪:১০ “আমরা খ্রীষ্টের জন্য মূর্খ হয়েছি” ঈশ্বরের জ্ঞান জগতের কাছে মূর্খতা, এমনকি কখনো কখনো বিরোধি খ্রীষ্টিয়ানদের প্রতি। “মূর্খ” এর জন্য ১ করি ১:২৫ পদ নোট এবং ১ করি ১৫:৩৬ পদে বিশেষ বিষয় দেখুন।

■ “কিন্তু তোমরা খ্রীষ্টে বুদ্ধিমান হয়েছ . . .কিন্তু তোমরা বলবান; তোমরা অনেক সম্মান পেয়েছ” এটি তিফ্ল ব্যঙ্গক্তি যেটি চলমান ১ করি ৪:৭-৯ পদ থেকে।

■ “দুর্বল” দেখুন [বিশেষ বিষয়:দুর্বলতা, পৃ..৪০৬, \(SPECIAL TOPIC: WEAKNESS, See page 406\)](#) ২ করি ১২:৯ পদে।

৪:১১ “এই মুহূর্ত পর্যন্ত আমরা উভয়েই ক্ষুধার্ত ও পিপাসার্ত, এবং আমাদের কাপড়ের অভাব আছে, আর আমরা নির্ভরতার শিকার হচ্ছি, এবং আমাদের ঘর-বাড়ী নেই” এই পদগুলি প্রতিফলিত করছে পৌলের নিজের অভিজ্ঞতা (২ করি ৪:৭-১২; ৬:৩-১০ এবং ১১:২৩-৩০ পদ, এছাড়াও লক্ষ্য করুন ইব্রীয় ১১:৩৪-৩৮ পদ)। তিনি ১ করি স্থায়ী পত্রটি ইফিস থেকে লিখেছিলেন।

৪:১২ “আমরা পরিশ্রম করি, কাজ করছি নিজের হাতে” এটি প্রতিফলিত করছে যিহূদীদের শারীরিক পরিশ্রমের সঠিকতার উপরে গুরুত্বদানকে (থেরি ১৮:৩; ২০:৩৪; ১ থি ২:৯; ২ থি ৩:৮)। এটি মূল্য অবনমিত হয়েছিল গ্রীক সংস্কৃতি দ্বারা, করিষ্টের মণ্ডলীও অর্ন্তভুক্ত ছিল।

▣ “যখন লোকে আমাদের নিন্দা করে, আমরা ধন্য” পৌল যীশুর শিক্ষাকে প্রতিফলিত করছেন (মথি ৫:১০-১২; ১ পিতর ২:২৩)। টার্ম “নিন্দা করা” (অর্থাৎ, *loidoreō*) ১ করি ৫:১১ এবং ৬:১০ পদের (অর্থাৎ, *loidoros*) পাপের তালিকাতে অর্ন্তভুক্ত। Vincent, তার *Word Studies* এ, বলেছেন এই টার্ম উল্লেখ করছে ব্যক্তিগত মৌখিক সন্ত্রাশ, যখন “গালাগালি দেওয়া” (অর্থাৎ, *dusphēmeō*, ১ করি ৪:১৩) অর্থ প্রকাশ্যে অপমান (১ করি ৪:১৩; ২ করি ৬:৮)। এগুলি সবই বৃহৎ সংখ্যক Koine গ্রীক টার্মের অংশ ব্যবহৃত হয়েছে “অপমান ও গালাগালি” এর semantical শ্রেণীতে (Louw and Nida, *Greek-English Lexicon*, vol. 1, pp.433-434)।

পৌল অনেক ভ্রান্ত শিক্ষকদের কাছ থেকে মৌখিক গালাগালির অভিজ্ঞতা লাভ করেছিলেন, কিন্তু করিষ্টের মণ্ডলী তাকে অবশ্যই সবচেয়ে বেশি আহত করেছিল। একদল লোক যাদের তিনি ব্যক্তিগত ভাবে খ্রীষ্টের কাছে নিয়ে এসেছিলেন তারাই হয়েছিল তার সবচেয়ে বড় মৌখিক নিন্দুক।

৪:১৩ “নশ্রভাবে” সম্পূর্ণ নোট দেখুন ২ করি ১:৪-১১ পদে।

NASB “আমরা জগতের আবর্জনার মত হয়েছি, সব জিনিসের জঞ্জাল হয়ে আছি”

NKJV “আমরা জগতের ময়লার মত হয়েছি, সব জিনিসের ময়লা হয়ে আছি”

NRSV “আমরা জগতের জঞ্জালের মত হয়েছি, সব জিনিসের গাদ হয়ে আছি”

TEV “আমরা জগতের আবর্জনার চেয়ে বেশি কিছু নই; আমরা পৃথিবীর বাদ দেওয়া জিনিসের মত হয়েছি”

NJB “আমরা জগতের গাদের মত ব্যবহার পাচ্ছি, সবচেয়ে নিম্ন স্তরের বাদ দেওয়া জিনিস”

এই প্যারাগ্রাফ (১ করি ৪:৮-১৩) দেখায় পৌলের ব্যক্তিগত যন্ত্রণা যা অর্ন্তভুক্ত সুসমাচার প্রচারে। তিনি অনুভব করেছেন লজ্জা এবং প্রত্যাখান কেবলমাত্র বিশ্বাসীদের দ্বারা নয়, কিন্তু করিষ্টের এই সব উদ্ধৃত্যপূর্ণ নেতাদের দ্বারাও।

প্রথম শব্দগুচ্ছ “জগতের আবর্জনা” উল্লেখ করছে রান্নাঘরের জিনিসপত্র পরিষ্কারের পরে যা কিছু অবশিষ্ট থাকে। এটি আক্ষরিক ভাবে “চারদিকে থেকে পরিষ্কার করা।” এই বিরল একই ধরণের ব্যাখ্যায় পৌলের রূপকের উৎসের প্রশ্ন হল গুরুত্বপূর্ণ।

১. যদি তিনি পুরাতন নিয়মের প্রেক্ষাপট ব্যবহার করতেন গ্রীক অনুবাদ সেপ্টুয়াজিন্টের মাধ্যমে প্রকাশ হিসাবে, এই টার্ম ব্যবহৃত হয়েছে পদ্ধতিগত ভাবে পরিষ্কার করা এবং সেজন্য মুক্তিপণ দান (হিতো ২১:১৮)। Bauer, Arndt, Gingrich, and Danker's *Greek/English Lexicon*, p. 647, এবং A. T. Robertson's *Word Pictures*, p. 108, বলেছেন এটা বুঝতে হতে পারে "scapegoat" হিসাবে, সম্ভবত Tobit ৫:৯ পদে এ এর ব্যবহার থেকে।
২. যদি তিনি Hellenistic প্রেক্ষাপট ব্যবহার করতে তাহলে দুটি টার্ম ১ করি ৪:১৩ পদে একই রকমের হতো যেটি ব্যাপক পরিষ্কারের দ্বারা দূর করা হয়েছে।
৩. যদি তিনি রূপক ভাবে সেগুলিকে ব্যবহার করতেন তাহলে সেগুলি উভয়ই সহজ ভাবে উল্লেখ করতো নশ্রতা (Bauer, Arndt, Gingrich, and Danker's *Greek/English Lexicon*, p. 653)।

দ্বিতীয় শব্দগুচ্ছ “সব জিনিসের ময়লার মত” উল্লেখ করছে যে যেটি পরিষ্কারের পদ্ধতিতে ঝেটিয়ে বাদ দেওয়া হয়েছে। এই দুটি টার্ম একই রকমের। এগুলি সবল টার্ম, কিন্তু ব্যবহৃত হয়েছে রূপক বা বাগধারা হিসাবে। সম্ভবত সেগুলি খুবই সবল এবং আমাদের কাছে উজ্জ্বল কারণ সেগুলি বিরল টার্ম। সেগুলি পৌলের ব্যাস্তোজ্ঞিকে তীব্র করতে সাহায্য করেছে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি স্থায়ী ৪:১৪-২১

^{১৪} আমি তোমাদের লজ্জা দেবার জন্য এই সব লিখছি না, কিন্তু আমার খ্রিয় সন্তান হিসাবে চেতনা দেবার জন্যই লিখছি। ^{১৫} কারণ যদি তোমাদের খ্রীষ্টের বিষয়ে শিক্ষা দেবার অসংখ্য শিক্ষক থাকে, তথাপি তোমাদের হয়তো পিতা অনেক নেই, কেননা খ্রীষ্ট যীশুতে আমিই সুখবরের মধ্য দিয়ে তোমাদের পিতা হয়েছি। ^{১৬} সেইজন্য আমি তোমাদের অনুরোধ করছি, আমার অনুকারী হও। ^{১৭} আর এই কারণে আমি তীমথিয়কে তোমাদের কাছে পাঠিয়েছি, তিনি প্রভুতে আমার খ্রিয় এবং বিশ্বস্ত সন্তান, আর তিনি তোমাদের যেসব খ্রীষ্টে আমার উপায় সে সব মনে করিয়ে দেবেন, প্রতিটি মণ্ডলীতে প্রতিটি জায়গায় ঠিক যেভাবে আমি শিক্ষার দিয়ে থাকি। ^{১৮} আমি তোমাদের কাছে আসব না মনে করে তোমাদের মধ্যে কেউ কেউ উদ্ভ্যত হয়ে উঠেছে। ^{১৯} কিন্তু প্রভুর ইচ্ছা হলে, আমি শীঘ্রই তোমাদের কাছে আসব, এবং যারা উদ্ভ্যত হয়ে উঠেছে, তাদের কথাবার্তা শুনতে আসব না, কিন্তু তাদের শক্তি কতখানি তা দেখতে আসব। ^{২০} কারণ ঈশ্বরের রাজ্য কথার ব্যাপার নয় কিন্তু তা শক্তির ব্যাপার। ^{২১} তোমাদের ইচ্ছা কি? আমি তোমাদের কাছে কি নিয়ে আসব-বেত, না ভালবাসা আর নশ্রতার আত্মা? (অনুবাদকৃত টেক্সট)।

৪:১৪ “আমি তোমাদের লজ্জা দেবার জন্য এই সব লিখছি না” ৮-১৩ পদ খুবই ব্যঙ্গাত্মক। পৌল মনে করছেন যে তাদের অবশ্যই লজ্জিত হওয়া উচিত (১ করি ৬:৫; ১৫:৩৪)। এটি অনিশ্চিত এই প্যারাগ্রাফ (অর্থাৎ, ১ করি ৪:১৪-২৪) পিছনের দিকে (অর্থাৎ, ১-৪ অধ্যায়) না সমানের দিকে দেখাচ্ছে। তাদের লজ্জিত হবার অনেক বিষয়ই ছিল।

■ “কিন্তু আমার প্রিয় সন্তান হিসাবে চেতনা দেবার জন্যই লিখছি” পৌল করিন্থীয়দের উৎসাহ দেবার জন্য শিশু প্রশিক্ষণের রূপক ব্যবহার করেছেন (ইফি ৬:৪)। এটি একটি সমন্বিত গ্রীক শব্দ (অর্থাৎ, “মন” যোগ “জায়গা”) ব্যবহৃত হয়েছে মনে করিয়ে দেবার জন্য (১ করি ১০:১১ এবং তীত ৩:১০)। একটি সম্পর্কিত টার্ম (অর্থাৎ, “সাথে” যোগ “স্মরণার্থক”) ব্যবহৃত হয়েছে ১ করি ৪:১৭; ১১:২৪-২৫; ২ করি ৭:১৫)।

৪:১৫ “যদি” এটি একটি third class conditional sentence যার অর্থ সম্ভাব্য কাজ।

NASB “অসংখ্য শিক্ষক”
NKJV “দশ হাজার প্রশিক্ষক”
NRSV, TEV “দশ হাজার অভিভাবক”
NJB “দশ হাজার ক্রীতদাস তোমার তত্ত্বাবধানের জন্য”

এটি আক্ষরিক ভাবে “ক্রীতদাস শিক্ষক” (গালা ৩:৪)। এই ক্রীতদাসেরা দায়িত্ববান ছিল স্কুলে বয়স্ক পুরুষ ছেলেদের সঙ্গি হওয়া, ঘরে তাদের শিক্ষা দান করা, এবং বিপদ থেকে তাদের পাহাড়া দেওয়া।

■ “পিতারা. . . পিতা” এটি পৌলের রূপক ছিল নিজেকে প্রচারক হিসাবে বর্ণনা করার যে প্রাথমিক ভাবে তাদের খ্রীষ্টের দিকে পরিচালিত করেছে। এই কারণে তিনি কিছু সম্মান ও অগ্রগণ্যতা সংরক্ষণ করতেন!

৪:১৬ “আমি তোমাদের অনুরোধ করছি, আমার অনুকারী হও” এটি একটি present middle (deponent) imperative। আমরা আমাদের ইংরাজি শব্দ “অনুকরণশীল” পেয়েছে এই গ্রীক টার্ম “অনুকরণকারী” থেকে। পৌল বিশ্বাস জীবন যাপন করতেন (১ করি ১১:১; ফিলি ৩:১৭; ৪:৯; ১ থি ১:৬; ৩:৯) এবং তিনি এই করিন্থীয় মণ্ডলীর নেতাদের আহবান জানিয়েছেন এই একই রকম করতে।

■ “অনুরোধ” দেখুন [বিশেষ বিষয়: সান্ত্বনা, পৃ..৪২, \(Special Topic: Comfort, See page 42\)](#) ১ করি ১:১০ পদে।

৪:১৭ “আমি তীমথিয়কে তোমাদের কাছে পাঠিয়েছি” এই পরিদর্শনের বিষয়ে আমাদের আর কোন বাইবেলের তথ্য নেই। তীমথি পৌলের প্রথম প্রচার যাত্রায় ধর্মান্তরিত হয়েছিলেন এবং দ্বিতীয় যাত্রায় সাহায্যকারী হিসাবে নিয়োগ প্রাপ্ত হয়েছিলেন। তিনি পৌলের নির্ভরযোগ্য বন্ধু, সহচর, সহকর্মী, এবং প্রেরিতিক প্রতিনিধি হয়েছিলেন। তীমথিয়কে পাঠান দেখায় যে এই মণ্ডলীর প্রতি পৌলের ভালবাসা এবং উদ্বেগ। কিন্তু পৌল এই বিষয়ে দুশ্চিন্তাগ্রস্ত ছিলেন যে তার যুবক বন্ধু ও ব্যক্তিগত প্রতিনিধি, তীমথিয়ের সাথে কিভাবে এই মণ্ডলী আচরণ করে (১ করি ১৬:১০-১১)। দেখুন [বিশেষ বিষয়: তীমথিয়, পৃ..২৯৪; \(SPECIAL TOPIC: TIMOTHY, See page 294\)](#) ২ করি ১:১ পদে।

■ “প্রতিটি মণ্ডলীতে প্রতিটি জায়গায় ঠিক যেভাবে আমি শিক্ষার দিয়ে থাকি” পৌল চেয়েছেন গুরুত্ব দিতে যেন করিন্থীয় মণ্ডলীকে যেভাবে শিক্ষা দিয়েছেন সেভাবে যেন অন্য মণ্ডলীতে শিক্ষা দেওয়া হয় (১ করি ৭:১৭; ১১:১৬; ১৪:৩৩)। তারা বিশেষ বা অগ্রসর ছিল না। তাদের ভিন্ন, নব্য, বা উচ্চ মর্যাদার হওয়ার অধিকার ছিল না। দেখুন [বিশেষ বিষয়: মণ্ডলী ১ করি ১:২ পদ](#)।

৪:১৮-২১ এটি পৌলের ভবিষ্যৎ ভ্রমণ পরিকল্পনা, যেভাবে তারা করিছে সম্পর্কিত ছিল। তিনি এটি করেছিলেন কারণ মণ্ডলীর অনেকে পৌলের অনুপস্থিতিতে ব্যবহার করছিলেন আক্রমণের একটি উপায় হিসাবে (১ করি ৪:১৮)। তারা বলতে চেষ্টা করেছে যে (১) পৌলের অনুপস্থিতি একটি চিহ্ন ছিল যে তিনি আসলে সত্যিকার ভাবে এই মণ্ডলীর তত্ত্বাবধান করছেন না বা (২) তিনি কখনো তার প্রতিজ্ঞা অনুসরণ করেন না।

৪:১৮ “কেউ কেউ উদ্ব্যত হয়ে উঠেছে” পৌল এই টার্ম এই অধ্যায়ে তিন বার ব্যবহার করেছেন (অর্থাৎ, ১ করি ৪:৬, ১৮, ১৯) এবং করিন্থীয় পত্রে বেশ কয়েকবার (১ করি ৫:২; ৮:১; ১৩:৪ এবং ২ করি ১২:২০)। এটি ছিল এই মণ্ডলী জন্য একটি প্রধান সমস্যা। নোট দেখুন ১ করি ৪:৬ পদে।

৪:১৯ “আমি শীঘ্রই তোমাদের কাছে আসব” পৌল যে সব মণ্ডলীর সূচনা করেছিলেন সেগুলি সবল করার জন্য বার বার সেই সব মণ্ডলীতে ফিরে এসেছেন (১ করি ১১:৩৪; ১৬:৫)। পৌল চেয়েছেন তাদের কাছে আসতে, কিন্তু তার জীবন তার নিজের ছিল না। তাকে অবশ্যই আত্মার নির্দেশনা জানা ও অনুসরণ করতে হতো (প্রেরিত ১৬:৬)।

■ “কিন্তু প্রভুর ইচ্ছা হলে” এটি একটি third class conditional sentence, যার অর্থ সম্ভাব্য কাজ। এটি পৌলের জন্য কোন অর্থহীন শব্দগুচ্ছ ছিল না (১ করি ১৬:৭; প্রেরিত ১৮:২১; রোমীয় ১:১০; ১৫:৩২)।

NASB “এবং যারা উদ্ব্যত হয়ে উঠেছে, তাদের কথাবার্তা শুনতে আসব না, কিন্তু তাদের শক্তি কতখানি তা দেখতে আসব”
NKJV “এবং যারা উদ্ব্যত হয়ে উঠেছে, তাদের কথাবার্তা শুনতে আসব না, কিন্তু তাদের শক্তি কতখানি তা জানতে আসব”
NRSV “এবং যারা উদ্ব্যত হয়ে উঠেছে তাদের কথাবার্তা শুনতে নয়, কিন্তু তাদের শক্তি দেখতে আসব”
TEV “এবং তারপর আমার নিজের জন্য অহংকারী লোকদের কি ক্ষমতা তা দেখতে আসব, তারা কি বলে তা দেখতে নয়”
NJB “এবং তারপর আমি এই সব আত্ম অহংকারী লোকেরা কি বলে তা নয়, কিন্তু তাদের কি ক্ষমতা আছে তা দেখতে আসব”

ভড় শিক্ষকেরা তাদের বক্তব্যে ছিল বাকপটু কিন্তু ফলাফলে ক্ষমতাহীন (মথি ৭)।

৪:২০ “ঈশ্বরের রাজ্য” পৌল এই ধারণা যীশু যেমন ব্যবহার করেছেন ততটা করেন নাই (অর্থাৎ, বেশির ভাগই Synoptic সুসমাচারে)। এটি উল্লেখ করে মানুষের হৃদয়ে এখন ঈশ্বরের রাজত্ব (রোমীয় ১৪:১৭), যেটি একদিন যেমন সমগ্র জগতে তেমনই স্বর্গে সুসম্পূর্ণ হবে (মথি ৬:১০)। পৌল এই শব্দগুচ্ছ ১ করিন্থীয়তে বেশি ব্যবহার করেছেন (১ করি ৪:২০; ৬:৯; ১৫:২৪,৫০) তার অন্য যে কোন লেখনীর চেয়ে। এই বিশ্বাসীদের জানা দরকার যে তারা সকলে একটি বৃহত্তর খ্রীষ্টিয় কর্মসূচীর অংশ (১ করি ৪:১৭)।

বিশেষ বিষয়: ঈশ্বরের রাজ্য

(SPECIAL TOPIC: THE KINGDOM OF GOD)

পুরাতন নিয়মে YHWH -কে মনে করা হত ইস্রায়েলের রাজা হিসাবে (১ শমু ৮:৭; গীত ১০:১৬; ২৪:৭-৯; ২৯:১০; ৪৪:৪; ৮৯:১৮; ৯৫:৩; যিশা ৪৩:১৫; ৪৪:৪, ৬) এবং মশীহকে আদর্শ রাজা হিসাবে উপস্থাপন করা হতো (গীত ২:৬; যিশা ৯:৬-৭; ১১:১-৫)। বেথলেহেমে যীশুর জন্মের সাথে সাথে (৬-৪ খ্রী. পূ.) ঈশ্বরের রাজ্য ভেঙ্গে মানব ইতিহাসে ঢোকে নতুন ক্ষমতা এবং পুনরুদ্ধার নিয়ে (“নতুন নিয়ম,” যির ৩১:৩১-৩৪, যিহি ৩৬:২৭-৩৬)।

১. বাস্তবদাতা যোহন ঘোষণা করেছেন স্বর্গরাজ্য নিকটবর্তী (মথি ৩:২; মার্ক ১:১৫)।
২. যীশু পরিষ্কারভাবে শিক্ষা দিয়েছেন যে তাঁর মধ্যে এবং তাঁর শিক্ষার মধ্যে স্বর্গরাজ্য উপস্থিত রয়েছে (মার্ক ৪:১৭, ২৩, ৯:৩৫; ১০:৭; ১১:১১-১২; ১২:২৮; ১৬:১৯; মার্ক ১২:৩৪; লুক ১০:৯,১১; ১১:২০; ১২:৩১-৩২; ১৬:১৬; ১৭:২১)। তথাপি স্বর্গরাজ্য বা ঈশ্বরের রাজ্য হল ভবিষ্যত (মথি ১৬:২৮; ২৪:১৪; ২৬:২৯; মার্ক ৯:১; লুক ২১:৩১; ২২:১৬, ১৮)।

সিনোপটিক সমান্তরালে মথি এবং মার্ক আমরা এই শব্দগুচ্ছ পাই, “ঈশ্বরের রাজ্য।” যীশুর শিক্ষার এই সাধারণ বিষয়টি অর্ন্তভুক্ত মানুষের হৃদয়ে ঈশ্বরের বর্তমান রাজত্ব, যেটি একদিন পূর্ণতা পাবে সম্পূর্ণ পৃথিবীর উপর। এটি প্রতিফলিত হয়েছে মথি ৬:১০ পদে যীশুর প্রার্থনায়। মথি, লিখেছেন যিহুদীদের জন্য, পছন্দ করেছেন শব্দগুচ্ছটি যেখানে ঈশ্বরের নাম ব্যবহার করেন নাই (অর্থাৎ, স্বর্গ রাজ্য), যখন মার্ক এবং লুক, পরজাতীয়দের জন্য লিখেছেন, ব্যবহার করেছেন সাধারণ পদ মর্যাদা, ঈশ্বরের নামের ব্যবহার।

এটি হল এই ধরণের একটি মূল শব্দগুচ্ছ সিনোপটিক সুসমাচারে। যীশুর প্রথম এবং শেষ বক্তৃতা, এবং তাঁর বেশির ভাগ দৃষ্টান্তে, এই বিষয়টি আলোচনা করা হয়েছে। এটি নির্দেশ করে মানুষের হৃদয়ে ঈশ্বরের রাজত্ব! এটা বিস্ময়কর যে যোহন এই শব্দগুচ্ছটি ব্যবহার করেছেন মাত্র দুবার (এবং যীশুর দৃষ্টান্তে কখনো নয়)। যোহনের সুসমাচারে “অনন্ত জীবন” হল একটি প্রধান রূপক।

যীশুর দুইবার আগমনের দ্বারা এই শব্দগুচ্ছের উদ্ভেজনা ঘটে। পুরাতন নিয়ম দৃষ্টি নিবদ্ধ করেছে শুধু মাত্র ঈশ্বরের মশীহর শুধুমাত্র একবার- একটি সামরিক, বিচার বিষয়ক, গৌরবময় আগমন- কিন্তু নতুন নিয়ম দেখায় যে তিনি প্রথমবার এসেছেন কষ্টভোগী সেবক হিসাবে যিশাইয় ৫৩ এবং নতুন রাজা হিসাবে সখ. ৯:৯ পদে। দুইটি যিহুদী যুগ (দেখুন বিশেষ বিষয়: এই যুগ এবং যে যুগ আসছে), দুইতম যুগ এবং ধার্মিকতার নতুন যুগ, একটি আর একটি উপরে চেপে ধরেছে। যীশু বর্তমানে বিশ্বাসীদের হৃদয়ে রাজত্ব করেন, কিন্তু একদিন সকল সৃষ্টির উপর রাজত্ব করবেন। তিনি আসবেন সেইভাবে যেভাবে পুরাতন নিয়ম পূর্বাভাস দিয়েছে (প্রকাশিত বাক্য ১৯)! বিশ্বাসীরা বাস করছে “ইতিমধ্যে” বনাম “এখনো” ঈশ্বরের রাজ্যের মধ্যে (Gordon D. Fee and Douglas Stuart’s *How to Read The Bible For All Its Worth*, pp. 131-134)।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “কথার ব্যাপার নয় কিন্তু তা শক্তির ব্যাপার” একটি আমেরিকান প্রবাদে এই সত্যকে রাখলে, “কাজের চেয়ে গলার জোর বেশি” বা “পিঠার মধ্যেই প্রমাণ।”

৪:২১ “বেত” এটি উল্লেখ করে শিক্ষকের লাঠি (১ করি ৪:১৫)। মণ্ডলীর সিদ্ধান্ত নিতে হয়েছিল যে পৌল যদি আসেন তবে শাসনকারী পিতা হিসাবে না ক্ষমাশীল পিতা হিসাবে। তাদের কাজই স্থির করবে তিনি কি ভাবে আসবেন।

■ “নন্দতার আত্মা” Robert Girdlestone এর *Synonyms of the Old Testament* বইতে একটি চমৎকার আলোচনা রয়েছে নতুন নিয়মে “আত্মা” টার্ম ব্যবহারের বিষয়ে (পৃ...৬১-৬৩)।

১. মন্দ আত্মা
২. মানুষের আত্মা
৩. পবিত্র আত্মা
৪. জিনিস যেগুলি আত্মা উৎপন্ন করেন এবং মানুষের আত্মার মাধ্যমে
ক. ‘দাসত্বের আত্মা নয় বনাম দত্তকতার আত্মা’ – রোমীয় ৮:১৬

- খ. 'নন্দতার আত্মা' – ১ করি ৪:২১
- গ. 'বিশ্বাসের আত্মা' – ২ করি ৪:১৩
- ঘ. 'জ্ঞানের আত্মা এবং তাঁর জ্ঞানের প্রকাশ' – ইফি ১:১৭
- ঙ. 'ভীরুতার আত্মা বনাম শক্তি, ভালবাসা ও শৃংখলার' – ২ তীম ১:৭
- চ. 'অস্তির আত্মা' বনাম 'সত্যের আত্মা' – ১ যোহন ৪:৬”

“আত্মা” এর উপরে আর এরকটি নোট দেখুন ২ করি ৪:১৩ পদে।

Jerome Bible Commentary, NT, p. 260, উল্লেখ করেছে যে হতে পারে ১ করি ৪:২১ পদের শেষ বাক্য ইয়োব ৩৭:১৩ পদের একটি প রোক্ষ উল্লেখ।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেষ্কারী, চূড়ান্ত নয়।

১. কেন বিশ্বাসীরা তাদের নিজেদের বিচার করবে না এমনকি অন্যদেরও করার অনুমতি দেওয়া হয়নি? কিভাবে এটি আমাদের খ্রীষ্টিয় সাক্ষ্যদানে সম্পর্কযুক্ত?
২. প্যারাগ্রাফ ৬-১৩ পদ, আধুনিক পরিচর্যাকারীদের উদ্দেশ্য ও জীবন পদ্ধতি বিষয়ে কি বলছে?
৩. “ঈশ্বরের রাজ্য” টার্মটি ব্যাখ্যা করুন।
৪. এই অধ্যায়ে পৌলের বিদ্রোপাত্মক ব্যঙ্গক্তি চিহ্নিত ও ব্যাখ্যা করুন।

Copyright © 2013 [Bible Lessons International](http://www.biblelessons.org/)

১ করিন্থীয় ৫
(1 CORINTHIANS 5)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
		করিচ্ছে বিশৃংখলা (৫:১-৬:২০)		
অনৈতিকতার বিরুদ্ধে বিচার	অনৈতিকতা মণ্ডলীকে কলুষিত করেছিল	মণ্ডলীতে শৃংখলার বিষয়	মণ্ডলীতে অনৈতিকতা	মণ্ডলীতে ব্যভিচার
৫:১-৮	৫:১-৮	৫:১-২ ৫:৩-৫ ৫:৬-৮	৫:১-৫ ৫:৬-৮	৫:১-৫ ৫:৬-৮
	অনৈতিকতা অবশ্যই বিচারিত হবে			
৫:৯-১৩	৫:৯-১৩	৫:৯-১৩	৫:৯-১১ ৫:১২-১৩	৫:৯-১৩ ^ক ৫:১৩ ^খ

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

খ্রীষ্টিয় শৃংখলার ধর্মতাত্ত্বিক প্রেক্ষাপট

ক. এটি হল নূতন নিয়মে মণ্ডলীর শৃংখলার উপরে কয়েকটি প্যাসেজের একটি (১ করি ৫:২,৭,১৩; ২ করি ২:৫-৭; ২ থিষ ৩:১৪-১৫; ১ তীম ১:২০; তীত ৩:১০)।

- খ. মণ্ডলীতে শৃংখলার তিনটি উদ্দেশ্য রয়েছে।
১. স্থানীয় মণ্ডলীর সুনাম ও সততা রক্ষা করা

২. শিষ্যদের সাহায্য করা এবং নিয়মের ভাই বা বোনকে আন্তি থেকে পুনরুদ্ধার করা (২ করি ২:৫-১১; ২ থিষ ৩:১৪-১৫)
৩. অন্য খ্রীষ্টিয়ানেরা যেন পাপ না করে তার কারণ হওয়া (১ তীম ৫:২০)

গ. উদ্দেশ্য সাধনে করণীয় কাজ।

১. প্রথমত, ব্যক্তিগত ভাবে আলোচনা এবং যদি তাতে সাফল্য না আসে, ব্যক্তিগত সহভাগিতা বঞ্চিত করা (মথি ১৮:১৫; গালা ৬:১; ২ থিষ ৩:১৪-১৫; তীত ৩:১০)
২. দ্বিতীয়ত, ছোট দল হয়ে আলোচনা করা (মথি ১৮:১৬)
৩. তৃতীয়ত, খ্রীষ্টিয় সহভাগিতা থেকে প্রকাশ্যে বহিস্কার করা (মথি ১৮:১৭; ১ করি ৫:১; ১ তীম ১:২০)
৪. লক্ষ্য সব সময়ই থাকবে মন পরিবর্তন এবং পুনরুদ্ধার, কেবলমাত্র পৃথকীকরণ ও শাস্তি নয় (২ করি ২:৬-৮; গালা ৬:১)

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি ৫:১-২

^১ বাস্তবিক শোনা যাচ্ছে যে তোমাদের মধ্যে ব্যভিচারের পাপ আছে, আর সেই ব্যভিচার এমন জঘন্য যে পরজাতিয়েরাও তা করে না, এমন কি একজন তার পিতার স্ত্রীকে রেখেছে। ^২ আর তোমরা অহঙ্কার করছ বরং এর পরিবর্তে বিলাপ কর নাই, এই জন্য এমন কাজ যে লোক করেছে তাকে তোমাদের মধ্য থেকে বের করে দেওয়া উচিত ছিল। (অনুবাদকৃত টেক্সট)।

৫:১ “বাস্তবিক শোনা যাচ্ছে” ইংরাজি “বাস্তবিক” হল গ্রীক *holōs*, এক দুর্লভ গঠন যেটি ১ করি ৫:১-২ বৈশিষ্ট্যে বেশ কয়েকবার দেখা গেছে (১ করি ৫:১; ৬:৭; ১৫:২৯)। এটি হল *holos* এর গঠন, যার অর্থ “সম্পূর্ণ ভাবে,” “এক সাথে।” এই দুর্লভ গঠনের অর্থ মনে হয় “ব্যাপক ভাবে জানা” (NJB)। এটি হতে পারে একটি কারণ যার জন্য পৌল খুব হতাশ ছিলেন এই জঘন্য ব্যভিচারের বিষয়ে। করি ৫:১ মন্ডলী এটি নিয়ে গৌরব করেছিল এবং এই বিষয়টি অন্যান্য মন্ডলীর কাছে ব্যাপকভাবে পৌছে গিয়েছিল। পৌলকে অবশ্যই এই সীমাহীন কাজের বিষয়টির এবং মন্ডলীর মনোভাবের নিষ্পত্তি করতে হতো অন্ততপক্ষে সেগুলি নেতিবাচক ভাবে সকল মন্ডলীকে প্রভাবিত করতো (অর্থাৎ, খামির নীতি, ১ করি ৫:৬-৮)।

□ “ব্যভিচার” এটি হল গ্রীক টার্ম “*porneia*” যেটি ছিল যৌনতার শিথিলতার সাধারণ টার্ম। আমরা ইংরাজি শব্দ পেয়েছি, অশ্লিল সাহিত্য (pornography), এই গ্রীক শব্দ থেকে। গ্রীক করি ৫ সুপরিচিত ছিল এর ব্যাপক যৌনতার ছড়াছড়ির জন্য। এমনকি অন্যান্য পৌত্তলিকেরাও করি ৫ এর অনৈতিক সামাজিক কাজের অবাধ স্বাধীনতার জন্য হতবাক হয়ে গিয়েছিল। দেখুন Bruce W. Winter, *After Paul Left Corinth*।

পুরাতন নিয়মে টার্ম “ব্যভিচার” (অর্থাৎ, একজন বা উভয়েই বিবাহিত) এবং “বিবাহ বহির্ভূত যৌন সম্পর্ক” (অর্থাৎ, দুজনের কেউই বিবাহিত নয়), কিন্তু এটি Koine গ্রীকের ক্ষেত্রে নয় (প্রেরিত ১৫:২০, ২৯)। এই টার্ম যে কোন অনুপযুক্ত যৌনতাকে উল্লেখ করে (অর্থাৎ, ব্যভিচার, বিবাহ বহির্ভূত যৌন সম্পর্ক, সমকামিতা, এমনকি জীব-জন্তুর সাথে যৌন সম্পর্ক)। এখানে এটি লেবীয় ১৮:৮; দ্বি বি ২৭:২০ পদের লংঘন।

□ “আর সেই ব্যভিচার এমন জঘন্য যে পরজাতিয়েরাও তা করে না” এই অগম্যগমন সম্পর্ক মোশির ব্যবস্থায় নিষিদ্ধ হয়েছে (লেবীয় ১৮:৮; এবং দ্বি বি ২২:৩০), কিন্তু এটি অবশ্যই করি ৫ ব্যভিচারী পৌত্তলিকদেরও হতবাক করার মত বিষয় ছিল। এটি প্রথম শতকের রোমীয় সংস্কৃতির জন্যও “অনেক বেশি” ছিল (Gaius, *Inst.* I, 63 and *Oxford Classical Dictionary* 8, 539-540)।

NASB, NKJV “পরজাতিয়েরা”

NRSV “পৌত্তলিকেরা”

TEV “অশ্রীষ্টিয়”

NJB “পরজাতিয়েরা”

পৌল এই টার্ম ব্যবহার করেছেন একটি বিশেষ অর্থে। পুরাতন নিয়মে তীক্ষ্ণ পার্থক্য ছিল যিহুদী ও পরজাতিয়দের মধ্যে। “জাতিগণ” এর ছিল নেতিবাচক অন্তর্নিহিত তাৎপর্য। পৌল পরজাতিয় ব্যবহার করেছেন যারা অবিশ্বাসী সেই অর্থে। তাদের অনেকের কাছে তিনি লিখেছেন যারা যিহুদী ছিল না।

NASB “এমন কি একজন তার পিতার স্ত্রীকে রেখেছে”

NKJV “এমন কি একজন লোক তার পিতার স্ত্রীকে রেখেছে”

NRSV “কারণ একজন লোক তার পিতার স্ত্রীর সাথে বসবাস করছে”

TEV “এমন কি একজন লোক তা সৎ মায়ের সাথে ঘুমাচ্ছে”

NJB “এমন কি তোমাদের মধ্যে একজন তার সৎ মায়ের সাথে বসবাস করছে”

এটি দৃশ্যত উল্লেখ করছে তার সৎ মায়ের সাথে তার বসবাস। মানুষ

১. তার সৎ মাকে ফুসলিয়ে তার পিতার কাছ থেকে নিয়ে গেছে
২. বসবাস করছে তার তালুক প্রাপ্ত সৎ মায়ের সাথে
৩. বসবাস করছে তার বিধবা সৎ মায়ের সাথে

৫:২ এটি সম্ভব এই পদকে নেওয়া এই হিসাবে (১) তিনটি প্রশ্ন; (২) তিনটি বক্তব্য (NASB, NKJV); অথবা (৩) একটি সমন্বয় (NRSV, TEV, NJB, NIV)।

NASB “তোমরা অহঙ্কার করছ”

NKJV “তোমরা ফুলে উঠছো”

NRSV “তোমরা অহঙ্কারী”

TEV “কিভাবে, তোমরা অহঙ্কার করতে পার”

NJB “আর তোমরা তোমাদের আত্ম-অহঙ্কারে খুবই পরিপূর্ণ হয়েছো”

এটি টার্ম “ফুলে উঠছো” এর একটি perfect passive participle, ব্যবহৃত হয়েছে করিছীয় পদে (১ করি ৪:৬, ১৮, ১৯; ৫:২; ৮:১; ১৩:৪; ২ করি ১২:২০)। এর রয়েছে “to be” verb যেটি যুক্ত এর সাথে, যেটি একে করেছে perfect periphrastic, যেটি ইঙ্গিত দেয় একটি নির্ধারিত অবস্থার। প্রকৃত সমস্যা ছিল মণ্ডলীর আচরণে (অর্থাৎ, plural pronoun এবং verb)। তারা এই অবস্থার জন্য গর্ব করতো।

এই হতবাক করা ঘটনার বেশ কয়েকটি সম্ভাব্য যুক্তি রয়েছে।

- সাধারণ প্রেক্ষাপট থেকে এটি সম্ভব যে মণ্ডলী এগুলি দেখতো মৌলিক নৃতনীকরণ যেটি পরিত্রাণ আনতো তার একটি উদাহরণ হিসাবে
- এটি প্রতিফলিত করতো রাবির Aqibah এর যিহুদী প্রেক্ষাপট যেটি দেখাত কিভাবে একজন নূতন মন পরিবর্তনকারী সম্পূর্ণ ভাবে নূতন মানুষে পরিণত হতো (অর্থাৎ, A. T. Robertson, *Word Pictures in the New Testament*, p. 111), সেজন্য, করিছীয় মানসিকতায় এটি আত্মীয়দের মধ্যে যৌন সম্পর্ক ছিল না, কিন্তু খ্রীষ্টিয় স্বাধীনতায় (অর্থাৎ, একজনের খ্রীষ্টে নৃতনীকরণ)

NASB “বরং এর পরিবর্তে বিলাপ কর নাই”

NKJB “বরং এর পরিবর্তে একেবারেই বিলাপ কর নাই”

NRSV “তোমাদের কি বরং বিলাপ করা উচিত ছিল না”

TEV “অন্য দিকে, তোমাদের দুঃখে পরিপূর্ণ হওয়া উচিত ছিল”

NJB “এটা ভাল হতো যদি তোমরা নিদারুণ শোক করতেন”

এই গ্রীক শব্দ (অর্থাৎ, *pentheō*, মথি ৫:৪; ৯:১৫; ২ করি ১২:২১; যাকোব ৪:৯) ব্যবহৃত হয়েছে মৃতদের জন্য শোক করার (প্রকা ১৮:৮, ১১)। যিহুদী সমাজে মৃতদের জন্য শোক করা হতো, কিছুটা শোকের জন্য, বা কিছুটা ঈশ্বর নিন্দার জন্য (মার্ক ১৪:৬৩)।

NASB “তোমাদের মধ্য থেকে বের করে দেওয়া উচিত ছিল”

NKJB “তাকে তোমাদের মধ্য থেকে দূর করে দেওয়া উচিত ছিল”

NRSV “তাকে তোমাদের মধ্য থেকে দূর করে দেওয়া”

TEV “তাকে তোমাদের সহভাগিতা থেকে বহিস্কার করা উচিত ছিল”

NJB “সমাজ থেকে বের করে দেওয়া উচিত ছিল”

এটি একটি aorist passive subjunctive। এই গ্রীক শব্দের অর্থ “তুলে ধরা ও নিয়ে যাওয়া,” প্রায়ই বিচারে (মথি ২৪:৩৯) এবং ধংসে (যোহন ১১:৪৮) অন্তর্ভুক্ত। মণ্ডলীতে শৃংখলার উদ্দেশ্য তিন ধাপের।

- স্থানীয় মণ্ডলীকে গুচিকরণ (অর্থাৎ, পাপ এবং স্থানীয় সমাজে এর ভাবমূর্তি পুনরুদ্ধার উভয়ই)
- বিশ্বাসীরা যারা ভুল করছে তাদের সংস্কার এবং পরিত্রাণ। এটা কেবলমাত্র সম্ভব কারণ ১ করি ৫:৫ পদ (এছাড়াও এই একই টার্ম ব্যবহৃত হয়েছে লুক ২৩:১৮) যেন এটি উল্লেখ করছে ভুল করা বিশ্বাসীদের মৃত্যু।
- অন্য বিশ্বাসীরা ঈশ্বরের শৃংখলা দেখে পাপ না করতে উৎসাহিত হবে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিছীয় ৫:৩-৫

^৩ কারণ আমি, আমার দিক থেকে, দেহে উপস্থিত না থাকলেও কিন্তু আত্মায় তোমাদের সংগে থেকে, যে এই রকম কাজ করেছে, উপস্থিত থাকা লোকের মতই, আমি তার বিচার আগেই করে রেখেছি। ^৪ আমাদের প্রভু যীশুর নামে, যখন তোমরা এক জায়গায় মিলিত হবে, আর আমিও আত্মায় তোমাদের সংগে থাকব, প্রভু যীশুর শক্তি সহকারে, ^৫ সেই লোককে আমি তার মাংসিক বিনাশার্থে শয়তানের হাতে দেবার সিদ্ধান্ত নিয়েছি, যেন তার আত্মা প্রভু যীশুর আসবার দিনে উদ্ধার পায়। (অনুবাদকৃত টেক্সট)।

৫:৩-৫ এই প্যারাগ্রাফ হল একটি বিচারালয়ের রূপক। পৌল ধরে নিয়েছেন যে মণ্ডলী আহবান করেছে “মণ্ডলীর বিচারালয়” (যাকোব ২:১-৪)। প্রাথমিক মণ্ডলী সমাজগৃহের প্রশাসনিক ও আরাধনার নমুনা অনুসরণ করছিল। এই বিচারালয়গুলি ছিল প্রচলিত এবং অনেকে সমাজগৃহ থেকে বহিস্কৃত হয়েছে।

৫:৩ “দেহে উপস্থিত না থাকলেও কিন্তু আত্মায় তোমাদের সংগে” এগুলি উভয়ই present active participles। এটি পরিস্কার ভাবে দেখায় পৌলের ঐতিহাসিক কর্তৃত্বের জ্ঞান (১ করি ৫:৩ এবং ৫)। কিন্তু লক্ষ্য করুন যে তিনি চেয়েছেন মণ্ডলী যেন তার সিদ্ধান্ত নিশ্চিত করে (১ করি ৫:৪)।

বিশেষ বিষয়: নূতন নিয়মে আত্মা(*pneuma*)

{SPECIAL TOPIC: SPIRIT (*pneuma*) IN THE NEW TESTAMENT}

“আত্মা”-র জন্য গ্রীক টার্ম নূতন নিয়মে বেশ কয়েকটি উপায়ে ব্যবহৃত হয়েছে। এখানে কতগুলি প্রতিনিধিত্ব মূলক শ্রেণীবিভাগ ও উদাহরণ।

- ক. ত্রিভু ঈশ্বরের জন্য (দেখুন বিশেষ বিষয়:ত্রিভু)
১. পিতার জন্য (যোহন ৪:২৪)
 ২. পুত্রের জন্য (রোমীয় ৮:৯-১০; ২ করি ৩:১৭; গালা ৪:৬; ১ পিতর ১:১১)
 ৩. পবিত্র আত্মার জন্য (মার্ক ১:১১; মথি ৩:১৬; ১০:২০; যোহন ৩:৫,৬,৮, ৭:৩৯; ১৪:১৭; প্রেরিত ২:৪; ৫:৯; ৮:২৯,৩৫; রোমীয় ১:৪; ৮:১১,১৬; ১ করি ২:৪,১০,১১,১৩,১৪; ১২:৭)
- খ. মানবিক জীবনের উৎসের জন্য
১. যীশুর (মার্ক ৮:১২; যোহন ১১:৩৩,৩৮; ১৩:২১)
 ২. মানব জাতির (মথি ২২:৪৩; প্রেরিত ৭:৫৯; ১৭:১৬; ২০:২২; রোমীয় ১:৯; ৮:১৬; ১ করি ২:১১; ৫:৩-৫; ৭:৩৪; ১৫:৪৫; ১৬:১৮; ২ করি ২:১৩; ৭:১৩; পিলি ৪:২৩; কল ২:৫)
 ৩. জিনিসগুলি যেগুলি আত্মা নিজে এবং মানুষের আত্মার মাধ্যমে উৎপন্ন করেন
- ক. দাসত্বের আত্মা নয় বনাম দস্তকতার আত্মা-রোমীয় ৮:১৫
- খ. মৃদুতার আত্মা-১ করি ৪:২১
- গ. বিশ্বাসের আত্মা-২ করি ৪:১৩
- ঘ. প্রজ্ঞা এবং তাঁর বিষয়ে জ্ঞান প্রকাশের আত্মা-ইফি ১:১৭
- ঙ. ভীর্ণতার আত্মা নয় বনাম ক্ষমতা, ভালবাসা, এবং শৃংখলার-২ তীম ১:৭
- চ. ভুলের আত্মা বনাম সত্যের আত্মা-১ যোহন ৪:৬
- গ. আত্মিক জগতের বিষয়ে
১. আত্মিক সত্তা
- ক. ভাল (অর্থাৎ, দূতগণ, প্রেরিত ২৩:৮-৯; ইব্রীয় ১:১৪)
- খ. মন্দ (অর্থাৎ, শয়তান, মথি ৮:১৬; ১০:১; ১২:৪৩,৪৫; প্রেরিত ৫:১৬; ৮:৭; ১৬:১৬; ১৯:১২-২১; ইফি ৬:১২)
- গ. ভূত (লুক ২৪:৩৭)
২. আত্মিক বিচক্ষণতা (মথি ৫:৩; ২৬:৪১; যোহন ৩:৬; ৪:২৩; প্রেরিত ১৮:২৫; ১৯:২১; রোমীয় ২:২৯; ৭:৬; ৮:৪,১০; ১২:১১; ১ করি ১৪:৩৭)
৩. আত্মিক বিষয় (যোহন ৬:৬৩; রোমীয় ২:২৯; ৮:২,৫,৯,১৫; ১৫:২৭; ১ করি ৯:১১; ১৪:১২)
৪. আত্মিক দান (১ করি ১২:১; ১৪:১)
৫. আত্মার অনুপ্রেরণা (মথি ২২:৪৩; লুক ২:২৭; ইফি ১:১৭)
৬. আত্মিক দেহ (১ করি ১৫:৪৪-৪৫)
- ঘ. বৈশিষ্ট্যজ্ঞাপক
১. জগতের মনোভাব (রোমীয় ৮:১৫; ১১:৮; ১ করি ২:১২)
 ২. মানুষের চিন্তার প্রক্রিয়া (প্রেরিত ৬:১০; রোমীয় ৮:৬; ১ করি ৪:২)
- ঙ. জাগতিক বিষয়ে
১. বায়ু (মথি ৭:২৫,২৭; যোহন ৩:৮; প্রেরিত ২:২)
 ২. শ্বাস-প্রশ্বাস (প্রেরিত ১৭:২৫; ২ থিষ ২:৮)
- এটা স্পষ্ট যে প্রসঙ্গের আলোতে এই টার্মের অবশ্যই অনুবাদ হবে। অনেক অর্থগত ধারণা রয়েছে যেগুলি উল্লেখ করতে পারে (১) বাস্তব জগত; (২) অদৃশ্য জগত; (৩) এই সঙ্গে বাস্তব জগতের বা আত্মিক রাজ্যের ব্যক্তি।

ত্রিভু ঈশ্বরের একটি অংশ পবিত্র আত্মা যিনি ইতিহাসের এই ধাপে সর্বোচ্চ কার্যকর হয়েছেন। আত্মার নূতন যুগ এসেছে। যা কিছু ভাল, পবিত্র, সঠিক এবং সত্য সেসব তাঁর সঙ্গে যুক্ত। তাঁর উপস্থিতি, দান এবং পরিচর্যা দূরতম স্থানে সুসমাচার প্রচার এবং ঈশ্বরের রাজ্যের (যোহন ১৪ এবং ১৬) সফলতার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি নিজের দিকে কাউকে আকর্ষণ করেন না কিন্তু খ্রীষ্টের দিকে (যোহন ১৬:১৩-১৪)। তিনি দোষারপ করেন, বোঝান, উৎসাহিত করেন, বাগ্মি দেন এবং সকল বিশ্বাসীদের পরিপক্ব করেন (যোহন ১৬:৮-১১)।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “যে এই রকম কাজ করেছে তার বিচার আগেই করে রেখেছি” এটি একটি perfect active indicative। পৌল তার কর্তৃত্ব জোর দিয়ে বলেছেন এমনকি দেহে অনুপস্থিত থেকে ও তার সিদ্ধান্তে স্থির থেকে।

৫:৪ “আমাদের প্রভু যীশুর নামে” এটি একটি ইব্রীয় উপায় ছিল জীবিত খ্রীষ্টের মর্যাদা ও ক্ষমতা জোর দিয়ে বলার যা পৌলের প্রৈরিতিক কর্তৃত্বের উৎস ছিল। পৌল তাঁর প্রতিনিধিত্ব করতেন এবং তাঁকে অনুসরণ করতেন।

এই পদের গ্রীক পাণ্ডুলিপিতে “----- নামে” এর গঠনের অনেক বিভিন্নতা আছে।

১. “আমাদের যীশু” uncial পাণ্ডুলিপি B, D* তে
২. “যীশু খ্রীষ্ট” uncial পাণ্ডুলিপি N তে
৩. “আমাদের যীশু খ্রীষ্ট” uncial পাণ্ডুলিপি D², F, G তে
৪. “আমাদের” Lectionary তে minuscule পাণ্ডুলিপি ১০২১ তে (১২ শতক)
৫. “যীশু খ্রীষ্ট আমাদের প্রভু” minuscule পাণ্ডুলিপি ৮১ তে (১১ শতক)

United Bible Societies' এর গ্রীক নূতন নিয়ম, চতুর্থ সংস্করণ (UBS⁴) বলে এটি সিদ্ধান্ত নেওয়া কঠিন, কিন্তু #১ কে সমর্থন করে।

এই একই পাণ্ডুলিপি সমস্যা আবার দেখা যায় ১ করি ৫:৫ (এবং আরও ১ করি ৫:১১)।

১. “প্রভু” MSS P⁴⁶, B তে
২. “প্রভু যীশু” MS N তে
৩. “প্রভু যীশু খ্রীষ্ট” MS D তে
৪. “আমাদের প্রভু যীশু খ্রীষ্ট” MSS A, F, G, P তে

UBS⁴ রেট #১ কে প্রায় নিশ্চিত হিসাবে।

৫:৫ “সেই লোককে আমি তার মাংসিক বিনাশার্থে শয়তানের হাতে দেবার” “হাতে দেবার” হল গ্রীক টার্ম *paradidōmi*, যেটি ব্যবহৃত হয়েছে সুসমাচারে কাউকে উপযুক্ত শাস্তি দেবার জন্য কর্তৃপক্ষের হাতে দেওয়া (মথি ৪:১২; ৫:২৫; ১০:৪,১৭; ১৮:৩৪; ২০:১৯; ২৬:১৫; ২৭:২,১৮,২৬) এবং রোমীয়তে (রোমীয় ১:২৪,২৬,২৮) কাউকে মন্দ আত্মার ক্ষমতার হাতে দেওয়া। এই ব্যবহার এই প্রসঙ্গে সবচেয়ে উপযুক্ত খাপ খায় (অর্থাৎ, শয়তান চিহ্নিত হয়েছে)।

এটি ১ তীম ১:২০ পদের মত একই রকমের। এতে কি অন্তর্ভুক্ত আছে তা নিয়ে অনেক আলোচনা রয়েছে পণ্ডিত ও ব্যাখ্যাকারকদের মধ্যে। কেউ কেউ একে দেখে থাকেন চূড়ান্ত দৈহিক শাস্তির (অর্থাৎ, মৃত্যু) ফলাফল হিসাবে, যেমন প্রেরিত ৫ এবং ১ করি ৩:১৭; ১১:৩০ পদে। অন্যেরা একে দেখে থাকেন সম্পূর্ণরূপে বহিস্কার হিসাবে, একজনকে শয়তানের কাজ কর্মের রাজ্যে রাখা, যেটি হল জগত (যোহন ১২:৩১; ১৬:১১; ১ করি ৪:৪; ১ যোহন ৫:১৯), যেখানে তার মালিকানা হস্তান্তর হয় ঈশ্বর এবং তাঁর লোকদের সহভাগিতা থেকে যেন তাকে আবার ঈশ্বরের কাছে পাওয়া যায় এবং eschatological বিচার এড়ানো যায়। পেল জগতকে দেখেছেন শয়তানের রাজ্য হিসাবে (ইফি ২:২)। মন্দ যা জগতে ঘটে থাকে (অর্থাৎ, মৃত্যু, রোগ, ক্ষতি, ইত্যাদি) তার দায় মন্দ জন, শয়তানের উপরে বর্তায় (২ করি ১২:৭; ১ থি ২:১৮)। এটি আরও সম্ভব যে “মাংস” উল্লেখ করতে পারে মানুষের ইন্দ্রিয় পরায়ণ বিদ্রোহী জীবন পদ্ধতি (অর্থাৎ, আদমের পতিত স্বভাব)। দেখুন বিশেষ বিষয়: ব্যক্তিগত মন্দতা ১ করি ৭:৫।

“মাংস” এর জন্য ১ করি ১:২৬ পদে বিশেষ বিষয় দেখুন।

■ “যেন তার আত্মা উদ্ধার পায়” মণ্ডলীর অনুশাসন অবশ্যই সব সময় হবে পরিত্রাণার্থক ও পুনরুদ্ধারমূলক, প্রতিহিংসামূলক নয় (২ করি ২:৫-১১; ২ থি ৩:১৪-১৫)। এটি হল পুরাতন নিয়মের শব্দ “উদ্ধার” এর অন্তর্নিহিত তাৎপর্য, যার অর্থ দৈহিক ভাবে মুক্তি সাধন। এই ব্যক্তি, যদিও কাজ করেছে অনৈতিক ভাবে, তবুও সে মণ্ডলীর একজন সদস্য। তার দরকার আত্মিক মুক্তি সাধন, পরিত্রাণ নয়।

যেরকম প্রায়ই পৌলের লেখনিতে বাস্তব দেহ এবং আত্মা তুলনায় রাখা হয়েছে (অর্থাৎ, রোমীয় ৮:১-১১)। সেগুলি দুটি স্বতন্ত্র কর্তৃত্বের কাঠামোর, দুটি বিশ্ব দর্শনের, দুটি দিকের আনুগত্যের প্রতিনিধিত্ব করে (মথি ৬:১৯-৩৪; ১ যোহন ২:১৫-১৭)।

১ করি ৫:৫ পদ সম্বন্ধে আরও একটি ধর্মতাত্ত্বিক পয়েন্ট: শয়তান হল ঈশ্বরের হাতিয়ার, তাঁর পরিত্রাণার্থক উদ্দেশ্য সাধনে কাজ করে। পুরাতন নিয়মে শয়তান হল মানবতার শত্রু, কিন্তু ঈশ্বরের সেবাকারী (A. B. Davidson, *An OT Theology*, pp. 300-306)। নূতন নিয়মে সম্পর্কটি আর গাঢ় হয়েছে। শয়তান ঈশ্বরের শত্রু হয়েছে, কিন্তু সে এখনও অনিচ্ছাকৃত একজন সেবাকারী। শয়তানের কাজ ১ করি ৫:৫ পদে একজন হস্তান্তরগামী মণ্ডলীর সদস্যকে চূড়ান্ত ভাবে পরিত্রাণে আনা।

■ “প্রভু যীশুর দিনে” এটি সুস্পষ্ট ভাবে উল্লেখ করেছে একটি eschatological, শেষ সময়ের প্রেক্ষাপট। খ্রীষ্টিয়ানদের প্রতি ঈশ্বরের জাগতিক বিচার দেখা যেতে পারে ১ করি ১১:৩০-৩২; প্রেরিত ৫, এবং ১ তীম ১:২০ পদে। এই টেক্সট কি ইঙ্গিত দিচ্ছে (১) দৈহিক মৃত্যু, কিন্তু eschatological পরিত্রাণ, ১:৮ বা (২) তার পরিত্রাণ কি নির্ভর করছে তার মন পরিবর্তনের উপরে?

১ করিছীয়তে বার বার eschatological জোর দান করা হচ্ছে (১ করি ১:৭-৮; ৩:১৩; ৪:৫; ৫:৫; ৬:১৪; ১১:২৬; ১৩:১২; ১৫:৫০-৫৪; ১৬:২২)। করিছীয় মণ্ডলীতে একটি সম্ভাব্য ধর্মতাত্ত্বিক সমস্যা ছিল অতি-উপলব্ধ eschatology প্রারম্ভিক Gnosticism এর সাথে সমন্বিত। তারা মনে করতো যে তারা আত্মিক ভাবে পৌছে গেছে (১ করি ৪:৭-১০) এবং তাই দেহ ছিল মন্দ (অর্থাৎ, গ্রীক চিন্তা) এবং, সেজন্য, আত্মিক বিষয়সমূহ প্রাসঙ্গিক নয়। পৌল এই প্রবণতাকে খণ্ডন করেছেন এভাবে

১. বর্তমান (১ করি ৫:৫) বিচারের সাথে সাথে ভবিষ্যতের নিশ্চয়তা দান
২. বিশ্বাসীদের জন্য ব্যাভিচার উপযুক্ত নয় সে বিষয়ে জোর দান করে (১ করি ৫:৫-৬)

এছাড়াও লক্ষ্য করুন যে পুরাতন নিয়মের শব্দগুচ্ছ উল্লেখ করেছে YHWH কে কিন্তু এখন তা স্থানান্তর হয়ে গেছে যীশুতে (১ করি ১:৮; ২ করি ১:১৪; ১ থি ৫:২; ২ থি ২:২; ২ তীম ৪:৮)। এটি আর একটি আক্ষরিক উপায় যা নূতন নিয়মের লেখকেরা নাসরতীয় যীশুর ঈশ্বরত্ব সম্পর্কে দৃঢ়তার সাথে বলেছেন।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ৫:৬-৮

৬ গর্ব করা তোমাদের পক্ষে ভাল নয়। তোমরা কি জান না যে একটুখানি খামি একটা গোটা ময়দার তালকে ফাঁপিয়ে তোলে? ৭ তোমাদের মধ্য থেকে সেই পুরানো খামি ফেলে দাও যেন তোমরা একটা নতুন তাল হতে পার, ঠিক যেমন তোমরা সত্যিকার ভাবে খামিহীন। কারণ খ্রীষ্ট আমাদের উদ্ধার-পর্বের মেঘ উৎসর্গীকৃত হয়েছেন। ৮ সেইজন্য আস আমরা পর্বটি পালন করি, পুরানো খামি দিয়ে নয়, হিংসা ও দুষ্ণতার খামি দিয়ে নয়, বরং সরলতা ও সত্যের খামি দিয়ে। (অনুবাদকৃত টেক্সট)।

৫:৬ “গর্ব করা তোমাদের পক্ষে ভাল নয়” এই মন্তব্য ব্যাখ্যা করতে সাহায্য করে করিন্থীয় মণ্ডলীর মনোভাবকে। তারা দাবী করতো সুসমাচারের উপরে ভিত্তি করে স্বাধীনতা ও অনুমোদন। তারা তাদের সমাজের মধ্যে সুসমাচারের সাক্ষ্য বহনের প্রমাণের চেয়ে তাদের নূতন স্বাধীনতা সর্গর্বে বলতে চাইতো।

বিশেষ বিষয়: গর্ব করা (SPECIAL TOPIC: BOASTING)

এই গ্রীক টার্মগুলি, *kauchaomai*, *kauchēma*, এবং *kauchēsis*, ব্যবহৃত হয়েছে ৩৫ বার পৌলের লেখায় এবং কেবলমাত্র ২ বার বাকী নূতন নিয়মে (উভয়ই যাকোবে)। এগুলি প্রাধান্যতায় ব্যবহৃত হয়েছে ১ ও ২ করিন্থীয় পত্রে।

দুটি প্রধান সত্য গর্ব করার সঙ্গে সংযুক্ত।

- ক. ঈশ্বরের সামনে কোন মানুষ গৌরব/গর্ব করতে পারে না (১ করি ১:২৯; ইফি ২:৯)
খ. বিশ্বাসীদের প্রভুতেই গৌরব করা উচিত (১ করি ১:৩১; ২ করি ১০:১৭, যেটি থিরমিয়ের কাছে একটি পরোক্ষ ইঙ্গিত ছিল ৯:২৩-২৪)

সেজন্য, উপযুক্ত এবং অনুপযুক্ত গর্ব করা/গৌরব (অহংকার) করা রয়েছে।

ক. উপযুক্ত

১. গৌরবের আশা (রোমীয় ৪:২)
২. যীশু খ্রীষ্টের মধ্যে দিয়ে ঈশ্বরের (রোমীয় ৫:১১)
৩. প্রভু যীশু খ্রীষ্টের ক্রুশ নিয়ে (অর্থাৎ পৌলের প্রধান বিষয়, ১ করি ১:১৭-১৮; গালা ৬:৪)
৪. পৌল গর্ব করতেন
 - ক. কিছু পাবার আশা ছাড়া তার পরিচর্যা (১ করি ৯:১৫, ১৬)
 - খ. খ্রীষ্টের কাছ থেকে তার কর্তৃত্ব (২ করি ১০:৮, ১২)
 - গ. অন্য লোকের পরিশ্রমে তার গর্ব না করা (যেমন করিছে কিছু লোক করতেন, ২ করি ১০:১৫)
 - ঘ. তার বংশগত উত্তরাধিকার নিয়ে (যেমন করিছে অন্যেরা করতেন, ২ করি ১১:১৭; ১২:১, ৫, ৬)
 - ঙ. তার মন্ডলীসমূহ
 - (১) করিন্থ (২ করি ৭:৪, ১৪; ৮:২৪; ৯:২; ১১:১০)
 - (২) থিমলোনীকী (২ থিম ১:৪)
 - (৩) ঈশ্বরের সান্ত্বনা ও উদ্ধারের উপরে তার নির্ভরতা (২ করি ১:১২)

খ. অনুপযুক্ত

১. যিহূদী উত্তরাধিকারের সঙ্গে সম্পর্কিত (রোমীয় ২:১৭, ২৩; ৩:২৭; গালা ৬:১৩)
২. করিন্থ মন্ডলীর কিছু লোক গর্ব করতেন
 - ক. মানুষে (১ করি ৩:২১)
 - খ. প্রজ্ঞায় (১ করি ৪:৭)
 - গ. স্বাধীনতায় (১ করি ৫:৬)
৩. ভ্রাতৃ শিক্ষকেরা করিছে মণ্ডলীতে গর্ব করার চেষ্টা করতেন (২ করি ১১:১২)

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “তোমরা কি জান না” এটি একটি বৈশিষ্ট্যমূলক শব্দগুচ্ছ যেটি পৌল প্রায়ই ব্যবহার করেছেন সেই সব বিষয়ের কথা বলতে যেগুলি বিশ্বাসীদের জানা উচিত, যে সব বিষয় পূর্বেই তাদের কাছে বলা হয়েছিল, কিন্তু তারা প্রায়ই দৃশ্যত (অর্থাৎ, কারণ তাদের কাজ ও আচরণ) ভুলে গিয়েছে (রোমীয় ৬:১৬; ১১:২; ১ করি ৩:১৬; ৫:৬; ৬:২, ৩, ৯, ১৫, ১৯; ৯:১৩, ২৪)।

■ “খামি” এটি উল্লেখ করছে একটি যিহুদী প্রবচন (মথি ১৬:৬,১২; গালা ৫:৯) খামি সম্বন্ধে, সাধারণত একটি নেতিবাচক অর্থে, যার সাথে সম্পর্ক আছে পচনশীলতার কারণ গাঁজানোর প্রক্রিয়া। যাহোক, কখনও কখনও রূপকের ইতিবাচক দিকও থাকে (মথি ১৩:৩৩; লূক ১৩:২০-২১), যেটি দেখায় যে প্রসঙ্গের সাথে অর্থ সম্পর্কযুক্ত।

বিশেষ বিষয়: খামি (SPECIAL TOPIC: LEAVEN)

“খামি” (BDB 329, KB 329; Greek, *zumē*) টার্মটি ব্যবহার করা হয়েছে দুটি অর্থে পুরাতন এবং নতুন উভয় নিয়মেই:

১. একটি দুর্নীতি অর্থে এবং, সেহেতু, একটি মন্দের প্রতিক
 - ক. যাত্রা ১২:১৫,১৯; ১৩:৩,৭; ২৩:১৮; ৩৪:২৫; লেবীয় ২:১১; ৬:১৭; দ্বি বি ১৬:৩
 - খ. মথি ১৬:৬,১১-১২; মার্ক ৮:১৫; লূক ১২:১; গালা ৫:৯; ১ করি ৫:৬-৮
২. রন্ধ্রে রন্ধ্রে অনুপ্রবিষ্ট হওয়া অর্থে এবং, সেহেতু, প্রভাবিত করা কল্পনাসমূহ, মন্দের প্রতিক নয়
 - ক. লেবীয় ৭:১৩; ২৩:১৭; আমোষ ৪:৫
 - খ. মথি ১৩:৩৩; লূক ১৩:২০-২১

কেবলমাত্র প্রসঙ্গ এই শব্দটির অর্থ নির্ধারণ করতে পারে (যেটি সকল শব্দাবলীর জন্য সত্য!)।

তাড়িশূন্য রুটির বিষয়ে, ইস্রায়েলীয়েরা সকাল পর্যন্ত অপেক্ষা করতে পারতো না রুটিটি ফুলে ওঠার জন্য। যাত্রার রাতের বিশদ বিবরণ যাত্রার নিস্তার পর্বকে বর্ধিত করেছে কৃষি কাজের পর্ব সমন্বিত করে (যাত্রা ১২:১৫-২০; ২৩:১৪-১৭; ৩৪:১৮)।

তাড়ি প্রতিনিয়ত ব্যবহৃত হয়েছে বলিদানের বস্তুতে (লেবীয় ৭:১৩; ২৩:১৭), কিন্তু পরবর্তীতে পাপের ও বিদ্রোহের একটি প্রতিক হয়ে ওঠে। গাঁজানো প্রক্রিয়াকে দেখা হয়েছে এই প্রতীকী অর্থে যে ব্যক্তি হিসাবে ইস্রায়েলীয়দের সুযোগ তাদের জীবনকে নিরীক্ষা করার ভিত্তিতে যে YHWH এর প্রতি বিদ্রোহ বা অবাধ্যতার কোন সূত্র আছে কিনা। যেমন মহাপ্রায়শ্চিত্তের দিন (লেবীয় ১৬) কাজ করতো জাতীয় পর্যায়ে, তাড়িশূন্য রুটি কাজ করতো ব্যক্তিগত বা পারিবারিক পর্যায়ে।

এই বাৎসরিক আবশ্যিকীয় পর্বটি, নিস্তার পর্বের সাথে সমন্বিত হয়ে, YHWH এর অনুগ্রহময় মুক্তি তাঁর লোকদের মন ও হৃদয়ে সব সময় রেখেছে। যেমন অনুগ্রহ ও প্রতিজ্ঞা মিশর থেকে মুক্তি দিয়েছে, সেরকম ইস্রায়েল এই অপরিবর্তনীয় ঐশ্বরীক বৈশিষ্ট্যবলীর উপর নির্ভর করতো তাকে বছরের পর বছর রক্ষা করবে (যাত্রা ১৩:৮,১৪; দ্বি বি ৪:৯; ৬:২,৭,২০-২১)।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

৫:৭ “পুরানো খামি ফেলে দাও” এটি একটি aorist active imperative। এটি প্রতি বছর নিস্তার পর্বের ঠিক আগে ঘর থেকে পুরাতন খামি ফেলে দেওয়ার যিহুদী প্রথার একটি পরোক্ষ উল্লেখ (যাত্রা ১২:১৫)। এই বাৎসরিক ধর্মানুষ্ঠান মন পরিবর্তনের একটি প্রতিক ছিল।

NASB “যেন তোমরা একটা নতুন তাল হতে পার, ঠিক যেমন তোমরা সত্যিকার ভাবে খামিহীন”

NKJV “যেন তোমরা একটা নতুন তাল হতে পার, যেহেতু তোমরা সত্যিকার ভাবে খামিহীন”

NRSV “যেন তোমরা একটা নতুন গোছা হতে পার, যেমন তোমরা বাস্তবিক খামিহীন”

TEV “যাতে তোমরা সম্পূর্ণ ভাবে খাঁটি হবে। তাহলে তোমরা কোন রকম খামি ছাড়া এক গোছা নতুন তালের মত হবে, যেভাবে অবশ্যই আমি জানি তোমরা সেরকমই”

NJB “যেন তোমরা সতেজ তাল হতে পার, খামিহীন যেমন তোমরা সেরকমই”

এটি দেখায় পৌলের প্রচলিত নৈতিক আদেশের সমন্বয় যা যুক্ত অবস্থানগত মন্তব্যের সাথে। অবস্থানগত ভাবে খ্রীষ্টে আমরা কি, আমরা খ্রীষ্টসাদৃশ্য জীবন যাপনের মত হয়েছি। তারা ঈশ্বরের লোক (অর্থাৎ, খামিহীন), কিন্তু ঈশ্বরের eschatological লোক হবে (অর্থাৎ, নতুন তাল)।

NASB “কারণ খ্রীষ্ট আমাদের উদ্ধার-পর্বের মেঘ উৎসর্গীকৃত হয়েছেন”

NKJV “কারণ অবশ্যই খ্রীষ্ট, আমাদের উদ্ধার-পর্বের মেঘ, আমাদের জন্য উৎসর্গীকৃত হয়েছেন”

NRSV “কারণে আমাদের নিস্তার পর্বের ভোজ প্রস্তুত, এখন খ্রীষ্ট, আমাদের উদ্ধার-পর্বের মেঘ, উৎসর্গীকৃত হয়েছেন”

TEV “কারণ আমাদের নিস্তার পর্ব অনুষ্ঠান প্রস্তুত, এখন খ্রীষ্ট, আমাদের উদ্ধার-পর্বের মেঘ, উৎসর্গীকৃত হয়েছেন”

NJB “কারণ নিস্তার পর্বের মেঘ উৎসর্গীকৃত হয়েছেন, যিনি হলেন, খ্রীষ্ট”

পৌল খ্রীষ্টের মৃত্যুকে পুরাতন নিয়মের নিস্তার পর্বের মেঘের ধারণার সঙ্গে সম্পর্কযুক্ত করেছেন (যাত্রা ১২:১৫ পদ থেকে কয়েকটি পদ; ১৩:৭)। এটি নূতন নিয়মের সামান্য কয়েকটি জায়গার একটি যেখানে এই সংযুক্তি বিশেষ ভাবে বর্ণিত:

১. বাস্তিঅদাতা যোহন এই সংযুক্তিকে দেখেছিলেন এবং যীশুকে যোহন ১:২৯ পদে বলেছেন “ঈশ্বরের মেঘ শাবক যিনি জগতের পাপ ভার নিয়ে যান।”
২. যোহন ১৯:৩৬ পদে যাত্রা ১২:৪৬ পদের উদ্ধৃতি ব্যবহার করা হয়েছে।

৫:৮ “সেইজন্য আস আমরা পর্বটি পালন করি” এটি একটি present active subjunctive (কাজের জন্য একটি Hortatory subjunctive আহবান)। এটি সম্পর্কযুক্ত কেবলমাত্র পুরাতন নিয়মের উপবাস দিনের সাথে (লেবীয় ১৬), যাকে বলা হয়েছে ১ করি ৫:৭ পদে প্রায়শ্চিত্ত দিন, যখন ১ করি ৫:৭ এবং ৮ পদ সম্পর্কিত নিস্তার পর্বের ভোজের সাথে (যাত্রা ১২)। এটি উল্লেখ করে আমাদের চলমান জীবন পদ্ধতি আমাদের জন্য ও আমাদের মধ্যে খ্রীষ্টের কাজের কারণে, কিন্তু সম্ভাব্য ঘটনার একটি উপাদানের সাথে (অর্থাৎ, subjunctive mood)।

■ “পুরানো খাম্বী দিয়ে নয়” এটি উল্লেখ করে খ্রীষ্টে নূতন চুক্তি বা নিয়ম (যির ৩১:৩১-৩৪; যিহি ৩৬:২২-৩৮)। এই নূতন চুক্তি বাদ দিয়েছে মানুষের গর্ব ও উদ্ধাত। খ্রীষ্টের মৃত্যু হল বাইবেল ভিত্তিক প্রকাশের জলছাপ।

■ “হিংসা ও দুঃস্থতা দিয়ে নয়” প্রসঙ্গে এবং তুলনার দ্বারা, পৌল জোর দিয়ে বলেছেন করিছের গৃহ মন্ডলীসমূহে কিছু বিভক্ত দলের উদ্দেশ্য ও কাজ অনুপযুক্ত, এমনকি মন্দ।

■ “বরণ সরলতার সাথে” এই বিরল শব্দ সম্ভবত একটি সমন্বিত টার্ম “রৌদ্রজ্বল” এবং “বিচার” থেকে। এটি গোপন নয় এমন, খাঁটি উদ্দেশ্যের ধারণা দেয় (১ করি ৫:৮; ২ করি ১:১২; ২:১৭; পিলি ১:১০; ২ পিতর ৩:১)।

■ “সত্য” *alētheia* এর শব্দতন্ত্র হল “উন্মুক্ত হওয়া, খোলা, স্পষ্ট প্রকাশিত,” যেটি মূল অর্থ “খাঁটি” এর সাথে সমান্তরাল। পৌল উদ্দেশ্য নিয়ে উদ্বিগ্ন ছিলেন! দেখুন বিশেষ বিষয় ২ করি ১৩:৮ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি স্থায়ী ৫:৯-১৩

^৯ আমি আমার চিঠিতে তোমাদের লিখেছিলাম ব্যভিচারীদের সংগে মেলামেশা কোর না; ^{১০} আমি অবশ্য তাদের সকলের কথা বলি নি যারা এই জগতের ব্যভিচারী লোক, বা লোভী, জোচ্চোর, বা যারা প্রতিমা পূজা করে, কারণ তাহলে তো তোমাদের এই জগতের বাইরে চলে যেতে হয়। ^{১১} কিন্তু আসলে, আমি তোমাদের কাছে লিখেছিলাম ভাই নামে আখ্যাত এমন কোন লোকের সাথে মেলামেশা কোর না যদি সে ব্যভিচারী, বা লোভী হয়, বা প্রতিমা পূজা করে, বা অন্যের নিন্দা করে, বা মাতাল, বা জোচ্চোর হয় তাহলে তার সংগে খাওয়া-দাওয়াও কোরো না। ^{১২} কারণ বাইরের লোকদের বিচার করবার জন্য আমার কি দায় পড়েছে? মণ্ডলীর ভিতরের লোকদের বিচার কি তোমরা কর না? ^{১৩} কিন্তু যারা বাইরের, তাদের বিচার ঈশ্বরই করবেন। তোমরা নিজেদের মধ্যে থেকে দুঃস্থ লোককে বের করে দাও। (অনুবাদকৃত টেক্সট)।

৫:৯ “আমি আমার চিঠিতে তোমাদের লিখেছিলাম” এটি সম্ভবত উল্লেখ করছে হারান পত্রটির বিষয় (A, T, Robertson, *Word Pictures in the New Testament*, p. 115, and M. R. Vincent, *Word Studies in the New Testament*, p. 769)। এটা সম্ভব যে পৌলের বেশ কয়েকটি চিঠি হারিয়ে গেছে (কল ৪:১৬) বা হতে পারে একটি প্রেরিত পত্র সম্বন্ধিয় aorist (১ করি ৯:১৫), যেটি উল্লেখ করতে পারে য করি স্থায়ী পত্রকে, যেটি তিনি বর্তমানে লিখছেন (১ করি ৫:১১)। ১ করি স্থায়ী পত্রের ভূমিকা দেখুন, VII.গ।

■ “ব্যভিচারী লোক” এটি গ্রীক টার্ম *pornos* (১ করি ৫:৯, ১০, ১১; ৬:৮)। এটি “ব্যভিচারী” এর সাথে সম্পর্কযুক্ত (অর্থাৎ, *porneia*, ১ করি ৫:১[দু'বার]; ৬:১৩-১৮; ৭:২; ২ করি ১২:২১) এবং “ব্যভিচার করা” (অর্থাৎ, *porneuo*, ১ করি ৬:১৮; ১০:৮)।

করিছের এই নূতন বিশ্বাসীরা বেশির ভাগ ছিল পরজাতি (সম্ভবত রোমীয়)। পৌত্তলিক আরাধনা ছিল মদ্যপান করে মাতালমায়ী ও তাদের দেবতার মন্দিরে যৌন ক্রিয়া করা এবং বিশেষ প্রকাশ্য ও ব্যক্তিগত নৈশভোজ। খ্রীষ্টে তাদের নূতন বিশ্বাস তাদের পরজাতি অতীত ও সংস্কৃতি এখনও দূষিত করছিল।

বিশেষ বিষয়: নূতন নিয়মে দুর্বৃত্ততা ও গুণাবলী

(SPECIAL TOPIC: VICES AND VIRTUES IN THE NT)

দুর্বৃত্ততা ও গুণাবলীর তালিকা নূতন নিয়মে খুব সাধারণ। প্রায়ই সেগুলি রাব্বিদের এবং সংস্কৃতিক (stoic) তালিকা প্রতিফলিত করে। নূতন নিয়মে চরিত্রের তুলনা করার তালিকা দেখা যেতে পারে:

	দুর্বৃত্ততা	গুণাবলী
১. পৌল	রোমীয় ১:২৮-৩২	-----
	রোমীয় ১৩:১৩	রোমীয় ১২:৯-২১
	১ করি ৫:৯-১১	-----
	১ করি ৬:১০	১ করি ৬:৬-৯

২ করি ১২:২০	২ করি ৬:৪-১০
গালা ৫:১৯-২১	গালা ৫:২২-২৩
ইফি ৪:২৫-৩২	-----
ইফি ৫:৩-৫	-----
-----	ফিলি ৪:৮-৯
কল ৩:৫,৮	কল ৩:১২-১৪
১ তীম ১:৯-১০	-----
১ তীম ৬:৪-৫	-----
২ তীম ২:২২ক, ২৩	২ তীম ২:২২খ, ২৪
তীত ১:৭,৩:৩	তীত ১:৮-৯; ৩:১-২
২. যাকোব	যাকোব ৩:১৫-১৬
৩. পিতর	১ পিতর ৪:৩
	২ পিতর ১:৯
৪. যোহন	প্রকা ২১:৮; ২২:১৫

Copyright © 2012 [Bible Lessons International](http://www.biblelessons.org)

৫:১০ পৌল চিঠিটি ভুল বোঝা হয়েছিল। পৌল বিনতি করেছিলেন নূতন বিশ্বাসীরা যেন ব্যাভিচার থেকে দূরে থাকে। যাহোক, কেউ কেউ একে ব্যাখ্যা করেছেন “কখনো সংশ্রবে না থাকা” হিসাবে। পৌলের তার অর্থের ব্যাখ্যা করার দরকার ছিল। বিশ্বাসীরা পতিত জগতে বাস করে; তাই ব্যাভিচারি লোকদের সংস্পর্শে না আসাটা অসম্ভব(বিশেষ করে যদি আমরা মথি ২৮:১৯ পদকে গুরুত্বের সঙ্গে নেই)। পৌল যা অর্থ করে ছিলেন তাহল নিয়মের ভাইদের, মণ্ডলীর সহ বিশ্বাসীদের, বা এমনকি সবচেয়ে ভাল বন্ধুর মধ্যে যেন পৌত্তলিকতা সক্রিয় হতে দেওয়া না হয়। এটি টার্ম *sunanamignumi* এর Present middle infinitive, যার অর্থ “একত্রে মিশানো” (১ করি ৫:৯,১১; ২ থি ৩:৬,১৪)। ১০-১১ পদ করিছে মণ্ডলীর সংস্কৃতিগত প্রেক্ষাপটের পরিষ্কার চিত্র তুলে ধরেছে।

৫:১১

NASB “ভাই নামে আখ্যাত এমন কোন লোক”

NKJV “ভাই নামে আখ্যাত যে কেউ”

NRSV “ভাই বা বোন নামে আখ্যাত যে কোন লোক”

TEV “যে লোক নিজেকে বিশ্বাসী ভাই নামে অভিহিত করে”

NJB “যে কেউ ভাইদের নামে পরিচিত”

এই শব্দগুচ্ছ হল একটি present passive participle, যেটি সংযুক্ত third class conditional sentence এর সাথে। এটি উল্লেখ করছে কোন একজনকে যে খ্রীষ্টের নাম নিজের জন্য দাবী করে (ইফি ৫:৩) বা খ্রীষ্টের নামে সম্বোধিত হয় (রোমীয় ১০:৯-১৩; ফিলি ২:১১)। খ্রীষ্টের নাম নেওয়া অর্থ তাঁর চরিত্রকে গ্রহণ করা। এটা খুব স্পষ্ট যে পৌল (যীশুর মত) বিশ্বাস করতেন যে একজনের জীবন পদ্ধতি তার সত্যিকার পরিচয় প্রকাশ করে (মথি ৭:১৫-২৩)। মুখের কথা অবশ্যই সুসমাচারের জ্ঞান, অন্তরে বাসকারী আত্মা, ব্যক্তিগত বাধ্যতা, এবং কষ্টসহিষ্ণুতার সাথে খাপ খাবে।

■ “একজন জোচ্চোর” ১ করি ৪:১২ পদে নোট দেখুন।

■ “যদি” এটি একটি third class conditional sentence, যার অর্থ সম্ভাব্য কাজ। মাৎসিক পাপ সম্বন্ধে পৌলের লেখনীতে বেশ কয়েকটি তালিকা রয়েছে (রোমীয় ১:২৯-৩৭; ১ করি ৫:১০-১১; ৬:৯-১০; ২ করি ১২:২০; গালা ৫:১৯-২১; ইফি ৪:৩১; ৫:৩-৪; কল ৩:৫-৯)।

■ “তার সংগে খাওয়া-দাওয়াও কোরো না” এটি উল্লেখ করতে পারে প্রভুর ভোজ, কিন্তু সামাজিক যোগাযোগকেও উল্লেখ করতে পারে (১ করি ১০:২৭)। রোমীয় সংস্কৃতির নৈশভোজ প্রায়ই ব্যাভিচারের সুযোগ করে দেয়।

৫:১২ পৌল এবং মণ্ডলীকে অবশ্যই সদস্যদের সাথে মোকাবিলা করবে (১ করি ৫:১২ আশা করছে “হ্যাঁ” উত্তর), কিন্তু বিশ্বাসীরা অবশ্যই ঈশ্বরকে সুযোগ দেবে যারা মণ্ডলীর সদস্য নয় তাদের সাথে মোকাবিলা করতে। বিশ্বাসীরা অবশ্যই একজন অন্যের বিচার করবে না (মথি ৭:১ পদ থেকে কয়েকটি পদ; রোমীয় ১৪:১-১৫:১৩), কিন্তু

১. আমরা অবশ্যই নেতৃত্বের মর্যাদার জন্য একজন আর একজনের ফল পরীক্ষা করবো (১ করি ৬:১-৩; মথি ৭)

২. আমরা অবশ্যই মণ্ডলীর অনুশাসন অনুশীলন করবো যখন মণ্ডলীর সুনাম ঝুঁকির মদ্যে পড়বে

এটি প্রায়ই একটি সুন্দর কথা! প্রয়োগের দিক থেকে পৌল জোর দিয়ে বলেছেন যে ১ করি ৫:১ পদের পাঁপী মানুষ অবশ্যই ঈশ্বরের বিচারের আওতায় পতিত হবে (অর্থাৎ, মণ্ডলির বাইরে)।

এটি বিশ্বয় যে কিভাবে এই প্রসঙ্গ আধুনিক সমাজের সাথে সম্পর্কিত যেখানে বিশ্বাসী ও অবিশ্বাসীদের সুযোগ রয়েছে সামাজিক অবস্থানকে ভোটের দ্বারা নিয়ন্ত্রিত করার। বিশ্বাসীরা কি দৃঢ়তার সাথে রাজনৈতিক প্রক্রিয়াতে অংশ গ্রহণ করবে? এই প্রসঙ্গ বিচারে সীমাবদ্ধ মণ্ডলীর শৃংখলার সম্পর্কে কিন্তু পশ্চিমা, আধুনিক গণতন্ত্রের সাথে নয়। বাধ্যতা এবং সুযোগ উভয়ের দ্বারাই বিশ্বাসীরা দুটি রাজ্যের নাগরিক! বিশ্বাসী হিসাবে ঈশ্বরের আত্মা, ঈশ্বরের ইচ্ছা, এবং ঈশ্বরের বই আমাদের সাহায্য করে এই পতিত জগতে আমাদের পথকে খুঁজে নিতে, কিন্তু অবিশ্বাসীরা পাপ, আমিত্ব, এবং শয়তানের দ্বারা শোষিত ও নিয়ন্ত্রিত হচ্ছে। তাদের দরকার আমাদের সাক্ষ্য ও সহানুভূতি, কিন্তু আমাদের আত্মা ধার্মিকতার বিচার নয়। আমাদের ইচ্ছা, উদ্দেশ্য, এবং কাজ তারা বুঝতে সক্ষম নয়।

সমস্যা হল কখন এবং কিভাবে খ্রীষ্টিয়ানদের একে অন্যকে “বিচার” করা উচিত কারণ বেশ কয়েকটি গ্রীক পাণ্ডুলিপি এই টেক্সটকে পরিবর্তন করেছে।

১. খুব প্রাচীন papyrus পাণ্ডুলিপি (প্রায় ২০০ খ্রীষ্টাব্দ) সেই সাথে Bahairic Coptic অনুবাদ (তৃতীয় শতক) এবং Peshitta Syriac অনুবাদ (পঞ্চম শতক) কেবলমাত্র নেতিবাচককে বাদ দিয়েছে এবং বাক্যটি অনুবাদ করেছে একটি imperative হিসাবে, “তুমি তাদের বিচার কর যারা ভিতরে [মণ্ডলীতে] আছে” (Bruce M. Metzger, *A Textual Commentary on the Greek New Testament*, p. 551)।
২. Sahidic Coptic অনুবাদ (তৃতীয় শতক) আগের বাক্যের সাথে নেতিবাচকটি রেখেছে, “কারণ আমি কি করতে পারি তাদের বিচারে যারা মণ্ডলীর বাইরে আছে কিন্তু তাদের নয় যারা ভিতরে আছে? তাদের বিচার কর যারা ভিতরে আছে” (Metzger, p. 51)।
৩. UBS⁴ টেক্সট মৌলিক হিসাবে এই পার্থক্যকে স্বীকার করে না।

৫:১৩ পৌল তার যুক্তিকে নিশ্চিত করেছেন যিহূদী দৃষ্টিভঙ্গি থেকে মোশির লেখনী থেকে পরোক্ষ ভাবে উল্লেখ করে (দ্বি বি ১৩:৫; ১৭:৭,১২; ১৯:১৯; ২১:২১; ২২:২১,২৪; ২৪:৭)। যদি মণ্ডলী সহ্য করে (এমনকি গৌরবে) ব্যাভিচারী সদস্যদের তারা সমগ্র মণ্ডলীকে প্রভাবিত করবে (১ করি ৫:১১)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. কেন আজকের মণ্ডলীগুলি মণ্ডলীর অনুশাসন অনুশীলন করে না?
২. কিভাবে আমরা পৌলের প্রেরিতিক কর্তৃত্বকে স্থানীয় মণ্ডলীর কর্তৃত্বের সাথে সম্পর্কিত করতে পারি?
৩. কাউকে শয়তানের হাতে ছেড়ে দেওয়া তার মাংসিক ধংসের জন্য বলতে কি বোঝায়?
৪. পৌল করিন্থীয়দের কতটি পত্র লিখেছিলেন?

Copyright © 2013 [Bible Lessons International](http://www.biblelessons.org)

১ করিন্থীয় ৬
(1 CORINTHIANS 6)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
অবিশ্বাসীদের সামনে বিচারে যাওয়া	ভাইদের বিচারে নিও না	পৌত্তলিকদের বিচারালয়ে বিচার করা	সহ খ্রীষ্টিয়ানদের বিরুদ্ধে বিচার করা	পৌত্তলিক বিচারালয়ের স্মরণ নেওয়া
৬:১-১১	৬:১-১১	৬:১-৬ ৬:৭-৮	৬:১-৬ ৬:৭-১১	৬:১-৮ ৬:৯-১১
তোমরা দেহে ঈশ্বরের গৌরব কর	দেহ এবং আত্মায় ঈশ্বরের গৌরব কর	শিথিলতার জন্য সতর্কবাণী	তোমার দেহকে ঈশ্বরের গৌরবার্থে ব্যবহার কর	যৌনতার ব্যভিচার
৬:১২-২০	৬:১২-২০	৬:৯-১১ ৬:১২-২০	৬:১২-১৪ ৬:১৫-১৭ ৬:১৮-২০	৬:১২-১৭ ৬:১৮-২০

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

প্রারম্ভিক বক্তব্য

আমাকে, বৎসর ব্যাপি, অনেক উকিল প্রশ্ন করেছে যে কিভাবে এই প্রসঙ্গ আমাদের আধুনিক সমাজের সাথে সম্পর্কযুক্ত।

প্রথমত, কাউকে (এমনকি অন্য খ্রীষ্টিয়ানদেরও) বিচারালয়ে নিয়ে যাওয়ার বিরুদ্ধে নিষেধাজ্ঞা অবশ্যই আলোচিত হবে। কেউ একজন তর্ক করতে পারেন যে আধুনিক বিচারালয় পৌত্তলিক বিচারালয় থেকে আলাদা, কিন্তু কিভাবে পৃথক? আমাদের বেশির ভাগ আইনের ভিত্তি রোমীয় আইন। আজকের অনেক বিচারক বিশ্বাসী, কিন্তু তা তাদের বিচারের আইনকে প্রভাবিত করা উচিত নয়।

এর সাথে বেশ কিছু বিষয় অর্ন্তভুক্ত।

১. মামলা-মোকদ্দমার অনুপ্রেরণা ও উদ্দেশ্য হল গুরুত্বপূর্ণ, কেবলমাত্র মামলার আইনগত ভিত্তি নয়। আমরা একটি মামলাবাজ সমাজে বাস করি, ঠিক যেমন প্রাচীন আথীনী। প্রায়ই গর্ব, অর্থ, বা প্রতিশোধ হল প্রকৃত কারণ।
২. লোভী, হীনমনা, বা ত্রুড় খ্রীষ্টিয়ানদের সামাজিক সংঘাতের ফলাফলে উন্মুক্ত বিচারালয় অবশ্যই এড়িয়ে যেতে হবে। প্রতিটি বিশ্বাসীর যৌথ বাধ্যতা আছে ঈশ্বরের রাজ্যের প্রতি। আমাদের সাক্ষ্যদান হল গুরুত্বপূর্ণ।
৩. যাহোক, মণ্ডলী কখনোই বিশ্বাসীদের মধ্যকার শালিসের কার্যকর উপায় যোগান দেয় না। বিশ্বাসীদের জন্য কোন উন্মুক্ত ecclesiastical দরবার নেই এবং বিষয় সমূহ যা তাদের কাছে গুরুত্বপূর্ণ বা যা সহজাত ভাবে অন্যায় তার জন্য আলোচনার।
৪. সম্ভবত একটি সমাধান হল আত্রিক উৎস সহ খ্রীষ্টিয় উকিল সংঘ (অর্থাৎ, শাস্ত্র, ঈশ্বরীয় প্রজ্ঞা, ইত্যাদি), কেবলমাত্র বৈধ পূর্ব নজির নয়, যেটি মোকাবেলা করেছে বিশ্বাসীদের অর্ন্তভুক্ত বৈধ বিষয়সমূহ। বিশ্বাসীরা (অর্থাৎ, বিশ্বাসী উকিলগণ) যারা পরিচালনা অনুভব করেন মামলায় অর্ন্তভুক্ত হবার তারা অবশ্যই ঈশ্বরের নির্দেশনা চাইবেন এবং নির্দেশাবলী প্রতিষ্ঠা করবেন যারা দ্বারা তারা আইন অনুশীলন মনোনীত করেছেন। এটি একটি সংঘের উন্নয়ন করতে পারে বিশ্বাসীদের মধ্যে শালিসের জন্য।

যদিও নূতন নিয়ম ঐতিহাসিক ভাবে ও সংস্কৃতিগত ভাবে শর্তাধীন, মূল সমস্যা এবং মানুষের প্রবণতা নয়। এই টেক্সটগুলির মধ্যে দিয়ে ঈশ্বর কথা বলেছেন এবং বিশ্বাসীরা অবশ্যই তাঁর বাক্য ও ইচ্ছা শুনবে, যদিও প্রথম শতকের গ্রীক-রোমীয় বিশিষ্টতায় নয়। এই টেক্সট বিশ্বাসীদের আহবান জানিয়েছে মামলাবাজ কম হতে এবং আরও বেশি খ্রীষ্টসাদৃশ্য হতে। তারা মণ্ডলীকে আহবান জানিয়েছে একটি সংঘ (যেমন সমাজগৃহের বিচারালয়) দেবার জন্য। তারা আমাদের দিকে চিৎকার করে বলছে যে রাজ্যের (অর্থাৎ, সুসমাচার) ক্ষতির চেয়ে ব্যক্তিগত ক্ষতি উত্তম!

সেই সময়ে যখন খুব সামান্য মণ্ডলীর অনুশাসন ছিল, বিশ্বাসীদের মধ্যে নিয়ন্ত্রণহীন বিবাহ বিচ্ছেদ, সেই সাথে ছিল লোভী, মামলাবাজ সমাজ, ৫ ও ৬ অধ্যায় আমাদের অধ্যয়ন ও কাজে লাগানোর জন্য গুরুত্বপূর্ণ টেক্সট, সমবেত ভাবে(মণ্ডলী ও মণ্ডলীসমূহে) এবং স্বতন্ত্রভাবে। আমেরিকান স্বাধীনতা হল আইনের অধীনে সমতার ভিত্তিতে। এর অর্থ হল যেমন বিশ্বাসী হিসাবে আমরা দুটি এলাকায় বা রাজ্যে বাস করি, একটি সামাজিক আর অন্যটি আত্রিক। আমরা আমাদের বৈধ পদ্ধতিকে লুপ্ত করতে ভয় পাই না, কিন্তু আমাদের অবশ্যই মনে রাখতে হবে আমাদের স্বর্গীয় নাগরিকত্বের কথা। উভয় রাজ্যেরই অধিকার এবং দায়িত্ব রয়েছে। কিন্তু একটি রাজ্যের অগ্রগণ্যতা রয়েছে (১ করি ৬:১৯-২০)!

কোন কোন বিশ্বাসী মামলার বিষয় এবং মামলার প্রকৃত কারণ ভিন্ন ভাবে দেখতে পারেন। আমাদের সকলকে সেই আলোতে চলতে হবে যে আলো আমরা পেয়েছি। এই প্রসঙ্গ সেই আলো বৃদ্ধি করতে পারে।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি ৬:১-৬

^১ তোমাদের মধ্যে কারও যদি কোন বিশ্বাসী ভাইয়ের বিরুদ্ধে কোন কথা থাকে, তবে কোন সাহসে সে ঈশ্বরের লোকদের কাছে না গিয়ে অধর্মিকদের কাছে গিয়ে বিচার চায়? ^২ অথবা তোমরা কি জান না যে, পবিত্র লোকেরাই জগতের বিচার করবে? যদি জগতের বিচার তোমাদের দিয়ে হয়, তবে তোমরা কি সামান্য বিষয়ের বিচার করার যোগ্য নও? ^৩ তোমরা কি জান না যে আমরা স্বর্গদূতদের বিচার করব? তাহলে কতটা অধিক এই জীবনের বিষয়? ^৪ সেজন্য তোমরা যদি এই জীবন সংক্রান্ত বিষয়ের বিচার করে থাক, তবে যারা মণ্ডলীর মধ্যে কিছুই গণ্য নয় তাদেরই কি তোমরা বিচারে বসিয়ে থাক? ^৫ আমি তোমাদের লজ্জা দেবার জন্য এই কথা বলছি। এটা কেমন, যে তোমাদের মধ্যে কি এমন কোন জ্ঞানী লোক নেই যে ভাইদের মধ্যে মীমাংসা করে দিতে পারে, ^৬ কিন্তু ভাইয়ের সঙ্গে ভাই বিচারালয়ে যায়, এবং তা আবার অবিশ্বাসীদের সামনে? (অনুবাদকৃত টেক্সট)।

৬:১

NASB “কোন কথা”

NKJV “কোন বিষয়”

NRSV “কোন নালিশ”

TEV “কোন বিতর্ক”

NJB “কোন অভিযোগ”

এটি মিসরে পাওয়া Koine গ্রীক Papyri তে ব্যবহৃত হয়েছে এটি বুঝতে (১) “একটি কাজ” বা “একটি দলিল”; (২) “একটি মামলা”; (৩) “সমস্যা” বা “কঠিনতা”; (৪) “ব্যবসা” বা “বাণিজ্য” (Moulton and Milligan, *The Vocabulary of the Greek New Testament*, p. 532)। এই প্রসঙ্গে ২ নম্বরটি সবচেয়ে ভাল খাপ খায়। আমরা Athenian documents থেকে জানি যে গ্রীকেরা সংস্কৃতিগত ভাবে মামলাবাজ সম্পন্ন লোক। একই রকম ভাবে, কোন না কোন ভাবে, রোমীয়দের সাথে সম্পর্কযুক্ত। পৌলের সময়ে করিন্থ গ্রীক ছিল না, কিন্তু রোমীয় (দেখুন Bruce W. Winter, *After Paul Left Corinth*, Eerdmans, 200)।

NASB “তার ভাই”

NKJV, NRSV,

NJB “অন্যজন”

TEV “অন্য খ্রীষ্টিয়ান”

এটি আক্ষরিক ভাবে *heteros* (১ করি ১০:২৪; ১৪:১৭; গালা ৬:৪)। Classical গ্রীকে একটি পার্থক্য ছিল *alla* (অর্থাৎ, একই রকমের আর একটি) এবং *heteros* (অর্থাৎ, ভিন্ন রকমের আর একটি) এর মধ্যে। Koine গ্রীকে এই পার্থক্য (যেমন অনেক পার্থক্য ছিল Classical গ্রীক ব্যাকরণে

এবং ব্যবহারে) আন্তে আন্তে বিলিন করা হয়েছিল। এই প্রসঙ্গে একটি উত্তম উদাহরণ। এখানে *heteros* ব্যবহার, সহ বিশ্বাসীদের উল্লেখ করছে, এটি রোমীয় ১৩:৮ পদের সমান্তরাল। রোমীয় ২:১ পদে টার্মটির রয়েছে ব্যাপক অর্থ, সম্ভবত প্রতিবাসি, সহ নাগরিক, বা যিহুদী। এই পদের অন্তর্নিহিত তাৎপর্যের প্রসঙ্গকৃত পয়েন্ট হল শব্দগুচ্ছ “পবিত্রগণের সামনে।” একজন হারান প্রতিবাসি একজন বিশ্বাসীর সাথে বিবাদে মণ্ডলীর বিচারের দরবারে (মথি ১৮:১৭; যাকোব ২:১-৪) যেতে সম্ভবত রাজী হবে না।

এটি নিশ্চিত ভাবে সম্ভব যে পৌলের দুই-স্তরের স্বতন্ত্রতা ছিল। এটা একটি সমস্যা ছিল একজন বিশ্বাসীর অন্য একজন অবিশ্বাসীর বিরুদ্ধে পৌত্তলিক বিচারালয়ের সামনে উপস্থিত হওয়া। এটা একজন বিশ্বাসীর জন্য আরও খারাপ ছিল যে অন্য একজন বিশ্বাসীকে পৌত্তলিক বিচারালয়ের নিয়ে যাওয়া। আমি ১ করি ৬:১ পদের অনুবাদ “প্রতিবাসি” সমর্থন করি যেটি আরও অর্থ করে “নিয়মের অংশীদার” বা “সহ বিশ্বাসী।”

■ “সাহস” এই গ্রীক টার্ম (অর্থাৎ, *tolmaō*) করিছীয় পত্রে অনেকবার ব্যবহৃত হয়েছে “মনে করে নেওয়া” বা “সাহসীকতার নিশ্চয়তা” অর্থে (১ করি ৬:১; ২ করি ৬:২, ১০; ১১:২১; এবং রোমীয় ৫:৭; ১৫:১৫, ১৮; যিহুদা ৯)।

NASB, NKJV “অধার্মিকদের কাছে গিয়ে বিচার চায়”
NRSV “অধার্মিকদের কাছে এর বিচারের জন্য নিয়ে যায়”
TEV “অশ্রীষ্টিয়ানদের বিচারকদের কাছে যায়”
NJB “পাপীদের কাছে বিচারের খোঁজ করে”

বিশ্বাসীরা যে অন্যান্য ভাবে বাজে আচরণের শিকার হচ্ছে সে বিষয়ে পৌল উদ্দিগ্ন ছিলেন না, কিন্তু খ্রীষ্টিয় সমস্যা অবিশ্বাসীদের সামনে উন্মুক্ত করার বিষয়ে ছিলেন। আত্মা হল মণ্ডলীর মধ্যে পরস্পরের সঙ্গে সম্পর্কের চাবিকাঠি, কিন্তু পৌত্তলিক আইন নয়। ব্যক্তিগত ন্যায় বিচারের চেয়ে সুসমাচার প্রচার হল অধিক গুরুত্বপূর্ণ!

৬:২ “তোমরা কি জান না” ১ করি ৫:৬ পদে নোট দেখুন।

■ “পবিত্রগণ” “পবিত্রগণ” (*hogioi*) পুরাতন নিয়মের টার্ম “পবিত্র,” (*kadosh*) থেকে এসেছে যার অর্থ “ঈশ্বরের সেবার জন্য পৃথকীকৃত” (যাত্রা ১৯:৬; দ্বি বি ৭:৬; ১ করি ১:২; ২ করি ১:১; রোমীয় ১:১; ইফি ১:১; ফিলি ১:১; কল ১:২)। ফিলিপীয় (৪:২১) একটি জায়গায় একবার বাদে এটি নূতন নিয়মের সব জায়গাতে সব সময়ই plural, কিন্তু সেখানেও, এটি ব্যবহৃত হয়েছে যৌথভাবে। উদ্ধার পাওয়া হল বিশ্বাসী নিয়মের সমাজ, বিশ্বাসীদের পরিবারের একটি অংশ। দেখুন [বিশেষ বিষয়: পবিত্র গণ, পৃ. ২৭, \(SPECIAL TOPIC: SAINTS, See page 27\)](#) ১ করি ১:২ পদে।

ঈশ্বরের লোকেরা পবিত্র কারণ তাদের উপরে আরোপিত যীশুর ধার্মিকতা (অর্থাৎ, indicative মন্তব্য, রোমীয় ৪; ২ করি ৫:২১)। এটির ঈশ্বরের ইচ্ছা যে তারা পবিত্র জীবন যাপন করবে (অর্থাৎ, imperative আদেশ, ইফি ১:৪; ৪:১; ৫:২৭; কল ১:২২; ৩:১২)। বিশ্বাসীদের পবিত্র বলে ঘোষণা করা হয়েছে (অবস্থানগত পবিত্রকরণ) এবং তাদের জীবন পদ্ধতিকে পবিত্র করার আহবান জানানো হয়েছে (অগ্রসরমান পবিত্রকরণ)। ধার্মিক গণনা করা এবং পবিত্রকরণ অবশ্যই একত্রে ধারণ করতে হবে! দেখুন [বিশেষ বিষয়: নূতন নিয়মের পবিত্রতা/শুচিকরণ, পৃ. ২৬, \(SPECIAL TOPIC: NEW TESTAMENT HOLINESS/SANCTIFICATION, See page 26\)](#) ১ করি ১:২ পদে।

■ “জগতের বিচার করবে” যদিও যীশু নির্দিষ্ট ভাবে উল্লেখ করেছেন যে প্রেরিতেরা বিচারকের মত কাজ করবে, এই সত্যের যুক্তিগত বিস্তার হল যে পবিত্রগণেরাও বিচার করবে (দানি ৭:২২, ২৭; মথি ১৯:২৮; লূক ২২:২৮-৩০; প্রকা ২:২৬, ৩:২১, ২০:৪)। কখন এবং কিভাবে সেটাই হল কঠিন প্রশ্ন।

■ “যদি” এটি একটি first class conditional sentence, যেটি ধরে নেয় যে পবিত্রগণেরা শেষ কালীণ ঘটনার সময়ে বিচারকের মত অংশ গ্রহণ করবে।

NASB “তোমরা কি সামান্য বিষয়ের বিচার করার যোগ্য নও?”
NKJV “তোমরা কি সামান্য বিষয়ের বিচার করার অযোগ্য?”
NRSV “তোমরা কি তুচ্ছ মামলার বিচার করার অযোগ্য?”
TEV “তোমরা কি সামান্য বিষয়ের বিচার করার যোগ্য নও?”
NJB “তোমরা কি ক্ষুদ্র মামলার বিচার করার যোগ্য নও?”

এটি হল তিক্ত ব্যঙ্গিক তাদের প্রতি যারা দাবী করে যে তাদের উৎকৃষ্ট জ্ঞান রয়েছে! এই একই টার্ম (অর্থাৎ, *anaxios*) ব্যবহৃত হয়েছে করিছীয় মণ্ডলীর প্রভুর ভোজের সময়ে অনুপযুক্ত আচরণের জন্য (১ করি ১১:২৭, ২৯)। এই অপরিপক্ব বিশ্বাসীরা, যারা দাবী করে যে তাদের অনেক বিশেষ অন্তর্দৃষ্টি রয়েছে, বাস্তবে তারা জান না কিভাবে উপযুক্ত ভাবে মূল্যায়ন করতে হয় বা উপযুক্ত ভাবে কাজ করতে হয়!

টার্ম “সামান্য বিষয়” হল *mikros* এর superlative রূপ। পৌল এটি আগেই ১ করি ৪:৩ পদে ব্যবহার করেছেন। এটি ব্যঙ্গিক সর্বোচ্চ পর্যায়ে নেওয়ার জন্য ব্যবহৃত হয়।

৬:৩ “তোমরা কি জান না যে আমরা স্বর্গদূতদের বিচার করব” ব্যাকরণ আশা করে “হ্যাঁ” উত্তর। বিশ্বাসীদের দূতদের থেকেও উচ্চতর আত্মিক মর্যাদা। এই পতিত জগতের ফাঁদে পতিত হওয়া, বিশ্বাসীদের জন্য এটা কঠিন, আমাদের আত্মিক মানদণ্ড উপলব্ধি করা (১ করি ১৩:১২)। স্বর্গদূতদের সৃষ্টি করা হয়েছে ঈশ্বরের সেবাকারী হিসাবে এবং উদ্ধারপ্রাপ্ত মানুষের (ইব্রীয় ১:১৪)। এই সেই মানুষ যারা ঈশ্বরের প্রতিমূর্তিতে এবং সাদৃশ্যে সৃষ্টি হয়েছে (আদি ১:২৬-২৭), স্বর্গদূতদের মত নয়। এই সেই মানুষ যাদের জন্য যীশু জীবন দিয়েছেন, স্বর্গদূতদের জন্য নয় (ইব্রীয় ২:১৪-১৬)। বিশ্বাসীরা একদিন স্বর্গদূতদের বিচার করবেন (অর্থাৎ, বিদ্রোহী স্বর্গদূত, আদি ৬; মথি ২৫:৪১; ২ পিতর ২:৪-৯; যিহূদা ৬ অথবা সকল দূতেরা সার্বজনীন কর্তৃত্বের রূপক হিসাবে, দানি ৭:২২, ২৭।

রাব্বিদের ধর্মতত্ত্ব অনুসারে দূতেরা সব সময়ই পতিত মানুষের জন্য ঈশ্বরের ভালবাসা, তত্ত্বাবধান এবং সব যোগানের জন্য দাঁড়াইয়া। যিহূদী রহস্য উদঘাটনমূলক সাহিত্যও জোর দিয়ে বলেছে যে শয়তানের বিদ্রোহ আদমের বংশধরদের সেবা করার ঈশ্বরীয় আদেশের সাথে সম্পর্কিত।

■ “কতটা অধিক” এটি প্রতিফলিত করছে strong enclitic particle (অর্থাৎ, *ge*), যেটি ব্যবহৃত হয়েছে গুরুত্ব চিহ্নিত করতে (Moulton's *Analytical Lexicon*, Revised, p. 75)। ব্যঙ্গাত্মক তুলনা স্পষ্ট।

৬:৪ “যদি” third class conditional sentence, যার অর্থ সম্ভাব্য কাজ।

■ “তোমরা কি নিয়োগ” এই শব্দগুচ্ছকে বেশ কয়েকটি উপায়ে অনুবাদ করা যায়। তত্ত্ব হল

১. indicative (একটি মন্তব্য), “তোমরা কি স্থির করেছো?”
২. interrogative (একটি প্রশ্ন), “তোমরা কি স্থির করেছো?”
৩. exclamation (NJB, NIV), “তোমরা স্থির করেছো!”
৪. IMPERATIVE (একটি আদেশ), “স্থির কর”

পয়েন্টটি হল যে সামান্য খ্রীষ্টিয়ানও সহজ ও সাধারণ জাগতিক বিষয়ের বিচার অবশ্যই করতে সক্ষম হবে। বিষয়টি আরও স্পষ্টভাবে ব্যাখ্যা চেষ্টা করতে, দুটি উপায় আছে এই টেক্সটকে দেখার: (১) এটি উল্লেখ করছে পৌত্তলিক বিচারকদের অথবা (২) এটি উল্লেখ করছে মণ্ডলীর সবচেয়ে কম গুরুত্বপূর্ণ সদস্যকে। যদি সেরকম হয়, এটি চলমান ব্যঙ্গোক্তি।

NASB, NJB “যারা কিছুই গণ্য নয়”
NKJV “তারা যারা গণনায় নগন্য”
NRSV, TEV “তারা যাদের গণ্য করা হয় না”

এই টার্মটি (অর্থাৎ, *exouthene.*, perfect passive participle) পৌল ১ করি ১:২৮ পদে ব্যবহার করেছেন এটা দেখাতে যে ঈশ্বর “সামান্য জিনিস,” “নগণ্যতম,” “যে সব জিনিস কিছুই নয়” ব্যবহার করেন জগতের জ্ঞানকে গুলিয়ে ফেলার জন্য যেন ঈশ্বর নিজে গৌরব লাভ করেন। এখানে এটি মনে হয় মণ্ডলীতে তাদের ইস্তিত দিচ্ছে যারা কোন কিছুই গণ্য নয় বা নেতৃত্ব দেবার দক্ষতা নেই। ঈশ্বরের লোকদের মধ্যে ক্ষুদ্রতম জন অধিক সম্পূর্ণ কারণ ঈশ্বরের জ্ঞান এবং আত্মা উচ্চ শিক্ষিত ও অভিজ্ঞ অবিশ্বাসী জাগতিক বিচারকদের চেয়ে ভালভাবে বিষয়টি মোকাবেলা করে।

■ “মণ্ডলী” দেখুন বিশেষ বিষয় ১ করি ১:২ পদে।

৬:৫ “আমি তোমাদের লজ্জা দেবার জন্য এই কথা বলছি” পৌল প্রায়ই এই শব্দ ব্যবহার করেছেন (১ করি ৪:১৪; ৬:৫; ১৫:৩৪; ২ থিম ৩:১৪; তীত ২:৮)। লজ্জা পাওয়া হল একটি আত্মিক হাতিয়ার যা দোষের উপলব্ধি আনে এবং সত্য ও নির্ভরযোগ্য কাজ ও আচরণকে উন্নত করতে সুযোগ দেয়। এই পদটি চলমান তিক্ত ব্যঙ্গোক্তি।

■ “এটা কেমন, যে তোমাদের মধ্যে কি এমন কোন জ্ঞানী লোক নেই” এটি ছিল তিক্ত ব্যঙ্গোক্তি এই ঔদ্যত্বপূর্ণ মণ্ডলীর প্রতি। এটি double negative প্রশ্নে জোর দান, যেটি আশা করে একটি “হ্যাঁ” উত্তর। দেখুন ১ করি ৪:৭ পদের নোট।

৬:৬ “এবং তা আবার অবিশ্বাসীদের সামনে” এখানে কোন article নেই, সেজন্য, গুরুত্বদান হল জাগতিক গুণসম্পন্ন “পৌত্তলিক” বিচারকদের উপরে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি স্থায়ী ৬:৭-৮

^১ বাস্তবিক, তাহলে, এটা ইতিমধ্যে তোমাদের জন্য পরাজয়, যে তোমরা একে অন্যের বিরুদ্ধে মামলা করছ। তার চেয়ে বরং অন্যায় সহ্য কর না কেন? বরং ঠকে যাও না কেন? ^২ তার বদলে, তোমরা নিজেরাই অন্যায় করছ এবং ঠকাচ্ছ। আর তোমরা তা তোমাদের ভাইদের প্রতিই করছ! (অনুবাদকৃত টেক্সট)।

৬:৭ “বাস্তবিক” ১ করি ৫:১ পদে নোট দেখুন।

■ “তাহলে, এটা ইতিমধ্যে” এই শব্দগুচ্ছ (অর্থাৎ, *edē men oun*) ইস্তিত দেয় যে এই মণ্ডলী এর মধ্যেই এই কাজটি করে ফেলেছে। তারা ইতিমধ্যেই পরাজিত হয়েছে!

NASB, NRSV	“একটি পরাজয়”
NKJV	“এক চরম ব্যর্থতা”
TEV	“সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে”
NJB	“একটি ভুল”

এটা আক্ষরিক ভাবে “অল্প,” কিন্তু ব্যবহৃত হয়েছে পরাজিত হওয়া বা ব্যর্থ হওয়ার অর্থে (২ করি ১২:১৩; রোমীয় ১১:১২; ২ পিতর ২:১৯-২০)।

NASB, NRSV	“তার চেয়ে বরং অন্যায় সহ্য কর না কেন? বরং ঠকে যাও না কেন”
NKJV	“তার চেয়ে বরং তোমরা অন্যায় সহ্য কর না কেন? বরং তোমরা কেন নিজেদের ঠকে যেতে দাও না”
TEV	“তোমাদের জন্য এটা ভাল নয় কি অন্যায় সহ্য করা? নিজেদের লুটিত হতে দেওয়াটাও কি তোমাদের জন্য ভাল নয়”
NJB	“তার চেয়ে বরং অন্যায় সহ্য করা মেনে নাও না কেন, ঠকে যাওয়াটাও মেনে নাও না কেন”

এই হল দুটি present passive indicatives। বিশ্বাসীদের ব্যক্তিগত অধিকার মণ্ডলীর কাজ এবং সুনামের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ নয়। যদি রাজ্য হেরে যায় তবে কি কোন খ্রীষ্টিয়ান জয়লাভ করতে পারে?

৬:৮ ব্যক্তিস্বাতন্ত্রের উপরে গুরুত্বদানকারী পশ্চিমা মণ্ডলী, সুসমাচারকে স্থানচ্যুত করেছে। আমরা সমগ্রীক ভাবে, মিলিত ভাবে, মণ্ডলীগত ভাবে এর চলমান গুরুত্ব অনুধাবন করতে ব্যর্থ হয়েছি! আমরা খ্রীষ্ট ধর্মকে সুসমাচারের জন্য এমন কিছু বলে ধেকার পরিবর্তে ব্যক্তিগত ভাবে আমাদের জন্য এমন কিছু বলে দেখছি। আমরা উদ্ধার পেয়েছি (ব্যক্তিগত ভাবে) মণ্ডলীকে সেবা করার জন্য (১ করি ১২:৭)। বিশ্বাসীদের অবশ্যই নূতন নিয়মের বিশ্ব দর্শনকে উন্নত করতে হবে, বিশ্বকে দেখতে হবে ঈশ্বরের চোখ দিয়ে এবং মিলিতভাবে, বিশ্বব্যাপি উদ্দেশ্যে (অর্থাৎ, মথি ২৮:১৮-২০; লুক ২৪:৪৭; প্রেরিত ১:৮)।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি স্থায়ী ৬:৯-১১

* অথবা তোমরা কি জান না যে অধার্মিকেরা ঈশ্বরের রাজ্যের অধিকারী হবে না? তোমরা ভুল পথে চলো না; কি অগম্যগামী, কি প্রতিমাপূজক, কি ব্যভিচারী, কি নারীসুলভ, কি সমকামী,^{১০} কি চোর, কি লোভী, কি মাতাল, কি জোচ্চোর, কি পরনিন্দাকারী তারা ঈশ্বরের রাজ্যের অধিকারী হবে না।^{১১} যেমন তোমাদের মধ্যে কেউ কেউ সে রকমই ছিলে, কিন্তু তোমরা ধৌত হয়েছো, পবিত্রীকৃত হয়েছো, ধার্মিক গণিত হয়েছো প্রভু যীশু খ্রীষ্টের নামে এবং আমাদের ঈশ্বরের আত্মায়। (অনুবাদকৃত টেক্সট)।

৬:৯-১০ পৌল স্পষ্টত উদ্দিগ্ন ছিলেন প্রতিটি খ্রীষ্টিয়ানের জীবন যাপন পদ্ধতি সম্পর্কে (১ করি ৫:১০,১১; ৬:৯-১০), যা মণ্ডলীকে প্রতিফলিত করতো। পরিত্রাণ কেবলমাত্র বিচারের কাজ ছিল না (অর্থাৎ, বিশ্বাস দ্বারা ধার্মিক গণিত হওয়া), এটি হল পরিবর্তিত জীবন (অর্থাৎ, পবিত্রকরণ বা খ্রীষ্টসাদৃশ্যতা, গালা ৬:৭)। দেখুন [বিশেষ বিষয়:নূতন নিয়মের পবিত্রতা/শুক্টিকরণ, পৃ..২৬, \(SPECIAL TOPIC: NEW TESTAMENT HOLINESS/SANCTIFICATION, See page 26\)](#) ১ করি ১:২ পদে।

মণ্ডলী “প্রতারিত হচ্ছিল” এবং হচ্ছে। এটি একটি present passive imperative সাথে negative particle, সাধারণত অর্থ চলমান কোন কাজকে থামানো।

৬:৯ “তোমরা কি জান না” ১ করি ৫:৬ পদে নোট দেখুন। তাৎপর্য হল যে বিশ্বাসীদের, তাদের পরিত্রাণ ও অন্তরে বাসকারী আত্মার কারণে, এই বিষয়গুলি জানা উচিত! কিন্তু শিশু (অপরিপক্ব), ইন্দ্রিয় পরায়ণ বিশ্বাসীরা জানে না!!! মানসিক ভাবে তারা এই পতিত জাগতিক পদ্ধতি ও মন্দ আত্মার দ্বারা নিয়ন্ত্রিত (অর্থাৎ, আত্ম প্রতারিত, সংস্কৃতিগত ভাবে প্রতারিত, এবং শয়তানের দিক থেকেও প্রতারিত হয়েছে, ১ করি ১২:২)।

■ “যে অধার্মিকেরা ঈশ্বরের রাজ্যের অধিকারী হবে না” পৌল এই কথা দুবার বলেছেন জোর দেবার জন্য (১ করি ৬:৯,১০)। এটি সুসমাচারকে এক তীক্ষ্ণ তুলনার paradox এ আনে। পরিত্রাণ খ্রীষ্টের সুসম্পন্ন কাজে বিনামূল্যে দত্ত, কিন্তু নিয়মের পরিত্রাণ দাবী করে একটি উপযুক্ত ও অবিরত সাড়া প্রদান। বিশ্বাসীরা যারা খ্রীষ্টে “ধার্মিক” বলে ঘোষিত তারা অবশ্যই খ্রীষ্টসাদৃশ্যতায় পরিপক্ব হবে। ঈশ্বরের লক্ষ্য সব সময়ই ধার্মিক লোক যারা তাঁর চরিত্রকে প্রতিফলিত করবে। এই দিক বিবেচনায় নূতন নিয়ম পুরাতন নিয়মের মতই। নূতন চুক্তির মৌলিক প্রকৃতি (যির ৩১:৩১-৩৪; যিহি ৩৬:২২-৩৮) হল যে পরিত্রাণের জন্য মানবিক কাজের স্থলাভিষিক্ত হয়েছে খ্রীষ্টের কাজ। কিন্তু এটি ঈশ্বরের ধার্মিক লোকদের আকাংখ্যাকে প্রভাবিত করে না। এটি আসলে কৌশলের পরিবর্তন করেছে। এ সুসমাচারের সময়কালে, বিশ্বাসীরা অনুপ্রাণিত হবে কৃতজ্ঞতার দ্বারা, পুরস্কারে নয়।

যাহোক, “বীজ বপন ও শস্য সংগ্রহ” এর আত্মিক নীতি (গালা ৬:৭) আজও বিশ্বাসী ও অবিশ্বাসীদের জীবনে কার্যকর (৩ অধ্যায়)। ওহ, ফলহীন খ্রীষ্ট ধর্মের করুণ পরিণতি (যোহন ১৫; যাকোব ২:১৪-২৬; ১ পিতর; ১ যোহন)। এটি ঈশ্বরের রাজ্যকে, স্থানীয় মণ্ডলীকে, ব্যক্তিকে, এবং হারানদের প্রভাবিত করে।

একজন খ্রীষ্টিয়ান যে ১ করি ৬:৯-১০ পদে তালিকাভুক্ত পাপ কাজ করেছে সে কি রক্ষা পেতে পারে? নিশ্চিত ভাবেই (১ করি ৬:১১)! একজন খ্রীষ্টিয়ান এই পাপকাজ গুলি অবিরত করে যায় সে কি রক্ষা পেতে পারে? ঈশ্বরীক ফলাফল ছাড়া নয়-ঈশ্বরে সাথে সহভাগিতা হারাণ, আত্মার পরিচালনা হারাণ, নিশ্চয়তা হারাণ, শান্তি হারাণ, কার্যকর প্রার্থনা হারাণ, সত্যিকারের আরাধনা হারাণ, আনন্দ হারাণ, সাক্ষ্যদান হারাণ! কি মূল্য পরিশোধ করতে হয়!

বেশ কিছু টেক্সট আছে প্রেরিত পুস্তকে ও পৌলের লেখনীতে (প্রেরিত ২০:৩২; ২৬:১৮; ১ করি ৬:৯-১০; ১৫:৫০; গালা ৫:২১; ইফি ৫:৫) যেগুলি প্রতিফলিত করে ঈশ্বরের রাজ্যের উত্তরাধিকারের বিষয়ে যীশুর কথা (মথি ২৫:৩৪)।

বিশেষ বিষয়: ধর্মত্যাগ (APHISTĒMI)

(SPECIAL TOPIC: APOSTASY (APHISTĒMI))

গ্রীক টার্ম *aphistēmi* -র এর একটি ব্যাপক ভাষাগত অর্থের ক্ষেত্র রয়েছে। যদিও, ইংরেজী টার্ম “স্বধর্মত্যাগ” শব্দটি এসেছে এই টার্ম থেকে এবং পূর্ব অনুমিত ধারণায় এর আধুনিক অধ্যয়নকারীদের ব্যবহার। সব সময়ের মত প্রসঙ্গ, হল চাবিকাঠি, কটি পূর্ব নির্ধারিত সংজ্ঞা নয়।

এটি হল preposition *apo* থেকে নেওয়া একটি সমন্বিত টার্ম, যার অর্থ “থেকে” বা “দূরে যাওয়া” এবং *histēmi*, “বসতে”, “দাঁড়াতে,” বা “ঠিক করতে।” লক্ষ্য করুন পরবর্তী (ধর্মতত্ত্বগত নয়) ব্যবহার গুলি:

১. দৈহিক ভাবে সরান
ক. মন্দির থেকে, লুক ২:৩৭
খ. গৃহ থেকে, মার্ক ১৩:৩৪
গ. ব্যক্তি থেকে, মার্ক ১২:১২; ১৪:৫০; প্রেরিত ৫:৩৮
ঘ. সকল বিষয় থেকে, মথি ১৯:২৭, ২৯
২. রাজনৈতিকভাবে সরানো, প্রেরিত ৫:৩৭
৩. সম্পর্কগত ভাবে সরানো, প্রেরিত ৫:৩৮; ১৫:৩৮; ১৯:৯; ২২:২৯
৪. আইনগত ভাবে সরানো (বিবাহ-বিচ্ছেদ), দ্বি.বি. ২৪:১,৩ (LXX) এবং নতুন নিয়ম, মথি ৫:৩১; ১৯:৭; মার্ক ১০:৪; ১ করি ৭:১১
৫. একটি দায় সরানো, মথি ১৮:২৪
৬. উদাসিনতা দেখানো চলে যাওয়ার দ্বারা, মথি ৪:২০; ২২:২৭; যোহন ৪:২৮; ১৬:৩২
৭. উদ্বেগ দেখানো না চলে যাবার দ্বারা, যোহন ৮:২৯; ১৪:১৮
৮. সুযোগ দেওয়া বা অনুমতি দান, মথি ১৩:৩০; ১৯:১৪; মার্ক ১৪:৬; লুক ১৩:৮

ধর্মতত্ত্বগত অর্থে verb এর আরও একটি বিস্তৃত ব্যবহার রয়েছে:

১. বাতিল করা, ক্ষমা করা, পাপের অপরাধবোধ থেকে মুক্ত করা, যাত্রা ৩২:৩২ (LXX); গণনা ১৪:১৯; ইয়োব ৪২:১০ এবং নতুন নিয়ম, মথি ৬:১২, ১৪-১৫; মার্ক ১১:২৫-২৬
২. পাপ থেকে বিরত থাকা, ২ তীম. ২:১৯
৩. অবহেলার দ্বারা দূরে সরে যাওয়া
ক. আইন, মথি ২৩:২৩; প্রেরিত ২১:২১
খ. বিশ্বাস, যিহিষ্কেল ২০:৮ (LXX); লুক ৮:১৩; ২ থিষ. ২:৩; ১ তীম ৪:১; ইব্রীয় ২:১৩

আধুনিক বিশ্বাসীরা অনেক ধর্মতত্ত্বগত প্রশ্ন জিজ্ঞাসা করেন যার বিষয়ে নতুন নিয়মের লেখকেরা কখনো চিন্তা করেন নি। এর মধ্যে একটি হল বিশ্বস্ততা (শুচিকরণ) থেকে বিশ্বাস (ধার্মিকগণনা) আলাদা করার আধুনিক প্রবণতার সাথে সম্পর্কিত।

বাইবেলের অনেক ব্যক্তি আছেন যারা ঈশ্বরের লোকদের সাথে যুক্ত হন এবং কিছু ঘটে যা তাদের চলে যাবার কারণ হয়।

I. পুরাতন নিয়ম

- ক. যারা সেই বারোজন (দশ) অনুচরের কথা শুনেছে, বিবরণ দিয়েছে, গণনা ১৪ (ইব্রীয় ৩:১৬-১৯)
- খ. কোরহ, গণনা ১৬
- গ. এলির পুত্রেরা, ১ শমুয়েল ২, ৪
- ঘ. শৌল, ১ শমুয়েল ১১-৩১ অধ্যায়
- ঙ. মিথ্যা ভাববাদীরা (উদাহরণ)
ক. দ্বি.বি. ১৩:১-৫ ১৮:১৯-২২ (একজন মিথ্যাবাদী ভাববাদীকে চেনার পথগুলি)
খ. যিরমিয়, ২৮
গ. যিহিষ্কেল ১৩:১-৭
- চ. মিথ্যা ভাববাদীনীরা
ক. যিহিষ্কেল ১৩:১৭
খ. নহিমিয় ৬:১৪
- ছ. ইস্রায়েলের মন্দ নেতারা (উদাহরণ)
ক. যিরমিয় ৫:৩০-৩১; ৮:১-২; ২৩:১-৪
খ. যিহিষ্কেল ২২:২৩-৩১
গ. মীখা ৩:৫-১২

II. নতুন নিয়ম

ক. এই গ্রীক টার্মটি হল আক্ষরিক ভাবে “স্বধর্মত্যাগ করা।” পুরাতন এবং নূতন উভয় নিয়মই নিশ্চিত করেছে দ্বিতীয় আগমনের আগে মন্দ এবং মিথ্যা শিক্ষার এক তীব্রতর বিষয়ে (মথি ২৪:২৪; মার্ক ১৩:২২; প্রেরিত ২০:২৯,৩০; ২ থি. ২:৯-১২; ২ তীম. ৪:৪)। এই গ্রীক টার্মটি প্রতিফলিত করতে পারে বীজ বাপকের দৃষ্টান্তে যীশুর কথা যেটি পাওয়া যায় মথি ১৩; মার্ক ৪; এবং লুক ৮ অধ্যায়ে। এই ভ্রান্ত শিক্ষকেরা স্পষ্টতই খ্রীষ্টীয়ান নয়, কিন্তু তারা তাদের মধ্যে থেকেই এসেছে (প্রেরিত ২০:২৯-৩০; ১ যোহন ২:১৯); যদিও, তারা অপরিপক্ব বিশ্বাসীদের প্রলোভিত এবং বন্দী করতে সক্ষম (ইব্রীয় ৩:১২)।

এই ধর্মতত্ত্বগত প্রশ্নটি হল এই ভ্রান্ত শিক্ষকেরা কি বিশ্বাসী ছিল? এর উত্তর দেওয়া কঠিন কারণ সেখানে স্থানীয় মডলীতে ভ্রান্ত শিক্ষকেরা ছিলো (১ যোহন ২:১৮-১৯)। প্রায়ই আমাদের ধর্মতত্ত্বগত বা সম্প্রদায়গত ঐতিহ্য এই প্রশ্নটির উত্তর দেয় বাইবেলে সুনির্দিষ্ট লেখার উল্লেখ না করেই (প্রসঙ্গের বাইরে একটি পদ উদ্ধৃত করার proof-text পদ্ধতি ধরে নেয় কারও পক্ষপাতিত্বের প্রমাণ)।

খ. দৃশ্যমান বিশ্বাস

১. যিহুদা, যোহন ১৭:১২
২. যাদুকর শিমোন, প্রেরিত ৮
৩. যাদের কথা বলা হয়েছে মথি ৭:১৩-২৩ পদে
৪. যাদের কথা বলা হয়েছে মথি ১৩; মার্ক ৪, লুক ৮
৫. যিহুদীরা যোহন ৮:৩১-৫৯ পদের
৬. আলেকজান্ডার এবং ছমিনায় ১ তীম. ১:১৯-২০
৭. তারা ১ তীম ৬:২১ পদের
৮. ছমিনায় এবং ফিলীত, ২ তীম. ২:১৬-১৮
৯. দীমা, ২ তীম ৪:১০
১০. ভ্রান্ত শিক্ষকেরা, ২ পিতর ২:১৯-২২, যিহুদা ১২-১৯ পদ
১১. খ্রীষ্টারী, ১ যোহন ২:১৮-১৯

গ. ফলহীন বিশ্বাস

১. ১ করিন্থীয় ৩:১০-১৫
২. ২ পিতর ১:৮-১১

আমরা কদাচিৎ এই লেখার বিষয়ে চিন্তা করি কারণ আমাদের পদ্ধতিগত ধর্মতত্ত্ব (Calvinism, Arminianism, ইত্যাদি) নিয়ন্ত্রণ করে বাধ্যতামূলক সাড়া প্রদান। দয়া করে আমার বক্তব্য না শুনে আগেই আমার বিচার করবেন না কারণ আমি এই বিষয়টি উত্থাপন করেছি বলে। আমার চিন্তা হল সঠিক শাস্ত্রের বিজ্ঞান সম্মত ব্যাখ্যার প্রক্রিয়া। আমাদের অবশ্যই সুযোগ দিতে হবে বাইবেলকে আমাদের কাছে বলতে এবং পূর্বনির্ধারিত ধর্মতত্ত্বের ছাঁচে গড়ে না তোলার চেষ্টা করতে। এটি প্রায় সময়ই কষ্টদায়ক এবং হতবাক করা বিষয় কারণ আমাদের ধর্মতত্ত্বের অধিকাংশ হল সম্প্রদায়গত, সাংস্কৃতিক বা সম্পর্কগত (পিতা-মাতা, বন্ধু, পালক), কিন্তু বাইবেল ভিত্তিক নয় (দেখুন [বিশেষ বিষয়: এগুলির অর্থ কি “গ্রহণ করা,” “বিশ্বাস করা,” “স্বীকার করা/স্বীকারোক্তি,” এবং “আহ্বানকরা”? \(Special Topic: What Does It Mean to "Receive," "Believe," "Confess/Profess," and "Call Upon"?\)](#))। কিছু লোক আছেন যারা ঈশ্বরের লোকদের মধ্যে থেকে বেরিয়ে গেছেন ঈশ্বরের লোকের মধ্যে থাকবেন না বলে (অর্থ্যাৎ, রোমীয় ৯:৬)।

Copyright © 2014 [Bible Lessons International](#)

বিশেষ বিষয়: বিশ্বাসীদের উত্তরাধিকার (১ পিতর ১ অধ্যায় থেকে)

{SPECIAL TOPIC: BELIEVERS' INHERITANCE (from 1 Peter 1)}

লেবীয় গোষ্ঠী ছাড়া পুরাতন নিয়মের প্রতিটি গোষ্ঠী ভূমির উত্তরাধিকার লাভ করেছিল (যিহো ১৪-২২)। লেবীয়দের যাজকীয় গোষ্ঠী, মন্দিরের সেবাকারী, এবং স্থানীয় শিক্ষক হিসাবে, দেখা হতো যে YHWH নিজেই হলেন তাদের উত্তরাধিকার (গীত ১৬:৫; ৭৩:২৩-২৬; ১১৯:৫৭; ১৪২:৫; বিলাপ ৩:২৪)। নূতন নিয়মের লেখকেরা প্রায়ই লেবীয়দের অধিকার এবং সুযোগ গ্রহণ করতেন এবং সেগুলি সকল বিশ্বাসীদের উপরে প্রয়োগ করতেন। এটি ছিল তাদের জোর দিয়ে বলার পদ্ধতি যে যীশুর অনুসারীরা হলেন ঈশ্বরের সত্যিকারের লোক এবং সেজন্য এখন প্রতিটি বিশ্বাসীকে বলা হচ্ছে ঈশ্বরের যাজক হিসাবে সেবাকারী (১ পিতর ২:৫,৯; প্রকা ১:১৬), যেমন পুরাতন নিয়ম জোর দিয়েছে সকল ইস্রায়েলীয়র প্রতি (যাত্রা ১৯:৪-৬)। নূতন নিয়ম কিছু কিছু সুযোগ সুবিধা সহ ব্যক্তিকে যাজক হিসাবে কেবল গুরুত্ব দেয়নি, বরং এই সত্যের উপরে গুরুত্ব দিয়েছে যে সকল বিশ্বাসীই হল যাজক, যেটি দাবী করে যৌথ দাসরূপী মনোভাবের (১ করি ১২:৭)। নূতন নিয়মে ঈশ্বরের লোকদের পুরাতন নিয়মের বিশ্বব্যাপি প্রচার কাজের দায়িত্ব দেওয়া হয়েছে (আদি ১২:৩; যাত্রা ১৯:৫খ; মথি ২৮:১৮-২০; লুক ২৪:৪৬-৪৭; প্রেরিত ১:৮; দেখুন [বিশেষ বিষয়: YHWH এর অনন্তকালীন পরিত্রাণের পরিকল্পনা \(Special Topic: YHWH's Eternal Redemptive Plan\)](#))।

এটি হল সৃষ্টির মালিক হিসাবে যীশুর ধারণা কারণ তিনি ছিলেন সৃষ্টিতে পিতার প্রতিনিধি (যোহন ১:৩,১০; ১ করি ৮:৬; কল ১:১৬; ইব্রীয় ১:২-৩)। আমরা হলাম সহ-উত্তরাধিকারী কারণ তিনি হলেন উত্তরাধিকারী (রোমীয় ৮:১৭; গালা ৪:৭; কল ৩:২৪)। শাস্ত্র বিশ্বাসীদের উত্তরাধিকার নিয়ে অনেক বিষয়ে কথা বলেছে (প্রেরিত ২০:৩২; ২৬:১৮; ইফি ১:৪; কল ১:১২; ৩:২৪) কারণ তাদের পারিবারিক সম্পর্ক যীশুর সাথে যিনি সকল কিছুর উত্তরাধিকারী (ইব্রীয় ১:২)। সেইজন্য, তারা সহ উত্তরাধিকারী (রোমীয় ৮:১৭; গালা ৪:৭) হল

১. স্বর্গরাজ্যের (মথি ২৫:৩৪, ১ করি ৬:৯-১০; ১৫:৫০; ইফি ৫:৫)
২. অনন্ত জীবনের (মথি ১৯:২৯; ইব্রীয় ৯:১৫)
৩. ঈশ্বরের প্রতিজ্ঞার (ইব্রীয় ৬:১২)
৪. ঈশ্বরের তাঁর প্রতিজ্ঞার সুরক্ষা (১ পিতর ১:৪-৫)

Copyright © 2014 [Bible Lessons International](http://www.biblelessonsinternational.com)

■ “তোমরা ভুল পথে চলো না” এটি একটি present passive imperative (*The Expositor's Bible Commentary*, Vol. 10, p. 223, বলে এটি present middle, অর্থাৎ, “নিজেকে ঠকানো বন্ধ করো”) সাথে negative particle, সাধারণত যার অর্থ “চলতে থাকা কোন কাজকে থামানো।” এটি একটি *asyndeton* যেমন ১ করি ৬:১৮, যেটি ছিল একটি Koine গ্রীক ব্যাকরণগত রূপের গুরুত্বদান যেটি পাঠকদের বা শ্রোতাদের মনোযোগ আনয়ন করে।

NASB, NKJV,
NRSV “অগম্যগামী”
TEV “লোকেরা যারা ব্যভিচারী”
NJB “অনৈতিক যৌনাচার”

এটি হল অনৈতিক যৌনাচারের সাধারণ টার্ম (১ করি ৫:১ [দু'বার], ৯,১০; ৬:৯,১১,১৩,১৮; ৭:২; ১০:৮; ২ করি ১২:২১)। ৯-১০ পদ পাপের তালিকা করেছে যেগুলি প্রথম শতকের পৌত্তলিক আরাধনার সাথে সংযুক্ত ছিল (১ করি ৫:৯-১১), যেখানে প্রতি নিয়ত অর্ন্তভুক্ত থাকতো উর্বরতা দেবীর নামে যৌন লাম্পট্যতার স্বেচ্ছাচারিতা।

■ “প্রতিমাপূজক” পুরাতন নিয়মের দিক থেকে একজন বিশ্বাসীর জন্য, এর খারাপ আর কিছু ছিল না। পাপের তালিকাতে এই টার্ম ব্যবহারে এটি নিশ্চিত করেছে যে এটি ছিল পৌত্তলিক আরাধনার অনুশীলনের তালিকা। করিন্থের সকল পরজাতি বিশ্বাসীরা এই ধরনের প্রেক্ষাপট থেকে এসেছিল (১ করি ৬:১১)। পৌল এই ধারণা ব্যবহার করেছেন (অর্থাৎ, আরাধনা এবং ভ্রান্ত দেবতার পরিচর্যা) প্রায়ই তার করিন্থীয় পত্রাবলীতে (১ করি ৫:১০,১১; ৬:৯; ৮:৪, ৭,১০; ১০:৭,১৪,১৯,২৮; ১২:২; ২ করি ৬:১৬)।

■ “ব্যভিচারীরা” এটি হল গ্রীক টার্ম *moichos*, যেটি উল্লেখ করেছে বিবাহ বহির্ভূত অবিশ্বস্ত যৌনতা। করিন্থীয় পত্রে এটাই একমাত্র জায়গা যেখানে এটি ব্যবহৃত হয়েছে।

NASB “নারীসুলভ”
NKJV, NJB “সদোমী”
NRSV “পুরুষ বেশ্যা”
TEV “বিকৃতমনা সমকামী”
NJB “আত্ম-প্রশয়দানকারী”

এই টার্ম (*malakos*) আক্ষরিক ভাবে অর্থ কোমল। এটা ব্যবহৃত হতে পারে পোষাক পরিচ্ছদের জন্যও (মথি ১১:৮)। যখন এটি কোন লোকের প্রতি রূপক ভাবে প্রয়োগ করা হয় তখন এটি উল্লেখ করে পুরুষ বেশ্যা, সাধারণত যুবক লোক। সমতামীতার উপরে ভাল প্রবন্ধের জন্য দেখুন *Dictionary of Paul and His Letters*, pp. 413-414।

NASB “সমকামী”
NKJV, NRSV,
NJB “সদোমী”
TEV “(উভয় টার্ম একসাথে অনুবাদিত হয়েছে ‘বিকৃতমনা সমকামী’ হিসাবে)

এই টার্ম (*arsenokoitēs*, *arsēn* থেকে, একজন পুরুষ, এবং *keitē*, একজন যে সাথে শয়ন করে) উল্লেখ করেছে একজন পুরুষ সমাকামীর প্রতি (১ তীম ১:১০; রোমীয় ১:২৭)। এটি রোমীয় সমাজে বড় একটি সমস্যা (রোমীয় ১:২৬-২৭; ১ তীম ১:১০) যেমন ছিল প্রাচীন নিকট প্রাচ্যে (লেবীয়

১৮:২২; ২০:১৩; দ্বি বি ২৩:১৮)। সমকামী কাজের জন্য ১ করি ৬:৯ পদের এই দুটি সম্পর্কিত টার্ম উল্লেখ করতে পারে সক্রিয়(*arsenokoitai*) এবং সক্রিয় নয়(*malakoi*) দিকসমূহ এই যৌন পাপের।

আধুনিক সংস্কৃতির অনেক চাপ রয়েছে উপযুক্ত বিকল্প জীবন পদ্ধতি হিসাবে এই সমকামীতাকে গ্রহণ করার। বাইবেল একে ধংসাত্মক জীবন পদ্ধতি বলে দোষী করেছে, ঈশ্বরের সৃষ্টির জন্য তাঁর ইচ্ছার বহির্ভূত।

১. এটি আদি পুস্তক ১ অধ্যায়ের ফলবস্ত্র ও বহুবংশ হওয়ার আদেশ লংঘন করে
২. এটি পৌত্তলিক আরাধনা ও সংস্কৃতির বর্ণনা করে (লেবীয় ১৮:২২; ২০:১৩; রোমীয় ১:২৬-২৭; এবং যিহূদা ৭)
৩. এটি প্রকাশ করে ঈশ্বর ব্যতিরেকে আত্ম-কেন্দ্রিক স্বাধীনতা (১ করি ৬:৯-১০)

যাহোক, এই বিষয়টি ছেড়ে চলে যাবার আগে আমি জোর দিয়ে বলতে চাই সকল বিদ্রোহী মানব সত্ত্বার জন্য ঈশ্বরের ভালবাসা ও ক্ষমার কথা। খ্রীষ্টিয়ানদের কোন অধিকার নেই ঘৃণাভাবে ও উদ্দত্যপূর্ণ ভাবে এই নির্দিষ্ট পাপের বিরুদ্ধে কাজ করা, বিশেষ করে যখন এটি স্পষ্ট যে আমরা সকলেই পাপী। প্রার্থনা, উদ্বেগ, সাক্ষ্য দান, এবং সহানুভূতি এই বিষয়ে তীব্র ভাবে দোষ দেবার চেয়ে অনেক বেশি কাজ করে। ঈশ্বরের বাক্য ও তাঁর আত্মা দোষারপ করবেন যদি আমরা তাদের সুযোগ দান করি। যৌনতার সকল পাপ, কেবলমাত্র এটিই নয়, ঈশ্বরের ঘৃণিত এবং বিচারে দিকে পরিচালিত করে। মানুষের কল্যাণের, আনন্দের, এবং একটি দৃঢ় সমাজের জন্য যৌনতা ঈশ্বরের একটি দান। কিন্তু এই শক্তিশালী, ঈশ্বর দত্ত আকাংখ্যা প্রায় ক্ষেত্রেই বিদ্রোহী, আত্ম-কেন্দ্রিক, বিনোদন অশেষী, “যে কোন মূল্যে আমার জন্য অধিক,” জীবন যাপনে পর্যবসিত হয়েছে (রোমীয় ৮:১-৮; গালা ৬:৭-৮)।

■ “জোচ্চোর” ১ করি ৪:১২ পদে নোট দেখুন।

৬:১১ “যেমন তোমাদের মধ্যে কেউ কেউ সে রকমই ছিলে” এটি একটি imperfect indicative, যেটি প্রকাশ করছে অতিতে চলতে থাকা কোন কাজকে। এটি দেখায় পৌলের সময়ে পৌত্তলিক সংস্কৃতির নৈতিক অন্ধকারকে (১ করি ১২:২), কিন্তু এ ছাড়াও এটি আরও দেখায় খ্রীষ্টে ঈশ্বরের সুসমাচারের বিশ্বাসের অনুগ্রহ এবং পরিবর্তনকারী ক্ষমতা।

এই ধর্মান্তরিত পৌত্তলিকদের পরিবর্তিত জীবন ছিল সুসমাচারের পরাক্রমী সাক্ষ্য। কিন্তু পরিবর্তন অবশ্যই হবে স্থায়ী এবং সম্পূর্ণ, সাময়িক এবং নির্বাচিত নয়। এখন তারা ছিল আলাদা, অন্তরে বাসকারী, সবকিছু অবগত। তারা অবশ্যই ফিরতে পারে না যেমন কুকুর তার বমির দিকে অথবা শুকর কাদার দিকে ফেরে (২ পিতর ২:২২)। হারাণ জগত লক্ষ্য করছে!

■ “কিন্তু” লক্ষ্য করুন গ্রীক টেক্সটের *alla* এর তিন অংশের ব্যাখ্যা যেটি উল্লেখ করছে এই তিনটি স্বতন্ত্র আত্মিক ঘটনা:

১. ধৌতকরণ
২. পরিব্রজকরণ
৩. আমাদের বিশ্বাস, মনপরিবর্তনের সাড়া প্রদানের মাধ্যমে পুত্র ও আত্মার দ্বারা ধার্মিক গণনার কাজ

■ “তোমরা ধৌত হয়েছে” এটি একটি aorist middle indicative। এটি উল্লেখ করতে পারে অভ্যন্তরীণ ধৌতকরণের প্রাথমিক, স্বেচ্ছাকৃত, দৃশ্যমান, প্রতিকি কাজ হিসাবে বাপ্তিস্ম (প্রেরিত ২:৩৮; ২২:১৬; তীত ৩:৫)। বেশির ভাগ অনুবাদক এই শব্দগুচ্ছকে অনুবাদ করেছে passive voice হিসাবে ব্যতিক্রম Williams অনুবাদ, যেখানে আছে “তুমি তোমার নিজেকে যুয়ে শুচি করেছে।” যে গ্রীকেরা যিহূদী ধর্ম গ্রহণ করে তারা যখন সমাজগৃহে যুক্ত হতো তখন তারা বাপ্তাইজিত হতো। যদি এই কথা প্রেরিত ২২:১৬ পদের মত middle voice হয়, এটি হতে পারে যিহি ১৮:৩১ পদে আলোচিত ঈশ্বরের সার্বভৌমত্ব সহ নিয়মের দায়িত্বসমূহের একটি ধর্মতাত্ত্বিক পরোক্ষ উল্লেখ (যিহি ৩৬:২৫-২৭)। এটা হতে পারে ধৌতকরণের জন্য একটি রূপক (তীত ৩:১৫)।

■ “তোমরা পবিত্রীকৃত হয়েছে” এটি একটি aorist passive indicative খ্রীষ্টের মৃত্যু এবং আত্মার মধ্যস্থতার উপায়ের দ্বারা (১ করি ১:২,৩০)। দেখুন [বিশেষ বিষয়: নতুন নিয়মের পবিত্রতা/শুচিকরণ, পৃ.২৬, \(SPECIAL TOPIC: NEW TESTAMENT HOLINESS/SANCTIFICATION, See page 26\)](#) ১ করি ১:২ পদে।

■ “তোমরা ধার্মিক গণিত হয়েছে” এটি একটি aorist passive indicative। বিশ্বাসীরা ধার্মিক গণিত ও পবিত্রীকৃত হয়েছে যখন তারা বিশ্বাস করেছে (রোমীয় ৮:২৯)। এই অবস্থানগত ধর্মতত্ত্বের মানদণ্ডের দাবী হল খ্রীষ্টসাদৃশ্যতায় জীবন যাপন। দেখুন [বিশেষ বিষয়:ধার্মিকতা, পৃ.৫৭, \(SPECIAL TOPIC: RIGHTEOUSNESS, See page 57\)](#) ১ করি ১:৩০ পদে।

■ “প্রভু যীশু খ্রীষ্টের নামে, এবং আমাদের ঈশ্বরের আত্মায়” এই শব্দগুচ্ছ সম্ভবত নিশ্চিত করছে ১ করি ৬:১১ পদের ব্যাখ্যাগুলি যেগুলি হল “ধৌতকৃত” বা “নিজেকে ধৌত করা” যা উল্লেখ করছে বাপ্তিস্ম (রোমীয় ১০:৯-১৩)। প্রাথমিক মন্ডলী বিশ্বাসের প্রকাশ স্বীকরোক্তি ছিল বাপ্তিস্ম। প্রার্থীরা “আমি বিশ্বাস করি যীশু হলেন প্রভু” বা একই রকম কোন ধর্মীয় স্বীকরোক্তি মুখে উচ্চারণ করে তাদের বিশ্বাসকে প্রকাশ করতেন।

দ্বিতীয় শব্দগুচ্ছ উল্লেখ করছে “আত্মা” যেটি হতে পারে একটি পরোক্ষ উল্লেখ বা ধর্মীয় কোন রীতি যার ভিত্তি মথি ২৮:১৯ পদ, যেখানে আছে “পিতা ও পুত্র ও পবিত্র আত্মার নামে তাদের বাপ্তিস্ম দাও।” এটা বেশ কৌতূহলের যে পৌল প্রায়ই ১ করি ১২:১৩-১৪ পদের অধ্যায়গুলিতে “নাম” উল্লেখ করেছেন (দেখুন বিশেষ বিষয় ১ করি ১:১০ পদে)।

১. বিশ্বাসীদের উল্লেখ করার একটি উপায় (“যারা...নামে ডেকে,” ১ করি ১:২)
২. বিশ্বাসীদের উপদেশ দেওয়ার একটি উপায় (১ করি ১:১০)
৩. পৌলের কর্তৃত্ব জোর দিয়ে বলার একটি উপায় (১ করি ৫:৪)

৪. বিশ্বাসীদের নামে ডাকার প্রাথমিক কাজ উল্লেখের একটি উপায় (১ করি ৬:১১)

নাম প্রতিনিধিত্ব করে যীশুর ব্যক্তিত্ব, কর্তৃত্ব, চরিত্র এবং মর্যাদা।

এটি স্পষ্টতই ত্রিভু ঈশ্বরের পরিব্রাণার্থক কাজের একটি উল্লেখ (১ করি ৬:১০-১১)। টার্ম “ত্রিভু” কোন বাইবেলের শব্দ নয়, কিন্তু একটি ধারণা মাত্র। যদি যীশু ঈশ্বরীক হন এবং আত্মা ব্যক্তি হন, তাহলে এক ঈশ্বরীক সত্তা থাকবে তিনটি অন্তর্কালীন, ব্যক্তিগত প্রকাশে। দেখুন [বিশেষ বিষয়:ত্রিভু](#), পৃ.. ৭৬, ([SPECIAL TOPIC: THE TRINITY](#), See page 76) ১ করি ২:১০ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি স্থায়ী ৬:১২-২০

^{১২} সকলই আমার পক্ষে ব্যবস্থানুরূপ, কিন্তু সকলই যে মঙ্গলজনক তা নয়। সকলই আমার পক্ষে ব্যবস্থানুরূপ, কিন্তু আমি কোন কিছুই অধীন হবো না। ^{১৩} খাবার পেটের জন্য আর পেট খাবারের জন্য, কিন্তু ঈশ্বর এই দুটোই বাতিল করবেন। যেহেতু দেহ ব্যভিচার করার জন্য নয়, কিন্তু তা প্রভুরই জন্য, আর প্রভু দেহের জন্য। ^{১৪} আর ঈশ্বর তাঁর শক্তির দ্বারা প্রভুকে কেবলমাত্র মৃত্যু থেকে জীবিত করেছেন তা নয় কিন্তু তিনি আমাদেরও জীবিত করবেন। ^{১৫} তোমরা কি জান না যে তোমাদের দেহ খ্রীষ্টের দেহের অংশ? তাহলে আমি কি খ্রীষ্টের দেহের অংশ নিয়ে বেশ্যার দেহের অঙ্গ করব? কখনও না! ^{১৬} অথবা তোমরা কি জান না যে বেশ্যার সংগে যে যুক্ত হয় সে তার সংগে একদেহ হয়? কারণ তিনি বলেন, “তারা দু’জন একদেহ হবে।” ^{১৭} কিন্তু যে কেউ প্রভুর সংগে যুক্ত হয় সে তাঁর সংগে আত্মাতে এক হয়। ^{১৮} ব্যভিচার থেকে পালাও। মানুষ অন্য যে সব পাপ করে তা তার দেহের বাইরে করে, কিন্তু যে ব্যভিচার করে সে নিজের দেহের বিরুদ্ধেই পাপ করে। ^{১৯} অথবা তোমরা কি জান না যে তোমাদের দেহ পবিত্র আত্মার মন্দির যিনি তোমার মধ্যে বাস করেন, যাঁকে তোমরা ঈশ্বরের কাছ থেকে পেয়েছ, আর এখন তোমরা আর তোমাদের নিজেদের নও? ^{২০} কারণ দাম দিয়ে তোমাদের কেনা হয়েছে: সেজন্য তোমাদের দেহে ঈশ্বরের গৌরব কর। (অনুবাদকৃত টেক্সট)।

৬:১২

NASB, NKJV

NRSV

TEV

NJB

“সকলই আমার পক্ষে ব্যবস্থানুরূপ”

“কেউ একজন বলবে, ‘যে কোন কাজ করার অনুমতি আমার আছে’

“আমার পক্ষে সব কিছুই অনুমোদনীয়”

এটি উল্লেখ করতে পারে এমন কিছু যা হয়তো পৌল আগে কোন উপলক্ষ্যে বলেছিলেন (১ করি ১০:২৩; রোমীয় ১৪:২,১৪,২০) কিন্তু এটি প্রসঙ্গে থেকে বের করে নেওয়া হয়েছে (১) যিহুদী বিশ্বাসীদের বৈধতার তত্ত্বে অথবা (২) ইন্দ্রিয়াসক্ত ভ্রান্ত শিক্ষকেরা যারা খ্রীষ্টিয় স্বাধীনতাকে ব্যবহার করতেন পাপ করার লাইসেন্স হিসাবে (গালা ৫:১৩; ১ পিতর ২:১৬)। পৌল দুইটি চরমপন্থীদের মধ্যে একটি সুন্দর রেখায় চলতে চেষ্টা করেছেন এবং তারপরেও তিনি উভয়ের কাছেই বলছেন।

এটি হতে পারে পৌলের প্রথম ভ্রান্ত শিক্ষকের আদর্শের বিষয়ে উদ্ধৃতি অথবা ভ্রান্ত শিক্ষকেরা তিনি যা প্রচার করেছিলেন তার প্রসঙ্গ থেকে কোন কিছু বের করে নিয়েছে এবং অন্য ক্ষেত্রে তার বক্তব্যকে ব্যবহার করছে (১ করি ৬:১২,১৩; ৭:১; ৮:১,৪; ১০:২৩, দেখুন (১) *The Cambridge History of the Bible*, vol. 1, p. 244, এবং (২) Klein, Blomberg, and Hubbard, *Introduction to Biblical Interpretation*, pp. 362-363)। এটা এই নয় যে তারা যা বলে তা সত্য নয়, কিন্তু তারা সত্যকে দেখতে বৈধ সীমানার বাইরে। এটা জানা কঠিন যে কখন পৌল এই কৌশল ব্যবহার করেছিলেন। সম্ভবত পরবর্তীতে উল্লেখিত নীতি হতে পারে সাহায্যকারী।

১. এটা এমন কিছু যা পৌল অন্য লেখাতে নিজের বিষয়ে বলেছিলেন (১ করি ১০:২৩; রোমীয় ১৪:২,১৪,২০)।

২. এটা হল সত্যের সংক্ষিপ্ত সাধারণ মন্তব্য (হিতোপদেশের মত)।

৩. বাইবেলের সব রূপক সত্য, কিন্তু সীমা রয়েছে তাদের সুসঙ্গত প্রয়োগের। কোন উদাহরণ বা রূপক প্রতিটি স্তরে চালানো যেতে পারে না। সেগুলির সাধারণত একটি বড় প্রয়োগ রয়েছে।

পৌল চেষ্টা করেছেন পরিকল্পিত সত্যকে পুনরায় বলতে এবং অনুপযুক্ত বিস্তারকে সীমাবদ্ধ করেছেন। এটি হল প্রতিটি যুগের শাস্ত্র ব্যাখ্যার নীতি!

■ “কিন্তু সকলই যে মঙ্গলজনক তা নয়” এই পদ বলছে খ্রীষ্টিয় স্বাধীনতার সঠিক ব্যবহার যার অবশ্যই অনুশীলন হবে আত্ম-নিয়ন্ত্রিত ভালবাসায় (১ করি ১০:২৩; ১৪:২৬; রোমীয় ১৪:১৯; ১৫:২)। ব্যক্তিগত অধিকার ও স্বাধীনতার চেয়ে খ্রীষ্টের দেহকে গঁথে তোলাই হল সবচেয়ে গুরুত্বপূর্ণ।

■ “মঙ্গলজনক” এটি একটি সমন্বিত গ্রীক টার্ম যার অর্থ “এই মঙ্গলের জন্য সকলকে একত্রে আনা” (১ করি ৬:১২; ৭:৩৫; ১০:২৩; ১২:৭; ২ করি ৮:১০, ১ করি ১২:১ পদে নেতিবাচক)। পৌলের মন্তব্যের সমান্তরাল রোমীয় ১৪:১৯; ১৫:২; ১ করি ১০:২৩; ১৪:২৬; ২ করি ১২:১৯; ইফি ৪:১২,২৯ পদে। এই কারণে যে বিশ্বাসীরা খ্রীষ্টে স্বাধীন যার অর্থ এই নয় যে প্রতিটি জিনিস অন্য বিশ্বাসীদের উৎকর্ষ সাধন করবে। আমাদের স্বাধীনতাকে সীমাবদ্ধ করতে হবে প্রভুর জন্য ও তাঁর মন্ডলীর জন্য ভালবাসায়। আমাদের সব সময়ই অন্বেষণ ও উৎসাহিত করতে হবে খ্রীষ্টের সমস্ত দেহের স্বাস্থ্য ও জীবনী শক্তি (১ করি ১২:৭)।

NASB “কিন্তু আমি কোন কিছুই অধীন হবো না”

NKJV “কিন্তু আমি কোন শক্তিরই অধীন হবো না”

NRSV “কিন্তু আমি কোন কিছুই কর্তৃত্বের অধীন হবো না”

TEV “আমি কোন কিছুকেই তার দাস করার সুযোগ দিচ্ছি না”

NJB “কিন্তু আমি স্থির করেছি কোন কিছুই কর্তৃত্বের অধীন হবো না”

এটি গ্রীক টার্ম *exousia* এর একটি future passive indicative। এই টার্মের রয়েছে ব্যাপকতর ব্যবহারের ক্ষেত্র

১. কর্তৃত্ব
২. শাসনের অধীন
৩. নিয়ন্ত্রণ
৪. ক্ষমতা
৫. অলৌকিক ক্ষমতা

এই প্রেক্ষাপটে এই তাৎপর্যগুলির বেশ কয়েকটি হয়তো পৌলের মনে ছিল। এখানে একটি সুস্পষ্ট শব্দ কৌশল রয়েছে “ব্যবস্থানুরূপ”(exestin) এবং “কর্তৃত্বের”(exousiasthesomai) মধ্যে। তিনি মনে করতেন না যে

১. তাকে বিচার করার অধিকার কোন মানুষের রয়েছে (১ করি ২:১৪-১৫; ৩:৪-৫)
২. কোন অতিলৌকিক সত্তার তার উপরে কোন কর্তৃত্ব রয়েছে (১ করি ১২:২; অবিশ্বাসীরা মন্দ শক্তি দ্বারা বিপথে চালিত হয়েছে)
৩. কোন ব্যক্তিগত স্বাধীনতা বা ব্যক্তিগত মনোনয়ন বা ব্যক্তিগত প্রলোভন নয় (অর্থাৎ, *tinós*, indefinite pronominal adjective singular তুলনীয় এই পদে *panta* এর দ্বিগুণ ব্যবহারের)

পৌলের কর্তৃত্ব এসেছিল খ্রীষ্টের কাছ থেকে। খ্রীষ্ট এবং তাঁর আত্মা যিনি তাকে নিয়ন্ত্রিত ও শক্তিশালী করেছিলেন। আত্ম নিয়ন্ত্রণ নিশ্চিত ভাবে আত্মার একটি ফল (গালা ৫:২৩; প্রেরিত ২৪:২৫; ২ পিতর ১:৬)। পৌল তার স্বাধীনতাকে নিয়ন্ত্রণ করতেন যেন সুসমাচার বিস্তার লাভ করতে পারে এবং সেরকমই আমরাও!

পৌল জোর দিয়ে বলেছেন যে খ্রীষ্টিয় স্বাধীনতা হতে পারে না ব্যক্তিগত অনুমোদনের সুযোগ। অনেক জিনিস আছে যা ভাল তা হয়ে পড়তে পারে অনুপযুক্ত উদ্দেশ্য, আচার আচরণের বা পরিস্থিতির (রোমীয় ১৪:২৩)। খ্রীষ্টিয় স্বাধীনতার ও খ্রীষ্টিয় দায়িত্বশীলতার এই বিষয় হল করিছীয় পত্রের চূড়ান্ত গুরুত্বপূর্ণ বিষয়। এই বিষয়টি আরও আলোচিত হয়েছে রোমীয় ১৪:১-১৫:১৩ পদে। আমি এই বিষয়ে রোমীয় ব্যাখ্যা থেকে আমার প্রারম্ভিক মন্তব্য উদ্ধৃত করতে পছন্দ করি।

রোমীয় ১৪:১-১৫:১৩ পদ থেকে প্রাসঙ্গিক অন্তর্দৃষ্টি

- ক. এই অধ্যায়টি চেষ্টা করে খ্রীষ্টিয়ান স্বাধীনতা এবং দায়িত্বের প্রচলিত মতের বিরুদ্ধ মতের ভারসাম্য করতে। সাহিত্যের এককটি ১৫:১৩ পদ পর্যন্ত গিয়েছে।
- খ. সমস্যা যটি এই অধ্যায়কে তুরান্বিত করেছিল সম্ভবত তা ছিল রোমের মন্ডলীতে অযিহুদী ও যিহুদী বিশ্বাসীদের মধ্যকার উত্তেজনা। ধর্মান্তরের আগে যিহুদীদের প্রবণতা ছিল ব্যবস্থা পালনকারী এবং পৌত্তলিকদের অনৈতিক হওয়া। মনে রাখতে হবে, এই অধ্যায় যীশুর খাঁটি অনুসারীদেরকে উদ্দেশ্য করে বলা। এই অধ্যায় ইন্দ্রিয় পরায়ণ বিশ্বাসীদের উদ্দেশ্য করে নয় (১ করি ৩:১)। সর্বোচ্চ উদ্দেশ্য হল এই দুই দলের প্রতি আরোপ করা। দুই দিকেই চরমপন্থার বিপদ রয়েছে। এই আলোচনা ভদ্র উপায়ে ব্যবস্থার ছিদ্র অন্বেষণের জন্য একটি অনুমতিপত্র নয় বা উদারনীতির ভড়ৎ দেখানো নয়।
- গ. বিশ্বাসীদের অবশ্যই সাবধান হতে হবে যেন তাদের ধর্মতত্ত্ব বা নীতিশাস্ত্র অন্য সকল বিশ্বাসীদের জন্য মানদণ্ড না হয় (২ করি ১০:১২)। সকল বিশ্বাসীদের অবশ্যই তারা যে আলো পেয়েছে তাতেই চলতে হবে, কিন্তু তাদের বুঝতে হবে যে তাদের ধর্মতত্ত্ব স্বয়ংক্রিয় ভাবে ঈশ্বরের ধর্মতত্ত্ব নয়। সকল বিশ্বাসীরা এখনও পাপে আক্রান্ত হয়। আমাদের অবশ্যই উৎসাহ, পরামর্শ, এবং পরস্পরকে শিক্ষা দিতে হবে শাস্ত্র, যুক্তি এবং অভিজ্ঞতা থেকে, কিন্তু সবসময়ই ভালবাসায়। একজন যতই জানে ততই সে জানে যে সে জানে না (১ করি ১৩:১২)!
- ঘ. ঈশ্বরের সামনে একজনের মনোভাব এবং উদ্দেশ্য হল তার কাজের মূল্যায়নের আসল চাবিকাঠি। খ্রীষ্টিয়ানেরা পরস্পরের সাথে কি রকম আচরণ করেছে সে হিসাবে খ্রীষ্টের সামনে দাঁড়াতে বিচারিত হবার জন্য (১ করি ৬:১০,১২ এবং ২ করি ৫:১০)।
- ঙ. মার্টিন লুথার বলেছেন, “একজন খ্রীষ্টিয়ান মানুষ হল সবকিছুর এক স্বাধীন প্রভু, কারো কাছে বশীভূত নয়; খ্রীষ্টিয়ান মানুষ হল সকলের একজন সর্বোচ্চ দায়িত্বসম্পন্ন সেবক, সকলের কাছে বশীভূত।” বাইবেলের সত্য প্রায়ই উপস্থাপিত হয় একটি উত্তেজনা-পূর্ণ স্ববিবোধিতা।
- চ. এই কঠিন কিন্তু গুরুতর বিষয় আলোচনা করা হয়েছে রোমীয় ১৪:১-১৫:১৩ পদের সম্পূর্ণ সাহিত্যের এককে এবং এছাড়াও ১ করিছীয় ৮-১০ ও কলসীয় ২:৮-২৩ পদে।
- ছ. যাহোক, এটা বলা প্রয়োজন যে কিছু খাঁটি বিশ্বাসীদের মধ্যে pluralism একটি খারাপ বিষয় নয়। প্রত্যেক বিশ্বাসীর সবলতা এবং দুর্বলতা আছে। প্রত্যেককে অবশ্যই সে যে আলো পেয়েছে তাতে চলতে হবে, সব সময় আরও আলোর জন্য আত্মা ও বাইবেলের প্রতি উন্মুক্ত থাকতে হবে। এই কাচের অন্ধকারের মধ্য দিয়ে দেখবার সময় (১ করি ১৩:৮-১৩) একজনকে অবশ্যই চলতে হবে ভালবাসায় (১ করি ৬:১৫), এবং শান্তিতে (১ করি ৬:১৭,১৯) সম্মিলিতভাবে নৈতিক উন্নতি সাধনের জন্য।

জ. “সবল” ও “দুর্বল” শিরোনাম, যেটি পৌল দিয়েছেন এই দলগুলির, তারা আমাদের কাছে সংকীর্ণমনা হয়েছে। এটি নিশ্চিতভাবে পৌলের উদ্দেশ্য ছিল না। উভয় দলই ছিল খাঁটি বিশ্বাসীদের। আমরা যেন চেষ্টা না করি অন্য খ্রীষ্টিয়ানদের আমাদের মত করে গড়ে নিতে! আমরা যেন পরস্পরকে খ্রীষ্টে গ্রহণ করি!

রোমীয় ১৫:১-১৩ পদের প্রাসঙ্গিক অন্তর্দৃষ্টি

ক. খ্রীষ্টিয় স্বাধীনতা এবং দায়িত্ব বিষয়ক আলোচনা চলমান ১৪ অধ্যায় থেকে।

খ. সম্পূর্ণ বির্তকের রূপরেখা করা যেতে পারে এভাবে

১. একে অন্যকে গ্রহণ করা কারণ ঈশ্বর খ্রীষ্টের মধ্য দিয়ে আমাদের গ্রহণ করেছেন (১ করি ১৪:১,৩; ১৫:৭);
২. একে অন্যের বিচার না করা কারণ খ্রীষ্ট আমাদের একমাত্র প্রভু এবং বিচারক (১ করি ১৪:৩-১২);
৩. ব্যক্তি স্বাধীনতা থেকে ভালবাসা আরও গুরুত্বপূর্ণ (১ করি ১৪:১৩-২৩);
৪. খ্রীষ্টের আদর্শ অনুসরণ করা এবং আপনার অধিকার অন্যের নৈতিক উন্নতি সাধন এবং মঙ্গলের জন্য সমর্পণ করা (১ করি ১৫:১-১৩)।

গ. রোমীয় ১৫:৫-৬ পদ প্রতিফলিত করে ১ করি ১৪:১-১৫:১-১৩ পদের সম্পূর্ণ প্রসঙ্গের তিন ধাপের উদ্দেশ্য

১. একে অন্যের সাথে ঐক্যে বাস করা;
২. খ্রীষ্টের উদাহরণ অনুযায়ী জীবন যাপন করা;
৩. ঐক্যবদ্ধ হৃদয় এবং মুখ দিয়ে ঐক্যবদ্ধভাবে ঈশ্বরের প্রশংসা করা।

ঘ. ব্যক্তিগত স্বাধীনতা এবং যৌথ দায়িত্বের মধ্যে এই একই উত্তেজনা ১ করি ৮-১০ এবং কল ২:৮-২৩ পদে আলোচনা করা হয়েছে।

৬:১৩

NASB “খাবার পেটের জন্য”

NKJV “খাবার পেটের জন্য আর পেট খাবারের জন্য”

NRSV “খাবার অর্থ পেটের জন্য আর পেট খাবারের জন্য”

TEV “কেউ একজন বলবে, ‘খাবার পেটের জন্য আর পেট খাবারের জন্য’”

NJB “খাবার পেটের জন্য, আর পেট খাবারের জন্য”

এটা হতে পারে আর একটি আদর্শ। এটা মনে হয় উল্লেখ করছে অনুপযুক্ত, শাস্ত্র ব্যাখ্যার নীতির প্রসারণ ইন্দ্রিয়সত্ত্ব ভিত্তিক শিক্ষকদের দ্বারা। পৌল জোর দিয়ে বলেছেন তারা যা বলছে তার মধ্যে সত্যের উপাদান রয়েছে (মার্ক ৭:১৯)। পৌল হয়তো

১. সাহিত্য কৌশল ব্যবহার করেছেন যাকে diatribe বলে, যেখানে তিনি ধরে নেওয়া বিষয়ের সাথে তার ধর্মতাত্ত্বিক পয়েন্ট তৈরী করেছেন
২. ভিত্তিক শিক্ষকদের আদর্শ উল্লেখ করেছেন, যার কিছু অংশ হয়তো এসেছে যীশুর শিক্ষা বা পৌলের শিক্ষা থেকে।

■ “কিন্তু ঈশ্বর এই দুটোই বাতিল করবেন” এটি সুসম্পূর্ণ রাজ্যের একটি পরোক্ষ উল্লেখ। খাবার হল কেবলমাত্র সময়ের একটি অংশ, অনন্তকালীন নয়। যীশু তাঁর পুনরুত্থানের পরে মাছ খেয়েছিলেন (অর্থাৎ, যোহন ২১), কিন্তু এটি ছিল তাঁর ভীত শিষ্যদের সাথে দেখা দানের একটি সুযোগ, এটি তাঁর দেহের কোন প্রয়োজনের জন্য নয়। যীশুও Messianic ভোজের বিষয়ে কথা বলেছিলেন (অর্থাৎ, লুক ২২:৩০), কিন্তু এটি, একটি সহভাগিতার রূপক, বার বার ঘটা কোন দৈহিক প্রয়োজন নয়।

শব্দগুচ্ছ “বাতিল করা” (NASB) বা “ধ্বংস” (NKJV) হল *katargeō*। পৌল এই শব্দটি ২৭ বার ব্যবহার করেছেন, কিন্তু তিনু তিনু অর্থে। দেখুন বিশেষ বিষয়: *Katargeō* ১ করি ১:২৮ পদে।

■ “যেহেতু দেহ ব্যভিচার করার জন্য নয়” এটি স্পষ্ট ভাবে দেখায় ভ্রান্ত বিস্তার। জীবন ও এই গৃহে এর বিকাশের জন্য মানুষ চমৎকার ভাবে সৃষ্ট। যাহোক, কিছু ঈশ্বর দত্ত সীমারেখা রয়েছে দীর্ঘ, সুখী, ফলপ্রদ বিস্তার নিশ্চিত করতে। যেহেতু পতন (আদি ৩), মানুষের প্রবণতা হল যে কোন মূল্যে সঙ্গে সঙ্গে আত্ম সন্তুষ্টিজনক, ব্যক্তিগত পরিতৃপ্তিকে আকড়ে ধরা!

■ “দেহ. . . প্রভুরই জন্য, আর প্রভু দেহের জন্য” এই শব্দগুচ্ছগুলি রয়েছে সমান্তরাল সম্পর্কে। চালিকা শক্তি মনে হয় যে বিশ্বাসীরা প্রভুর অধিকারের (১ করি ৬:২০; ৭:২৩; প্রেরিত ২০:২৮)। তিনি চান তাদের দেহকে তাঁর সেবা, তাঁর উদ্দেশ্যে ব্যবহার করতে চান। এটা হতে পারে মানুষের দেহ এবং দেহ হিসাবে খ্রীষ্টের মণ্ডলী নিয়ে একটি শব্দ কৌশল।

৬:১৪ নূতন নিয়মের ১ করি ১৫ অধ্যায় হল খ্রীষ্টের পুনরুত্থান ও বিশ্বাসীদের পুনরুত্থানের definitive অধ্যায়।

গ্রীক চিন্তার আলোকে (অর্থাৎ, বাস্তব দেহ মন্দ) এটার উপরে গুরুত্ব দেওয়া দরকার যে বাইবেলের চিন্তা দেহকে হীনমূল্য করে না। এই আলোচিত প্রসঙ্গে দেহ হল

১. “প্রভুর জন্য” সৃষ্ট (১ করি ৬:১৩)

২. “খ্রীষ্টের অঙ্গ” (১ করি ৬:১৫)
৩. আত্মা বাসকারী মন্দির (১ করি ৬:১৯)
৪. খ্রীষ্টকে গৌরবান্বিত করে (১ করি ৬:২০)

দেহ মন্দ নয়। এটি পুনরুত্থিত হবে এবং অনন্তকালীন রাজ্যের অংশ হবে। যাহোক, এটিও প্রলোভনের একটি এলাকা এবং পাপের নৈতিক যুদ্ধক্ষেত্র। যীশু দৈহিক ভাবে নিজেকে মণ্ডলীর জন্য দিয়েছেন। বিশ্বাসীরা অবশ্যই উদাহরণ অনুসরণ করবে (১ যোহন ৩:১৬)।

■ “ঈশ্বর প্রভুকে কেবলমাত্র জীবিত করেছেন তা নয়” Bruce M. Metzger তার *A Textual Commentary of the Greek New Testament* এ গ্রীক পাণ্ডুলিপির পার্থক্যের একটি চিত্র অঙ্কন করেছেন যা verb tense এর সাথে সংযুক্ত:

“১. AORIST in MSS P⁴⁶, C², B

২. PRESENT in MSS P¹¹, P⁴⁶, A, D*

৩. FUTURE in MSS P⁴⁶, C¹, ., C, D³

FUTURE tense প্রসঙ্গে খাপ খায় এবং ২ করি ৪:১৪ পদের সমান্তরাল” (পৃ..৫৫২; UBS⁴ একে "B" মান দিয়েছে [প্রায় নিশ্চিত])।

এই শব্দগুচ্ছ দেখাবার একটি চমৎকার সুযোগ যে নতুন নিয়মে প্রায়ই পরিব্রাণের কাজকে ঈশ্বরত্বের তিনটি ব্যক্তির উপরেই আরোপিত করে।

১. পিতা ঈশ্বর যীশুকে উঠিয়েছেন (প্রেরিত ২:২৪; ৩:১৫; ৪:১০; ৫:৩০; ১০:৪০; ১৩:৩০,৩৩,৩৪,৩৭; ১৭:৩১; রোমীয়. ৬:৪,৯; ১০:৯; ১ করি ৬:১৪; ২ করি ৪:১৪; গালা ১:১; ইফি ১:২০; কল ২:১২; ১ থি ১:১০)
২. পুত্র ঈশ্বর নিজেকে উঠিয়েছেন (যোহন ২:১৯-২২; ১০:১৭-১৮)
৩. আত্মা ঈশ্বর যীশুকে উঠিয়েছেন (রোমীয় ৮:১১)

■ “কিন্তু তিনি আমাদেরও জীবিত করবেন” পৌল তার বর্তমান খ্রীষ্টের সাথে ব্যক্তিগত সম্পর্কের বিষয়ে আনন্দ প্রকাশ করেছেন (১ করি ৬:১৭)। এটি পৌলের উপলব্ধির eschatology (C. H. Dodd)। বাস্তব অর্থে পৌলের এই জীবনেই স্বর্গ নেমে এসেছিল আর কেবল মাত্র ভবিষ্যৎ জীবনে অতিরিক্ত যোগ হবে।

পৌল আরও বিশ্বাস করতেন যে যীশু খুব শিঘ্র আসবেন। কিছু কিছু টেক্সটে পৌল জোর দিয়ে বলেছেন যে খ্রীষ্ট ফিরে আসার সময়ে তিনি জীবিত থাকবেন (১ থি ৪:১৭; ১ করি ১৫:৫১-৫২; ফিলি ৩:২০)। যাহোক, অন্য টেক্সটে তিনি তাদের সাথে নিজেকে যুক্ত করেছেন যারা মৃত্যু থেকে জীবিত হয়ে উঠেছে (১ করি ৬:১৪; ২ করি ৪:১৪)। ২ থি ২:১৩-১৪ সম্পূর্ণ পুস্তকটি বিলম্ব Parousia প্রত্যাশার করে, যেমন করে আংশিক ভাবে মথি ২৪, মার্ক ১৩, এবং লুক ২১ অধ্যায়।

দ্বিতীয় আগমন হল প্রতিটি খ্রীষ্টীয় প্রজন্মের প্রত্যাশা, কিন্তু বাস্তবতা হল কেবলমাত্র একটি প্রজন্ম। যাহোক, নতুন দেহ সহকারে পুনরুত্থান এবং ঘনিষ্ঠ সহভাগিতা হল সকল বিশ্বাসীদের জন্য বাস্তবতা!

বিশেষ বিষয়: যীশুর যে কোন মুহূর্তে ফিরে আসা বনাম এখনও নয় (নতুন নিয়মের paradox)

{SPECIAL TOPIC: THE ANY-MOMENT RETURN OF JESUS VS. THE NOT YET (NT paradox)}

- ক. নতুন নিয়ম eschatological প্যাসেজ প্রতিফলিত করছে পুরাতন নিয়মের ভাববাণীমূলক অন্তর্দৃষ্টি যেটি দৃষ্টি দিয়েছে সমসাময়িক ঘটনাবলীর মধ্য দিয়ে শেষ কালকে।
- খ. মথি ২৪, মার্ক ১৩, এবং লুক ২১ অধ্যায় ব্যাখ্যা করা খুবই কঠিন কারণ তারা কয়েকটি প্রশ্ন একই সাথে আলোচনা করে।
 ১. কখন মন্দিরটি ধংস হবে?
 ২. মশীহের ফিরে আসার চিহ্ন কি হবে?
 ৩. কখন এই যুগ শেষ হবে (মথি ২৪:৩)?
- গ. নতুন নিয়মের eschatological প্যাসেজের সাহিত্য ধারা হল সাধারণত রহস্য উদঘাটনমূলক সাহিত্যও ভাববাণীমূলক ভাষার একটি সমন্বয় যেটি হল উদ্দেশ্যমূলক ভাবে অস্পষ্ট ও অত্যন্ত প্রতিকি (দেখুন ঘ। Brent Sandy, *Ploshwares and Pruning Hooks: Rethinking the Language of Biblical Prophecy and Apocalyptic*)।
- ঘ. নতুন নিয়মের বেশ কয়েকটি প্যাসেজ (মথি ২৪, মার্ক ১৩, লুক ১৭ এবং ২১, ১ ও ২ থি ২:১৩-১৪ এবং প্রকাশিত বাক্য) আলোচনা করে দ্বিতীয় আগমনের বিষয়। এই প্যাসেজগুলি জোর দেয়:
 ১. ঘটনাটি সঠিক সময় অনিশ্চিত, কিন্তু ঘটনাটি নিশ্চিত
 ২. আমরা সাধারণ সময়টি জানতে পারি, কিন্তু ঘটনার, সুনির্দিষ্ট সময় নয়
 ৩. এটি ঘটবে হঠাৎ করে এবং অপ্রত্যাশিত ভাবে
 ৪. আমরা অবশ্যই প্রার্থনাশীল, প্রস্তুত, এবং নিধারিত কাজে বিশ্বস্ত হবে
- ঙ. সেখানে একটি ধর্মতত্ত্বগত paradoxical উদ্ভেজনা আছে দুইয়ের মধ্যে
 ১. যে-কোন মুহূর্তে আগমন (লুক ১২:৪০,৪৬; ২১:৩৬; মথি ২৪:২৭,৪৪) এবং

২. সত্য হল যে ইতিহাসের কয়েকটি ঘটনা অবশ্যই ঘটবে (নিচের চ)

চ. নতুন নিয়ম বলেছে যে কয়েকটি ঘটনা ঘটবে দ্বিতীয় আগমনের পূর্বে:

১. সমস্ত জগতে সুসমাচার প্রচারিত হবে (মথি ২৪:২৪; মার্ক ১৩:১০)
২. বড় ধরণের ধর্মত্যাগ হবে (মথি ২৪:১০-১৩, ২১; ১ তীম ৪:১; ২ তীম ৩:১ পদ থেকে কয়েকটি পদ; ২ থিষ ২:৩)
৩. “পাপ পুরুষ” এর প্রকাশ হবে (দানিয়েল ৭:২৩-২৬; ৯:২৪-২৭; ২ থিষ ২:৩)
৪. সেটি/তার অপসারণ নিয়ন্ত্রিত হবে (২ থিষ ২:৬-৭)
৫. আশাপূর্ণ ভাবে এক যিহুদী পূর্ন:জাগরণ হবে (সখরিয় ১২:১০; রোমীয় ১১)

ছ. লুক ১৭:২৬-৩৭ মার্ক এর সাথে সমান্তরাল নয়। এটি আংশিক Synoptic সমান্তরাল মথি ২৪:৩৭-৪৪ পদের সাথে।

জ. খ্রীষ্টের শীঘ্র আগমনের আলোচনার জন্য, দেখুন [বিশেষ বিষয়: শীঘ্র ফিরে আসা \(Special Topic: Soon Return\)](#)

ঝ. বিলম্বিত আগমনের আলোচনা জন্য, দেখুন [বিশেষ বিষয়: বিলম্বিত দ্বিতীয় আগমন \(Special Topic: Delayed Second Coming\)](#)

Copyright © 2014 [Bible Lessons International](#)

৬:১৫ “তোমরা কি জান না” নোট দেখুন ১ করি ৫:৬ পদে।

■ “তোমাদের দেহ খ্রীষ্টের দেহের অংশ” পৌল আদি ২:২৪ পদ থেকে উপমা ব্যবহার করেছেন যে কোন ধরণের যৌন ব্যভিচারে বিশ্বাসীদের এক দেহ হবার সতর্ক বাণীর ভিত্তি হিসাবে। বিশ্বাসীরা খ্রীষ্টে এক (১ করি ১২:২০,২৭; রোমীয় ১২:৫; ইফি ৪:১২,১৬,২৫)।

■ “বেশ্যা” এটি হল গ্রীক টার্ম *pornē*, যেটি “বিক্রয় করা” (অর্থাৎ, *pernēmi*, Kittel, *Theological Dictionary of the New Testament*, vol. 6, p. 580) verb থেকে এসেছে। করিছে (এবং প্রাচীন নিকট প্রাচ্যে) দুই ধরণের বেশ্যা ছিল, একটি cultic (অর্থাৎ, পৌত্তলিক আরাধনা) এবং ক্রীতদাস (অর্থাৎ, লাভের জন্য)। পৌল বারবার *porneia* আলোচনা করেছেন (১ করি ৫:১ [দু’বার]; ৯,১০,১১; ৬:৯,১৩,১৫,১৬,১৮; ৭:২; ১০:৮; ২ করি ১১:২১)। পৌত্তলিক উর্বরতার আরাধনা ছিল যৌন কাজকর্মের মধ্যে দিয়ে প্রকাশ করা। পৌলের শ্রোতার বড় হয়ে উঠেছিল এবং অংশগ্রহণ করেছিল এই সব ধর্মানুষ্ঠান ও উৎসবে, কিন্তু এখন তারা খ্রীষ্টিয়ান!

NASB “কখনও না”

NKJV “নিশ্চয়ই না”

NRSV “কখনই না”

TEV “অসম্ভব”

NJB “প্রশ্নই ওঠে না”

এই বিশ্বয়বোধক শব্দগুচ্ছ (এক বিরল optative mood প্রকাশ করছে দৃঢ় ইচ্ছা, আকাংখ্যা, বা প্রার্থনা) প্রায়ই পৌল ব্যবহার করেছেন তার আতঙ্ক প্রকাশে যে কিভাবে কেউ কেউ সাড়া প্রদান করছে (অর্থাৎ, diatribe) তার বক্তব্যে বা অলংকারিক প্রশ্নে (রোমীয় ৩:৪; ৬:৩১; ৬:২,১৫; ৭:৭,১৩; ৯:১৪; ১১:১,১১; ১ করি ৬:১৫; গালা ২:১৭; ৩:২১; ৬:১৪)।

৬:১৬ “তারা দু’জন একদেহ হবে” এটি আদি ২:২৪ পদের একটি উদ্ধৃতি। বিবাহে দুই ব্যক্তি ইচ্ছুক ভাবে একদেহ হয়। দৈহিক ঘনিষ্ঠতা হল একটি দৃঢ় বন্ধনের অভিজ্ঞতা। জীবনে এর রয়েছে উপযুক্ত ঈশ্বর অভিযুক্ত স্থান। ঈশ্বরের অন্য সকল দানের মত, এটি কলুষিত হতে পারে এবং ঈশ্বরের দত্ত বন্ধনের বাইরে নিয়ে যাওয়া যেতে পারে।

৬:১৭ এটি একটি আত্মিক উপমা যেটি আদি ২:২৪ পদ থেকে অঙ্কিত হয়েছে। যেহেতু স্বামী এবং স্ত্রী হিসাবে দৈহিক ভাবে এক দেহ, বিশ্বাসীরা এবং প্রভু এক আত্মিক সত্তা (যোহান ১৭:১১,২৩; গালা ২:২০; ইফি ৫:২১-৩৩)। এই ধর্মতাত্ত্বিক ধারণার একটি ভাল উদাহরণ হল রোমীয় ৬:১-১১ পদ। বিশ্বাসীরা খ্রীষ্টের সাথে মরেছেন, খ্রীষ্টের সাথে সমাধি প্রাপ্ত হয়েছেন (বাণ্ডিপ্সে), এবং খ্রীষ্টে জীবিত হয়ে উঠেছেন।

NASB “যে কেউ তাঁর সাথে যুক্ত হয়”

NKJV “যে কেউ যুক্ত হয়”

NRSV “যে কেউ একতাবদ্ধ হয়”

TEV “যে কেউ তাঁতে যুক্ত হয়”

NJB “যে কেউ তাঁর সাথে সংযুক্ত হয়”

এটা ঠিক ৬:১৬ পদের সাথে সমান্তরাল। ব্যাকরণগত কাঠামো হল

১. একটি present passive participle যেমন ১ করি ৬:১৬ পদে (Zerwick and Grosvenor, *A Grammatical Analysis of the Greek New Testament*, p. 508)
২. একটি present middle participle (Harold K. Moulton, *The analytical Greek Lexicon Revised*, p. 236)

গতিশীল সমমানের অনুবাদ (অর্থাৎ, TEV, NJB), সেরকমই NASB, অনুবাদ হয়েছে এটি middle voice হিসাবে। এটা স্পষ্ট যে প্রসঙ্গ লক্ষ্য করছে অংশগ্রহণকারীদের অন্তর্ভুক্তির ইচ্ছাকে।

৬:১৮ “ব্যভিচার থেকে পালাও” এটি আগে বা পরে কি হবে তার ব্যাকরণগত সংযুক্ত ছাড়া একটি present active imperative (অর্থাৎ, *asyndeton*), যেটি Koine গ্রীক পাঠকদের জন্য ছিল জোর দান করার একটি উপায়, কারণ ঘটিয়েছে শব্দগুচ্ছকে বিশিষ্টতা দেবার।

মানুষের যৌনতা অনুগ্রহশীল ঈশ্বরের একটি দান, কিন্তু ঈশ্বরের দানকে কিভাবে একজন অনুশীলন করছে সে সম্পর্কে উপযুক্ত ও অনুপযুক্ত দিক রয়েছে। পৌল বিবাহকে নিশ্চিত করেছেন তার আদি ২:২৪ পদের উদ্ধৃতির দ্বারা, কিন্তু দৃঢ়ভাবে সীমা স্থির করেছেন বিবাহপূর্ব ও বিবাহ বহির্ভূত যথেষ্টাচারকে।

বিশ্বাসীরা অবশ্যই অবিচল ভাবে এই ক্ষেত্রে অধ্যবসায়ী থাকবেন, বিশেষ করে যখন সংস্কৃতিটা লাম্পট্যময়। বিশ্বাসের জীবনে যৌন পাপ হল বড় সমস্যা। বিশ্বাসীদের অবশ্যই যৌন জীবন যাপন করতে হবে উপযুক্ত রূপান্তরিত জীবনে (২ করি ১২:২১; ইফি ৫:৩; কল ৩:৫)।

■ “মানুষ অন্য যে সব পাপ করে তা তার দেহের বাইরে করে” এটা একটা অদ্ভুত মন্তব্য। আমার মনে হয় আমি এটা ভাল বুঝতে পেরেছি। এটি প্রতিফলিত করতে পারে

১. করিছে পৌত্তলিক সংস্কৃতি
২. একটি শিক্ষা জোর দিয়েছে ভক্ত শিক্ষকদের বিষয়ে
৩. একটি প্রচার পৌলের উপরে জোর দিয়েছে (১ করি ৬:১২, ১৩)

মানুষের প্রাণ নেই, তারাই হল প্রাণ (আদি ২:৭)। এর সাথে সম্পর্কিত পৌলের উপলব্ধি যে বিশ্বাসীদের দেহ নেই, তারা হল একটি দেহ। এটি হল আদিপুস্তক এবং গ্রীক চিন্তা যে মন্দ হিসাবে বাস্তব দেহ মূল্যহীন তার সম্ভাব্য ধর্মতাত্ত্বিক উন্নয়ন। পুরাতন নিয়ম ও নূতন নিয়ম নিশ্চিত করেছে দৈহিক পুনরুত্থান যেটি একটি উপায় মানুষের দৈহিক অস্তিত্বের উৎকর্ষতা ও অন্তকালীনতার নিশ্চয়তার। পরবর্তীতে Gnostic ইন্দ্রিয় পরায়ন ব্যক্তি বা যারা বিশ্বাস করে ব্যবস্থা পালনের দরকার নেই এমন শিক্ষকেরা পৃথক করবে মানসিক দিককে দৈহিক দিক থেকে, সেজন্য ঈশ্বরভক্তির বা ধার্মিকতার পরিবর্তে জ্ঞান হিসাবে পরিভ্রাণের নিশ্চয়তা। পৌল নিশ্চিত করেছেন যে সুসমাচার হল

১. একজন ব্যক্তিকে স্বাগত জানান
২. সেই ব্যক্তি সম্বন্ধে সত্যকে বিশ্বাস করা
৩. সেই ব্যক্তির জীবনকে অনুকরণ করা

এটি পৃথক করা যেতে পারে না! মানুষ হল একটা ঐক্য! পরিভ্রাণ সসম্পূর্ণ। ঈশ্বরের রাজ্য এসে গেছে। বিশ্বাস ও বাধ্যতার মধ্যে রয়েছে একটি অভঙ্গুর বন্ধন। প্রারম্ভিক প্রবিত্রকরণ অবশ্যই পরিচালিত করবে অগ্রসরমান পবিত্রকরণের দিকে। ধার্মিকতা হল একটি দান (indicative) এবং একটি আদেশ (imperative)।

Dr. Bruce Tankersley, East Texas Baptist University র আমার সহকর্মী, আমাকে স্মরণ করিয়ে দিয়েছেন যে cultic বেশ্যাবৃত্তিতে বেশ্যারা হল দেবতার বিকল্প। সেজন্য, যৌন সম্পর্ক কেবলমাত্র ব্যভিচার নয়, কিন্তু প্রতিমাপূজা।

৬:১৯ “তোমরা কি জান না” নোট দেখুন ১ করি ৫:৬ পদে।

■ “তোমাদের দেহ পবিত্র আত্মার মন্দির” খ্রীষ্ট ধর্ম যিহূদীদের জাগতিক মন্দিরকে অপসারণ করে খ্রীষ্টের বাস্তব দেহের আত্মিক মন্দিরকে (যোহন ২:২১) তাঁর মিলিত দেহ হিসাবে মণ্ডলীকে স্থলাভিষিক্ত করেছে (১ করি ১০:১৬, ১৭; ১১:২৯; ১২:১২-২৭)। মন্দিরের এই ধারণা ১ করিছীয় পত্রে দুটি অর্থে ব্যবহৃত হয়েছে।

১. ১ করিছীয় ৩:১৬-১৭ পদে, এটি ব্যবহৃত হয়েছে সমগ্র স্থানীয় মন্ডলী বোঝাতে
২. এখানে এটি ব্যবহৃত হয়েছে আলাদা আলাদা বিশ্বাসীকে বোঝাতে

এটি প্রকাশ করেছে মিলিত ও ব্যক্তিগত দিকের মধ্যে নমনীয় সম্পর্কে।

এই প্রসঙ্গে পৌলের বড় পয়েন্ট হল পবিত্রতার জন্য আহ্বান। বিশ্বাসীরা চারিদিকের সংস্কৃতি থেকে একেবারেই ভিন্ন হবে। এর দুটি উদ্দেশ্য রয়েছে

১. এটি খ্রীষ্টসাদৃশ্যতার লক্ষ্য সম্পাদন করে
২. এটি লোকদের খ্রীষ্টকে বিশ্বাস করতে আকর্ষণ করে, যেটি হল যমজ লক্ষ্য মহান আদেশের (মথি ২৮:১৯-২০)

■ “পবিত্র আত্মা যিনি তোমার মধ্যে বাস করেন” এটি হল অন্তরে বাসকারী পবিত্র আত্মার উপরে জোর দান। খ্রীষ্টিয় জীবনের জন্য ক্ষমতা ঈশ্বরের একটি দান, ঠিক যেমন পরিভ্রাণ। আমাদের অবশ্যই আত্মার কাজের ফল উৎপাদন করতে হবে। ত্রিত্বের তিনটি ব্যক্তিত্বই বিশ্বাসীদের মধ্যে বাস করেন।

১. আত্মা (যোহন ১৪:১৬-১৭; রোমীয় ৮:৯, ১১; ১ করি ৩:১৬; ৬:১৯; ২ তীম ১:১৪)
২. পুত্র (মথি ২৮:২০; যোহন ১৪:২০, ২৩; ১৫:৪-৫; রোমীয় ৮:১০; ২ করি ১৩:৫; গালঅ ২:২০; ইফি ৩:১৭; কল ১:২৭)
৩. পিতা (যোহন ১৪:২৩; ২ করি ৬:১৬)

বিশ্বাসীরা হল ঈশ্বরের অধিকারের লোক। এটি হল স্বৈচ্ছাকৃত শয়তানের অধিকারের থেকে ভিন্ন এই যে ইচ্ছাকৃত বিশ্বাসীদের সহভাগিতা হল চূড়ান্ত প্রতিটি ধাপে ও স্তরে। শয়তান ব্যক্তির ইচ্ছাকে ধংস করে, কিন্তু সার্বভৌম ঈশ্বর তাঁর সৃষ্ট মানুষের স্বাধীনতাকে সম্মান করাটা বেছে নিয়েছেন। কেবল মাত্র খ্রীষ্টিয় পরিপক্বতা (অর্থাৎ, খ্রীষ্টসাদৃশ্যতায়) ঈশ্বরের ইচ্ছা নিয়ন্ত্রিত করে পরিচালক শক্তিতে!

৬:২০ “দাম দিয়ে তোমাদের কেনা হয়েছে” এটি একটি aorist passive indicative। এই রূপক এসেছে ত্রীতদাস বাজার থেকে (১ করি ৭:২২-২৩; রোমীয় ৩:২৪; গালা ৩:১৩; ৪:৫)। পুরাতন নিয়মে এটি *go'el* নামে পরিচিত, যে ছিল একজন নিকট আত্মীয় যাকে আবার ত্রীতদাসত্ব থেকে কেনা হয়েছে (লেবীয় ২৫:২৫)। এটি খ্রীষ্টের প্রতিনিধিত্বমূলক বিকল্প, অন্যের জন্য প্রায়শ্চিত্তের উল্লেখ (যিশা ৫৩; মার্ক ১০:৪৫; ২ করি ৫:২১)। যখন কেউ খ্রীষ্টকে গ্রহণ করে সে তার দেহের ব্যক্তিগত অধিকারকে বর্জন করে এবং দায়িত্ব গ্রহণ করে সম্পূর্ণ মন্দিরের, সম্পূর্ণ দেহের মিলিত স্বাস্থ্য ও সজীবতার (১ করি ১২:৭)।

■ “তোমাদের দেহে ঈশ্বরের গৌরব কর” এটি একটি aorist active imperative, এটি জরুরী আদেশ, কোন বিকল্প নয়। কিভাবে বিশ্বাসীরা জীবন যাপন করে তা নিশ্চয়তার, শান্তির, সাক্ষ্যদানের জন্য চূড়ান্ত! দেখুন [বিশেষ বিষয়: মহিমা \(DOXA\), পৃ..৭৩, \(SPECIAL TOPIC: GLORY \(DOXA\), See page 73\)](#) ১ করি ২:৭ পদে।

দুটি চূড়ান্ত বিষয় আছে যা খ্রীষ্টিয় জীবনে এড়িয়ে যেতে হবে: (১) সবকিছু উপযুক্ত নয়; (২) সবকিছু উপযুক্ত। আমাদের দেহ ঈশ্বরের জন্য, নিজেদের জন্য নয়; দেহ সেবার জন্য, পাপ করার জন্য নয় (রোমীয় ৬)। দেহের এই দৃষ্টিভঙ্গি গ্রীকদের দেহের দৃষ্টিভঙ্গি থেকে আলাদা প্রাণের কারাগার হিসাবে। দেহ মন্দ নয়, কিন্তু এটি হল আত্মিক জীবনের একটি যুদ্ধক্ষেত্র (ইফি ৬:১০-২০)।

একটি অতিরিক্ত শব্দগুচ্ছ রয়েছে NKJV তে, “এবং তোমাদের আত্মায়, যেখানে ঈশ্বরের,” যেটি পরবর্তী সামান্য কয়েকটি uncials এবং পরবর্তী কালে minuscule গ্রীক পান্ডুলিপিতে পাওয়া যায়। যাহোক, প্রাচীন টেক্সটে এটি পাওয়া যায় না। এটি P⁴⁶, \aleph , A, B, C*, D*, F, or G তে নাই। UBS⁴ সংক্ষিপ্ত টেক্সটকে দিয়েছে "A" রেটিং (নিশ্চিত)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. এই অধ্যায় কি আজকের খ্রীষ্টিয়ানদের শিক্ষা দিচ্ছে যে আদালতে না যাওয়া উচিত?
২. কিভাবে এবং কখন পবিত্রগণ দূতদের বিচার করবেন?
৩. ৯ ও ১০ পদে উল্লেখিত পাপের তালিকা কি ব্যক্তিগত কাজ বা অভ্যাসগত জীবনকে বুঝিয়েছে?
৪. যখন পৌল জোর দিয়ে বলছেন যে আমার জন্য সকলিছু অনুমতিযোগ্য, বাইবেলের ব্যক্তিগত অভ্যাস এবং নির্দিষ্ট আদেশের উল্লেখ অনুসারে এই কথার দ্বারা তিনি আসলে কি বুঝিয়েছেন?
৫. কেন যৌনতার পাপ একটি তাৎপর্যপূর্ণ আত্মিক সমস্যা?
৬. দেহের প্রতি গ্রীকদের দৃষ্টিভঙ্গি এবং দেহের প্রতি খ্রীষ্টিয়ানদের দৃষ্টিভঙ্গির পার্থক্য ব্যাখ্যা করুন।

১ করিন্থীয় ৭
(1 CORINTHIANS 7)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
বিবাহ বিষয়ে সমস্যা ৭:১-৭	বিবাহের নীতি ৭:১-৯	বিবাহ সম্বন্ধে নির্দেশনা ৭:১-৭	বিবাহ সম্বন্ধে প্রশ্ন ৭:১ক ৭:১খ-৫ ৭:৬-৭	বিবাহে এবং কুমারিত্ব ৭:১-৭
৭:৮-১৬	তোমরা বিবাহ শপথ রক্ষা কর ৭:১০-১৬	৭:৮-৯ ৭:১০-১১ ৭:১২-১৬	৭:৮-৯ ৭:১০-১১ ৭:১২-১৬	৭:৮-৯ ৭:১০-১১ ৭:১২-১৬
জীবনে প্রভু যে কাজ মনোনীত করেছেন ৭:১৭-২৪	যেভাবে প্রভু ডেকেছেন সেভাবে জীবন যাপন করা ৭:১৭-২৪	Eschatology এবং সামাজিক ও বিবাহ বিষয়ে পরিবর্তন ৭:১৭-২০ ৭:২১-২৪	যেভাবে ঈশ্বর ডেকেছেন সেভাবে জীবন যাপন করা ৭:১৭-২৪	৭:১৭-২৪
অবিবাহিত এবং বিধবা ৭:২৫-৩৫	অবিবাহিত ও বিধবাদের প্রতি ৭:২৫-৪০	৭:২৫-৩১	অবিবাহিত ও বিধবাদের বিষয়ে প্রশ্ন ৭:২৫ ৭:২৬-২৮ ৭:২৯-৩১ ৭:৩২-৩৪ ৭:৩৫	৭:২৫-২৮ ৭:২৯-৩১ ৭:৩২-৩৫
৭:৩৬-৩৮		৭:৩৬-৩৮	৭:৩৬-৩৮	৭:৩৬-৩৮
৭:৩৯-৪০		৭:৩৯-৪০	৭:৩৯-৪০	৭:৩৯-৪০

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

৭:১-৪০ পদের প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি

- ক. এটি পৌলের পারিবারিক সম্পর্কের বিষয়ে সবচেয়ে ব্যাপক আলোচনা। তিনি আলোচনা করেছেন
১. যৌন অনৈতিকতা, ৬:৯-২০; ৭:২
 ২. বিবাহ, ১ করি ৭:২-৫, ১০-১৬, ২৮
 ৩. অবিবাহিত, ১ করি ৭:৬-৯, ২৫-২৬, ২৯-৩৫
 ৪. কুমারী, ১ করি ৭:৩৬-৩৮
 ৫. বিধবা ও যাদের স্ত্রী নাই তাদের পুনরায় বিবাহ, ১ করি ৭:৩৯-৪০
 ৬. বার বার বলা বিষয় হল, তুমি যেমন তেমনই থাক,” ১ করি ৭:১,৬-৭,৮,১০,১৭-২৪,২৬-৩৫,৩৭,৪০; কারণ বর্তমানের পরিস্থিতি এবং প্রত্যাশিত *parousia*, যদিও তিনি ব্যতিক্রমের জন্য অনুমোদন দিয়েছেন
- খ. ৭ অধ্যায়টি খুব ভাল একটি উদাহরণ কিভাবে স্থানীয় ও জাগতিক পরিস্থিতিকে অবশ্যই কৈফিয়তের মুখোমুখি নিতে হবে যেন কেউ একজন বাইবেল সঠিক ভাবে ব্যাখ্যা করতে পারে বা প্রয়োগের জন্য বিশ্বজনীন নীতিকে আঙ্কিত করতে পারে। ১ করি স্থায়ী পত্রের ঐতিহাসিক প্রেক্ষাপট জানা খুব কঠিন কারণ
১. আমরা ঠিক জানি না যে করিন্থের বর্তমান সমস্যা কি ছিল (সম্ভবত দুর্ভিক্ষ)
 ২. আমরা জানি না কোন বিভক্ত দলকে উদ্দেশ্য করে পৌল বলছেন এবং কোন কোন পদে (অর্থাৎ, ascetics বা libertines)
 ৩. আমাদের কাছে মন্ডলীর চিঠিটি নেই যেটি তারা পৌলকে লিখেছিল যেখানে তারা এসব প্রশ্ন করেছিল (১ করি ৭:১,২৫; ৮:১; ১২:১; ১৬:১,১২)
- গ. মনে হয় করিন্থে দুটি অনুপযুক্ত আচরণ/দলভেদ ছিল যা বিরাট সমস্যার সৃষ্টি করেছিল। এই লোকদের প্রথম দলটি ছিল যাদের ঝোঁক ছিল সন্ন্যাসের দিকে (১ করি ৭:১)। অন্য দলটি ছিল তারা যাদের ঝোঁক ছিল নৈতিক উশুংখলতা বা antinomianism এর দিকে (১ করি ৬:১২; ১০:২৩)। সকল সত্যই চরমপন্থীদের দ্বারা আক্রমণের শিকার হয়েছিল। ১ করি স্থায়ী ৭ অধ্যায়ে, পৌল বাস্তবতা ও ধর্মতত্ত্বগত এই চরমপন্থার মধ্যবর্তী দড়ির উপর দিয়ে হাঁটতে চেষ্টা করেছেন, যখন তিনি উভয় দলের সঙ্গেই কথা বলেছেন।
- ঘ. ৭ অধ্যায় থেকে একটি বার বার বলা মূল বিষয় রয়েছে। এর স্বতন্ত্রতা ১৭,২০,২৪,২৬,৩৭ ৪০ পদ দ্বারা করা হয়েছে এবং ৮ পদে পরোক্ষ উল্লেখ করা হয়েছে। এই মূল বিষয়টি হল “তুমি যেমন তেমনই থাক” কারণ সময় কাছে এসে গেছে। এটি বিশ্বজনীন নীতি হতে পারে না কারণ
১. এটি নির্ধারিত সময়কালের সাথে সম্পর্কিত
 ২. মানুষের জন্য বিবাহ হল ঈশ্বরের ইচ্ছা (আদি ১:২৮)
 ৩. এই মণ্ডলী ভ্রান্ত শিক্ষকদের দ্বারা অভ্যন্তরীণ ভাবে সমস্যার মুখে পড়েছিল
- একটি বিষয় কোন শ্রেণীর (অর্থাৎ, কখনো বিয়ে না করার, একবার বিবাহ, বা অশ্বাসীকে বিবাহ) অভিজ্ঞতা পৌল নিজে লাভ করেছিলেন। হতে পারে তিনি অস্তিত্বগত ভাবে তাদের সবাইকে জানতেন। বেশির ভাগ যিহুদী বিবাহিত ছিল আদি ১:২৮ পদের রাব্বীদের ব্যাখ্যার সাথে সাথে ঐতিহ্যগত ভাবে। পৌলের স্ত্রী হয় মারা গিয়েছিলেন (অর্থাৎ, তিনি বিপত্নিক ছিলেন) বা সে তাকে ছেড়ে গিয়েছিল তার নূতন বিশ্বাসের কারণে (অর্থাৎ, তিনি ছিলেন তালাকপ্রাপ্ত)। তার পরিব্রাণ ও পরিচর্যার আহবানের সময়ে (অর্থাৎ, দম্মেশকের পথে) তিনি ব্যক্তিগত ভাবে কৌমার্য বেছে নিয়েছিলেন, যেমন বার্ণবা করেছিলেন, কিন্তু তিনি কখনোই পিতরের বিবাহকে দোষ দেন নাই (১ করি ৯:৫)।
- ঙ. বাইবেলে বিবাহ প্রত্যাশিত আদর্শ (আদি ১:২৮; ২:১৮)। পৌল সম্ভবত কোন এক সময় বিবাহিত ছিলেন (অর্থাৎ, প্রেরিত ২৬:১০ পদ ইঙ্গিত দেয়, যদি পৌল মহাসভার সদস্য হয়ে থাকেন, তাহলে তাকে অবশ্যই বিয়ে করতে হয়েছিল)। তিনি জোর দিয়ে বলেছেন যে বিবাহ হল বিশ্বাসীদের জন্য একটি সম্মানীয় মর্যাদা (১ করি ৬:১৬; ৭:১৪; ২ করি ১১:২ এবং ইফি ৫:২২-৩১)। আমাদের অবশ্যই মনে রাখতে হবে যে পৌল প্রথম শতকের স্থানীয়, পরজাতি, বিভক্ত দল, কসমোপলিটান অবস্থার উদ্দেশ্যে বলছিলেন।

চ. ১৯ পদে পৌলের তুচ্ছবিষয় আলোচনা নিশ্চিত করেছে যে পৌলের জন্য পুরাতন নিয়মের ধর্মানুষ্ঠান ও নিয়ম কানুন বিশ্বাসী পরজাতিয়দের জন্য যীশু খ্রীষ্টের সুসমাচারে মৃত ছিল (প্রেরিত ১৫) এবং, সেজন্য, বন্ধন ছিল না। ধর্মতত্ত্বগত ভাবে বলতে এটি সাধারণত বর্ণনা করে যে পৌল নিশ্চিত করেছিলেন পুরাতন নিয়মের নৈতিক দিকগুলি, কিন্তু ধর্মানুষ্ঠানের দিকগুলি বাতিল করেছিলেন। মোটামুটি ভাবে এটাই সত্যি।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ৭:১-৭

^১ তোমরা আমাকে যে সব বিষয় লিখেছ সেই বিষয়ে, স্ত্রীলোককে স্পর্শ করা মানুষের ভাল নয়। ^২ কিন্তু ব্যভিচারের কারণে, প্রত্যেক পুরুষের নিজের স্ত্রী থাকুক, আর প্রত্যেক স্ত্রীর নিজের স্বামী থাকুক। ^৩ স্বামী তার স্ত্রীর প্রতি কর্তব্য পূর্ণ করুক, আর সেভাবে স্ত্রীও তার স্বামীর প্রতি করুক। ^৪ নিজ দেহের উপরে স্ত্রীর কর্তৃত্ব নেই, কিন্তু স্বামীর আছে; আর একইভাবে স্বামীরও তার নিজ দেহের উপরে কর্তৃত্ব নেই, কিন্তু স্ত্রীর আছে। ^৫ একে অন্যকে বন্ধিত কোর না, কেবলমাত্র একমত হয়ে কিছু সময়ের জন্য আলাদা থাকতে পার, যেন তোমরা নিজেরা প্রার্থনায় সমর্পিত হতে পার, তারপরে আবার একসঙ্গে মিলিত হয়ো যেন শয়তান তোমাদের নিজেদের দমনের অভাবে প্রলোভনে ফেলতে না পারে। ^৬ কিন্তু এই কথা আমি তোমাদের অনুমতির মত বলছি, আদেশ দিয়ে নয়। ^৭ তথাপি আমার ইচ্ছা এই যে যদি সবাই আমার মত হত। যাহোক, ঈশ্বরের কাছ থেকে প্রত্যেক জন নিজ নিজ দান পেয়েছে, এক জন এক রকম, আর অন্যজন অন্য রকম। (অনুবাদকৃত টেক্সট)।

৭:১ “তোমরা আমাকে যে সব বিষয় লিখেছ সেই বিষয়ে” সম্ভবত বিষয়টি ১-৬ অধ্যায়ে বলা হয়েছে যেটি ছিল ক্রোয়ীর পরিজনদের দ্বারা পৌলের সাথে সম্পর্কিত। শব্দগুচ্ছ “সেই বিষয়ে” উল্লেখ করছে নির্দিষ্ট প্রশ্ন যেগুলি করিন্থের মণ্ডলী সম্ভবত স্ত্রিফান, ফর্তুনাত, ও আখায়িকের হাতে পৌলের কাছে পাঠিয়েছিল (১ করি ৭:২৫; ৮:১; ১২:১; ১৬:১,১২)। করিন্থীয়েরা কি প্রস্তুত করেছিল এবং কে প্রশ্ন করেছিল সেটা না জেনে এই অধ্যায়টি ব্যাখ্যা করা খুব কঠিন (অর্থাৎ, বিশুদ্ধ বিশ্বাসী, ইন্দ্রিয় পরায়ণ দল, সন্ন্যাসী দল, বা একটি দল বিভক্ত গৃহ মণ্ডলী)।

NASB, NRSV “স্ত্রীলোককে স্পর্শ করা মানুষের ভাল নয়”

NKJV “মানুষের জন্য এটা ভাল, স্ত্রীলোককে স্পর্শ না করা”

TEV “মানুষ বিয়ে না করে ভালই করে”

NJB “হ্যাঁ, মানুষের জন্য এটা ভাল বিষয় যে স্ত্রীলোককে স্পর্শ না করা”

এই টার্ম “ভাল” এর রয়েছে ব্যাপক semantic ক্ষেত্র, কিন্তু এই প্রসঙ্গে এর অর্থ “লাভজনক” বা “একজনের সুযোগ সুবিধা” (১ করি ৭:১,৮,২৬)। এই একই অর্থে এটি ব্যবহৃত হয়েছে সেপ্টুয়াজিন্টের আদি ২:১৮ পদে। পৌলের সামগ্রিক উদ্দেশ্য হল সমস্যার সময়ে ব্যক্তির জন্য যা সবচেয়ে ভাল এবং ঈশ্বরের রাজ্যের জন্য যা সবচেয়ে ভাল।

এটা উল্লেখ করতে পারে

১. পৌলের কাছে করিন্থীয়দের লেখা চিঠি থেকে উদ্ধৃতি

২. কোন একটি বিভক্ত দলের শ্লোগান

৩. একটি শব্দগুচ্ছ নেওয়া হয়েছে পৌলের প্রচার থেকে, কিন্তু ভুল ব্যাখ্যা করা হয়েছে এবং প্রয়োগ করা হয়েছে সন্ন্যাস, আইন কানুন বা ইন্দ্রিয় পরায়ণ উপায়ে

এই টার্ম “স্পর্শ” এর রয়েছে ভিন্ন ভিন্ন অন্তর্নিহিত তাৎপর্য, “হস্তার্পন করা,” “হাতল,” “নিয়ন্ত্রণ।” এটি রূপক ভাবে যৌন সংস্পর্শে আসার জন্য ব্যবহৃত হয়েছে (LXX আদি ২০:৬; হিতো ৬:২৯; Josephus' *Antiquities* 1.163; এছাড়াও Plato এর, *Leges* 8.840a; এবং Plutarch, *Alex. M.* 21.4. দেখুন Bauer, Arndt, Gingrich and Danker's *Lexicon*, p. 102, কিন্তু মিসরে পাওয়া Koine Papyri তে যৌনতা বিষয়ক অর্থে ব্যবহৃত হয়নি)।

পৌল বিবাহ বা মানুষের যৌনতাকে অবমূল্যায়ন করেন নাই, কিন্তু মানুষই যৌনতাকে খারাপ ভাবে ব্যবহার করেছে। মানুষ সব সময়ই ঈশ্বরের দানকে নিয়েছে ঈশ্বরের সীমাবদ্ধতার উর্ধ্বে। করিন্থের সামাজিক আবহাওয়া অনৈতিকতার চরমে পৌছেছিল (১ করি ৭:২৬)।

NASB “কিন্তু ব্যভিচারের কারণে”

NKJV “তথাপিও, যৌন ব্যভিচারের কারণে”

NRSV “কিন্তু যৌন ব্যভিচারের কারণের ক্ষেত্রে”

TEV “কিন্তু সেখানে যথেষ্ট ব্যভিচারের কারণে”

NJB “তথাপি ব্যভিচারের এড়িয়ে যাওয়া”

বিবাহ পৌলের জন্য কোন সমস্যা ছিল না। এটি একটি present active imperative, third person singular। অনেকে বিশ্বাস করেন যে তিনি ছিলেন একজন রাব্বি কারণ তিনি অধ্যয়ন করেছিলেন রাব্বি গমলিয়েলের অধীনে এবং ব্যবস্থার জন্য উদ্যোগী একজন। তিনি জানতেন যে বিবাহ আদি পুস্তকের পরিপূর্ণতার বিবেচনায় আবশ্যিক ছিল, “প্রজাবস্ত্র ও বহুবংশ হও” (আদি ১:২৮; ৯:১,৭)। যৌনতা ঈশ্বরের একটি দান। পরজাতি সমাজ যৌনতায় খুব উদার এবং অনৈতিক ছিল কারণ যৌনতা পৌত্তলিক উর্বরতার আরাধনা অনুশীলনে ব্যবহৃত হতো যার জন্য পৌল মনে করেছিলেন যে এই বিষয়ে নিয়ে কথা বলবেন।

পৌল কৌমার্য বিষয়ের ধর্মতাত্ত্বিক দিক এবং বর্তমান নির্ধারিত প্রেক্ষাপট কথা বলেছিলেন। কৌমার্য হল আত্মিক দান। এটা বিবাহের চেয়ে বেশি আত্মিক নয়। অবিবাহিত লোক বেশি সময়, সতেজতা, এবং পরিচর্যায় ব্যক্তিগত উৎসসমূহ নিবেদিত করতে সক্ষম। এটি ভাল, কিন্তু সকলের জন্য নয়, বৃহত্তরদের জন্য নয়!

পৌলের আসল বিষয় ছিল এই প্রসঙ্গে অবিবাহিত থাকা নয়, কিন্তু “তুমি যেমন তেমনই থাক।” সময় ছিল কঠিন। নির্ধারিত দিনে দিনে বাড়ছিল। ইতিহাস আমাদের বলে যে তিনি সস্রাজ্য ব্যাপী দুর্ভিক্ষ হয়েছিল এই সময়ে। পৌল বিয়ে নিশ্চিত করেছেন (১ করি ৬:১৬), কিন্তু বর্তমানের সামাজিক প্রেক্ষাপটে অবিবাহিত থাকাকে সমর্থন দিচ্ছেন। এটি আবশ্যিকীয় ভাবে সার্বজনীন নীতি নয়, কিন্তু সাময়িক, সংস্কৃতিগত সাবধানতা।

পৌলের উদ্দিগ্নতা ১ করি ৭:২ পদে, প্রাথম শতকের গ্রীক-রোমীয় সংস্কৃতির ব্যাপক প্রসারিত ব্যাভিচার। একটি যৌনতায় উচ্ছৃংখল সমাজে বিশ্বস্ত, একবার বিবাহ হল অনেক বেশি আত্মিক ভাবে, আবেগগত ভাবে এবং দৈহিক ভাবে উত্তম পৌত্তলিক আরাধনার চেয়ে। কেবল বিবাহ নিশ্চিত করেন নাই, কিন্তু প্রতিটি অংশীদারের সাথে সঠিক দায়িত্ব নিশ্চিত করেছেন।

৭:২ “প্রত্যেক পুরুষের নিজের স্ত্রী থাকুক আর প্রত্যেক স্ত্রীর নিজের স্বামী থাকুক” এটি হল দুটি present imperatives, কিন্তু আদেশ হিসাবে কাজ করছে না, যদি না এটি ১ করি ৭:৫ পদ প্রত্যাশা করে। এটি একটি ব্যাকরণগত সমান্তরাল কাঠামো, যেমন ১ করি ৭:৩ এবং ৪ পদ। বিবাহ ব্যতিক্রম নয়; এটি একটি আদর্শ, কোন সুবিধা নয় (১ তীম ৪:৩; ইব্রীয় ১৩:৪)।

৭:৩ এই পদটির দুটি present active imperatives রয়েছে। পৌল দুইটি পদে চারটি নির্দেশনা দিয়েছেন। এটি কেবলমাত্র সম্ভব যে পৌল মানুষের যৌনতার বিষয়ে দুটি সমস্যা নিয়ে আলোচনা করেছেন (Gordon D. Fee, *To What End Exegesis*, pp. 88-98)।

১. উশৃংখল খ্রীষ্টিয়ানেরা যারা তাদের আগের পৌত্তলিক যৌনতার নমুনা অনুসরণ করে চলছিল, বিশেষ করে পৌত্তলিক মন্দির এবং উৎসব (অর্থাৎ, ইন্দ্রিয় পরায়ণতা)
২. খ্রীষ্টিয়ানেরা যারা বিবাহিত তারাও যৌনতাকে করেছিল আত্মিক নিষিদ্ধ (অর্থাৎ, সন্ন্যাস, ১ করি ৭:৫ এবং সেজন্য ১ করি ৭:১ পদ হয়েছিল একটি শ্লোগান বা একটি দলভেদ)।

৭:৪ এই পদটি দেখায় পৌলের সক্ষমতা তার নিজের সংস্কৃতির অনুপ্রয়োগিতার সুমততা রক্ষার (ইফি ৫:২১,২২-৩৩)। পৌলের সময়ে স্ত্রীদের খুব সামান্য অধিকার ছিল। পৌল বিবাহিত উভয় সঙ্গিকে উদ্দেশ্য করে পরস্পরের দায়িত্বের বিষয়ে বলছেন। যৌন চাহিদা মন্দ নয়। এটা হল ঈশ্বর দত্ত আকাংখ্যা।

৭:৫ “একে অন্যকে বঞ্চিত কোর না” এটি একটি present active imperative সাথে negative particle, যেটি সাধারণত ইঙ্গিত দেয় “প্রক্রিয়াধীন কোন কাজকে থামান।” এটি করিন্থীয় মণ্ডলীর সন্ন্যাসবাদ সমস্যার সাথে সম্পর্কিত। এটি আরও জোর দেয় যে যৌনতা, বা যৌনতা থেকে বিরত থাকা, অবশ্যই বিবাহিত দুজনের মধ্যে কারোরই নিয়ন্ত্রণের হাতিয়ার হবে না!

■ “কেবলমাত্র একমত হয়ে” এই শব্দগুচ্ছ আরম্ভ হয়েছে *ei mēti* দিয়ে, যার অর্থ “যদি না সম্ভবত” বা “যদি না এটা হয়” (লুক ৯:১৩)। এটি বর্ণিত আদর্শের একটি সম্ভাব্য একটি ব্যতিক্রম দিয়েছে। এই ধরণের কাঠামো (অর্থাৎ, একটি আইন তারপরে একটি ব্যতিক্রম) ব্যবহৃত হয়েছে সমগ্র অধ্যায়ে। পৌল ধর্মতাত্ত্বিক বৈধতা/সন্ন্যাসবাদ এবং লাম্পট্যতা/নিয়ম বর্হিভূত জীবন যাপনের মধ্যকার দড়ির উপরে দিয়ে হাঁটছিলেন। প্রতিটি দলেরই তাদের নিজস্ব কর্মসূচী ও শ্লোগান ছিল!

লক্ষ্য করুন পৌল প্রকাশ করছেন সকলের জন্য সম অধিকারের নমুনা। স্বামী একা মনোনয়ন করার অধিকার রাখে না! বাইবেল ভিত্তিক পুরুষ সর্বময়তা দু:খজনক ভাবে ভুল বোঝা হয়েছে। স্বামী অবশ্যই স্বার্থ ত্যাগের উপায়ে কাজ করবে তার পরিবারের পরিপক্বতার জন্য (ইফি ৫:২৫-২৯), নিজের ব্যক্তিগত সুবিধার জন্য নয় বা ব্যক্তিগত ইচ্ছানুসারে, কিন্তু আত্মিকতার ধনাধ্যক্ষতায়।

বিশেষ বিষয়: বাইবেলে মহিলা (SPECIAL TOPIC: WOMEN IN THE BIBLE)

I. পুরাতন নিয়ম

- ক. সংস্কৃতিগত ভাবে মহিলারা সম্পত্তি হিসেবে বিবেচিত
 ১. সম্পত্তির তালিকাতে অর্ন্তভুক্তি (যাত্রা পুস্তক ২০:১৭)
 ২. ক্রীতদাসীদের প্রতি আচরণ (যাত্রা পুস্তক ২১:৭-১১)
 ৩. সমাজে দায়িত্বপ্রাপ্ত পুরুষের দ্বারা মহিলাদের মানত ভঙ্গ করা (গণনা পুস্তক ৩০)
 ৪. নারীরা যুদ্ধের লুটের মাল হিসাবে গণিত (দ্বিতীয় বিবরণ ২০:১০-১৪; ২১:১০-১৪)
- খ. বাস্তব ভাবে একটি পারস্পারিক সমঝোতা ছিল
 ১. পুরুষ এবং মহিলা ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট (আদি পুস্তক ১:২৬-২৭)
 ২. পিতা এবং মাতাকে সম্মান কর (যাত্রা পুস্তক ২০:১২ [দ্বি বি ৫:১৬])
 ৩. মাতা এবং পিতাকে শ্রদ্ধা কর (লেবীয় পুস্তক ১৯:৩; ২০:৯)
 ৪. পুরুষ এবং মহিলা Nazirites (নাসরিয়) হতে পারে (গণনা পুস্তক ৬:১-২)

৫. কন্যাসন্তানদের উত্তরাধিকার আছে (গণনা পুস্তক ২৭:১-১১)
৬. নিয়ম বদ্ধ লোকদের অংশ (দ্বি বি ২৯:১০-১২)
৭. পিতা এবং মাতার শিক্ষা পালন কর (হিতোপদেশ ১:৮; ৬:২০)
৮. হেমনের পুত্র ও কন্যারা (লেবীয় পরিবার) মন্দিরে বাদ্যের নেতৃত্ব দিত (১ বংশাবলী ২৫:৫-৬)
৯. পুত্র ও কন্যারা নূতন যুগে ভবিষ্যৎ বাণী করবে (যোয়েল ২:২৮-২৯)
- গ. নারীরা নেতৃত্বের দায়িত্বে ছিলেন
 ১. মোশির বোন, মিরিয়াম, যাকে ভাববাদিনী বলা হয়েছে (যাত্রা পুস্তক ১৫:২০-২১ আরও দেখুন মীখা ৬:৪)
 ২. ঈশ্বরের দান প্রাপ্ত মহিলারা আবাস-তাম্বুর জন্য কাপড় সেলাই করেছিল (যাত্রা পুস্তক ৩৫:২৫-২৬)
 ৩. একজন বিবাহিত মহিলা, দবোরা, একজন ভাববাদিনীও ছিলেন (বিচার ৪:৪), সকল গোষ্ঠীকে নেতৃত্ব দিতেন (বিচারকর্তৃকগণ ৪:৪-৫; ৫:৭)
 ৪. হুল্দা ছিলেন একজন ভাববাদিনী যাকে যোশিয় রাজা আহ্বান করেছিলেন সদ্য-প্রাপ্ত “ব্যবস্থার পুস্তক” পাঠ ও অনুবাদ করার জন্য (২ রাজাবলী ২২:১৪; ২ বংশাবলী ৩৪:২২-২৭)
 ৫. রাণী ইস্টের, একজন ধার্মিকা মহিলা ছিলেন, পারস্যে যিহূদীদের রক্ষা করেছিলেন।

II. নূতন নিয়ম

- ক. সংস্কৃতিগত ভাবে মহিলারা যিহূদী ধর্মে এবং Greco-Roman বিশ্ব উভয় স্থানেই দ্বিতীয় শ্রেণীর নাগরিক ছিলেন অল্প কিছু অধিকার বা সুযোগ সুবিধা নিয়ে (মাকিদোনীয়া ছিল ব্যতিক্রমী)।
- খ. নেতৃত্বের পদে মহিলারা
 ১. এলিজাবেথ এবং মরিয়ম, ধার্মিকা মহিলা ঈশ্বরের কাছে গ্রহণযোগ্য ছিলেন (লুক ১-২)
 ২. হান্না একজন ধার্মিকা মহিলা মন্দিরে সেবা করতেন (লুক ২:৩৬)
 ৩. লুদিয়া, বিশ্বাসী এবং একটি গৃহ মন্ডলীর নেত্রী ছিলেন (প্রেরিত ১৬:১৪, ৪০)
 ৪. ফিলিপের চার জন কুমারী কন্যা ভাববাদিনী ছিলেন (প্রেরিত ২১:৮-৯)
 ৫. ফৈবী, কিংক্রিয়াস্থ মন্ডলীর পরিচারিকা ছিলেন (রোমীয় ১৬:১)
 ৬. প্রিস্কা (প্রিক্সিল্লা), পৌলের সহ-কর্মী এবং অপোল্লোর শিক্ষিকা ছিলেন (প্রেরিত ১৮:২৬; রোমীয় ১৬:৩)
 ৭. মরিয়ম, ক্রফোনা, ক্রফোষা, পর্শী, যুলিয়া, নীরিয়-এর বোন, পৌলের কয়েকজন মহিলা সহ-কর্মী ছিলেন (রোমীয় ১৬:৬-১৬)
 ৮. যুনয় (KJV), সম্ভবত একজন মহিলা প্রেরিত ছিলেন (রোমীয় ১৬:৭)
 ৯. ইবদিয়া এবং সুস্ত্রী, পৌলের সহ-কর্মী ছিলেন (ফিলি ৪:২-৩)

III. কিভাবে একজন আধুনিক বিশ্বাসী বিভিন্ন বাইবেলের উদাহরণের তুলনা করবে?

- ক. কিভাবে একজন ঐতিহাসিক বা সাংস্কৃতিক সত্যগুলো নিরূপণ করবে, যেগুলো প্রয়োগ শুধুমাত্র মূল প্রসঙ্গে, কারণ অনন্তকালীন সত্য সকল মন্ডলী, সকল বয়সের সকল বিশ্বাসীদের জন্য বৈধ?
 ১. আমাদের মূল থেকে অনুপ্রাণিত লেখকের অভিত্রায়কে অবশ্যই গুরুত্বের সাথে নেওয়া উচিত। বাইবেল হল ঈশ্বরের বাক্য এবং বিশ্বাস ও অনুশীলনের একমাত্র উৎস।
 ২. আমাদের অবশ্যই আলোচনা করতে হবে স্পষ্ট ঐতিহাসিক ভাবে-শর্তযুক্ত অনুপ্রাণিত লেখনীগুলি।
 - ক. ইস্রায়েলীয়দের উপাসনাকারী (cultus) (অর্থাৎ, অনুষ্ঠানিকতা এবং উপাসনা) (প্রেরিত ১৫; গালা ৩)
 - খ. প্রথম শতকের যিহূদী ধর্ম
 - গ. পৌলের ১ করিন্থীয়তে সুস্পষ্ট ঐতিহাসিকভাবে-শর্তযুক্ত বিবৃতি
 - (১) পৌত্তলিক রোমের আইন ব্যবস্থা (১ করি ৬)
 - (২) দাস হিসাবে থাকা (১ করি ৭:২০-২৪)
 - (৩) কৌমার্য (১ করি ৭:১-৩৫)
 - (৪) কুমারীত্ব (১ করি ৭:৩৬-৩৮)
 - (৫) প্রতিমা কাছে খাবার উৎসর্গ (১ করি ৮; ১০:২৩-৩৩)
 - (৬) প্রভুর ভোজে অযোগ্য কার্যকলাপ (১ করি ১১)
৩. ঈশ্বর সম্পূর্ণভাবে এবং স্পষ্টভাবে নিজেকে প্রকাশ করেছেন একটি নির্দিষ্ট সংস্কৃতিতে, একটি নির্দিষ্ট দিনে। আমাদের এই প্রকাশকে গুরুত্বের সাথে নিতে হবে, কিন্তু এর ঐতিহাসিক বিষয়ের প্রতিটি দিক থেকে দৃষ্টিভঙ্গি নয়। ঈশ্বরের বাক্য মানুষের বাক্য দিয়ে লেখা হয়েছে, একটি নির্দিষ্ট সময়ে একটি বিশেষ সংস্কৃতিকে উদ্দেশ্য করে।
- খ. বাইবেলীয় ব্যাখ্যা অবশ্যই মূল লেখকের উদ্দেশ্যকে খুঁজবে। তিনি তার নিজের সময় কালে কি বলছেন? এটি হল সঠিক ব্যাখ্যার জন্য মূল ও গুরুত্বপূর্ণ। কিন্তু তখন এটি অবশ্যই আমাদের নিজেদের সময় কালে প্রয়োগ করতে হবে। এখন, মহিলাদের নেতৃত্বের বিষয়ে সমস্যা রয়েছে (মূল ব্যাখ্যাগত সমস্যা হতে পারে টার্মটির ব্যাখ্যা করা। সেখানে কি পালকীয় ছাড়াও আরও পরিচর্যাসমূহ ছিল যাদের দেখা হত নেতৃত্ব দান কারী হিসাবে? পরিচারিকা বা ভাববাদিনীদের কি নেত্রী হিসাবে দেখা হত?) এটা খুবই স্পষ্ট যে পৌল ১ করি ১৪:৩৪-৩৫ এবং ১ তীম ২:৯-১৫ পদে দাবী করেছেন যে মহিলাদের প্রকাশ্য আরাধনা পরিচালনা করা উচিত নয়! কিন্তু আমি কিভাবে এটি আজকে প্রয়োগ করবো? আমি চাই না পৌলের সংস্কৃতি এবং আমার সংস্কৃতি ঈশ্বরের বাক্য বা ইচ্ছাকে নিরব করুক। সম্ভবত পৌলের সময়কাল ছিল খুবই

সীমিত, কিন্তু আমার সময়কাল হতে পারে অনেক খোলামেলা। আমি খুবই অস্বস্তিবোধ করছি বলতে যে পৌলের বাক্য এবং শিক্ষা ছিল শর্তযুক্ত, প্রথম শতকের, স্থানীয় পরিস্থিতিগত সত্য। আমি কে যে আমি আমার মন এবং আমার সংস্কৃতিকে একজন অনুপ্রাণিত লেখককে অগ্রাহ্য করতে দেব?!

যাহোক, আমি কি করবো সেই সব জায়গায় যেখানে বাইবেলের উদাহরণ রয়েছে মহিলাদের নেতৃত্বের (এমনকি পৌলের লেখনীতেও, রোমীয় ১৬)? একটি ভাল উদাহরণ পৌলের প্রকাশ্য আরাধনা নিয়ে আলোচনার ১ করিন্থীয় ১১-১৮ অধ্যায়ে। ১১:৫ পদে তিনি মনে হয় মহিলাদের অনুমতি দিচ্ছেন মাথা ঢেকে প্রচার করতে এবং প্রকাশ্য আরাধনায় প্রার্থনা করতে, তবুও ১৪:৩৪-৩৫ পদে তিনি চেয়েছেন তারা যেন নিরব থাকে! তারা ছিলেন পরিচারিকা (রোমীয় ১৬:১) এবং ভাববাদিনী (প্রেরিত ২১:৯)। এটা হল সেই বিভিন্নতা যেটা আমাকে স্বাধীনতা দিয়েছে পৌলের মন্তব্যগুলো (মহিলাদের নিষেধাজ্ঞার সাথে সম্পর্কিত হিসাবে) চিহ্নিত করতে করিছ ও ইফিষের মণ্ডলীর প্রথম শতাব্দীর সীমা হিসাবে। উভয় মন্ডলীতে মহিলাদের তাদের নতুন পাওয়া স্বাধীনতার চর্চা নিয়ে সমস্যা ছিল। (Bruce Winter, *After Paul Left Corinth*), যেটি সম্ভবত মন্ডলীর জন্য কঠিন হয়ে উঠেছিল খ্রীষ্টকে নিয়ে তাদের সমাজের কাছে পৌছানোর। তাদের স্বাধীনতাকে সীমাবদ্ধ করা দরকার ছিল যাতে সুসমাচার আরও কার্যকরী হয়।

আমার সময়কাল পৌলের একবারে উল্টা। আমার সময়কালে সুসমাচার হয়তো সীমাবদ্ধ ছিল যদি স্পষ্ট উচ্চারণকারী, প্রশিক্ষিত মহিলাদের সুসমাচার সহভাগিতা করার অনুমতি না থাকতো, পরিচালনা করার অনুমতি না থাকতো! প্রকাশ্য আরাধনার চূড়ান্ত লক্ষ্য কি? এটা কি ধর্মপ্রচার ও শিষ্যকরণ নয়? ঈশ্বর কি সম্মানিত এবং সম্বলিত হবেন মহিলা নেত্রীদের বিষয়ে? সমগ্র বাইবেল মনে হয় বলছে “হ্যাঁ”!

আমি পৌলের হাতে ছেড়ে দিতে চাই; আমার ধর্মতত্ত্ব প্রাথমিকভাবে পৌলের। আমি আধুনিক নারীবাদ দ্বারা অতি প্রভাবিত বা নিয়ন্ত্রিত হতে চাই না! যাহোক, আমি অনুভব করি মন্ডলী সুস্পষ্ট বাইবেলের সত্যে সাড়া প্রদানে ধীর, যেমন ক্রীতদাস প্রথা, বর্ণবাদ, ধর্মান্ধতা এবং যৌনবাদের অনুপযুক্ততা। এটি আরও ধীর ছিল আধুনিক বিশ্বে মহিলাদের অমর্যাদার উপযুক্ত সাড়া দানে। খ্রীষ্টে ঈশ্বর মহিলা এবং ক্রীতদাসদের মুক্ত করেছেন। আমি সাহস করব না একটি সংস্কৃতি-বদ্ধ লেখনীকে পুনরায় নাড়াচাড়া করতে।

আরো একটি বিষয়: একজন ব্যাখ্যাকারী হিসাবে আমি জানি যে করিছ ছিল খুব একটি বিপর্যস্ত মণ্ডলী। চমৎকার দানসমূহ ছিল পুরস্কার এবং লোক দেখানো। মহিলারা সম্ভবত এতে আকর্ষিত হতো। আমি আরও বিশ্বাস করি যে ইফিষ মণ্ডলী ক্ষতিগ্রস্ত হয়েছিল ভদ্র শিক্ষকদের দ্বারা যারা মহিলাদের বিষয়ে সুযোগ নিয়েছিল এবং তাদের ব্যবহার করছিল ইফিষের গৃহ মন্ডলীগুলোতে বিকল্প বক্তা হিসাবে।

গ. অধিকতর অধ্যয়নের জন্য পরামর্শ

১. *How to Read the Bible For All Its Worth* by Gordon Fee and Doug Stuart (pp. 61-77)
২. *Gospel and Spirit: Issues in New Testament Hermeneutics* by Gordon Fee
৩. *Hard Sayings of the Bible* by Walter C. Kaiser, Peter H. Davids, F. F. Bruce, and Manfred T. Branch (pp. 613-616; 665-667)

Copyright © 2014 [Bible Lessons International](#)

NASB, NRSV “যেন তোমরা নিজেরা প্রার্থনায় সমর্পিত হতে পার”

NKJV “যেন তোমরা উপবাস ও প্রার্থনায় নিজেদের সমর্পিত করতে পার”

TEV “তোমরা যেন নিজেরা প্রার্থনায় সময় ব্যয় করতে পার”

NJB “প্রার্থনার জন্য নিজেদের মুক্ত রাখতে পার”

Textus Receptus এ “উপবাস” অনুসরণ করেছে MSS κ^c , K, এবং L ও Peshitta। যাহোক, প্রাচীন গ্রীক টেক্সটের বিশাল বৃহৎ অংশ, P¹¹, P⁴⁶, κ^* , A, B, C, D, G, P, বেশির ভাগ প্রাচীন অনুবাদ, এবং বেশির ভাগ আধুনিক ইংরাজি অনুবাদ, এটি অর্ন্তভুক্ত করে নাই। UBS⁴ সংক্ষিপ্ত টেক্সটকে দিয়েছে "A" রেটিং (নিশ্চিত)।

আত্মিক উদ্দেশ্য সাধনে স্বেচ্ছাকৃত সাময়িক উপবাসের উপরে নতুন নিয়মের নীতি এখানে বিবাহিত দম্পতির আত্মিক উদ্দেশ্য সাধনে সাময়িক যৌনকর্ম থেকে বিরত থাকার সাথে সমান্তরাল। যেমন উপবাসে মনের লক্ষ্য থাকে ঈশ্বরের ইচ্ছার প্রতি, সে রকমই, সীমাবদ্ধ রাখতে পারে যৌনতা থেকে বিরত থাকাটা।

বিশেষ বিষয়: উপবাস করা

(SPECIAL TOPIC : FASTING)

উপবাস, যদিও নতুন নিয়মে কখনো আদেশ করা হয়নি, আশা করা হয়েছিল যীশুর শিষ্যদের উপযুক্ত সময়ের জন্য (মথি ৬:১৬,১৭; ৯:১৫; মার্ক ২:১৯; লূক ৫:৩৫)। সঠিক উপবাস বর্ণনা করা হয়েছে যিশাইয় ৫৮ অধ্যায়ে। যীশু নিজে দৃষ্টান্ত স্থাপন করেছেন (মথি ৪:২)। আদি মন্ডলী উপবাস করতো (প্রেরিত ১৩:২-৩; ১৪:২৩; ২ করি ৬:৫; ১১:২৭)। উদ্দেশ্য এবং উপায় হল গুরুত্বপূর্ণ; সময়; দীর্ঘতা এবং কখন কখন করা হবে তা হল ইচ্ছামূলক। পুরাতন নিয়মের উপবাস নতুন নিয়মের বিশ্বাসীদের জন্য আবশ্যিকীয় নয় (প্রেরিত ১৫:১৯-২৯)। উপবাস একজনের আত্মিকতা দেখানোর একটি উপায় নয় (যিশাইয় ৫৮; মথি ৬:১৬-১৮), কিন্তু ঈশ্বরের কাছাকাছি আসা এবং তার নির্দেশনা অন্বেষণ করা (অর্থাৎ, যীশু, মথি ৪:২)। এটি আত্মিকভাবে সাহায্যকারী হতে পারে।

আদি মন্ডলীর সন্ন্যাস ব্রতের প্রতি ঝোকের কারণে অনুলিপিকারকেরা “উপবাস” শাস্ত্রের বেশ কয়েকটি প্যাসেজে সন্নিবেশিত করেছেন (অর্থাৎ, মথি ১৭:২১; মার্ক ৯:২৯; প্রেরিত ১০:৩০; ১ করি ৭:৫)। এই প্রশ্নযোগ্য শাস্ত্রের আরও তথ্যের জন্য ইউনাইটেড বাইবেল সোসাইটি কর্তৃক প্রকাশিত Bruce Metzger এর *A Textual Commentary on the Greek New Testament*, এর পরামর্শ নিন।

Copyright © 2014 [Bible Lessons International](http://www.biblelessons.org)

■ “যেন শয়তান তোমাদের প্রলোভনে ফেলতে না পারে” বিবাহিত দম্পতিদেরও দরকার বিবাহিত জীবনে শয়তানের ক্ষতিকর প্রলোভনের বিষয়ে চরম সতর্ক হওয়া। মানুষের যৌনতা, যদিও ঈশ্বরের একটি দান, তথাপিও এটি একটি মানুষকে পরিচালিত করার শক্তিশালী হাতিয়ার। শয়তান মানুষের এই জৈবিক চাহিদাকে ব্যবহার করে ঈশ্বর থেকে পতিত মানুষকে ঈশ্বরে বিদ্রোহী করার হাতিয়ার হিসাবে। এটি হারান এবং উদ্ধার পাওয়া উভয়ের জন্যই সত্য, যদিও ভিন্ন ভিন্ন স্তরে (১ তীম ৫:১৪-১৫)।

এই প্রসঙ্গ সুস্পষ্ট একটি সমস্যা উল্লেখ করছে করিথের মণ্ডলীর মধ্যে মানুষের যৌনতার একটি ধর্মতত্ত্ব। সম্ভবত এটি চরম সন্ন্যাসবাদ বা লাম্পট্যতা উভয়কেই।

বিশেষ বিষয়: ব্যক্তিগত মন্দতা

(SPECIAL TOPIC: PERSONAL EVIL)

I. শয়তান খুব কঠিন একটি বিষয়

- ক. পুরাতন নিয়মে উত্তমের (ঈশ্বর) কোন প্রধান শত্রু প্রকাশ করে না, কিন্তু YHWH -র একজন দাস যে মানবজাতিকে একটি বিকল্প দিয়েছিল এবং মানবজাতিকে অধার্মিকতার জন্য দোষী করেছিল (A. B. Davidson, *A Theology of the OT*, pp. 300-306)।
- খ. ঈশ্বরের একজন ব্যক্তিগত প্রধান শত্রুর ধারণার উদ্ভব হয়েছিল বাইবেল মধ্যবর্তী (ক্যানন অন্তর্ভুক্ত নয়) সাহিত্যে পারস্য ধর্মের (Zoroastrianism) প্রভাবে। এটি পরবর্তীতে rabbinical যিহুদী ধর্মকে ভীষণ ভাবে প্রভাবিত করেছিল (অর্থাৎ, পারস্যের বাবিলে ইস্রায়েলের নির্বাসনে)।
- গ. পুরাতন নিয়মের থিমকে নূতন নিয়ম বিপ্লবকর ভাবে কঠোর ভাবে উন্নয়ন করেছিল, কিন্তু নির্বাচিত, শ্রেণী বিভাগে।

যদি কেউ মন্দতার বিষয়ে বাইবেলের ধর্মতত্ত্বের দৃষ্টিকোণ থেকে অধ্যয়নে অগ্রসর হয় (প্রতিটি পুস্তক বা লেখক বা কৌশলকে অধ্যয়ন এবং রূপরেখা করা হয় আলাদাভাবে) তাহলে মন্দতার একটি ভিন্ন চেহারা প্রকাশ পাবে।

যদি, তা সত্ত্বেও কেউ যদি মন্দতাকে অধ্যয়ন করতে অগ্রসর হয় বাইবেল অনুযায়ী নয় বা বাইবেল বর্হিভূত বিশ্বের ধর্মের পথে বা প্রাচ্যের ধর্মে তাহলে নূতন নিয়মের বেশির ভাগ উন্নতিতে ছায়া ফেলেছে পারস্যের দ্বৈতবাদ এবং গ্রীক-রোমীয় আত্মবাদ।

যদি কেউ পূর্ব ধারণাগত ভাবে শাস্ত্রের ঐশ্বরীক কর্তৃত্বের (যেমন আমি আছি!) কাছে অঙ্গিকার বদ্ধ হয়, তাহলে নূতন নিয়মের উন্নতিকে অবশ্যই দেখতে হবে গতিশীল প্রকাশ হিসাবে। খ্রীষ্টিয়ানদের অবশ্যই সতর্ক হতে হবে যিহুদী লোকগাথা বা ইংরাজী সাহিত্যের (অর্থাৎ, দাস্তে, মিলটন) ধারণাটির আরও ব্যাখ্যার সুযোগ দানের বিষয়ে। প্রকাশের ক্ষেত্রে নিশ্চয়ই নিগূঢ়-তন্ত্র এবং অস্পষ্টতা রয়েছে। ঈশ্বর সিদ্ধান্ত নিয়েছেন মন্দতার সকল ক্ষেত্র, এর উৎস (দেখুন বিশেষ বিষয়:লুসিফার), এর উদ্দেশ্য প্রকাশ না করার, কিন্তু তিনি এর পরাজয় প্রকাশ করেছেন!

II. পুরাতন নিয়মে শয়তান

পুরাতন নিয়মে টার্ম “শয়তান” (BDB 966, KB 1317) বা “অভিযোগকারী” মনে হয় তিনটি পৃথক দলের সাথে সর্ম্পকযুক্ত।

- ক. মানবিক অভিযোগকারী (১ শমু ২৯:৪; ২ শমু ১৯:২২; ১ রাজা ১১:১৪, ২৩, ২৫; গীত ১০৯:৬, ২০, ২৯)
- খ. অভিযোগকারী দূতেরা (গণনা ২২:২২-২৩; সখ ৩:১)
১. প্রভুর দূত - গণনা ২২:২২-২৩
 ২. শয়তান - ১ বংশ ২১:১; ইয়োব ১-২; সখ ৩:১
- গ. মন্দ আত্মা (সম্ভবত শয়তান) অভিযোগকারী (১ রাজা ২২:২১; সখ ১৩:২)

কেবলমাত্র পরবর্তীতে নিয়মের মধ্যবর্তী সময়কালে সময়ে আদিপুস্তক ৩ অধ্যায়ে সাপকে শয়তান হিসাবে চিহ্নিত করা হয়েছে (Book of Wisdom 2:23-24; II Enoch 31:3), এবং পরবর্তীতেও এটি করা rabbinical বিষয় হয়ে দাঁড়ায় (cf. *Sot* 9_b and *Sanh*.29_a)। আদি পুস্তক ৬ অধ্যায়ের “ঈশ্বরের পুত্রগণ” হয়ে পড়ে I Enoch ৫৪:৬ পদের মন্দতার দূত। তারা rabbinical ধর্মতত্ত্বে মন্দতার উৎস হয়ে দাঁড়ায়। আমি এটা উল্লেখ করেছি, ধর্মতত্ত্বগত নির্ভুলতা দেখাবার জন্য নয়, কিন্তু এর উন্নতি দেখানোর জন্য। নূতন নিয়মে পুরাতন নিয়মের এই কার্যক্রম আরোপিত হয়েছে দূত-সুলভ, ব্যক্তিত্ব আরোপিত মন্দকে (অর্থাৎ, শয়তান) ২ করি ১১:৩; প্রকা ১২:৯ পদে।

ব্যক্তিত্ব আরোপিত শয়তানের উৎস পুরাতন নিয়ম থেকে স্থির করা কঠিন বা অসম্ভব (আপনার দৃষ্টিভঙ্গির উপর নির্ভর করে)। এর এটি কারণ হল

এটি ইস্রায়েলীয়দের শক্তিশালী একেশ্বরবাদ (দ্বি বি ৬:৪-৬: ১ রাজা ২২:২০-২২; উপ ৭:১৪; যিশা ৪৫:৭; আমোষ ৩:৬)। সকল কার্যকরণ YHWH -তে আরোপিত তাঁর অনন্যতা এবং প্রাধান্যতা প্রদর্শন করতে (যিশা ৪৩:১১; ৪৪:৬, ৮, ২৪; ৪৫:৫-৬, ১৪, ১৮, ২১, ২২)।

সাম্ভাব্য তথ্যের উৎসগুলো হল (১) ইয়োব ১-২, যেখানে শয়তান হল “ঈশ্বরের পুত্রগণের” একজন (অর্থাৎ, দূত) অথবা (২) যিশাইয় ১৪; যিহিঙ্কেল ২৮, যেখানে পূর্বদেশীয় রাজাদের (বাবিল এবং সোর) গর্ব ব্যবহার করা হত শয়তানের গর্ব চিত্রায়িত করতে (১ তীম ৩:৬)। এই প্রক্রিয়া সম্পর্কে আমার মিশ্র অনুভূতি রয়েছে। যিহিঙ্কেল এদোন বাগানের রূপক কেবলমাত্র শয়তান হিসাবে সোরের রাজাকে নয় (যিহি ২৮:১২-১৬), কিন্তু মিশরের রাজাকে ভাল-মন্দ জ্ঞানদায়ক গাছ হিসাবে ব্যবহার করেছেন (যিহিঙ্কেল ৩১)। যদিও, যিশাইয় ১৪, বিশেষভাবে ১২-১৪ পদ, মনে হয় গর্বের মধ্য দিয়ে দূতদের বিদ্রোহ বর্ণনা করেছে। যদি ঈশ্বর আমাদের কাছে শয়তানের সুনির্দিষ্ট স্বভাব এবং উৎস প্রকাশ করতে চাইতেন এটি করার জন্য হত খুব কুটিল পথ ও স্থান (দেখুন বিশেষ বিষয়: লুসিফার)। আমাদের অবশ্যই সতর্ক থাকতে হবে স্বল্প কথার নিয়মতান্ত্রিক ধর্মতত্ত্ব, বিভিন্ন নিয়মের অস্পষ্ট অংশগুলি, লেখক, পুস্তকসমূহ, এবং সাহিত্য ধারা এবং এগুলো একটি স্বর্গীয় ধারার অংশ হিসাবে সমন্বয় করা।

III. নূতন নিয়মে শয়তান

Alfred Edersheim (*The Life and Times of Jesus the Messiah*, vol. 2, appendices XIII [pp. 748-763] and XVI [pp. 770-776]), বলেছেন Rabbinical যিহুদী ধর্ম অতিরিক্ত ভাবে প্রভাবিত হয়েছে পারসীয় দৈতুবাদ এবং মন্দতার কল্পনা থেকে। এই সকল ক্ষেত্রে সত্যের জন্য রাব্বিরা ভাল উৎস নন। যীশু যিহুদী সমাজ-গৃহের শিক্ষা থেকে ব্যাপকভাবে সরে এসেছিলেন। আমি মনে করি যে দূতসূলভ ধ্যান (প্রেরিত ৭:৫৩) এবং বিরোধিতার rabbinical ধারণা সিনাই পর্বতে মোশিকে দত্ত ব্যবস্থা YHWH -র পাশাপাশি মানবের একজন প্রধান শক্তির ধারণার পথ খুলে দিয়েছিল। Iranian দৈতবাদে (Zoroastrian) দুইজন সর্বোচ্চ ঈশ্বর আছেন।

১. Ahura Mazda, পরে তাকে নাম দেওয়া হয়েছে Ohrmazd, যিনি ছিলেন সৃষ্টিকর্তা দেবতা, ভাল দেবতা

২. Angra Mainyu, পরে তার নাম দেওয়া হয়েছে Ahriman, ধংসকারী আত্মা, মন্দ দেবতা

তারা তাদের সর্বোচ্চতা নিয়ে যুদ্ধ করে আর তাদের যুদ্ধ ক্ষেত্র হল পৃথিবী। এই দৈতবাদ উন্নত হয়েছে যিহুদী সীমাবদ্ধ YHWH এবং Satan এর দৈতবাদে।

নূতন নিয়মে নিশ্চয়ই অগ্রসরমান প্রকাশ আছে যেভাবে শয়তানের উন্নয়ন করা হয়েছে, কিন্তু রাব্বিদের ঘোষণার মত এত সুসম্পন্ন নয়। এই ভিন্নতার একটি ভাল উদাহরণ হল “স্বর্গের যুদ্ধ।” শয়তানের পতন (দিয়াবল) একটি যুক্তিগত প্রয়োজন, কিন্তু সুনির্দিষ্ট কারণ বলা হয়নি (দেখুন বিশেষ বিষয়: শয়তান ও তার দূতদের পতন)। এমনকি যেগুলি দেওয়া হয়েছে তাহল রহস্য উন্মোচন মূলক সাগিত্য ধারায় (প্রকা ১২:৪, ৭, ১২-১৩)। যদিও শয়তান (দিয়াবল) পরাজিত এবং পৃথিবীতে নির্বাসিত হয়েছে, সে এখনও YHWH র একজন দাস হিসাবে কাজ করে যাচ্ছে (মথি ৪:১; লূক ২২:৩১-৩২; ১ করি ৫:৫; ১ তীম ১:২০)।

এই ক্ষেত্রে আমাদের কৌতূহলকে দমিয়ে রাখা উচিত। এখানে একটি ব্যক্তিগত প্রলোভনের এবং মন্দতার শক্তি রয়েছে, কিন্তু এখনও কেবলমাত্র একজন ঈশ্বর আছেন এবং মানবজাতি এখনও তার নিজের মনোনয়নের জন্য দায়বদ্ধ। এখানে একটি আধ্যাত্মিক যুদ্ধ রয়েছে, পরিভ্রমণের আগে এবং পরে উভয় ক্ষেত্রে। বিজয় কেবলমাত্র আসবে এবং থাকবে ত্রিভু ঈশ্বরের মধ্য দিয়ে। মন্দ পরাজিত হয়েছে এবং অপসারিত হবে (প্রকা ২০:১০)!

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “যেন তোমাদের নিজেদের দমনের অভাবে” এই টার্ম *kratos*, যার অর্থ “ক্ষমতা,” “সবলতা,” “শাসন,” সাথে alpha privative, যেটি অর্থকে বাতিল করেছে। এই আত্ম নিয়ন্ত্রণের অভাব উল্লেখ করেছে

১. মথি ২৩:২৫ পদ অধ্যাপক ও ফরীশীদের সাথে সংযোগে

২. ১ করি ৭:৫ পদ বিবাহিত দম্পতিদের সাথে সংযোগে

৩. ১ তীম ৩:৩ পদ লাম্পট্যতার একটি তালিকায়

সম্পর্কিত টার্ম *egkrateia*, অন্তর্নিহিত তাৎপর্য আত্ম নিয়ন্ত্রণে রয়েছে, বিশেষ করে যৌন কাজকর্মের সাথে সম্পর্কিত।

১. প্রেরিত ২৪:২৫ পদ পৌল ফিলিপ্পকে বলেছিলেন সেই গুলাবলীর একটি তালিকা

২. ১ করি ৭:৯ পদ পৌলের বিবাহের অধিকার বিসয়ে আলোচনা

৩. ১ করি ৯:২৫ পদ খেলাধুলার প্রশিক্ষণের সাথে সংযোগে

৪. গালাতীয় ৫:২৩ পদ আত্মার ফল সম্পর্কে পৌলের তালিকা

৫. ২ পিতর ১:৬ পদ চারিত্রিক বিশেষত্বের তালিকা যেটি পরিপক্বতা আনয়ন করে।

আত্ম নিয়ন্ত্রণ হল (১) আত্মার একটি আত্মিক ফল এবং (২) স্বাভাবিক কামনাকে নিয়ন্ত্রণ করার অনুশীলনের উন্নয়ন। মাংসের উপরে উদ্ধারকৃত মানুষের আত্মার কর্তৃত্ব সম্ভব অন্তরে বাসকারী পবিত্র আত্মার সাহায্যে। স্বাভাবিক কামনা কোন মন্দ বিষয় নয় যদি না সেগুলি ঈশ্বর দত্ত সীমারেখার বাইরে নিয়ে যায়।

৭:৬

NASB “কিন্তু এই কথা আমি তোমাদের অনুমতির মত বলছি, আদেশ দিয়ে নয়”

NKJV “কিন্তু এই কথা আমি অনুমতির মত বলছি, আদেশ নয়”
NRSV “এই কথা আমি তোমাদের অনুমতির মত বলছি, আদেশ দিয়ে নয়”
TEV “এই কথা আমি আদেশ দিয়ে বলছি না, কিন্তু সহজভাবে অনুমতির মত”
NJB “আমি এই কথা তোমাদের অনুমতির মত বলছি, ছকুম দিয়ে নয়”

১ করি ৭:৬ পদ কি উল্লেখ করছে (১) ১ করি ৭:১-৫; (২) ১ করি ৭:৩-৫; (৩) ১ করি ৭:৫; অথবা (৪) ১ করি ৭:৭ পদকে? পৌল তার আত্মায় পরিচালিত মতামত দিচ্ছেন। তিনি আশা করেছেন

১. যে কোন মুহুর্তে দ্বিতীয় আগমন
২. যে কোন মুহুর্তে নির্যাতন বৃদ্ধি পেতে পারে
৩. দুর্ভিক্ষ চলমান থাকবে

তার উদ্দেশ্য ছিল বর্তমান পরিস্থিতির সাথে মানিয়ে নিতে বিশ্বাসীদের সাহায্য করা, তাদের সীমাবদ্ধ করা নয়।

৭:৭ “তথাপি আমার ইচ্ছা এই যে যদি সবাই আমার মত হত” এটি উল্লেখ করতে পারে (১) অবিবাহিত হিসাবে পৌলকে; (২) পরিতৃপ্ত হিসাবে পৌলকে; বা (৩) আত্ম নিয়ন্ত্রণকারী হিসাবে পৌলকে (১ করি ৭:৯)। পৌল হয়তো কোন এক সময়ে বিবাহিত ছিলেন কারণ তার সংস্কৃতিগত চাপ যিহূদী প্রেক্ষাপট থেকে আর এর ইঙ্গিত প্রেরিত ২৬:১০ পদে, যেখানে পৌল মনে হয় মহাসভার একজন সদস্য (অর্থাৎ, “আমি ভোট দিয়েছি”)। যদি তিনি মহাসভার অংশ হয়ে থাকেন, তাকে অবশ্যই বিয়ে করতে হয়েছিল।

পৌলের আকাংখ্যা করতেন যে সকল বিশ্বাসীই তিনি যেমন ছিলেন তেমনই থাকবে, এটি কয়েকটি ভাবে ব্যাখ্যা করার প্রয়োজন আছে।

১. পৌল আশা করতেন যে দ্বিতীয় আগমন তার জীবদ্দশাতেই হবে, যেমন প্রথম শতকের খ্রীষ্টিয়ানেরা মনে করতেন। যীশুর যে কোন মুহুর্তে ফিরে আসা (দেখুন বিশেষ বিষয় ১ করি ৬:১৪ পদে) অর্থ দৃঢ় ভাবে অনুপ্রাণিত হওয়া খ্রীষ্টসাদৃশ্যতার প্রতি ও প্রতিটি যুগে সুসমাচার প্রচারে।
২. পৌলের দৃষ্টিভঙ্গি অবশ্যই দেখেছে আদি পুস্তকের ১:২৮ পদের “প্রজাবন্ত ও বহুবংশ হও” ঈশ্বরের এই আদেশের আলোকে। যদি খ্রীষ্টিয়ানেরা সকলেই অবিবাহিত থাকে তবে পরবর্তী প্রজন্ম কে?
৩. পৌল নিজেও বিবাহকে উচ্চতর দৃষ্টিতে দেখতেন (১ করি ৬:১৬), কিভাবে তিনি এটি উপমা হিসাবে ব্যবহার করতে পারেন ইফি ৫:২২-৩৩ পদে মণ্ডলী ও খ্রীষ্টকে স্বামী ও স্ত্রীর তুলনা করে?

■ “ঈশ্বরের কাছ থেকে প্রত্যেক জন নিজ নিজ দান পেয়েছে” এটি মনে হয় উল্লেখ করছে অনেক আত্মিক দানের মত কৌমার্যও একটি দান (মথি ১৯:১২)। এটি কোন দানের তালিকাতে তালিকাভুক্ত করা নেই (রোমীয় ১২; ১ করি ১২; ইফি ৪)। এটি মনে হয় না অন্যান্য দানের মত কোন প্রচলিত কাজ বা গুণ। পৌল “দান” শব্দটিকে ব্যবহার করেছেন বিশেষায়িত অর্থে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি ৭:৮-৯

^৮ কিন্তু আমি অবিবাহিত আর বিধবাদের বলছি যে তারা যদি আমার মত থাকতে পারে তবে তাদের পক্ষে তা ভাল। ^৯ কিন্তু যদি তারা নিজেদের দমন করতে না পারে, তবে বিয়ে করুক; কারণ কামনায় জ্বলার চেয়ে বরং বিয়ে করা অনেক ভাল। (অনুবাদকৃত টেক্সট)।

৭:৮ “অবিবাহিত আর বিধবাদের” প্রথম টার্ম হল masculine এবং উল্লেখ করতে পারে (১) সকল অবিবাহিত লোকদের বা (২) সকল বিধবাদের। দ্বিতীয় টার্ম হল feminine ও সম্পর্কিত (১) তাদের সাথে যাদের স্বামী বা স্ত্রী মারা গেছে বা (২) বিধবাদের।

■ “তবে তাদের পক্ষে তা ভাল” “ভাল” এর উপরে নাট দেখুন ১ করি ৭:১ পদে।

■ “যদি” এটি একটি third class conditional sentence, যেটি উল্লেখ করছে সম্ভাব্য কাজ।

■ “তারা যদি আমার মত থাকতে পারে” পৌল সবেমাত্র উল্লেখ করেছেন ১ করি ৭:৭ পদে একটি আত্মিক দানের কথা, কিন্তু এই পদ উল্লেখ করছে জীবনের একটি অবস্থার কথা, দানের কথা নয়। সম্ভবত “দান” এই প্রসঙ্গে ব্যবহৃত হয়েছে আচার আচরণ বা একই রকম দৃষ্টিভঙ্গিতে।

৭:৯ “যদি” এটি একটি first class conditional যেটি লেখকের দিক থেকে ধরে সত্য বলে নেয় বা তার সাহিত্যের উদ্দেশ্যের দিক থেকে। অনেকেই বিয়ে করতে চাইবে তারা যে মন্দ তা নয়, কিন্তু তাদের কৌমার্যের দান নেই।

■ “তারা নিজেদের দমন করতে না পারে” আধুনিক লোকদের কানে এই কথাটি শুনতে খুব নেতিবাচক। পৌল কি বলতে চেয়েছেন যে বিবাহ হল বিশ্বাসীদের নিজেদের দমন করতে না পারার একটি চিহ্ন? এটা কি আত্মিক হীনাবস্থা? সকল শাস্ত্রের শিক্ষার আলোকে এটি সত্য হতে পারে না। পৌল তার মন্তব্য বর্তমান স্থানীয়, জাগতিক অবস্থার প্রেক্ষিতে করেছেন। এটি বিবাহ এবং অবিবাহিত থাকার উপরে কোন বিশ্বজনীন মন্তব্য নয়। দুটি মন্দতার অপেক্ষাকৃত কম বিবাহ নয়; উশুংখল যৌনতা, যাহোক, এটা সব সময়ই সীমার বাইরে।

■ “তারা বিয়ে করুক” এটি একটি aorist active imperative। পৌল বিবাহকে সমর্থন করেছেন (১ তীম ৫:১৪)।

NASB	“কারণ কামনায় জ্বলার চেয়ে বরং বিয়ে করা অনেক ভাল”
NKJV, TEV	“কারণ কামনায় জ্বলার চেয়ে বরং বিয়ে করা অনেক ভাল”
NRSV	“কারণ কামনায় পোড়ার চেয়ে বরং বিয়ে করা অনেক ভাল”
NJB	“যেহেতু জ্বলা পোড়ার চেয়ে বরং বিয়ে করা অনেক ভাল”

লক্ষ্য করুন “বিবাহ করা” (aorist active infinitive) এবং “জ্বলা পোড়া” (present passive infinitive) মধ্যকার তুলনা। বিবাহ অবিরত কামনাকে নিয়ন্ত্রণের অধীনে আনে। এটি বিবাহের উপরে কোন অশ্রদ্ধার মন্তব্য নয়, কিন্তু একটি বাস্তব পর্যবেক্ষণ। বিবাহ হল ঈশ্বর দত্ত আকাঙ্খ্যার সবল ও বারবার পূর্ণ করার স্বাভাবিক উপায়। এই একই টার্ম “জ্বলা পোড়া” পৌল নিজের জন্য ব্যবহার করেছেন ২ করি ১১:২৯ পদে, সেজন্য, এটি স্বয়ংক্রিয় ভাবে কোন নেতিবাচক টার্ম নয়।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ৭:১০-১১

১০ কিন্তু বিবাহিতদের আমি এই আদেশ দিচ্ছি, আমি দিচ্ছি তা নয়, কিন্তু প্রভুই দিচ্ছেন, স্ত্রী যেন স্বামীর কাছ থেকে চলে না যায়। ১১ (কিন্তু যদি সে চলেই যায়, তবে সে অবিবাহিতা থাকুক, অথবা তার স্বামীর সংগে আবার মিলিত হোক), আর স্বামীও তার স্ত্রীকে ত্যাগ না করুক। (অনুবাদকৃত টেক্সট)।

৭:১০ “বিবাহিতদের” এটি হল দলকে উদ্দেশ্য করে বলার তৃতীয়টি: “অবিবাহিত,” বিধবা,” এবং এখন “বিবাহিত।”

■ “আমি দিচ্ছি তা নয়, কিন্তু প্রভুই দিচ্ছেন” এই শব্দগুচ্ছ দ্বারা পৌল যীশুর কথা উল্লেখ করেছেন, অনেকে, কিন্তু তাদের সকলে নয়, বিবাহ বিচ্ছেদ সম্পর্কে Synoptic সুসমাচারে লিপিবদ্ধ করেছেন (মথি ৫:৩২, ১৯:৬; মার্ক ১০:১১-১২; লুক ১৬:৮)। এটি প্রকৃত বিষয়ের একটি ভাল উদাহরণ যে পৌল বিবাহ বিচ্ছেদের উপরে প্রভুর সব শিক্ষার দিকগুলি নিয়ে আলোচনা করছেন না, কেবলমাত্র একটি। পৌলের চিঠিগুলি হল “তাৎক্ষণিক তথ্যাবলী।” তিনি ইন্দ্রিয় পরায়ন ও সন্ন্যাস এই উভয়ের দুর্বল ধর্মতত্ত্বে প্রতিক্রিয়া করেছেন। এই অবস্থা পৌলের অবিরত নিশ্চয়তার নমুনা কিছু কিছু ভদ্র শিক্ষক বা দলগুলির মন্তব্যের, কিন্তু আর উল্লেখ করে তাদের শ্লোগানের সীমাবদ্ধতাকে। অর্দ্ধ-সত্য সংশোধন করা কঠিন, বিশেষ করে যদি বিষয়টির উভয় দিকেই অসদাচরণ থাকে।

■ “স্ত্রী যেন স্বামীর কাছ থেকে চলে না যায়” এটি ইঙ্গি দেয় যে উভয়েই বিশ্বাসী (১ করি ৭:১২-১৬)। যিহুদী ধর্মে মহিলাদের তালাক দেবার অধিকার নেই, কিন্তু রোমীয় সমাজে তারা পারে। কেবলমাত্র যেহেতু একটি উল্লেখিত সংস্কৃতি কোন বিষয়ে অনুমতি দিচ্ছে বা অনুমতি দিচ্ছে না অর্থ এই নয় যে বিশ্বাসীদের উচিত নিজেরা সেই অধিকারের সুযোগ নেওয়া বা নিষিদ্ধ পথে পা দেওয়া! কারণ একজন পারে না অর্থ একজনের উচিত করা (রোমীয় ১৪:১-১৫:১৩)। নিশ্চিত ভাবেই পরিস্থিতি এমন হবে যেখানে মনে হবে তালাকই উত্তম।

১. দুটি ভুলের অপেক্ষাকৃত কম
২. পুনর্মিলন অসম্ভব হয়ে পড়ে
৩. স্বামী বা স্ত্রী এবং ছেলেমেয়েদের দৈহিক বিপদ হল বাস্তব সম্ভবনা

এই পয়েন্টে আমি পুনরায় জোর দিতে চাই ঈশ্বরের নামে শপথ গ্রহণের বাইবেলগত গুরুত্বের বিষয়ে। খ্রীষ্টিয় বিবাহ হল ধর্মীয় শপথ! ঈশ্বর, জাগতিক সমাজের চেয়েও বেশি, কিভাবে বিশ্বাসীরা তাঁর নাম নিচ্ছে সে বিষয়ে আমাদের কাছে কৈফিয়ত নেবেন। বিবাহ অর্থ ছিল তা হবে স্থায়ী। বিবাহ একটি আইন, কোন ব্যতিক্রম নয়। ২০০২ সনে উত্তর আমেরিকার ঐতিহ্যগত পরিবার (অর্থাৎ, স্বামী, স্ত্রী, এবং ছেলেমেয়ে) নেমে এসেছিল শতকরা ২৩ ভাগে! আপনি কি দেখতে পাচ্ছেন সহজ তালাক দানের সমস্যা? বিবাহ প্রাথমিক ভাবে ঈশ্বরের কাছে একটি প্রতিজ্ঞা এবং তারপর অন্য ব্যক্তির প্রতি। দৃঢ় খ্রীষ্টিয় পরিবার হতে পারে আমাদের সময়ে সবচেয়ে শক্তিশালী একটি সাক্ষ্যের হাতিয়ার (যেমন অনেকটা প্রাচীন রোমের মত)।

৭:১১ “যদি” এটি একটি third class conditional sentence, যেটি ইঙ্গিত দেয় সম্ভাব্য কাজ। NASB এই বাক্যাংশকে রেখেছে বাক্যের মধ্যে অনুপ্রবিষ্ট একটি পার্শ্ব মন্তব্য হিসাবে। subjunctive mood ইঙ্গিত দেয় যে তালাক খ্রীষ্টিয় সমাজের মধ্যে সংঘটিত ঘটছিল।

■ “তবে সে অবিবাহিতা থাকুক” এটি একটি present active imperative। প্রশ্ন হল খ্রীষ্টিয় পুনঃবিবাহ একটি কঠিন কাজ। মোশির লেখা দ্বিতীয় বিবরণ ২৪ অধ্যায় পুনঃবিবাহের বিষয় বলেছে। যীশুর উত্তর দিয়েছিলেন, ফরীশীর প্রশ্নের আলোকে, সুনির্দিষ্ট ভাবে বিষয়টি নিয়ে আলোচনা করেনি। কেউ একজন বলতে পারেন, মার্ক ১০:১১-১২ পদ কি বিষয়ে। সমস্যা হল যে এই সুসমাচার মথি ৫:৩২ পদ যেভাবে করেছে সেভাবে ব্যতিক্রমী বাক্যাংশ অর্ন্তভুক্ত করেনি। কিভাবে ব্যতিক্রমী বাক্যাংশ পুনঃবিবাহের সাথে সম্পর্কিত? ১ তীমথিয় ৫:১৪-১৫ পদ আমাদের দিনে বিস্তারিত ব্যাখ্যা হওয়া প্রয়োজন “যবতী বিধবা” এর চেয়ে বৃহত্তর দলের কাছে। নিশ্চিত ভাবে ঈশ্বরের যত্ন যারা একা তাদের জন্য যারা বিয়ে করার আকাঙ্খ্যা করে ১ করি ৭:৯ পদ অবশ্যই আমাদের সমস্যাগ্রস্ত সমাজের সাথেও সম্পর্কিত। মানুষ একজন যৌন প্রাণী হিসাবে ঈশ্বরের দ্বারা সৃষ্ট। যদি না কৌমার্যের দান, এবং/বা আত্ম-নিয়ন্ত্রণে পরিপক্বতা থাকে, অবশ্যই সেখানে ঈশ্বরের লোকদের জন্য উপযুক্ত যৌন মনোনয়ন থাকবে; তবে যৌন ব্যভিচার কখনোই মনোনয়ন হতে পারে না, কিন্তু একটি খ্রীষ্টিয় পুনঃবিবাহ হতে পারে গ্রহণীয় বিকল্প। অনুগ্রহ এবং প্রত্যাদেশ উভয় অবশ্যই এখানে প্রয়োগ হবে।

■ “অথবা তার স্বামীর সংগে আবার মিলিত হোক” এটি একটি aorist passive imperative। এই সংস্কৃতিগত পরিস্থিতিতে পৌলের মনোনয়ন ইতিমধ্যে যারা বিবাহিত তাদের জন্য ছিল (১) একা থাকা বা (২) পুনর্মিলিত হওয়া।

এই পদ ব্যবহৃত হয়েছে কঠিন ও দ্রুত বিশ্বজনীন নিয়মে অনেক আধুনিক বিশ্বাসীদের দ্বারা। পুনর্মিলন সব সময়ই একটি আশা যদি না পুনঃবিবাহ একজন অংশীদারের ঘটে থাকে। এই রকম পরিস্থিতিতে এটি আকাঙ্খিত ফলাফলকে রোধ করে (অর্থাৎ, এটি পুরাতন নিয়মে নিষিদ্ধ)।

১ করিন্থীয় পত্রের এটি ব্যাখ্যা করা কঠিন কারণ

- এখানে স্পষ্টতই সংস্কৃতিগত বিষয় রয়েছে যা আধুনিক পশ্চিমা সংস্কৃতি সরাসরি মোকাবেলা করেনা (অর্থাৎ, প্রতিমার কাছে উৎসর্গ করা খাবার, পরিচর্যায় কুমারী অংশীদার, ইত্যাদি)।
- দুটি দল রয়েছে ব্যক্তিত্ব প্রকৃতির (অর্থাৎ, সন্ন্যাস বা ইন্দ্রিয়াসক্ত) বা ধর্মতাত্ত্বিক দলভেদে। পৌলের কথা অর্ন্তভুক্ত সত্যের নিশ্চয়তার একটি প্রচেষ্টা, কিন্তু অপরিতিমকে সীমাবদ্ধ করা (অর্থাৎ, গোঁড়া বৈধতাবাদ, বিবাহ কোর না; আইন-হীন স্বাধীনতা, যদি এটা ভাল মনে হয়, এটা কর)।

এটি অনিশ্চিত যদি এই চরম পথগুলি প্রতিফলিত করে (১) যিহুদী/পরজাতি; (২) বৈধতাবাদী/ইন্দ্রিয়াসক্ত; (৩) ব্যক্তিত্ব প্রকৃতি; বা (৪) গ্রীক চিন্তার দুটি রূপ (পরবর্তীতে দেখা গিয়েছে Gnostic দলভেদে)। বিশৃংখলা এসেছে যখন আধুনিক ব্যাখ্যাকারকেরা জানতেন না

১. শ্লোগানগুলি কি ছিল
২. শ্লোগানগুলির উৎস
 - ক. পৌলের প্রাথমিক প্রচার
 - খ. যিহুদী ধর্ম
 - গ. Stoics/incipient Gnostics

পৌল উভয় চরমপন্থীদের উদ্দেশ্য করে বলেছেন! তবে স্থির করা কঠিন যে কোন কথা সত্য বিশ্বাসীদের প্রতি আর কোন কথা বিভক্ত দলগুলির প্রতি। আধুনিক ব্যাখ্যাকারকেরা শোনে যেটি তারা শুনতে চান এবং দোষী করেন যেটি তারা পছন্দ করেন না! আমাদের ব্যাখ্যা প্রথম শতকের আখ্যায় রোমীয় নগরের প্রতি পৌলের চিঠির চেয়ে আমাদের ধর্মতত্ত্ব সম্পর্কে বেশি বলে।

■ “আর স্বামীও তার স্ত্রীকে ত্যাগ না করুক” মনে রাখুন এই প্রসঙ্গ সেই সব বিশ্বাসীদের বলছে যারা বিবাহিত। এই অনুজ্ঞার নুতন নিয়মে দুটি ব্যতিক্রম আছে: (১) অনুপযুক্ত যৌন ক্রিয়া(মথি ৫:৩২, ১৯:৯) এবং (২) অবিশ্বাস (১ করি ৭:১২,১৩)।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ৭:১২-১৬

^{১২} কিন্তু আর সকলকে আমি বলি, প্রভু নয়, যদি কোন ভাইয়ের স্ত্রীতে অবিশ্বাসী স্ত্রী থাকে, আর সেই স্ত্রী তার সংগে থাকতে রাজী থাকে, তবে সে তাকে ত্যাগ না করুক। ^{১৩} আবার যদি কোন স্ত্রীলোকের স্ত্রীতে অবিশ্বাসী স্বামী থাকে, আর সেই স্বামী তার সংগে থাকতে রাজী থাকে, তবে সে যেন তার স্বামীকে ত্যাগ না করে। ^{১৪} কারণ স্ত্রীর মধ্য দিয়ে সেই অবিশ্বাসী স্বামী পবিত্রীকৃত হয়েছে, আর স্বামীর মধ্য দিয়ে সেই অবিশ্বাসী স্ত্রী তার বিশ্বাসী স্বামীতে পবিত্রীকৃত হয়েছে; কারণ তা না হলে তোমাদের ছেলেমেয়েরা অশুচি হতো, কিন্তু এখন তারা পবিত্র। ^{১৫} তথাপি যদি সেই অবিশ্বাসী চলে যায়, সে চলে যাক; এই রকম অবস্থায় সেই বিশ্বাসী ভাই বা বোন কোন বন্ধনের অধীনে থাকে না, কিন্তু ঈশ্বর আমাদের শান্তিতেই আহ্বান করেছেন। ^{১৬} কারণ তুমি কি করে জান, হে স্ত্রী, তোমার স্বামীকে তুমি উদ্ধার করবে কি না? অথবা তুমি কি করে জান, হে স্বামী, তোমার স্ত্রীকে তুমি উদ্ধার করবে কি না? (অনুবাদকৃত টেক্সট)।

৭:১২ “আর সকলকে” এটি হয়তো উল্লেখ করছে আগেই বিবাহিত পৌত্তলিক দম্পতিদের যেখানে দুজনের একজন বিশ্বাসী হয়েছিল। এটি বিশ্বাসীদের জন্য কোন prooftext হতে পারে না একজন অবিশ্বাসীকে বিয়ে করার। এটি একটি পরিস্থিতিকে উল্লেখ করছে যেখানে দুজনেই প্রকৃতপক্ষে অবিশ্বাসী ছিল। একজন স্ত্রীকে গ্রহণ করেছে এবং আশা করছে এক সময়ে, অন্যজনও সেরকম করবে (১ করি ৭:১৬)।

NASB, NRSV “আমি বলি, প্রভু নয়”
NKJV “আমি, প্রভু নয়”
TEV “(আমি, নিজে, প্রভু নন)”
NJB “এই নির্দেশনা আমার নিজের, প্রভুর নয়”

এটি পৌলের দ্বারা অনুপ্রেরণার অস্বীকৃতি নয়, কিন্তু সহজ ভাবে একটি স্বীকারোক্তি যে পৌল এই রকম একটি সুনির্দিষ্ট বিষয়ে যীশুর কোন শিক্ষা জানতেন না। পৌল তার অনুপ্রেরণার বিষয়ে ১ করি ৭:২৫ এবং এই অধ্যায়ের ৪০ পদে তার অনুপ্রেরণার বিষয়টিকে জোর দিয়ে বলেছেন।

■ “যদি” এটি একটি first class conditional sentence। করিন্থে মিশ্রিত দম্পতি ছিল। এটি দেখাত পৌলের প্রচারের কার্যকারিতা এবং সমস্যাকে যার মধ্যে অর্ন্তভুক্ত ছিল একজন অবিশ্বাসীকে বিয়ে করাটা।

■ “সে তাকে ত্যাগ না করুক” এটি একটি present active imperative, ১ করি ৭:১৩ পদের সমান্তরালের মত।

৭:১৪

NASB, NKJV,
NJB “কারণ সেই অবিশ্বাসী স্বামী পবিত্রীকৃত হয়েছে”
NRSV “কারণ সেই অবিশ্বাসী স্বামী পবিত্র হয়েছে”
TEV “কারণ সেই অবিশ্বাসী স্বামী ঈশ্বরের গ্রহণযোগ্য হয়েছে”

এটি একটি perfect passive indicative যেমন এর সমান্তরাল শব্দগুচ্ছ ১ করি ৭:১৪ পদে। এটি এই ইঙ্গিত দেয় না যে অবিশ্বাসী স্বামী বা স্ত্রী উদ্ধার পেয়েছে। এর সঙ্গে সম্পর্কিত কিছু করিষ্টীয়দের উদ্দেশ্য যে একজন অবিশ্বাসীকে বিয়ে করায় তাদের পাপের অংশীদারিত্ব একই রকমের হতে পারে। তারা হয়তো পৌলের এক দেহ সম্বন্ধে প্রচার শুনেছিল (১ করি ৬:১৬-২০)। এটি অবশ্যই সম্পর্কিত পরিবারের বিশ্বাসী স্বামী বা স্ত্রীর ঈশ্বর ভক্তির প্রভাবের সাথে। এটি কখনোই সম্পর্কিত নয় অবিশ্বাসীদের খ্রীষ্টে মর্যাদার প্রতি। খ্রীষ্টে ব্যক্তিগত বিশ্বাস ও মন পরিবর্তন ছাড়া আত্মিক ভাবে রক্ষা পাবার কোন উপায় নেই। সুসমাচার প্রচার হল বিশ্বাসীদের লক্ষ্য তার স্বামী বাস স্ত্রীর জন্য (১ করি ৭:১৬)।

NASB, NIV “স্বামীর মধ্য দিয়ে সেই অবিশ্বাসী স্ত্রী তার বিশ্বাসী স্বামীতে পবিত্রীকৃত হয়েছে”
NKJV, NRSV “অবিশ্বাসী স্ত্রী স্বামীর মধ্য দিয়ে পবিত্রীকৃত হয়েছে”
NJB “অবিশ্বাসী স্ত্রী ভাইয়ের মধ্য দিয়ে পবিত্রীকৃত হয়েছে”
REB “স্ত্রী তার খ্রীষ্টিয়ান স্বামীর মধ্য দিয়ে”

এই শব্দগুচ্ছ গ্রীক পাণ্ডুলিপির পার্থক্য রয়েছে। বেশির ভাগ প্রাচীন গ্রীক পাণ্ডুলিপিতে আছে “বিশ্বাসী স্বামী” এর পরিবর্তে “ভাই” (MSS P⁴⁶, κ^* , A, B, C, D^{*}, G, and P)। গ্রীক অনুলিপিকারকেরা এটি পরিবর্তন করেছে আগের সমান্তরাল শব্দগুচ্ছের সাথে সমতা রক্ষা করতে (MSS κ^c , D^c, K, and L)। UBS⁴ “ভাই” কে দিয়েছে “A” মত রেট (নিশ্চিত)।

▣ “কারণ তা না হলে তোমাদের ছেলেমেয়েরা অশুচি হতো, কিন্তু এখন তারা পবিত্র” এই শব্দগুচ্ছের অনেক ব্যাখ্যা রয়েছে; এটি উল্লেখ করছে

১. ছেলেমেয়েদের বৈধতা, (অর্থাৎ, বৈধতার অর্থে)
২. আনুষ্ঠানিক শুচিকরণ, (অর্থাৎ, যিহুদী অর্থে)
৩. অবিশ্বাসী স্বামী বা স্ত্রী এবং ছেলেমেয়েরা আশীর্বাদ লাভ করবে পরিবারে একজন খ্রীষ্টিয়ানের জন্য (অর্থাৎ, আত্মিক অর্থে)

অনেকে চেষ্টা করেছে এই পদকে ব্যাখ্যা করতে শিশু বাপ্তিস্মের অনুশীলনের সাথে সম্পর্ক রেখে, কিন্তু এটি মনে হয় একেবারেই অসম্ভব যেহেতু বিশ্বাসীর সাথে ছেলেমেয়েদের সম্পর্ক ঠিক একই রকম যেমন বিশ্বাসীর সাথে তার অবিশ্বাসী স্বামী বা স্ত্রীর সম্পর্ক। দেখুন [বিশেষ বিষয়:পবিত্র](#), পৃ..৯০, [\(SPECIAL TOPIC: HOLY, See page 90\)](#) ১ করি ৩:১৭ পদে।

৭:১৫ “যদি” এটি একটি first class conditional sentence। খ্রীষ্ট ধর্ম কিছু কিছু পরিবার ভাঙ্গার কারণ হয়েছে (মথি ১০:৩৪-৩৬; লুক ১২:৪৯-৫৩)।

NASB, NKJV “এই রকম অবস্থায় কোন বন্ধনের অধীনে থাকে না”
NRSV “এই রকম অবস্থায় সেই ভাই বা বোন কোন বন্ধনে আবদ্ধ নয়”
TEV “এই রকম অবস্থায়, সেই খ্রীষ্টিয়ান সঙ্গি সে স্বামী বা স্ত্রী হোক না কেন, কাজ করতে স্বাধীন”
NJB “এই রকম পরিস্থিতিতে সেই ভাই বা বোন আর বন্ধনে থাকে না”

টার্ম “দাসত্বে আবদ্ধ” এর একটি perfect passive indicative। এটি ইঙ্গিত দেয় যে খ্রীষ্টিয়ানেরা এইরকম একটি সংস্কৃতিক অবস্থায় তালাকের প্রক্রিয়ার মত কাজে অংশ নিতে পারে না, যদি সেই অবিশ্বাসী সঙ্গি তা করে, তবে তা অনুমোদনযোগ্য। বিশ্বাসীর অবিশ্বাসীকে বিয়ে করার বিষয়ে এর কোন সম্পর্ক নেই; এই পরিস্থিতি উল্লেখ করছে দুজন বিবাহিত অবিশ্বাসী যাদের মধ্যে একজন মন পরিবর্তন করেছে। প্রসঙ্গে এটি উল্লেখ করছে পৃথকীকরণ, বিবাহ নয় (১ করি ৭:১১), যদিও পৌলের টার্মতত্ত্ব যিহুদী আইনানুসারে “বন্ধন করা এবং মুক্ত করা” এর মত প্রায় একই রকমের যেখানে পুন:বিবাহ মনে হয়েছে অনুসরণ করেছে দ্বিতীয় বিবরণ ২৪:১-৪ পদ। James S. Jeffers, *The Greco-Roman World*, বলেছেন,

“টার্ম অনুবাদ করা হয়েছে ‘পৃথকীকরণ’ ১ করি ৭:১৫ পদে উল্লেখ করছে তালাক কারণ প্রাচীন কালে পৃথকীকরণের আধুনিক বৈধ ধারণার মত সমান কোন ধারণা ছিল না” (পৃ...২৪৭)।

যাহোক, তালাকের এই বিষয়টি মনে হয় মিমাংসা করা হয়েছিল পৌলের যীশুর শিক্ষার মাধ্যমে (মার্ক ১০:২-১২)। পৌল সমর্থন করেছেন “একা থাকা” তাদের জন্য যাদের “বন্ধন” নেই এবং তাদের জন্য পুন:বিবাহ যাদের স্বামী বা স্ত্রী মারা গিয়েছে!

▣ “ঈশ্বর আমাদের শান্তিতেই আহ্বান করেছেন” এটি একটি perfect active indicative। ঈশ্বরের সাথে শান্তির বিষয় এখানে উল্লেখ করছে যেটি বিশ্বাসীদের মধ্যে এবং তাদের পরিবারের মধ্যেও শান্তির বিষয়। ঈশ্বর চেয়েছেন তাঁর ছেলেমেয়েরা সুখী, প্রেমে, পরিবার পূর্ণ করে। এটি প্রায়ই অসম্ভব আক্রমণাত্মক, অবিশ্বাসী স্বামী বা স্ত্রীর সাথে এবং কখনও কখনও অপরিপক্ব, স্বর্থপর, পাপময় খ্রীষ্টিয়ান স্বামী বা স্ত্রীর সাথে। এই শান্তির অভাব অনেক “খ্রীষ্টিয়” পরিবারে কেন ভেঙ্গে যায় তার একটি প্রধান কারণ। প্রায়ই একজন সঙ্গি হয়তো বিশ্বাসী, কিন্তু পরিপক্ব নয়। শান্তি সকল “খ্রীষ্টিয়” পরিবারে থাকে না! আমি শুধুমাত্র বিশ্বাস করতে পারি না যে পৌল, এই প্রসঙ্গে, যে কোন মূল্যে দুজনকে একসাথে থাকার বিষয়ে পরামর্শ দিচ্ছেন। রয়েছে বিপদ জনক দৈহিক ও আবেগগত পরিস্থিতি। এটি হতে পারে না সুনির্দিষ্ট বিশ্বজনীন অনুজ্ঞা। এটি প্রসঙ্গে এবং অন্য টেক্সটের সাথে ব্যাখ্যা করতে হবে। এটি খুব কঠিন আমাদের শাস্ত্র এবং প্রকাশিত ইতিহাস, সংস্কৃতিগত দিকের জন্য শ্রদ্ধার সমতা বজায় রাখা (অর্থাৎ, বাইবেল)।

UBS⁴ টেক্সট মনোনয়ন করে (B রেটিং) “তুমি” plural, যেটি পাণ্ডয়ার যায় MSS κ^* , A, C, K তে, “আমাদের” পরিবর্তে (MSS P⁴⁶, κ^2 , B, D, F, G)। pronouns সাথে অনেক লেখনীগত পার্থক্য সম্পর্কিত।

৭:১৬ “অথবা তুমি কি করে জান, হে স্বামী, তোমার স্ত্রীকে তুমি উদ্ধার করবে কি না” এখানে দুটি সম্ভাব্য ব্যাখ্যা রয়েছে যেগুলি সম্পূর্ণভাবে বিপরিত।

- এই প্যাসেজ সম্ভবত অনুসরণ করছে ১ পিতর ৩:১-১২ পদ যেখানে সুসমাচার প্রচার হল একটি অর্থপূর্ণ যুক্তি বিবাহ সম্পর্ক টিকিয়ে রাখার জন্য (NRSV, TEV, NJB, NEB, NIV)
- বিবাহ মুখ্যত সুসমাচার প্রচারের জন্য নয়; এটি সঙ্গদান ও সহভাগিতার জন্য, সেজন্য, একজন বিশ্বাসী সঙ্গির কেবলমাত্র সুসমাচার প্রচারের আশায় একজন অবিশ্বাসী সঙ্গির সাথে থাকা উচিত নয় এইরকম অবস্থায় যেখানে রয়েছে অসদাচরণ এবং ভালবাসাহীনতা (পাদটিকা, Phillips এর অনুবাদ, এবং LB)

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ৭:১৭-২০

^{১৭} কেবল, প্রভু যাকে যেমন অবস্থায় রেখেছেন, ঈশ্বর যাকে যেমন আহ্বান করেছেন, সে সেভাবেই চলুক। আর এই রকম আদেশ আমি সমস্ত মণ্ডলীতে দিয়ে থাকি। ^{১৮} যখন কেউ ছিন্নত্বক ছিল সে অবস্থায় কি তাকে ডাকা হয়েছে? তবে সে অছিন্নত্বক না হোক। কাউকে কি অছিন্নত্বক অবস্থায় ডাকা হয়েছে? তবে সে ছিন্নত্বক না হোক। ^{১৯} ত্বকছেদ কিছুই নয়, আর অত্বকছেদও কিছু নয়, কিন্তু আসল বিষয় হল ঈশ্বরের আদেশ পালন করা। ^{২০} ঈশ্বর যাকে যে অবস্থায় ডেকেছেন সে সেই অবস্থাতেই থাকুক। (অনুবাদকৃত টেক্সট)।

৭:১৭

NASB “কেবল”
NKJV “কিন্তু”
NRSV “যাহোক”
TEV –বাদ দেওয়া হয়েছে–
NJB “যাই হোক”
NIV “নতুবা”

এটি পরিচিত করায় যৌনতা বিষয় সম্বন্ধে পৌলের বিস্তারিত পরামর্শের আলোচনা। গ্রীক টার্ম *ei mē* অর্থ হতে পারে “নচেৎ,” “ব্যতীত,” বা “কিন্তু।”

NASB, NRSV “প্রভু যাকে যেমন অবস্থায় রেখেছেন”
NKJV “ঈশ্বর যাকে যেমন দিয়েছেন”
TEV “প্রভুর দান তোমাতে”
NJB “প্রভু তাকে যেমন বন্টন করেছেন”

এই verb *merizō* অর্থ “বিভাগ করা বা বিতরণ করা।” এটি YHWH দ্বারা প্রতিজ্ঞাত দেশে যিহূদী গোষ্ঠিগুলির মধ্যে প্রতিজ্ঞাত দেশ বিভাগে সেপ্টুয়াজিণ্টে ব্যবহৃত হয়েছে (যাত্রা ১৫:৯; গণনা ২৬:৫৩,৫৫,৫৬; দ্বি বি ১৮:৮), যেটি একে ঈশ্বরে লোকদের জন্য রূপক করেছে যেভাবে পরবর্তী verb “আহ্বান করা” করেছে। YHWH “আহ্বান” করেছেন তাঁর লোকদের এবং তারা তাঁর নামে “ডেকেছে।” এই প্রসঙ্গে উভয় verb-ই উল্লেখ করছে ঈশ্বরের বিশেষ দানশীলতাকে (১ করি ৭:৭), যেটি লোকদের সুযোগ দিয়েছে তাঁর সেবা করার (১ করি ১২:৭,১১)। তাদের জীবনের অবস্থা যাই হোক না কেন যখন তাদের ডাকা, রক্ষা করা ও দান দেওয়া হয়েছে, তারা এখন সেবার জন্য (অর্থাৎ, “তুমি যেমন তেমনই থাক,” ১ করি ৭:৮,১৭,২০,২৪,২৬,৪০)। সেখানে কুঁড়ি ফোটান যেখানে ঈশ্বরের সাহায্যে আপনি রোপিত হয়েছেন এবং কিছু ব্যতিক্রম আছে।

NASB “সে সেভাবেই চলুক”
NKJV “তাই তাকে সেভাবেই চলতে দাও”
NRSV “তোমরা প্রত্যেকেই জীবন পরিচালিত কর”
TEV “জীবন যাপন করে যাও”
NJB “প্রত্যেকেই তার অংশ অবিরত করে যাক”

এটি আক্ষরিক ভাবে “চলা” (অর্থাৎ, Present active imperative), যেটি হল একটি বাইবেল ভিত্তিক রূপক (ইফি ২:২,১০; ৪:১,১৭; ৫:২,১৫; কল ১:১০; ২:৬)। পৌল ব্যাখ্যা করেছেন ১ করি ৭:১৮-২০ পদে তিনি কি অর্থ করেছেন।

▣ “আর এই রকম আদেশ আমি সমস্ত মণ্ডলীতে দিয়ে থাকি” এই শব্দগুচ্ছ প্রায়ই ১ করিন্থীয়তে বার বার বলা হয়েছে (১ করি ৪:১৭; ৭:১৭; ১১:১৬; ১৪:৩৩; ১৬:১)। করিন্থীয় মণ্ডলী তাদের নিজেদের সম্পর্কে ভাবতো “বিশেষ,” এবং “বলে, এবং “অদ্বিতীয় গুণসম্পন্ন।” পৌলের জোর দিয়ে এই ভ্রান্ত দৃষ্টির বাধা দিয়ে বলেছেন যে তিনি এই একই সত্য তার সকল মণ্ডলীতে শিক্ষা দিয়েছেন। দেখুন বিশেষ বিষয়:মণ্ডলী ১ করি ১:২ পদে।

৭:১৮

NASB “সে অছিন্নত্বক না হোক”
NKJV “তাকে অছিন্নত্বক থাকতে দাও”
TEV “তার ছিন্নত্বকের চিহ্ন মুছে ফেলাতে চেষ্টা করা উচিত নয়”

NJB “যদি কোন লোক যাকে ডাকা হয়েছে সে যদি ইতিমধ্যে ছিন্নত্বক হয়, তবে সে সেভাবেই থাকুক”

এটি একটি present passive imperative (সমান্তরাল ১ করি ৭:১৮-২০ পদও হল present passive imperative)। এটি কোন একজনকে উল্লেখ করছে যে শল্য চিকিৎসা দ্বারা ত্বকছেদের চিহ্ন অপসারণ করেছে (I Maccabees 1:15 and Josephus' *Antiq.* 12.5.1)।

৭:১৯ “ত্বকছেদ কিছুই নয়, আর অত্বকছেদও কিছু নয়” এটি দেখিয়েছে পৌলের পুরাতন নিয়মের ধর্মানুষ্ঠান ও নিয়ম-নীতির প্রতি দৃষ্টিভঙ্গি (প্রেরিত ১৫; রোমীয় ২:২৮,২৯; গালা ৫:৬; ৬:১৫; দেখুন বিশেষ বিষয় ১ করি ৯:৯ পদে)। প্রেরিত ১৫ অধ্যায়ে এই একই বিষয় যিরূশালেমের পরিষদে আনা হয়েছিল এবং Judaizers এর দ্বারা গালাতীয়ার মন্ডলীগুলি নিষ্পেষিত হচ্ছিল। এই পয়েন্টে পৌলের ধর্মতত্ত্ব খুবই পরিষ্কার। পরজাতিয়দের যিহুদী ধর্মানুষ্ঠান, উৎসব এবং আরাধনার নিয়মাবলী পালন করার দরকার নেই। বিশ্বাসী যিহুদীরা অবশ্যই গর্বিত হবে না বা লজ্জিত হবে না অতীতে তারা যে পুরাতন নিয়মের চুক্তির অনুশীলনে অংশগ্রহণ করতো তার জন্য। সত্যিকারে ত্বকছেদ হয় অন্তরে (১ করি ১০:১৬; দ্বি বি ৩০:৬; যির ৪:৪), দেহে নয়, এবং এটি আরও ছিল ঈশ্বরের কথা শোনার জন্য কানের (যির ৬:১০) এবং তাঁর বার্তা, খ্রীষ্টে নূতন বার্তা বলার জন্য ঠোটার (যাত্রা ৬:১২,৩০) “ত্বকছেদ (যির ৯:২৫,২৬)।

■ “কিন্তু আসল বিষয় হল ঈশ্বরের আদেশ পালন করা” এটি হল পুরাতন নিয়মের ভাববাদীদের উপরে জোর দেওয়া যে বাধ্যতা ধর্মানুষ্ঠান পালনের চেয়ে আর বেশি তাৎপর্যপূর্ণ (১ শমু ১৫:২২; যিশা ১:১১-১৭; হোশেয় ৬:৬; আমোষ ৫:২১-২৭; মিখা ৬:৬-৮)। ঈশ্বর আমাদের কাজ দেখার আগে আমাদের মনোভাব এবং উদ্দেশ্য দেখেন। পতিত মানুষের সাথে ঈশ্বরের সব কাজ, পুরাতন এবং নূতন নিয়মে, ছিল চুক্তির উপরে ভিত্তি করে। বাধ্যতা হল গুরুত্বপূর্ণ (লুক ৬:৪৬), কিন্তু নির্দিষ্ট চুক্তির দিকগুলির দাবী সময়ের প্রেক্ষিতে পরিবর্তিত হয়েছে।

৭:২০ “ঈশ্বর যাকে যে অবস্থায় ডেকেছেন সে সেই অবস্থাতেই থাকুক” NKJV অনেক বেশি আক্ষরিক এবং শব্দ কৌশল রক্ষা করেছে “প্রত্যেকে যে রকম অবস্থায় ডাকা হয়েছে সে সেরকমই থাকুক” (ইফি ৪:১,৪)। এটি একটি present active imperative। এটি হল বার বার বলা পৌলের একটি মূল বিষয় এই প্রসঙ্গের সর্বত্র (১ করি ৭:৮,১৭,২০,২৪,২৬,৪০)। টার্ম “ডাকা হয়েছে” উল্লেখ করছে যখন তারা খ্রীষ্টকে গ্রহণ করেছে (১ করি ১:২০)। দেখুন বিশেষ বিষয়: আহবান, পৃ..২৪, (SPECIAL TOPIC: CALLED, See page 24) ১ করি ১:১ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি স্থায়ী ৭:২১-২৪

২১ দাস থাকা অবস্থাতেই কি তোমাকে ডাকা হয়েছিল? সেজন্য চিন্তা করো না; কিন্তু যদি স্বাধীন হবার সুযোগ পাও, তবে তা গ্রহণ করো। ২২ কেননা দাস থাকা অবস্থায় প্রভু যাকে ডেকেছেন, সে প্রভুর দ্বারা স্বাধীন হয়েছে; সেইভাবে যাকে স্বাধীন অবস্থায় ডাকা হয়েছে, সে খ্রীষ্টের দাস। ২৩ দাম দিয়ে তোমাদের কেনা হয়েছে; মানুষের দাস হয়ো না। ২৪ ভাইয়েরা, ঈশ্বর যাকে যে অবস্থায় ডেকেছেন সে ঈশ্বরের সামনে সেই অবস্থাতেই থাকুক। (অনুবাদকৃত টেক্সট)।

৭:২১ “দাস” দেখুন বিশেষ বিষয় ১ করি ৪:১ পদে।

NASB “যদি স্বাধীন হবার সুযোগ পাও, তবে তা গ্রহণ করো”

NKJV “কিন্তু যদি স্বাধীন হতে পার, তবে তা কাজে লাগাও”

NRSV “এমন কি যদি তুমি তোমার স্বাধীনতা লাভ করতে পার, তবে তোমার বর্তমান অবস্থায় বেশি করে তা কাজে লাগাও”

TEV “কিন্তু যদি তুমি স্বাধীন হবার সুযোগ পাও, তবে তা কাজে লাগাও”

NJB “এমন কি যদি তুমি স্বাধীন হবার সুযোগ পাও, তবে তোমার অবস্থায় উচিত দাস হিসাবে তার পূর্ণ ব্যবহার করা”

এটি একটি first class conditional sentence, কিছু কিছু দাস স্বাধীন হবার সুযোগ পায়, একটি aorist middle imperative দ্বারা পরে এসেছে “তা করো!” এর দুটি সম্ভাব্য ব্যাখ্যা রয়েছে।

১. একজন দাসের উচিত তাকে যে অবস্থায় ডাকা হয়েছে সে সেভাবেই যেন থাকে, ১ করি ৭:২০,২৪

২. যদি সে মুক্ত হবার সুযোগ পায়, তার এই সুযোগের সুবিধা গ্রহণ করার উচিত (NASB, TEV, JB)

এটি স্বাধীনতার উপরে প্রসঙ্গের সাথে খাপ খায় (১) একা থেকে বিয়ে করা, ১ করি ৭:৯ এবং ২৮ (NRSV, NJB) এবং (২) বিশ্বাসী সঙ্গির অবিশ্বাসী সঙ্গিকে ত্যাগ করা, ১ করি ৭:১৫। এখানে পৌলের ব্যক্তিগত পরামর্শ এবং একজন বিশ্বাসীর মনোনয়ন কাছাকাছিটা। সকল বিশ্বাসীই সংগ্রাম করছে এই “ধূসর অঞ্চল” এর সাথে। যখন প্রভু বা শাস্ত্র কোন বিষয়ে স্পষ্ট নির্দেশনা না দেয়, বিশ্বাসীদের দেওয়া হয়েছে “ঈশ্বর ভক্তির নমনীয়তা!” কোন কোন ক্ষেত্রে “এক আকৃতি” সব কিছুতে খাপ খায় না!

বিশেষ বিষয় পৌলের ক্রীতদাসদের প্রতি উপদেশ

(SPECIAL TOPIC: PAUL'S ADMONITIONS TO SLAVES)

১. সন্তুষ্ট থাকা, কিন্তু যদি মুক্তির জন্য একটি সুযোগ নিজে থেকে আসে, গ্রহণ করতে হবে (১ করি ৭:২১-২৪)।

২. খ্রীষ্টতে কোন দাস কি স্বাধীন নেই (গালা ৩:২৮; কল ৩:১১; ১ করি ১২:১৩)।

৩. প্রভুর জন্য কাজ করা; তিনি পরিশোধ করবেন (ইফি ৬:৫-৯; কল ৩:২২-২৫; ১ পিতর ২:১৮-২০)।

৪. খ্রীষ্টতে দাসেরা ভাই হয়ে ওঠেন (১ তীম ৬:২; ফিলিমন ১:১৬-১৭)।
 ৫. ধার্মিক সেবকেরা ঈশ্বরের গৌরব নিয়ে আসে (১ তীম ৬:১; তীত ২:৯)।

পৌলের দাস মালিকদের প্রতি উপদেশ:

খ্রীষ্টিয়ান ক্রীতদাস এবং ক্রীতদাস মালিকদের একই প্রভু আছেন; সেজন্য, তাদের অবশ্যই সম্মানের সাথে একে অন্যের সাথে ব্যবহার করা উচিত (ইফি ৬:৯; কল ৪:১)।

ক্রীতদাস প্রথা হল একটি সংস্কৃতিক বিষয় (গোষ্ঠিপতিমূলক সংস্কৃতি) যেটি ছিল প্রথম শতকের বিশ্বে একটি স্তম্ভ। নতুন নিয়ম কোন বিষয়কে চ্যালেঞ্জ তরে নাই। যদিও, সুসমাচারের সত্য, সময়ের সাথে এই সংস্কৃতির দিকটি কার্যকর ভাবে প্রভাবিত হয়েছে।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

৭:২২-২৩ প্রভুতে সকল বিশ্বাসী স্বাধীন; প্রভুতে সকল বিশ্বাসী সেবক (১ করি ৮:১-১০:৩৩; রোমীয় ১৪:১-১৫:১৩)। যীশু, আমাদের *go'el* এর মত কাজ করে, আমিত্ত ও পাপের দাসত্ব থেকে কিনেছেন। আমরা এখন তাঁর সেবা করি (১ করি ৬:২০; ৭:২৩; রোমীয় ৬; কল ২:১৬-২৩)।

৭:২৩ “মানুষের দাস হয়ো না” গ্রীক একটি রূপ পরিবর্তনকারী ভাষা। কখনও কখনও রূপটির সম্ভাব্য দুটি অর্থ থাকতে পারে। এই imperative হতে পারে

১. Present middle, “নিজেকে মানুষের দাসে পরিণত কোর না”
২. Present passive, “মানুষের দ্বারা দাসত্বে আবদ্ধ হয়ো না”

উভয়ই প্রসঙ্গে খাপ খায়। করিন্থীয় মণ্ডলীর বিভক্ত দলগুলি সকল বিশ্বাসীদের নিয়ন্ত্রণ করতে চেষ্টা করছিল। এটি আজকেও ঘটছে। সীমার মধ্যেই অবশ্যই স্বাধীনতা থাকবে; স্বাধীনতা; আমিত্ত ও পাপের নয়, কিন্তু খ্রীষ্টে (রোমীয় ৬ এবং ১৪); ব্যক্তিগত জীবন পদ্ধতির স্বাধীনতা মনোনয়ন করে কিভাবে ঈশ্বরের সহজাত দানের দ্বারা নির্দেশিত ও বর্তমান পরিস্থিতিতে খ্রীষ্টের সবচেয়ে ভাল সেবা করা যায়।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ৭:২৫-৩১

^{২৫} কুমারী মেয়েদের বিষয়ে আমি প্রভুর কাছ থেকে কোন আদেশ পাই নি, তবে প্রভুর দয়া পাওয়া বিশ্বাসযোগ্য লোক হয়েছি বলে আমার মত জানাচ্ছি। ^{২৬} এমতাবস্থায় আমার মনে হয় যে বর্তমান সমস্যা দৃষ্টে এটাই ভাল, সে যেমন আছে তেমনই থাকা মানুষের জন্য ভাল। ^{২৭} তুমি কি স্ত্রীর সাথে সম্বন্ধযুক্ত আছ? তবে মুক্ত হতে চেষ্টা কোর না। তুমি কি স্ত্রী থেকে মুক্ত? তবে স্ত্রীর চেষ্টা কোর না। ^{২৮} কিন্তু যদি বিয়ে কর, তাতে তোমার পাপ হয় না; আর যদি কোন কুমারী মেয়ে বিয়ে করে, তাতে তারও পাপ হয় না। তথাপি এই রকম লোকেরা জীবনে কষ্ট পাবে, আর আমি চেষ্টা করছি তোমাদের রেহাই দিতে। ^{২৯} কিন্তু আমি এই কথা বলছি, ভাইয়েরা, সময় খুবই কম, সেজন্য এখন থেকে যাদের স্ত্রী আছে তারা এমন ভাবে চলুক যেন তাদের স্ত্রী নেই; ^{৩০} আর যারা কাঁদছে, তারা যেন কাঁদছে না; আর যারা আনন্দ করছে, তারা যেন আনন্দ করছে না; আর যারা ক্রম করছে, তারা যেন কিছুই অধিকারে রাখে নাই; ^{৩১} আর যারা জগত ব্যবহার করছে, তারা যেন সম্পূর্ণভাবে ব্যবহার করছে না; কারণ জগতের আকৃতি বিলিন হয়ে যাচ্ছে। (অনুবাদকৃত টেক্সট)।

৭:২৫ “এখন বিষয়” এটি একটি লেখনীগত চিহ্ন দেখায় যে পৌল আর একটিন লিখিত প্রশ্নের দিকে যাচ্ছেন যে প্রশ্নগুলি তিনি করিন্থীয় মণ্ডলীর কাছ থেকে পেয়েছিলেন (১ করি ৭:১,২৫; ৮:১; ১২:১; ১৬:১,১২)।

NASB, NKJV,
 NRSV, NIV “কুমারী মেয়ে”
 TEV “অবিবাহিত লোক”
 NJB “কুমারী থাকা মহিলা”

প্রধান প্রশ্ন এই টার্ম সম্বন্ধে হল কিভাবে ১ করি ৭:৩৬ পদের ব্যবহার ১ করি ৭:২৫ পদে ব্যবহারে সাথে সম্পর্কিত (দেখুন ১ করি ৩৬ পদে নোট)। ১ করি ৭:২৫-৩৫ পদের প্রসঙ্গ মনে হয় একা থাকা বনাম বিবাহিতর সঙ্গে সম্পর্কিত যেমন বর্তমান অবস্থার আলোকে বিবেচিত অবস্থা, যেটি উল্লেখ করতে পারে

১. আসন্ন দ্বিতীয় আগমন
২. সরকারী ভাবে অত্যাচার
৩. এলাকা-ব্যাপী দুর্ভিক্ষ
৪. একা লোকের খ্রীষ্টের সেবা করার সক্ষমতার দিকে লক্ষ্য

■ “আমি প্রভুর কাছ থেকে কোন আদেশ পাই নি, তবে আমার মত জানাচ্ছি” অনেকে চেষ্টা করেছেন ১ করি ৭:৬ এবং ২৫ পদে বলা পৌলের মন্তব্যকে ব্যবহার করে প্রেরিত হিসাবে তার কর্তৃত্বকে হীন করতে বা একে করেছেন তার অনুপ্রেরণাকে অস্বীকার। এটি কোনটিই নয়। এটি একটি বাগধারাগত উপায়

স্বীকার করা যে তিনি জানেন না যীশু কখনো সুনির্দিষ্ট ভাবে এ বিষয়ে কিছু বলেছেন কি না। ২৫ ও ৪০ পদ দেখায় যে পৌল তার প্রেরিত্ব ও আহবানকে মনে করতেন যে তাকে কর্তৃত্ব দিয়েছে সেই সব বিষয়ে কথা বলতে যেগুলি প্রাথমিক পরজাতি মন্ডলীর জীবনে উথিত হয়েছিল।

■ “তবে প্রভুর দয়া পাওয়া বিশ্বাসযোগ্য লোক হয়েছে বলে” এটি একটি perfect passive participle। এটি একটি বাগধারাগত উপায় তার প্রেরিত্বিক কর্তৃত্ব এবং আত্মায় পরিচালিত অর্ন্তদৃষ্টিকে জোর দিয়ে বলার।

৭:২৬

NASB, NKJV,

TEV

“বর্তমান সমস্যা”

NRSV

“আসন্ন সংকট”

NJB

“কারণ মানসিক চাপ যেটি আমাদের উপরে গুরুতর”

এটি বেশ কয়েকটি উপায়ে ব্যাখ্যা করা হয়েছে, কিন্তু এটি দেখা খুব গুরুত্বপূর্ণ যে ৭ অধ্যায়ের বেশির ভাগ মন্তব্য বিশ্বজনীন নীতি নয়, কিন্তু সেগুলি পৌলের স্থানীয়, সাময়িক পরিস্থিতির প্রতিক্রিয়া। কেউ কেউ এই শব্দগুচ্ছকে দেখেছেন যে তা উল্লেখ করছে

১. পৌত্তলিক সংস্কৃতির সংকট
২. করিচ্ছের নির্দিষ্ট স্থানীয় পরিস্থিতি
৩. সমগ্য ভূমধ্যসাগরীয় অঞ্চলে দুর্ভিক্ষ
৪. দ্বিতীয় আগমনের নৈকট্যতা (১ করি ৭:২৯)

■ “সে যেমন আছে তেমনই থাকা মানুষের জন্য ভাল” এখানে “ভাল” এর উপরে শব্দ কৌশল (১ করি ৭:১, ১৮, ২৬), অর্থ “সুবিধাজোগী।” বার বার বলা মূল বিষয় হল “উদ্ধার পাবার সময় যে যেমন ছিল সে তেমনই থাকুক” (১ করি ৭:৮, ১২-১৩, ১৮, ২১, ২৪, ২৬, ২৭, ৩৭, ৪০) হল এই পত্রে পৌলের ধর্মতাত্ত্বিক মানদণ্ড।

৭:২৭ “তুমি কি স্ত্রীর সাথে সম্বন্ধযুক্ত আছ” এটি টার্ম *dēo* থেকে একটি perfect passive indicative রূপ, যার অর্থ বাধা বা সংযুক্ত। এটি বিবাহের জন্য ব্যবহৃত হয়েছে একটি রূপক অর্থে (১ করি ৭:২৭, ৩৯; রোমীয় ৭:২)। এই শব্দগুচ্ছের সমান্তরাল রয়েছে এই একই পদে, সেটিও একটি perfect passive indicative, “তুমি কি স্ত্রীর থেকে মুক্ত হয়েছে?” পৌল চেয়েছেন তার শ্রোতার যেমন আছে তেমনই থাকুক।

■ “মুক্ত হতে চেষ্টা কোর না. . . স্ত্রীর চেষ্টা কোর না” উভয়ই present active imperatives সাথে negative particle, যার সাধারণত অর্থ প্রক্রিয়াধীন থাকা কোন কাজকে থামানো। এখানে আবার একটি বিস্ময় যে বিভিন্ন দলসমূহ কি বিভিন্ন পরিবারিক নমুনাকে সমর্থন করছে (কৌমার্য, বিবাহিত, উশুংখল) বা পৌলের উদ্দেশ্য খ্রীষ্টের প্রতি সর্বোচ্চ সেবা দান। এটি একটি বার বার বলা বিষয়। মনে হয় পৌল জোর দিয়ে বলতে চেয়েছেন

১. সকলেরই উচিত যেমন আছে তেমনই থাকা
২. যদি একা থাকে, তবে খ্রীষ্টের সেবার দিকে লক্ষ্য রাখুক
৩. যদি বিবাহ করার ইচ্ছা থাকে, সমস্যা নেই, তবে তোমার বিবাহকে খ্রীষ্টের সেবার জন্য ব্যবহার করো!

বিশ্বাসীরা সেবা করনার্থে একা থাকুক, বিবাহ করুক সেবার্থে, নির্যাতনের মধ্যে বাস করেও সেবা করুক, স্বাধীনতায় বাস করে সেবা করুক, ধর্মতাত্ত্বিক বিশ্বাসে জীবন যাপন করুক সেবার্থে! বিশ্বাসীদের রক্ষা করা হয়েছে সেবার জন্য!

৭:২৮ “যদি. . . যদি” উভয়ই third class conditional sentences, যার অর্থ সম্ভাব্য কাজ।

■ “তোমার পাপ হয় না” পৌল একটি অদ্বিতীয় পরিস্থিতির উদ্দেশ্যে বলছেন, বিশ্বজনীন মন্তব্য করছেন না। বিবাহ হল ঈশ্বর দত্ত আদর্শ (আদি ১:২৮)।

■ “যদি তুমি. . . যদি কুমারী” প্রশ্ন হল তিনি কাকে উল্লেখ করছেন? প্রথমটি ১ করি ৭:২৭ পদের সাথে সম্পর্কিত। যদি তাই হয়, তবে এটি উল্লেখ করছে পুনরায় বিবাহকে। দ্বিতীয়টি সম্পর্কিত ১ করি ৭:২৫ পদের সাথে, তারা যারা কখনও বিয়ে করে নি। উভয় শ্রেণীকে আবার উদ্দেশ্য করা হয়েছে ১ করি ৭:৩৪ পদে।

■ “তথাপি এই রকম লোকেরা জীবনে কষ্ট পাবে, আর আমি চেষ্টা করছি তোমাদের রেহাই দিতে” এটি সাধারণ ভাবে বিয়ের সাথে সম্পর্কিত নয়, কিন্তু বর্তমান সংকটের সাথে (১ করি ৭:২৬)। ৩২-৩৪ পদ সাধারণ নীতি হিসাবে বিবাহকে উদ্দেশ্য করে বলছে।

■ “কষ্ট” দেখুন বিশেষ বিষয়: কষ্টভোগ ২ করি ১:৪ পদে।

■ “এই জীবনে” এটি আক্ষরিক ভাবে “মাংস।” দেখুন বিশেষ বিষয় ১ করি ১:২৬ পদে।

৭:২৯ “সময় খুবই কম” এটি একটি perfect passive periphrastic। এই শব্দগুচ্ছের বেশ কয়েকটি ব্যাখ্যা রয়েছে; এটি মনে হয় প্রসঙ্গগত ভাবে সম্পর্কিত ১ করি ৭:২৬ পদের সাথে (“বর্তমান সমস্যা”)। বিশ্বাস করতেন এটি উল্লেখ করছে মানব জীবনের সংক্ষিপ্ততার কথা; অন্যরা এই একই লাইনে বিশ্বাস করেন এটি উল্লেখ করছে আমাদের খ্রীষ্টির সেবা করার সুযোগের সংক্ষিপ্ততার কথা। আমি বিশ্বাস করি এটি উল্লেখ করছে দ্বিতীয় আগমনের কথা (১ করি ৭:৩১; রোমীয় ১৩:১১-১২)।

পৌল যীশুর অতি শিঘ্র ফিরে আসা বা বিলম্বে ফিরে আসা কোনটি প্রত্যাশা করতেন? উভয় পক্ষেই লেখনী রয়েছে। আমি মনে করি না যে পৌলের ধর্মতত্ত্ব পরিবর্তিত হয়েছে (বা পরিণত)। তার প্রথম চিঠিগুলির একটিতে তিনি বিলম্বে দ্বিতীয় আগমনের বিষয়ে শিক্ষা দিয়েছেন (২ থিষ ২)। পৌল (সকল নূতন নিয়মের লেখকের মত) প্রভুর নিশ্চিত ফিরে আসার প্রত্যাশাকে ব্যবহার করেছেন উদ্দিপনার সাথে ঈশ্বর ভক্তির জীবন যাপন এবং সক্রিয় সেবা কাজ হিসাবে। প্রতিটি প্রজন্মের বিশ্বাসীদের প্রত্যাশা হল খ্রীষ্টের ফিরে আসা, কিন্তু বাস্তবতা হল কেবলমাত্র একটি! দেখুন বিশেষ বিষয় ১ করি ৬:১৪ পদে।

রহস্য উদঘাটনমূলক eschatology এবং পৌলের ১ করি ৭:২৬,২৮,২৯, পদের উপরে চমৎকার আলোচনার জন্য দেখুন, *Hard Sayings of the Bible*, pp. 593-595।

৭:২৯-৩০ “তারা যারা” এই সমান্তরাল শব্দগুচ্ছ বর্ণনা করছে স্বাভাবিক প্রতিদিনকার মানব জীবন। বিশ্বাসীদের এক ভাবে লক্ষ্য রাখতে হবে তাদের পরিচর্যার কাজ, তাদের আত্মিক সহজাত গুণ অনুসারে (১ করি ৭:৩২,৩৫)।

বিশ্বাসীদের দুটি রাজ্যের নাগরিক, আত্মিক এবং দৈহিক বা মন্ডলী এবং জগত। দৈহিক মন্দ নয় কিন্তু ক্ষণস্থায়ী। বিশ্বাসীদের অবশ্যই সেবার মনোভাব সম্পন্ন, সুসমাচার মনোভাব সম্পন্ন হবে। আমরা জগত ও এর উৎসগুলি ব্যবহার করি রাজ্যের সেবার জন্য। অন্যথায়, দৈহিক জিনিস, জাগতিক জিনিস, আমাদেরকে ব্যবহার করবে!

বিবাহ কাজকে আত্মিক অগ্রগণ্যতার কাজ হিসাবে মুক্ত করবেন না! ঈশ্বরীয় জ্ঞানে এই দুই জগতেই বাস করুন।

৭:৩০ “তারা যেন কিছুই অধিকারে রাখে নাই” পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: সম্পদ (SPECIAL TOPIC: WEALTH)

- I. সামগ্রিক দিক থেকে পুরাতন নিয়মের দৃষ্টিভঙ্গি
 - ক. ঈশ্বর হলেন সব জিনিসের মালিক
 ১. আদিপুস্তক ১-২
 ২. ১ বংশাবলী ২৯:১১
 ৩. গীতসংহিতা ২৪:১; ৫০:১২; ৮৯:১১
 ৪. যিশাইয় ৬৬:২
 - খ. মানুষ ঈশ্বরের উদ্দেশ্যে সম্পদের জন্য ধনাত্মক
 ১. দ্বিতীয় বিবরণ ৮:১১-২০
 ২. লেবীয় ১৯:৯-১৮
 ৩. ইয়োব ৩১:১৬-৩৩
 ৪. যিশাইয় ৫৮:৬-১০
 - গ. সম্পদ আরাধনা একটি অংশ
 ১. দুইটি দশমাংশ
 - ক. গণনাপুস্তক ১৮:২১-২৯; দ্বি বি ১২:৬-৭; ১৪:২২-২৭
 - খ. দ্বি বি ১৪:২৮-২৯; ২৬:১২-১৫
 ২. হিতোপদেশ ৩:৯
 - ঘ. সম্পদকে দেখা হত ঈশ্বরের একটি দান হিসেবে ব্যবস্থার আনুগত্যের জন্য
 ১. দ্বিতীয় বিবরণ ২৭-২৮
 ২. হিতোপদেশ ৩:১০; ৮:২০-২১; ১০:২২; ১৫:৬
 - ঙ. সম্পদের বিষয়ে সাবধানবার্তা অন্যের মূল্য দানে
 ১. হিতোপদেশ ২১:৬
 ২. যিরমিয় ৫:২৬-২৯
 ৩. হোশেয় ১২:৬-৮
 ৪. মীখা ৬:৯-১২
 - চ. সম্পদ নিজে পাপযুক্ত নয় যদি না এটিকে অগ্রাধিকার করা হয়
 ১. গীতসংহিতা ৫২:৭; ৬২:১০; ৭৩:৩-৯
 ২. হিতোপদেশ ১১:২৮; ২৩:৪-৫; ২৭:২৪; ২৮:২০-২২
 ৩. ইয়োব ৩১:২৪-২৮

II. হিতোপদেশের অদ্বিতীয় দৃষ্টিভঙ্গি

- ক. সম্পদকে রাখা হয়েছে ব্যক্তিগত চেষ্টির ক্ষেত্রে
১. ধীরতা ও অলসতাকে দোষারোপ করা হয়েছে – হিতোপদেশ ৬:৬-১১; ১০:৪-৫,২৬; ১২:২৪,২৭; ১৩:৪; ১৫:১৯; ১৮:৯; ১৯:১৫,২৪; ২০:৪,১৩; ২১:২৫; ২২:১৩; ২৪:৩০-৩৪; ২৬:১৩-১৬
 ২. কঠোর পরিশ্রমকে সমর্থন করা হয়েছে – হিতোপদেশ ১২:১১,১৪; ১৩:১১
- খ. দরিদ্রতা বনাম ধনবান ব্যবহার করা হয়েছে ধার্মিকতা বনাম মন্দতাকে চিত্রায়িত করতে – হিতোপদেশ ১০:১; ১১:২৭-২৮; ১৩:৭; ১৫:১৬-১৭; ২৮:৬,১৯-২০
- গ. প্রজ্ঞা (ঈশ্বরকে ও তাঁর বাক্যকে জানা এবং এই জ্ঞানে জীবন যাপন করা) ধন থেকে উত্তম – হিতোপদেশ ৩:১৩-১৫; ৮:৯-১১,১৮-২১; ১৩:১৮
- ঘ. সাবধানবাণী এবং উপদেশ
১. সাবধানবাণী
- ক. প্রতিবেশী ঋণের নিশ্চয়তাকারী হতে সাবধান (জামিনদার) – হিতোপদেশ ৬:১-৫; ১১:১৫; ১৭:১৮; ২০:১৬; ২২:২৬-২৭; ২৭:১৩
- খ. মন্দ উপায়ে মধ্য দিয়ে ধনী হতে সাবধান – হিতোপদেশ ১:১৯; ১০:২,১৫; ১১:১; ১৩:১১; ১৬:১১; ২০:১০,২৩; ২১:৬; ২২:১৬,২২; ২৮:৮
- গ. ধার করার বিষয়ে সাবধান – হিতোপদেশ ২২:৭
- ঘ. ক্ষণস্থায়ী সম্পদ হতে সাবধান – হিতোপদেশ ২৩:৪-৫
- ঙ. শেষ বিচারের সময় সম্পদ সাহায্য করবে না – হিতোপদেশ ১১:৪
- চ. সম্পদের অনেক “বন্ধু” আছে – হিতোপদেশ ১৪:২০; ১৯:৪
২. উপদেশ
- ক. দানশীলতা সমর্থিত – হিতোপদেশ ১১:২৪-২৬; ১৪:৩১; ১৭:৫; ১৯:১৭; ২২:৯,২২-২৩; ২৩:১০-১১; ২৮:২৭
- খ. ধার্মিকতা সম্পদ থেকে উত্তম – হিতোপদেশ ১৬:৮; ২৮:৬,৮,২০-২২
- গ. প্রয়োজনের জন্য প্রার্থনা করা, প্রাচুর্যের জন্য নয় – হিতোপদেশ ৩০:৭-৯
- ঘ. গরীবকে দেওয়া হল ঈশ্বরকে দেওয়া – হিতোপদেশ ১৪:৩১

III. নূতন নিয়মের দৃষ্টি ভঙ্গি

- ক. যীশু
১. সম্পদ একটি অনন্য প্রলোভন সৃষ্টি করে ঈশ্বর এবং তাঁর উৎসের বদলে আমাদের নিজেদের ও আমাদের সম্পত্তিতে নির্ভর করতে
- ক. মথি ৬:২৪; ১৩:২২; ১৯:২৩
- খ. মার্ক ১০:২৩-৩১
- গ. লূক ১২:১৫-২১, ৩৩-৩৪
- ঘ. প্রকাশিত বাক্য ৩:১৭-১০
২. ঈশ্বর আমাদের শারীরিক প্রয়োজন মিটাবেন
- ক. মথি ৬:১৯-৩৪
- খ. লূক ১২:২৯-৩২
৩. বপন করা কাটার সাথে যুক্ত (বাস্তবিকের মত আত্মিক)
- ক. মার্ক ৪:২৪
- খ. মথি ৬:১৪; ১৮:৩৫
৪. সম্পদ অনুতাপকে প্রভাবিত করে
- ক. লূক ১৯:২-১০
- খ. লেবীয় ৫:১৬
৫. আর্থিক শোষণকে দোষারোপ করা হয়েছে
- ক. মথি ২৩:২৫
- খ. মার্ক ১২:২৮-৪০
৬. শেষ-সময়ের বিচার আমাদের সম্পদের ব্যবহারের সাথে সম্পর্কিত – মথি ২৫:৩১-৪৬
- খ. পৌল
১. বাস্তবিক দৃষ্টিভঙ্গি হিতোপদেশের মত (কাজ)
- ক. ইফিসীয় ৪:২৮
- খ. ১ থিমলনীকীয় ৪:১১-১২
- গ. ২ থিমলনীকীয় ৩:৮, ১১-১২
- ঘ. ১ তীমথিয় ৫:৮

২. আত্মিক দৃষ্টিভঙ্গি যীশুর মত (বস্ত্র হল ক্ষণস্থায়ী, সম্ভ্রষ্ট থাকে)
 - ক. ১ তীমথিয় ৬:৬-১০ (সম্ভ্রষ্টি)
 - খ. ফিলিপীয় ৪:১১-১২ (সম্ভ্রষ্টি)
 - গ. ইব্রীয় ১৩:৫ (সম্ভ্রষ্টি)
 - ঘ. ১ তীমথিয় ৬:১৭-১৯ (ঈশ্বরের দানশীলতা ও নির্ভরতা, ধনের উপরে নয়)
 - ঙ. ১ করিন্থীয় ৭:৩০-৩১ (বস্ত্রের রূপান্তর)

IV. উপসংহার

- ক. সম্পদের বিষয়ে কোন রীতিগত বাইবেল ভিত্তিক ধর্মতত্ত্ব নেই।
- খ. এই বিষয়ে কোন সুনির্দিষ্ট প্যাসেজ নেই, সেহেতু, অর্ন্তদৃষ্টি অবশ্যই বিভিন্ন প্যাসেজ থেকে সংগ্রহ করতে হবে। সতর্ক হতে হবে এই বিচ্ছিন্ন টেক্সট আপনার দৃষ্টিভঙ্গি দিয়ে না পড়ার।
- গ. হিতোপদেশ, যেটি লেখা হয়েছিল প্রজ্ঞাবান লোকদের (sages) দ্বারা, এখানে একটি ভিন্ন দৃষ্টিভঙ্গি আছে অন্য ধরনের বাইবেল ভিত্তিক সাহিত্য ধারার চেয়ে। হিতোপদেশ হল অনুশীলনমূলক এবং ব্যক্তিমূলক গুরুত্বপূর্ণ। এটি সুখম এবং অবশ্যই সুখম হবে হবে অন্যান্য শাস্ত্র দ্বারা (যির ১৮:১৮)।
- ঘ. আমাদের সময়ে প্রয়োজন বিশ্লেষণ করা এর দৃষ্টিভঙ্গি ও অনুশীলন বাইবেলের আলোকে সম্পদের বিষয়ে চিন্তা করে। আমাদের প্রাধান্য ভুল স্থানে স্থাপিত হবে যদি পুঁজিবাদ বা সমাজবাদ আমাদের একমাত্র সহায়ক হয়। কেন ও কিভাবে একজন সফল হয় তা হল কত পরিমাণ একজন জমা করতে পারে তার চেয়ে আরও গুরুত্বপূর্ণ প্রশ্ন।
- ঙ. সম্পদের জমা করাটা অবশ্যই সুখম হবে সত্য আরাধনা এবং দায়িত্বের ধনাধ্যক্ষতার সাথে (২ করিন্থীয় ৮-৯)।

Copyright © 2014 Bible Lessons International

৭:৩১ “কারণ জগতের আকৃতি বিলিন হয়ে যাচ্ছে” পুরাতন নিয়মের ভাববাদীরা (বিশেষ করে, যিশা ৫৬-৬৬) প্রকাশ করেছে একটি নূতন আকাশ ও নূতন পৃথিবীর কথা। নূতন যুগ পুরাতনের মতই হবে, কিন্তু পরিশুদ্ধ, উদ্ধারকৃত (২ পিতর ৩:১০-১৩)। স্বর্গ হবে একটি রূপান্তরিত এদোন বাগান, ঈশ্বর, মানুষ, এবং জীবজন্তু-নিখুঁত সহভাগিতা এবং শৃংখলা পুনরুদ্ধার হবে; আদি ১-২ সমান্তরাল ২১-২২ এর সাথে।

বিশ্বাসীদের প্রতিটি প্রজন্ম অভিজ্ঞতা লাভ করবে এই বিলিন হয়ে যাওয়া জগতের শৃংখলা (অর্থাৎ, *schēma*) যেভাবে তারা খ্রীষ্টসাদৃশ্যতায় পরিপক্ব হবে। যেভাবে আমরা দেখছি খ্রীষ্টকে স্পষ্ট থেকে স্পষ্টতর উপায়ে, এই জীবনের জিনিসগুলি হয়ে পড়বে বিরক্তি থেকে বিরক্তিকর। আমরা এই জগতে আছি, কিন্তু জগতের নয়। আমরা এই জগতের জিনিস ব্যবহার করি সুসমাচার প্রচারের উদ্দেশ্যে, ব্যক্তিগত উদ্দেশ্যে নয়।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ৭:৩২-৩৫

^{৩২} কিন্তু আমি চাই তোমরা যেন চিন্তা মুক্ত থাক। যে অবিবাহিত সে যেন প্রভুর বিষয়ে চিন্তা করে, কিভাবে সে প্রভুকে সম্ভ্রষ্ট করবে; ^{৩৩} কিন্তু যে বিবাহিত সে জগতের বিষয়ে ভাবে, কিভাবে তার স্ত্রীকে সম্ভ্রষ্ট করবে, ^{৩৪} আর তার অর্ধহ বিভক্ত হয়ে থাকে। যে স্ত্রী অবিবাহিত, এবং কুমারী, প্রভুর বিষয়ে চিন্তা করে, যেন সে দেহে আর আত্মায় পবিত্র হতে পারে; কিন্তু যে বিবাহিত সে জগতের বিষয়ে ভাবে, কিভাবে তার স্বামীকে সম্ভ্রষ্ট করবে। ^{৩৫} এই কথা আমি তোমাদের মংগলের জন্যই বলছি; আমি তোমাদের উপরে বিধি নিষেধ রাখছি না, কিন্তু যা করা উপযুক্ত তার উৎসাহ দিচ্ছি ও তোমরা যেন নিশ্চিন্তে একত্র মনে প্রভুর সেবা করতে পার। (অনুবাদকৃত টেক্সট)।

৭:৩২-৩৪ এটি বর্ণনা করছে “এক দেহ” হিসাবে বিবাহিত লোকদের একজন অন্যের প্রতি আপোষমূলক অঙ্গিকার (ইফি ৫:২৪-৩১)। এটি মন্দ নয়, এটি ব্যবহৃত হয়েছে খ্রীষ্টের সাথে তাঁর মন্ডলীর মধ্যকার সম্পর্ক বর্ণনা করতে। এটা স্পষ্ট যে একা লোকের অনেক সময় ও সতেজতা থাকে পরিচর্যার জন্য।

পৌলের উদ্দেশ্য এই সমগ্র প্রসঙ্গে উদ্দেশ্য ছাড়া একজন সক্রিয় বিশ্বাসী হবার সক্ষমতার বিষয়ে। পৌল টার্ম *merimnaō* ব্যবহার করেছেন, দুটি পদে চারবার। এই টার্ম উল্লেখ করতে পারে নগণ্য উদ্দেশ্য (মথি ১০:১৯; লুক ১২:২৫) বা খাঁটি উদ্দেশ্য (২ করি ১১:২৮; ১ পিতর ৫:৭)। এই প্রসঙ্গে এটি উল্লেখ করেছে বিবাহিত জীবনের স্বাভাবিক সম্পর্ক যেটি প্রতিদ্বন্দ্বিতা করতে পারে একজনের প্রভুর জন্য ব্যবহারের সময় ও সতেজতার সাথে। এটি আরও সম্পর্কিত হতে পারে অদ্বিতীয় চাপ পৌত্তলিক সমাজে একজন বিশ্বাসী হবার (১ করি ৭:২৬)।

পৌল চেয়েছেন বিশ্বাসীরা (১) খ্রীষ্টের জন্য সক্রিয় হবে এবং (২) শান্তিতে ও সম্ভ্রষ্টিতে বাস করবে। উভয়ই সঙ্গত, কিন্তু কঠিন।

৭:৩৪ “যে স্ত্রী অবিবাহিত, এবং কুমারী” পৌল উল্লেখ করছেন দুই ধরনের অবিবাহিত খ্রীষ্টিয়ান মহিলাদের কথা:

১. একজন বয়স্ক, একজন অল্প বয়স্ক
২. প্রথম জন পূর্বে বিবাহিত হয়েছিল, (অর্থাৎ, বিধবা) এবং দ্বিতীয় জন এখন বিবাহ করেনি
৩. দ্বিতীয় জনকে সম্ভ্রবত উল্লেখ করেছে অবিবাহিত মহিলাদের বিশেষ দল বা পরিচর্যার অংশীদার (১ করি ৭:৩৬-৩৮)

■ “যেন সে দেহে আর আত্মায় পবিত্র হতে পারে” এটি মানুষের যৌনতা মন্দ সে সম্বন্ধে কোন অশ্রদ্ধার মন্তব্য নয়। এভাবেই পৌলের শিক্ষা ব্যাখ্যা করা হয়েছে যারা গ্রীক সংস্কৃতিতে প্রভাবিত তাদের দ্বারা (অর্থাৎ, Stoics, Gnostics, ইত্যাদি)। তার পয়েন্ট হল যে প্রতিটি লোক তাদের মূল্যবান সময়, সতেজতা ও উৎস সমূহ আত্মিক বিষয়ের উপরে রেখে কাটাতে পারে, যেখানে ওই বিবাহিতরাও সংযুক্ত হবে পারিবারিক বিষয় এবং দায়িত্ববোধের সাথে। দেখুন বিশেষ বিষয়: পবিত্র, পৃ. ৯০, (SPECIAL TOPIC: HOLY, See page 90) ১ করি ৩:১৭ পদে।

বিশেষ বিষয়: দেহ এবং আত্মা

(SPECIAL TOPIC: BODY AND SPIRIT)

দেহ এবং আত্মা মানবজাতির মধ্যে একটি তত্ত্ববিদ্যাগত দৃষ্টি বিভাগ নয়, কিন্তু একটি দ্বৈত সম্পর্ক এই পৃথিবী এবং ঈশ্বরের প্রতি। ইব্রীয় শব্দ *nephesh* (BDB 659, অর্থাৎ, দেখুন আদি ৩৫:১৮ পদের নোট অনলাইনে) ব্যবহার করা হয়েছে মানবজাতি (আদি ২:৭) এবং পশু উভয়ে জন্য (আদি ১:২০, ২৪, ৩০; ৯:১২, ১৫, ১৬) আদি পুস্তকে, যখন “আত্মা” (*ruah*) ব্যবহৃত হয়েছে অদ্বিতীয় ভাবে মানব জাতিতে। দুই অংশের (dichotomous, ১ করি ৭:৩৪; ইব্রীয় ৪:১২) বা তিন অংশের (trichotomous) সত্ত্বা (১ থি ৫:২৩) হিসাবে মানুষের প্রকৃতির উপরে এটি কোন proof-text নয়। মানব জাতিকে প্রাথমিক ভাবে বাইবেলে একক সত্ত্বা হিসাবে উপস্থাপন করা হয়েছে (আদি ২:৭; ২ করি ৭:১)। trichotomous, dichotomous বা একটি একক সত্ত্বা হিসাবে মানব জাতির তত্ত্বের ভাল সারাংশের জন্য দেখুন, Millard J. Erickson's *Christian Theology* (second edition), pp. 538-557 এবং Frank Stagg's *Polarities of Man's Existence in Biblical Perspective*।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

৭:৩৫ “তোমাদের উপরে বিধি নিষেধ রাখছি না” এই টার্ম ব্যবহৃত হয়েছে জীবজন্তু বাধা দড়ির জন্য।

NASB “কিন্তু যা করা উপযুক্ত তার উৎসাহ দিচ্ছি ও তোমরা যেন নিশ্চিত্তে একাত্ম মনে প্রভুর সেবা করতে পার”

NKJV “কিন্তু যা উপযুক্ত, এবং তোমরা যেন বাধা ছাড়াই প্রভুর সেবা করতে পার”

NRSV “কিন্তু যা নিয়মানুসারে উত্তম এবং প্রভুর আরাধনা বাধাহীন ভাবে করতে পার তার উৎসাহ দিচ্ছি”

TEV “পরিবর্তে, আমি চাই তোমরা তাই কর যা সঠিক এবং উপযুক্ত, এবং কোনরকম শর্ত ছাড়াই নিজেদের সম্পূর্ণভাবে প্রভুর সেবায় উৎসর্গ কর”

NJB “কিন্তু সেজন্য সবকিছু যেমন হওয়া উচিত তেমন যেন হয়, আর তোমরা যেন তোমাদের সম্পূর্ণ মনোযোগ প্রভুর জন্য দিতে সক্ষম হও”

গ্রীক শব্দগুচ্ছ খুব সংক্ষিপ্ত। দুটি মূল শব্দ হল

১. *euschēma*, একটি সমন্বিত “ভাল” ও “গঠন” থেকে। এটি চিহ্নিত করেছে যেটি হল সঠিক, সন্তুষ্টিজনক, এবং উপযুক্ত (১ করি ১২:২৩-২৪; ১৪:৪০; রোমীয় ১৩:১৩) একই রকম অর্থে *kalos* ১ করি ৭:১,৮,২৬ পদে।

২. *aperispastōs*, একটি alpha privative সাথে একটি টার্ম ঘুরে যাওয়ার জন্য এবং সেজন্য লক্ষ্য চ্যুত হওয়া

পৌল চেয়েছেন সব বিশ্বাসীরা যেন পরিচর্যায় লক্ষ্য রাখবে রাজ্যের বিষয়ের উপরে! আমি নিশ্চিত ভাবে এর সাথে একমত। এই প্রসঙ্গের সাথে আমার “সমস্যা” হল এটি মনে হয় বিবাহকে হীন করছে কৌমার্যের প্রতি একটি সম পরিচর্যায় নমুনা হিসাবে। ঈশ্বর বিবাহ প্রতিষ্ঠা করেছেন; এটি একটি আদর্শ। আমার বিবাহের কারণে আমি একজন সবল ব্যক্তি ও পরিচর্যাকারী। এই অধ্যায় ব্যবহৃত ও ক্ষতিগ্রস্ত হয়েছে বৈধবাদী ও সন্ন্যাসীদের দ্বারা। লক্ষ্য পরিচর্যায় দিকে দৃষ্টি, গোড়ামির উপরে নয় যে বিবাহ করবে না একা থাকবে এই বিষয়ে। পৌলের ছিল তার আত্মায় পরিচালিত উদ্দেশ্য, কিন্তু এটি কখনই বিশ্বজনীন নীতিতে পরিবর্তিত হতে পারে না যেটি অবহেলা করে অন্যান্য অনুপ্রাণিত লেখনীকে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি স্থায়ী ৭:৩৬-৩৮

^{৩৬} কিন্তু যদি কেউ মনে করে যে সে তার কুমারী মেয়ের প্রতি ন্যায্য ব্যবহার করছে না, যদি মেয়েটির বিয়ের বয়স পার হয়ে যায়, আর যদি এই রকম হওয়াটা আবশ্যিক হয়, তবে সে তার ইচ্ছামতই কাজ করুক, তাতে কোন পাপ হয় না; তার বিয়ে দিক। ^{৩৭} কিন্তু যে লোক তার অন্তরে স্থির, যার উপর কোন চাপ নেই, কিন্তু সে তার নিজের ইচ্ছার কর্তা, আর সে তার নিজের অন্তরে এই সিদ্ধান্ত নিয়েছে, তার মেয়েকে কুমারী রাখবে, তবে সে ভাল করে। ^{৩৮} তাহলে তারা উভয়ে যে তার মেয়েকে বিয়ে দেয় সে ভাল করে, আর যে তাকে বিয়ে না দেয় সে আরও ভাল করে। (অনুবাদকৃত টেক্সট)।

৭:৩৬ “যদি” এটি একটি First class conditional sentence, যেটি ধরে নেয় লেখকের দিক থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্যের জন্য সত্য বলে।

NASB কিন্তু “যদি কেউ. . . তার কুমারী মেয়ের প্রতি”

NKJV “যদি কেউ. . . তার কুমারীর প্রতি”

NRSV “যে কেউ. . . তার বাগদত্তার প্রতি”

TEV “এই ক্ষেত্রে যদি কোন বাগদানকৃত দম্পতি যারা স্থির করেছে বিয়ে করবে না, যদি পুরুষটি. . . যুবতী মহিলাটির প্রতি”

NJB “দৃঢ় আবেগপূর্ণ কোন একজন. . . তার বাগদত্তার প্রতি”

এই প্যাসেজের ব্যাখ্যার তিনটি বড় লাইন রয়েছে।

১. যে এটি উল্লেখ করছে একজন খ্রীষ্টিয়ান পিতা ও তার অবিবাহিত মেয়েকে (NASB এবং JB)

২. যে এটি উল্লেখ করছে একজন খ্রীষ্টিয়ান পুরুষ ও তার বাগদত্তাকে (NRSV, TEV, NJB)

৩. যে এটি উল্লেখ করছে এক প্রকারের আত্মিক বিবাহ যেটি অনুবাদ হতে পারে “কৌমার্যের অংশীদার” (NEB)

আক্ষরিক ভাবে টার্মটি হল “কুমারী।”

অপশন #১ শব্দগুচ্ছকে ব্যবহার করছে “তিনি যিনি দিচ্ছেন” (১ করি ৭:৩৮) একজন পিতা তার মেয়েকে বিবাহ দিচ্ছেন সেই হিসাবে উল্লেখ করছে। অপশন #২ শব্দগুচ্ছ নিয়েছে ১ করি ৭:৩৬ পদ থেকে, “যদি তার বিয়ের বয়স পার হয়ে যায়।” এই অপশন মনে হয় সবচেয়ে উপযুক্ত সকল প্রমাণের আলোকে, লেখনীগত ও ঐতিহাসিক উভয় দিক থেকে। অপশন #৩ ধরে নেয় একটি নির্দিষ্ট ঐতিহাসিক অবস্থা। প্রথম শতকের কোন ভ্রমণশীল প্রচারক হতে পারে খ্রীষ্টিয়ান কুমারী মেয়েদের পরিচর্য্যায় সাহায্যকারী হিসাবে নিতেন এবং তাদের সঙ্গে বাস করতেন, কিন্তু তাদের আত্মা নিয়ন্ত্রণের চিহ্ন হিসাবে তারা কুমার থাকতেন।

■ “যদি” এটি একটি third class conditional sentence, যার অর্থ সম্ভাব্য কাজ।

NASB “মেয়েটির বিয়ের বয়স পার হয়ে যায়”

NKJV “মেয়েটি তার যৌবনের ফুল হারিয়ে ফেলে”

NRSV “তার সবল আবেগ থাকে”

TEV “তার আবেগ খুবই সবল হয়”

NJB “সেই বিষয় তাদের অবশ্যই পাওনা দিকে নিয়ে যাবে”

এটি উল্লেখ করতে পারে (১) বিবাহের স্বাভাবিক সময় (NASB, NKJV, এবং NJB) বা (২) যেহেতু গঠনটি সম্ভবত masculine, feminine নয়, এটি উল্লেখ করতে পারে সেই লোককে যে আবেগপ্রবণ হয়েছে (NRSV, TEV)।

কারণ “বিয়ের বয়স পার হয়েছে” (*hyperakmos*) দেখুন বিশেষ বিষয়: পৌলের *Hyper* সমন্বয় ব্যবহার ১ করি ২:১ পদে।

■ “তার ইচ্ছামতই কাজ করুক” এটি আক্ষরিক ভাবে “তাই করা উচিত যেটি কোন একজন ইচ্ছা করে।” এই শব্দগুচ্ছ উল্লেখ করতে পারে হয় একজন পুরুষ না হয় একজন মহিলাকে। সমগ্র প্রসঙ্গে pronouns হল একেবারে অজ্ঞাত এবং নিশ্চিত ভাবে ব্যাখ্যা করাটা অসম্ভব।

NASB “তার বিয়ে দিক”

NKJV, NRSV “তাদের বিয়ে দিক”

TEV “তাদের বিয়ে করা উচিত”

NJB “তাদের উচিত বিয়ে করা”

এটি একটি perfect active imperative third person plural, আক্ষরিক ভাবে “তাদের বিয়ে দিক।” এটি উল্লেখ করছে (১) একজন পুরুষ ও তার বাগদত্তা বা (২) “কৌমার্যের অংশীদার।”

৭:৩৭ “অন্তরে স্থির” দেখুন বিশেষ বিষয়:দাঁড়ান ১ করি ১৫:১ পদে।

৭:৩৮ “আর যে তাকে বিয়ে না দেয় সে আরও ভাল করে” এটি বিবাহকে হীন করার কোন মন্তব্য নয়, কিন্তু একটি বাস্তব উপদেশ এই আলোকে

১. করিছে বর্তমান সংকট
২. দ্বিতীয় আগমনের নৈকট্যতা
৩. অর্ন্তভুক্ত খ্রীষ্টিয়ানদের স্বাভাবিক মানুষের যৌন আকাংখ্যা

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি স্থায়ী ৭:৩৯-৪০

^{৩৯} স্বামী যতদিন বেঁচে থাকে ততদিনই স্ত্রী তার কাছে বাঁধা থাকে; কিন্তু যদি স্বামী মারা যায়, তবে সে স্বাধীন আর যাকে ইচ্ছা তাকে বিয়ে করতে পারে, কেবলমাত্র প্রভুতে। ^{৪০} কিন্তু আমার মতে সে যেমন আছে যদি তেমনই থাকে তবে সে সুখী হয়; আর আমার মনে হয় যে আমি ঈশ্বরের আত্মাকে পেয়েছি। (অনুবাদকৃত টেক্সট)।

৭:৩৯ “স্বামী যতদিন বেঁচে থাকে ততদিনই স্ত্রী তার কাছে বাঁধা থাকে” এটি একটি perfect passive indicative (১ করি ৭:২৭)। ৩৯ পদ দেখায় যে স্বামী বা স্ত্রীর মৃত্যুর পরে পুনরায় বিবাহ করাটা দোষের কিছু নয় (১ তীম ৫:১৪)। এটি আরও দেখায় যে কিভাবে পৌল চেষ্টা করছেন না বিশ্বজনীন নিয়মকে অনমনীয় করতে।

■ “কেবলমাত্র প্রভুতে” দুটি সম্ভাব্য ব্যাখ্যা রয়েছে: (১) একজন খ্রীষ্টিয়ান অবশ্যই একজন খ্রীষ্টিয়ানকে বিয়ে করবে (২ করি ৬:১৪) বা (২) মহিলাটি অবশ্যই খ্রীষ্টিয়ানের মতই আচরণ করবে যখন সে পুনরায় বিয়ে করবে। প্রায়ই ২ করি ৬:১৪ পদ ব্যবহৃত হয়েছে অপশন নম্বর এক এর প্রমাণ হিসাবে, কিন্তু প্রসঙ্গে এটি সুনির্দিষ্টভাবে এই বিষয়কে উল্লেখ করছে না। যাহোক, নীতির দ্বারা, এটা হতে পারে।

৭:৪০ “কিন্তু আমার মতে. . . আমার মনে হয় যে আমি ঈশ্বরের আত্মাকে পেয়েছি” পৌল আবার তার বার বার বলা মূল বিষয় এবং তার ঐশ্বরীক অনুপ্রেরণার বোধকে পুনরায় ব্যক্ত করছেন (১ করি ৭:১২, ২৫)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেষ্কারী, চূড়ান্ত নয়।

১. ৭ অধ্যায়ের সত্যকে আজকে আমরা কিভাবে প্রয়োগ করতে পারি?
২. ৭ অধ্যায় কতটা সংস্কৃতিক ও কতটা বিশ্বজনিন?
৩. বিবাহ অপেক্ষা কৌমার্য কি পৌলের জন্য উচ্চ আত্মিক মর্যাদা ছিল? যদি তাই হয়, তাহলে কেন?
৪. বাইবেল কি বিবাহ বিচ্ছেদ অনুমোদন করে? যদি তাই হয়, তাহলে বাইবেল কি পুনরায় বিবাহের অনুমতি দেয়? (১ করি ৭:২৮,৩৯)
৫. ১ করি ৭:২৬ পদে পৌলের উল্লেখিত “বর্তমান সংকট” কি ছিল?
৬. ১ করি ৭:২৫ ও ৩৬ পদে “কুমারী” টার্মটি কি ভিন্ন ভাবে ব্যবহৃত হয়েছে?

Copyright © 2013 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

১ করিন্থীয় ৮
(1 CORINTHIANS 8)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
প্রতিমার কাছে খাবার উৎসর্গ	বিবেকের প্রতি স্পর্শ কাতর হও	প্রতিমার কাছে উৎসর্গ খাবার কি একজন খ্রীষ্টিয়ান খেতে পারে?	প্রতিমার কাছে উৎসর্গ করা খাবারের বিষয়ে প্রশ্ন	ভ্রান্ত দেবতাদের কাছে খাবার উৎসর্গ (৮:১-১১:১) সাধারণ নীতি
৮:১-৬	৮:১-১৩	৮:১-৩	৮:১ ৮:২-৩	৮:১-৬
		৮:৪-৬	৮:৪-৬	জ্ঞানের দাবী
৮:৭-১৩		৮:৭-১৩	৮:৭-৮ ৮:৯-১৩	৮:৭-১৩

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

৮:১-১৩ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

ক. আক্ষরিক প্রসঙ্গ এগিয়ে গেছে ৮:১ পদ থেকে ১১:১ পদ পর্যন্ত যেভাবে NJB উপরে রূপরেখা দেখিয়েছে।

খ. আজকের যুগে প্রতিমার কাছে উৎসর্গ খাবার খাওয়ার প্রশ্নটি মনে হয় খুব অদ্ভুত। কিন্তু পৌলের সময়ের প্রসঙ্গ এবং করিন্থের লোকদের কাছে এটা ছিল খুব গুরুত্বপূর্ণ বিষয়। পৌলের সময়ে বেশির ভাগ সামাজিক সমাবেশের ধর্মীয় অন্তর্নিহিত তাৎপর্য ছিল। এছাড়াও, মাংস যা করিন্থের বাজারে বিক্রি করা হতো তার বেশির ভাগ ছিল, এটাই সব নয়, যে কোন একটি পৌত্তলিক মন্দির থেকে আসতো।

গ. ধর্মতত্ত্বগত ভাবে ৮ অধ্যায় রোমীয় ১৪:১-১৫:১৩ পদের সাথে সমান্তরাল। দেখুন বিশেষ বিষয় ১ করি ৬:১২ পদে রোমীয় ১৪:১-১৫:১৩ পদের প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি, যার নোট নেওয়া হয়েছে আমার রোমীয় ১৪:১-১৫:১৩ পদের কমেস্ট্রি থেকে। উভয়ই আলোচনা করেছে জটিল ও কঠিন বিষয় কিভাবে একজন খ্রীষ্টিয়ান তার খ্রীষ্টি স্বাধীনতা ও তার অন্যদের প্রতি ভালবাসার দায়িত্বের সাথে সমতা রাখবে।

Gordon Fee, *To What End Exegesis?*, pp. 105-128, মনে করেন যে এই প্রসঙ্গ কেবল মাত্র প্রতিমার কাছে উৎসর্গ করা খাবার খাওয়ার বিষয়ে উল্লেখ করছে না, কিন্তু প্রকৃত পক্ষে দেবতার মন্দিরে খাওয়াতে যোগদান করা ও অংশগ্রহণ করা বিষয়ে করছে (যার সঙ্গে প্রায়ই জড়িত থাকতো যৌন ক্রিয়াকর্ম, ১ করি ১০:৬-২২)।

ঘ. এই অধ্যায় আরও জোর দিয়েছে যে জ্ঞান, এমনকি প্রত্যাদেশের জ্ঞান, যখন এটি অন্যদের জন্য ভালবাসার সাথে সমতাপূর্ণ না হয়, তখন এটি কেবল আংশিক ভাবে সত্য হয় (১ করি ১৩:১-১৩)।

ঙ. আমি মনে করি James D. G. Dunn, *Unity and Diversity in the New Testament*, p. 319, একটি ভাল সারাংশের মন্তব্য করেছেন।

“তিনি যিহুদী খ্রীষ্টিয়ানেরা খ্রীষ্টিয় স্বাধীনতাকে খর্ব করে আইনসম্মত করছিল তার সমর্থন করেন নাই (গালা ৫:১ পদ থেকে কয়েকটি পদ; ফিলি ৩:২ পদ থেকে কয়েকটি পদ); আবার তিনি পরজাতি খ্রীষ্টিয়ানেরা খ্রীষ্টিয় স্বাধীনতাকে অনুমতি ও অভিজাত করে বিপথগামী করছিল তার পক্ষেও মত দেন নাই (রোমীয় ১৬:১৭ পদ থেকে কয়েকটি পদ; ১ করি ৫-৬; ৮-১০; ২ থিম ৩:৫, ১৪ পদ থেকে কয়েকটি পদ)।”

কারণ পৌলের “সুসমাচার সবার জন্য,” ছিল নির্দেশনার নীতি! এটি ১ করি ৯:১৯-২৩ পদে তার নিজের কথার একটি শক্তিশালী প্রকাশ!

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি স্থায়ী ৮:১-৩

^১ এবার প্রতিমার কাছে উৎসর্গ করা খাবারের বিষয়, আমরা জানি যে আমাদের সকলের জ্ঞান আছে। জ্ঞান অহংকারী করে, কিন্তু ভালবাসা গড়ে তোলে। ^২ যদি কেউ মনে করে যে সে কিছু জানে, সে যেভাবে জানা উচিত সেভাবে এখনও জানে না; ^৩ কিন্তু যদি কেউ ঈশ্বরকে ভালবাসে, সে তাঁর জানা লোক। (অনুবাদকৃত টেক্সট)।

৮:১ “এবার প্রতিমার কাছে উৎসর্গ করা বিষয়” এটি আর একটি প্রশ্ন (১ করি ৭:১,২৫; ৮:১; ১২:১; ১৬:১,১২) যেটি করি স্থায়ী মন্ডলীর নেতারা পৌলের কাছে লেখা চিঠিতে জিজ্ঞাসা করেছিল, যে চিঠিটি স্ত্রিফান, ফর্ভুনাত, এবং আখায়িক নিয়ে এসেছিলেন (১ করি ১৬:১৭)।

NASB “প্রতিমার কাছে উৎসর্গ করা বিষয়”

NKJV “প্রতিমার কাছে অর্পণ করা বিষয়”

NRSV “প্রতিমার কাছে উৎসর্গ করা খাবার”

TEV “প্রতিমার কাছে অর্পণ করা খাবার”

NJB “খাবার যা ভ্রাতা দেবতাদের কাছে সমর্পণ করা হয়েছে”

এটি একটি সমন্বিত টার্ম *eidōlon* থেকে, যার অর্থ একটি আকৃতি, আকার, প্রতিরূপ, বা মূর্তি; এবং *thuō*, যার অর্থ হত্যা করা বা উৎসর্গ অর্পণ করা। এই একই টার্ম ব্যবহৃত হয়েছে প্রেরিত ১৫:২৯ পদে পরজাতিয় মণ্ডলীগুলির প্রতি যিরুশালেমের মন্ডলী থেকে পাঠান চিঠিতে প্রতিমার কাছে উৎসর্গ করা মাংস খেতে নিষেধ করে (প্রেরিত ২১:২৫)।

■ “আমরা জানি যে আমাদের সকলের জ্ঞান আছে” সম্ভবত এটি হল

১. একটি উদ্ধৃতি পৌলের কাছে লেখা করি স্থায়ী মণ্ডলীর চিঠি থেকে
২. একটি শ্লোগান বিভক্ত কোন একটি দলের
৩. একটি উদ্ধৃতি পৌলের আগের প্রচার থেকে, যেটি করি স্থায়ী মণ্ডলী ভুল বুঝেছিল

■ “জ্ঞান অহংকারী করে, কিন্তু ভালবাসা গড়ে তোলে” পৌল করি স্থায়ী মণ্ডলীর চিঠির মন্তব্যের সাথে একমত, কিন্তু ধারণাটির সীমারেখা করেছেন এবং দেখিয়েছেন সেগুলির সত্যিকার অর্থ এবং প্রয়োগ (এটি আরও সত্য ৬-৭ অধ্যায়ের ভ্রাতা শিক্ষকদের শ্লোগানে)।

জ্ঞান ছিল গ্রীক সংস্কৃতির একটি দিক যাতে করি স্থায়ী মণ্ডলীর কিছু কিছু লোক নিজেদের গর্বিত মনে করতো। জ্ঞানের সমস্যা হল যে এর প্রবণতা হল একজনকে প্রতিযোগিতামূলক ও গর্বিত করে তোলে (১ করি ৪:৬, ১৮, ১৯; ৫:২; ৮:১; ১৩:৪; ২ করি ১২:২০)। সম্পূর্ণ নোট দেখুন ১ করি ৪:৬ পদে। এটি ব্যক্তির উপরে দৃষ্টি রাখে, পরিবারের উপরে নয়, দেহরূপ মণ্ডলী।

টার্ম “গড়ে তোলে” হল একটি দালাল গাঁথার রূপক। পৌল প্রায়ই মণ্ডলী বা প্রতিটি খ্রীষ্টিয়ানকে “গেঁথে তোলা” বা “গড়ে তোলা” এর কথা বলতেন (রোমীয় ১৪:১৯; ১৫:২; ১ করি ৮:১; ১০:২৩; ১৪:৩, ৫, ১২, ২৬; ২ করি ১০:৮; ১২:১৯; ১৩:১০; ইফি ৪:১২, ২৯; ১ থিম ৫:১১)।

ভালবাসা খ্রীষ্টিয় স্বাধীনতায় অত্যন্ত গুরুত্বপূর্ণ। জ্ঞান গর্বের কোন সমস্যার সমাধান করে না; কেবলমাত্র আত্ম-সীমাবদ্ধ ভালবাসা তা করতে পারে। বিশ্বাসীদের তার পিছনে ধাবন করতে হবে যা তাদের মণ্ডলীতে গেঁথে তুলবে, সেটি নয় যেটি একজন খ্রীষ্টিয়ানের সহজাত গুণকে গৌরবান্বিত করে।

বিশেষ বিষয়: উৎকর্ষ সাধন

(SPECIAL TOPIC: EDIFY)

এই টার্ম *oikodomeō* এবং এর অন্য রূপ প্রায়ই পৌলের দ্বারা ব্যবহার করা হয়েছে। আক্ষরিক ভাবে এর অর্থ “একটি বাড়ি তৈরী করা” (মথি ৭:২৪), কিন্তু এটি রূপকভাবে ব্যবহৃত হয়েছে যার জন্য:

১. খ্রীষ্টের দেহ, মন্ডলী, ১ করি ৩:৯; ইফি ২:২১; ৪:১৬
২. গড়ে তোলা
 - ক. দুর্বল ভাইদের, রোমীয় ১৫:১
 - খ. প্রতিবাসীদের, রোমীয় ১৫:২
 - গ. একজন অন্যকে, ইফি ৪:২৯; ১ থিষ ৫:১১
 - ঘ. পরিচর্যার জন্য পবিত্রজনদের, ইফি ৪:১১
৩. আমরা গড়ে তুলি বা উৎকর্ষ সাধন করি যার দ্বারা
 - ক. ভালবাসায়, ১ করি ৮:১; ইফি ৪:১৬
 - খ. ব্যক্তিগত স্বাধীনতা সীমিত করে, ১ করি ১০:২৩-২৪
 - গ. অনুমান এড়িয়ে যেয়ে, ১ তীম ১:৪
 - ঘ. আরাধনায় বক্তাদের সীমাবদ্ধ করে (গায়ক, শিক্ষক, ভাববাদী, পরভাষার বক্তা, এবং ব্যাখ্যাকারী), ১ করি ১৪:৩-৪, ১২
৪. সকল বিষয়ের উৎকর্ষ সাধন করা উচিত
 - ক. পৌলের কর্তৃত্ব, ২ করি ১০:৮; ১২:১৯; ১৩:১০
 - খ. রোমীয় ১৪:১৯ এবং ১ করি ১৪:২৬ পদের সারাংশের মন্তব্য

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

৮:২ “যদি” এটি একটি, যেটি সত্য বলে ধরে নেয় লেখকের দিক থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্যের দিক থেকে (১ করি ৮:৩,৫)।

■ “যদি কেউ মনে করে যে সে কিছু জানে” এটি একটি perfect active indicative অনুসরণ করেছে perfect infinitive। এটি প্রতিফলিত করে করিহীন মণ্ডলীর মিমাম্বসিত উদ্ধৃত্য (১ করি ৩:১৮)।

NASB “সে যেভাবে জানা উচিত সেভাবে এখনও জানে না”

NKJV “সে কিছুই জানে না যেভাবে তার জানা উচিত”

NRSV “এখনও প্রয়োজনীয় জ্ঞান লাভ করে নাই”

TEV “বাস্তবিক জান না যেভাবে তাদের জানা উচিত”

NJB “আর এখনও সেভাবে জানে না যেভাবে তার জানা উচিত”

পৌল প্রকাশ করেছেন তাদের আত্মিক জ্ঞানের অভাবের কথা। জাগতিক জ্ঞান (অর্থাৎ, মানবিক দর্শন) বিভেদ ও উদ্ধৃত্যের কারণ হয়, কিন্তু আমাদের ঈশ্বরীয় জ্ঞান (১ করি ১৩:১২; গালা ৪:৯) এবং আমাদের সুসমাচারের জ্ঞান আমাদেরকে মুক্ত করে তাঁকে ও তাঁর লোকদের সেবা করার জন্য।

৮:৩ “কিন্তু যদি কেউ ঈশ্বরকে ভালবাসে” এটি একটি first class conditional sentence। করিহ্নে তারা ছিল যারা ঈশ্বরকে ভালবাসতো। লক্ষ্য করণ পৌলের ভালবাসার প্রতি জোর দান (অর্থাৎ, present active indicative), জ্ঞানের উপরে নয় (১ করি ১৩:১-১৩)।

■ “সে তাঁর জানা লোক” এটি হতে পারে তাদের শ্লোগানের আর একটি উদাহরণ যারা দাবী করেছে যে তারা অধিকতর আলোকিত ও আত্মিক। এটি পরবর্তী কালের Gnostic শব্দগুচ্ছের মত একই রকমের যেটি পাওয়া যায় *Gospel of Truth* 19.33 এ। সত্যিকারের আলোকিত ব্যক্তি জানে যে মানুষের মধ্যে কোন বিভেদ নেই, এদের মধ্যেও নেই

১. যীশু – পরজাতি
২. ক্রীতদাস – মুক্ত
৩. পুরুষ – মহিলা
৪. সবল – দুর্বল

সকল বাধা খ্রীষ্টে “পদানত!”

আমাদের ঈশ্বরীয় জ্ঞান গুরুত্বপূর্ণ, কিন্তু ঈশ্বর সম্বন্ধে জ্ঞান উপযুক্ত নয় ব্যক্তিগত সম্পর্কের জন্য, ঈশ্বর দ্বারা সূচিত, যার বিষয় হল আমাদের একজনের অন্যের প্রতি ভালবাসা যেটি প্রকাশ করে তাঁর জন্য আমাদের ভালবাসা (গালা ৪:৬; ২ তীম ২:১৯; ১ যোহন ৪:১৯)।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিহ্নীয় ৮:৪-৬

^৪ সেজন্য এবার প্রতিমার কাছে উৎসর্গ করা খাবার খাওয়ার বিষয়ে, আমরা জানি যে প্রতিমা জগতে কিছুই নয়, এবং ঈশ্বর এক ছাড়া দ্বিতীয় নেই।^৫

কারণ কি স্বর্গে কি পৃথিবীতে দেব-দেবী বলে যদি কিছু থাকে, বাস্তবিক অনেক দেব-দেবী এবং অনেক প্রভুও আছে, তবুও আমাদের জন্য একজনই মাত্র ঈশ্বর, পিতা, তাঁরই কাছ থেকে সব কিছু এসেছে আর তাঁরই জন্য আমরা বেঁচে আছি; আর একমাত্র প্রভু, যীশু খ্রীষ্ট, তাঁর মধ্য দিয়ে সব কিছু এসেছে, এবং তাঁরই মধ্য দিয়ে আমরা বেঁচে আছি। (অনুবাদকৃত টেক্সট)।

৮:৪ “আমরা জানি যে প্রতিমা জগতে কিছুই নয়” এই পদগুলিতে শব্দ কৌশলের অন্তর্নিহিত তাৎপর্য রয়েছে ব্যক্তিগত সম্পর্ক হিসাবে “জানা” এর ইব্রীয় ধারণা (১ করি ৮:৩; আদি ৪:১; যির ১:৫) এবং কোন কিছু বা কারও সত্য সম্বন্ধে “জানা” এর গ্রীক অন্তর্নিহিত তাৎপর্যের মধ্যে (১ করি ৮:১,২,৪)।

পুরাতন নিয়মে প্রতিমা ছিল “শূন্য” বা “নিষ্ফল।” সেগুলি মোটকথা দেবতা নয় (২ বংশ ১৩:৯; যিশা ৩৭:১৯; ৪১:২৯; যির ২:১১; প্রেরিত ১৪:১৫; গালা ৪:৮)। পৌল, পরবর্তিতে ১ করিঞ্জীয়তে, জোর দিয়ে বলেছেন যে মন্দ আত্মা লোকদের কুসংস্কার এবং প্রতিমাপূজা ব্যবহার করে (১ করি ১০:২০), কিন্তু প্রতিমার কোন বাস্তবতা নেই!

■ “ঈশ্বর এক ছাড়া দ্বিতীয় নেই” এটি হল এক ঈশ্বরবাদের ধর্মতাত্ত্বিক নিশ্চয়তা (১ তীম ২:৫-৬)। বাইবেলের প্রত্যাদেশ অনুসারে একজন মাত্র সত্যময় ঈশ্বর আছেন (১ করি ৮:৬; দ্বি বি ৪:৩৫,৩৯; গীত ৮৬:৮,১০)। প্রায়ই পুরাতন নিয়ম বলেছে অন্য “*elohim*” (অর্থাৎ, আত্মিক সত্তা), কিন্তু কেউই YHWH (যাত্রা ১৫:১১; গীত ৮৬:৮; ৮৯:৬) এর মত (অর্থাৎ, এই রকম শ্রেণীর, যাত্রা ২০:২-৩; দ্বি বি ৩২-৩৯) নয়। দ্বি বি ৬:৪ পদের যিহুদী প্রার্থনাকে বলা হয় *Shema*, এটা হল যিহুদী নিশ্চয়তা যা প্রতিদিন উল্লেখ করা হতো এবং প্রতিটি আরাধনা অনুষ্ঠানে জোর দিয়ে বলা হতো YHWH এর অদ্বিতীয়তা এবং একত্ব (মার্ক ১২:২৮-২৯)।

বিশেষ বিষয়: এক ঈশ্বরবাদ

(SPECIAL TOPIC: MONOTHEISM)

মানবজাতি সবসময় অনুভব করেছে প্রত্যক্ষ কিছুর চেয়েও বাস্তবে অনেক কিছু আছে (অর্থাৎ, প্রভাবিত হয়েছে তাদের নিয়ন্ত্রণের বাইরের বিষয় দ্বারা, যেমন ঝড়, সৌর গ্রহণ, comets, আবহাওয়া, ঘটনা, মৃত্যু, ইত্যাদি)। নৃতত্ত্ববিদেরা আমাদের বলছেন তারা আদিম hominoids এর কবর পেয়েছেন যেটি দৃশ্যত পরবর্তী জীবনের জন্য, যেটিকে তারা দেখতেন এই জীবনের একটি বিস্তৃতি হিসাবে।

প্রথম লিখিত সংস্কৃতি ছিল Sumer (দক্ষিণ টাইগ্রিস, ইউফ্রেটিস নদী), শুরু হয়েছিল প্রায় ১০,০০০-৮,০০০ খ্রীষ্ট পূর্বে। তারা কবিতা লিখেছিল তাদের দেবতাদের প্রতি দৃষ্টিভঙ্গি ও কথোপকথন প্রকাশ করতে। আবার, মানুষের মতই ছিল তাদের সকল দুর্বলতাগুলি। তাদের ঐতিহ্যর স্তম্ভ ছিল মৌখিকরূপে তাদের লিখে রাখবার অনেক আগে থেকে।

একটি ধর্মতত্ত্বগত বিকশিত হয়েছে

১. animism এর থেকে
২. polytheism এর থেকে
৩. একজন মহান দেবতা (বা দ্বৈতবাদ)

“এক ঈশ্বরবাদ” এর ধারণাটি (একজন এবং শুধু মাত্র একজন ব্যক্তিগত, নৈতিক ঈশ্বর কোন নারী সঙ্গিনী ছাড়া), কেবল বহুগামীবাদের “প্রধান দেবতা” বা Iranian দ্বৈতবাদের ভাল দেবতা (Zoroastrianism) নন, যা ইশ্রায়েলের কাছে অদ্বিতীয় ছিল (আব্রাহাম এবং ইয়োব, ২০০০ খ্রীষ্ট পূর্ব)। কেবলমাত্র একটি বিরল ব্যতিক্রম সংক্ষেপে মিশরে (Amenhotep IV, আরো পরিচিত Akhenaten হিসেবে, ১৩৬৭-১৩৫০ বা ১৩৮৬-১৩৬১ খ্রীষ্ট পূর্বে, যারা উপাসনা করতো সূর্য দেবতা Aten এর, একমাত্র দেবতা হিসাবে) দেখুন J. Assmann, *The Mind of Egypt*, pp. 216-217।

ধারণাটি প্রকাশ করা হয়েছে পুরাতন নিয়মে বেশ কয়েকটি শব্দগুচ্ছে।

১. “কেউই YHWH আমাদের Elohim মত নেই,” যাত্রা ৮:১০; ৯:১৪; দ্বি বি ৩৩:২৬; ১ রাজা ৮:২৩
২. “তাঁর পাশে আর কেউ নেই,” দ্বি বি ৪:৩৫,৩৯; ৩২:৩৯; ১ শমূ ২:২; ২ শমূ ২২:৩২; যিশা ৪৫:২১; ৪৪:৬,৮; ৪৫:৬,২১
৩. “YHWH হলেন একমাত্র,” দ্বি বি ৬:৪; রোমীয় ৩:৩০; ১ করি ৮:৪,৬; ১ তীম ২:৫; যাকোব ২:১৯
৪. “তোমার মত কেউ নেই,” ২ শমূ ৭:২২; যির ১০:৬
৫. “তুমি একমাত্র ঈশ্বর,” গীত ৮৬:১০; যিশা ৩৭:১৬
৬. “আমার সামনে আর কোন ঈশ্বর নেই, এবং আমার পরে আর কেউ হবে না,” যিশা ৪৩:১০
৭. “আর অন্য কেউ নেই; আমি ছাড়া... আর অন্য কেউ নেই,” যিশা ৪৫:৫,৬,২২
৮. “তিনি সকল বস্তুর উৎস,” যিশা ৪৫:৭ (আমোষ ৩:৬)
৯. “আর কেউ নেই, অন্য কোন ঈশ্বর নেই,” যিশা ৪৫:১৪,১৮
১০. “আমি ছাড়া আর কেউ নেই,” যিশা ৪৫:২১
১১. “অন্য কেউ নেই; ... আমার মত আর কেউ নেই,” যিশা ৪৬:৯

এটা অবশ্যই স্বীকার করতে হবে যে এই গুরুত্বপূর্ণ মতবাদটির প্রকাশিত হয়েছে অগ্রসরমান উপায়ে। প্রাথমিক বিবৃতিগুলো বোঝা যেতে পারে “henotheism” বা ব্যবহারিক এক ঈশ্বরবাদ হিসাবে (অন্য দেবতা আছে, অর্থাৎ, যিহো ২৪:১৫; ১ রাজা ১৮:২১), কিন্তু আমাদের জন্য কেবল মাত্র

একজনই ঈশ্বর (যাত্রা ১৫:১১; ২০:২-৫; দ্বি বি ৫:৭; ৬:৪,১৪; ১০:১৭; ৩২:১২; ১ রাজা ৮:২৩; গীত ৮৩:১৮; ৮৬:৮; ১৩৬:১-৯) ।

প্রথম টেক্সট যেটি চিহ্নিত করতে শুরু করে singularity (দর্শনগত এক ঈশ্বরবাদ) হল প্রাথমিক (যাত্রা ৮:১০; ৯:১৪; ২০:২-৩; দ্বি বি ৪:৩৫,৩৯; ৩৩:২৬) । পূর্ণ এবং সম্পূর্ণ দাবিটি পাওয়া যায় যিশাইয় ৪৩-৪৬ অধ্যায়ে (৪৩:১০-১১; ৪৪:৬,৮; ৪৫:৭,১৪,১৮,২২; ৪৬:৫,৯) ।

পুরাতন নিয়ম জাতিদের দেবতাদের অবমূল্যায়ন করে যেভাবে

১. মানব সৃষ্টি - দ্বি বি ৪:২৮; ২ রাজা ১৯:১৮; গীত ১১৫:৪-৮; ১৩৫:১৫-১৮; যিশা ২:৮; ১৭:৮; ৩৭:১৯; ৪০:১৯; ৪১:৭,২৪,২৯, ৪৪:১০,১২; ৪৬:৬-৭; যির ১০:৩-৫; প্রকা ৯:১০
২. শয়তান - দ্বি বি ৩২:১৭; গীত ১০৬:৩৭; যিশা ৮:১৯; ১৯:৩; ১ করি ১০:২০; প্রকা ৯:২০
৩. অহংকার, শূণ্য - দ্বি বি ৩২:২১; ২ রাজা ১৭:১৫; গীত ৩১:৬; যিশা ২:১৮; ৪১:২৯; যির ২:৫; ১০:৮; ১৪:২২; যির ২:৫; ৮:১৯
৪. কোন দেবতা নেই - দ্বি বি ৩১:২১; ২ বংশ ১৩:৯; যিশা ৩৭:১৯; যির ২:১১; ৫:৭; ১ করি ৮:৪-৫; ১০:২০; প্রকা ৯:২০

নতুন নিয়ম পরোক্ষ ইঙ্গিত করেছে দ্বি বি ৬:৪ পদ রোমীয় ৩:৩০; ১ করি ৮:৪,৬; ইফি ৪:৬; ১ তীম ২:৫; এবং যাকোব ২:১৯ পদে । যীশু উদ্ধৃত করেছেন একে প্রথম আঙ্গা হিসেবে মথি ২২:৩৬-৩৭; মার্ক ১২:২৯-৩০; লূক ১০:২৭ পদে । পুরাতন নিয়ম, সেই সাথে নতুন নিয়ম, জোর দিয়ে বলেছে অন্য আত্মিক স্বভাব বাস্তবতা (মন্দ আত্মা, স্বর্গদূত), কিন্তু শুধু একজন সৃষ্টিকর্তা/মুক্তিদাতা ঈশ্বর (YHWH, আদি ১:১) ।

বাইবেল ভিত্তিক এক ঈশ্বরবাদ বৈশিষ্ট্যময় করা হয়েছে

১. ঈশ্বর হলেন একজন এবং অদ্বিতীয় (ontology হল অনুমিত, সুনির্দিষ্ট নয়)
২. ঈশ্বর হলেন ব্যক্তিগত (আদি ১:২৬-২৭; ৩:৮)
৩. ঈশ্বর হলেন নৈতিক (যাত্রা ৩৪:৬; নহমিয় ৯:১৭; গীত ১০৩:৮-১০)
৪. ঈশ্বর মানুষকে সৃষ্টি করেছেন তাঁর প্রতিমূর্তিতে (আদি ১:২৬-২৭) সহভাগিতা জন্য (অর্থাৎ, #২) । তিনি একজন ঈর্ষা পরায়ণ ঈশ্বর (যাত্রা ২০:৫-৬)

নতুন নিয়ম থেকে

১. ঈশ্বরের তিনটি অনন্ত কালীন, ব্যক্তিগত manifestations আছে (দেখুন বিশেষ বিষয়: ত্রিত্ব)
২. ঈশ্বর নিখুঁত এবং সম্পূর্ণভাবে প্রকাশিত হয়েছেন যীশুতে (যোহন ১:১-১৪; কলসীয় ১:১৫-১৯; ইব্রীয় ১:২-৩)
৩. ঈশ্বরের অনন্ত কালীন পরিকল্পনা পতিত মানব জাতির মুক্তির জন্য তার একমাত্র পুত্রের উৎসর্গীকৃত বলিদান (যিশাইয় ৫৩; মার্ক ১০:৪৫; ২ করি ৫:২১; ফিলি ২:৬-১১; ইব্রীয়)

Copyright © 2014 Bible Lessons International

৮:৬ “তবুও আমাদের জন্য একজনই মাত্র ঈশ্বর” এটি হল এক ঈশ্বরবাদের ধর্মতাত্ত্বিক নিশ্চয়তা । ১ করি ৮:৪ পদের নোট দেখুন ।

ধর্মীয় ইতিহাসে ঈশ্বর সম্বন্ধে বেশ কতগুলি প্রকারের বিশ্বাস রয়েছে ।

১. চৈতন্যবাদ, আত্মিক সত্ত্বা প্রাকৃতিক প্রক্রিয়ার বা বিষয়ের সাথে সম্পর্কিত
২. বহু ঈশ্বরবাদ, অনেক দেব-দেবতার অস্তিত্ব
৩. Henotheism, অনেক দেব দেবতা, কিন্তু আমাদের জন্য কেবল একজন মাত্র দেবতা (অর্থাৎ, বংশ, জাতি, ভৌগলিক অঞ্চল)
৪. এক ঈশ্বরবাদ, একজন মাত্র ঈশ্বরের অস্তিত্ব (pantheon এর কোন সর্বোচ্চ ঈশ্বর নয়)

এই টেক্সট জোর দিচ্ছে অনেক আত্মিক সত্ত্বার অস্তিত্বে (১ করি ৮:৫), কিন্তু একজনই মাত্র সত্যময় ঈশ্বর (১ করি ৮:৪, দেখুন বিশেষ বিষয়: এক ঈশ্বরবাদ, পৃ..১৫৬, (SPECIAL TOPIC: MONOTHEISM, See page 156) ১ করি ৮:৪ পদে) । তাদের জন্য যারা যিহুদী-খ্রীষ্টিয়ান ঐতিহ্যের একজনই মাত্র সৃষ্টিকর্তা/পরিব্রাতা ঈশ্বর যিনি তিনটি আত্মিক অনন্তকালীন ব্যক্তিতে অস্তিত্ব ধারণ করেন । দেখুন বিশেষ বিষয় ১ করি ২:১০ পদে ।

■ “পিতা” এটি একটি চমৎকার ঘনিষ্ঠতা, ব্যক্তিগত, পারিবারিক উপাধি ঈশ্বরের জন্য । এটি জোর দেয় ঈশ্বরের নৈকট্যতা । ঈশ্বরের এই দিক কেবল জানা যেতে পারে তাঁর আত্ম-প্রকাশে, মানবিক দর্শন বা আবিষ্কারে নয় ।

এছাড়াও এই পারিবারিক উপাধি দেখা যায় পুরাতন নিয়মে খুব বিক্ষিপ্তভাবে (দ্বি বি ৩২:৫-৬; যিশা ৬৩:১৬; ৬৪:৮; যির ৩১:৯,২০; হোশেয় ১১:৩-৪; মালাখি ১:৬; ২:১০), ইনি ছিলেন পুত্র যীশু, যিনি পরিপূর্ণ ভাবে প্রকাশিত এই বিশ্বাসের, ঘনিষ্ঠ, রূপকগত উপমাতে (“আমাদের পিতা,” মথি ৬:৯; ২৩:৯; ইফি ৪:৬; Abba, মার্ক ১৪:৩৬) । দেখুন বিশেষ বিষয় ১ করি ১:৩ পদে) ।

■ “তঁরই কাছ থেকে সব কিছু এসেছে” এটি হল সৃষ্টিকর্তা হিসাবে ঈশ্বরের নিশ্চয়তা (১ করি ১১:১২; রোমীয় ১১:৩৬; ২ করি ৫:১৮; কল ১:১৬; ইব্রীয় ২:১০) । দেখুন বিশেষ বিষয়: প্রথমজাত, পৃ..১৬২; (SPECIAL TOPIC: FIRSTBORN, See page 162) ১ করি ১৫:২০ প

■ “আর তঁরই জন্য আমরা বেঁচে আছি” ঈশ্বর পৃথিবীকে একটি মঞ্চ হিসাবে তৈরী করলেন যেখানে মানুষের সাথে তিনি সহভাগিতা রক্ষা করতে পারবেন । একবার যখন মানুষের বিদ্রোহের (আদি ৩) ফলাফলকে আমাদের পরিব্রাণে জয় করা হয় এবং খ্রীষ্টের মাধ্যমে পনরুদ্ধার হয়, তখন অমরতা বুঝতে পারি

করণীয় উদ্দেশ্য বুঝতে পারি। একবার যখন মানুষের মাঝে ঈশ্বরের প্রতিমূর্তি পুনরুদ্ধার হয় খ্রীষ্টের মধ্য দিয়ে তারপর এদোনের ঘনিষ্ঠ, ব্যক্তিগত সহভাগিতা পুনঃস্থাপিত হয়।

▣ “একমাত্র প্রভু, যীশু খ্রীষ্ট” উপাধি “প্রভু” প্রতিফলিত করে YHWH এর পুরাতন নিয়মের অনুবাদ, যেটি হল ইব্রীয় verb "to be" (যাত্রা ৩:১৪, দেখুন বিশেষ বিষয় ১ করি ২:৮ পদে)। যিহূদীরা এই পবিত্র নামকে উচ্চারণ করতে ভয় পেত পাছে তারা বিনা কারণে নামটি নিয়ে ফেলে, সেজন্য, তারা বিকল্প ইব্রীয় টার্ম *Adon* বা প্রভু ব্যবহার করতো।

যীশুকে প্রভু বলে ডাকা (অর্থাৎ, গ্রীক *kurios* হল ইব্রীয় *Adon* এর সমার্থক) হল তাঁর ঈশ্বরত্ব ও YHWH এর সাথে একত্বের নিশ্চয়তা প্রকাশের একটি উপায় (ফিলি ২:১১)। একত্বের ধারণাও তাৎপর্যপূর্ণ (ইফি ৪:৫; ১ তীম ২:৫)।

যদিও পৌল এই প্রসঙ্গে যীশুর জন্য *Theos* (অর্থাৎ, ঈশ্বর) ব্যবহার করেন নাই, তিনি যীশুর জন্য এটি ব্যবহার করেছেন প্রেরিত ২০:২৮; রোমীয় ৯:৫; এবং তীত ২:১৩ পদে এবং *Theotētus* কল ২:৯ পদে। কোন সন্দেহ হতে পারে না যে পৌলের মনে যীশু হলেন ঈশ্বরীক। পৌল দৃঢ় এক ঈশ্বরবাদী ছিলেন। তিনি কখনো বিচার করেন নাই কিভাবে এক ঈশ্বর তিনটি ব্যক্তিগত প্রকাশে অনন্তকালীন অস্তিত্ব ধারণ করতে পারেন, কিন্তু সেটাই হল সুস্পষ্ট সার সংক্ষেপ। দেখুন বিশেষ বিষয়:ত্রিত্ব, পৃ..৭৬, (SPECIAL TOPIC: THE TRINITY, See page 76) ১ করি ২:১০ পদে।

▣ “তাঁর মধ্য দিয়ে সব কিছু এসেছে, এবং তাঁরই মধ্য দিয়ে আমরা বেঁচে আছি” যীশু সৃষ্টিতে পিতার প্রতিনিধি ছিলেন (যোহন ১:৩; কল ১:১৬; ইব্রীয় ১:২)। এটি ছিল হিতোপদেশ ৮:২২-৩১ পদের ব্যক্তিরূপ দেওয়া প্রজ্ঞার ভূমিকা। ইব্রীয়তে প্রজ্ঞা *feminine* (হিতো ৮:১-২১) কারণ noun “প্রজ্ঞা” (BDB 315) হল *feminine gender noun*। এই প্যাসেজে আমরা চাপ দেখি এক ঈশ্বরবাদে আমাদের নিশ্চয়তা এবং নূতন নিয়মে ত্রিত্বের প্রকাশের মধ্যে। দেখুন বিশেষ বিষয় ১ করি ২:১০ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি স্থায়ী ৮:৭-১৩

^১ যাহোক এই সব জ্ঞান কিন্তু সকলের নেই; কিন্তু কিছু লোক, প্রতিমা পূজার অভ্যাস ছিল বলে, প্রতিমার কাছে উৎসর্গ করা খাবার এখনও পর্যন্ত সেই হিসাবেই খেয়ে থাকে; এবং তাদের বিবেক দুর্বল বলে কলুষিত হয়। ^২ কিন্তু খাবার আমাদের ঈশ্বরের প্রসংশিত করাবে না; আমরা যদি না খাই তবে আমাদের কোন ক্ষতিও হয় না, আর যদি খাই তবে আমাদের কোন লাভও হয় না। ^৩ কিন্তু সাবধান যেন তোমাদের এই স্বাধীনতা কোন ভাবে যারা দুর্বল তাদের বাধাজনক না হয়। ^৪ কারণ তোমার জ্ঞান আছে, যদি কেউ তোমাকে দেবতার মন্দিরে বসে খেতে দেখে, তবে সে দুর্বল বলে, তার বিবেক কি প্রতিমার কাছে উৎসর্গ করা খাবার খেতে উৎসাহ পাবে না? ^৫ কারণ তোমার জ্ঞানের মধ্য দিয়ে সেই দুর্বল লোক বিনষ্ট হয়, সেই ভাই যার জন্য খ্রীষ্ট মরেছিলেন। ^৬ আর এইভাবে, ভাইদের বিরুদ্ধে পাপ করলে ও তাদের দুর্বল বিবেকে আঘাত করলে, তোমরা খ্রীষ্টের বিরুদ্ধেই পাপ কর। ^৭ সেজন্য, যদি খাবারের কারণে আমার ভাই বাধা পায়, আমি আর কখনও মাংস খাব না, এই জন্য যে আমার ভাইয়ের বাধার কারণে আমি হব না। (অনুবাদকৃত টেক্সট)।

৮:৭ “যাহোক এই সব জ্ঞান কিন্তু সকলের নেই” প্রসঙ্গে এটি উল্লেখ করছে “দুর্বল” ও “সবল” খ্রীষ্টিয়ানদের (রোমীয় ১৪:১,২,১৪,২২-২৩; ১৫:১)। এই প্রসঙ্গে “দুর্বল” উল্লেখ করছে লোকের অতিতের কুসংস্কার বা আইনগত সংযুক্তি, ধর্মভঙ্গিত হওয়ার আগের জীবন। এটি একটি ব্যাপ্যকৃত ভাবে ১ করি ৮:১ পদ এবং করি স্থায়ী মণ্ডলীর নিশ্চিত কিছু বিভক্ত দলের ও তাদের প্রজ্ঞা ও জ্ঞানের উপরে গুরুত্ব দানের বিষয়ে এক ঝলক ফিরে দেখা (১ করি ৮:১১)।

▣ “এবং তাদের বিবেক দুর্বল বলে কলুষিত হয়” বিশ্বাসীরা অবশ্যই বিশ্বাসে কাজ করতে হবে সেই আলোতে যা আমরা লাভ করেছি (রোমীয় ১৪:২৩), এমনকি যখন এই জ্ঞান ভ্রমাত্মক বা আত্মিক ভাবে ছেলেমানুষি। বিশ্বাসী কেবল তারা যা বিশ্বাস করে তার জন্য দায়ি।

পৌল প্রায়ই “বিবেক” টার্ম ব্যবহার করেছেন করি স্থায়ী চিঠিতে (১ করি ৪:৪; ৮:৭,১০,১২; ১০:২৫,২৭,২৮,২৯; ২ করি ১:১২; ৪:২; ৫:১১)। এটি সেই অভ্যন্তরীণ নৈতিক চেতনা কোনটি উপযুক্ত বা অনুপযুক্ত তাকে উল্লেখ করে (প্রেরিত ২৩:১)। বিবেক প্রভাবিত হতে পারে আমাদের অতিতের জীবন দ্বারা, আমাদের দুর্বল মনোনিয়ন দ্বারা, বা ঈশ্বরের আত্মা দ্বারা। এটি একেবারে নিখুঁত নির্দেশনা নয়, কিন্তু এটি স্থির করে ব্যক্তিগত বিশ্বাসের সীমানা। সেজন্য, আমাদের বিবেককে লংঘন করা, এমনকি যদি এটি ভুলে বা দুর্বলতায় হয়, এটি বিশ্বাসের একটি বিরাট সমস্যা।

বিশ্বাসীদের বিবেক ঈশ্বরের বাক্য ও ঈশ্বরের আত্মা দ্বারা অধিকতর ভাবে গঠিত হওয়া প্রয়োজন (১ তীম ৩:৯)। বিশ্বাসীরা যে আলো পেয়েছে সেই অনুসারে ঈশ্বর তাদের বিচার করবেন (অর্থাৎ, দুর্বল বা সবল), কিন্তু আমাদের সকলের প্রয়োজন আলো আলোর জন্য বাইবেল ও আত্মার কাছে উন্মুক্ত হওয়া প্রয়োজন যেন প্রভু যীশু খ্রীষ্টের জ্ঞানে বৃদ্ধি লাভ হয়। দেখুন সম্পূর্ণ লোক “বিবেক” এর উপরে ১ করি ১০:২৫ পদে। দেখুন বিশেষ বিষয়:দুর্বলতা, পৃ..৪০৬, (SPECIAL TOPIC: WEAKNESS, See page 406) ২ করি ১২:৯ পদে।

▣ “কলুষিত” এই টার্ম মূলত উল্লেখ করছে অশুচি পোষাক (সখ ৩:৩-৪; যিহূদা ২৩; প্রকা ৩:৪)। এটি ব্যবহৃত হয়েছে রূপকভাবে নৈতিক কলুষতার জন্য (প্রকা ১৪:৪)।

এটি বিশ্বাসকর যে এই টার্মটি বেছে নেওয়া হয়েছে বর্ণনা করতে যে দুর্বল বিশ্বাসীরা যারা তাদের বিশ্বাসের সীমা লংঘন করেছে তাদের প্রতি কি ঘটেছে। প্রতিটি পরিস্থিতিতে ঈশ্বর অন্তর দেখেন। আমাদের বিশ্বাসের উপলব্ধি ভঙ্গ, এমনকি যদি দুর্বল বা অনুপযুক্ত হয়, একটি গুরুতর বিশ্বাস ভঙ্গ।

৮:৮ “কিন্তু খাবার আমাদের ঈশ্বরের প্রসংশিত করাবে না” এটি দেখায় ভ্রান্ত ধর্মতত্ত্ব, তারারউভয়ে যারা নিশ্চিত করে সন্ন্যাসবাদ, বা যিহূদী বৈধতাকে, সেই সাথে তারা যারা নিশ্চিত করে মৌলিক স্বাধীনতা। কখনও না খাওয়া বা না খাওয়া আমাদের ঈশ্বরের কাছে গ্রহণযোগ্য করে উপস্থাপন করে (রোমীয় ১৪:১৪,২৩; মার্ক ৭:১৮-২৩)। ঈশ্বরের জন্য ভালবাসা প্রকাশ করে আত্ম-সীমাবদ্ধ ভালবাসা খ্রীষ্টে অন্য ভাই ও বোনদের জন্য যা হল খ্রীষ্টিয় সহভাগিতার মধ্যে শান্তি ও পরিপক্বতার চাবিকাঠি।

■ “প্রসংশিত” দেখুন বিশেষ বিষয়: প্রাচুর্যতা ২ করি ২:৭ পদে।

■ “যদি... যদি” দুটি third class conditional শব্দগুচ্ছ ১ করি ৮:৮ পদে, যেটি দেখায় সম্ভাব্য কাজ।

৮:৯

NASB, NRSV “কিন্তু সাবধান যেন তোমাদের এই স্বাধীনতা কোন ভাবে যারা দুর্বল তাদের বাধাজনক না হয়”
NKJV “কিন্তু সাবধান পাছে তোমাদের এই স্বাধীনতা কোন ভাবে যারা দুর্বল তাদের বাধাজনক না হয়”
TEV “কিন্তু সতর্ক হও, যাহোক, তোমাদের স্বাধীনতার কাজ কোন ভাবে যারা বিশ্বাসে দুর্বল তাদের পাপে পতিত করে”
NJB “কেবল সতর্ক থাক যেন এই তোমাদের স্বাধীনতা কোন ভাবে যারা দুর্বল তাদের বাধাজনক রূপ না নেয়”

এটি একটি present active imperative। খ্রীষ্টিয় স্বাধীনতা (অর্থাৎ, *exousia*, ১ করি ৯:৪,৫,৬,১২,১৮) অবশ্যই নিয়ন্ত্রিত হবে ভালবাসার দ্বারা অথবা এটি হয়ে পড়বে একটি অনুমোদন (১ করি ১০:২৩-৩৩; ১৩:১-১৩; রোমীয় ১৪:১-১৫:১৩)। আমরা হল্যাম আমাদের ভাইদের রক্ষক!

খ্রীষ্টিয় স্বাধীনতা ও দায়িত্বের এই বিষয় আরও আলোচিত হয়েছে রোমীয় ১৪:১-১৫:১৩ পদে। প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি দেখুন আমার রোমীয় কমেড্রিতে, ১৪ এবং ১৫ অধ্যায় ১ করি ৬:১২ পদের।

৮:১০ “যদি” এটি আর একটি third class conditional, যার অর্থ সম্ভাব্য কাজ। ১ করি ৮:১০ পদের ব্যাকরণ আশা করে “হ্যাঁ” উত্তর।

NASB, NKJV “তোমার জ্ঞান আছে, যদি কেউ তোমাকে দেবতার মন্দিরে বসে খেতে দেখে”
NRSV “তোমার জ্ঞান আছে, অন্যেরা যদি তোমাকে দেবতার মন্দিরে বসে খেতে দেখে”
TEV “মনে কর একজন লোক যার এই বিষয়ে বিবেক দুর্বল, যার তথাকথিত জ্ঞান আছে, তোমাকে দেবতার মন্দিরে বসে খেতে দেখে”
NJB “মনে কর তোমার জ্ঞান আছে কেউ একজন তোমাকে দেখলো, ভ্রান্ত দেবতার মন্দিরে বসে থাকতে”

এই শব্দগুচ্ছ NASB এবং NKJV তে দ্ব্যর্থবাহুিক ভাবে অনুবাদিত হয়েছে। বাগধারাগত, গতিশীল সমার্থক TEV এবং NJB এর অনুবাদ চিন্তাকে ধরতে পেরেছে।

জ্ঞান যার বিষয়ে পৌল উল্লেখ করেছেন তা ১ করি ৮:১-৪ পদের দিকে ফিরিয়ে নিয়ে যায়। সবল বিশ্বাসীরা জানে যে একজনই মাত্র ঈশ্বর আছেন (১ করি ৮:৪)। দুর্বল বিশ্বাসীরা এখনও অতীতের দ্বারা প্রভাবিত হচ্ছে। সবল বিশ্বাসীরা পিছনের দিকে ঝুকে পড়েছে যেন তারা খ্রীষ্টে তাদের দুর্বল ভাই বা বোন বা খাঁটি অনুসন্ধানকারীদের বাধাগ্রস্ত না করে (১ করি ৮:১)।

সত্যিকার আত্মিক সবলতা কেবলমাত্র জ্ঞানেই নয়, বরং অন্য বিশ্বাসীদের এমনকি যারা দুর্বল, যারা কুসংস্কারাচ্ছন্ন, যারা বৈধবাদী, যারা সন্ন্যাসী, যারা বিশ্বাসে শিশু, তাদের প্রতি প্রেমপূর্ণ কাজের মধ্যে! সত্যিকার জ্ঞান একজনকে খ্রীষ্টে পাওয়ার অযোগ্য ঈশ্বরের অনুগ্রহের নশ্র ধনাত্মক করে!

■ “দেবতার মন্দিরে খেতে” নোট দেখুন ১ করি ১০:১৪-২২ পদে।

NASB “উৎসাহ পাবে”
NKJV “খেতে উৎসাহিত হবে”
NRSV “সেখানে বসে খেতে উৎসাহিত হবে”
TEV “এটি কি তাকে খাবার খেতে উৎসাহিত করবে না”
NJB “হতে পারে খেতে উৎসাহিত করবে”

এই টার্ম হল “গেঁথে তোলা” বা “গড়ে তোলা” যেমন ১ পদের মত। এখানে এটি আরও ব্যবহার করা হয়েছে

১. সবল ভাইদের কাজের ধংসাত্মক প্রভাবের একটি ব্যঙ্গাত্মক অর্থে
২. করিহীন চিঠি থেকে একটি সম্ভাব্য উদ্ধৃতি যাদের বিশ্বাস দুর্বল তাদের কিভাবে সাহায্য করা যায় তার সাথে সম্পর্কিত।

৮:১১

NASB “কারণ তোমার জ্ঞানের মধ্য দিয়ে সেই দুর্বল লোক বিনষ্ট হয়, সেই ভাই যার জন্য খ্রীষ্ট মরেছিলেন”
NKJV “আর তোমার জ্ঞানের মধ্য দিয়ে সেই দুর্বল লোক বিনষ্ট হবে, যার জন্য খ্রীষ্ট মরেছিলেন”
NRSV “সেহেতু তোমার জ্ঞানের মধ্য দিয়ে সেই দুর্বল লোক যার জন্য খ্রীষ্ট মরেছিলেন সে বিনষ্ট হয়”
TEV “আর এই ভাবে দুর্বল লোক, তোমার ভাই যার জন্য খ্রীষ্ট মরেছিলেন, তোমার জ্ঞানের কারণে সে বিনষ্ট হবে”
NJB “এবং তারপর তোমার জ্ঞানের মধ্য দিয়ে সেই দুর্বল ভাই যার জন্য খ্রীষ্ট মরেছিলেন, যেহেতু সে দুর্বল, হারিয়ে যায়”

গ্রীক বাক্যের নিয়ম জোর দিয়েছে “তোমার” (অর্থাৎ, এটি তোমার অধিকারে থাকা সেই তথাকথিত সর্বোচ্চ জ্ঞান)। যখন একজন খ্রীষ্টিয়ানের স্বাধীনতা অন্য খ্রীষ্টিয়ানের স্বাধীনতাকে ধংস করে, সেই স্বাধীনতা হল ধংসযজ্ঞ (রোমীয় ১৪:১৫,২০)।

এটি একটি ব্যঙ্গাত্মক মন্তব্য যেমন আছে ১ করি ৮:১০ পদে। করিহীয মণ্ডলী তাদের জ্ঞানের জন্য গর্বিত ছিল (৮:১)। এখানে পৌল দেখিয়েছেন যে জ্ঞান ধ্বংসযজ্ঞ হতে পারে। পৌল সব সময় সবল ভাইদের উপদেশ দিয়েছেন দুর্বল ভাইদের জন্য ধৈর্য ধরতে ও চিন্তা করতে, কারণ খ্রীষ্টের ভালবাসা তাদের উভয়ের জন্যই।

টার্ম “ধ্বংস হওয়া,” “বিনষ্ট,” বা “বিনাশ করা” অবশ্যই অনুবাদিত হবে রোমীয় ১৪:২২-২৩ পদের আলোকে, যেখানে এরে অর্থ “আর একজনের পাপের কারণ হওয়া,” যেটি উপমাশ্বরূপ এখানে টার্মটির ব্যবহার হয়েছে। এটি চূড়ান্ত বিনাশ নয়, কিন্তু সাময়িক, তবুও গুরুতর, আত্মিক বৃদ্ধিকে বাধাগ্রস্ত করে।

বিশেষ বিষয়: ধ্বংস (*apollumi*)

{SPECIAL TOPIC: DESTRUCTION (*apollumi*)}

এই টার্মটির একটি ব্যাপক semantic ক্ষেত্র আছে, যেটি সৃষ্টি করেছে অনন্তকালীন বিচার বনাম বিনাশ করার ধর্মতত্ত্বগত সম্পর্কের মধ্যে বড় মতানৈক্যের। মূল আক্ষরিক অর্থ হল *apo* যোগ *ollumi*, ধ্বংস করা, বিধ্বংস করা।

এই টার্মটির সমস্যা এসেছে রূপাকাত্মক ব্যবহারে। এটি স্পষ্টভাবে দেখা যায় Louw ও Nida এর *Greek-English Lexicon of the New Testament*, ভিত্তি করা হয়েছে Semantic Domains, vol. 2, p. 30। এটি তালিকা করেছে এই টার্মটির কয়েকটি অর্থের।

১. ধ্বংস সাধন (অর্থাৎ, মথি ১০:২৮; লুক ৫:৩৭; যোহন ১০:১০; ১৭:১২; প্রেরিত ৫:৩৭; খন্ড ১, পৃ ২৩২ রোমীয় ৯:১২ পদ থেকে)
২. অর্জন করতে ব্যর্থ হওয়া (অর্থাৎ, মথি ১০:৪২, খন্ড ১, পৃ ৫৬৬)
৩. হেরে যাওয়া (অর্থাৎ, লুক ১৫:৮, খন্ড ১, পৃ ৫৬৬)
৪. অবস্থান সম্পর্কে অসচেতন (অর্থাৎ, লুক ১৫:৪, খন্ড ১, পৃ ৩৩০)
৫. মারা যাওয়া (অর্থাৎ, মথি ১০:৩৯; খন্ড ১, পৃ ২৬৬)

Gerhard Kittel, *Theological Dictionary of the New Testament*, vol. 1, p. 394, চেষ্টা করেছে ভিন্ন ব্যবহার বর্ণনা করতে চারটি অর্থের তালিকা করার দ্বারা:

১. ধ্বংস করা বা মেরে ফেলা (অর্থাৎ, মথি ২:১৩; ২৭:২০; মার্ক ৩:৬; ৯:২২; লুক ৬:৯; ১ করি ১:১৯)
২. পরাজিত হওয়া বা পরাজিত হবার কষ্টভোগ করা (অর্থাৎ, মার্ক ৯:৪১; লুক ১৫:৪, ৮)
৩. বিনষ্ট হওয়া (অর্থাৎ, মথি ২৬:৫২; মার্ক ৪:৩৮; লুক ১১:৫১; ১৩:৩, ৫, ৩৩; ১৫:৭; যোহন ৬:১২, ২৭; ১ করি ১০:৯-১০)
৪. হারিয়ে যাওয়া (অর্থাৎ, মথি ৫:২৯-৩০; মার্ক ২:২২, লুক ১৫:৪, ৬, ২৪, ৩২; ২১:১৮; প্রেরিত ২৭:৩৪)

এরপরে Kittel বলেছেন, “সাধারণত আমরা বলতে পারি যে #২ এবং #৪ অন্তর্নিহিত মন্তব্য এই জগতে সাথে সম্পর্কিত যেমন Synoptics এ, যেখানে #১ এবং #৩ অন্তর্নিহিত সেগুলির সম্পর্ক পরবর্তী যুগের সাথে, যেমন পৌল ও যোহন” (পৃ ৩৯৪)।

এর মধ্যে দ্বন্দ্ব নিহিত রয়েছে। এই টার্মটির একটি ব্যাপক semantic ব্যবহার আছে যেটি নতুন নিয়মের বিভিন্ন লেখকেরা এটিকে ব্যবহার করেছে ভিন্ন ভিন্ন উপায়ে। আমি পছন্দ করি Robert B. Girdlestone, *Synonyms of the Old Testament*, pp. 275-277। তিনি টার্মটি সম্পর্কিত করেছেন সেই সব মানুষদের সাথে যারা নৈতিকভাবে ধ্বংসপ্রাপ্ত এবং অনন্তকালীন বিচ্ছিন্নতার অপেক্ষা করছেন ঈশ্বর থেকে বনাম সেই সব মানুষেরা যারা খ্রীষ্টকে জানে এবং তাঁতে অনন্ত জীবনের অধিকারী হয়েছে। পরবর্তী দলটি হল “পরিত্রানপ্রাপ্ত,” যদিও পূর্ববর্তী দলটি হল “ধ্বংসপ্রাপ্ত।”

Robert B. Girdlestone, *Synonyms of the Old Testament*, p. 276, নির্দিষ্ট ভাবে দেখায় যে বেশ কয়েকটি স্থান আছে যেখানে এই টার্মটি বিনাশ করা হিসাবে অনুবাদ করা যেতে পারে না, “কিন্তু এই রকম আঘাত বস্তুটিকে এর মূল উদ্দেশ্যের জন্য সুনির্দিষ্ট ভাবে ব্যবহার অনুপযোগি করে তোলে।”

১. তৈলাভিষেক অপচয়, মথি ২৬:৮
২. পুরাতন দ্রাক্ষারসের পাত্রের ধ্বংস, মথি ৯:১৭
৩. চুলের ধ্বংস, লুক ২১:১৮
৪. খাবারের ধ্বংস, যোহন ৬:২৭
৫. সোনার ধ্বংস, ১ পিতর ১:৭
৬. জগতের ধ্বংস, ২ পিতর ৩:৬
৭. শারীরিক দেহের ধ্বংস, মথি ২:১৩; ৮:২৫; ১২:১৪; ২১:৪১; ২২:৭; ২৬:৫২; ২৭:২০; রোমীয় ২:১২; ১৪:১৫; এবং ১ করি ৮:১১

এই টার্মটি কখনো উল্লেখ করে না ব্যক্তির বিনাশ, কিন্তু শারীরিক অস্তিত্বের অবসান। এটি আরও সাধারণ ভাবে ব্যবহার করা হয় একটি নৈতিক অর্থে। “সকল মানুষকে বিবেচনা করা হয় নৈতিকভাবে ধ্বংসপ্রাপ্ত, অর্থাৎ, তারা ব্যর্থ হয়েছে সেই উদ্দেশ্যটি এগিয়ে নিতে যার জন্য বংশগুলিকে আহ্বান করা হয়েছিল” (পৃ ২৭৬)। ঈশ্বরের এই পাপের সমস্যার প্রতি সাড়া দান ছিল যীশু খ্রীষ্ট (যোহন ৩:১৫-১৬ এবং ২ পিতর ৩:৯)। যারা সুসমাচারকে প্রত্যাখান করেছে তারা এখন অধিকতর ধ্বংসের বিষয়, যেটি শরীর ও আত্মাকে যুক্ত করে (১ করি ১:১৮; ২ করি ২:১৫; ৪:৩; ২ থি ২:১০)। বিপরীত মতামতের জন্য দেখুন Fudge, *The Fire That Consumes*।

আমি ব্যক্তিগতভাবে (R. B. Girdlestone, *Synonyms of the Old Testament*, p. 276) মনে করি না যে এই টার্মটি বিনাশ করা উল্লেখ করে (E. Fudge, *The Fire That Consumes*)। “অনন্তকালীন” টার্মটি ব্যবহার করা হয়েছে অনন্ত কালীন শাস্তি ও অনন্ত জীবন উভয় ক্ষেত্রে মথি ২৫:৪৬ পদে। একটি হীনমূল্য করা হল উভয়কেই হীনমূল্য করা!

Copyright © 2014 [Bible Lessons International](#)

৮:১২ “ভাইদের বিরুদ্ধে পাপ করলে. . . তোমরা খ্রীষ্টের বিরুদ্ধেই পাপ কর” এটি একটি শক্তিশালী মন্তব্য। ঈশ্বরের প্রতি আমাদের ভালবাসা দেখায় পরস্পরের প্রতি আমাদের ভালবাসাকে। অনেক বার নূতন নিয়মে, বিশ্বাসীদের বিরুদ্ধে লোকদের কাজকে দেখা হয়েছে খ্রীষ্টের বিরুদ্ধে কাজ হিসাবে (প্রেরিত ৯:৪,৫) এবং লোকদের বিশ্বাসীদের পক্ষের কাজকে দেখা হয়েছে খ্রীষ্টের পক্ষে কাজ হিসাবে (মথি ২৫:৪০,৪৫)।

৮:১৩ “যদি” এটি একটি first class conditional sentence। খাবারের বিষয়টি কিছু কিছু বিশ্বাসীর ব্যক্তিগত বিশ্বাসের ধারণাকে লংঘনের কারণ ঘটিয়েছে।

■ “বাধা” এটি গ্রীক টার্ম যেটি ব্যবহৃত হয়েছে জীবজন্তুর ফাঁদের জন্য। আক্ষরিক ভাবে এটি উল্লেখ করে “ফাঁদের টোপ” কে।

■ “আমি আর কখনও মাংস খাব না” এই পদের রয়েছে খুব দৃঢ় ত্রিগুণ নেতিবাচক গঠন (রোমীয় ১৪:২১)। খ্রীষ্টে স্বাধীনতা গড়ে তোলে, বিনাশ করে না। অবর্ণিত ইঙ্গিত হল যে পৌল আর কখনও প্রতিমার কাছে উৎসর্গ করা বা দেবতাদের মন্দিরের মাংস খাবেন না। এটি এই ইঙ্গি দেয় না যে পৌল নিরামিষ আহারী হয়ে পড়েছিলেন।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. এটি স্পষ্ট যে এই সুনির্দিষ্ট সমস্যা সমসায়িক একটি সমস্যা নয়; যাহোক, এখানে বিশ্বজনীন নীতি খুব তাৎপর্যপূর্ণ। এই নীতিকে নিজের কথায় বর্ণনা করুন।
২. কিভাবে একজন মন্দ আত্মার ক্রিয়াকর্ম আমাদের সময়ে বিশ্ব ধর্মের সাথে সম্পর্কিত?
৩. যদি একজনই মাত্র ঈশ্বর হন, কিভাবে যীশু ঐশ্বরীক হতে পারেন?
৪. খ্রীষ্টিয় স্বাধীনতা ও খ্রীষ্টিয় দায়িত্বের মদ্যেকার সম্পর্ক ব্যাখ্যা করুন।
৫. “দুর্বল” এবং “সবল” বিশ্বাসীর সংজ্ঞা দিন।
৬. সকল বিশ্বাসীর কি নিরামিষাশী হওয়া উচিত?

Copyright © 2013 [Bible Lessons International](#)

১ করিন্থীয় ৯
(1 CORINTHIANS 9)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
				ভ্রাতৃ দেবতাদের কাছে খাবার উৎসর্গ (৮:১-১১:১)
একজন প্রেরিতের অধিকার	ইন্দ্রিয় দমনের নমুনা	পৌলের একজন প্রেরিত হিসাবে অধিকার	একজন প্রেরিতের অধিকার ও কর্তব্য	পৌলের তার নিজের উদাহরণের আবেদন
৯:১-২	৯:১-১৮	৯:১-২	৯:১-২	৯:১-১৪
৯:৩-১২ক		৯:৩-৭	৯:৩-৭	
		৯:৮-১২ক	৯:৮-১২ক	
৯:১২ক-১৮		৯:১২ক-১৪	৯:১২ক-১৪	
		পৌল স্বাধীন তার প্রেরিতিক অধিকার সমর্পণ করতে		
	সব মানুষকে রক্ষা করা	৯:১৫-১৮	৯:১৫-১৮	৯:১৫-১৮
৯:১৯-২৩	৯:১৯-২৩	৯:১৯-২৩	৯:১৯-২২	৯:১৯-২৩
	মুকুটের জন্য আকাংখী		৯:২৩-২৭	
৯:২৪-২৭	৯:২৪-২৭	৯:২৪-২৭		৯:২৪-২৭

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

৯:১-২৭ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. খ্রীষ্টিয় অধিকার ও ভালবাসায় দায়িত্বের মধ্যে সমতা অন্বেষণের অর্থে এই অধ্যায় ৮ অধ্যায়ের সঙ্গে সম্পর্কযুক্ত (রোমীয় ১৪:১-১৫:১৩ এবং ১ করি ৮:১-১১ এবং ১৩:১-১৩)।
- খ. প্রসঙ্গ থেকে এটা স্পষ্ট যে পৌলের নেতৃত্ব করিথীয় মন্ডলীর মধ্যে কিছু দল বা কিছু কিছু দলের আক্রমণের শিকার হয়েছিল।
১. কাব্যরসতত্ত্বে প্রশিক্ষিত যিহুদী ভ্রমণকারী শিক্ষকেরা
 ২. Incipient Gnostics
- গ. এই অধ্যায়ে ভিন্ন ভিন্ন ব্যক্তিগত pronouns (এবং verb এর রূপ) ব্যবহৃত হয়েছে।
১. First person singular, ১ করি ৯:১-৩,৬,৮,১৫-২৩,২৬-২৭
 ২. First person plural, ১ করি ৯:৪-৫, ১০:১১,২৫
- ক. যেহেতু বার্নবার উল্লেখ বিশেষ ভাবে ১ করি ৯:৬ পদে করা হয়েছে ধরে নেওয়া হয় যে তিনি সম্ভবত ১ করি ৯:৪-৫ পদে
- খ. ১ করি ৯:১০-১১ পদে পৌল মনে হয় আপোল্লোকে অন্তর্ভুক্ত করেছেন এবং সম্ভবত অন্যান্য বেড়াতে আসা প্রচারকদেরও, এমনকি পিতরকেও
- গ. প্রায়ই পৌল অতিরিক্ত plural ব্যবহার করেছেন “আমরা” বলতে নিজেকে
৩. Second person plural, ১ করি ৯:১৩,২৪ পদ উল্লেখ করছে করিথীয়দের যারা ঈশ্বরের বিষয়ে এই রকম “পরিপূর্ণ” জ্ঞান দাবী করে
 ৪. পৌলের pronouns ব্যবহার ভীষণ ভাবে কঠিন এবং অনেক গ্রীক পাড়লিপির পার্থক্যের উৎস

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিথীয় ৯:১-২

‘আমি কি স্বাধীন নই? আমি কি প্রেরিত নই? আমাদের প্রভু যীশুকে কি আমি দেখি নি? প্রভুতে আমি যে কাজ করেছি তোমরা কি তার ফল নও?’^১ যদি অন্যেরা আমাকে প্রেরিত বলে স্বীকার না করে, অন্তত তোমাদের কাছে আমি; কারণ তোমরাই প্রভুতে আমার প্রেরিত-পদের মুদ্রাঙ্ক। (অনুবাদকৃত টেক্সট)।

৯:১ “আমি কি স্বাধীন নই” এই প্রসঙ্গে গুরুতর প্রশ্ন রয়েছে। USB⁴ রয়েছে ১৪টি, NASB এর রয়েছে ১৬টি, NKJV এর রয়েছে ১৫টি, NRSV এর রয়েছে ১৬টি, TEV এর রয়েছে ১৪টি, এবং NJB এর রয়েছে ১২টি। এটি অনিশ্চিত যে এগুলি মন্তব্য না প্রশ্ন (Ellingworth and Hatton, *A Handbook on Paul's First Letter to the Corinthians*, p. 193)। ১ করি ৯:১-২ পদের প্রশ্নগুলি আশা করে “হ্যাঁ” উত্তর। ১ করি ৯:৬,৭,১০ ও ১১ পদের প্রশ্নগুলি এরকম বলা হয়েছে যে আশা করে “না” উত্তর।

এটি হল “স্বাধীন” এর ব্যবহার খ্রীষ্টি আত্মিক স্বাধীনতার অর্থে (১ করি ৯:১৯; ১০:২৯), রোমীয় স্বাধীনতা নয় (অর্থাৎ, রাজনৈতিক অধিকার)। খ্রীষ্টি বিশ্বাসীরা, এখন আত্মার দ্বারা বাসস্থান, এখন সুসমাচার দ্বারা অবগত, “না এর প্রতি” স্বাধীনতা লাভ করেছে! “পতিত আমি,” এর ক্ষমতা, আদি ৩ অধ্যায়ের “আমি প্রথম” পুনস্থাপিত হয়েছে “অন্যেরা প্রথমে” এর দ্বারা! সুসমাচারের স্বাধীনতা “. . . জন্য স্বাধীনতা,” কিন্তু “. . . স্বাধীনতা নয়!” এটি খুব আলাদা রাজনৈতিক স্বাধীনতা থেকে যেটি সত্যিকার ভাবে ভাল ও মন্দ জ্ঞানের গাছের ফল। পতিত মানবতা “স্বাধীনতা” নিয়ন্ত্রণ করতে পারে না! অপরিপক্ব বিশ্বাসীরাও পারে না!

■ “আমাদের প্রভু যীশুকে কি আমি দেখি নি” এটি Perfect active indicative, যেটি ইঙ্গিত দেয় যে অতীতের কোন কাজের পরিণতি হল বর্তমান অবস্থা। পৌলের প্রেরিতত্ব আক্রমণের শিকার হয়েছিল কারণ তিনি মূল সেই বারো জনের মধ্যে ছিলেন না। একজন প্রেরিতের গুণাবলী ছিল এমন একজন যে যীশুর জাগতিক জীবনের সময়ে সঙ্গে সঙ্গে ছিল এবং পুনরুত্থান দেখেছিল (প্রেরিত ৯:৩,১৭,২৭; ২২:১৪; ১ করি ১৫:৮)। পৌলের আহবান ছিল পরজাতিদের কাছে বিশেষ কাজের জন্য খ্রীষ্টির বিশেষ কাজ, যেটি দাবী করতো বিশেষ প্রত্যাদেশ (প্রেরিত ১৮:৯; ২৩:১১)।

দমেশকের পথে পৌল কেবল মাত্র ব্যক্তিগত ভাবে যীশুর সম্মুখা-সম্মুখী হন নাই, বরং তার পরিচর্যার সময়ে বেশ কয়েকবার যীশু, বা যীশুর প্রতিনিধি হিসাবে কোন একজন দূত, তার কাছে আবির্ভূত হয়েছেন এবং তাকে উৎসাহ দিয়েছেন (প্রেরিত ১৮:৯-১১; ২২:১৭-২১), প্রেরিত ২৭:২৩ পদে।

■ “প্রভুতে আমি যে কাজ করেছি তোমরা কি তার ফল নও” পৌলের প্রেরিতত্বের প্রমাণ ছিল তার প্রতিষ্ঠিত অসংখ্য মন্ডলী, যার মধ্যে করিথ ছিল একটি (১ করি ৪:১৫; ২ করি ৩:১-৩)।

৯:২ “যদি” এটি একটি , যেটি দেখায় যে পৌলের কর্তৃত্ব প্রত্যাখান করা হয়েছে প্রাথমিক মন্ডলীর ভিন্ন ভিন্ন বেশ কয়েকটি বিভক্ত দল দ্বারা (প্রেরিত ১৫ এবং গালাতীয়)।

■ “কারণ তোমরাই প্রভুতে আমার প্রেরিত-পদের মুদ্রাঙ্ক” মুদ্রাঙ্কন প্রাচীন জগতে ছিল মোমের গরম ছোট এক ফোটার উপরে একটি চিহ্ন সম্বলিত আংটির ছাপ দিয়ে কোন চিঠি বা বাস্তব মুদ্রাঙ্ক করা। এটি ছিল একটি নিশ্চয়তা যে এর ভিতরের বিষয়বস্তু কখনো খোলা হয়নি; এটা দেখাত যে কে এই বিষয়বস্তুর

মালিক; আর এটা দেখাত বিষয়বস্তুর যথার্থতা, যে সঠিক ব্যক্তি দ্বারা এটি পাঠান হয়েছে। এই ধরণের মুদ্রাঙ্ক খ্রীষ্টিয় নিশ্চয়তার রূপকে পরিণত হয়েছে (যোহন ৩:৩৩; রোমীয় ৪:১১)।

বিশেষ বিষয়: মুদ্রাঙ্ক (SPECIAL TOPIC: SEAL)

মুদ্রাঙ্ক ছিল একটি প্রাচীন উপায় যার দ্বারা দেখান হতো

১. সত্য (যোহন ৩:৩৩)
২. মালিকত্ব (যোহন ৬:২৭; ২ তীম ২:১৯; প্রকা ৭:২-৩; ৯:৪)
৩. নিরাপত্তা বা সুরক্ষা (আদি ৪:১৫; মথি ২৭:৬৬; রোমীয় ১৫:২৮; ২ করি ১:২২; ইফি ১:১৩; ৪:৩০; প্রকা ২০:৩)
৪. এটি আরও হতে পারে ঈশ্বরীয় দানের প্রতিজ্ঞার বিষয়ে বাস্তবতা (রোমীয় ৪:১১ এবং ১ করি ৯:২)

প্রকাশিত বাক্য ৭:২-৪; ৯:৪ পদে এই মুদ্রাঙ্কের উদ্দেশ্য ছিল ঈশ্বরের লোকদের চিহ্নিত করণ যেন ঈশ্বরের ক্রোধ তাদের উপরে প্রভাব না ফেলে। শয়তানের মুদ্রাঙ্ক তার লোকদের চিহ্নিত করে, যারা ঈশ্বরের ক্রোধের বিষয়। প্রকাশিত বাক্যে “নির্যাতন” (অর্থাৎ, *thlipsis*) সব সময়ই অবিশ্বাসীদের বিশ্বাসীদের উপরে নির্যাতন উল্লেখ করে, যখন ক্রোধ/রাগ (অর্থাৎ, *orgē* অথবা *thumos*) সব সময়ই ঈশ্বরের দণ্ড অবিশ্বাসীদের প্রতি যেন তারা মন পরিবর্তন করে এবং খ্রীষ্টের প্রতি বিশ্বাসে মন ফিরায়ে। দণ্ডের এই ইতিবাচক উদ্দেশ্য দেখা যেতে পারে লেবীয় ২৬; দ্বি বি ২৭-২৮; ৩০; গীতসংহিতার প্রথম গীতে নিয়মের অভিশাপ/আর্শিবাদে।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ৯:৩-৭

° যারা আমার পরীক্ষা করে তাদের কাছে আমার উত্তর এই: ° আমাদের কি খাওয়া-দাওয়া করার অধিকার নেই? ° অন্য সব প্রেরিতেরা ও প্রভুর ভাইয়েরা আর কৈফা যেমন নিজের বিশ্বাসী স্ত্রীকে সঙ্গে নিয়ে বের হন, সেভাবে কি বিশ্বাসী স্ত্রীকে নিয়ে বের হবার অধিকার আমাদের নেই? ° কিম্বা কাজ থেকে বিরত হবার অধিকার কি বার্বা আর আমার নেই? ° কে কখন নিজের পয়সা খরচ করে সৈনিকের কাজ করে? কে আংগুর ক্ষেত প্রস্তুত করে আর তার ফল খায় না? অথবা কে পশুর পাল চরায় আর সে পালের দুধ খায় না? (অনুবাদকৃত টেক্সট)।

৯:৩ “আমার উত্তর” এই টার্ম (অর্থাৎ, *apologia*) ব্যবহৃত হয়েছে “বৈধ উত্তর” (প্রেরিত ১৯:৩৩; ২২:১; ২৫:২৬; পিলি ১:৭,১৭; ১ পিতর ৩:১৫)। Syntactically ১ করি ৯:৩ পদ যেতে পারে ১ করি ৯:২ পদ বা ১ করি ৯:৪ পদের সাথে। USB4, NRSV, এবং TEV দেখায় যে এটি ১ করি ৯:৪ পদের সাথে যাবে, যখন NKJV এবং NJB কোন পয়েন্টেই প্যাসেজের কোন বিরতি দেয়নি।

■ “যারা আমার পরীক্ষা করে তাদের কাছে” পৌল সমালোচিত হচ্ছিলেন করিন্থের কিছু কিছু দল বা ধর্মতাত্ত্বিক বিভক্ত দলের দ্বারা (১ করি ২:১৫; ৪:৩)। দারা দাবী করছিল

১. যে তিনি সত্যিকার প্রেরিত ছিলেন না
২. যে তিনি যিরুশালেমের প্রেরিতিক বার্তা পরিবর্তন করেছেন
৩. যে তিনি কেবল টাকার জন্যই প্রচার করেন

এই অভিযোগগুলি সুনির্দিষ্ট ভাবে বর্ণনা করা হয়নি, কিন্তু ধরে নেওয়া হয় ঐতিহাসিক প্রেক্ষাপট থেকে এবং পৌল যে সব বিষয় বলার জন্য বেছে নিয়েছিলেন তা থেকে।

৯:৪ এটি সূচনা ছিল ধারাবাহিক প্রশ্নের (১ করি ৯:৪-৭) যেখানে পৌল জোর দিয়ে বলেছেন প্রেরিত হিসাবে তার অধিকারের কথা স্থানীয় মণ্ডলী দ্বারা সমর্থিত। যাহোক তিনি ব্যক্তিগত ভাবে নেছে নিয়েছিলেন তার অধিকার অনুশীলন না করাটা (১ করি ৯:১৫,১৮; ১ থিম ২:৬), কিন্তু তিনি অন্যান্য খ্রীষ্টিয় কর্মীদের অধিকার নিশ্চিত করেছিলেন।

৯:৫ “অন্য সব প্রেরিতদের মত . . . সঙ্গে নিয়ে” প্রশ্ন সরাসরি জোর দিয়ে বলেছে না প্রেরিতদের স্ত্রী থাকার অধিকারের কথা, যদিও এটি নিশ্চত ভাবে ইঙ্গিত দিচ্ছে, কিন্তু প্রেরিতদের অধিকার তাদের ও তাদের স্ত্রীদের মণ্ডলীর সাহায্য পাবার।

টার্ম “প্রেরিত” উল্লেখ করতে পারে বারো জনকে বা আরও ব্যাপক ভাবে টার্মের ব্যবহার (প্রেরিত ১৪:৪,১৪; রোমীয় ১৬:৬-৭; ১ করি ৪:৯; গালা ১:৯; ইফি ৪:১১; ফিলি ২:২৫; ২ থিম ২:৬)। কারণ পিতরের নাম করা হয়েছে আলাদা ভাবে, পরবর্তি দল ইঙ্গিত দিচ্ছে। এটি আরও সম্ভব যে মণ্ডলীতে একটি দল (অর্থাৎ, বিভক্ত দলের একটি) পিতরের প্রেরিতত্বকে উচ্ছে তুলে ধরছে (১ করি ১:১২; ৩:২২)।

NASB, NKJV,

গ্রীকে nounএর ডাবল জোড়া রয়েছে, “একজন বোন, একজন স্ত্রী,” যেটি ছিল বাগধারাগত “একজন বিশ্বাসী স্ত্রী” এর জন্য। ঐতিহাসিক সমস্যা কিভাবে এটি সম্পর্কিত

১. মহিলারা যারা যীশু ও প্রেরিতদের দলের সঙ্গে সঙ্গে ছিলেন এবং তাদের সাহায্য করতেন (মথি ২৭:৫৫; মার্ক ১৫:৪০-৪১)
২. ১ করি ৭:৩৬-৩৮ পদে মহিলাদের বিষয় আলোচিত হয়েছে (অর্থাৎ, একজন কন্যা বা একজন কুমারী সঙ্গি বা একজন বাগদত্তা)
৩. মন্ডলীর নেতাদের স্ত্রীদের পরিচর্যা রোমীয় ১৬:১ পদের মত একই রকমের অথবা পালকীয় পরিচর্যায় “বিধবাদের ভূমিকা” (১ তীম ৩:১১; ৫:৯-১০)

সম্ভবত মূল বারো জন সকলে বিবাহিত ছিলেন কারণ যিহূদীদের মধ্যে একা থাটা ছিল খুব বিরল। যিহূদীদের বিয়ে করতে হতো কারণ আদি ১:২৮; ৯:১,৭ পদের আদেশ।

■ “অন্য সব প্রেরিতেরা” টার্ম “প্রেরিত” এর নূতন নিয়মে বেশ কয়েকটি অন্তর্নিহিত তাৎপর্য রয়েছে।

১. যাদের যীশু আহবান করেছিলেন এবং যারা যীশুর জাগতিক জীবনকালে তাঁর সঙ্গে সঙ্গে চলতেন
২. দমেশকের পথে পৌলকে এক বিশেষ দর্শনের মাধ্যমে আহবান করা হয়েছিল
৩. মন্ডলীর মধ্যে চলমান দান (ইফি ৪:১১), যার মধ্যে অর্ন্তভুক্ত বেশ কয়েকজন লোক

এখানে লেখনীগত বিষয় হল পৌলের তালিকা আমরা কি ভাবে করবো।

১. বাকী সব প্রেরিতেরা
২. প্রভুর ভাইয়েরা
৩. কৈফা
৪. বার্ণবা এবং পৌল

■ “প্রভুর ভাইয়েরা” Jerome (৩৪৬-৪২০ খ্রীষ্টাব্দ) বিশ্বাস করতেন এরা সকলে ছিল যীশুর মাসীর ছেলে; (৩১০-৪০৩ খ্রীষ্টাব্দ) বলেছেন তারা ছিল যোষেফের পূর্বকার বিবাহের সন্তান। এই উভয় ব্যাখ্যাই স্পষ্টত সম্পর্কযুক্ত মরিয়ম সম্বন্ধে রোমীয় কাথলিক পূর্বে ধারণাকৃত উন্নয়ন এবং নূতন নিয়মের নয়। যীশুর পরেও মরিয়মের আরও সন্তান ছিল (মথি ১২:২৬; ১৩:৫৫; মার্ক ৬:৩; যোহন ২:১২; ৭:৩,৫,১০; প্রেরিত ১:১৪; গালা ১:১৯)।

এটি ইঙ্গিত দিতে পারে যে যীশুর সং ভাইদের, যারা মন্ডলীতে সক্রিয় ছিল, নেতা হিসাবে বিবেচনা করা হয়। সত্যের প্রেক্ষাপটে, প্রথম শতকের দিকে যীশুর আত্মীয়দের একজন যিরূশালেম মন্ডলীর নেতা ছিলেন বেশ কয়েক প্রজন্ম ধরে, যাকোবকে দিয়ে শুরু হয়েছিল।

■ “কৈফা” এটি হল গ্রীক *Petros* এর অরামিয় রূপ। এর অর্থ একটি বড় প্রস্তরখন্ড বা পাথর (মথি ৮:১৪; যোহন ১:৪২)। কৈফা বিবাহিত ছিলেন (মার্ক ১:৩০)।

পৌল পিতরকে কৈফা বলে ডেকেছেন ১ করি ১:১২; ৩:২২; ৯:৫; ১৫:৫ এবং গালা ১:১৮; ২:৯ পদে। কিন্তু গালা ২:৭,৮,১১,১৪ পদে তিনি তাকে পিতর বলে ডেকেছেন। মনে কোন ধর্মতাত্ত্বিক স্বতন্ত্রতা নেই, বরং সম্ভবত সাহিত্যগত পার্থক্য। যোহন ১:৪২ পদ বাদে সুসমাচারের সব জায়গাতে তাকে পিতর বলে ডাকা হয়েছে।

এটা বেশ কৌতূহলের যে মন্ডলীকে অনেক সংযোগ করা করা হয়েছে পিতর (অর্থাৎ, *Petros*) এবং মথি ১৬:১৮ পদের “এই পাথর” (অর্থাৎ, *petra*) এর মধ্যে। যীশু অরামিয় ভাষায় কথা বলতেন এবং কোন রকমের স্বতন্ত্রতা নেই এই ভাষায় এই টার্মের মধ্যে।

৯:৬ “বার্ণবা” বার্ণবাকেও প্রেরিত বলে ডাকা হয়েছে, যেটি দেখায় কেবলমাত্র প্রারম্ভিক বারো (প্রেরিত ১৪:১৪, ১৮:৫) জন ছাড়াও এই টার্মের ব্যাপক ব্যবহার (ইফি ৪:১১)

বিশেষ বিষয়: বার্ণবা

(SPECIAL TOPIC: BARNABAS)

I. মানুষ বার্ণবা

- ক. আসল নাম ছিল যোষেফ (প্রেরিত ৪:৩৬)
- খ. সাইপ্রাসে জন্মে ছিলেন (প্রেরিত ৪:৩৬)
- গ. লেবীর বংশের ছিলেন (প্রেরিত ৪:৩৬)
- ঘ. ডাক নাম ছিল “উৎসাহের পুত্র” (প্রেরিত ৪:৩৬; ১১:২৩)
- ঙ. বলা হত “একজন ভাল মানুষ”
- চ. যিরূশালেম মন্ডলীর একজন সদস্য (প্রেরিত ১১:২২) এবং একজন প্রতিনিধি হিসেবে পাঠানো হয়েছিল সিরিয়ার আন্তিয়খিয়ার নতুন বৃদ্ধি পাওয়া মন্ডলীর (প্রেরিত ১১:১৯-২৮) অনুসন্ধান।

- ছ. বলা হয় পবিত্র আত্মায় পরিপূর্ণ ছিলেন (প্রেরিত ১১:২৪)
 জ. বলা হয় বিশ্বাসে পূর্ণ ছিলেন (প্রেরিত ১১:২৪)
 ঝ. তার ভাববাদী এবং শিক্ষক হবার আত্মিক দান ছিল (প্রেরিত ১৩:১)
 ঞ. বলা হত একজন প্রেরিত (প্রেরিত ১৪:১৪)

II. তার পরিচর্যা

ক. যিরুশালেমে

১. তার সম্পত্তি বিক্রি করেছিলেন এবং প্রেরিতদের সব টাকা দিয়েছিলেন দরিদ্রদের সাহায্য করার জন্য (প্রেরিত ৪:৩৭)
২. যিরুশালেম মন্ডলীর একজন নেতা ছিলেন (প্রেরিত ১১:২২)

খ. পৌলের সাথে

১. তিনি ছিলেন প্রথম ব্যক্তি শৌল/পৌল এর পরিবর্তন বিশ্বাস করেছিলেন (প্রেরিত ৯:২১)
২. তিনি তর্ষ নগরীতে গিয়েছিলেন শৌল/পৌলকে খুঁজতে এবং আন্তিয়খিয়ার নতুন মন্ডলীতে তাকে সাহায্য করার জন্য এনেছিলেন (প্রেরিত ১১:২৪-২৬)
৩. আন্তিয়খিয়া মন্ডলী বার্ণবা এবং শৌলকে যিরুশালেম মন্ডলীতে পাঠিয়েছিলেন দরিদ্রদের সাহায্য দিয়ে (প্রেরিত ১১:২৯-৩০)
৪. বার্ণবা ও পৌল প্রথম প্রচার যাত্রায় গিয়েছিলেন (প্রেরিত ১৩:১-৩)
৫. বার্ণবা সাইপ্রাসের একজন দলনেতা ছিলেন (তার নিজের দ্বীপ), কিন্তু শিশুই পৌলের নেতৃত্ব স্বীকৃত হয়েছিল (প্রেরিত ১৩:১৩)
৬. তারা যিরুশালেম মন্ডলীর কাছে প্রতিবেদন দিতেন সেই সাথে পরজাতিদের মধ্যে তাদের প্রচার কাজের ব্যাখ্যা ও তথ্যাদি দিয়েছিলেন (প্রেরিত ১৫:১-২১, বলা হয়েছে যিরুশালেমের সভা)।
৭. বার্ণবা এবং পৌলের মধ্যে যিহুদীদের খাবার আইন এবং পরজাতিদের সহভাগিতা নিয়ে মত বিরোধ লিপিবদ্ধ আছে গাল ২:১১-১৪ বার্ণবা এবং পৌল দ্বিতীয় প্রচার যাত্রার পরিকল্পনা করেছিলেন, কিন্তু একটি বিতর্ক হয়েছিল বার্ণবার ভাইপো যোহন মার্ককে নিয়ে (কল ৪:১০), যে প্রথম প্রচার যাত্রা ছেড়ে চলে গিয়েছিল (প্রেরিত ১৩:১৩)। পৌল তাকে তার দ্বিতীয় প্রচার যাত্রায় নিতে অস্বীকার করেছিলেন, তাই দলটি ভেঙ্গে গিয়েছিল (প্রেরিত ১৫:৩৬-৪১)। এর ফল হয় দুটি দল (বার্ণবা ও যোহন মার্ক এবং পৌল ও শীল)।

III. মন্ডলীর ঐতিহ্য (Eusebius)

- ক. বার্ণবা যীশুর পাঠানো সত্তর জনের একজন ছিলেন (লুক ১০:১-২০)।
- খ. তিনি একজন খ্রীষ্টিয় সাক্ষ্যমর হিসাবে নিজের দ্বীপ সাইপ্রাস মৃত্যুবরণ করেছিলেন (বার্ণবাসের প্রেরিতদের কাজ থেকে)
- গ. Tertullian বলেছেন তিনি ইব্রীয় পুস্তকটি লিখেছেন
- ঘ. Clement of Alexandria বলেছেন তিনি বাইবেলের ক্যানন বর্হিভূত বই বার্ণবাসের পত্রটি লিখেছেন।

Copyright © 2014 Bible Lessons International

NASB “বের হবার অধিকার আমাদের নেই”

NKJV “যাদের কাজ থেকে বের হবার অধিকার নেই”

NRSV “যাদের বেঁচে থাকার কাজ থেকে বের হবার অধিকার নেই”

TEV “কেবলমাত্র একজন যাকে আমাদের বেঁচে থাকার জন্য কাজ করতে হবে”

NJB “কেবলমাত্র একজন যার কাজ বন্ধ করার কোন অধিকার নেই”

রাব্বিরা জোর দিয়ে বলেছেন কায়িক পরিশ্রমের মর্যাদার কথা। সকল রাব্বিদের জাগতিক কাজ থাকতে হতো কারণ YHWH এর সত্য শিক্ষা দান করে অর্থ আয় করাটা পাপ কাজ বলে বিবেচিত হতো (Pirke Abot 1:13; 4:7)। পৌল ঠিক করেছিলেন সুসমাচারের একজন প্রচারক হিসাবে তার অধিকারের সুযোগ গ্রহণ করবেন না (১ করি ৯:১৮), সম্ভবত এই কারণে যে (১) তার যিহুদী উত্তরাধিকার বা (২) তাদের আক্রমণ যারা দাবী করে যে তিনি লোকদের প্রতি সুযোগ নিচ্ছেন টাকার জন্য (প্রেরিত ২০:৩৩; ২ করি ১১:৭-১২; ১২:১৪-১৮)।

৯:৭-১৪ এই পদগুলিতে প্রতিদিনকার জীবন যাপন থেকে অনেক উদাহরণ রয়েছে যেগুলি ব্যবহৃত হয়েছে উপমাশ্রুপ এটা দেখাতে যে সুসমাচারের কর্মীরা যে মন্ডলীতে পরিচর্যা করে সেখানে থেকে জীবন যাপন করার অর্থ লাভ করার উপযুক্ত (রোমীয় ১৫:২৭) : (১) একজন সৈনিক, ৭ পদ; (২) একজন দ্রাক্ষাবাগানের মালিক, ১ করি ৯:৭; (৩) একজন মেঘ পালক, ১ করি ৯:৭; (৪) একটি ষাড়, ১ করি ৯:৯; (৫) একজন লাঙ্গল ব্যবহার কারী এবং একজন পেয়ণকারী, ১ করি ৯:১০; (৬) একজন বীজবাপক, ১ করি ৯:১১; এবং (৭) একজন যাজক, ১ করি ৯:১৩।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি ৯:৮-১৪

“আমি কি কেবল মানুষের বিচারে এই সব কথা বলছি? অথবা মোশির ব্যবস্থায় কি এই কথা বলে না? ” কারণ মোশির ব্যবস্থায় এই কথা লেখা আছে, “শস্য মাড়াইকারী বলদের মুখে জ্বালতি বেঁধো না।” ঈশ্বর কি কেবল বলদের কথা চিন্তা করেন? ” কিম্বা তিনি কি আমাদেরই জন্য এই কথা বলছেন? হ্যাঁ, আমাদের জন্যই এটি লেখা হয়েছিল, কারণ যে চাষ করে প্রত্য্যাশাতেই তার চাষ করা উচিত, এবং যে শস্য মাড়াই করে ফসলের ভাগ পাবার

আশাতেই তার মাড়াই করা উচিত।^{১১} আমরা যখন তোমাদের মধ্যে আত্মিক বীজ বুনেছি, তখন তোমাদের কাছ থেকে জাগতিক বস্ত্র পাওয়াটা কি খুব বেশি কিছু? ^{১২} যদি তোমাদের উপর অন্যদের অধিকার থাকে, তবে আমাদের কি তা আরও বেশী থাকবে না? তথাপি, আমরা এই অধিকার ব্যবহার করি নাই, কিন্তু সব কিছু সহ্য করছি যেন খ্রীষ্টের সুখবর প্রচারে আমরা কোন বাধার কারণ না হই। ^{১৩} তোমরা কি জান না যে যারা পবিত্র আরাধনার কাজ করে তারা মন্দিরের খাবার খায়, আর যারা নিয়মিত বেদীর কাজে উপস্থিত হয় তারা বেদী থেকে তাদের ভাগ পায়? ^{১৪} এইভাবে প্রভু আদেশ দিয়েছেন তাদের যারা সুসমাচার প্রচার করে তারা যেন সুসমাচার থেকেই তাদের জীবিক লাভ করে। (অনুবাদকৃত টেক্সট)।

৯:৮

NASB “মানুষের বিচারে”

NKJV “কেবলমাত্র মানুষ হিসাবে”

NRSV “মানুষের কর্তৃত্বের উপরে”

TEV “প্রতিদিনকার এই উদাহরণে নিজেকে সীমাবদ্ধ করা”

NJB “কেবলমাত্র জাগতিক প্রজ্ঞা”

গ্রীক লেখনীতে রয়েছে “মানুষের বিচারানুসারে নয়” (অর্থাৎ, *anthrōpos*, যেটি উল্লেখ করে মানুষ)। পৌল এই তুলনামূলক শব্দগুচ্ছ বেশ কয়েকবার ব্যবহার করেছেন (১ করি ৩:৩; ৯:৮; ১৫:৩২; রোমীয় ৩:৫; গালা ১:১১; ৩:১৫)। এটি ছিল তার বাগধারাগত উপায় জাগতিক মানুষের উপায় ও আত্মা পরিচালিত নতুন মানুষের (অর্থাৎ, যীশুর শিক্ষা বা আত্মার অন্তর্দৃষ্টি) চিন্তা ও কাজের উপায়ের সাথে তুলনা করা।

৯:৯ “মোশির ব্যবস্থায় এই কথা লেখা আছে” প্রশ্নের মিমাংসার যিহূদী উপায় ছিল একটি কর্তৃত্ববোধক উদ্ধৃতি, যদি মোশির লেখা থেকে সম্ভব হতো (অর্থাৎ, আদি – দ্বিতীয় বিবরণ); সেজন্য, পৌল উদ্ধৃতি করেছেন দ্বি বি ২৫:৪ (১ তীম ৫:১৮)।

বিশেষ বিষয়: মোশীর ব্যবস্থার প্রতি পৌলের দৃষ্টিভঙ্গি

(SPECIAL TOPIC: PAUL'S VIEWS OF MOSAIC LAW)

এটি ভাল এবং ঈশ্বরের থেকে এসেছে (রোমীয় ৭:১২, ১৬)।

- এটি ধার্মিকতার পথ নয় এবং ঈশ্বরের দ্বারা গ্রহণযোগ্য নয় (এমনকি এটি একটি অভিশাপী হতে পারে, গালাতীয় ৩)। দেখুন বিশেষ বিষয়: মোশির ব্যবস্থা এবং খ্রীষ্টিয়ান।
- এটি এখন বিশ্বাসীদের জন্য ঈশ্বরের ইচ্ছা কারণ এটি হল ঈশ্বরের আত্ম-প্রকাশ (পৌল প্রায়ই পুরাতন নিয়ম থেকে উদ্ধৃতি দিয়েছেন বিশ্বাসীদের দোষী করতে এবং/বা উৎসাহ দিতে)।
- বিশ্বাসীদের পুরাতন নিয়মের দ্বারা অবগত করানো (রোমীয় ৪:২৩-২৪; ১৫:৪; ১ করি ১০:৬,১১), কিন্তু পুরাতন নিয়মের দ্বারা পরিত্রাণপ্রাপ্ত হওয়া নয় (প্রেরিত ১৫; রোমীয় ৪; গালাতীয় ৩; ইব্রীয়)। এটি শুচিকরণে কাজ করতো কিন্তু ধার্মিক গণনায় নয়।
- এটি নতুন চুক্তিতেও কাজ করে:
 - পাপে পূর্ণতা দেখাতে (গালা ৩:১৫-২৯)
 - পুনরুদ্ধারকৃত মানুষকে সমাজে পথ দেখাতে
 - খ্রীষ্টিয় নৈতিক সিদ্ধান্ত অবগত করাতে

এটি ধর্মতত্ত্বগত ক্ষেত্র ব্যবস্থার সাথে সম্পর্কিত, অভিশাপ থেকে (গালা ৩:১০-১৩) এবং আশীর্বাদ থেকে দূরে চলে যাওয়া এবং স্থায়িত্ব যেটি সমস্যার কারণ হয় পৌলের মোশীর ব্যবস্থার প্রতি দৃষ্টিভঙ্গি বুঝতে। *A Man in Christ*, James Stewart দেখিয়েছেন পৌলের প্রচলিত মতের বিরুদ্ধে চিন্তা এবং লেখা:

“আপনি সাধারণত আশা করেন যে একজন মানুষ যে নিজেকে তৈরী করছিল একটি চিন্তা এবং মতবাদের পদ্ধতি গড়ে তুলতে তিনি যে টার্ম ব্যবহার করেছেন তা ঠিক করে কতটা কঠোরভাবে তা সম্ভব। আপনি আশা করতে পারেন যে তার প্রধান চিন্তাগুলির শব্দসমষ্টিতে তার স্পষ্টতা লক্ষ্য করতে। আপনি দাবী করতে পারেন একটি শব্দ, একবার আপনার লেখক একটি নির্দিষ্ট অর্থে ব্যবহার করেছেন, সর্বত্র সেই অর্থ বহন করা উচিত। কিন্তু এর জন্য পৌলের কাছে হতাশ হতে হবে। তার শব্দসমষ্টির তালিকা হল হালকা, কাঠোর নয়.... “ব্যবস্থা হল পবিত্র” তিনি লিখেছেন, “বস্তুত: আন্তরিক মানুষের ভাব অনুসারে আমি ঈশ্বরের ব্যবস্থায় আমোদ করি” (রোমীয় ৭:১২, ২২) কিন্তু এটি হল স্পষ্টভাবে হড়সড়ৎ এর আর একটি দৃষ্টিকোণ যেটি তাকে অন্য জায়গায় বলতে বলে “খ্রীষ্ট আমাদের ব্যবস্থার অভিশাপ থেকে মুক্ত করেছেন (গালা ৩:১৩)” (পৃ. ২৬)।

Copyright © 2014 [Bible Lessons International](http://www.biblelessons.org/)

□ “বলদের মুখে জালতি বেঁধো না” এটি সেপ্টুয়াজিটের দ্বি বি ২৫:৪ পদ থেকে একটি উদ্ধৃতি। টার্ম “জালতি” হল *phimōsies*, যেটি গ্রীক পাতুলিপিতে দেখা যায় P⁴⁶, x, A, B³, C, D^{b,c}, K, L, P, এবং বেশির ভাগ পরবর্তীকালের minuscule পাতুলিপিতে। এই টার্মটি আরও পৌলের উদ্ধৃতিতে ব্যবহৃত হয়েছে ১ তীম ৫:১৮ পদের একই লেখনীতে।

যাহোক, UBS⁴ সম্পাদকেরা সমর্থন করেছেন *kēmōseis* পার্থক্য, যেটির আরও অর্থ “জালতি,” পাওয়া যায় MSS B*, D*, F, এবং G তে। তাদের যুক্তি ছিল যে কম ব্যবহৃত শব্দটি (সম্ভবত একটি ইতর টার্ম) সম্ভবত আসল ছিল কারণ অন্যটি আশা করা হতো সেপ্টুয়াজিট এবং ১ তীমথিয়র উদ্ধৃতি থেকে তাহলে কেন অনুলিপিকারকেরা একে পরিবর্তন করবেন? টার্মটি বেছে নেওয়া হয়েছে আসল হিসাবে যার কোন ব্যাখ্যামূলক পার্থক্য নেই, কিন্তু এটি দেখাচ্ছে লেখনীগত নীতিসমূহকে যেটি আজকের লেখনীগত সমালোচকেরা Koine গ্রীক পাবুলিপির মূল্যায়ন দ্বারা করছেন হাতের লেখা মূল শব্দাবলী উদ্ধারের প্রচেষ্টায়। পরিশিষ্ট ২ দেখুন।

বিশেষ বিষয়: লেখনীগত সমালোচনা

(SPECIAL TOPIC: TEXTUAL CRITICISM)

এই বিষয়টি নিয়ে এমনভাবে আলোচনা করা হবে যেন এই ব্যাখ্যামূলক বইতে পাওয়া লেখনী বিষয়ক টীকা ব্যাখ্যা করা যায়। নিম্নলিখিত রূপরেখা ব্যবহার করা হবে।

- ধ. আমাদের ইংরেজী বাইবেলের লেখনী বিষয়ক উৎসগুলো
 - ক. পুরাতন নিয়ম
 - খ. নতুন নিয়ম
 - II. “নিম্নতর সমালোচনা” যা “লেখনী বিষয়ক সমালোচনা” নামে পরিচিত এর সমস্যা এবং তত্ত্বসমূহের সংক্ষিপ্ত ব্যাখ্যা।
 - III. অধিকতর অধ্যয়নের উৎস সমূহের প্রস্তাবনা
- I. আমাদের ইংরেজী বাইবেলের লেখনী বিষয়ক উৎসগুলো
 - ক. পুরাতন নিয়ম
 ১. Masoretic text (MT)– ইব্রীয় ব্যঞ্জনবর্ণের লেখনী ১০০ খ্রীষ্টাব্দে Rabbi Aquiba ঠিক করেছিলেন। স্বরবর্ণের পয়েন্ট, উচ্চারণ, marginal notes, যতি চিহ্ন এবং apparatus points সমূহ ছয়শো শতকে যুক্ত করা হয় এবং নয়শো শতকে সমাপন করা হয়। এটা করেছিলেন যিহুদী পণ্ডিতদের একটি দল যারা Masorettes নামে পরিচিত ছিলেন। পাবুলিপির লেখনী বিষয়ক যে রূপ তারা ব্যবহার করেছিলেন তা Mishnah, Talmud, Targums, Peshitta, এবং Vulgate এর যে কোন একটির মত একই রকম ছিল।
 ২. Septuagint (LXX)– ঐতিহ্য বলে ৭০ জন যিহুদী পণ্ডিত ৭০ দিনে সেপ্টুয়াজিট রচনা করেছিলেন Alexandria library এর জন্য রাজা দ্বিতীয় Ptolemy (২৮৫-২৪৬ খ্রীষ্ট পূর্ব)-র পৃষ্ঠপোষকতায়। অনুবাদটি সম্ভবত Alexandria তে বসবাসরত এক যিহুদী নেতার অনুরোধে করেছিলেন। এই ঐতিহ্য প্রচলিত হয়েছে “Letter of Aristeas” থেকে। LXX সাধারণ ভাবে ভিত্তি ছিল বিভিন্ন ইব্রীয় পাবুলিপির লেখনী বিষয়ক ঐতিহ্য Rabbi Aquiba (MT)–র লেখনী থেকে।
 ৩. Dead Sea Scrolls (DSS)– Dead Sea Scrolls গুলো লেখা হয়েছিল রোমীয় খ্রীষ্ট পূর্ব সময় কালে (২০০ খ্রী.পূ. থেকে ৭০ খ্রী.) একদল যিহুদী পৃথকীকৃত দলের দ্বারা যাদেরকে বলা হত “Essenes।” ইব্রীয় পাবুলিপি, যা মরু সাগরের বিভিন্ন এলাকাতে পাওয়া গিয়েছিল, দেখায় কিছুটা ভিন্ন ইব্রীয় পাবুলিপির লেখনীগত কৌশল MT এবং LXX উভয়ের পিছনে।
 ৪. কিভাবে এই লেখনী সমূহের তুলনা ব্যাখ্যাকারীদের পুরাতন নিয়ম বুঝতে সাহায্য করেছে তার কিছু নির্দিষ্ট উদাহরণ দেওয়া হল
 - ক. LXX অনুবাদক এবং পণ্ডিতদের MT বুঝতে সাহায্য করেছে
 - (১) LXX এর যিশাইয় ৫২:১৪ পদ, “যেমন অনেকে তাঁহার বিষয়ে হতবুদ্ধি হইবে।”
 - (২) MT এর যিশাইয় ৫২:১৪ পদ, “তদ্রূপ অনেকে তোমার বিষয়ে হতবুদ্ধি হইবে।”
 - (৩) যিশাইয় ৫২:১৫ পদে LXX এর সর্বনামের পার্থক্য নিশ্চিত করে
 - ক. LXX, “সেই রকমই অনেক জাতি তাঁহাতে চমৎকৃত হইবে”
 - খ. MT, “সেই রকমই তিনি অনেক জাতিকে নাড়া দেবেন”
 - খ. DSS অনুবাদক এবং পণ্ডিতদের MT বুঝতে সাহায্য করেছে
 ১. DSS এর যিশাইয় ২১:৮ পদ, “আর সেই ভবিষ্যৎ দ্রষ্টা উচ্চ শব্দ করিয়া কহিল, আমি নিরন্তর প্রহরি-দুর্গে দাঁড়াইয়া থাকি...।”
 ২. MT এর যিশাইয় ২১:৮ পদ, “এবং আমি সিংহবৎ উচ্চ শব্দ করিয়া কহিলাম, আমি দিনমানের নিরন্তর প্রহরি-দুর্গে দাঁড়াইয়া থাকি”
 - গ. LXX এবং DSS উভয়ই ব্যাখ্যা করতে সাহায্য করেছে যিশাইয় ৫৩:১১ পদ
 ১. LXX এবং DSS, “আপন প্রাণের পরিশ্রমের পরে তিনি আলোক দেখিবেন, তিনি সন্তুষ্ট হইবেন”
 ২. MT, “তিনি দেখিবেন...আপন প্রাণের পরিশ্রম, তিনি তৃপ্ত হইবেন”
 - খ. নতুন নিয়ম
 ১. গ্রীক নতুন নিয়মের ৫,৩০০ এর বেশী পাবুলিপির সমস্ত বা কিছু অংশ আজও বিদ্যমান আছে। ৮৫ টি লেখা হয়েছে

papyri-তে এবং ২৬৮ টি পাণ্ডুলিপির সবকিছু লেখা হয়েছে বড় হাতের অক্ষরে (uncials), পরবর্তীতে, প্রায় নয়শো শতকে একটি চলমান লেখনীর অতি ক্ষুদ্র পদ্ধতি উন্নয়ন করা হয়েছিল। গ্রীক পাণ্ডুলিপির লিখিত রূপের সংখ্যা প্রায় ২,৭০০। আমাদেরও প্রায় ২,১০০ আরাধনায় ব্যবহৃত বাইবেল পাঠের অনুলিপির তালিকা আছে যাকে আমরা বলি lectionaries।

২. জাদুঘরে রক্ষিত প্রায় ৮৫টি গ্রীক পাণ্ডুলিপির মধ্যে papyrus,তে লেখা নতুন নিয়মের কিছু অংশ রয়েছে। কিছু কিছু সময়কাল দ্বিতীয় শতক, কিন্তু বেশীর ভাগই হল তৃতীয় বা চতুর্থ শতকের। এই MSS এর কোনটাই সম্পূর্ণ নতুন নিয়ম ছিল না। যেহেতু এগুলো নতুন নিয়মের পুরাতন অনুলিপি যার অর্থ এই নয় যে এতে স্বয়ংক্রিয় ভাবে অল্প ভিন্নতা আছে। এর অনেকগুলো স্থানীয় ব্যবহারের জন্য দ্রুততায় অনুলিপি করা হয়েছিল। এই প্রক্রিয়া সাবধানতা ব্যবহার করা হয় নি। সেহেতু এর মধ্যে অনেক ভিন্নতা আছে।
৩. Codex Sinaiticus, যেটি ইব্রীয় অক্ষর \aleph (aleph) অথবা (০১) দ্বারা পরিচিত, সিনাই পর্বতে অবস্থিত St. Catherine's monastery তে পাওয়া গিয়েছিল Tischendorf দ্বারা। এর সময় কাল ছিল চতুর্থ শতক এবং এতে পুরাতন নিয়মের LXX এবং গ্রীক নতুন নিয়ম উভয় ছিল। এটা হল “the Alexandrian Text” এর ধরণ।
৪. Codex Alexandrinus, যেটি পরিচিত “A” বা (০২) হিসাবে, একটি পঞ্চম শতকের গ্রীক পাণ্ডুলিপি যা মিশরের আলেকজান্দ্রিয়াতে পাওয়া গিয়েছিল।
৫. Codex Vaticanus, যেটি পরিচিত “B” বা (০৩) হিসাবে, রোমের ভাটিক্যান গ্রন্থাগারে পাওয়া গিয়েছিল এবং এর সময়কাল চতুর্থ শতকের মধ্যভাগ। এতে পুরাতন নিয়মের LXX এবং গ্রীক নতুন নিয়ম উভয় ছিল। এটা হল “the Alexandrian Text” এর ধরণ।
৬. Codex Ephraemi, যেটি পরিচিত ছিল “C” বা (০৪) হিসেবে, একটি পঞ্চম শতকের গ্রীক পাণ্ডুলিপি যার আংশিক ধ্বংস হয়ে গিয়েছিল।
৭. Codex Bezae, যেটি পরিচিত ছিল “D” বা (০৫) হিসেবে, একটি পঞ্চম বা ষষ্ঠ শতকের গ্রীক পাণ্ডুলিপি। এটি ছিল যাকে আমরা বলি “The Western Text” এর প্রধান প্রতিনিধিত্বকারী। এতে অনেক সংযুক্তি এবং King James অনুবাদের মূল গ্রীক পাণ্ডুলিপি ছিল।
৮. নতুন নিয়মের MSS -কে তিনটি ভাগে ভাগ, সম্ভবত চার ভাগে ভাগ করা যায়, একই গোত্রীয় বা নির্দিষ্ট বৈশিষ্ট্য সহভাগিতা করে থাকে।

ক. মিশরের Alexandrian text

- (১) P⁷⁵, P⁶⁶ (প্রায় ২০০ খ্রীষ্টাব্দ), যা সুমাচার লিপিবদ্ধ করেছে
- (২) P⁴⁶ (প্রায় ২২৫ খ্রীষ্টাব্দ), যা পৌলের পত্রগুলো লিপিবদ্ধ করেছে
- (৩) P⁷² (প্রায় ২২৫-২৫০ খ্রীষ্টাব্দ), যা পিতর এবং যিহুদা লিপিবদ্ধ করেছে
- (৪) Codex B, একে বলা হয় Vaticanus (প্রায় ৩২৫ খ্রীষ্টাব্দ), যেখানে সম্পূর্ণ পুরাতন নিয়ম এবং নতুন নিয়ম অন্তর্ভুক্ত
- (৫) এই লেখনী ধরণ থেকে Origen উদ্ধৃতি করেছেন
- (৬) অন্য MSS যা এই \aleph , C, L, W, 33 এর লেখনী ধরণ দেখায়

খ. উত্তর আফ্রিকা থেকে পশ্চিমা লেখনী

- (১) উত্তর আফ্রিকার মন্ডলীর আদি পিতাদের উদ্ধৃতি, Tertullian, Cyprian এবং পুরাতন ল্যাটিন অনুবাদ
- (২) Irenaeus থেকে উদ্ধৃতি
- (৩) Tatian এবং পুরাতন Syriac অনুবাদ থেকে উদ্ধৃতি
- (৪) Codex D “Bezae” এই লেখনী ধরণ অনুসরণ করে

গ. Constantinople থেকে Eastern Byzantine text

- (১) এই লেখনী ধরণ প্রতিফলিত হয়েছে ৫,৩০০ MSS এর ৮০% উপরে
- (২) সিরিয়ার আন্তখিয়ার মন্ডলীর আদি পিতাদের উদ্ধৃতি, Cappadoceans, Chrysostom, এবং Therodoret
- (৩) Codex A, শুধুমাত্র সুসমাচারগুলিতে
- (৪) Codex E (অষ্টম শতক) সম্পূর্ণ নতুন নিয়মের জন্য

ঘ. সাম্রাজ্য চতুর্থ ধরণ হল “Caesarean” প্যালেস্টাইন থেকে

- (১) এটা প্রাথমিকভাবে শুধুমাত্র মার্কে দেখা যায়
- (২) এর কিছু সাক্ষী হল P⁴⁵ এবং W

II. “নিস্তর সমালোচনা” বা “পাণ্ডুলিপির লেখনী বিষয়ক সমালোচনা” এর সমস্যা এবং তত্ত্বসমূহ।

ক. কিভাবে ভিন্নতা ঘটে

১. অনিচ্ছাকৃত বা দুর্ঘটনাবশতঃ (বেশির ভাগই ঘটনার কারণ)

- ক. হাতে অনুলিখনের সময় চোখ এড়িয়ে যাওয়া যা দ্বিতীয়বার পড়ার ক্ষেত্রে দুটি একই শব্দ হয় এবং সেজন্য এর মধ্যের সমস্ত শব্দ বাদ পড়ে (homoioteleuton)
- (১) চোখ এড়িয়ে যাওয়ায় দুটি অক্ষরের শব্দ বা শব্দগুচ্ছ বাদ পড়া (haplography)
- (২) মনের ভুলে গ্রীক লেখনীর একটি শব্দগুচ্ছ বা line এর পুনরাবৃত্তি (dittography)
- খ. শোনার ভুলে মৌখিক অনুলিখনের সময়ে ভুল বানান ঘটে (itacism)। প্রায়ই এই ভুল বানান বোঝায় বা বানান করে একই রকম উচ্চারণের গ্রীক শব্দ।
- গ. প্রাচীন গ্রীক লেখনীতে কোন অধ্যায় বা পদের বিভাগ, অল্প বা কোন যতিচিহ্ন এবং শব্দের মধ্যে কোন বিভাজন ছিল না। এটা সম্ভব ছিল অক্ষরগুলোকে ভাগ করে বিভিন্ন জায়গায়তে বসিয়ে বিভিন্ন শব্দ তৈরী করা
২. ইচ্ছাকৃত
- ক. লেখনী অনুলিখনে ব্যাকরণগত রূপের উন্নয়ন করার জন্য পরিবর্তন করা হয়েছিল
- খ. অন্য বাইবেল বিষয়ক লেখনীর (harmonization of parallels) সাথে সাদৃশ্য আনার জন্য পরিবর্তন করা হয়েছিল
- গ. দুই বা ততোধিক ভিন্ন লেখনীকে সমন্বয় করে একটি দীর্ঘ সংযুক্ত লেখনী (conflation) করার জন্য পরিবর্তন করা হয়েছিল
- ঘ. লেখনীর একটি অনুভূত সমস্যা সঠিক করার জন্য পরিবর্তন করা হয়েছিল (১ করি ১১:২৭ এবং ১ যোহন ৫:৭-৮)
- ঙ. কিছু অতিরিক্ত তথ্য যেমন ঐতিহাসিক পটভূমি বা লেখনীর উপযুক্ত ব্যাখ্যা এক লিপিকার সীমা নির্ধারণ করেছেন কিন্তু অন্য লিপিকার দ্বারা লেখার মধ্যে আনা হয়েছে (যোহন ৫:৪)
- খ. লেখনী বিষয়ক সমালোচনার মৌলিক মতবাদ (যৌক্তিক নিয়মাবলী যা নির্ধারণ করে একটি লেখনীর মৌলিক অধ্যয়ন যখন ভিন্নতা বর্তমান রয়েছে)
১. সবচেয়ে অনভিপ্রেত বা ব্যাকরণগত ভাবে অস্বাভাবিক লেখনী সম্ভাবত মৌলিক
 ২. সংক্ষিপ্ত লেখনী সম্ভাবত মৌলিক
 ৩. পুরাতন লেখনীকে বেশী গুরুত্ব দেওয়া হয় কারণ এর মূলের সাথে ঐতিহাসিক নৈকট্য, অন্য সবকিছু একই রকম থাকে
 ৪. MSS এর যেগুলি ভৌগোলিকভাবে ভিন্ন সাধারণত সেগুলি মূল অধ্যয়ন আছে
 ৫. মতবাদগত ভাবে দুর্বল লেখনী, বিশেষভাবে যেগুলির পাণ্ডুলিপি পরিবর্তনের সময় কালের বৃহত্তর ধর্মতত্ত্বগত আলোচনার সাথে সম্পর্কযুক্ত, যেমন ত্রিভু ১ যোহন ৫:৭-৮ পদে মনোনীত করা হয়।
 ৬. অন্যান্য ভিন্নতায় লেখনী সবচেয়ে উত্তমভাবে ব্যাখ্যা করা যায়
 ৭. দুইটি উদ্ধৃতি যা এই সমস্যামূলক ভিন্নতার মধ্যে সমতা দেখাতে সাহায্য করে
- ক. J. Harold Greenlee's book, *Introduction to New Testament Textual Criticism*,
 “কোন খ্রীষ্টীয় মতবাদ বিতর্কিত লেখনীর উপর নির্ভর করে না; এবং নতুন নিয়মের ছাত্রদের যারা মূল থেকে অনুপ্রাণিত হওয়ার চেয়ে আরও প্রথাগত বা মতবাদগত ভাবে শক্তিশালী হতে চায় তাদের অবশ্যই সচেতন হতে হবে” (পৃ. ৬৮)
- খ. W. A. Criswell বলেছেন Greg Garrison of *The Birmingham News*– কে যে তিনি (Criswell) বিশ্বাস করেন না যে বাইবেলের সব শব্দ অনুপ্রাণিত, “অন্তত: সব শব্দ নয় যা শতকের পর শতক ধরে অনুবাদকেরা আধুনিক জনগণকে দিয়েছেন।” Criswell বলেছেন,
 “আমি নিজে লেখনীর সমালোচনায় বিশেষভাবে বিশ্বাসী। যেমন, আমি মনে করি, মার্কেসের ১৬ তম অধ্যায়ের শেষের অর্ধেক প্রচলিত মতের বিরুদ্ধ বিশ্বাস: এটা অনুপ্রাণিত নয়, এটি শুধুমাত্র সাজানো.....। যখন আপনি এইসব কিছু পুরাতন পাণ্ডুলিপিগুলোর তুলনা করবেন, মার্ক পুস্তকে এমন কিছু নেই যা পুস্তকের উপসংহার হতে পারে। কেউ একজন এটাকে যুক্ত করেছেন.....”
- SBC inerrantists এর পৃষ্ঠপোষক দাবী করেন যে, পুস্তকে সন্নিবেশিত (“interpolation”) করার প্রমাণ যোহন ৫ পদে, বৈৎসদা পুকুর পাড়ে যীশুর বিবরণ। তিনি আরও আলোচনা করেছেন যিহুদার আত্মহত্যার দুইটি ভিন্ন প্রেক্ষাপট (মথি ২৭ এবং প্রেরিত ১): Criswell, বলেছেন, “এটা শুধুমাত্র আত্মহত্যার একটি ভিন্ন দৃষ্টি।” “যদি এটি বাইবেলে থাকে তাহলে এর জন্য একটি ব্যাখ্যা রয়েছে। এবং যিহুদার আত্মহত্যার দুইটি বিবরণ বাইবেলে রয়েছে।” Criswell আরও বলেছেন, “লেখনী বিষয়ক সমালোচনা নিজেই একটি অসাধারণ বিজ্ঞান। এটি ক্ষণস্থায়ী নয়, এটা অপ্রাসঙ্গিক নয়। এটা গতিশীল এবং কেন্দ্রীয়...”
- ক. পাণ্ডুলিপির সমস্যাসমূহ (লেখনী বিষয়ক সমালোচনা)। অধিকতর অধ্যয়নের উৎসসমূহের পরামর্শ
১. *Biblical Criticism: Historical, Literary and Textual*, by R.H. Harrison
 ২. *The Text of the New Testament: Its Transmission, Corruption and Restoration* by Bruce M. Metzger,
 ৩. *Introduction to New Testament Textual Criticism*, by J. H Greenlee

- NASB** “ঈশ্বর কি কেবল বলদের কথা চিন্তা করেন”
NKJV “এটা কি বলদ যার কথা ঈশ্বর চিন্তা করেন”
NRSV “এটা কি বলগেদের বিষয় যার কথা ঈশ্বর চিন্তা করেন”
TEV “এখন, ঈশ্বর কি বলদের কথা চিন্তা করেন”
NJB “এটা কি বলদের বিষয় যে ঈশ্বর এখানে চিন্তা করেন”

৯ ও ১০ পদ দেখায় কিভাবে পুরাতন নিয়মের একটি লেখনী ব্যাণ্ড হয়েছে (অর্থাৎ, তাৎপর্য বা প্রয়োগ বর্ধিত করণে) নূতন দিনের প্রয়োজনের তাগিদে (রোমীয় ৪:২৩-২৪; ১৫:৪; ১ করি ৯:১০; ১০:৬,১১)। পুরাতন নিয়ম দেখায় জীবজন্তুর জন্য বিশেষ যত্ন (যাত্রা ২১:৩৩,৩৫; ২৭:১০-১৩; ২৩:৫,১২; দ্বি বি ৫:১৪; ২২:৪)। যীশু পরোক্ষ ভাবে জীবজন্তুর প্রতি এই যত্নের কথা উল্লেখ করেছেন (লুক ১৩:১৫; ১৪:৫, যেখানে তিনি রাবিদের নীতি “হালকা ও ভারী” প্রয়োগ করেছেন)। এটি ইঙ্গিত দেয় না যে ঈশ্বর জীবজন্তুর প্রতি যত্ন নেন না, কিন্তু তিনি লোকদের প্রতিও যত্ন নেন, এবং এই প্রসঙ্গে, সুসমাচারের কর্মীরা (১ তীম ৫:১৮)। এটি মথি ৬:২৬-৩৪ পদের মত একই রকমের। যীশু ব্যবহার করেছেন প্রকৃতিতে ঈশ্বরের যোগানের বিষয়ে জোর দিয়ে বলার একটি উপায় হিসাবে মানুষের জন্য ঈশ্বরের যোগান যারা তাঁর প্রতিমূর্তিতে সৃষ্ট। এটি ছিল প্রচলিত রাবিদের কৌশল যেটি পরিচিত ছিল “ক্ষুদ্রতর থেকে বৃহত্তর” বা “হালকা থেকে ভারী,” যেটি ছিল একটি Hillel এর নীতি (Aboth. de Rab. Nathan XXXVII এবং Tosefta Sanhedrin c. 7)। মনে রাখুন, গমলীয়েল ছিলেন পৌলের rabbinical শিক্ষক (প্রেরিত ৫:৩৪; ২২:৩)। ইব্রীয় পুস্তকের পরিশিষ্ট তিন দেখুন (rabbinical শাস্ত্র ব্যাখ্যার নীতি) www.freebiblecommentary.org এই ওয়েবসাইটে

৯:১০

- NASB** “কিন্মা তিনি কি আমাদেরই জন্য এই কথা বলছেন? হ্যাঁ, আমাদের জন্যই এটি লেখা হয়েছিল”
NKJV “কিন্মা তিনি এটি কি আমাদের জন্য বলছেন? কোন সন্দেহ নেই যে আমাদের জন্য, এটি লেখা হয়েছিল”
NRSV “কিন্মা তিনি কি আমাদেরই জন্য এই কথা বলছেন না? অবশ্যই এটি আমাদের জন্যই লেখা হয়েছিল”
TEV “যখন তিনি এই কথা বলেছেন তখন কি তিনি আমাদের জন্য বলেন নাই? অবশ্যই যে এটি আমাদের জন্যই লেখা হয়েছিল”
NJB “কিন্মা তিনি কি আমাদেরই জন্য এই কথা বলেন নাই? স্পষ্টভাবে আমাদের জন্যই এটি লেখা হয়েছিল”

বেশ কয়েকবার পৌল জোর দিয়ে বলেছেন যে পুরাতন নিয়ম লেখা হয়েছিল নূতন নিয়মের বিশ্বাসীদের জন্য একটি উদাহরণ হিসাবে (রোমীয় ৪:২৩-২৪; ১৫:৪; ১ করি ৯:১০; ১০:৬,১১)। পৌলের rabbinical প্রশিক্ষণ তাকে শিক্ষা দিয়েছিল বর্তমান পরিস্থিতিতে ব্যবস্থাকে প্রয়োগ করতে। এখানে তিনি rabbinical বিতর্ক ব্যবহার করেছেন যাকে বলা হয়েছে “হালকা এবং ভারী” অথবা “ক্ষুদ্রতর থেকে বৃহত্তর।”

দ্বি বি ২৫:৪ পদের প্রসঙ্গে এটির প্রয়োগ হয়তো অজানা এবং অপ্রয়োজনীয়। শাস্ত্র ব্যাখ্যার নীতির প্রশ্ন হল, “পৌল কি অনুপ্রাণিত লেখকদের মূল উদ্দেশ্য ব্যবহার করেছিলেন?” উত্তর স্পষ্টত, না! কিন্তু তিনি কি নীতির বৈধ প্রয়োগ ব্যবহার করেছেন? পৌল অনুপ্রাণিত ছিলেন! তিনি সত্যকে দেখেছিলেন এমন একটি স্তর থেকে যেটি আমরা পারি না! যাহোক, আমরা অনুপ্রাণিত নই, কিন্তু আত্মার দ্বারা আলোকিত। আধুনিক ব্যাখ্যাকারকেরা নূতন নিয়মের লেখকদের শাস্ত্র ব্যাখ্যা পদ্ধতির পুন-উৎপাদন করতে পারেন না। সেজন্য, এটা সবচেয়ে ভাল তাদের কথা বলতে দেওয়া, কিন্তু নিজেদেরকে সীমাবদ্ধ রাখা ঐতিহাসিক-ব্যাকরণগত প্রয়োগ থেকে, যেটি অন্বেষণ করে মূল লেখকদের উদ্দেশ্যকে একটি সিদ্ধান্তমূলক অর্থে, কিন্তু অনেক প্রয়োগকে সমর্থন করে যেগুলি মূল উদ্দেশ্যের সাথে সম্পর্কিত। বিশেষ বিষয় দেখুন, আলোকিতকরণ এবং অনুপ্রেরণা, ১ করিছীয় ২ অধ্যায়ের আরম্ভ থেকে।

৯:১১ “যদি. . যদি” উভয়ই first class conditional sentences, যেটি ধরে নেওয়া হয় লেখকের দিক থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্যের দিক থেকে সত্য বলে।

মূল প্রশ্ন হল অন্যরা কারা যারা দাবী করছে তাদের করিছীয় মন্ডলীর সাহায্য লাভের অধিকার? এরা কি ভ্রমণকারী ভক্ত শিক্ষক ছিল বা তারা যারা স্থানীয় নেতৃত্বের অংশ ছিল? এটি সম্ভবত উল্লেখ করছে অন্য স্থানীয় নেতাদের যারা মণ্ডলী যে তাদের সাহায্য করবে সে বিষয়ে অনুমতি দিত না (J. B. Phillip এর অনুবাদ)।

■ “বীজ বোনা. . . সংগ্রহ করা” পুরাতন নিয়মের কৃষিকাজের ফসল সংগ্রহের ব্যবস্থা হয়েছে একটি আত্মিক নীতি (ইয়োব ৪:৮; হিতো ২২:৮; হোশেয় ৮:৭; হগয় ১:৬; যোহন ৪:৩৭; ১ করি ৯:১১; ২ করি ৯:৬,১০; গালা ৬:৭-৯)।

■ “জাগতিক বস্ত্ত” এটি আক্ষরিক ভাবে *ta sarkika*, “মাংসগত বস্ত্ত,” কিন্তু কোন পাপময় অর্থে নয়, বরং দৈহিক অর্থে যেমন এই জগতে মানুষের বেঁচে থাকার জন্য দরকার (অর্থাৎ, জল, খাবার, আশ্রয়, পোষা-পরিচ্ছদ, ইত্যাদি, রোমীয় ১৫:২৭)।

৯:১২ “যদি” এটি আর একটি first class conditional sentence। অন্য নেতারা বস্ত্তগত সাহায্যের অধিকার (অর্থাৎ, *exousia*) অনুশীলন করছে।

■ “আমাদের কি তা আরও বেশী থাকবে না” এটি একটি পরোক্ষ উল্লেখ এই সত্যের যে পৌল এই মঞ্জুলীর সূচনা করেছিলেন। তিনি সেখানে তাদের আত্মিক পিতা ছিলেন (১ করি ৪:১৫)। এখন তারা তার আত্মিক অধিকারকে প্রত্যাখান করছে (১ করি ৯:১১,১৪; রোমীয় ১৫:২৭), কিন্তু অন্যদের অনুমতি দিচ্ছে বস্তুগত সাহায্য দাবী করতে।

■ “কিন্তু সব কিছু সহ্য করছি” এটি “ছাদ,” অর্থ “ঢাকা দেওয়া,” “গোপন করা,” বা “সহ্য করা” এর জন্য গ্রীক শব্দের একটি রূপকগত ব্যবহার (১ করি ১৩:৭)।

■ “বাধা” এটি ছিল একটি দৃঢ় সামরিক টার্ম। শব্দটি ব্যবহৃত হয়েছে কোন রাস্তা ভঙ্গ করার জন্য যেন শত্রু রাস্তাটি ব্যবহার করতে না পারে।

■ “খ্রীষ্টের সুসমাচার” টার্ম “সুসমাচার” হল আক্ষরিক ভাবে “ভাল খবর।” এর মধ্যে অন্তর্ভুক্ত বেশ কয়েকটি দিক।

১. মানুষের পাপ ও বিদ্রোহ হল প্রারম্ভিক খারাপ খবর
২. মানুষের পাপের সাথে আলোচনায় ঈশ্বরের অনুগ্রহের যোগান (অর্থাৎ, খ্রীষ্টের মৃত্যু)
৩. যে কোন লোক বা সকলের জন্য উন্মুক্ত আহবান হল ঈশ্বরের যোগান গ্রহণ করা বিশ্বাস ও মন পরিবর্তনের দ্বারা

যীশু সম্বন্ধে এই ভাল খবরে জড়িত তিনটি দিক।

১. এটি হল একজন লোককে আহবান জানানো (অর্থাৎ, যীশু)।
২. এটি হল সেই লোক সম্বন্ধে সত্য বিশ্বাস করা (অর্থাৎ, নূতন নিয়ম)।
৩. এটি হল একটি জীবন যা সেই লোককে অনুসরণ করে (অর্থাৎ, খ্রীষ্টসাদৃশ্যতার জীবন)।

যদি কেউ এই তিনটি দিককে হীনমূল্য করে তবে সুসমাচার ক্ষতিগ্রস্ত হয়!

৯:১৩ “যারা পবিত্র আরাধনার কাজ করে তারা মন্দিরের খাবার খায়” এটি উল্লেখ করছে পুরাতন নিয়মের যাজক ও লেবীয়দের (লেবীয় ৭:৬,৮-১০,১৪,২৮-৩৬; দ্বি বি ১৮:১)। পৌল একটি টার্ম ব্যবহার করেছেন যেটি সেপ্টুয়াজিন্টে ব্যবহৃত হয়েছে যাজকীয় কাজের জন্য (গণনা ৩:৭; ৮:১৫) সেই সঙ্গে সাধারণ কাজ (আদি ২:৫,১৫; ৩:২৩; ৪:২,১২; ২৯:২৭)। পৌল তার সুসমাচারের পরিচর্যাকে দেখেছিলেন যাজকীয় পরিচর্যা হিসাবে (রোমীয় ১৫:১৬)।

৯:১৪ এইভাবে প্রভু আদেশ দিয়েছেন” এটি অবশ্যই উল্লেখ করছে মথি ১০:১০ এবং লুক ১০:৭ পদে যীশুর কথা। পৌল সব সময় চেষ্টা করেছেন যীশুর শিক্ষাকে পরোক্ষ ভাবে উল্লেখ করতে তার শিক্ষার বিষয়ে যখনই সম্ভব হয়েছে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি ৯:১৫-১৮

^{১৫} কিন্তু আমি এর কিছুই ব্যবহার করি নি। আর আমার বিষয়ে যে এই রকম করা হবে সেজন্য আমি এই সব কথা লিখছি না; কারণ আমার এই গর্ব যদি কেউ নিষ্ফল করে দেয় তবে তার চেয়ে আমার মৃত্যু অনেক ভাল। ^{১৬} কারণ যদি আমি সুসমাচার প্রচার করি, আমার গর্ব করার কিছুই নেই, কারণ আমি বাধ্যতার অধীন; ঠিক আমাকে যদি আমি সুসমাচার প্রচার না করি। ^{১৭} কেননা যদি আমি স্ব-ইচ্ছায় এটা করি, তবে আমার পুরস্কার আছে; কিন্তু যদি নিজের ইচ্ছার বিরুদ্ধে চলি, তবুও আমার উপর সেই ধনাধ্যক্ষতা অর্পিত হয়েছে। ^{১৮} তাহলে আমার পুরস্কার কি? তা এই যে, যখন আমি সুসমাচার প্রচার করি, আমি যেন সেই সুসমাচার বিনামূল্যে করি, যেন সুসমাচারে আমার যে অধিকার আছে তার পূর্ণ ব্যবহার না করি। (অনুবাদকৃত টেক্সট)।

৯:১৫ “কিন্তু আমি এর কিছুই ব্যবহার করি নি” এটি একটি perfect middle indicative। পৌল কখনই করিছ থেকে সাহায্য গ্রহণ করেন নাই, সম্ভবত সেই মন্ডলীতে অনেকে ছিল যারা যে কোন বিষয় নিয়ে তাকে আক্রমণ করতো। তিনি ফিলিপি (১ করি ৪:১৫) এবং থিমলনীকীয় (২ করি ১১:৯) থেকে অর্থ গ্রহণ করেছিলেন, কিন্তু সেখানে তার অবস্থান কালে নয়, বরং পরবর্তীতে।

■ “তবে তার চেয়ে আমার মৃত্যু অনেক ভাল” সাহায্য গ্রহণ করা বা প্রত্যাখান করার সম্পর্কে কি দৃঢ় মন্তব্য। এই পয়েন্টেও ব্যাকরণগত সমস্যা রয়েছে যা কারণ হয়েছে বেশ কিছু গ্রীক পাণ্ডুলিপির পার্থক্যের। পৌল এই বিষয়ে খুব আবেগময় ছিলেন। তিনি অর্থ ও সাহায্য নিয়েছিলেন ফিলিপি থেকে (ফিলি ৪:১৫) এবং থিমলনীকীয় থেকে (২ করি ১১:৯), কেন করিছ থেকে নয়? স্পষ্টত এই কারণে যে তিনি কয়েকটি দল, বিরোধী, বা ভক্ত শিক্ষকদের দ্বারা ব্যক্তিগত ভাবে আক্রমণের শিকার হয়েছিলেন।

পৌলের চিন্তার সাময়িক বিরতি ঘটেছিল বাক্যের মধ্যবর্তী “তারপর” এর পরে। লক্ষ করুন যে কিভাবে NRSV এবং NET বাইবেল একটি স্বল্প বিরতি বসিয়েছে, যেখানে NJB বসিয়েছে দাঁড়ি, চেষ্টা করেছে ব্যাকরণগত বিরতি দেখাতে। কিভাবে এই বিরতি পরবর্তী শব্দগুচ্ছে প্রভাব ফেলেছে তা অনিশ্চিত। এটি মনে হয় তিনি জোর দিয়ে বলতে চেষ্টা করেছেন যে তিনি করিছীয় মঞ্জুলী থেকে কোন অর্থ গ্রহণ করেন নাই, কিন্তু তিনি এটি না বলা অবস্থায় ছেড়ে গেছেন! এটি একটি উচ্চতর আবেগময় প্যাসেজ। পৌল আঘাত পেয়েছেন, প্রতিক্রিয়া জানিয়েছেন, অনুন্নয় করেছেন, কেবলমাত্র শিক্ষার একটি পয়েন্টে নয়! তার জীবন প্রকাশ করেছে নীতি (অর্থাৎ, সুসমাচারের জন্য সকল, সব কিছু, সব সময়, প্রত্যেকের সাথে, ২ করি ৪:৫-১২; ৬:৩-১৩; ১১:১৬-৩৩)!

পৌলের চিঠি ব্যাখ্যা করা খুব কঠিন যখন আমাদের কাছে নাই (১) চিঠি যেটি তার কাছে রাখা হয়েছিল বা (৩) স্থানীয় অবস্থা রসম্পর্কে সুনির্দিষ্ট জ্ঞান।

৯:১৬ “যদি. . . যদি” উভয়ই third class conditional sentences, যার অর্থ সম্ভাব্য কাজ।

■ “আমি বাধ্যতার অধীন; ষিক আমাকে যদি আমি সুসমাচার প্রচার না করি” পৌল প্রচার করতে বাধ্যতা অনুভব করেছিলেন কারণ দম্বেশকের পথে খ্রীষ্টের বিশেষ আহ্বান (প্রেরিত ৯:১৫; রোমীয় ১:১৪)। তিন ছিলেন বয়স্ক যিরমিয়ের মত (যির ২০:৯)। তাকে সুসমাচার প্রচার করতেই হতো (প্রেরিত ৪:২০)।

৯:১৭ “যদি. . যদি” উভয়ই First class conditional sentences, যেটি ধরে নেওয়া হয় লেখকের দিক থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্যের জন্য সত্য বলে।

■ “আমার উপর সেই ধনাধ্যক্ষতা অর্পিত হয়েছে” এটি একটি perfect passive indicative। সুসমাচারের কর্মীদের নিয়মের বিশেষ অধিকার এবং এক দারুণ দায়িত্ববোধ রয়েছে (১ করি ৪:১; গালা ২:৭; ইফি ৩:২; কল ১:২৫)। ১ করি ৪:১ পদে ধনাধ্যক্ষতার উপরে সম্পূর্ণ নোট দেখুন।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি স্থায়ী ৮:১৯-২৩

“^{১৯} কারণ যদিও আমি সকল মানুষ থেকে স্বাধীন, তবুও আমি নিজেকে সকলের দাস করেছি, যেন অনেককে জয় করতে পারি। ^{২০} যিহুদীদের কাছে আমি যিহুদীদের মত হয়েছি, যেন যিহুদীদের জয় করতে পারি; তারা যারা ব্যবস্থার অধীনে আছে, ব্যবস্থায় অধীন না হলেও আমি ব্যবস্থার অধীন হয়েছি, যেন যারা ব্যবস্থার অধীন আমি তাদের জয় করতে পারি; ^{২১} তাদের কাছে যারা ব্যবস্থার অধীন নয়, ব্যবস্থায় অধীনদের মত, যদিও ঈশ্বরের ব্যবস্থায় নই কিন্তু খ্রীষ্টের ব্যবস্থার অধীনে হয়েছি, যেন যারা ব্যবস্থার বাইরে আছে আমি তাদের জয় করতে পারি। ^{২২} দুর্বলদের কাছে আমি দুর্বল হয়েছি, যেন আমি দুর্বলদের জয় করতে পারি; সকল লোকের কাছে আমি সব বিষয়ের মত হয়েছি, যেন আমি যে কোন উপায়ে তাদের অনেককে জয় করতে পারি। ^{২৩} আমি সব কিছু সুসমাচারের জন্য করি, যেন আমি তার সহভাগি হতে পারি। (অনুবাদকৃত টেক্সট)।

৯:১৯ “কারণ যদিও আমি সকল মানুষ থেকে স্বাধীন” এটি গুরুত্ব দিচ্ছে সঠিক খ্রীষ্টিয় স্বাধীনতার (১ করি ৯:১; ১০:২৯; গালা ৫:১৩)। মার্টিন লুথার বলেছিলেন, “একজন খ্রীষ্টিয়ান লোক সব বিষয়ের উপরে স্বাধীন প্রভু এবং কারণ অধীন নয়। একজন খ্রীষ্টিয়ান লোক হল সব বিষয়ে পরিচর্যাকারী দাস, এবং প্রত্যেকের অধীন।” ১ করি ৬:১২ পদে রোমীয় ১৪ এবং ১৫ অধ্যায় থেকে নোট দেখুন।

■ “আমি নিজেকে সকলের দাস করেছি” এটি গুরুত্ব দিচ্ছে সঠিক খ্রীষ্টিয় দায়িত্ববোধের (রোমীয় ১৪:১-১৫:১৩; ২ করি ৪:৫)। কারণ পৌল খ্রীষ্টের দাস ছিলেন, তিনি সকলের দাস ছিলেন যাদের জন্য খ্রীষ্ট পরিচর্যা করতে এসেছিলেন এবং উদ্ধার করেছিলেন, বিশ্বাসী অবিশ্বাসী উভয়েই। দেখুন বিশেষ বিষয়: দাসরূপী নেতৃত্ব ১ করি ৪:১ পদে।

■ “যেন অনেককে জয় করতে পারি” এটি হল টার্ম “লাভ করা” (অর্থাৎ, *kerdainō*)। এটি নূতন নিয়মে বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে। এই প্রসঙ্গে পৌল এই টার্মটি ব্যবহার করেছেন সুসমাচার প্রচার অর্থে (১ করি ৯:১৯, ২০, ২১, ২২ এবং ১ পিতর ৩:১)। এটি হল আমাদের সকল কাজের সঠিক সুসমাচার প্রচারের লক্ষ্য (১ করি ৯:২২-২৩)। আমাদের জীবনের প্রতিটি ক্ষেত্রে সুসমাচার প্রচারের ঐকান্তিকতা, কোন নির্দিষ্ট পদ্ধতির প্রতি নয়, যেটি হল সঠিক সমতার চাবিকাঠি খ্রীষ্টিয় স্বাধীনতা ও খ্রীষ্টিয় দায়িত্ব বোধের মধ্যে।

৯:২০ এই পদ বলছে পৌলের ঐকান্তিকতার কথা। পৌলের প্রধান চিন্তা ছিল সুসমাচার প্রচার (১ করি ৯:২০-২৩; ১০:৩১-৩৩)। সেজন্য, তিনি তীমথিয়র ত্বকছেদ করিয়েছিলেন যেন যিহুদীদের মধ্যে কাজ করতে পারে (প্রেরিত ১৬:৩), কিন্তু তীতকে করান নাই (গালা ২:৩-৫) যেন পরজাতীয়দের মধ্যে সুসমাচারের স্বাধীনতায় আপোষ না করেন।

■ “না হলেও আমি ব্যবস্থার অধীন হয়েছি” এটি বেশ কৌতূহলের যে Textus Receptus (অর্থাৎ, পশ্চিমা টেক্সট হিসাবে পরিচিত), যেটি পরিচিত এর প্রসারনতার প্রবণতার জন্য, সুস্পষ্ট মূল শব্দগুচ্ছ এতে অন্তর্ভুক্ত নয়। এটি পাওয়া যায় গ্রীক পাণ্ডুলিপি P⁴⁶, ৪, A, B, C, D*, F, G, P এবং Vulgate, Syriac, Coptic, এবং আমেরিকান অনুবাদে। আমাদের অবশ্যই মথি ৫:১৭-২০ পদে যীশুর কথার সাথে এখানে পৌলের কথার সম্পর্ক করতে হবে। পৌল মোশির ব্যবস্থার বাইরে কিছু করছিলেন না, কিন্তু দেখাচ্ছিল খ্রীষ্টে এর সত্যিকার পরিপূর্ণতা। ব্যবস্থা পরিব্রাণের কোন উপায় নয়, কিন্তু এটি এখনও (১) একটি সত্যিকার প্রকাশ এবং (২) সমাজে মানবের জন্য ঈশ্বরের ইচ্ছার প্রতিফলন। এর কাজ অগ্রসরমান পবিত্রকরণ, কিন্তু ধার্মিকগণনা করা নয়। দেখুন বিশেষ বিষয় ১ করি ৯:৯ পদে।

৯:২১ “কিন্তু খ্রীষ্টের ব্যবস্থার অধীনে হয়েছি” এটি নূতন নিয়মের একটি উপায় যিরমিয় ৩১:৩১-৩৪ পদের নূতন চুক্তির বিষয় উল্লেখের। বেশ কয়েকটি ভিন্ন ভিন্ন উপায়ে পৌল এবং যাকোব একে শব্দগুচ্ছ করেছেন (“জীবনের আত্মার ব্যবস্থা,” রোমীয় ৮:২; “খ্রীষ্টের ব্যবস্থা,” গালা ৬:২; “সিদ্ধ ব্যবস্থা, স্বাধীনতার ব্যবস্থা,” যাকোব ১:২৫ এবং ২:১২ পদ; “রাজকীয় ব্যবস্থা,” যাকোব ২:৮)।

৯:২২ “দুর্বলদের কাছে আমি দুর্বল হয়েছি, যেন আমি দুর্বলদের জয় করতে পারি” “দুর্বল” অর্থ এখানে অনিশ্চিত কারণ এই প্রসঙ্গে এটি ব্যবহার করা হয়েছে বিশদ বিষয়ের প্রতি অতিরিক্ত মনোযোগ বা কুসংস্কারাচ্ছন্ন খ্রীষ্টিয়ানদের জন্য (১ করি ৮:৭, ১০)। এটি সম্ভবত সম্পর্কিত কুসংস্কারাচ্ছন্ন পৌত্তলিকদের প্রতি (১ করি ৯:২১)। William অনুবাদ একে অনুবাদ করেছে “বিশদ বিষয়ের প্রতি অতিরিক্ত মনোযোগ,” যেটি একটি ভাল অনুবাদ। দেখুন বিশেষ বিষয়: দুর্বলতা ২ করি ১২:৯ পদে।

■ “সকল লোকের কাছে আমি সব বিষয়ের মত হয়েছি যেন আমি যে কোন উপায়ে তাদের অনেককে জয় করতে পারি” লক্ষ্য করুন “সকল” সংখ্যাটি (অর্থাৎ, pas এর রূপ) এই শব্দগুচ্ছে। পৌলের অন্তর আত্মা অত্ম কেন্দ্রিকতা থেকে রূপান্তর হয়ে সুসমাচার কেন্দ্রিক হয়েছে। খ্রীষ্টকে সেবা করার জন্য, সুসমাচারের সেবা করার জন্য, রাজ্যের সেবা করার জন্য তিনি স্বাধীন (রোমীয় ৬:১১; ৭:৪)। নমনীয়তা, ঐকান্তিকতা, এবং ভালবাসা হল পৌলের জীবন ও পরিচর্যার চূড়ান্ত দিক!

পৌলের মন সব সময় সুসমাচার প্রচারের দিকে থাকতো (রোমীয় ১১:১৪; ১ করি ১:২১; ৭:১৬; ১০:৩১-৩৩; ১ তীম ১:১৫)। যাহোক, এটা দুঃখিত ভাবে বলতে হয় যে শেষ শব্দগুচ্ছ একটি ইঙ্গিত দিচ্ছে যে বেশির ভাগ যারা তার কথা শুনেছে তারা তার বার্তার প্রতি বিশ্বাসে সাড়া প্রদান করে নাই। কেন কিছু কিছু লোক শুনেছে (আত্মিক কানে) এবং কিছু কিছু লোক শোনে নাই, এটি হল নির্বাচনের এবং স্বাধীন ইচ্ছার রহস্য!

৯:২৩ এটি হল একটি সারাংশের পদ, একটি পরিবর্তনের পদ। এটি ১ করি ৯:১৯-২২ বা ২৪-২৭ পদের সাথে যেতে পারে বা আলাদা থাকতে পারে। এই পদ কাজের দ্বারা পরিব্রাণের পক্ষ সমর্থন করছে না। পৌল সুসমাচার প্রচার করছেন বলে উদ্ধার পান নাই। তিনি এটি করছেন কারণ তিনি সুসমাচার গ্রহণ করেছেন এবং জেনেছেন এর শান্তি ও গুরুত্বের কথা।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ৯:২৪-২৭

^{২৪} তোমরা কি জান না যে দৌড়ের খেলায় যারা দৌড়ায় তারা সকলে দৌড়ায়, কিন্তু একজনই কেবল পুরস্কার পায়? তোমরা এমনভাবে দৌড়াও যেন পুরস্কার পাও। ^{২৫} যারা খেলায় যোগ দেয় তারা প্রত্যেকে সব বিষয়ে ইন্দ্রিয় দমন অনুশীলন করে। তারা এটা করে নষ্ট হয়ে যায় এমন মালা পাবার জন্য, কিন্তু আমরা তা করি নষ্ট হয় না এমন পুরস্কারের জন্য। ^{২৬} সেজন্য আমি এমন ভাবে দৌড়াচ্ছি, তবে তা বিনা লক্ষ্যে নয়; আমি এমন ভাবে মুষ্টিযুদ্ধ করছি, যেন শূন্যে আঘাত করছি না; ^{২৭} বরং আমি আমার দেহকে কষ্ট দিচ্ছি এবং আমার অধীনে রাখছি, যেন, অন্যদের কাছে সুসমাচার প্রচার করার পর, আমি নিজে অযোগ্য হয়ে না পড়ি। (অনুবাদকৃত টেক্সট)।

৯:২৫ “যারা খেলায় যোগ দেয় তারা প্রত্যেকে সব বিষয়ে ইন্দ্রিয় দমন অনুশীলন করে” পৌল দৌড়বিদদের রূপক ব্যবহার করেছেন প্রতি দুই বছর পরপর করিছে অনুষ্ঠিত Isthmian খেলা থেকে। এখানে জোর দেওয়া হয়েছে প্রতিযোগী দৌড়বিদদের সর্বোচ্চ প্রচেষ্টার উপরে, কোন ভগ্ন অন্তকরণের প্রচেষ্টা নয় (ইব্রীয় ১২:১-৩)। খ্রীষ্টিয়ানেরা পরিব্রাণ লাভের জন্য প্রতিযোগিতায় নামে না, কিন্তু তার রয়েছে পরিব্রাণের অভিজ্ঞতা।

আমরা খ্রীষ্টে ধৌড়ে জয়লাভ করেছি, এখন খ্রীষ্টের জন্য দৌড়াব!

■ “নষ্ট হয়ে যায় এমন মালা” করিন্থীয় দৌড় প্রতিযোগিতার বিজয়ীরা দেবদারুণ মালা লাভ করতেন (এথেন্সে জলপাইয়ের মালা; Delphi তে laurel এর মালা), যেটি অল্প দিনে শুকিয়ে যেত। বিশ্বাসীরা মুকুট লাভ করবেন (১) আনন্দের (১ থিষ ২:১৯); (২) ধার্মিকতার (২ তীম ৪:৮); (৩) জীবন (যাকোব ১:১২; প্রকা ২:১০); এবং (৪) গৌরবের (১ পিতর ৫:৪)। এগুলি এমন মালা যা কখনও বিবর্ণ হবে না। বিশ্বাসীদের অঙ্গীকার ও স্বতন্ত্রতা কি দৌড়বিদদের চেয়ে কম হওয়া উচিত? তারা সেই সবার জন্য আকাংখী যা দীর্ঘস্থায়ী হতে পারে না। আমরা সেই সবার আকাংখী যা কখনও বিবর্ণ হয় না!

৯:২৬-২৭ “আমি দৌড়াচ্ছি. . . আমি মুষ্টিযুদ্ধ করছি. . . আঘাত করছি” এগুলি সবই খেলাধুলার রূপক কঠোর ইন্দ্রিয় দমন এবং নিয়মানুবর্তিতার আবশ্যিকতার উদাহরণ। খ্রীষ্টিয় জীবনে কিছু নিয়ম কানুন এবং আবশ্যিকতার কিছু নেই। এটি সম্পর্কিত পুরস্কারের সাথে, পরিব্রাণের সাথে নয়। পৌল অবশ্যই তার সময়ের খেলাধুলার বিষয়গুলি উপভোগ করেছেন, তিনি প্রায়ই সেগুলিকে খ্রীষ্টিয় জীবনের জন্য রূপক হিসাবে ব্যবহার করেছেন।

বিশেষ বিষয়: পুরস্কার ও শাস্তির মাত্রা

(SPECIAL TOPIC: DEGREE OF REWARD AND PUNISHMENT)

ক. ঈশ্বরের প্রতি একটি উপযুক্ত বা অনুপযুক্ত সাড়া দান ভিত্তি করে একজনের জ্ঞানের স্তর। একজনের যত কম জ্ঞান আছে, সে ততটা কম দায়িত্ববান। বিপরীতটিও অবশ্যই সত্য (লুক ১২:৪৫)।

খ. ঈশ্বরের বিষয়ে জ্ঞান আসে দুইটি উপায়ে

১. সৃষ্টি (গীতসংহিতা ১৯; রোমীয় ১-২)

২. শাস্ত্র (গীতসংহিতা ১৯; ১১৯; যীশু, যেভাবে প্রকাশিত হয়েছেন নতুন নিয়মে)

গ. পুরাতন নিয়মের প্রমাণ

১. পুরস্কারসমূহ

ক. আদি ১৫:১ (সাধারণত সম্পর্কিত জাগতিক পুরস্কারের সাথে, জমি এবং পুত্রগণ)

খ. লেবীয় ২৬:১-১৩, দ্বি বি ২৮:১-১৪, ৫৮-৬৮ (ব্যবস্থায় বাধ্যতা আশীর্বাদ নিয়ে আসে)

গ. দানিয়েল ১২:৩

২. শাস্তি – লেবীয় ২৬:১৪-৩৯; দ্বি বি ২৭:১৫-২৬; ২৮:১৫-৩৭ (ব্যবস্থায় অবাধ্যতা অভিশাপ নিয়ে আসে)

৩. পুরাতন নিয়মের পুরস্কার দেওয়া ব্যক্তিগত, চুক্তিগত ধার্মিকতার জন্য পরিবর্তন করা হয়েছে মানুষের পাপের জন্য। এই পরিবর্তন দেখা গিয়েছে ইয়োব এবং গীতসংহিতা ৭৩ (অর্থাৎ, “দু’টি উপায়ে,” দ্বি বি ৩০:১৫, ১৯; গীতসংহিতা ১)। নতুন নিয়ম তীব্র গুরুত্ব দেয়

কাজের থেকে চিন্তার উপর (পর্কতে দেওয়া উপদেশ, মথি ৫-৭)।

ঘ. নূতন নিয়মে প্রমাণ

১. পুরস্কার (পরিত্রাণ ছাড়াও)

ক. মার্ক ৯:৪১

খ. মথি ৫:১২,৪৬; ৬:১-৪, ৫-৬,৬-১৮; ১০:৪১-৪২; ১৬:২৭; ২৫:১৪-২৩

গ. লূক ৬:২৩,৩৫; ১৯:১১-১৯, ২৫-২৬

২. শাস্তি

ক. মার্ক ১২:৩৮-৪০

খ. লূক ১০:১২; ১২:৪৭-৪৮; ১৯:২০-২৪; ২০:৪৭

গ. মথি ৫:২২,২৯,৩০; ৭:১৯; ১০:১৫,২৮; ১১:২২-২৪; ১৩:৪৯-৫০; ১৮:৬; ২৫:১৪-৩০

ঘ. যাকোব ৩:১

ঙ. আমার জন্য একমাত্র উপমা যেটি অর্থজনক তাহল মঞ্চ নাটক থেকে। আমি মঞ্চ নাটকের উপস্থাপনায় হাজির হয় নি তাই আমি তাদের বুঝতে পারি না। আমি যতই পালা, গীত, এবং নাচ এর কঠিনতা ও গভীর জটিলতা সম্পর্কে জানি, ততই আমি অভিনয়কে তারিফ করি। আমি বিশ্বাস করি স্বর্গ আমাদের পাত্র পরিপূর্ণ করবে, কিন্তু আমি মনে করি আমাদের জাগতিক সেবা পাত্রের আকারের উপর নির্ভর করে

সেজন্য, জ্ঞান এবং একটি সাড়া দান সেই জ্ঞানের ডার ফলাফল হয় পুরস্কার এবং শাস্তি (মথি ১৬:৭; লূক ১২:৪৮; ১ করি ৩:৮,১৪; ৯:১৭,১৮; গালা ৬:৭; ২ তীম ৪:১৪)। একটি আত্মিক মূলনীতি রয়েছে—আমরা যা বুঝবো তাই কাটবো! কেউ বেশি বোনে এবং বেশি কাটে (মথি ১৩:৮,২৩)।

চ. “ধার্মিকতার মুকুট” হল আমাদের যীশু খ্রীষ্টের সাধিত কাজ (২ তীম ৪:৮), কিন্তু লক্ষ্য করুন যে “জীবনের মুকুট” সম্পর্কিত পরীক্ষার সময়ে কষ্টসহিষ্ণুতার সাথে (যাকোব ১:১২; প্রকা ২:২০; ৩:১০-১১)। “গৌরবের মুকুট” খ্রীষ্টিয়ান নেতাদের জন্য যেটি সম্পর্কিত তাদের জীবনধারার সাথে (১ পিতর ৫:১-৪)। পৌল জানতেন তার একটি চিরস্থায়ী মুকুট আছে, কিন্তু তিনি অনুশীলন করতেন চরম আত্ম-নিয়ন্ত্রণ (১ করি ৯:২৪-২৭)।

খ্রীষ্টিয় জীবনের রহস্য হল যে সুসমাচার হল সম্পূর্ণ বিনামূল্যে খ্রীষ্টের সম্পন্ন কাজ, কিন্তু আমাদের খ্রীষ্টতে ঈশ্বরের উপহারের সাড়া দিতে হবে, আমাদের অবশ্যই আরও সাড়া দিতে হবে ঈশ্বরের ক্ষমতায় খ্রীষ্টিয় জীবন যাপনের জন্য। খ্রীষ্টিয় জীবন হল পরিত্রাণের মত অলৌকিক, তথাপি আমাদের এটি গ্রহণ করা এবং ধরে রাখা উচিত। বিনামূল্য-কিন্তু-সকল কিছুই-মূল্য দেওয়া হল পুরস্কার ও বপন/কাটার রহস্যের স্ববিরোধিতা।

ভাল কাজের দ্বারা আমাদের রক্ষা করা হয় নি, কিন্তু ভাল কাজের জন্য (ইফি ২:৮-১০)। ভাল কাজগুলো হলো প্রমাণ যে আমরা তাঁর সাথে মিলিত হয়েছি (মথি ৭)। মানুষের যোগ্যতা পরিত্রাণের ক্ষেত্রে ধ্বংসের দিকে নিয়ে যায়, কিন্তু ধর্মীয় জীবন ধারা পুরস্কৃত করা হয়েছে।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

৯:২৭ “আমি আমার দেহকে কষ্ট দিচ্ছি” এই টার্ম, শৃংখলা, আক্ষরিক ভাবে উল্লেখ করেছে চোখের ঠিক নিচে মুখে আঘাত করা। এটি রূপক ভাবে লূক ১৮:৫ পদে ব্যবহৃত হয়েছে।

পৌল খ্রীষ্টিয় জীবনে ইন্দ্রিয় দমন সম্বন্ধে একাধি ছিলেন। দেহ মন্দ নয়, কিন্তু এটি হল প্রলোভনের যুদ্ধক্ষেত্র। যদি বিশ্বাসীরা মাংস/দেহকে নিয়ন্ত্রণ করতে না পারে তবে এটি তাদেরকে নিয়ন্ত্রণ করবে (রোমীয় ৮:১-১১)। এটি একবারের সহজ বিজয় নয়, কিন্তু খ্রীষ্টের পক্ষে ইন্দ্রিয় দমনের দীর্ঘ মেয়াদী ম্যারাথন দৌড়। ইন্দ্রিয় দমন হল গালা ৫:২৩ পদের আত্মার ফলের চূড়ান্ত গুণাবলী।

টার্ম “দেহ” (*sōma*) পৌলের সমস্ত ব্যক্তিত্বকে উল্লেখ করেছে। এটি মানুষের তিনটি দিকের একটি নয়। এটি প্রায়ই পরিপূর্ণ মানুষের উল্লেখ করে (১ করি ৭:৪; ১৩:৩; রোমীয় ১২:২; ফিলি ১:২০)। বাইবেলে মানুষকে একটি একক হিসাবে উপস্থিত করেছে(আদি ২:৭), দুই ভাগের বা তিন ভাগের নয় (George E. Ladd, *A Theology of the New Testament*, pp. 464-466)। ১ করি ৭:৩৪ পদের পরিপূর্ণ নোট দেখুন।

NASB, NKJV “যেন. . . আমি নিজে অযোগ্য হয়ে না পড়ি”

NRSV “আমি নিজে যেন অযোগ্য হয়ে না পড়ি”

TEV “নিজেকে যেন অযোগ্য হওয়া থেকে রক্ষা করি”

NJB “আমি, নিজে অযোগ্য হয়ে যেতে পারি”

এই টার্ম “অযোগ্য হয়ে পড়া” একটি রূপক খেলাধুলার নিয়ম ভেঙ্গে ফেলার সাথে সম্পর্কিত এবং সেজন্য প্রতিযোগিতায় জয় লাভের জন্য অযোগ্য হয়ে পড়া (১ তীম ৬:১২; ২ তীম ৪:৭)। এটি যে মূল থেকে এসেছে তাহল “পরীক্ষা করা” অনুমোদনের দৃষ্টিভঙ্গি নিয়ে (অর্থাৎ, *dokimazōi*), কিন্তু *alpha privative* সহ, যেটি একে বাতিল করে (২ করি ১৩:৫)।

এটি পৌলের পরিব্রাজনের কথা উল্লেখ করছে না (যদিও এটি ২ তীম ৩:৮ পদে এই অর্থে ব্যবহৃত হয়েছে); এমনকি যদিও পূর্ববর্তী প্যারাফ্রাফকে মনে হয় (১ করি ৯:১৯-২৩)। এটি পৌলের আরও অনেক মতবাদগত প্যাসেজকে লংঘন করবে, বিশেষ করে রোমীয় ও গালাতীয়। তিনি এই প্যারাফ্রাফে তার ভয়ের কথা আলোচনা করেছেন শংখলার মধ্যে না থাকা ও সুসমাচারের ঘোষনাকারী হিসাবে প্রত্যাখিত হবার। নূতন নিয়ম অনেকের কথা লিপিবদ্ধ করেছে যারা অযোগ্য হয়েছে (১ করি ১৫:১২; ১ তীম ১:২০; ২ তীম ৪:১০)। পৌল চাইতেন ধর্মান্তরিতদের ও মন্ডলীর কাছ থেকে সুসমাচার প্রচারের ফল।

গ্রীক খেলাধুলার জন্য যুবকদের প্রশিক্ষণের বিষয় উল্লেখিত হয়েছে (১) *Ars Poetica*, 412 এবং (২) *Ad Martyres*, 3। এতে অর্ডভূক্ত ১০ মাসের দৈহিক, খাদ্য সম্বন্ধে, এবং সামাজিক বিধিনিষেধ এবং নিয়মিত জীবন যাপন পদ্ধতি একত্র প্রচেষ্টা। তথাপিও আর একটি বৈধ উপায় আছে এই লেখনীকে দেখার (*Hard Sayings of the Bible*, by Kaiser, Davids, Bruce and Branch):

“এই রকম লেখায় লেখক সমগ্র নূতন নিয়মের পাওয়া সুসমন্বিত আঘাত করেছেন। নূতন নিয়মের লেখকেরা লিখেছেন খ্রীষ্টের অনুগ্রহের অভিজ্ঞতায় এবং দৃঢ় বিশ্বাসে যে তারা তাদের স্বর্গের মহান উত্তরাধিকারের পথে আছেন। এই একই সময়ে, তারা এই চিন্তা নিয়ে লিখেছেন যে তারা বা তাদের পাঠকেরা ধর্মত্যাগ করতে পারে এবং এইভাবে তারা যা ইতিমধ্যে লাভ করেছে তা হারাতে পারে। তাই যতদিন লোকেরা খ্রীষ্টকে অনুসরণ করে, সেজন্য নূতন নিয়মের লেখকেরা কখনও কোন আশা প্রকাশ করেন নাই যে অনুতাপ ছাড়া এই ধরণের লোকেরা স্বর্গে প্রবেশ করতে পারবে। এটি আতিশয়োক্তি, কিন্তু সুন্দর উৎপাদন নয়, এক ধরণের উত্তেজনা দেখা গিয়েছে পৌল, (১ করি ৯:২৭; গালা ৫:২, ৭-১০; ফিলি ৩:১২; ২ তীম ৪:৭, কখনও কখনও তার নিজের জীবনের উত্তেজনা নিয়ে কথা বলেছেন এবং কখনও কখনও অন্যদের জন্য তার দুশ্চিন্তার কথা বলেছেন), যাকোব (যাকোব ৫:২০, চিঠির উদ্দেশ্য ‘মৃত্যু [একজন পাপী, অর্থাৎ একজন বিশ্বাসী যে জগতের প্রতি ফিরেছে] থেকে রক্ষা করা’) যিহূদা (যিহূদা ২৩) এবং যোহন (১ যোহন ৫:১৬-১৭ KJV, জোর দেওয়া হয়েছে লোকদের জন্য প্রার্থনা করার উপরে তাদের ‘মৃত্যু জনক পাপ’ করার পূর্বে)। আজকের পাঠকদের আহবান জানানো হয়েছে সতর্কবাপীর প্রতি মনোযোগ দেবার জন্য এবং ‘সেই সব অনুকরণ করা যার মধ্যে বিশ্বাস ও ধৈর্য উত্তরাধিকার সূত্রে আসে যা প্রতিজ্ঞা করা হয়েছে’ (ইব্রীয় ৬:১২) যেন লেখকেরা এভাবে আমাদের বলতে পারেন, ‘তোমার ক্ষেত্রে উত্তম বিষয়ে আমরা স্থির যা পরিব্রাজনের সহবর্তী’” (পৃ...৬৮৩)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. কিভাবে ৯ অধ্যায় ৮ অধ্যায়ের সাথে সম্পর্কিত?
২. মণ্ডলী থেকে সাহায্য বা অর্থ গ্রহণ করা কি প্রচারকের জন্য উপযুক্ত? যদি তাই হয়, তাহলে পৌল কেন মণ্ডলীকে অনুমতি দেন নাই তাকে সাহায্য করার?
৩. কিভাবে পৌল ভিন্ন ভিন্ন দলের সাথে ভিন্ন ভিন্ন ভাবে কাজ করেছেন এবং ভুল বলে বিবেচিত হন নাই?
৪. ২৪-২৭ পদে খেলাধুলার রূপকে জোর দেওয়া হয়েছে। কিভাবে এই রূপক আমাদের খ্রীষ্টিয় জীবনে প্রযোজ্য?

১ করিন্থীয় ১০
(1 CORINTHIANS 10)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
				ভ্রান্ত দেবতাদের কাছে খাবার উৎসর্গ (৮:১-১১:১)
প্রতিমাপূজার বিরুদ্ধের সতর্কবাণী	পুরাতন নিয়মের উদাহরণ	অতি-আত্মবিশ্বাসের বিরুদ্ধে সতর্কবাণী	প্রতিমার বিরুদ্ধে সতর্কবাণী হিসাবে অধিকার	ইস্রায়েলের ইতিহাস থেকে শিক্ষা ও সতর্কবাণী
১০:১-১৩	১০:১-১৩	১০:১-৫ ১০:৬-১৩	১০:১-৫ ১০:৬-১০ ১০:১১	১০:১-১৩
	প্রতিমাপূজা থেকে পলায়ন	প্রয়োগ: আবার প্রতিমার কাছে উৎসর্গ	১০:১২-১৩	উৎসর্গের ভোজ: প্রতিমার সাথে কোন আপোষ নয়
১০:১৪-২২	১০:১৪-২২	১০:১৪-২২	১০:১৪-১৭ ১০:১৮-২২	১০:১৪-২২
সব কিছু ঈশ্বরের গৌরবের জন্য কর	সব কিছু ঈশ্বরের গৌরবের জন্য	নীতি: আমাদের স্বাধীনতা ও দায়িত্ব বোধ অন্যদের জন্য		প্রতিমার কাছে উৎসর্গ করা খাবার: বাস্তব সমাধান
১০:২৩-১১:১	১০:২৩-১১:১	১০:২৩-৩০	১০:২৩-২৪ ১০:২৫-২৬ ১০:২৭-২৯ ১০:২৯-৩০ ১০:৩১-১১:১	১০:২৩-১১:১

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যায়টি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

১০:১-১১:১ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. ৮ অধ্যায় থেকে ১০ অধ্যায় অখণ্ড ভাবে সম্পর্কিত তাদের প্রচেষ্টায় ভালবাসায় খ্রীষ্টিয় স্বাধীনতা বনাম খ্রীষ্টিয় দায়িত্ববোধের আলোচনায় সুসমতা আনতে। পৌল কর্ণোর নিয়মের দিকে লক্ষ্য রাখেন নাই, কিন্তু পরস্পরের মধ্যবর্তী সম্পর্কের অগ্রগণ্যতার উপরে যা বিশ্বাসীদের সবল করেছে এবং অবিশ্বাসীদের যীশুর কাছে আকর্ষণ করেছে।
- খ. পৌলের প্রভুর ভোজের আলোচনা, শুরু হয়েছে ১ করি ১০:১ ৪পদে এবং ক্রমাগত এগিয়ে চরেছে ১ করি ১০:২ পদ পর্যন্ত, এটি হল ১ করি ১১:১৭-৩৪ পদের সম্পূর্ণ আলোচনার পূর্বছায়া।
- গ. পৌল সম্ভবত ১ করি ১০:১৪-২২ পদে “দুর্বল” বিশ্বাসীদের উদ্দেশ্যে এবং ১ করি ২৩-৩৩ পদে “সবল” বিশ্বাসীদের উদ্দেশ্যে বলেছেন। যদি এটি কার্ণামো না হয়, যে কেউ অবাধ হতে পারেন যে কিভাবে এই দুটি প্যারাগ্রাফ একটি অন্যটির বিরোধিতা করেছে না: ১ করি ১০:১৪-২২, উৎসর্গের খাবার খেয়ো না; ১ করি ১০:২৩-৩৩, খাও যদি প্রশ্ন বিদ্ধ না হয়। সম্ভবত প্রথমটি উল্লেখ করেছে পৌলিক মন্দিরে প্রকাশ্য খাওয়া-দাওয়া এবং দ্বিতীয়টি ঘরে ব্যক্তিগত ভাবে খাওয়া।
- ঘ. The United Bible Societies' *Handbook on Paul's First Letter to the Corinthians*, by Ellingworth and Hatton ১ করি ১০:১-১৩ পদের একটি চমৎকার রূপরেখা রয়েছে।
 “সাধারণ কার্ণামো এই রকম:
 I. ভূমিকা-১ পদ
 II. ইতিবাচক দিকসমূহ
 ক. পুরাতন নিয়ম থেকে চারটি ইতিবাচক উদাহরণ-১-৪-শেষ উদাহরণটি প্রসারিত হয়েছে ৪ পদের মধ্যে।
 খ. ইতিবাচক উদাহরণ থেকে উপসংহার টানা হয়েছে-৫ পদ।
 গ. পাঠকদের প্রতি প্রয়োগ-৬ পদ।
 III. নেতিবাচক দিকসমূহ।
 ক. পুরাতন নিয়ম থেকে পাঁচটি নেতিবাচক উদাহরণ-৬-১০ পদ।
 খ. পাঠকদের প্রতি প্রয়োগ-১১-১৩ পদ।
 শব্দ সব ১-৪ পদের মধ্যে পাঁচবার পুনরাবৃত্তি করা হয়েছে, যে সত্যের প্রতি মহা গুরুত্ব দান করা হয়েছে তাহল ইস্রায়েলের সব লোক ঈশ্বরের সুরক্ষার এবং আশীর্বাদের অংশীদার মহা প্রস্থানের সময়ে এবং পরবর্তীতে মরুভূমিতে ঘুরে বেড়ানোর বছরগুলিতে। সব তুলনা যার বেশির ভাগ ৫ পদে এবং তার মধ্যে কিছু কিছু, যেগুলি ৭-১০ পদের মধ্যে চার বার পুনরাবৃত্তি করা হয়েছে” (পৃ...২১৪)।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি স্থায়ী ১০:১-৫

^১ কারণ ভাইয়েরা, আমি চাই না তোমরা অজ্ঞাত থাক, যে আমাদের পূর্ব পুরুষেরা সকলে সেই মেঘের নিচে ছিলেন এবং সকলে লোহিত সাগরের মধ্য দিয়ে গিয়েছিলেন; ^২ এবং সকলে মোশির উদ্দেশ্যে মেঘে ও সমুদ্রে বাণ্ডাজিত হয়েছিলেন; ^৩ এবং সকলে একই আত্মিক খাবার খেয়েছিলেন; ^৪ আর একই আত্মিক পানীয় সকলে পান করেছিলেন, কারণ তারা এমন এক আত্মিক পাথর থেকে পান করতেন যা তাদের সঙ্গে সঙ্গে যাচ্ছিল; এবং সেই পাথর ছিলেন খ্রীষ্ট। ^৫ তবুও তাদের বেশির ভাগ লোকের উপরে ঈশ্বর সম্ভষ্ট ছিলেন না; সেজন্য তারা প্রান্তরে পতিত হয়েছিল। (অনুবাদকৃত টেক্সট)।

১০:১ “কারণ ভাইয়েরা, আমি চাই না তোমরা অজ্ঞাত থাক” এই শব্দগুচ্ছ একটি সাহিত্য কৌশল যেটি পৌল উপসংহারে ভূমিকাতে প্রায়ই ব্যবহার করতেন (রোমীয় ১:১৩; ১১:২৫; ১ করি ১০:১; ১২:১; ২ করি ১:৮; ১ থিম ৪:১৩)।

■ “আমাদের পূর্ব পুরুষেরা” এটি প্রতিফলিত করে (১) মন্ডলীর মধ্যে বিশ্বাসী যিহুদী উপাদান বা (২) নূতন নিয়মের পরজাতিয়েরা স্বাভাবিক জলপাই গাছ, ইস্রায়েলীয়দের সাথে যুক্ত হয়েছে (রোমীয় ১০; গালা ৬:১৬), এবং এখন খ্রীষ্টে এক (ইফি ২:১১-৩:১৩)।

■ “সকলে. . . সকলে” এই ব্যাপকতর টার্ম (অর্থাৎ, *pantes*) ১ করি ১০:১ পদে দু’বার এবং ১ করি ১০:১০:২,৩ ও ৪ পদে একবার করে ব্যবহৃত হয়েছে। এটি একটি উপায় ঈশ্বরের অনুগ্রহের এবং বিচারের অভিজ্ঞতায় সকল ইস্রায়েলীয়দের একতায় গুরুত্ব দানের, যাকে বলা হয়েছে প্রান্তরে ভ্রমণরত সময়কাল (অর্থাৎ, গণনা)।

■ “মেঘ” এটি উল্লেখ করে YHWH এর উপস্থিতির অদ্বিতীয় প্রতীক। রাব্বিরা একে বলে থাকেন গৌরবের *shekinah* মেঘ (যাত্রা ১৩:২১-২২, ১৪:১৯)। ইব্রীয় শব্দ *shekinah* অর্থ “সাথে বাস করা।” এই বিচারের সময়কালে YHWH তাঁর লোকদের সাথে ছিলেন যে রকম ঘনিষ্ঠ এবং তত্ত্বাবধানকারীর মত যে রাব্বিরা একে বলতে শুরু করেছিলেন YHWH এবং ইস্রায়েলীয়দের মধ্যকার “মধুচন্দ্রিমা” এর কাল।

■ “সকলে সাগরের মধ্য দিয়ে গিয়েছিলেন” এটি YHWH এর লোহিত সাগর বিভাগকরণের পরোক্ষ উল্লেখ (আক্ষরিক ভাবে “নলখাগড়া” বা “আগাছা”)। আজকে পন্ডিতির অনিশ্চিত যে আসলে এখানে কোন নির্দিষ্ট জলরাশির কথা উল্লেখ করা হয়েছে। পুরাতন নিয়মে এই একই টার্ম, *yam suph* ব্যবহৃত হয়েছে উল্লেখ করতে (১) Aqaba উপসাগর (যাত্রা ২১:৪; দ্বি বি ২:১; ১ রাজা ৯:২৬; যির ৪৯:২১) বা (২) ভারত মহাসাগর। দৃশ্যত এটি উল্লেখ করছে দক্ষিণের রহস্যময় জলরাশির কথা। এটা বেশ কৌতূহলের যে “জল” কে আদি ১ অধ্যায়ে বলা হয় নাই যে ঈশ্বর সৃষ্টি করেছেন। প্রায়ই মেসোপটেমিয়ার সৃষ্টির পৌরাণিক কাহিনি জলের কথা বলেছে (অর্থাৎ, লবণ এবং সতেজতা) দেবতা হিসাবে যিনি মানুষের ধংস কামনা করতেন। তাঁর লোকদের উদ্ধার করেছেন জলের বিশৃঙ্খলা ও পরাজয় থেকে।

বিশেষ বিষয়:লোহিত সাগর (BDB 410 CONSTRUCT BDB 693 I)

{{(SPECIAL TOPIC: THE RED SEA (BDB 410 CONSTRUCT BDB 693 I)}}

I. নাম

ক. আক্ষরিক নামটি হল *Yam Suph*.

১. “আগাছার সাগর” বা “নল খাগড়ার সাগর” (মিশরীয় মূল)

২. “শেষ প্রান্তের সাগর (জগতের) (Semitic মূল)

খ. এটি উল্লেখ করতে পারে

১. লবণাক্ত জল, ১ রাজা ৯:২৬ (সূফ সাগর); যোনা ২:৫ (ভূমধ্য সাগর)

২. বিশুদ্ধ জল, যাত্রা ২:৩; যিশা ১৯:৬

গ. সেপ্টুয়াজিট হল প্রথম অনুবাদ একে বলেছে “লোহিত সাগর।” সম্ভবত এই অনুবাদকেরা একে ইদোম সাগর (লাল) এর সাথে সম্পর্কযুক্ত করছিলেন। এই নামটি স্থায়ী হয়েছে হয়েছে লাতিন Vulgate দ্বারা এবং পরবর্তীতে কিং জেমস এর ইংরেজী অনুবাদে।

II. অবস্থান

ক. সেখানে বেশ কয়েকটি জলাধারের বিষয়ে উল্লেখ করা হয়েছে এই নাম দ্বারা।

১. মিশর এবং সিনাই উপদ্বীপের মধ্য দিয়ে বয়ে যাওয়া ১৯০ মাইল দীর্ঘ সংকীর্ণ জলের ধারা (সুয়েজ উপসাগর)

২. সিনাই উপদ্বীপ এবং আরবের মধ্য দিয়ে বয়ে যাওয়া ১১২ মাইল দীর্ঘ জলের ধারা (সূফ সাগর)

খ. এটি সম্পর্কিত হতে পারে উত্তর পূর্ব অংশের অগভীর জলাভূমি অঞ্চল Tanis, Zoan, Avaris, Rameses এর কাছাকাছি নীল নদের ব-দ্বীপ অঞ্চল, যেটি Lake Menzaleh (জলাভূমি অঞ্চল)এর দক্ষিণ তীরবর্তী এলাকা।

গ. এটি হতে পারে ব্যবহার করা হয়েছে রূপকভাবে দক্ষিণের রহস্যময় জলের সাথে, প্রায়ই শেষে সাগর ব্যবহার করা হয়েছে (জগতের)। এর অর্থ এটি উল্লেখ করতে পারে:

১. আধুনিক লোহিত সাগর (সুয়েজ উপসাগর বা সূফ সাগর, ১ রাজা ৯:২৬)

২. ভারত মহাসাগর (Herodotus 1.180)

৩. পারস্য উপসাগর (Josephus)

III. গণনা ৩৩ অধ্যায়ের *Suph*

ক. গণনা ৩৩:৮ পদে জলাধার যেটি অলৌকিক ভাবে বিভাজন করা হয়েছিল তাকে বলা হয় *suph* (BDB 693 I, “নল খাগড়া” বা “আগাছা”)।

খ. গণনা ৩৩:১০,১১ পদে বলা হয়েছে ইস্রায়েল জাতি *yam suph* এর কাছে তার স্থাপন করেছিল (নল খাগড়া/আগাছার সাগর)।

গ. সেখানে দুটি ভিন্ন জলাধারের রয়েছে।

১. প্রথমটি লোহিত সাগর নয় (সুয়েজ উপসাগর)

২. দ্বিতীয়টি সম্ভবত লোহিত সাগর (সুয়েজ উপসাগর)

ঘ. *suph* টার্মটি পুরাতন নিয়মে ব্যবহার করা হয়েছে তিনটি উপায়ে।

১. YHWH এর দ্বারা বিভাজিত জলাধার ইস্রায়েল জাতিকে পার হওয়া সুযোগ করে দিতে, কিন্তু মিশরীয় সৈন্যদের ডুবিয়ে দিয়েছিল

২. লোহিত সাগরের (সুয়েজ উপসাগর) উত্তর-পশ্চিমাংশের বিস্তৃতি

৩. লোহিত সাগরের (সুফ উপসাগর) উত্তর-পূর্বাংশের বিস্তৃতি
- ঙ. *Yam suph* সম্ভবত “নল খাগড়ার সাগর” বোঝায় না কারণ
১. লোহিত সাগরে (লবণাক্ত পানি) কোন নল খাগড়া (papyrus) নেই
২. অনুমিত মিশরীয় শব্দতত্ত্ব উল্লেখ করে একটি ভূমি, একটি জলাশয় নয়
- চ. *Suph* আসতে পারে Semitic মূল “শেষ” থেকে (BDB 692) এবং উল্লেখ করতে পারে রহস্যময় অজ্ঞাত দক্ষিণ দিকের জলাধার (দেখুন Bernard F. Batts, “Red Sea or Reed Sea? What Yam Suph Really Means” in *Approaches to the Bible*, vol. 1, pp. 291-304)।

Copyright © 2014 [Bible Lessons International](#)

১০:২ “মোশির উদ্দেশ্যে বাণ্ঠাজিত হয়েছিলেন” গ্রীক পাল্লিপি passive voice (অর্থাৎ, MSS κ , A, C, D) এবং middle voice (অর্থাৎ, MS B) মধ্যে পার্থক্য করেছে। এটি আমার কাছে মনে হয় middle voice প্রসঙ্গকৃত ভাবে গুরুত্ব দানের উপযুক্ত ইস্রায়েলীয়দের ইচ্ছাকৃত ভাবে মোশিকে অনুসরণের সিদ্ধান্ত এবং ঐতিহাসিক সত্য যে যিহূদী ধর্মে গ্রীকদের বাণ্ঠি ছিল আত্ম শাসিত। এটি একটি অস্বভাবিক শব্দগুচ্ছ, নূতন নিয়মের কেবল এখানেই পাওয়া যায়। এটি ইঙ্গিত দেয় একটি সমান্তরাল দায়িত্ব বোধ এবং সুযোগ সুবিধা মোশির নিয়মের মধ্যে, এবং আমাদের খ্রীষ্টে নূতন নিয়মের মধ্যে; উভয়ই ঈশ্বর থেকে এবং কোন না কোন ভাবে একই রকমের। এখানে বাণ্ঠি যে অনুসরণ করে তার প্রতিক হিসাবে ব্যবহৃত হয়েছে।

রাব্বিদের ঐতিহ্য রয়েছে যেটি আমাদের পিছনে Hillel এর কাছে নিয়ে যায় (b Ker 9a; bYeb 46a) যেটি সম্পর্কিত গ্রীকদের লোহিত সাগরে বাণ্ঠিমের ঘটনার সাথে। দেখুন Richard N. Longenecker, *Biblical Exegesis in the Apostolic Period*, pp. 102-103।

১০:৩ “আত্মিক খাবার” এটি উল্লেখ করছে মান্না (যাত্রা ১৬) এবং ভারুই পাখী উভয়ই (যাত্রা ১৬:১৩; গণনা ১১:৩১-৩২), যেটি ছিল ঈশ্বরের অলৌকিক ভাবে যোগান দান প্রান্তরে ভ্রমণরত সময়ে।

১০:৪ “একই আত্মিক পানীয়” এটি উল্লেখ করছে অলৌকিক ভাবে জলের যোগান দান (যাত্রা ১৭:৬; গণনা ২০:৮ পদ থেকে কয়েকটি পদ)।

■ “তারা এক আত্মিক পাথর থেকে পান করতেন” পুরাতন নিয়মে পাথর হল YHWH এর একটি উপাধি যেটি জোর দিত তাঁর সবলতা ও স্থায়ীত্বের উপরে (দ্বি বি ৩২:৪, ১৫; গীত ১৮:২; ১৯:৪)। এটি আরও ব্যবহৃত হয়েছে ধংসকারী শক্তি হিসাবে Messianic রাজ্যকে (দানি ২:৪৫)।

■ “যা তাদের সঙ্গে সঙ্গে যাচ্ছিল” এটি মনে হয় উল্লেখ করছে rabbinical উপকথা যার ভিত্তি যাত্রা ১৭:৬ এবং গণনা ২০:১১ থেকে কয়েকটি পদ, যেখানে পাথর ইস্রায়েলীয়দের সঙ্গে সঙ্গে যাচ্ছিল এবং আর এই পাথর ছিলেন মশীহ। এই ঐতিহ্য সুনির্দিষ্ট ভাবে উল্লেখিত হয়েছে কোরানে।

■ “এবং সেই পাথর ছিলেন খ্রীষ্ট” এটি হল একটি typology নমুনা তত্ত্ব (পাথরের ব্যক্তিরূপ আসতে পারে গণনা ২১:১৭ বা দ্বি বি ৩২:৪, ১৫, ১৮, ৩০ পদ, গণনা ২১ অধ্যায়ের Targum Onkelos)। ঈশ্বর যোগান দিয়েছেন জীবন দান কারী জল প্রান্তরের ভ্রমণকালীন সময়ে। পৌল একটি উপমা দেখেছেন তখন ঈশ্বরের যোগান ও এখন ঈশ্বরের জীবন দান কারী যোগান। পৌলের ধর্মতত্ত্ব খ্রীষ্টকে দেখেছে পূর্ব অস্তিত্বধারী হিসাবে এবং জীবন ও আশীর্বাদে পিতার প্রতিনিধি হিসাবে। যীশু সব সময়ই পিতা ঈশ্বরের সম্পূর্ণ যোগান এবং মহান আশীর্বাদ।

১০:৫ “ভবুও” এটি হল গ্রীক *alla*, যেটি দেখায় একটি দৃঢ় তুলনা। দেখুন প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি, ঘ।

■ “তাদের বেশির ভাগ লোকের উপরে ঈশ্বর সন্তুষ্ট ছিলেন না” এটি একটি মনোযোগ-আকর্ষক ব্যঙ্গক্তি: সেই প্রজন্মের দুই ভাগ সকলে মারা গিয়েছিলেন। যারা ২০ বছর বয়সের নীচে ছিল (অর্থাৎ, সামরিক বাহিনীতে যোগ দেবার মত বয়স হয়নি) এবং যিহোশূয় ও কালেব (অর্থাৎ, দুই জন চর যারা ইতিবাচক সংবাদ এনেছিল) প্রতিজ্ঞাত দেশে প্রবেশ করেছিল (যিহূদা ১:৫)।

■ “তারা প্রান্তরে পতিত হয়েছিল” এই শব্দটি ইঙ্গিত করছে তাদের অস্থি মরুভূমির পথে ছড়িয়ে পড়েছিল (গণনা ১৪:১৬)। তারা ঈশ্বরের মনোনীত লোক ছিল, কিন্তু তিনি তাদের অবিশ্বাসের বিচার করেছিলেন। এই পুরাতন নিয়মের বিশ্বাসীরা ঈশ্বরের অলৌকিক ভাবে যোগান দেখেছিল। তারা তাঁর ইচ্ছা জানতো তাদের ঈশ্বর দত্ত নেতার মাধ্যমে (অর্থাৎ, মোশি, হারণ, এবং মিরিয়াম), তথাপি তারা এখনও অবিশ্বাসীদের ও বিদ্রোহীদের মত কাজ করছিল (ইব্রীয় ৩-৪)।

পৌল কেবলমাত্র ইন্দ্রিয় দমনে তার নিজের উদ্যমী প্রচেষ্টার বিষয়ে মন্তব্য করেছেন (১ করি ৯:২৪-২৭)। ১১ অধ্যায়ে তিনি তাদের পরোক্ষ ভাবে উল্লেখ করেছেন যারা চেষ্টা করে ধর্মতাত্ত্বিক জ্ঞানকে ঈশ্বর ভক্তির জীবন পদ্ধতি থেকে আলাদা করতে (অর্থাৎ, Gnostics এবং অন্যান্য মেধাগত লোকেরা)। এমনকি সহভাগিতায় একত্রে খাবার (অর্থাৎ, *agape* ভোজ) খেতে পারে না ঈশ্বর বিহীন বিশ্বাসীরা (১ করি ১১:২৭-৩২)। দৈহিক মৃত্যু হতে পারে জাগতিক, ঐশ্বরীক দন্ড ভোগ অব্যাহা বিশ্বাসীদের দ্বারা।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ১০:৬-১৩

^৬ এই সব বিষয় আমাদের জন্য দৃষ্টান্ত স্বরূপ ঘটেছিল, যেন তারা যেমন করেছিলেন তেমনই আমরা মন্দ বিষয়ের প্রতি আকাংখী না হই। ^৭ তোমরা প্রতিমাপূজক হয়ো না, যেমন তাদের মধ্যে অনেকে হয়েছিল; যেমন লিখিত আছে, “লোকেরা খাওয়া-দাওয়া আর পান করতে বসল, পরে খেলা করার জন্য উঠল।” ^৮ আমরা যেন তাদের মত ব্যভিচার না করি, যেমন তাদের মধ্যে অনেক লোক ব্যভিচার করেছিল, এবং এক দিনে তেইশ হাজার লোক মারা গিয়েছিল। ^৯ আমরা যেন প্রভুর পরীক্ষা না করি, যেমন তাদের মধ্যে অনেকে করেছিল, এবং সাপের দ্বারা বিনষ্ট হয়েছিল। ^{১০} তোমরা বচসা করো না, যেমন তাদের মধ্যে অনেকে বচসা করেছিল, বিনষ্টকারীর দ্বারা বিনষ্ট হয়েছিল। ^{১১} এই সব বিষয় তাদের প্রতি দৃষ্টান্ত স্বরূপ ঘটেছিল, এবং সেগুলি আমাদের চেতনা দেবার জন্য লেখা হয়েছে, যাদের উপরে যুগের শেষ এসে পড়েছে। ^{১২} এইজন্য যদি কেউ মনে করে সে দাঁড়িয়ে আছে তবে সে সাবধান হোক যেন পড়ে না যায়। ^{১৩} মানুষের কাছে যা সহনীয় তেমন পরীক্ষা ছাড়া আর অন্য কোন পরীক্ষা তোমাদের উপর ঘটে নি; আর ঈশ্বর বিশ্বাসযোগ্য, সহ্যের অতিরিক্ত পরীক্ষা তিনি তোমাদের উপর হতে দেবেন না, বরং পরীক্ষার সংগে সংগে তা থেকে বের হয়ে আসবার একটা পথও তিনি করে দেবেন যেন তোমরা তা সহ্য করতে পার। (অনুবাদকৃত টেক্সট)।

১০:৬ “এখন” NRSV, TEV, এবং JB এই পয়েন্টে চিহ্নিত করেছে প্যারাগ্রাফ বিভাগকে দেখাতে যে ঐতিহাসিক উপমা থেকে বর্তমান প্রয়োগে উত্তরণের।

■ “এই সব বিষয় আমাদের জন্য দৃষ্টান্ত স্বরূপ ঘটেছিল” গ্রীক টার্ম *tupoi*, “দৃষ্টান্ত,” (singular *tupos*) এর রয়েছে একটি ব্যাপক semantical ক্ষেত্র। এটি ছিল একটি আঘাতের দ্বারা রয়ে যাওয়া চিহ্ন। এটি উল্লেখ করতে পারে দৈহিক প্রহার (মথি ২৪:৪৯; ২৭:৩০) বা এর জন্য একটি রূপক (১ করি ৮:১২)।

এটি ব্যবহৃত হয়েছে হাতুড়ির আঘাতে রয়ে যাওয়া একটি ছাপের মত (যোহন ২০:২৫)। এই ছাপ উল্লেখ করতে পারে একটি প্রতিমার দৈহিক মূর্তি (প্রেরিত ৭:৪৩) বা ছাপানো মূর্তি (প্রেরিত ২৩:২৫; রোমীয় ৬:১৭)। এটা থেকে এটি একটি নমুনার মত এসেছে (প্রেরিত ৭:৪৪; পিলা ৩:১৭; ১ থি ১:৭; ২ থি ৩:৫; ১ তীম ৪:১২; ইব্রীয় ৮:৫; ১ পিতর ৫:৩)।

এই টার্মের সবচেয়ে ভাল সমান্তরাল এই টেক্সটে ব্যবহৃত হয়েছে (অর্থাৎ, “নমুনা” ১ করি ১০:৬) তাহল ১ করি ১০:১১ এবং রোমীয় ৫:১৪, যেখানে এটি উল্লেখ করছে (১) পূর্ব ছায়ার নমুনা; (২) আলংকারিক প্রতিচ্ছবি; বা (৩) একটি প্রতিকি উদাহরণ।

৬ এবং ১১ পদ নূতন নিয়মের বিশ্বাসীদের স্মরণ করায় যে তাদের জন্য পুরাতন নিয়মে আত্মিক সামঞ্জস্য রয়েছে (রোমীয় ৪:২৩-২৪; ১৫:৪; ১ করি ৯:১০; ১০:৬,১১)। ঈশ্বরের প্রকাশ অনন্তকালীন এবং নীতি সুসামঞ্জস্য।

■ “যেন তারা যেমন করেছিলেন তেমনই আমরা মন্দ বিষয়ের প্রতি আকাংখী না হই” লক্ষ্য করুন যে পৌল পুরাতন নিয়মের চুক্তির লোকদের সাথে নূতন নিয়মের চুক্তির লোকদের তুলনা করছেন। মন্দতা একটি বার বার করা সমস্যা। এটা মানুষের অনন্ত জীবনকে, ঈশ্বরের সাথে মানুষের ঘনিষ্ঠ সহযোগিতাকে হরণ করতে পারে। মানুষের অস্তিত্বের প্রতিটি ক্ষেত্রে মন্দতা দূষিত করেছে। পরিত্রাণ আমাদের সংগ্রাম থেকে মুক্ত করে না (রোমীয় ৭; ইফি ৬:১০-১৯)। করিন্থীয় মণ্ডলী এই উভয় দিক গোঁড়ামী ও orthopraxy এর ক্ষেত্রে বিপদজনক অবস্থায় ছিল! ঈশ্বর ভক্তি, কোন তথ্য নয়, কিন্তু লক্ষ্য!

টার্ম “আকাংখী” (দু’বার ব্যবহৃত হয়েছে) প্রতিফলিত করে দৃঢ় সমন্বিত গ্রীক টার্ম *epithumēō*, যেটি গঠিত হয়েছে preposition “উপরে” এবং “ব্যগ্রতা” এর সমন্বয়ে। এটি উল্লেখ করে দৃঢ় অনুভূতি বা আবেগ ঘিরে ধরে ও নিয়ন্ত্রণ করে একজন ব্যক্তির মন ও হৃদয়। এটি ব্যবহৃত হতে পারে ইতিবাচক অর্থে যেমন ফিলি ১:২৩ পদ, কিন্তু সাধারণত ব্যবহৃত হয়েছে নেতিবাচক অর্থে (২ তীম ২:২২)। হতে পারে পৌল প্রতিফলিত করছেন দৃঢ় কামনা ও গণনা ১১:৩১-৩৫ পদে লিপিবদ্ধ ইস্রায়েলীয়দের অবাধ্যতা, কারণ তিনি পরোক্ষ ভাবে ১ করি ১০:৮ পদে গণনা ২৫:৯ পদ এবং ১ করি ১০:১০ পদে গণনা ১৬:৪-৫; ১৭:৫,১০ পদ উল্লেখ করেছেন।

১০:৭ “প্রতিমাপূজক হয়ো না” এ টি একটি present middle (deponent) imperative সাথে negative particle, যার সাধারণত অর্থ ইতিমধ্যে চলতে থাকা কোন কাজকে থামান। এই পুরাতন নিয়মের উদ্ধৃতি উল্লেখ করে যাত্রা ৩২ অধ্যায়ের প্রতিমা পূজার উন্মত্ততা।

কোন মূর্তিপূজার অনুশীলন যা পৌল করিন্থীয় পত্রে উল্লেখ করেছেন তা অনিশ্চিত। কোন না কোন ভাবে বিশ্বাসীরা ঈশ্বরকে অসম্পূর্ণ করার বিপদের মধ্যে ছিল। ৭ অধ্যায় এবং করিন্থের ঐতিহাসিক পরিস্থিতি থেকে খুব সম্ভব এটা হতে পারে যে পৌত্তলিক যৌনতার উপাসনার অনুশীলন বা ৮ অধ্যায়ের পৌত্তলিক প্রতিমার কাছে উৎসর্গ।

■ “লোকেরা খাওয়া-দাওয়া আর পান করতে বসল, পরে খেলা করার জন্য উঠল” এটি একটি পরোক্ষ উল্লেখ যে হারোন একটি সোনার গোবৎস নির্মাণ করেছিলেন যাত্রা ৩২ অধ্যায়ে এবং ইস্রায়েল সন্তানঘন এর সামনে উৎসব করেছিল এবং যৌন ক্রিড়া করেছিল (যাত্রা ৩২:৬,১৯)। টার্ম “নৃত্য করা” এর যৌনতার দিকটি দেখা গিয়েছে একই ইব্রীয় শব্দ যেটি ব্যবহৃত হয়েছে আদি ২৬:৮ পদে যেখানে রয়েছে ইসহাক রেবেকাকে ভালবাসিলেন।

১০:৮ “আমরা যেন তাদের মত ব্যভিচার না করি” এটি দেখায় করিন্থের পৌত্তলিক অবস্থা এবং পৌত্তলিকদের প্রবণতাকে, এমনকি উদ্ধারপ্রাপ্ত পৌত্তলিকগণও, ধর্মের নামে ব্যভিচারের প্রতি ব্লকে পড়া।

■ “এক দিনে তেইশ হাজার লোক মারা গিয়েছিল” এটি গণনা ২৫:১-৯ পদের উল্লেখ। একটি সুস্পষ্ট অসামঞ্জস্য রয়েছে এর সাথে ও গণনা ২৫:৯ পদের ইব্রীয় টেক্সটের, যেখানে রয়েছে চব্বিশ হাজার। এটি মনে হয় না যে অনুলিপি ভুল। এই অসামঞ্জস্যতা সকল গ্রীক পাণ্ডুলিপিতে রয়েছে। এটা হতে পারে

পৌলের স্মরণ শক্তি হতে পিছলে গিয়েছিল। এর অর্থ নয় যে এটি ইঙ্গিত দিচ্ছে অনুপ্রেরণা বা নির্ভরযোগ্যতার অভাব, কিন্তু প্রচিন জগৎ আজকের আধুনিক পশ্চিমা লোকদের মত সংখ্যা ব্যবহারে এত নিখুত ছিলেন।

Archer's *Encyclopedia of Bible Difficulties*, pp. 141, 401, পুস্তকে, তিনি জোর দিয়ে বলতে চেয়েছিলেন যে পুরাতনি নিয়মের যে প্যাসেজ পৌল উল্লেখ করেছেন তা গণনা ২৫:১-৯ পদ নয়, কিন্তু যাত্রা ৩২ অধ্যায়। তিনি একটি ভাল পয়েন্ট উল্লেখ করেছেন যাত্রা ৩২:৪ পদ থেকে ১০:৭ পদের এবং যাত্রা ৩২:৩৫ পদ উল্লেখ করেছেন প্রভু লোকদের চূর্ণ করেছেন দৃশ্যত ১ করি ১০:২৮ পদের ৩০০ হাজার জনেরও উর্দে। এটি নিশ্চিত ভাবে একটি বাস্তব প্রসঙ্গকৃত বিকল্প।

১০:৯ “আমরা যেন প্রভুর পরীক্ষা না করি” এই টার্ম *peirazō* সাথে preposition *ek*, যেটি একে সবল করেছে (মথি ৪:৭; লুক ৪:১২; ১০:২৫)। দেখুন বিশেষ বিষয়: পরীক্ষার জন্য গ্রীক টার্ম ১ করি ৩:১৩ পদে। করিহীয মণ্ডলী একই রকম ভাবে কাজ করছিল যেভাবে ইস্রায়েলীয়রা করেছিল প্রান্তরে (গণনা ২১:৫-৬)। ঈশ্বর জাগতিক বিচার করতে পারেন তাঁর লোকদের সংশোধনের জন্য।

টার্ম “প্রভু” (NASB, TEV, NJB, এবং NIV) পাওয়া যায় প্রাচীন গ্রীক পাতুলিপি α, B, C, P এবং আমেরিকান অনুবাদে। এটি সবচেয়ে ভাল খাপ খায় পুরাতন নিয়মের পরোক্ষ উল্লেখের, গণনা ২১ অধ্যায়ের YHWH এর উল্লেখের।

টার্ম “খ্রীষ্ট” (NKJV, NRSV) পাওয়া যায় পাতুলিপি P⁴⁶, D, F, G, এবং Vulgate ও Peshitta অনুবাদে। এটি সবচেয়ে ভাল খাপ খায় পৌলের বর্তমান শ্রোতাদের।

যখন UBS⁴ সমর্থন করেছে “B” রেটিং সহ “খ্রীষ্ট” (অর্থাৎ, প্রায় নিশ্চিত), “প্রভু” এর জন্য দৃঢ় যুক্তি দেখিয়েছেন Bart D. Ehrman in *The Orthodox Corruption of Scripture*, pp. 89-90 পুস্তকে।

দেখুন বিশেষ বিষয়: “পরীক্ষার” জন্য গ্রীক টার্ম এবং তাদের অন্তর্নিহিত তাৎপর্য ১ করি ৩:১৩ পদে।

■ “সাপের দ্বারা বিনষ্ট হয়েছিল” এটি গণনা ২১ অধ্যায়ের একটি উল্লেখ। দেখুন বিশেষ বিষয়: *Apollumi* ১ করি ৮:১১ পদে।

১০:১০ “বচসা করো না, যেমন তাদের মধ্যে অনেকে বচসা করেছিল” প্রথম শব্দগুচ্ছ হল একটি present active imperative সাথে negative particle, যার সাধারণত অর্থ প্রক্রিয়াজনিত কোন কাজকে থামান। এটি গণনা ১৬:৪১-৫০ পদ উল্লেখ করছে, যেটি উল্লেখ করছে গণনা ১৭:৫, ১০ পদকে। করিহীয মণ্ডলী বচসা করেছিল ঠিক সেভাবে যেভাবে প্রাচীন ইস্রায়েলীয়রা করেছিল।

■ “বিনষ্টকারী” এটি পরোক্ষ উল্লেখ গণনা পুস্তকের ১৬:৪৯ পদের মহামারির। এটি ছিল ধর্মতাত্ত্বিক একটি উপায় দেখানো যে মৃত্যু ছিল YHWH এর হাতে (যাত্রা ১২:২৩, ২৯; ২ শমু ২৪:১৬; ১ বংশ ২১:১৫; ইব্রীয় ১১:২৮)। কোন “নির্দয় ছেদনকারী” নাই! কোন সুযোগ, কপাল, বা ভাগ্য নাই! আছেন ঈশ্বর, ইস্রায়েলের ঈশ্বর, প্রভু যীশু খ্রীষ্টের পিতা। তিনি একমাত্র তিনিই একাই জীবন ও মৃত্যু নিয়ন্ত্রণ করেন!

১০:১১ “তাদের প্রতি” এটি পুরাতন নিয়মের লোকদের উল্লেখ যারা বিনষ্টকারীর হাতে মারা গিয়েছিল।

■ “দৃষ্টান্ত স্বরূপ” দেখুন ১ করি ১০:৬ পদের নোট। দেখুন বিশেষ বিষয়: পৌলের মোশির ব্যবস্থার প্রতি দৃষ্টিভঙ্গি, পৃ..১৬৭, (SPECIAL TOPIC: PAUL'S VIEWS OF THE MOSAIC LAW, See page 167) ১ করি ৯:৯ পদে।

■ “যুগের শেষ এসে পড়েছে” এটি একটি perfect active indicative। এটি ভাববাণীকৃত নূতন যুগের জন্য একটি রূপক (একই শব্দগুচ্ছ ইব্রীয় ৯:২৬ পদে)। বিশ্বাসীরা ঈশ্বরের রাজ্যে বাস করে, যেটি যীশুর প্রথম আগমনে প্রতিষ্ঠিত, যেটি সুসম্পূর্ণ হবে তাঁর দ্বিতীয় আগমনে। আমরা এই টেনশনে বাস করছি “ইতিমধ্যে এবং এখনও নয়”!

দেখুন বিশেষ বিষয়: এই যুগ এবং যে যুগ আসছে, পৃ..৪৮, (SPECIAL TOPIC: THIS AGE AND THE AGE TO COME, See page 48) ১ করি ১:২০ পদে।

১০:১২ “যদি কেউ মনে করে সে দাঁড়িয়ে আছে তবে সে সাবধান হোক” করিহীয বিভক্ত দলগুলির আত্ম সন্তুষ্টি এবং ঔদ্ধত্যপূর্ণ গর্ব ছিল সবচেয়ে বড় সমস্যা, ঠিক আজকেও এই একই রকম মনোভাব রয়েছে (রোমীয় ১১:২০; ২ পিতর ৩:১৭)। ঈশ্বর তাঁর নিজের লোকদের বিচার করেছেন এবং করবেন (যির ২৫:২৯; ১ পিতর ৪:১৭)। আত্ম প্রতারণা ধর্মীয় লোকদের একটি অভিশাপ! যারা খ্রীষ্টে আছে তারা অবিরত অধ্যবসায় অনুশীলন করুক (১ করি ৯:২৪-২৭)!

১০:১৩ “পরীক্ষা” এই শব্দটি এই পদে ব্যবহৃত হয়েছে তিনবার এবং অর্থ বুঝিয়েছে ধ্বংসের প্রতি দৃষ্টিভঙ্গি (দেখুন বিশেষ বিষয় ১ করি ৩:১৩ পদে)। নূতন নিয়মে পরীক্ষার তিনটি উৎস রয়েছে:

১. পতিত মানুষের পাপ প্রকৃতি
২. ব্যক্তিগত মন্দতা (অর্থাৎ, শয়তান এবং মন্দ আত্মাসমূহ)
৩. পতিত জগত পদ্ধতি (ইফি ২:১-৩; যাকোব ৪:১,৪,৭)

NASB “কিন্তু মানুষের কাছে যা সহনীয় তেমন”

NKJV “মানুষের কাছে যা সহনীয় তেমন ছাড়া”

NRSV “প্রত্যেকের কাছে যা সহনীয় নয়”
TEV “এইরকম যা স্বাভাবিক ভাবে মানুষের কাছে আসে”
NJB “কিছুই না. . .মানুষের সহ্যের বাইরে কোন কিছু”

অন্য মানুষেরাও করিষ্টীয় বিশ্বাসীরা যেমন পরীক্ষার সম্মুখীন হয়েছেন তেমনি হয়েছেন। যীশু সমস্ত পরীক্ষাকে জয় করার অভিজ্ঞতা লাভ করেছিলেন যেটি মানুষের কাছে স্বাভাবিক ছিল (ইব্রীয় ৪:১৫)।

■ “ঈশ্বর বিশ্বস্ত” এটি সত্যিই একটি গুরুত্বপূর্ণ বর্ণনামূলক মন্তব্য! বাইবেলের বিশ্বাস স্থাপিত ঈশ্বরের চরিত্রের উপরে। আমাদের প্রত্যাশা হল তাঁর অনুগ্রহশীল চরিত্রে, নিশ্চিত প্রতিজ্ঞায় এবং উদ্ধারের কাজে।

ঈশ্বর চরিত্রের এই দিকটি প্রথম বর্ণিত হয় দ্বি বি ৭:৯ পদে, যেটি বর্ধিতকরণ দ্বি বি ৫:৯-১০ পদে। ঈশ্বরের ন্যায় বিচার বর্ধিত হয় তৃতীয় থেকে চতুর্থ পুরুষ পর্যন্ত, কিন্তু তাঁর স্নেহপূর্ণ দয়া (অর্থাৎ, নিয়মের রাজকীয় ভালবাসা, *hesed*) সহস্র পুরুষ পর্যন্ত। এই একই নিশ্চয়তা অবিরত দেওয়া হয়েছে যিশা ৪৯:৭ পদ পর্যন্ত।

করিষ্টীয় পত্রের এটি হল একটি প্রধান বিষয় (১ করি ১:৯; ১০:১৩; ২ করি ১:১৮, সেই সাথে ১ থিষ ৫:২৪ এবং ২ থিষ ৩:৩)। বিশ্বাসীরা ঈশ্বরের বিশ্বস্ততায় বিশ্বাস রাখে; ঈশ্বরের নির্ভরযোগ্যতায় নির্ভর রাখে। এটা হল বাইবেল ভিত্তিক বিশ্বাসের মূল বিষয়!

NASB “বরং পরীক্ষার সংগে সংগে তা থেকে বের হয়ে আসবার একটা পথও তিনি করে দেবেন, যেন তোমরা তা সহ্য করতে পার”

NKJV “বরং পরীক্ষার সংগে সংগে তা থেকে বের হয়ে আসবার একটা পথও তিনি করে দেবেন যেন তোমরা তা বহন করতে পার”

NRSV “বরং পরীক্ষার সংগে সংগে তা থেকে বের হয়ে আসবার একটা পথও তিনি করে দেবেন যেন তোমরা তা সহ্য করতে পার”

TEV “তুমি যখন পরীক্ষায় পড়, তিনি তোমাকে শক্তি দেবেন তা সহ্য করার জন্য, এবং তোমাকে বের হয়ে আসার একটা পথও করে দেবেন”

NJB “যে কোন পরীক্ষা থেকে বের হয়ে আসবার একটা পথও তিনি করে দেবেন যেন তোমরা তা সহ্য করতে পার”

এই গ্রীক শব্দ ব্যবহৃত হয়েছে ফাঁদে পড়া কোন সামরিক দলের বেরিয়ে আসার উপায়ের জন্য। বিশ্বাসীরা কেবল পরীক্ষার সম্মুখীন হয় না!

এই টেক্সটের সমস্যা হল কিভাবে একজন সম্পর্কিত “বেরিয়ে আসার উপায়ের যোগানে” সাথে “এটি সহ্য করার ক্ষমতা দানে।” কিছু করা বের হয়ে আসার এবং অন্যদের এটি সহ্য করার বা ঈশ্বরের বের হয়ে আসার পথ বলতে কি সত্যিই সহ্য করা বোঝায়? পরীক্ষা বন্ধ হবে বা বিশ্বাসীরা বিশ্বাসের দ্বারা পরীক্ষার মধ্যে দিয়ে কাজ করে যাবে? যদিও এই দ্ব্যর্থব্যাঞ্জকতা স্থিরকৃত করতে পারা যায় না, ভাল খবর হল যে ঈশ্বর সমস্যার সময়ে আমাদের সঙ্গে সঙ্গে আছেন (গীত ২৩:৪)। ঈশ্বর আমাদের ছেড়ে যাবেন না বা ত্যাগ করবেন না। বিজয়ের আসল কৌশল এখনও স্পষ্ট ভাবে প্রকাশিত হয়নি, কিন্তু বিজয়ের হয়েছে!

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিষ্টীয় ১০:১৪-২২

^{১৪} এইজন্য, আমার প্রিয় পাত্রেরা, তোমরা প্রতিমাপূজা থেকে পালিয়ে যাও। ^{১৫} তোমাদের বুদ্ধিমান জেনেই আমি এই সব কথা বলছি। আমি যা বলি তা তোমরা নিজেরা বিচার করে দেখ। ^{১৬} আমরা ধন্যবাদের যে পান পাত্র নিয়ে ধন্যবাদ করি তা কি খ্রীষ্টের রক্তের সহভাগিতা নয়? আমরা যে রুটি ভাঙ্গি তা কি খ্রীষ্টের দেহের সহভাগিতা নয়? ^{১৭} যেহেতু এক রুটি, আমরা অনেকে হলেও একই দেহ; কারণ আমরা সকলে সেই একই রুটির অংশ গ্রহণ করি। ^{১৮} ইত্রায়েল জাতিকে দেখ; তাদের মধ্যে যারা উৎসর্গের জিনিস খায় তারা কি সেই বেদীর সহভাগি নয়? ^{১৯} আমি কি বোঝাতে চাচ্ছি? প্রতিমার কাছে উৎসর্গ করা কিছু কি কিছুই মধ্যে গণ্য, অথবা প্রতিমা কি বিশেষ কিছু? ^{২০} না, বরং আমি বলছি, পরজাতিয়েরা যা উৎসর্গ করে, তারা মন্দ আত্মাদের কাছে করে এবং ঈশ্বরের কাছে করে না; আর আমি চাই না তোমরা মন্দ আত্মার সহভাগি হও। ^{২১} তোমরা প্রভুর পেয়ালা আর মন্দ আত্মাদের পেয়ালা এই উভয় পেয়ালা থেকে পান করতে পার না; তোমরা প্রভুর টেবিল আর মন্দ আত্মাদের টেবিলে অংশ গ্রহণ করতে পার না। ^{২২} অথবা আমরা কি প্রভুর ঈর্ষা জাগাচ্ছি? আমরা কি তাঁর চেয়ে বলবান? (অনুবাদকৃত টেক্সট)।

১০:১৪ “এইজন্য” পৌল তার পূর্বের আলোচনার সমাপ্তি টানছেন এবং উপসংহারের দিকে এগিয়ে যাচ্ছেন।

NASB, NKJV “আমার প্রিয় পাত্রেরা”

NRSV, TEV,

NJB “আমার প্রিয় বন্ধুরা”

পৌলের করিষ্টীয় চিঠিগুলি (এবং গালাতীয়) হল মণ্ডলীর প্রতি তার কর্ঠন কথা। সেজন্য, তিনি তাদের মনে করিয়ে দিতে চেয়েছেন যে তারা তার কাছে কতটা মূল্যবান এমন কি যখন তিনি অত্যন্ত কর্কশ ভাবে তাদের সাথে কথা বলছেন তখনও (১ করি ৪:১৪; ১০:১৪; ১৫:৫৮; ২ করি ৭:১; ১২:১৯)।

এই টার্ম যীশুর পিতা ঈশ্বর দ্বারা ব্যবহৃত হয়েছিল (মথি ৩:১৭; ১২:১৮; ১৭:৫)। পৌল, পিতর, যিহুদা এবং যোহন, তাদের চিঠিতে, এই adjective ব্যবহার করেছেন যীশুর অনুসারীদের চিহ্নিত করতে। তারা প্রিয় পাত্র কারণ তাদের সম্পর্ক খ্রীষ্টের সাথে; ঈশ্বরের প্রিয় পাত্র, খ্রীষ্টের, এবং নূতন নিয়মের চিঠিগুলির লেখকদের দ্বারা।

■ “প্রতিমাপূজা থেকে পালিয়ে যাও” এটি একটি present active imperative। লক্ষ্য করুন “প্রতিমা পূজা” এর রয়েছে definite article। ঈশ্বর একটি উপায় দিয়েছেন, কিন্তু বিশ্বাসীদেরই বেছে নিতে হবে সুযোগটি গ্রহণের (১ করি ৬:১৮)। একটি উপায় হল প্রলোভন মোকাবেলা করার তাহল এটার উপস্থিতি থেকে পালিয়ে যাওয়া। বিশ্বাসীরা অবশ্যই নিজেদেরকে প্রলোভনের ফাঁদে পতিত হতে দেবেন না।

“প্রতিমা পূজা” ছিল পুরাতন নিয়মে মূর্তি ও এবং পৌত্তলিক দেবতাদের আরাধনা। আমাদের সময়ে এটি যে কোন কিছু হতে পারে যেটি ঈশ্বরকে আমাদের অগ্রগণ্যতার স্থান থেকে সরিয়ে দেয় (১ করি ১০:৭,১৪)। যেমন যীশু বলেছেন, যেখানে তোমার ধন থাকবে সেখানে তোমার মনও থাকবে (মথি ৬:২১)। আজকের লোকেরা তাদের সময়, অর্থ, এবং জীবনের চিন্তাকে তাদের অগ্রগণ্যতায় প্রকাশ করছে। ধর্ম প্রায়ই একটি তাৎপর্য পূর্ণ সংযোজন, কিন্তু একেবারে অন্তস্থলের অগ্রগণ্যতা নয়। সত্যিকার বিশ্বাস অতিরিক্ত কিছু নিয়ে আলোচনা করে না, কিন্তু জীবনের মূল বিষয় নিয়ে। ১ যোহন পুস্তক “তোমরা নিজেদের প্রতিমা থেকে রক্ষা কর” বলে শেষ হয়েছে (১ যোহন ৫:২১)।

১০:১৫ এটি দেখায় পৌলের নেতৃত্বের দিকে এগিয়ে যাওয়া। তিনি ছিলেন খ্রীষ্টের একজন প্রেরিত, তথাপি তিনি এই সব গর্বিত বিশ্বাসীদের অনুযোগ করেছিলেন তার কথা নিজেদের জন্য বিচার করে দেখতে (১ করি ১৪:৩৯-৪০)। এটি নিশ্চিত ভাবে সম্ভব যে পৌল ব্যঙ্গ করেছেন। তিনি এই একই শব্দ (অর্থাৎ, প্রাজ্ঞ লোক) ব্যবহার করেছেন ১ করি ৪:১০ এবং ২ করি ১১:১৯ পদে ব্যঙ্গাত্মক অর্থে।

১০:১৬ এই পদটি গঠিত হয়েছে দুটি প্রতিকি প্রশ্ন হিসাবে (যদিও TEV এটি অনুবাদ করেছে indicative মন্তব্য হিসাবে)।

■ “ধন্যবাদের পান পাত্র” এটি সম্ভবত উল্লেখ করছে যিহুদী নিস্তার পর্বের উপাসনার তৃতীয় পেয়ালাকে। এটা ছিল সেটা যেটি যীশু প্রভুর ভোজ প্রতিষ্ঠায় ব্যবহার করেছিলেন।

টার্ম “ধন্যবাদ” হল *eulogia* এসেছে *verb eulogeō* থেকে, যার অর্থ “প্রশংসা করা,” তোষামোদ করা,” “আশীর্বাদ করা,” বা “লাভ করা।” ২ করি ৯:৫ পদের নোট দেখুন। আমরা ইংরাজি টার্ম প্রশস্তিবাচন পেয়েছি এর গ্রীক মূল থেকে। যখন যীশু এই আদেশ জারি করেছিলেন তখন তিনি উভয় পেয়ালো ও রুটি নিয়েছিলেন এবং ঈশ্বরকে ধন্যবাদ দিয়েছিলেন। ধন্যবাদ বা ধন্যবাদজ্ঞাপনের গ্রীক টার্ম হল *eucharistia*, এখানে থেকে আমরা পেয়েছি Eucharist টার্ম। এই উভয় গ্রীক টার্ম ব্যবহৃত হয়েছে ১ করি ১৪:১৬ পদে এই রকম ভাবে।

এটা বেশ মজার, কিন্তু ধর্মতাত্ত্বিক ভাবে তাৎপর্যপূর্ণ নয়, রুটি ও পেয়ালার স্বভাবিক নিয়ম (১ করি ১১:২৪-২৭) এখানে বিপরিত হয়েছে। নিয়মটি বিষয় নয়, বরং খ্রীষ্টের সাথে তাঁর সাথীদের সহভাগিতায় খাওয়া বনাম পৌত্তলিক দেবতাদের সাথে তাদের অনুসারীদের সহভাগিতায় ভোজন।

বিশেষ বিষয়: নিস্তার পর্ব (অনুষ্ঠানের নিয়ম)

{(SPECIAL TOPIC: PASSOVER (ORDER OF SERVICE))}

- ক. প্রার্থনা
- খ. দ্রাক্ষারসের পানপাত্র
- গ. গৃহস্বামীর দ্বারা হাত ধোয়ানো এবং পাত্রটি সকলের কাছে পাঠানো
- ঘ. তিজ্ঞ ঔষধি এবং রসে ডুবানো
- ঙ. ভেড়ার মাংস এবং প্রধান খাবার
- চ. প্রার্থনা এবং দ্বিতীয়বার তিজ্ঞ ঔষধি এবং রসে ডুবানো
- ছ. দ্বিতীয় দ্রাক্ষারসের পাত্র সাথে ছেলেমেয়েদের জন্য প্রশ্লোত্তর পর্ব (যাত্রা ১২:২৬-২৭)
- জ. গীতসংহিতা ১১৩-১১৪ এর Hallel গীত গাওয়া এবং প্রার্থনা করা
- ঝ. প্রধান অনুষ্ঠান কর্তা তার হাত ধোবার পরে প্রত্যেকে রুটি ডুবিয়ে দেবেন
- ঞ. তৃপ্তি না হওয়া পর্যন্ত সকলে খাবেন; ভেড়ার এক টুকরো মাংস দিয়ে শেষ করা
- ট. হাত ধোওয়ার পর তৃতীয় দ্রাক্ষারসের পাত্র
- ঠ. গীতসংহিতা ১১৫-১১৮ অধ্যায়ের Hallel গীত গাওয়া
- ড. চতুর্থ দ্রাক্ষারসের পাত্র, যেটি বোঝায় স্বর্গ রাজ্যের আগমনের অনেকে বিশ্বাস করেন যে প্রভুর ভোজের প্রক্রিয়াটির উপস্থিতি হয়েছে “ট” থেকে।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “সহভাগিতা” এটি হল গ্রীক শব্দ *koinonia*, যার অর্থ “যৌথ অংশগ্রহণ সহ।” এটি হল ইংরাজি শব্দ “প্রভুর ভোজ” এর উৎস, ব্যবহার করা হয়েছে Eucharistic প্রতিকি ভোজনে, যেটি গুরুত্ব দান করে এখন সহভাগিতা, কিন্তু ভবিষ্যতে আরও ঘনিষ্ঠ সহভাগিতার। দেখুন বিশেষ বিষয়: *Koinonia* ১ করি ১:৯ পদে।

■ “খ্রীষ্টের রক্তের” এটি হল খ্রীষ্টের মৃত্যু ও তাঁর উৎসর্গের পুরাতন নিয়মের প্রসঙ্গের উপরে গুরুত্ব দান (লেবীয় ১-৭)। রক্ত জীবনের প্রতিক (লেবীয় ১৭:১১,১৪)।

■ “আমরা যে রুটি ভাঙ্গি” এটি হল আমরা যে ইংরাজি শব্দগুচ্ছ প্রভুর ভোজের জন্য ব্যবহার করি তার উৎস, “রুটি ভাঙ্গা” (থেরিভ ২:৪২)। এই সেই প্রতিক যেটি যীশু বেছে নিয়েছিলেন তাঁর নুতন চুক্তির প্রতিনিধিত্ব করতে ক্রুশে তাঁর ভগ্ন চূর্ণ দেহের। তিনি উদ্দেশ্যপূর্ণ ভাবে নিস্তার পর্বের মেঘ শাবক বেছে নেন নাই, যেটি ছিল পুরাতন চুক্তির অভিজ্ঞতার প্রতিক (যাত্রা ১২)।

■ “খ্রীষ্টের দেহের সহভাগিতা” “খ্রীষ্টের দেহ” এর প্রতীক দু’ভাগের: (১) তাঁর দৈহিক দেহ মানুষের পাপের জন্য উৎসর্গীকৃত হয়েছিল এবং (২) তাঁর অনুসারীরা তাঁর আত্মিক দেহ হয়েছে, যাকে বলা হয় মণ্ডলী (যার আবার দুটি দিক রয়েছে ১ করিন্থীয়তে: [ক] স্থানীয় মণ্ডলী এবং [খ] বিশ্বজনীন মণ্ডলী)।

১০:১৭ এটি হল খ্রীষ্ট ও তাঁর মণ্ডলীর একতার উপরে গুরুত্ব দান যেটি প্রকাশিত হয়েছে প্রভুর ভোজের প্রতিকের মধ্যে দিয়ে (অর্থাৎ, এক রুটি)। খ্রীষ্টের দেহের এই একতা ১ করি ১২:১২-১৩ পদে আত্মিক দানের সাথে সম্পর্কিত।

১০:১৮ “ইস্রায়েল জাতি” এটি আক্ষরিক ভাবে “মাংস অনুসারে ইস্রায়েল” (দেখুন বিশেষ বিষয় ১ করি ১:২৬ পদে)। এটি আর একটি প্রতিক উপায় (অর্থাৎ, ঐতিহাসিক পরোক্ষ উল্লেখ) যারা প্রভুর ভোজে অংশ গ্রহণ করে তাদের মধ্যে একতা দেখান।

১০:১৯ “আমি কি বোঝাতে চাচ্ছি” পৌলের লেখনীগুলি হল ব্যাখ্যার জন্য কিছু সহজ বাইবেলের টেক্সট কারণ তিনি যুক্তিগত ভাবে তার চিন্তাকে উন্নয়ন করেছেন। যুক্তিগত চিহ্নিতকরণ যেমন এই শব্দগুচ্ছটি সুযোগ দিচ্ছে আধুনিক ব্যাখ্যাকারকদের প্যারামিথাক স্তরে পৌলের চিন্তাসমূহের রূপরেখা করার, যেটি হল তার পুস্তকগুলি ব্যাখ্যা করার একটি চাবিকাঠি।

পৌল সমগ্র প্রসঙ্গে তার চিন্তাসমূহকে উন্নয়ন করেছেন ধারাবাহিক রূপকাত্মক প্রশ্নের দ্বারা (NASB, ১ করি ১০:১৬ (দুই); ১ করি ১০:১৮ (এক); ১ করি ১০:১৯ (দুই বা তিন); ১ করি ১০:২২ (দুই); ১ করি ১০:২৯(এক); ১ করি ১০:৩০(এক)।

■ “অথবা প্রতিমা কি বিশেষ কিছু” প্রাচীন অনুলিপিকারকেরা যখন অনুলিপি করতেন তখন তারা কিভাবে অনিচ্ছাকৃত ভাবে টেক্সট পরিবর্তন করেছেন তার একটি উদাহরণ হিসাবে, এই শব্দগুচ্ছ আকস্মিক ভাবে বাদ পড়েছে একেবারে প্রাচীন গ্রীক পাতুলিপি থেকে (অর্থাৎ, P⁴⁶, K*, A, and C)। লেখনীগত সমালোচনার আরও আলোচনার জন্য দেখুন পরিশিষ্ট দুই।

১০:২০ “মন্দ আত্মাদের কাছে উৎসর্গ” পৌল পুরাতন নিয়মে ফিরে গিয়েছেন, বুঝেছেন প্রতিমাপূজা সম্পর্কিত, প্রতিমার বাস্তবতায় নয়, কিন্তু জাগতিক সৃষ্টির আত্মিক শক্তির বাস্তবতায় (লেবীয় ১৬:৮; ১২:৭; দ্বি বি ৩২:১৭; গীত ৯৬:৫; ১০৬:৩৭; যিশা ৬৫:১১; প্রকা ৯:২০; ১৬:১৪)। আত্মিক জগতে মানুষের সকল কর্মকান্ডের পিছনে (দ্বি বি ৩২:৮ [LXX]; দানিয়েল ১০; ইফি ৬:১০-১৮)। যদিও এটি কখনই সুনির্দিষ্ট ভাবে বর্ণিত হয়নি যে পুরাতন নিয়মের পতিত স্বর্গদূতেরা হল নুতন নিয়মের মন্দ আত্মা, পৌল এই সব পতিত আত্মিক শক্তিকে উল্লেখ করেছেন অন্য টার্ম দ্বারা রোমীয় ৮:৩৮-৩৯; ১ করি ১৫:২৪; ইফি ১:২১; ৩:১০; কল ১:১৬; ২:১০,১৫ পদে। পৌল ব্যবহার করেছেন “মন্দ আত্মা” কেবলমাত্র এখানে এবং ১ তীম ৪:১ পদে। দেখুন বিশেষ বিষয়:ব্যক্তিগত মন্দতা ১ করি ৭:৫ পদে।

বিশেষ বিষয়: স্বর্গদূত এবং মন্দ আত্মা (SPECIAL TOPIC: ANGELS AND DEMONS)

- ক. প্রাচীন লোকেরা ছিল প্রকৃতি পূজারী। তারা মানুষের ব্যক্তিগত বৈশিষ্ট্যকে প্রকৃতি, জীবজন্তু, এবং প্রকৃতির বিষয়ের শক্তির উপরে আরোপ করতো। মানুষের সাথে এই সব আত্মিক সত্তার পরস্পরের প্রতি ক্রিয়ার মাধ্যমে জীবনকে ব্যাখ্যা করা হয়েছিল।
- খ. এই ব্যক্তিরূপ কালক্রমে হয়ে পড়ে বহু ঈশ্বরবাদে (অনেক দেবতা)। সাধারণত মন্দ আত্মা (genii) ছিল নিম্নতর দেবতা বা আংশিক ঈশ্বরীক সত্তা (ভাল বা মন্দ) যা মানুষের ব্যক্তি জীবনকে প্রভাবিত করতো।
১. Mesopotamia, বিশৃংখলতা এবং দ্বন্দ্ব
 ২. Egypt, শৃংখলা এবং সক্রিয়তা
 ৩. Canaan, দেখুন W. F. Albright's *Archaeology and the Religion of Israel*, Fifth Edition, pp. 67-92
- গ. পুরাতন নিয়ম কখনো নিম্নতর দেবতা, দূত বা মন্দ আত্মার বিষয়ে চিন্তা করে নাই বা উন্নয়ন করে নাই, সম্ভবত এর সৃষ্ট এক ঈশ্বরবাদের কারণে (দেখুন বিশেষ বিষয়: এক ঈশ্বরবাদ (Special Topic: Monotheism), যাত্রা ৮:১০; ৯:১৪; ১৫:১১; দ্বি বি ৪:৩৫,৩৯; ৬:৪; ৩৩:২৬; গীত ৩৫:১০; ৭১:১৯; ৮৬:৮; যিশা ৪৬:৯; যির ১০:৬-৭; মীখা ৭:১৮)। এটি উল্লেখ করেছে পৌত্তলিক জাতিগণের মিথ্যা দেবতাদের কথা (Shedim, BDB 993, দ্বি বি ৩২:১৭; গীত ১০৬:৩৭) এবং এটি এদের কয়েকটির নাম বা ব্যক্তিরূপ দিয়েছে।
১. *Se'im* (satyrs বা লোমশ মন্দ আত্মা, BDB 972 III, KB 1341 III, লেবীয় ১৭:৭; ২ বংশ ১১:১৫; যিশা ১৩:২১; ৩৪:১৪)
 ২. *Lilith* (স্ত্রীলোক, একটি রাত্রি বশীকরণ মন্দ আত্মা, BDB 539, KB 528, যিশা)
 ৩. *Mavet* (অন্ধকার জগতের কনানীয় দেবতাদের জন্য ব্যবহৃত ইব্রীয় টার্ম, Mot, BDB 560, KB560, যিশা ২৮:১৫,১৮; যির ৯:২১; এবং সম্ভবত দ্বি বি ২৮:২২)
 ৪. *Resheph* (মহামারী, আগুন, বা শিলাবৃষ্টি, BDB 958, KB 958, দ্বি বি ৩২:২৪; গীত ৭৮:৪৮; হবক ৩:৫)
 ৫. *Dever* (মহামারী, BDB 184, গীত ৯১:৫-৬; হবক ৩:৫)

৬. *Az'azel* (নাম অনিশ্চিত, কিন্তু সম্ভবত মরুভূমির মন্দ আত্মা বা জায়গার নাম, BDB 736, KB 736, লেবীয় ১৬:৮, ১০, ২৬)
(এই উদাহরণগুলি নেওয়া হয়েছে Encyclopaedia Judaica, vol. 5, p. 1523 থেকে)

যদিও, পুরাতন নিয়মে কোন দ্বৈতবাদ বা YHWH এর থেকে আলাদা কোন দূত নেই। শয়তান হল YHWH এর একজন দাস (ইয়োব ১-২; সখরিয় ৩), কোন স্বাধীন, স্ব-শাসিত শত্রু নেই (A. B. Davidson, *A Theology of the Old Testament*, pp. 300-306)।

ঘ. যিহুদী ধর্ম বিকশিত হয়েছে বাবিলে নির্বাসনের সময়ে (খ্রীষ্ট পূর্ব ৫৮৬-৫৩৮)। এটি ধর্মতত্ত্বগত ভাবে প্রভাবিত হয়েছে Persian ব্যক্তিরূপী দ্বৈতবাদ Zoroastrianism দ্বারা, একজন প্রধান ভাল দেবতা যার নাম *Mazda* বা *Ormazd* এবং একজন মন্দ বিরোধি যার নাম *Ahriman*। এটি সুযোগ দিয়েছে নির্বাসন উত্তর যিহুদী ধর্মে YHWH ও তাঁর দূতগণ এবং শয়তান ও তার দূতগন বা মন্দ আত্মার মধ্যে ব্যক্তিরূপী দ্বৈতবাদের।

যিহুদী ধর্মের ব্যক্তিরূপী মন্দতার ধর্মতত্ত্ব ব্যাখ্যা এবং ভালভাবে তথ্যসমৃদ্ধ করা হয়েছে Alfred Edersheim's *The Life and Times of Jesus the Messiah*, vol. 2, appendix XIII (pp. 749-863) and XVI (pp. 770-776)। যিহুদী ধর্ম তিনটি উপায়ে মন্দকে ব্যক্তিরূপ দিয়েছে।

১. শয়তান বা *Sammael*
২. মানুষের মনে মন্দ উদ্দেশ্য (*yetzer hara*)
৩. মৃত্যু দূত

Edersheim এগুলিকে বৈশিষ্ট্যময় করেছেন এভাবে

১. অভিযোগকারী
২. প্রলোভনকারী
৩. শাস্তিদানকারী (vol. 2, p. 756)

চিহ্নিত ধর্মতাত্ত্বিক পার্থক্য রয়েছে নির্বাসন উত্তর যিহুদী ধর্ম এবং নূতন নিয়মের মন্দতাকে উপস্থাপন ও ব্যাখ্যাদানের মধ্যে।

ঙ. নূতন নিয়ম, বিশেষ করে সুসমাচার সমূহ, জোর দিয়েছে মানুষ এবং YHWH এর বিরুদ্ধে মন্দ আত্মিক সত্ত্বার অস্তিত্বের বিষয়ে (যিহুদী ধর্মে শয়তান মানুষের শত্রু ছিল, কিন্তু ঈশ্বরের নয়)। তারা ঈশ্বরের ইচ্ছা, শাসন ও রাজ্যের বিপক্ষতা করে।

যীশু এই মন্দ আত্মিক সত্ত্বার সম্মুখা-সম্মুখী হয়েছিলেন এবং তাকে বিতাড়িত করেছিলেন, যাকে আরও বলা হয়েছে (১) অশুচি আত্মা (লুক ৪:৩৬; ৬:১৮) বা (২) মন্দ আত্মা (লুক ৭:২১; ৮:২), মানুষের সত্ত্বা থেকে। যীশু স্পষ্ট ভাবে অসুস্থতা (দৈহিক এবং মানসিক) এবং মন্দ আত্মায় পাওয়ার মধ্যে পার্থক্য করেছিলেন। তিনি তার ক্ষমতা এবং আত্মিক অর্ন্তদৃষ্টি প্রদর্শন করেছিলেন এই মন্দ আত্মাকে চিনতে এবং দূর করতে। মন্দ আত্মার প্রায়ই তাঁকে চিনতে পারতো এবং তাঁকে উদ্দেশ্য করে বলতে চেষ্টা করতো, কিন্তু যীশু তাদের সাক্ষ্য প্রত্যাহান করেছেন, তাদের চূপ করে থাকটা দাবী করেছেন, এবং তাদের বিতাড়িত করেছেন। মন্দ আত্মা দূর করাটা হল শয়তানের রাজ্যের পরাজয়ের একটি চিহ্ন।

বিপ্লবকর ভাবে এই বিষয়ে নূতন নিয়মের প্রেরিত পত্রে তথ্যের অভাব রয়েছে। আত্মিক দানের তালিকার মধ্যে মন্দ আত্মা ছাড়ানোর বিষয়টি নেই, এমনকি ভবিষ্যৎ প্রজন্মের পরিচর্যাকারী বা বিশ্বাসীদের এর জন্য কোন পদ্ধতি বা প্রক্রিয়াও দেওয়া হয়নি।

চ. মন্দ হল বাস্তব; মন্দ হল ব্যক্তিগত; মন্দ বর্তমান রয়েছে। এর উৎপত্তি এমনকি এর উদ্দেশ্য কখনো প্রকাশিত হয়নি। বাইবেল জোর দিয়ে বলেছে এর বাস্তবতা এবং জোরের সাথে এর প্রভাবকে বিরোধিতা করেছে। বাস্তবতায় কোন চূড়ান্ত দ্বৈতবাদ নেই। ঈশ্বর সম্পূর্ণ নিয়ন্ত্রণে; মন্দ পরাজিত এবং বিচারিত এবং সৃষ্টি থেকে বিতাড়িত হবে।

ছ. ঈশ্বরের লোকদের অবশ্যই মন্দকে প্রতিরোধ করতে হবে (যাকোব ৪:৭)। তারা এর দ্বারা নিয়ন্ত্রিত হতে পারে না (১ যোহন ৫:১৮), কিন্তু তারা প্রলোভিত হতে পারে এবং তারদের সাক্ষ্য ও প্রভাব নষ্ট হতে পারে (ইফি ৬:১০-১৮)। খ্রীষ্টিয় বিশ্ব দর্শনে মন্দতা একটি প্রকাশিত অংশ। আধুনিক খ্রীষ্টিয়ানদের মন্দকে পুনঃব্যাখ্যা দানের কোন প্রয়োজন নেই (demythologizing of Rudolf Baltmann); মন্দকে Depersonalize (পৌল Tillich এর সামাজিক কাঠামো), এমনকি একে সম্পূর্ণ ভাবে মনোবিজ্ঞানের (Sigmund Freud) টার্মে ব্যাখ্যা করার কোন চেষ্টা নয়। এর প্রভাব ব্যাপক, কিন্তু পরাজিত হয়েছে। বিশ্বাসীদের খ্রীষ্টের বিজয়ের পথে চলা দরকার!

Copyright © 2014 [Bible Lessons International](http://www.biblelessons.org)

■ “মন্দ আত্মার সহভাগি” পৌলের উপমা অনুসরণ করুন। খ্রীষ্টিয়ানেরা খ্রীষ্টের দেহের সাথে একতাবদ্ধ (অর্থাৎ, মন্ডলী) কারণ তারা তাঁর উৎসর্গে এক (অর্থাৎ, তাঁর দেহ কালভেরীতে ক্রুশবিদ্ধ) কারণ তারা প্রভুর ভোজে রুটির সহভাগি হয় যেটি প্রতিক্রিয়া করেছিল তাঁর চূর্ণ দেহের। সেজন্য, পৌলনিকেরা যারা অস্তিত্বহীন মূর্তির কাছে উৎসর্গীকৃত খাবারের সহভাগি হয় তারা আত্মিক প্রতিমাপূজায় অংশগ্রহণ করে যা বিশ্ব ধর্মের পিছনে মন্দ আত্মার সাথে সম্পর্কিত। যেভাবে বিশ্বাসীরা অনুষ্ঠানিক উপায়ে যীশুর জীবনের ঐতিহাসিক ঘটনার সহভাগি হয় (অর্থাৎ, রোমীয় ৬), ঠিক সেরকম, অবিশ্বাসীরা মন্দ আত্মার সহভাগি হয়।

১০:২১ এই শব্দগুচ্ছ উল্লেখ করে করিছে পৌত্তলিক মন্দিরে পৌত্তলিক উৎসর্গ এবং অনুষ্ঠান। একজন বিশ্বাসী নিশ্চিত করতে পারে না খ্রীষ্ট ধর্মের অনন্যতাকে (অর্থাৎ, এক এবং একমাত্র সত্য ঈশ্বর এবং যীশু হলেন তাঁর মশীহ) এবং সে তখনও পৌত্তলিক আরাধনায় আত্মিক ভাবে অংশ গ্রহণ করে। যদি তারা সেরকম করে, এটি হল আত্মিক ব্যভিচার!

১০:২২ “প্রভুর ঈর্ষা জাগাচ্ছি” এটি মনে হয় দ্বি বি ৪:২৫; ৩২:১৬,২১; গীত ৭৮:৫৮; বা যিশা ৬৫:৩ পদের পরোক্ষ উল্লেখ। ১ করি ১০:২১ পদের টার্ম প্রভু স্পষ্টত উল্লেখ করছে যীশুকে, কিন্তু ১ করি ১০:২২ পদ YHWH কে। এই ধরণের স্থানান্তর হল একটি উপায় যা নূতন নিয়মের লেখকেরা নাসরথিয় যীশুর ঈশ্বরত্বকে জোর দিয়ে বলতে চেষ্টা করেছেন।

টার্ম “ঈর্ষা” হল একটি শক্তিশালী ভালবাসার শব্দ। একজন তার উপরে তখনই ঈর্ষা করতে পারে যাকে সে ভালবাসে। YHWH আবেগগত ভাবে তাঁর লোকদের সাথে অর্ন্তভুক্ত, যারা তাঁর চরিত্রকে প্রতিফলিত করে এবং তাঁর নাম জগতে বহন করে। প্রতিমাপূজা এই সহভাগিতাকে ও সুসমাচার প্রচারের উদ্দেশ্যকে ধংস করে।

■ “আমরা কি তাঁর চেয়ে বলবান” ব্যাকরণ আশা করে “না” উত্তর। এই টার্মতন্ত্র ইঙ্গিত দেয় দুটি ভিন্ন ভিন্ন খ্রীষ্টিয়ান দলকে যাদের উল্লেখ করা হয়েছে: দুর্বল ভাই ১ করি ১০:১৪-২১ পদে এবং সবল ভাই ১ করি ১০:২৩-৩৩ পদে। ২২ পদ দেখায় যে এই দুটি বিশ্বাসী দলের মনের অবস্থা নিয়ে আলোচনা করার চেষ্টা করাটা কতটা কঠিন (রোমীয় ১৪:১-১৫:১৩)। পৌল চেষ্টা করেছেন দুটি খ্রীষ্টিয় ধর্ম/বিশ্ব দর্শনের মধ্যে ধর্মতাত্ত্বিক দড়ির উপর দিয়ে হাঁটতে (অর্থাৎ, স্বাধীনতা এবং অতীতের অভিজ্ঞতার বন্ধন)।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিখ্রীয় ১০:২৩-৩০

২৩ সব কিছুই বৈধ, কিন্তু সব কিছুই মঙ্গলজনক নয়। সব কিছুই বৈধ, কিন্তু সব কিছুই গেঁথে তোলে না। ২৪ কেউ তার নিজের মংগলের চেষ্টা না করুক, কিন্তু তার প্রতিবাসির জন্য করুক। ২৫ বাজারে যে কোন মাংস বিক্রি হয় বিবেকের জন্য কিছু জিজ্ঞাসা না করে তা খেয়ো; ২৬ কারণ পৃথিবী ও তার সমস্ত কিছু প্রভুরই। ২৭ যদি কোন অবিশ্বাসী তোমাদের নিমন্ত্রণ করে আর তোমরা যেতে চাও, তবে বিবেকের কারণে কোন কিছু জিজ্ঞাসা না করে তোমাদের সামনে যা দেওয়া হয় তা খেয়ো। ২৮ কিন্তু যদি কেউ তোমাদের বলে, “এই মাংস প্রতিমার কাছে উৎসর্গ করা হয়েছে,” তবে যে তা তোমাকে বলেছে তার জন্য, আর বিবেকের জন্য তা খেয়ো না; ২৯ আমি তোমাদের বিবেকের কথা বলছি না, কিন্তু অন্য লোকটির বিবেকের কথা বলছি; কারণ আমার স্বাধীনতা কেন পরের বিবেকের দ্বারা বিচারিত হবে? ৩০ আমি যদি ধন্যবাদ দিয়ে খাই, তবে যে খাবারের জন্য আমি ধন্যবাদ দিচ্ছি তার জন্য কেন আমার নিন্দা করা হবে? (অনুবাদকৃত টেক্সট)।

১০:২৩ এটি হল ৬:১২ পদে শুরু হওয়া কিভাবে খ্রীষ্টিয় স্বাধীনতা ও দায়িত্বের মধ্যে সমতা রক্ষা করা যায় সেই বিষয়ে ফিরে যাওয়া (রোমীয় ১৪:১৯)। ২৩-৩৩ পদ সবল ভাইদের উদ্দেশ্য করে বলছে।

■ “সব কিছুই বৈধ” এই শব্দগুচ্ছ দু’বার পুনরাবৃত্তি করা হয়েছে। কিছু কিছু অনুবাদ এই শব্দগুচ্ছকে উদ্ধৃতির মধ্যে রেখেছে (NRSV, TEV, NJB) কারণ তারা মনে করে এটি ছিল করিছের বিভক্ত দলসমূহের মধ্যে একটির শ্লোগান বা সংস্কৃতিকগত প্রবাদ। এটি “সবল” খ্রীষ্টিয়ানদের বিশ্ব দর্শনকে উন্মুক্ত করেছে (১ করি ৬:১২; ১০:২৬; রোমীয় ১৪:১৪,২০)।

বিশেষ বিষয়: খ্রীষ্টিয় স্বাধীনতা বনাম খ্রীষ্টিয় দায়িত্ব(রোমীয় ১৪:১-১৫:১৩ পদ থেকে)

(SPECIAL TOPIC: CHRISTIAN FREEDOM VS. CHRISTIAN RESPONSIBILITY (from Rom. 14:1-15:13))

- ক. রোমীয় ১৪:১-১৫:১৩ পদ চেষ্টা করে খ্রীষ্টিয়ান স্বাধীনতা এবং দায়িত্বের paradox এর ভারসম্য করতো। সাহিত্য এককটি চলমান আছে রোমীয় ১৪:১-১৫:১৩ পদ পর্যন্ত।
- খ. সমস্যা যেটি এই অধ্যায়ে হটকারী ছিল তা সম্ভবত ছিল রোমীয় মণ্ডলীতে পরজাতি ও যিহুদী বিশ্বাসীদের মধ্যে উত্তেজনা। ধর্মান্তরের আগে যিহুদী প্রবণতা ছিল legalistic হওয়া এবং পৌত্তলিকদের প্রবণতা ছিল অনৈতিক হওয়া। মনে রাখতে হবে, এটি যীশুর একনিষ্ট অনুসরণকারীদের উল্লেখ করেছে। এই অধ্যায় জাগতিক বিশ্বাসীদের উল্লেখ করে নাই। উভয় দলের প্রতি সর্বোচ্চ উদ্দেশ্য আরোপ করা হয়েছে। চরমপন্থার বিপদ উভয়ে পক্ষের জন্য আছে। এই আলোচনা ভুল বের করা বা লোক দেখানো উদারতা জন্য একটি অনুমতি পত্র নয়।
- গ. বিশ্বাসীদের অবশ্যই সাবধান হতে হবে যেন তাদের ধর্মতন্ত্র বা নৈতিকতা অন্য সকল বিশ্বাসীদের জন্য মানদণ্ড না হয় (২ করি ১০:১২)। বিশ্বাসীদের অবশ্যই তারা যে আলো পেয়েছে তাতে চলবে কিন্তু বুঝতে হবে যে তাদের ধর্মতন্ত্র স্বয়ংক্রিয় ভাবে ঈশ্বরের ধর্মতন্ত্র নয়। বিশ্বাসীরা এখনও পাপের দ্বারা প্রভাবিত। আমাদের অবশ্যই উৎসাহ দিতে হবে, পরামর্শ দিতে হবে, এবং একে অন্যকে শিক্ষা দিতে হবে শাস্ত্র, যুক্তি, এবং অভিজ্ঞতা থেকে, কিন্তু সবসময় ভালবাসায়। একজন যত বেশি জানবে তত বেশি একজন জানবে যে সে জানে না (১ করি ১৩:১২)!
- ঘ. ঈশ্বরের সামনে একজনের মনোভাব ও উদ্দেশ্য হল মূল চাবিকাঠি একজন খ্রীষ্টিয়ান ভাই/বোনের কাজের মূল্যায়নের। খ্রীষ্টিয়ানের খ্রীষ্টের সামনে দাঁড়াতে বিচারিত হতে যে কিভাবে তারা একে অন্যের সাথে আচরণ করেছে (প্রেরিত ১৫:১০,১২ ও ২ করি ৫:১০)।
- ঙ. মার্টিন লুথার বলেছেন, “একজন খ্রীষ্টিয়ান মানুষ হলেন একজন সর্বস্বাধীন প্রভু, কারো অধীন নয়; একজন খ্রীষ্টিয়ান মানুষ হলেন সর্ব কর্তব্য পরায়ন সেবক, সকলের অধীন।” বাইবেলের সত্য প্রায়ই উপস্থাপন করা হয়েছে একটি উত্তেজনাপূর্ণ paradox এ (দেখুন বিশেষ বিষয়:

শাস্ত্রে Paradox (Special Topic: Paradox in Scripture) ।

চ. এই কাঠিন কিন্তু গুরুত্বপূর্ণ বিষয়টি আলোচনা করা হয়েছে সম্পূর্ণ সাহিত্যের একক রোমীয় ১৪:১-১৫:১৩ পদ এবং এছাড়া ১ করিন্থীয় ৮-১০ এবং কলসীয় ২:৮-২৩ পদে ।

ছ. যাহোক, এটা বলা দরকার যে বহুত্ববাদ একনিষ্ঠ বিশ্বাসীদের মধ্যে একটি খারাপ বিষয় নয় । প্রত্যেক বিশ্বাসীর সবলতা ও দুর্বলতা আছে । প্রত্যেককে অবশ্যই তার আলোতে চলতে হবে, সবসময় আত্মা ও বাইবেল খোলা থাকতে হবে আরো আলোর জন্য । এই অন্ধকারময় কাচের (১ করি ১৩:৮-১৩) মধ্য দিয়ে দেখার সময়কালে একজনকে অবশ্যই ভালবাসায় (প্রেরিত ১৫:১৫), এবং শান্তি (প্রেরিত ১৫:১৭,১৯)তে চলতে হবে পারস্পারিক উন্নতির জন্য ।

বিশ্বাসী হিসেবে আমাদের ভিন্নতা হল ঈশ্বরের উন্মুক্ত দরজা বিভিন্ন অবিশ্বাসীদের জন্য খ্রীষ্টতে ক্ষমা ও পুনরুদ্ধার খুঁজে পাওয়া । খ্রীষ্টিয়ান বহুত্ববাদ, বাইবেলের সীমার মধ্যে, প্রচার কাজের জন্য একটি ভাল বিষয়!

জ. “সবল” এবং “দুর্বল” শিরোনামগুলো যেটি পৌল এই দলগুলোকে দিয়েছেন আমাদের কাছে তাদের পক্ষপাত করে । এটি নিশ্চিতভাবে পৌলের উদ্দেশ্য ছিল না । উভয় দলগুলো ছিল একনিষ্ঠ বিশ্বাসীদের । আমরা অন্য খ্রীষ্টিয়ানদের আমাদের মত করে ছাচে গড়ার চেষ্টা করবো না! আমরা একে অন্যকে খ্রীষ্টতে গ্রহণ করবো!

ঝ. সম্পূর্ণ বিতর্কটি রূপরেখা হিসেবে করা যেতে পারে

১. একে অন্যকে গ্রহণ করা কারণ ঈশ্বর আমাদের খ্রীষ্টের মধ্য দিয়ে গ্রহণ করেছেন (রোমীয় ১৫:১৪:১,৩; ১৫:৭)

২. একে অন্যকে বিচার না করা কারণ খ্রীষ্ট হলেন আমাদের একমাত্র প্রভু ও বিচারকর্তা (রোমীয় ১৪:৩-১২)

৩. ভালবাসা হল ব্যক্তিগত স্বাধীনতা থেকে অধিক গুরুত্বপূর্ণ (রোমীয় ১৪:১৩-২৩)

৪. খ্রীষ্টের উদাহরণ অনুসরণ করা এবং নিজের অধিকার অন্যের উন্নতি এবং ভালোর জন্য বিলিয়ে দেওয়া (রোমীয় ১৫:১-১৩) ।

Copyright © 2014 [Bible Lessons International](#)

■ “কিন্তু সব কিছুই মঙ্গলজনক নয়” বাস্তব, আত্মিক পরীক্ষা হল, “এটা কি দেহের মঙ্গল করে (অর্থাৎ, বিশ্বাসী সমাজ)?” (১ করি ৬:১২; ১৪:৩-৪,২৬; ২ করি ১২:১৯; রোমীয় ১৪:১৯; ১৫:২) । এটি অবশ্যই সকল বিশ্বাসীদের কথা বা কাজের পরীক্ষা । একজনের খ্রীষ্টে স্বাধীনতা অবশ্যই অন্যের ক্ষতির কারণ হবে না যার জন্য খ্রীষ্ট মরেছিলেন (রোমীয় ১৪:১৫) ।

শুধু মাত্র ব্যক্তিগত অভিমত, এটি ইঙ্গিত দেয় না যে আত্মিক ভাবে অবশ্যই নিম্নতর স্তরে ভেসে থাকবে দুর্বল বিশ্বাসীরা, কিন্তু পরিপক্ব বিশ্বাসীরা অবশ্যই দেখাবে না সহ বিশ্বাসীদের স্বাধীনতার মূল্য । কিছু কিছু বিশ্বাসী গোঁড়া, ফরীশীদের মত আহন কানুন নির্ভর । আমি তাদের আইন কানুনে হতাশ নই, কিন্তু আমি অবশ্যই তাদের ভালবাসি, তাদের জন্য প্রার্থনা করি, সম্পূর্ণ ভাবে তাদের গ্রহণ করি, এবং প্রকাশ্যে তাদের বিব্রত করি না বা আমার স্বাধীনতা দেখাই না । আমি আত্মিক ভাবে অমার সহ বিশ্বাসীদের প্রতি দায়িত্ববান! দেখুন [বিশেষ বিষয়: উৎকর্ষ সাধন, পৃ. ১৫৫, \(SPECIAL TOPIC: EDIFY, See page 155\)](#) ১ করি ৮:১ পদে ।

১০:২৪ “কেউ তার নিজের মংগলের চেষ্টা না করুক, কিন্তু তার প্রতিবাসির জন্য করুক” এটি একটি present active imperative । পরিপক্ব খ্রীষ্টিয়ান সর্বাত্মে অন্যের কল্যাণের বিষয়টি রাখে (১ করি ১০:৩৩; ১২:৭; ১৩:৫; রোমীয় ১৪:৭; ১৫:২; ফিলি ২:১-৫, ২১) ।

১০:২৫,১৭ এটি হল উন্মুক্ত বিশ্বাসের কঠ । কিন্তু “সবল” বিশ্বাস প্রকাশ্যে “দুর্বল” বিশ্বাসকে দূর করে (১ করি ১০:২৮-২৯) ।

১০:২৫ “বিবেক” পুরাতন নিয়মে গ্রীক টার্ম “বিবেক” এর কোন বিকল্প নেই ইব্রীয় টার্ম “বুক” ছাড়া যেটি ইঙ্গিত দেয় নিজের জ্ঞান ও এর উদ্দেশ্য । মূলত গ্রীক টার্ম উল্লেখ করে সচেতনতা যা সম্পর্কিত পাঁচটি ইন্দ্রিয়ের সাথে । এটি অভ্যন্তরীণ অর্থে ব্যবহৃত হয়ে এসেছে (রোমীয় ২:১৫) । পৌল এই টার্ম প্রেরিত পুস্তকে (অর্থাৎ, ২৩:১ এবং ২৪:১৬) তার বিচারে দু'বার ব্যবহার করেছেন । এটি তার সচেতনতার কথা উল্লেখ করে যে তিনি তার জানা মতে ঈশ্বরের কোন ধর্মীয় দায়িত্বে অবহেলা করেন নাই (১ করি ৪:৪) ।

বিবেক হল বিশ্বাসীদের উদ্দেশ্য ও কাজের ক্রমবর্ধমান উপলব্ধি যার ভিত্তি হল (১) বাইবেল ভিত্তিক বিশ্ব দর্শন; (২) অন্তরে বাসকারী আত্মা; এবং (৩) জীবন পদ্ধতির জ্ঞান যার ভিত্তি ঈশ্বরের বাক্যের উপরে । খ্রীষ্টিয় বিবেক সম্ভব করে সুসমাচার ব্যক্তিগত ভাবে গ্রহণ করতে । দেখুন সম্পূর্ণ নোট ১ করি ৮:৭ পদে ।

১০:২৬ “কারণ পৃথিবী ও তার সমস্ত কিছু প্রভুরই” এটি হল সকল সৃষ্ট বস্তুর উত্তমতার নিশ্চয়তা (১ করি ৬:১২; ১০:২৬; রোমীয় ১৪:১৪,২০), সমন্বয় গ্রহণ করা হয়েছে গীতা ২৪:১ ও ৫০:১২ পদ থেকে, যেটি ব্যবহার করেছিল পুরাতন নিয়মের যিহূদীরা খাবারকে আশীর্বাদ করা হিসাবে।

Textus Receptus ১ করি ১০:২৬ পদকে পুনরাবৃত্তি করছে ১ করি ১০:২৮ পদের শেষে। এটি মূল নয়। এটি গ্রীক পাণ্ডুলিপি α , A, B, C, D, F, G, H*, এবং P, তে হারিয়ে গেছে, এটা ছাড়াও এটি অন্তর্ভুক্ত নেই Vulgate, Syriac, বা Coptic অনুবাদে।

১০:২৭ এই পদ গুরুত্বপূর্ণ পার্থক্য সৃষ্টি করেছে প্রকাশ্যে প্রতিমাপূজার উৎসবে যোগদান বনাম সাধারণ ভাবে প্রতিদিন অবিশ্বাসীদের সাথে মেলামেশা করার মধ্যে। পৌলের অনমনীয় কোন নিয়ম ছিল না। তিনি ব্যক্তিগত সম্পর্ককে প্রাধান্য দিতেন (অর্থাৎ, সুসমাচার প্রচার ও শিষ্যত্ব)। লোকেরাই অগ্রগণ্য। লোকেরাই অনন্তকালীন। লোকেরাই খ্রীষ্টের মৃত্যুর উদ্দেশ্য, খাবার নয়! ২৯-৩৩ পদ আমাদের দেখায় এই বিষয়ে পৌলের সারাংশ।

১০:২৭,৩০ “যদি” উভয়ই হল first class conditional sentences, যেটি সত্য বলে ধরে নেওয়া হয় লেখকের দিক থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্যের দিক থেকে।

১০:২৮ “যদি” এটি হল first class conditional sentences, যার অর্থ সম্ভাব্য কাজ।

▣ “তা খেয়ো না” এটি একটি Present active imperative সাথে negative particle যার সাধারণত অর্থ এটা খাওয়া বন্ধ করা। যদি খ্রীষ্টিয়ানকে জানান হয় যে অবশ্যই খাবে না কারণ সত্য হল যারা দুর্বল বা যারা বিশ্বাস অনুসন্ধান করেছে তাদের কাছে এটি একটি বিষয় হয়ে দেখা দেয় (১ করি ১০:২৯)।

১০:২৯

NASB “আমার স্বাধীনতা কেন পরের বিবেকের দ্বারা বিচারিত হবে”

NKJV “আমার স্বাধীনতা কেন আর একজন মানুষের বিবেকের দ্বারা বিচারিত হবে”

NRSV “আমার স্বাধীনতা কেন অন্যের বিবেকের বিচারের বিষয় হবে”

TEV “আমার স্বাধীনতা কেন পরের বিবেকের দ্বারা সীমাবদ্ধ হবে”

NJB “আমার স্বাধীনতা কেন অন্যের বিবেকের দ্বারা পরিচালিত হবে”

NRSV যতি চিহ্ন বসিয়েছে এই হিসাবে যে এটা পৌলের কথা কি না। TEV অনুবাদ করেছে এই হিসাবে যে এটি আর একটি প্রশ্ন কি না যেটি জিজ্ঞাসা করেছে ধরে নেওয়া অভিযোগকারী। এটি হল সাহিত্য কৌশল যাকে বলে diatribe (১ করি ৬:১২,১৩)।

এটি একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন যেটি আপনি আপনার জন্য উত্তর দেবেন। আমরা সকলে, পবিত্র আত্মার নেতৃত্বের অধীনে, অবশ্যই অন্যদের জন্য আমাদের আত্ম-সীমাবদ্ধতার সীমারেখা ব্যাখ্যা করা দরকার, খ্রীষ্টের জন্য ভালবাসায় ও শ্রদ্ধায়।

বিশেষ বিষয়: খ্রীষ্টিয়ানদের কি একে অন্যের বিচার করা উচিত?

(SPECIAL TOPIC: SHOULD CHRISTIANS JUDGE ONE ANOTHER?)

ক. ১ করি স্থায়ী ৫:১২ পদে পৌল এবং মণ্ডলীর অবশ্যই সদস্যদের সাথে অবশ্যই মোকাবেলা করবে (১২ পদ প্রত্যাশা করে “হা” উত্তর), কিন্তু বিশ্বাসীর অবশ্যই ঈশ্বরকে সুযোগ দেবে অবিশ্বাসীদের মোকাবেলা করার। বিশ্বাসীরা অবশ্যই একে অন্যের বিচার করবে না (মথি ৭:১-৫, ১৫-২০; রোমীয় ১৪:১-১৫:১৩), কিন্তু

১. আমরা অবশ্যই একে অন্যের ফল পরীক্ষা করবো নেতৃত্বের পজিশনের জন্য (১ করি ৬:১-৩; মথি ৭)

২. আমরা অবশ্যই মণ্ডলীর শাসন মনে চলবো যখন মণ্ডলীর সুনাম ঝুঁকির মধ্যে থাকে

এটি প্রায়ই একটি সুন্দর রেখা! প্রয়োগের দ্বারা পৌল জোর দিয়ে বলেছেন যে ১ করি স্থায়ীর পাপকারী লোকেরা অবশ্যই ঈশ্বরের বিচারের রাজ্যে পতিত হবে (অর্থাৎ, মণ্ডলীর বাইরে)।

একটি আশ্চর্য যে কিভাবে এই প্রসঙ্গ আধুনিক সমাজের সাথে সম্পর্কিত যেখানে বিশ্বাসী ও অবিশ্বাসীদের সুযোগ রয়েছে সমাজিক নিয়মকে ভোটের দ্বারা নিয়ন্ত্রণ করার। বিশ্বাসীদের কি অমিত তেজে রাজনৈতিক প্রক্রিয়াতে অংশগ্রহণ করা উচিত? এই প্রসঙ্গ মণ্ডলীর শাসন সম্পর্কিত বিচার সীমাবদ্ধ করেছে কিন্তু পশ্চিমা, আধুনিক গণতন্ত্র নয়। বিশ্বাসীরা দুটি রাজ্যের প্রজা বাধ্যতায় এবং সুযোগ সুবিধা উভয়েতেই! ঈশ্বরের আত্মা, ঈশ্বরের ইচ্ছা, এবং ঈশ্বরের বই বিশ্বাসী হিসাবে আমাদের সাহায্য করে এই পতিত জগতে আমাদের পথকে খুঁজে বের করতে, কিন্তু অবিশ্বাসীরা পাপ, অমিত্র এবং শয়তানের দ্বারা শোষিত ও নিয়ন্ত্রিত হচ্ছে। তাদের দরকার আমাদের সাক্ষ্য এবং সহানুভূতি, আমাদের আত্ম ধার্মিকতার বিচার নয়। তারা সক্ষম নয় আমাদের অনুপ্রেরণা, উদ্দেশ্য, এবং কাজ বুঝতে।

সমস্যা হল কখন এবং কিভাবে খ্রীষ্টিয়ানদের একে অন্যকে “বিচার” করা উচিত যা কারণ ঘটিয়েছে বেশ কিছু গ্রীক পাণ্ডুলিপিকে এই টেক্সট পরিবর্তন করতে।

১. খুব প্রাচীন vigorously পাণ্ডুলিপি P⁴⁶ (২০০ খ্রীষ্টাব্দের দিকে) সেই সাথে Bahairic Coptic অনুবাদ (তৃতীয় শতক) এবং Peshitta Syriac অনুবাদ (পঞ্চম শতক) একেবারে নেতিবাচক বাদ দিয়েছে এবং বিষয়টি অনুবাদ করেছে একটি IMPERATIVE হিসাবে, “যারা ভিতরে [মণ্ডলী] তুমি তাদের বিচার কর” (Bruce M. Metzger, *A Textual Commentary on the*

Greek New Testament, p. 551)।

২. Sahidic Coptic অনুবাদ (তৃতীয় শতক) নেতিবাচককে রেখেছে পরবর্তী বাক্যের সাথে, “কারণ আমি তাদের বিচার কি করবো যারা বাইরের এবং যারা ভিতরে তাদের নয়? যারা ভিতরে তাদের বিচার কর” (Metzger, p. 51)।

৩. UBS⁴ টেক্সট স্বীকার করে না এই সব পার্থক্যের সম্ভাবনাকে আসল হিসাবে।

খ. এই বিষয়টি অবশ্যই আলোচিত হবে দুটি উপায়ে।

১. বিশ্বাসীদের উপদেশ দেওয়া হয়েছে একে অন্যের বিচার না করতে (মথি ৭:১-৫; লুক ৬:৩৭,৪২; রোমীয় ২:১-১১; যাকোব ৪:১১-১২)

২. বিশ্বাসীদের পরামর্শ দেওয়া হয়েছে নেতাদের মূল্যায়ন করতে (মথি ৭:৬,১৫-১৬; ১ করি ১৪:২৯; ১ থি ৫:২১; ১ তীম ৩:১-১৩; এবং ১ যোহন ৪:১-৬)

সঠিক মূল্যায়নের জন্য কিছু দিক যা সাহায্যকারী হতে পারে।

১. নিশ্চয়তার উদ্দেশ্যের জন্যই মূল্যায়ন হওয়া উচিত (১ যোহন ৪:১- “পরীক্ষা” অনুমোদনের দৃষ্টিভঙ্গি নিয়ে)

২. দয়ার মনোভাব ও ন্দ্রতা সহকারে মূল্যায়ন করা উচিত (গালা ৬:১)

৩. ব্যক্তিগত সমর্থনের বিষয়টি অবশ্যই মূল্যায়নের রক্ষা হবে না (রোমীয় ১৪:১-২৩; ১ করি ৮:১-১৩; ১০:২৩-৩৩)

৪. মূল্যায়ন অবশ্যই সেই সব নেতাদের চিহ্নিত করবে যারা মঞ্জুলীর মধ্যে বা সমাজে “সমালোচনার মোকবেলা করে নাই” (১ তীম ৩)।

Copyright © 2014 [Bible Lessons International](#)

১০:৩০ এটি খাবারের কথা উল্লেখ করেছে যার জন্য বিশ্বাসীরা ধন্যবাদ দিয়েছে এবং খেয়েছে। প্রশ্নটি বিশ্বজনীন নীতির মধ্য প্রস্তুত করেছে এই সম্বন্ধে যে কিভাবে আমরা আমাদের খ্রীষ্টিয় অধিকারের অনুশীলন করবো, যেটি অনুসরণ করবে ১ করি ১০:৩১ পদ।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি ১০:৩১-১১:১

“সেজন্য, তোমরা ভোজন কি পান কি যা কিছু কর, সব কিছু ঈশ্বরের গৌরবের জন্য করো।”^{৩১} কি যিহুদী কি গ্রীক কি ঈশ্বরের মন্ডলী কারও বাধা জন্মিও না;^{৩২} আমি যেমন সব মানুষকে সব রকমে সম্ভষ্ট করি, নিজের মঙ্গলের চেষ্টা করি না কিন্তু অনেকের মঙ্গলের চেষ্টা করি, যেন তারা উদ্ধার পেতে পারে।^{৩৩} আমি যেমন খ্রীষ্টের অনুকারী, তোমরাও তেমনি আমার অনুকারী হও। (অনুবাদকৃত টেক্সট)।

১০:৩১ “সব কিছু ঈশ্বরের গৌরবের জন্য করো” এটি একটি বিশ্বজনীন নীতি যেটি বিশ্বাসীদের জীবনের প্রতিটি ক্ষেত্রে প্রযোজ্য (ইফি ৬:৭; কল ৩:১৭,২৩; ১ পিতর ৪:১১)। দেখুন [বিশেষ বিষয়: মহিমা \(DOXA\)](#), পৃ..৭৩, [\(SPECIAL TOPIC: GLORY \(DOXA\)\)](#), See page 73) ১ করি ২:৭ পদে।

১০:৩২ “কি যিহুদী কি গ্রীক কি ঈশ্বরের মন্ডলী কারও বাধা জন্মিও না” এটি মনে হয় তিনটি দলকে উল্লেখ করেছে। প্রথম দুটি দল সুসমাচার প্রচারের সাথে সম্পর্কিত; শেষ দলটি মঞ্জুলীর সাথে সহযোগিতায় আছে।

টার্ম “মঞ্জুলী” স্পষ্টত ব্যবহৃত হয়েছে বিশ্বজনীন অর্থে যেভাবে মথি ১৬:১৮ পদে হয়েছে। টার্মটি নূতন নিয়মে ব্যবহৃত হয়েছে

১. একটি স্থানীয় অর্থে (বেশির ভাগ ক্ষেত্রে)

২. একটি আঞ্চলিক ক্ষেত্রে (প্রেরিত ৯:৩১; গালা ১:২)

৩. বিশ্বজনীন অর্থে (ফিলি ৩:৬; ইব্রীয় ১২:২৩)

৪. মহাজাগতিক অর্থে সকল যুগের জীবিত ও মৃত সকল পবিত্রগণ (ইফি ১:২২; ৫:২৩,২৪,২৫,২৭,২৯,৩২; কল ১:১৮,২৪)।

■ “মঞ্জুলী” দেখুন বিশেষ বিষয়:মন্ডলী ১ করি ১:২ পদে।

১০:৩৩ “আমি যেমন সব মানুষকে সব রকমে সম্ভষ্ট করি. . . যেন তারা উদ্ধার পেতে পারে” সুসমাচার প্রচার, আত্ম অধিকার নয়, পরিপক্ব বিশ্বাসীদের অগ্রগণ্যতা (১ করি ৯:১৯-২২)।

■ “অনেকে” ইংরাজিতে এটি বোঝা যেতে পারে একটি বিরাট দলের বড় অংশকে। যাহোক, ইব্রীয় চিন্তায় “অনেকে” এটি কেবলমাত্র সাহিত্যের পার্থক্য। এই সমান্তরালবাদ দেখা যেতে পারে

১. যিশাইয় ৫৩:১১, “অনেক”

যিশাইয় ৫৩:১২, “অনেকে”

যিশাইয় ৫৩:৬, “আমাদের সকলকে”

২. রোমীয় ৫:১৮, “সকল মানুষের. . .সকল মানুষের”

রোমীয় ৫:১৯, “অনেক. . .অনেক”

৩. করি ১০:১৭ পদে, “আমরা যারা অনেকে” (এখানে পৌল “অনেক” টার্ম ব্যবহার করেছেন বিশ্বাসীদের সম্পূর্ণ দলটিকে উল্লেখ করতে)

■ “যেন তারা উদ্ধার পেতে পারে” এটি হল সুসমাচার প্রচার ও খ্রীষ্টিয় জীবন যাপনের লক্ষ্য (১ করি ৯:১৯-২২)। আদি পুস্তকের ৩:১৫; ১২:৩ পদে ঈশ্বরের প্রতিজ্ঞা এখন পরিপূর্ণ হয়েছে। ভেসে যাওয়া সহভাগিতা (অর্থাৎ, মানুষের মধ্যে বিকৃত হয়ে যাওয়া ঈশ্বরের প্রতিমূর্তি) খ্রীষ্টের মাধ্যমে পুনস্থাপিত হয়েছে। “যে কেউ ইচ্ছা করে” আসতে পারে (যিহি ১৮:২৩,৩২; যোহন ১:১২; ৩:১৬; ১ তীম ২:৪; ২ পিতর ৩:৯)।

১১:১ এই পদ মনে হয় ১০ অধ্যায়ের সাথে যাবে, ১১ অধ্যায়ের সাথে নয়। পৌলের সুসমাচার প্রচারের উদ্দেশ্য এবং কাজ সমান্তরাল যীশুর জীবন ও শিক্ষার সাথে। যেভাবে পৌল করিচ্ছের বিশ্বাসীদের তাকে অনুকলণ করতে বলেছেন তার লক্ষ্য ছিল (১) দেহের (মণ্ডলী) জন্য মঙ্গলজনক এবং (২) অবিশ্বাসী জগতের পরিদ্রাণ।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. যে সব ইশ্রায়েলীয়রা প্রান্তরে মারা গিয়েছিল তারা কি আত্মিক ভাবে হারিয়ে গিয়েছে?
২. প্রভুর ভোজের প্রধান উদ্দেশ্য কি?
৩. কিভাবে একজন খ্রীষ্টিয় স্বাধীনতা ও দায়িত্বের মধ্যে সমতা রাখতে পারে?
৪. আমাদের স্বাধীনতার প্রধান লক্ষ্য কি হওয়া উচিত?

১ করিন্থীয় ১১
(1 CORINTHIANS 11)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
		সামাজিক জীবনে সমস্যা (১১:২-১৪:৪০)		প্রকাশ্য সভার শিষ্টতা (১১:২-১৪:৪০)
আরাধনায় মাথা ঢেকে রাখা	মাথা ঢাকা	প্রকাশ্য আরাধনায় পোষাকে সুসঙ্গতি	আরাধনায় মাথা ঢেকে রাখা	আরাধনায় স্ত্রীলোকের আচরণ
১১:২-১৬	১১:২-১৬	১১:২-১৬	১১:২-১২	১১:২-৬
				১১:৭-১২
			১১:১৩-১৬	১১:১৩-১৫
				১১:১৬
প্রভুর ভোজের অপব্যবহার	প্রভুর ভোজে পরিচালনা	প্রভুর ভোজের অপব্যবহারের বিষয়ে নির্দেশনা	প্রভুর ভোজ	প্রভুর ভোজ
১১:১৭-২২	১১:১৭-২২	১১:১৭-২২	১১:১৭-২২	১১:১৭-২২
প্রভুর ভোজ প্রতিষ্ঠা	প্রভুর ভোজ প্রতিষ্ঠা			
১১:২৩-২৬	১১:২৩-২৬	১১:২৩-২৬	১১:২৩-২৬	১১:২৩-২৭
অযোগ্য ভাবে প্রভুর ভোজে অংশ নেওয়া	নিজেকে পরীক্ষা করা			
১১:২৭-৩৪	১১:২৭-৩৪	১১:২৭-৩৪	১১:২৭-৩২	১১:২৮-৩২
			১১:৩৩-৩৪	১১:৩৩-৩৪

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

১১:২-৩৪ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. ১১ অধ্যায় থেকে ১৪ অধ্যায় একত্রিত ভাবে আরাধনার বিষয় নিয়ে আলোচনা করেছে। এগুলি একতাবদ্ধ সাহিত্য একক গঠন করেছে।
১. পুরুষ এবং স্ত্রীলোকের পোষাক পরিচ্ছদ ও কাজ (১ করি ১১:২-১৬)
 ২. প্রভুর ভোজ পালন করা (১ করি ১১:১৭-৩৪)
 ৩. আত্মিক দানের অনুশীলন (১ করি ১২-১৪)
- খ. যখন আমি বলি “একত্রিত আরাধনা” সেখানে দুটি সম্ভাব্য অবস্থা থাকে।
১. সব জায়গাতে গৃহে নিয়মিত ছোট দলের সভা, কিছু কিছু পার্শ্ববর্তী ধনী এলাকাতে, কিছু কিছু স্বগোত্রিয়দের আবাসে, কিছু কিছু ক্রীতদাসদের আবাসে
 ২. মাঝে মাঝে (সুনির্দিষ্ট সময় কাঠামো অজ্ঞাত) এই ছোট ছোট গৃহ মন্ডলীগুলি একত্রে মিলিত হতো নগর-ব্যাপি আরাধনা অনুষ্ঠানের জন্য (অর্থাৎ, Eucharist উদযাপনের সাথে *agapē* ভোজ)
 ৩. সেখানে গৃহ মন্ডলীর জন্য বনাম একত্রিত অনুষ্ঠানের জন্য ভিন্ন ভিন্ন নিয়ম কানুন ছিল কি না তা অজ্ঞাত
- গ. বেশ কয়েকটি উপায় আছে ১ করি ১১:২-১৬ পদ বোঝার জন্য।
১. এই প্রসঙ্গ মুখ্যত আলোচনা করে সঠিক শিষ্টতা (১ করি ১১:১৩) একত্রিত আরাধনার, পুরুষ এবং স্ত্রীলোকের মধ্যকার সম্পর্ক নয় (১ করি ১১:১১-১২)।
 ২. এই প্রসঙ্গ খ্রীষ্টে নূতন স্বাধীনতার বিষয়ে আলোচনা করে যেটি করিছে মন্ডলীতে রোমীয় পুরুষ এবং স্ত্রীলোকেরা ঐতিহ্য ও সংস্কৃতি (স্ত্রীলোক) থেকে তাদের সামাজিক মর্যাদা (পুরুষ) ও স্বাধীনতাকে দেখাবার জন্য ব্যবহার করতো।
 ৩. এই প্রসঙ্গ আলোচনা করে স্বামী ও স্ত্রীর মধ্যকার সৃষ্টিগত সম্পর্ক (ইফি ৫:২২-৩১; ১ তীম ২:৯-১৫)। সঠিক সম্পর্কের ভিত্তি আদি ২-৩ অধ্যায়ের উপরে, যেটি দেখায় পুরুষের অগ্রগণ্যতা কারণ আদমের মূল সৃষ্টি এবং হবার প্রারম্ভিক বিদ্রোহ।
 ৪. পৌলের মাথা ঢাকার আলোচনা কেবলমাত্র স্ত্রীলোকেই সীমাবদ্ধ নয়, কিন্তু এটি পুরুষকেও উদ্দেশ্য করে বলছে। স্বাভাবিক ভাবে করিছে সমস্যা ছিল দু’দিক থেকে। যেমন তাদের কিছু কিছু পুরুষ সম্ভ্রান্ত সামাজিক মর্যাদার চিহ্ন হিসাবে তাদের মাথা ঢেকে রাখতো যখন তারা একত্রিত আরাধনা পরিচালনা করতো যেমন তারা পৌত্তলিকতায় থাকা অবস্থায় করেছিল। তাদের সামাজিক বিধিনিষেধ থেকে মুক্তির চিহ্ন হিসাবে স্ত্রীলোকেরা তাদের বিবাহের পর্দা সরিয়ে ফেলতে যখন তারা একত্রিত আরাধনায় পরিচালিত হতো (Bruce W. Winter, *After Paul Left Corinth*, pp. 121-141)। এই টেক্সট অনন্যভাবে রোমীয় করিছে সাথে খাপ খায়। যিহুদী জীবনে এবং গ্রীকদের জীবনে স্ত্রীলোকেরা সাধারণত মাথার আবরণি পরিধান করতো না।
- এটি মনে হয় যে এই দ্ব্যর্থব্যাঞ্জক প্রসঙ্গ বহুবিধ ব্যাখ্যার জন্য উন্মুক্ত। এই ব্যাখ্যাসমূহ আরও বলে যে ব্যাখ্যাকারকেরা পৌলের উদ্দেশ্য থেকে বেশি পক্ষপাতপূর্ণ। একটি টেক্সট যার রয়েছে এবং অনেক উপায়ে বোঝা যেতে পারে খাঁটি বিশ্বাসীদের দ্বারা অবশ্যই নিশ্চিত ভাবে ব্যবহৃত হবে না সুনির্দিষ্ট, গৌড়ামীপূর্ণ উপায়ে যে মন্ডলীতে মহিলাদের স্থান ও কার্যক্রমে বা সকল যুগের সকল সংস্কৃতির পুরুষের ও স্ত্রীলোকের সম্পর্কের মধ্যকার বাধানিষেধ বা সমর্থনের জন্য। এটা আমাকে বিম্মত করে যে কিছু কিছু বিশ্বাসী ১১ অধ্যায়ের পুরুষ ও স্ত্রীলোকের মাথা ঢাকার আলোচনাকে সংস্কৃতিক বিষয় বলে নিম্নতর স্থান দিয়েছে (যদিও পৌল আদি ১-৩ অধ্যায়ের আবেদন রেখেছেন), যখন একই সময়ে, আকাংখ্যা করছে পৌলের মন্ডলীতে স্ত্রীলোকের সীমাবদ্ধতাকে সকল যুগের নীতি হিসাবে গ্রহণ করতে। এটি এই বিষয়ের সামঞ্জস্যতার অভাব যেটি কারণ হয়েছে ব্যাখ্যায় অনেক বেশি সমস্যা। এই জটিল ও আবেগগত বিষয়টির সবচেয়ে উত্তম আলোচনা রয়েছে *How to Read the Bible for All Its Worth* by Fee and Stuart, pp. 61-77 or *Gospel and Spirit*, by Gordon Fee এর পুস্তকে।
- ঘ. এই অধ্যায় আমাদের দেখতে সাহায্য করে যে কিছু কিছু ধর্মতাত্ত্বিক প্রতিক এবং সুযোগ সুবিধা অবশ্যই সীমাবদ্ধ হবে এবং বা প্রসারিত হবে সেই সব সংস্কৃতির সম্পর্ক অনুসারে যেখানে পরিপক্ব খ্রীষ্টিয়ানেরা নিজেদের দেখেন। এই ক্ষেত্রে আমাকে একটি বই সাহায্য করেছে সেটি হল Gordon Fee and Douglas Stuart, *How To Read the Bible For All Its Worth*, pp. 71-89।
- ঙ. এটি হল প্রভুর ভোজ/ Eucharist /কম্যুনিয়নের বিষয়ে সবচেয়ে প্রাচীন লিখিত বিবরণ।
- চ. প্রভুর ভোজের উদ্দেশ্য হল
১. মন্ডলীর একতা ও সহভাগিতা
 ২. যীশুর উপস্থিতির অভিব্যক্তি
 ৩. যীশুর ঐতিহাসিক বলিদানের অভিব্যক্তি

৪. খ্রীষ্টের মধ্যে দিয়ে আমাদের ঈশ্বরের সাথে নূতন সম্পর্কের অভিব্যক্তি
৫. অতীতের ঘটনা এবং ভবিষ্যতে খ্রীষ্টের আগমনের কাজের ঘোষণা
৬. আরাধনার গুরুত্বপূর্ণ কাজ

১ করি ১০:১৬-১৭ পদ থেকে এটি নিশ্চিত যে পৌল এই অভিজ্ঞতাকে দেখেছিলেন কেবলমাত্র প্রতীক বা স্মরণার্থকের চেয়ে বেশি করে (১ করি ১১:২৪-২৫)। যাহোক, এই ধারণার উন্নয়ন হয়নি। সম্ভবত যোহন ৬:৪১-৭১ পদ (যদিও এই প্রসঙ্গের কিছুই প্রভুর ভোজের সাথে সম্পর্কিত নয়) হল এই আত্মিক একতার একটি দিক। খ্রীষ্ট ধর্ম মুখ্যত ত্রিভু ঈশ্বরের সাথে ব্যক্তিগত বিশ্বাস সম্পর্কিত।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি ১১:২-১৬

^২ এখন আমি তোমাদের প্রশংসা করছি কারণ তোমরা সব ব্যাপারেই আমার কথা মনে করে থাক এবং আমি তোমাদের যে শিক্ষা দিয়েছি তা দৃঢ় ভাবে ধরে রাখছ। ^৩ কিন্তু আমি চাই যেন তোমরা বুঝতে পার যে খ্রীষ্টই প্রত্যেক পুরুষের মস্তক, এবং স্ত্রীলোকের মস্তক হল পুরুষ, আর খ্রীষ্টের মস্তক হলেন ঈশ্বর। ^৪ যে কোন পুরুষ প্রার্থনা করার সময় কোন কিছু তার মাথার উপরে রাখবে বা ভাববাণী বলে সে তার মাথার অসম্মান করে। ^৫ কিন্তু যে কোন স্ত্রীলোক প্রার্থনা করার সময় মাথা না ঢাকে বা ভাববাণী বলে সে তার মাথার অসম্মান করে, কারণ সে এবং একজন স্ত্রীলোক যারা মাথা কামান হয়েছে দুজনে সমান হয়ে পড়ে। ^৬ কারণ যদি কোন স্ত্রীলোক মাথা না ঢাকে, তবে সে তার চুলও কেটে ফেলুক; কিন্তু স্ত্রীলোকের পক্ষে চুল কেটে ফেলা বা মাথা কামিয়ে ফেলা লজ্জার বিষয় বলে, সে তার মাথা ঢেকে রাখুক। ^৭ কারণ মাথা ঢেকে রাখা পুরুষের উচিত নয়, যেহেতু সে হল ঈশ্বরের প্রতিমূর্তি ও গৌরব; কিন্তু স্ত্রীলোক পুরুষের গৌরব। ^৮ কারণ পুরুষ স্ত্রীলোক থেকে আসে নি, কিন্তু স্ত্রীলোক পুরুষ থেকে; ^৯ কারণ স্ত্রীলোকের জন্য পুরুষের সৃষ্টি হয় নি, কিন্তু পুরুষের জন্য স্ত্রীলোকের সৃষ্টি হয়েছে। ^{১০} সেইজন্য স্ত্রীলোকের মাথার উপরে কর্তৃত্বের প্রতিক থাকার উচিত, কারণ স্বর্গদূতদের জন্য। ^{১১} তথাপি, প্রভুতে, স্ত্রীলোক পুরুষের উপরে নির্ভরশীল নয়, এমনকি পুরুষ স্ত্রীলোকের উপরে নির্ভরশীল নয়। ^{১২} কারণ যেমন পুরুষ থেকে স্ত্রীলোক এসেছে, সেরকমই আবার স্ত্রীলোকের মধ্য দিয়ে পুরুষ জন্ম নেয়; এবং সকলই ঈশ্বর থেকে হয়। ^{১৩} তোমরা নিজেরাই বিচার কর: স্ত্রীলোকের মাথা কাপড় না দিয়ে ঈশ্বরের কাছে প্রার্থনা করা কি উপযুক্ত? ^{১৪} প্রকৃতিও কি তোমাদের শিক্ষা দেয় না যে পুরুষ যদি লম্বা চুল রাখে, এটা তার অসম্মানের বিষয়, ^{১৫} কিন্তু স্ত্রীলোক যদি লম্বা চুল রাখে, তবে এতে তাতে তার গৌরব হয়? কারণ নিজেকে ঢাকবার জন্যই তো লম্বা চুল দেওয়া হয়েছে। ^{১৬} কিন্তু যদি কেউ এই নিয়ে তর্ক করতে চায়, আমাদের অন্য কোন অনুশীলন নেই, এমনকি ঈশ্বরের মঙ্গলীগুলোর মধ্যেও নেই। (অনুবাদকৃত টেক্সট)।

১১:২ আগের অধ্যায়ের আলোকে, একটি আশ্চর্য্য যে এই পদটি শ্লেষ বা ব্যঙ্গ কি না। এই মণ্ডলী পৌলের কথা স্মরণ করে নাই এবং তার শিক্ষাও অনুসরণ করে নাই (১ করি ১১:১৭,২২)। এটি সম্ভব যে এটি আর একটি প্রশ্ন যার বিষয়ে মণ্ডলী পৌলকে লিখেছিল।

NASB “শিক্ষা দৃঢ় ভাবে ধরে রাখছ”

NKJV “শিক্ষা দৃঢ় ভাবে ধরে রাখ”

NRSV “শিক্ষা রক্ষা করে চল”

TEV “শিক্ষা অনুসরণ কর”।

NJB “শিক্ষা রক্ষা করে চলছ”

এটি একটি present active indicative। বিশ্বাসীরা অবিরত পৌল যে সত্য শিক্ষা দিয়েছেন তা আকড়ে ধরে আছে (২ থি ২:১৫)। এটি হল চুক্তির সমতা নির্বাচনের প্রতি।

টার্ম “শিক্ষা” (*pardosis*) বেশ কয়েকটি অর্থে ব্যবহৃত হয়েছে:

১. ১ করি ১১:২,২৩; ১৫:৩ পদে সুসমাচারের সত্যের জন্য
২. মথি ১৫:৬; ২৩:১ পদ থেকে কয়েকটি পদ; মার্ক ৭:৮; গালা ১:১৪ পদে যিহূদী ঐতিহ্যে
৩. কল ২:৬-৮ পদে Gnostic অনুমানে
৪. রোমীয় কাথলিকরা (ইস্টার্ন এবং রাশিয়ান অর্থডক্স) এই পদ ব্যবহার করে বাইবেল ভিত্তিক proof-text হিসাবে শাস্ত্র এবং মণ্ডলীর ঐতিহ্যের কর্তৃত্ব সমতার জন্য
৫. এই প্রসঙ্গে এটি উল্লেখ করে প্রৈরিতিক সত্য, হয় মৌখিক না হয় লিখিত (২ থি ৩:৬)

■ “শিক্ষার প্রতি” যীশু সম্বন্ধে অনেক তথ্য ব্যক্তি থেকে ব্যক্তিতে মৌখিক ভাবে স্থানান্তর হয়েছে তাঁর মৃত্যুর ৩০-৬০ বছর পর পর্যন্ত যতদিন না তা লিখিত হয়েছে।

■ “আমি তোমাদের যেভাবে দিয়েছি” এখানে রয়েছে গ্রীক শব্দকৌশল “শিক্ষা” (*paradoseis*) এবং “দান করা” (*paredōka*) এর মধ্যে, দুটিই এসেছে *paradidōmi* থেকে। পৌল উদ্ভাবক ছিলেন না, কিন্তু সহজ ভাবে ধারাবাহিক প্রকাশের একটি সংযোগ। টার্ম “শিক্ষা” খ্রীষ্টিয় সত্য এক ব্যক্তি থেকে অন্য ব্যক্তিতে স্থানান্তরে ব্যবহৃত হয়েছে (১ করি ১১:২৩; ১৫:৩)।

পৌল সুসমাচার সম্বন্ধে তথ্য পেয়েছিলেন বেশ কয়েকটি উৎস থেকে।

১. স্ত্রিফানের বক্তৃতা (প্রেরিত ৭)
২. তিনি যে খ্রীষ্টিয়ানদের নির্ধারিত করেছিলেন (প্রেরিত ৮:১-৩; ৯:১-২; ২২:৪,১৯)

৩. অননীয় (প্রেরিত ৯:১০-১৮)
৪. আরবে খ্রীষ্টের সাথে থাকাকালীন সময়ে (গালা ১:১১-১৭)
৫. যিরুশালেমে পিতর ও যাকোবের সাথে থাকাকালীন সময়ে (গালা ১:১৮-১৯)
৬. বার্নাবা (প্রেরিত ৯:২০-২৭; ১১:২৫-২৬)

১১:৩ “খ্রীষ্ট হলেন মস্তক” তার কমেড্রি *1 and 2 Corinthians*, p. 103, তে F. F. Bruce জোর দিয়ে বলতে চেষ্টা করেছেন যে এই প্রসঙ্গে *kephalē* অনুসরণ করেছে ইব্রীয় *rosh* মূল বা উৎস অর্থে। *kephalē* এর অর্থ গ্রীক অভিধানে সন্নিবেশিত হয়নি যাদের দ্বারা:

১. Bauer, Arndt, Gingrich, Danker
২. Moulton, Milligan
৩. Louw, Nida
৪. Moulton

এটি দেখায় কিভাবে প্রসঙ্গ (অর্থাৎ, ১ করি ১১) সংজ্ঞার বিষয়ে স্থিরকৃত হয়েছে, অভিধানে নয়। এই প্রসঙ্গে “উৎস” বা “মূল” ১ করি ১১:৩ পদে সবচেয়ে ভাল খাপ খায় আদি ১:২৬-২৭৬; ২:১৮ পদের সম্পর্কে (Kaiser, Davids, Bruce, and Brauch, *Hard Sayings of the Bible*, pp. 599-602)।

সৃষ্টিতে যীশু ছিলেন পিতার প্রতিনিধি (যোহন ১:৩,১০; ১ করি ৮:৬; কল ১:১৬; ইব্রীয় ১:২)। মানুষ, পুরুষ এবং স্ত্রীলোক, তাঁর দ্বারা সৃষ্ট হয়েছে, তাঁর প্রতিমূর্তিতে। যাহোক, পুত্র পিতার প্রতি সমর্পিত ছিলেন (১ করি ৩:২৩; ১১:২; ১৫:২৪)। এই উপযুক্ত সমর্পণ পুরুষ ও নারী প্রতি বিস্তারিত হয়েছে। তারা উভয়েই ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট হয়েছে (আদি ১:২৬-২৭), কিন্তু সেখানে রয়েছে একটি নিয়ম, পুরুষ প্রথম, তাপরে নারী (আদি ২:১৮) কাজের সম্পর্কে (অন্ততপক্ষে প্রিত্বাত্মিক পদ্ধতিতে), কিন্তু অসমতায় নয়! পরবর্তীতে বিষয় বিষয় দেখুন।

বিশেষ বিষয়: মস্তক (*kephalē*)

{SPECIAL TOPIC: HEAD (*kephalē*)}

ব্যাপক ধর্মতত্ত্বগত আলোচনা রয়েছে “মস্তক” (*kephalē*) এর অর্থের উপরে। টার্মটি বোঝা যেতে পারে

১. এর পুরাতন নিয়মের ইব্রীয় সমতুল্য হল *rosh* (BDB 910, KB 1164), যার অর্থ হতে পারে
 - ক. মস্তক
 - খ. প্রধান
 - গ. আরম্ভ বা উৎস (হিতো ৮:২৩; উপদেশক ৩:১১; যিশা ৪১:৪)
 - ঘ. সর্ব মোট

(*Dictionary of Old Testament Theology and Exegesis*, vol. 3, pp. 1015-1020)

২. LXX এ *rosh* অনুবাদ হয়েছে গ্রীক শব্দের দ্বারা
 - ক. *archē* (আরম্ভ, গীত ১৩৭:৬)
 - খ. *prōtotokos* (প্রথম, ১ বংশ ৫:১২)
 - গ. *kephalē* (মস্তক)
 - (১) মানুষের মাথা
 - (২) পশুর মাথা
 - (৩) পর্বতে চূড়া
 - (৪) দুর্গের চূড়া (মথি ২১:৪২)

৩. নূতন নিয়মে *kephalē*

- ক. মানুষের মাথা (১ করি ১১:৪,৫,৭)
- খ. পশুর মাথা
- গ. সম্পূর্ণ ব্যক্তির বাগাধারাগত
- ঘ. আরম্ভ বা উৎস (১ করি ১১:৩)
- ঙ. মোট (রোমীয় ১৩:৯)
- চ. নেতা
 - (১) যীশু হলেন সকল কর্তৃত্বকারী এবং কর্তৃত্বের উপরের মস্তক, কল ২:১০
 - (২) যীশু হলেন মস্তলীর মস্তক (ইফি ৪:১৫; ৫:২৩; কল ১:১৮; ২:১৯)
- ছ. স্বামী (ইফি ৫:২৩)

(*Dictionary of New Testament Theology*, vol. 2, pp. 156-163)

■ “স্ত্রীলোকের মস্তক হল পুরুষ” টার্ম “পুরুষ” এবং “নারী” অর্থ হতে পারে স্বামী এবং স্ত্রী (NRSV, TEV)। এই প্রসঙ্গে এটি প্রত্যাশিত গুরুত্ব নয়, কিন্তু আদি ২ অধ্যায়ে প্রতিফলিত সৃষ্টির শংখলা।

■ “আর স্ত্রীষ্টের মস্তক হলেন ঈশ্বর” ১ করি স্থায়ীতে এটি একটি বার বার বলা সত্য (১ করি ৩:২৩; ১১:৩; ১৫:২৮)। ত্রিভুজের মধ্যে শংখলার অধার্মিকতার বিষয়ে কিছু করার নেই, কিন্তু কাজের বিভাগ। এই সত্য আরও প্রয়োগ হতে পারে পুরুষ ও নারীর বিষয়ে আলোচনা থেকে। পারস্পারিক আপোষ নিশ্চিত ভাবে আদি পুস্তকের ৩ অধ্যায়ের পতনের আগে আদর্শ ছিল। এই পারস্পারিক সমঝোতা পুন-প্রতিষ্ঠিত হয়েছে পিতার সাথে বিশ্বাসীদের পুন প্রতিষ্ঠিত সম্পর্কে পুত্রের মাধ্যমে (অর্থাৎ, যীশু পুরুষ ও নারী উভয় বিশ্বাসীদের মধ্যে প্রতিমূর্তি পুনপ্রতিষ্ঠা করেছেন)।

১১:৪

NASB “যে কোন পুরুষ প্রার্থনা করার সময় কোন কিছু তার মাথার উপরে রাখে. . . সে তার মাথার অসম্মান করে”

NKJV “যে কোন পুরুষ প্রার্থনা করা বা ভাববাণী বলার সময় কোন কিছু মাথার উপরে রাখে সে তার মাথার অসম্মান করে”

NRSV “যে কোন পুরুষ মাথার উপরে কিছু রেখে প্রার্থনা করে বা ভাববাণী বলে সে তার মাথার অসম্মান করে”

TEV “সুতরাং কোন পুরুষ প্রকাশ্য আরাধনায় তার মাথা ঢেকে প্রার্থনা করে বা ঈশ্বরের বার্তা ঘোষণা করে সে স্ত্রীষ্টিকে অসম্মান করে”

NJB “কারণ যে কোন পুরুষ মাথা ঢেকে প্রার্থনা করে বা ভাববাণী বলে সে তার মাথার প্রতি অসম্মান দেখায়”

এটি “মস্তক” এর উপরে শব্দ কৌশল। “মস্তক” শব্দের দ্বিতীয় ব্যবহার উল্লেখ করে স্ত্রীষ্টিকে (TEV)। পৌল রোমীয় সংস্কৃতি নিয়ে আলোচনা করছেন যার গঠন এবং প্রতিক সম্পূর্ণ যিহুদী সংস্কৃতির একোরে বিপরীত (অর্থাৎ, পুরুষ তাদের মাথা ঢাকে)। প্রকৃত বিষয় এটি নয় যে কে কার মাথা ঢাকে, কিন্তু প্রতিক হল (১) মূলের বা (২) সমর্পণের, যেখানে উভয়ই ধর্মতত্ত্বগত ভাবে তাৎপর্যপূর্ণ।

এটি বলছে যে করিষ্টের ঐতিহাসিক পরিস্থিতিতে:

১. সামাজিক, রাজনৈতিক, এবং অর্থনৈতিক নেতারা আরাধনা অনুষ্ঠান পরিচালনা করতেন সাধারণ লোকদের থেকে নিজেদের পৃথক করতে মাথার আবরণি দিতেন
২. করিষ্টের সমাজগৃহের যিহুদী মহিলারা পর্দা পরিধান করতেন এবং বিশ্বাসীরা যিহুদীরা মণ্ডলীতে একই রকম আশা করতেন

এই পদের মধ্যে ধর্মতাত্ত্বিক চাপ রয়েছে, যেটি মনে হয় নিশ্চিত করে প্রকাশ্য আরাধনায় মহিলাদের নেতৃত্বের ভূমিকা যেখানে সামাজিক ভাবে গ্রহণযোগ্য মাথার আবরণি সহ যা ১৪:৩৪-৩৫ পদের সাথে তুলনীয়, যেখানে স্ত্রীলোকেরা (বা অন্ততপক্ষে “স্ত্রী,” ১ করি ১১:৩৫) মণ্ডলীতে কথা বলতে নিষিদ্ধ।

কোন কোন দলের proof text ১১ অধ্যায়, যখন অন্যরা ব্যবহার করেছে ১৪ অধ্যায়। এটি অবশ্যই স্বীকার করতে হবে যে এই প্যাসেজের চাবিকাঠি হল প্রথম শতকের করিষ্টের সংস্কৃতিগত প্রেক্ষাপট, কিন্তু যার সুনির্দিষ্ট দিকগুলি আজকে আমাদের কাছে স্পষ্ট নয়। প্রথম শতকের মণ্ডলী পুরাতন নিয়মের মহিলা নেতৃত্বের বিষয় জানতেন এবং সচেতন ছিলেন পৌলের তার পরিচর্যায় মহিলাদের ব্যবহারের (রোমীয় ১৬)। তারা করিষ্টের এবং রোমীয় সংস্কৃতির বিষয়টি বুঝতে পারতেন যেমন আমরা পারি না। গোঁড়ামীবাদ উপযুক্ত নয়।

সাম্প্রতিক বই, *After Paul Left Corinth: The Influence of Secular Ethics and Social Change*, by Bruce W. Winter, pp. 121-141, আমাদের রোমীয় সাহিত্য এবং কলা থেকে খুব সাহায্যকারী অন্তর্দৃষ্টি দিয়েছেন। এটি এবং অন্য প্রবন্ধগুলি (অর্থাৎ, E. Fantham, "The 'New Woman': Representation and Reality," in *Women in the Classical World*, অধ্যায় ১০, এবং P. W. J. Gill, "The Importance of Roman Portraiture for Head Coverings in 1Corinthians 11:2-16," *TynB* 41.2 (1990): pp. 245-260 and "In Search of the Social Elite in the Corinthian Church," *TynB* 44.2 (1993): pp. 323-337), আধুনিক ব্যাখ্যাকারকদের দেখায় কিভাবে প্রথম শতকের করিষ্ট সংস্কৃতিতে রোমীয় ছিল, গ্রীক নয়।

এই নূতন তথ্য প্রথম শতকের রোমীয় করিষ্ট থেকে অন্তর্দৃষ্টি দেয়, এটি সম্ভব পৌল এই বইতে যে সংস্কৃতিগত বিয়ষের সম্মুখীন হয়েছিলেন তা দেখতে শুরু করা।

১. এই সকল প্রসঙ্গে পৌল যিহুদী সংস্কৃতি বা গ্রীক সংস্কৃতি উদ্দেশ্য করে কিছু বলেন নাই।
২. পৌল উচ্চ সামাজিক মর্যাদার দুটি দলের উদ্দেশ্যে বলেছেন।
 - ক. সম্পদশালী, সামাজিক ভাবে সম্ভ্রান্ত, পুরুষ বিশ্বাসীরা তাদের মর্যাদা দেখাতেন তাদের মাথা ঢাকার দ্বারা যখন তারা প্রকাশ্য আরাধনা সভা পরিচালনা করতেন, যেমন ভাবে এটা ছিল এই সামাজিক শ্রেণীর জন্য প্রচলিত প্রথা, যখন প্রকাশ্য গ্রীক-রোমীয় ধর্মীয় আরাধনা পরিচালনা করতেন। তারা তাদের নিজেদের প্রদর্শন করতেন।
 - খ. সম্পদশালী, সম্ভ্রান্ত স্ত্রীরা সংস্কৃতিগত ভাবে প্রত্যাশিত পর্দা পরিধান না করে তাদের সমতা দেখাতেন, কেবল স্ত্রীষ্টে নয়, কিন্তু একটি সামাজিক মন্ডব্য হিসাবেও বটে, যেমন সে সময়ের অন্যান্য রোমীয় মহিলারা ছিলেন।
৩. রোমীয় করিষ্টের নাগরিকেরা, যারা স্ত্রীষ্টিয়ান বিশ্বাস ও আরাধনার অনুশীলনের প্রতি কৌতূহলি ছিলেন, “বার্তাবাহক” পাঠাতেন (অর্থাৎ, ১ করি ১১:১০ পদের দূত হতে পারে উল্লেখ করছে দাস বা প্রতিনিধি যাদের প্রভুর পক্ষ থেকে পাঠান হয়েছে) সভার বিষয়ে পরীক্ষা করে দেখতে।

এই ঐতিহাসিক/সাংস্কৃতিক/সামাজিক তথ্য ভাল অর্থ বহন করে একটি কঠিন ও বিকর্তিক লেখনী সম্পর্কে। এটি ১ করিষ্টীয়ের অন্যান্য লেখনীর সাথেও খাপ খায়, যেটি স্পষ্ট ভাবে প্রতিফলিত করে অনন্যভাবে প্রথম শতকের, করিষ্টীয়ের প্রেক্ষাপট।

১১:৫ “কিন্তু যে কোন স্ত্রীলোক প্রার্থনা করার সময় মাথা না ঢাকে বা ভাববাণী বলে” এটি দৃঢ় ভাবে ইঙ্গিত দেয় যে মহিলারা তাদের মাথা ঢেকে প্রকাশ্য সভায় প্রার্থনা করবে ও ভাববাণী বলতে পারে। এই বইতে টার্ম “ভাববাণী বলা” অর্থ “সুসমাচার অন্যকে বলা” বা “প্রকাশ্যে প্রচার করা” (১ করি ১৪:৩৯)। ৪ ও ৫ পদ মহিলা ও পুরুষেরা যখন দলগত আরাধনায় অংশগ্রহণ করে তখন তারা কি করবে সে সম্বন্ধে সমান্তরাল। দেখুন [বিশেষ বিষয়: নূতন নিয়মের ভাববাণী, পৃ..২৩৫; \(SPECIAL TOPIC: NEW TESTAMENT PROPHECY, See page 235\)](#) ১ করি ১৪: ১ পদে।

■ “তার মাথার অসম্মান করে” করিছ ছিল রোমীয় উপনিবেশ এবং রোমীয় সংস্কৃতি প্রতিফলিত করতো। রোমীয় মহিলারা তাদের কৈশরের আরম্ভেই বিবাহের যোগ্য বলে গণিত হতো। পর্দা ছিল বিবাহ অনুষ্ঠানের একটি সংস্কৃতিগত দিক। এটি আশা করা হতো যে রোমীয় মহিলারা এই পর্দা গৃহের বাইরে পরিধান করবে। এটা না থাকলে তা যে হিসাবে দেখা হতো

১. একজন লজ্জিত মহিলা

২. এজন বেশ্যা

৩. একজন প্রধান সমকামী অংশীদার

৪. একজন “নূতন” মহিলা (অর্থাৎ, সমতা ও স্বাধীনতার একটি সামাজিক আন্দোলন যেটি সক্রিয় ছিল প্রথম শতকে রোমীয় মহিলাদের মধ্যে)

একজন মহিলা এভাবে নিজেকে দেখাতে চাওয়াটা তার স্বামীর জন্য প্রকাশ্যে লজ্জাজনক হতো এবং ভুল ধারণা দিতো মন্ডলী সম্বন্ধে দর্শনর্থীদের কাছে এবং সমাজে। খ্রীষ্ট পুরুষ ও স্ত্রীকে স্বাধীন করেছেন, কিন্তু প্রত্যেকেরই খ্রীষ্টের কারণে তার স্বাধীনতার একটি সীমাবদ্ধতার গন্ডি রয়েছে। মহিলা এবং পুরুষ, স্বামী এবং স্ত্রী যারা বিশ্বাসী তাদের আহবান করা হয়েছে স্বাস্থ্যগত ও রাজ্যের বৃদ্ধির জন্য! ১ করিছীয় ৮-১০ থেকে ১১ অধ্যায় পর্যন্ত এটাই হল মূল বিষয়।

■ “সে এবং একজন স্ত্রীলোক যারা মাথা কামান হয়েছে দুজনে সমান হয়ে পড়ে” এটি একটি Perfect passive participle। এই শব্দগুচ্ছ বোঝার জন্য কতগুলি সম্ভাব্যতা রয়েছে।

১. এটি উল্লেখ করে স্থানীয় বেশ্যাদের প্রচলিত বেশ-ভূষা

২. এটি একটি সংস্কৃতিগত কাজ ব্যভিচারী স্ত্রীলোকদের প্রকাশ্য লজ্জার

৩. এটি দেখায় যে ভূমধ্য সাগরীয় জগতে লজ্জিত স্ত্রীলোকদের বৈশিষ্ট্য “রহস্য ধর্ম” অনুসারীদের জন্য

৪. এটি উল্লেখ করে সংস্কৃতিগত ভাবে খ্রীষ্টিয়ান স্ত্রীলোকদের অপ্রত্যাশিত কাজ খুব ছোট করে চুল কাটা তাদের নূতন স্বাধীনতা দেখাবার জন্য (অর্থাৎ, একটি সংস্কৃতিগত প্রবণতা প্রথম শতকে রোমে এবং এর উপনিবেশসমূহে)

অনেক ব্যাখ্যা বইতে অপশন #১ এর উপরে জোর দেওয়া হয়েছে। এটি জোর দিয়ে বলা হয়েছে যে এটি অবশ্যই উল্লেখ করে দিয়ানার মন্দিরের বেশ্যাদের। যাহোক, Acropolis এই মন্দির পৌলের সময়ের ১৫০ বছর আগে একটি ভূমিকম্পে ধ্বংস হয়ে গিয়েছিল এবং এমন কোন ঐতিহাসিক প্রমাণ নেই যে তা তখনও সক্রিয় ছিল। এছাড়াও এরও প্রমাণ নেই যে গ্রীসের বেশ্যারা তাদের মাথা নেড়া করতো।

মূল প্রশ্ন হল “কি বিষয় পৌল বলতে চাচ্ছেন?”

১. উপযুক্ততা বা সংস্কৃতিগত ভাবে প্রত্যাশিত আরাধনার বেশ-ভূষা এবং কাজ

২. ব্যক্তিগত স্বাধীনতার অপব্যবহার

৩. সঠিক সম্পর্ক তাদের মধ্যে

ক. পুরুষ এবং মহিলা

খ. স্বামী এবং স্ত্রী

গ. দূত এবং স্ত্রীলোক (১ করি ১১:১০)

ঘ. সংস্কৃতি এবং স্ত্রীলোক (১ করি ১১:১৩)

আমি #১ এর উপলব্ধিতে এসেছি যে তা সবচেয়ে ভাল অপশন, বলছেন স্বামী ও স্ত্রী উভয়ই খ্রীষ্টে তাদের নূতন স্বাধীনতার পরিচালনাতেই নয়, কিন্তু তাদের সংস্কৃতিগত সুযোগ সুবিধাকে দৃঢ়তার সাথে প্রত্যাখ্যান করে সরিয়ে রাখা এবং মন্ডলীর একতা ও বৃদ্ধির উদ্দেশ্যে কাজ করা।

১১:৬ “যদি . . যদি” এই পদে দুটি first class conditional শব্দগুচ্ছ যেটি সত্য বলে ধরে নেওয়া হয় লেখকের দিক থেকে বা তার সহিত্যের উদ্দেশ্যের দিক থেকে। মন্ডলীতে খ্রীষ্টিয়ান মহিলারা ছিল যারা তাদের মাথা ঢাকতে অস্বীকার করেছিল, আর সমবেত আরাধনায় সক্রিয় থাকতে চাইতো। এটি সামাজিক ভাবে অগ্রহণীয় ছিল। বিশ্বাসীরা খ্রীষ্টে তাদের নূতন স্বাধীনতা সীমাবদ্ধ করবে এই জন্য

১. মন্ডলীর মধ্যে দুর্বল ব্যক্তির (রোমীয় ১৪:১-১৫:১৩)

২. সমাজের সংস্কৃতিগত প্রত্যাশা মন্ডলী সুসমাচার প্রচারের পথ অন্বেষণ করবে এবং খাপ খাইয়ে নেবে

NASB “তার মাথা না ঢাকে”

NKJV “আবৃত না করে”

NRSV “নিজেকে পর্দানশীন না করবে”

TEV “তার মাথা না ঢাকে”

NJB “পর্দা ছাড়াই চলে”

প্রাচীন ভূমধ্যসাগরীয় লোকদের মুখ ঢাকা (অর্থাৎ, পর্দা) বা কাঁধ পর্যন্ত লম্বা মস্তকব আবরণি ব্যবহারের ঐতিহাসিক তথ্য খুব সাহায্যকারী। আমি ১ করি ১১:৪ পদে আমার সাম্প্রতিক প্রমাণ নথিভুক্ত করেছি। বিবাহিত রোমীয় মহিলারা, বিধবা নয়, বেশ্যাও নয়, সংস্কৃতিগত ভাবে এটা প্রত্যাশিত ছিল যে তারা প্রকাশ্যে পর্দা ব্যবহার করবেন এই চিহ্ন হিসাবে যে তারা বিবাহিত। প্রাচীন ভূমধ্যসাগরীয় জগতে খুব কমই অবিবাহিত মহিলা ছিল।

যিহূদী সংস্কৃতিতে মুখে পর্দা বা আবরণি ব্যবহারের চিহ্ন ছিল

১. কুর্চ, লেবীয় ১৩:৪৫
২. মৃতদের জন্য শোককারী, যিহি ২৪:১৭,২২
৩. বিব্রতকর, মীখা ৩:৭
৪. বিবাহিত, আদি ২৪:৬৫
৫. বেশ্যাবৃত্তি, আদি ৩৮:১৪-১৫

যাহোক, মনে রাখুন পৌল যিহূদী সংস্কৃতি উল্লেখ করছিলেন না কারণ ঐ সংস্কৃতিতে পুরুষেরা আলাধনায় তাদের মাথা ঢেকে রাখতো।

▣ “তবে সে তার চুলও কেটে ফেলুক” এটি একটি aorist middle imperative। এর অর্থ এই নয় যে এটি আক্ষরিক ভাবে নিতে হবে। পৌল খ্রীষ্টিয়ান মহিলাদের প্রকাশ্যে লজ্জিত করার বিষয়ে সমর্থন করছেন না, কিন্তু তিনি জোর দিচ্ছেন সংস্কৃতিগত ফলাফলের উপরে এই রকমের অনুপযুক্ত কার্যকলাপের!

▣ “সে তার মাথা ঢেকে রাখুক” এটি একটি Present middle imperative। খ্রীষ্টিয়ান মহিলারা খ্রীষ্টের কারণে প্রত্যাশিত সংস্কৃতিগত নিয়ম কানুন মেনে চলবেন লোকদের কাছে পরিভ্রাণের জন্য সুসমাচার নিয়ে যেতে ও মন্ডলীর সদস্যতার জন্য। নিয়ম কানুন সংস্কৃতি থেকে সংস্কৃতিতে এবং যুগ থেকে যুগে পরিবর্তন হয়ে যাবে! লক্ষ্য একই রয়ে যাবে (মথি ২৮:১৮-২০; লুক ২৪:৪৭; প্রেরিত ১:৮)।

১১:৭ “সে হল ঈশ্বরের প্রতিমূর্তি ও গৌরব” এটি উল্লেখ করছে আদি ১:২৬-২৭ পদকে, তথাপি এই প্রসঙ্গে এই ১:২৬ পদের “মানুষ” হল জাতিগত। ধর্মতত্ত্বগত ভাবে এটি অনিশ্চিত যে প্রকৃত পক্ষে আদি ১:২৬-২৭ পদে “প্রতিমূর্তি ও সাদ্যশ্যে” কি উল্লেখ করেছে। বেশির ভাগ পণ্ডিত সেগুলিকে সম্পর্কিত করেছেন ব্যক্তিত্বে, আত্ম-সচেতনতায়, নৈতিক দিকসমূহে, বেছে নেবার সক্ষমতায়, অন্য “ব্যক্তিত্ব” দের সঙ্গে সম্পর্ক স্থাপনের সক্ষমতায়। এখানে সুস্পষ্ট সমঝোতা রয়েছে মহিলা ও পুরুষের মধ্যে আদি ১:২৬-২৭ এবং ২:১৮ পদে। সমস্যা এসেছে আদি ৩:১৬ পদে! দেখুন [বিশেষ বিষয়: মহিমা \(DOXA\), পৃ..৭৩, \(SPECIAL TOPIC:GLORY \(DOXA\), See page 73\)](#) ১ করি ২:৭ পদে।

১১:৮

NASB “কারণ পুরুষ স্ত্রীলোক থেকে আসে নি, কিন্তু স্ত্রীলোক পুরুষ থেকে”

NKJV “কারণ পুরুষ স্ত্রীলোক থেকে নয়, কিন্তু স্ত্রীলোক পুরুষ থেকে”

NRSV “বাস্তবিক, কারণ পুরুষ স্ত্রীলোক থেকে সৃষ্টি হয় নি, কিন্তু স্ত্রীলোক পুরুষ থেকে”

TEV “কারণ পুরুষ স্ত্রীলোক থেকে সৃষ্টি হয় নাই, কিন্তু স্ত্রীলোক পুরুষ থেকে”

NJB “কারণ পুরুষ স্ত্রীলোক থেকে আসে নি; পুরুষ থেকে কোন স্ত্রীলোক আসে নি”

টার্ম “সৃষ্টি” গ্রীক টেক্সটে নেই। এটি কেবলমাত্র preposition *ek* (অর্থাৎ, এটা থেকে), যেমন ১ করি ১১:১২ পদ। পৌল জোর দিয়ে বলতে চেয়েছিলেন সৃষ্টির শৃংখলা ১ করি ১১:৭ এবং ৯ পদে আদি পুস্তকের ২ অধ্যায় থেকে (অর্থাৎ, প্রথমে আদম, পরে হবা)। যাহোক, ১ করি ১১:৮-৯,১১ পদে, পৌল জোর দিয়ে বলেছেন তাদের পারস্পরিক নির্ভরশীলতা (যেটি পরোক্ষ ভাবে উল্লেখিত হয়েছে আদি ১:২৭ এবং ২:১৮ পদে)।

১১:৯ “স্ত্রীলোকের জন্য পুরুষের সৃষ্টি হয় নি” আমাদের অবশ্যই মনে রাখা দরকার গালাতীয় ৩:২৮ পদে পৌলের স্ত্রীলোকদের সমতার উপরে মন্তব্যকে যে সৃষ্টির স্বতন্ত্রতার মধ্যে লিঙ্গের সৃষ্টি, অন্ততপক্ষে এই যুগে খাটো হয়নি। খ্রীষ্টে পুরুষ এবং স্ত্রীলোকদের সম্পূর্ণ সমতা স্বয়ংক্রিয় ভাবে দূর করতে না সকল সংস্কৃতিগত/ঐতিহ্যগত প্রত্যাশার ভূমিকাকে। বিশ্বাসীরা (পুরুষ এবং স্ত্রীলোক) ব্যক্তিগত স্বাধীনতা প্রদর্শন করবে না, যেটি অ বিশ্বাসীদের সংস্কৃতির মধ্যে মণ্ডলীল সুনাম ক্ষুণ্ণ করতে পারে। পরিপক্ব বিশ্বাসীরা খ্রীষ্টে তাদের স্বাধীনতাকে তাঁর রাজ্যের জন্য সীমাবদ্ধ রাখবে। বিশ্বাসীদের রয়েছে যৌথ দায়িত্ব (১) খ্রীষ্টের দেহ এবং (২) অ বিশ্বাসী সমাজের প্রতি!

১১:১০ “সেইজন্য স্ত্রীলোকের মাথার উপরে কর্তৃত্বের প্রতিক থাকা উচিত” এই টেক্সট, এই প্রসঙ্গের অন্য সব টেক্সটের মতই, বোঝা যেতে পারে বেশ কয়েকটি উপায়ে। মূল বিষয় হয় “কর্তৃত্ব” (অর্থাৎ, *exousia*) কি প্রতিনিধিত্ব করছে?

প্রথমত, এটি অবশ্যই উল্লেখ্য যে *exousia* প্রায়ই *dunamis* এর সাথে সম্পর্কিত। Otto Betz এর *exousia* উপরে *New International Dictionary of New Testament Theology*, vol. 2, pp. 606-611 –পৃষ্ঠায় একটি চমৎকার প্রবন্ধ রয়েছে। এখানে পাঁচটি উদাহরণ।

“নূতন নিয়মের জন্য এটি বৈশিষ্ট্যময় যে *exousia* এবং *dunamis* উভয়ই খ্রীষ্টের কাজের সাথে সম্পর্কিত, ফলাফল বিশ্বজনীন ক্ষমতার কাঠামোর এবং বিশ্বাসীদের শক্তিশালী করার নূতন শৃংখলা” (পৃষ্ঠা ৬০৯)।

“বিশ্বাসীদের *exousia*। খ্রীষ্টের শাসন এবং সকল ক্ষমতাকে নিরস্ত্র করার উপরে খ্রীষ্টিয় বিশ্বাসীদের কর্তৃত্বের ভিত্তি। এটি ইঙ্গিত দেয় স্বাধীনতা ও সেবা উভয়েরই” (পৃষ্ঠা ৬১১)।

“সে সব কিছু করতে স্বাধীন (১ করি ৬:১২; ১০:২৩ *exestin*); এই দৃঢ় উক্তি, যেটি প্রাথমিক ভাবে করিছে দলগুলি উৎসাহ ভরে করেছিল, পৌলের দ্বারা গৃহিত হয়েছিল যিনি জানতেন এটি সঠিক” (পৃষ্ঠা ৬১১)।

“বাস্তবে, যাহোক, এই তত্ত্বগত উন্মুক্ত স্বাধীনতা পরিচালিত হয়েছে এই বিবেচনার দ্বারা যে অন্যান্য প্রতিটি খ্রীষ্টিয়ানের জন্য কোনটি সাহায্যকারী হবে এবং সমগ্র মন্ডলীর দৃষ্টিভঙ্গি এই সত্যে যে সম্পূর্ণ পরিত্রাণ আসছে (১ করি ৬:১২; ১০:২৩)” (পৃষ্ঠা ৬১১)।

“সব কিছুই আমার পক্ষে বৈধ[*exestin*], কিন্তু সব কিছু হিতকারী নয়। ‘সব কিছুই বৈধ[*exestin*], কিন্তু সব কিছুই গঁথে তোলে না। কেউ তার নিজের মঙ্গল চেষ্টি না করুক, কিন্তু তার প্রতিবাসির মঙ্গলের চেষ্টি করুক” (১ করি ১০:২৩ পদ থেকে কয়েকটি পদ)। এই উদ্ধৃতির মধ্যের উদ্ধৃতি সম্ভবত করিছে *libertines* দের শ্লোগান ছিল। পৌল বিরোধিতার দ্বারা তাদের সত্যকে সমর্থনের করেছিলেন, কিন্তু তাদের দেখিয়েছিলেন যে এটিই সম্পূর্ণ সত্য নয়” (পৃষ্ঠা ৬১১)।

পৌল এই দুটি টার্মকে প্রায়ই করিছে মন্ডলীর কাছে লেখা তার চিঠিতে ব্যবহার করেছেন।

১. *exousia*, ১ করি ৭:৩৭; ৯:৪,৫,৬,১২ (দু'বার), ১৮; ১১:১০; ২ করি ১৩:১০

২. *dunamis*, ১ করি ১:১৮; ২:৪,৫; ৪:১৯,২০; ৫:৪; ১৫:২৪,৪৩; ২ করি ৪:৭; ৬:৭; ৮:৩ (দু'বার); ১২:৯; ১৩:৪ (দু'বার)

অধিকার এবং ক্ষমতা প্রধান বিষয় ছিল *legalists libertines* এবং উভয়েরই জন্য। পৌল এই উভয় চরমপন্থীদের মাঝখানে দড়ির উপর দিয়ে হাঁটার চেষ্টি করেছেন। এই প্রসঙ্গে, খ্রীষ্টিয় স্ত্রীলোকদের উৎসাহিত করা হয়েছে ঈশ্বর দত্ত সৃষ্টির শৃংখলাকে মেনে নিতে (অর্থাৎ, খ্রীষ্ট-পুরুষ-স্ত্রীলোক) স্বর্গরাজ্যের সর্বোচ্চ উদ্দেশ্যের জন্য। পৌল জোর দিয়ে বলতে চেয়েছেন উৎসগত পারম্পরিক সম্পর্ক (আদি ১:২৬-২৭; ২:১৮) ১১-১২ পদে। এটিধর্মতত্ত্বগত ভাবে খুব বিপদজনক যে

১. এই প্রসঙ্গে একটি পদকে আলাদা করা

২. প্রথম শতক থেকে প্রতিটি শতকের প্রতিটি সংস্কৃতিতে পুরুষ এবং স্ত্রীলোক/স্বামী এবং স্ত্রীর সম্পর্কের উপরে সম্প্রদায়গত জালের কঠিন পদ্ধতিগত বিষয়ে প্রয়োগ

৩. পৌলের খ্রীষ্টিয় স্বাধীনতা এবং খ্রীষ্টিয় যৌথ নিয়মের দায়িত্বের মধ্যে সমতাকে অবহেলা করা

কোথা থেকে খ্রীষ্টিয়ান মহিলারা স্বাধীনতা পাবেন একত্রিত আরাধনায় (অর্থাৎ, গৃহ মণ্ডলী) নেতা হিসাবে অংশগ্রহণ করার? সমাজগৃহ থেকে নিশ্চয়ই নয়। এটা কি প্রথম শতকে রোমীয় সমাজের সংস্কৃতিগত প্রবণতা ছিল? এটি নিশ্চত ভাবে সম্ভব এবং আমার মতে এই অধ্যায়ের অনেক দিককে ব্যাখ্যা করতে সাহায্য করে। যাহোক, এটি আরও সম্ভব যে সুসমাচারের শক্তি, পতনে হারিয়ে যাওয়া মূল “ঈশ্বরের প্রতিমূর্তি” এর পুনরুদ্ধার, হল উৎস। মানুষের জীবনে ও সমাজের সর্বক্ষেত্রে হতবাক করা এক নতুন সমতা রয়েছে। কিন্তু এই সমতা উল্টে যেয়ে হতে পারে ব্যক্তিগত অপব্যবহারের অনুমতি পত্র। এই অনুপযুক্ত বর্ধিতকরণ হল পৌল যা বলছিলেন।

F. F. Bruce এর *Answers to Questions*, আমাকে সত্যিকার ভাবে চিন্তা করতে সাহায্য করেছে আধুনিক পশ্চিমা খ্রীষ্টিয় মণ্ডলীর ঐতিহ্যের সাথে সম্পর্কিত অনেক বিতর্কিত বিষয়ের। শাস্ত্রের একজন জটিল ব্যাখ্যাকারক হিসাবে, আমি সব সময় ভেবেছি যে মহিলাদের মাথা ঢাকা অর্থ ঈশ্বরীয় সহজাত গুণ প্রদর্শন (বা আদি ১:২৬-২৭ পদের সহ-সমতা), তার স্বামীর কর্তৃত্বের জন্য নয়। যাহোক, আমি সে সব বাইলে ব্যাখ্যার উৎস ব্যবহার করেছি তার মধ্যে এমন ব্যাখ্যা আমি পাইনি, সেজন্য, আমি এটি কমেদিত্রিতে বা প্রচারে/শিক্ষায় যোগ করতে অনিচ্ছুক। আমি এখনও সেই উত্তেজনা ও স্বাধীনতা অনুভব করি যখন F. F. Bruce একই বিষয়ে চিন্তা করেছেন (দেখুন *Answers to Questions*, p. 95)। আমি মনে করি সকল বিশ্বাসীই আহবান প্রাপ্ত, পূর্ণ-সময়ের জন্য, খ্রীষ্টের নিবেদিত পরিচর্যািকারী!

□ “কারণ স্বর্গদূতদের জন্য” এই প্যাসেজের ব্যাখ্যার তিনটি দিক রয়েছে যা দূতদের সাথে সম্পর্কিত।

১. ঈশ্বরের প্রতিনিধি হিসাবে দূতদের উল্লেখ যারা পর্যবেক্ষক হিসাবে আমাদের আরাধনায় উপস্থিত থাকেন, ১ করি ৪:৯; ১ তীম ৫:২১; গীত ১৩৮:১; এবং এছাড়াও মরু সাগরের পুঁথি

২. এরা সব যৌনাকাংখ্যা সহ মন্দ দূত আদি ৬:২; ২ পিতর ২:৪; এবং যিহূদা ৬ পদের মত একই রকমের দূত: ১ করিহীয়েতে প্রায়ই দূতদের কথা উল্লেখিত হয়েছে (১ করি ৪:৯; ৬:৩; ১১:১০; ১৩:১)

৩. “দূত” এর পরিবর্তে *angelous* অনুবাদ হয়েছে “বার্তাবাহক” হিসাবে

গ্রীক (অর্থাৎ, *angelos*) ও ইব্রীয়তে (অর্থাৎ, *malak*) উভয়ক্ষেত্রে বার্তাবাহক ও দূতদের জন্য টার্ম একই। এই তত্ত্বের ভিত্তি প্রথম শতকের সামাজিক প্রথার উপরে (Bruce W. Winter, *After Paul Left Corinth*, pp. 133-138)। কোন মর্যাদাশীল ব্যক্তি প্রথমে কাউকে পাঠিয়ে সভা তদন্ত না করে কোন গৃহ মন্ডলীতে যেত না। ১ করি ১১:১০ পদের সাথে কামনাপূর্ণ দূতদের সাথে বা একত্রিত আরাধনার সঠিক নিয়ম কানুনের (গীত ১৩৮:১) সাথে যুক্ত করার চেষ্টির চেয়ে এটি আরও বেশি অর্থবহ।

১১:১১-১২ “প্রভুতে, স্ত্রীলোক পুরুষের উপরে নির্ভরশীল নয়, এমনকি পুরুষ স্ত্রীলোকের উপরে নির্ভরশীল নয়” এই পদগুলি গুরুত্ব দিচ্ছে পুরুষ ও স্ত্রীলোকের পারম্পরিক সম্পর্কে(আদি ১:২৬-২৭; ২:১৮; গালা ৩:২৬-২৯)।

এই স্বাধীনতা (অর্থাৎ, আদি ১:২৬-২৭ পদের প্রারম্ভিক সৃষ্টির নমুনায় ফিরে যাওয়া) অবশ্যই একটি পতিত সংস্কৃতিতে সঠিক উপায়ে প্রকাশ করতে হবে। যীশুর পরিত্রাণ সম্পূর্ণভাবে প্রতিটি বিশ্বাসীর মর্যাদাকে পরিবর্তন করেছে সে বিষয়ে পৌলের নিশ্চয়তায় কোন সন্দেহ নেই! খ্রীষ্টেতে আমরা সকলে এক! আমাদের এখন লক্ষ্য আমাদের পতিত প্রতিবেশি এবং নাগরিকদের এই একই পরিত্রাণ খুঁজে পেতে সাহায্য করা। তথাপিও প্রতিটি সংস্কৃতিতে সামাজিক বিষয় বিদ্যমান। কারণ বিশ্বাসীরা পারে, অর্থ এই নয় যে বিশ্বাসীদের উচিত!

“গঠন” (অর্থাৎ, *ek*, আক্ষরিক ভাবে “বের হওয়া”) এই প্রসঙ্গে (দু’বার) ব্যবহার মনে হয় জোর দিচ্ছে “উৎস” হিসাবে “মস্তক” ব্যবহারের। পুরুষ থেকে স্ত্রীলোক এসেছে; পুরুষ ঈশ্বর থেকে। আদিপুস্তকের বর্ণনা আরও বলেছে সৃষ্টির সঠিক শৃংখলা হিসাবে “মস্তক” এর ভিত্তি। খ্রীষ্টে স্বাধীনতা এবং অধীনতা (ইফি ৫:২১) সঠিক যখন চরম লক্ষ্য থাকে মণ্ডলীর মঙ্গল।

১১:১৩-১৫ ১ করি ১০:১৫ পদে পৌল এই একই পদ্ধতি ব্যবহার করেছেন যেখানে এটি হতে পারে ব্যঙ্গাত্মক, যার ভিত্তি তার “জ্ঞানী লোক” ব্যবহারের উপরে (১ করি ৪:১০; ২ করি ১১:১০), কিন্তু এখানে এটি ব্যঙ্গাত্মক মনে হয় না বরং “সংস্কৃতিগত ভাবে চিন্তাশীল” মনে হয়। পৌল ব্যবহার করেছেন করিন্থীয়/গ্রীক-রোমীয়/প্রথম শতকের শিষ্টাচার।

১. বিবাহিত মহিলাদের জনসমক্ষে বা আরাধনার কাজে পর্দা ব্যবহার করা উচিত (১ করি ১১:১৩)।
২. করিছে যুবকেরা তাদের লম্বা চুল কেটে ফেলবে বয়ঃপ্রাপ্তির সন্ধিক্ষণে (অর্থাৎ, দশ বছর বয়সে)। লম্বা চুল রাখাটা সংস্কৃতিগত ভাবে নারীসুলভ বা সমকামিতার চিহ্ন ছিল (১ করি ১১:১৪)।
৩. স্ত্রীলোক যাদের চুল ছোট করে কাটা তারা চিহ্নিত হতো যেভাবে
 - ক. এমন একজন যে প্রকাশ্যে লজ্জিত হয়েছে
 - খ. একজন বেশ্যা (১ করি ১১:১৫)।

এগুলি আত্মিক অর্ন্তদৃষ্টি নয় বা বাইবেল ভিত্তিক অর্ন্তদৃষ্টিও নয় (অর্থাৎ, সেগুলি যিহূদী প্রথায় খাপ খায় না), কিন্তু সংস্কৃতিগত অর্ন্তদৃষ্টি।

১১:১৩ “তোমরা নিজেরা” এটি শিষ্টাচার।

১১:১৪-১৫ “যদি. . . যদি” উভয়ই third class conditional sentences, যেটি সম্ভাব্য কাজের কথা বলছে। ভিন্ন ভিন্ন ইংরাজী অনুবাদ এই পদগুলিতে যতি চিহ্ন বসিয়েছে প্রশ্ন বোধক হিসাবে (অর্থাৎ, NRSV, NJB); মন্তব্য (অর্থাৎ, NASB, TEV); অথবা একটি প্রশ্ন ও একটি মন্তব্য (অর্থাৎ, NKJV)। ১ করি ১১:১৪ পদে particle চিহ্নিত করছে প্রশ্ন যা উল্লেখ করছে একটি প্রশ্ন যেটি আশা করছে “হ্যাঁ” উত্তরের।

১১:১৬ “যদি” এটি একটি first class conditional যেটি ধরে নিচ্ছে সত্য বলে লেখকের দিক থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্যের জন্য। করিছে মন্ডলীতে বাগড়াটে খ্রীষ্টিয়ানও ছিল।

NASB “কেউ এই নিয়ে তর্ক করতে চায়”

NKJV “যে কেউ মনে হয় তর্ক করতে চায়”

NRSV “যে কেউ তর্ক করতে ইচ্ছুক হয়”

TEV “যে কেউ এই নিয়ে তর্ক করতে চায়”

NJB “যে কেউ এটি নিয়ে তর্ক করতে চায়”

verb হল একটি present active indicative, যেটি ইঙ্গিত দেয় চলমান কাজ। এই বিবাদ করা হল তাদের জন্য চলমান মনোভাব। তারা কষ্ট ও বিবাদ ভালবাসে!

টার্ম “বিতর্কিত” হল *philos* (অর্থাৎ, ভালবাসা) এবং *veikos* (অর্থাৎ, কষ্ট) একটি সমন্বয়। এটি লুক ২২:২৪ পদে শেষ ভোজে প্রেরিতদের জন্য ব্যবহৃত হয়েছে।

■ “আমাদের অন্য কোন অনুশীলন নেই, এমনকি ঈশ্বরের মণ্ডলীগুলোর মধ্যেও নেই” (১ করি ১১:৪:১৭)। পৌল তাদের বিশেষ কোন কিছু দিচ্ছেন না (১ করি ৪:১৭; ৭:১৭; ১১:১৬; ১৪:৩৩)। এই মণ্ডলী গৌরাবান্বিত ছিল তার জ্ঞান ও স্বাধীনতায়। তারা চিন্তা করতো যে তাদের অধিকার আছে অন্যান্য খ্রীষ্টিয় মন্ডলী থেকে ভিন্ন ভাবে জীবন যাপন করার। পৌল জোর দিয়ে বলেছেন তারা তা পারে না!

■ “মণ্ডলী” দেখুন বিশেষ বিষয়: মণ্ডলী (*ekklesia*) ১ করি ১:২ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ১১:১৭-২২

^{১৭} কিন্তু এই আদেশ দেবার বিষয়ে, আমি তোমাদের প্রশংসা করি না, কারণ তোমরা সমবেত হয়ে থাক ভালর জন্য নয় বরং মন্দের জন্য। ^{১৮} কারণ, প্রথমত, যখন তোমরা মণ্ডলী হিসাবে একসঙ্গে মিলিত হও, আমি শুনেছি যে তোমাদের মধ্যে দলাদলি হয়ে থাকে; এবং তার কিছুটা বিশ্বাসও করি। ^{১৯} কারণ তোমাদের মধ্যে দলভেদ হওয়া দরকার, যেন যারা পরীক্ষা সিদ্ধ তারা তোমাদের মধ্যে প্রকাশিত হয়। ^{২০} যাহোক তোমরা যখন একসাথে মিলিত হও, তখন প্রভুর ভোজ খাওয়া হয় না, ^{২১} কারণ তোমরা খাবার সময়ে প্রত্যেকে নিজের খাবার অন্যদের আগে প্রথমেই খেয়ে ফেল; আর তাতে একজনের খিদে থেকে যায় আর অন্যজন মাতাল হয়। ^{২২} এ কেমন! খাওয়া-দাওয়া করবার জন্য তোমাদের কি ঘর-বাড়ী নেই? অথবা তোমরা ঈশ্বরের মন্ডলীকে তুচ্ছ করছ এবং যাদের কিছু নেই তাদের লজ্জা দিচ্ছ? আমি তোমাদের কি বলব? আমি কি এতে তোমাদের প্রশংসা করব? এই বিষয়ে আমি তোমাদের প্রশংসা করি না। (অনুবাদকৃত টেক্সট)।

১১:১৭ পৌল একটি নূতন বিষয় শুরু করেছেন, কিন্তু কিছু কিছু করিন্থীয় বিশ্বাসীদের গর্বিত মনোভাব এখনও লক্ষণীয়। বিষয় পরিবর্তন হয়েছে, কিন্তু মূল সমস্যার কোন পরিবর্তন হয় নি।

১. তাদের মর্যাদার গর্ব
২. ব্যক্তিগত স্বাধীনতার উপরে তাদের গুরুত্বদান
৩. তাদের জ্ঞানের উপরে নিজস্ব ধারণা

এই সব বিষয়ই পৌল উল্লেখ করেছেন (১ করি ৭:১,২৫; ৮:১; ১৬:১), যেগুলি তার কাছে পত্রের মাধ্যমে পাঠান হয়েছিল, এই একই বিষয় নিয়েই ঘোরাফেরা করা।

এমনকি তাদের একত্রিত ভালবাসার ভোজ (যিহুদা ১:১২) পরিবর্তিত হয়ে হয়েছিল “আমার জন্য আরও” ভোজে! অধিকার, ক্ষমতা, এবং মর্যাদা ভালবাসা, সেবা এবং দেহের স্বাস্থ্যকে চেপে রাখে।

■ “আমি তোমাদের প্রশংসা করি না” পৌল ১ করি ১১:২ পদে তাদের নিশ্চিত করেছেন, কিন্তু এই ক্ষেত্রে তিনি কেবল তাদের তিরস্কার করতে পারেন।

■ “সমবেত হয়ে থাক” এটি হল একটি গ্রীক সমন্বিত টার্ম *sunerchomai*। পৌল *sun* সমন্বয়ের খুব প্রিয় ছিলেন। preposition এর মূল অর্থ “একত্রিত হওয়া।” এই টার্ম প্রকাশ করছে সমাজগৃহের মত একই রকমের ধারণা, যেটি উল্লেখ করে বিশ্বাসীদের একত্রিত সভাকে। ১১-১৪ অধ্যায় একত্রিত আরাধনার বিষয়ে আলোচনা করেছে (১ করি ১১:১৭,১৮,২০,৩৩,৩৪; ১৪:২৩,২৬)।

আমি অবাধ হই যে কিভাবে এই “একত্রে মিলিত হওয়া” কাজ করে। দৃশ্যত করিছে বেশ কয়েকটি ভিন্ন ভিন্ন গৃহ মন্ডলী ছিল, সম্ভবত কিছু কিছু বিভক্ত দলের উৎস। পৌল কি এখানে ইঙ্গিত দিয়েছেন যে সকল গৃহ মন্ডলী সমন্বিত ভাবে প্রভুর ভোজে মিলিত হবে?

১১:১৮ “প্রথমত” এই শব্দগুচ্ছ দুই ভাবে বোঝা যেতে পারে।

১. প্রথম গুরুত্বে (NKJV)
২. প্রথম দুটি বা আরও বিষয়, যাহোক, “দ্বিতীয়” এর কোন উল্লেখ নেই, ইত্যাদি। এই প্রসঙ্গে
৩. এই একই ব্যাকরণগত বৈশিষ্ট্য রোমীয় ১:৮ পদে পাওয়া যায়

■ “তোমাদের মধ্যে দলাদলি হয়ে থাকে” এই বিভেদ প্রথম উল্লেখিত হয়েছে ১ করি ১:১০-১৭ এবং ৩:৩-৪ পদে, কিন্তু তারদের উপস্থিতি ধারণা দেয় যে সমগ্র বইটিতে রয়েছে। এই প্রসঙ্গে বিভেদ নেতাদের উপরে নয়, কিন্তু সামাজিক-অর্থনৈতিক বিষয়ের দ্বারা বৈশিষ্ট্যময়। বিভেদকে এটি ব্যাখ্যা করতে পারে সামাজিক শ্রেণী হিসাবে সেই সাথে ধর্মতাত্ত্বিক গুরুত্বে।

১১:১৯

NASB, NKJV “কারণ তোমাদের মধ্যে দলভেদ হওয়া দরকার”
NRSV “বাস্তবিক তোমাদের মধ্যে অবশ্যই দলভেদ হওয়া দরকার”
TEV “(কোন সন্দেহ নেই যে তোমাদের মধ্যে দলভেদ হওয়া দরকার”
NJB “যে তোমাদের মধ্যে ভিন্ন ভিন্ন দল থাকা দরকার”

টার্ম হল “দলভেদ” (১ করি ১১:১৯, অর্থাৎ, *haireisis*), এখান থেকে আমরা ইংরাজি শব্দ পেয়েছি ধর্মদ্রোহী। এর মূল শব্দতন্ত্র হল “বেছে নেওয়া” বা “মনোনীত করা,” কিন্তু যুক্ত অন্তর্নিহিত তাৎপর্য দেখায় বিশেষ পক্ষপাত, একটি বেছে নেওয়া ও অন্যটি প্রত্যাখান করার মনোনয়ন (প্রেরিত ২৪:১৪; ১ করি ১১:১৯; গালা ৫:২০)। এটি ব্যবহৃত হতে পারে এটি বর্ণনা করতে (১) একজন লোক যে বিশ্বাস করে ভ্রান্ত শিক্ষাকে (তীত ৩:১০) বা (২) ভ্রান্ত শিক্ষাটি (২ পিতর ২:১)।

১ করি ১১:১৮ পদে ভিন্ন একটি টার্ম ব্যবহৃত হয়েছে, “বিভেদ” (অর্থাৎ, *schisma*), এখানে থেকে আমরা ইংরাজি শব্দ পেয়েছি ভাঙ্গন। এর মূল শব্দতন্ত্র হল “বিভক্ত হওয়া” (মথি ২৭:৫১)। এটি ব্যবহৃত হয়েছিল কোন বিষয়ে দলগত বিভেদ (যোহন ৭:৪৩; ৯:১৬; ১০:১৯; প্রেরিত ১৪:৪; ২৩:৭; ১ করি ১:১০; ১১:১৮)।

পৌল উল্লেখ করেছেন একটি ধর্মতাত্ত্বিক উদ্দেশ্য (অর্থাৎ, *hina*) এবং প্রয়োজনীয়তা (অর্থাৎ, *dei*) এই ভিন্ন ভিন্ন দলগুলির উপস্থাপনের জন্য। সেগুলি ছিল আবশ্যকীয় ভাবে সত্যিকার আত্মিক নেতাদের জন্য যেন স্পষ্টভাবে প্রকাশিত হয়। পরিপক্ব নেতারা সমস্যার সময়ে প্রমাণ স্বরূপ হবেন।

অন্য বিকল্প হল যে কোন কোন দল এবং তাদের নেতারা দেখাবে তাদের কাজের দ্বারা যে তারা আসলেই খ্রীষ্টিয়ান নন (১ যোহন ২:১৯; মার্ক ৪:১৬-১৯)।

■ “যেন যারা পরীক্ষা সিদ্ধ” দেখুন বিশেষ বিষয়: পরীক্ষার জন্য ব্যবহৃত গ্রীক টার্ম ১ করি ৩:১৩ পদে।

১১:২০ “তখন প্রভুর ভোজ খাওয়া হয় না” এই সুযোগ সামাজিক ভাবে উচ্চ মর্যাদার দলের যারা এমন ভাবে কাজ করতো যেটি সামাজিকতায়, যীশুর তাঁর শিষ্যদের সাথে শেষ ভোজে আত্ম দানের দৃষ্টান্তের সম্পূর্ণরূপে ভিন্নতর ছিল। এই পদগুলি যেগুলি তার পয়েন্টকে ব্যাখ্যা করেছে (১ করি ১১:২২)।

■ “প্রভুর ভোজ” এটি এই শব্দগুচ্ছের একমাত্র ঘটনা নূতন নিয়মে। এটি সম্ভাব্য ব্যঙ্গজির আর একটি উদাহরণ। তাদের মনোভাব এবং কাজ সম্বন্ধে যীশুর মনোভাব ও পাপী মানুষের জন্য নিজেকে দানের কাজের কিছুই ছিল না!

আরাধনাটি বেশ কয়েকটি নামে প্রচলিত ছিল।

১. প্রভুর ভোজ

২. “প্রভুর মেজ” (১ করি ১০:২১)
৩. “রুটি ভাঙ্গা” (প্রেরিত ২:৪২; ২০:৭; ১ করি ১০:১৬; ১১:২৪ [লুক ২৪:৩০])
৪. ধন্যবাদজ্ঞাপন (অর্থাৎ, *eucharist*) বা আশীর্বাদ (অর্থাৎ, *eulogia*, মথি ২৬:২৬-২৬-২৭; ১ করি ১০:১৬; ১১:২৪)

১১:২১ “প্রত্যেকে নিজের খাবার অন্যদের আগে প্রথমেই খেয়ে ফেল” প্রাথমিক মণ্ডলী প্রভুর ভোজ ও সহভাগিতার খাবার একত্র করে নামকরণ করেছিল “Agape” (২ পিতর ২:১৩; যিহূদা ১২, এবং সম্ভবত প্রেরিত ২০:৭)। বেশ কয়েকটি উপায়ে এই শব্দগুচ্ছকে বোঝা সম্ভব।

১. সম্পদশালী/শিক্ষিত/প্রভাবশালী/উচ্চ বংশ জাত লোকেরা আগে আগে আসতো এবং তাড়াতাড়ি তাদের খাবার খেয়ে ফেলতো সেজন্য যখন দরিদ্রেরা আসতো তখন খাবার মত আর কিছুই থাকতো না, বা একেবারেই কিছুই না।
২. প্রতিটি লোক তাদের নিজেদের খাবার নিয়ে আসতো। সম্ভ্রান্ত বিশ্বাসীরা মণ্ডলীর দরিদ্র বা ক্রীতদাস সদস্য যারা সামান্য কিছু আনতো বা কিছুই আনতে পারতো না তাদের উপস্থিতিতেই তাদের খাবার তাড়াতাড়ি খেয়ে ফেলতো।

যীশু যেমন স্পষ্ট ভাবে কাজ করে ও দৃষ্টান্ত স্থাপন করে শিক্ষা দিয়েছিলেন ভালবাসায় স্বার্থ ত্যাগের তার পরিবর্তে সমস্যা ছিল স্বার্থপরতা এবং লোভী স্বভাব যার ভিত্তি ছিল সামাজিক স্বাতন্ত্র্যতার উপরে। করিছীয় মণ্ডলী বিশ্বাস করতো না যে তারা খ্রীষ্টে এক হয়েছে। গভীর পার্থক্য ছিল তাদের মধ্যে

১. সামাজিক বিভবান বনাম বিভবহীন
২. সম্পদশালী বনাম দরিদ্র
৩. পুরুষ বনাম স্ত্রীলোক
৪. স্বাধীন মানুষ বনাম ক্রীতদাস
৫. রোমীয় বনাম অন্য সকল লোক
৬. আত্মিক ভাবে সম্ভ্রান্ত বনাম সাধারণ বিশ্বাসী

এই স্বতন্ত্রতা স্পষ্ট ভাবে বলা হয়েছে ১ করি ১১:২১ এবং ২২ পদে।

■ “একজনের খিদে থেকে যায় আর অন্যজন মাতাল হয়” এর কারণ ছিল কি রোমীয় সামাজিক স্বতন্ত্রতা না স্বার্থপরতা, তবে একটি অগ্রহণীয় পরিস্থিতি স্পষ্টভাবে দৃশ্যমান। স্বরণার্থক ভোজ এবং সামাজিক সহভাগিতার উদ্দেশ্যে ভুলে গিয়েছিল। এটি ছিল একটি গুরুত্বপূর্ণ বিষয় (১ করি ১১:২৩)। এই পদ ব্যবহৃত হতে পারে না সম্পূর্ণ বিরত থাকার সমর্থনকারী হিসাবে। এটি স্পষ্ট যে এই অভিজ্ঞতার একটি অংশ ছিল দ্রাক্ষারস। এটি অপব্যবহার যা অবশ্যই দোষারপের।

বিশেষ বিষয়: মদ এবং মদ্যপানে অসদাচরণের প্রতি বাইবেলের মনোভাব (SPECIAL TOPIC: BIBLICAL ATTITUDES TOWARD ALCOHOL AND ALCOHOL ABUSE)

I. বাইবেল ভিত্তিক টার্মসমূহ

ক. পুরাতন নিয়ম

১. *Yayin* – এটি হল মদের জন্য সাধারণ টার্ম (BDB 406, KB 409), যেটি ১৪১ বার ব্যবহার করা হয়েছে। শব্দতত্ত্ব হল অনিশ্চিত কারণ এটি কোন ইব্রীয় মূল থেকে আসে নাই। সব সময় এর অর্থ গাঁজানো ফলের রস, সাধারণত আঙ্গুর। কিছু প্রচলিত শাস্ত্রাংশ হল আদি ৯:২১; যাত্রা ২৯:৪০; গণনা ১৫:৫, ১০ পদ।
২. *Tirosh* – এটি হল “নতুন মদ” (BDB 440, KB 1727)। কারণ নিকট প্রাচ্যের জলবায়ুগত পরিবেশ, গাঁজানো প্রক্রিয়া ফলের রস বের করার ছয় ঘণ্টার মধ্যে শুরু হয়ে যায়। এই টার্ম উল্লেখ করে গাঁজানো প্রক্রিয়াতে মদ। কিছু সুনির্দিষ্ট শাস্ত্রাংশের জন্য দেখুন দ্বি বি ১২:১৭; ১৮:৪; যিশা ৬২:৮-৯; হোশেয় ৪:১১ পদ।
৩. *Asis* – এটি স্পষ্টত মদ্যজাতীয় পানীয় (“মিষ্টি মদ” BDB 779, KB 860, অর্থাৎ, যোয়েল ১:৫; যিশা ৪৯:২৬)।
৪. *Sekar* – এটি হল “কড়া পানীয়” (BDB 1016, KB 1500)। ইব্রীয় মূল “মত্ত” বা “মাতাল” চার্মটিতে ব্যবহার করা হয়েছে। এর সাথে কিছু যুক্ত করা হয় একে আরও নেশায়ুক্ত করার জন্য। এটা *yayin* এর সাথে সমান্তরাল (গীত ২০:১; ৩১:৬; যিশা ২৮:৭)।

খ. নতুন নিয়ম

১. *Oinos* – *yayin* এর গ্রীক সমতুল্য।
২. *Neos oinos* (নতুন মদ) – *tirosh* এর গ্রীক সমতুল্য (মার্ক ২:২২)।
৩. *Gleuchos vinos* (মিষ্টি মদ, *asis*) – মদ গাঁজানোর প্রাথমিক ধাপে (প্রেরিত ২:১৩)।

II. বাইবেল ভিত্তিক ব্যবহার

ক. পুরাতন নিয়ম

১. মদ হল ঈশ্বরের একটি উপহার (আদি ২৭:২৮; গীত ১০৪:১৪-১৫; উপদেশক ৯:৭; হোশেয় ২:৮-৯; যোয়েল ২:১৯,২৪; আমোষ ৯:১৩; সখরিয় ১০:৭)।
২. মদ হল উৎসর্গের উপহারের অংশ (যাত্রা ২৯:৪০; লেবীয় ২৩:১৩; গণনা ১৫:৭,১০; ২৮:১৪; দ্বি বি ১৪:২৬; বিচার ৯:১৩)।
৩. মদ ব্যবহৃত হয়েছে গুণ্ডন হিসাবে (২ শমুয়েল ১৬:২; হিতো ৩১:৬-৭)।

৪. মদ হতে পারে সত্যিকারের সমস্যা (নোহ- আদি ৯:২১; লোট- আদি ১৯:৩৩,৩৫; শিমশোন- বিচারকর্ককগণ ১৬; নাবল- ১ শমুয়েল ২৫:৩৬; উরিয়- ২ শমুয়েল ১১:১৩; আম্মোন- ২ শমুয়েল ১৩:২৮; এলা - ১ রাজা ১৬:৯; বিনহদ্দ -১ রাজা ২০:১২; শাসনকর্তারা - আমোষ ৬:৬; এবং নারীরা - অমোষ ৪)।
 ৫. মদকে অপব্যবহার করা যেতে পারে (হিতো ২০:১; ২৩:২৯-৩৫; ৩১:৪-৫; যিশা ৫:১১,২২; ১৯:১৪; ২৮:৭-৮; হোশেয় ৪:১১)।
 ৬. মদ কিছু নির্দিষ্ট দলের জন্য নিষিদ্ধ ছিল (দায়িত্ব পালনকারী যাজকর, লেবীয় ১০:৯; যিহি ৪৪:২১; নাসারতীয়দের, গণনা ৬; এবং শাসনকর্তাদের, হিতো ৩১:৪-৫; যিশা ৫৬:১১-১২; হোশেয় ৭:৫)।
 ৭. মদ ব্যবহৃত হয়েছে একটি eschatological প্রেক্ষাপটে (আমোষ ৯:১৩; যোয়েল ৩:১৮; সখরিয় ৯:১৭)।
- খ. আন্ত-বাইবেল ভিত্তিক
১. সংঘাত পরিমাণ মদ খুবই সাহায্যকারী (উপদেশক ৩১:২৭-৩৩)।
 ২. রাবিররা বলেছেন, “মদ হল সকল গুণের মধ্যে সেরা, যেখানে মদের অভাব আছে, সেখানে গুণের প্রয়োজন (BB 58b)।
- গ. নূতন নিয়ম
১. যীশু এক বৃহৎ পরিমাণ জলকে মদে রূপান্তরিত করেছিলেন (যোহন ২:১-১১)।
 ২. যীশু মদ্য পান করেছেন (মথি ১১:১৮-১৯; লুক ৭:৩৩-৩৪; ২২:১৭)।
 ৩. পিতরকে পঞ্চাশতমীর দিনে “নূতন মদ” পানে মাতাল হিসাবে দোষারোপ করা হয়েছিল (প্রেরিত ২:১৩)।
 ৪. মদ গুণ্য হিসাবে ব্যবহৃত হতে পারে (মার্ক ১৫:২৩; লুক ১০:৩৪; ১ তীম ৫:২৩)।
 ৫. নেতারা অপব্যবহারকারী হবেন না। এর অর্থ সম্পূর্ণ মদ বর্জন নয় (১ তীম ৩:৩,৮; তীত ১:৭; ২:৩; ১ পিতর ৪:৩)।
 ৬. মদ ব্যবহৃত হয়েছে একটি eschatological প্রেক্ষাপটে (মথি ২২:১ পদ থেকে কয়েকটি পদ; প্রকাশিত বাক্য ১৯:৯)।
 ৭. মত্ততাকে নিন্দা করা হয়েছে (মথি ২৪:৪৯; লুক ১২:৪৫; ২১:৩৪; ১ করি ৫:১১-১৩; ৬:১০; গালতীয় ৫:২১; ১ পিতর ৪:৩; রোমীয় ১৩:১৩-১৪)।

III. ধর্মতত্ত্বগত অন্তর্দৃষ্টি

- ক. ন্যায়শাস্ত্র সম্মত উত্তেজনা
১. মদ হল ঈশ্বরের একটি উপহার।
 ২. মাতালামি হল একটি বড় সমস্যা।
 ৩. কিছু কিছু সংস্কৃতির বিশ্বাসীরা অবশ্যই নিজেদের স্বাধীনতা সীমিত করবে সুসমাচারের স্বার্থে (মথি ১৫:১-২০; মার্ক ৭:১-২৩; ১ করি ৮-১০; রোমীয় ১৪)।
- খ. নির্দ্বারিত পরিমাণের বাইরে যাওয়ার প্রবণতা
১. ঈশ্বর সকল ভাল বিষয়ের উৎস।
 - ক. খাদ্য- মার্ক ৭:১৯; লুক ১১:৪৪; ১ করি ১০:২৫-২৬
 - খ. সকল বস্ত্রই শুচি - রোমীয় ১৪:১৪,২০; ১ তীম ৪:৪
 - গ. সকল বস্ত্রই ব্যবস্থানুরূপ - ১ করি ৬:১২; ১০:২৩
 - ঘ. সকল বস্ত্রই খাঁটি - তীত ১:১৫
 ২. পতিত মানব জাতি ঈশ্বরের সকল উপহার অপব্যবহার করেছে সেগুলি ঈশ্বরের প্রদত্ত সীমার বাইরে নিয়ে গিয়ে।
- গ. অপব্যবহার আমাদের মধ্যে আছে, বস্ত্র মধ্যে নয়। বস্ত্রগত সৃষ্টিতে কোন মন্দতা ছিল না (দেখুন উপরের খ. ১)।

IV. প্রথম শতাব্দীর যিহুদী সংস্কৃতি এবং গাঁজানো প্রক্রিয়া

- ক. গাঁজানো প্রক্রিয়া শুরু হয় খুবই তাড়াতাড়ি, আঙ্গুর চূর্ণ করার গড়পড়তা ৬ ঘন্টা পর।
- খ. যিহুদী ঐতিহ্য বলে যে যখন উপরে একটি পাতলা বুদ্ধবুদ্ধ গুঁড়ো (গাঁজানোর চিহ্ন), এটা হল মদের দশমাংশের জন্য দায়ী (Ma aseroth ১:৭)। একে বলা হয়েছে “নতুন মদ” বা “মিষ্টি মদ।”
- গ. প্রাথমিক প্রচলিত গাঁজানো প্রক্রিয়া শেষ হতো এক সপ্তাহ পরে।
- ঘ. দ্বিতীয় গাঁজানো প্রক্রিয়াতে প্রায় ৪০ দিনের মত সময় লাগে। এই পরিস্থিতিতে ধর হায় “পুরানো মদ” এবং বেদীর উৎসর্গে দেওয়া যেতে পারতো (Edhuyyoth ৬:১)।
- ঙ. মদ যেটি এর তলানীতে থাকে (পুরাতন মদ) তাকে খাল বলে ধরা হয়, কিন্তু অকশ্যই ব্যবহারের আগে ভালোভাবে ছাঁকতে হয়।
- চ. মদকে সঠিক ভাবে পরিপক্ব বলে বিবেচনা করা হয় সাধারণত এক বছর গাঁজানোর পরে। তিন বছর ছিল দীর্ঘ সময়কাল যে মদকে নিরাপদ ভাবে সংরক্ষণ করা যাবে। এটাকে বলাহতো “প্রাচীন মদ” এবং জল দিয়ে মিশ্রিত করতে হতো।
- ছ. কেবলমাত্র গত ১০০ বছরে একটি পাস্তুরিত পরিবেশ এবং রাসায়নিক সংযুক্তি সাথে গাঁজানো প্রক্রিয়ার বিলম্ব করা যায়। প্রাচীন জগত প্রকৃতিক গাঁজানো প্রক্রিয়াকে থামাতে পারতো না।

V. শেষ মন্তব্য

- ক. নিশ্চিত থাকুন আপনার অভিজ্ঞতা, ধর্মতত্ত্ব, এবং বাইবেল ভিত্তিক ব্যাখ্যা যীশুকে বা প্রথম শতকের যিহুদী/খ্রীষ্টিয়ান সংস্কৃতিকে অবমূল্যায়ন করে না! তারা স্পষ্টত সম্পূর্ণরূপে মদ বর্জনকারী ছিলেন না।
- খ. আমি মদের সামাজিক ব্যবহারকে সমর্থন করছি না। যদিও, অনেকে এই বিষয়ে বাইবেলের অবস্থান অতিরঞ্জিত করেছে এবং এখন দাবী

করবে উচ্চতর ধার্মিকতা একটি সাংস্কৃতিক/ সম্প্রদায়গত পক্ষপাত ভিত্তি করে।

- গ. আমার জন্য, রোমীয় ১৪ এবং ১ করিন্থীয় ৮-১০ পদের অন্তর্দৃষ্টি ও নির্দেশনা দিয়েছে সহ-বিশ্বাসীদের জন্য ভালবাসা ও সম্মানের উপর ভিত্তি করে এবং আমাদের সংস্কৃতিতে সুসমাচারের প্রসার, ব্যক্তিগত স্বাধীনতা বা বিচারমূলক সমালোচনা নয়। যদি বাইবেল একমাত্র উৎস হয়ে থাকে বিশ্বাস ও অনুশীলনের, তাহলে মনে হয় আমাদের সকলকে এই বিষয়টি পুনরায় চিন্তা করতে হবে।
- ঘ. যদি আমরা সম্পূর্ণভাবে পরিহার করি ঈশ্বরের ইচ্ছা হিসাবে, আমরা যীশুর বিষয়ে কি বোঝাব, সেই সাথে আধুনিক সংস্কৃতির যারা নিয়মিত মদ ব্যবহার করে (অর্থাৎ, ইউরোপ, ইস্রায়েল, আর্জেন্টিনা)।

Copyright © 2014 Bible Lessons International

■ “খাওয়া-দাওয়া করবার জন্য তোমাদের কি ঘর-বাড়ী নেই” কিছু কিছু legalists এবং literalists রা একে proof-text হিসাবে ব্যবহার করতে চেষ্টা করেছে যে মন্ডলীতে না খাওয়া। প্রাচীন সাহিত্য ব্যাখ্যায় ইতিহাস এবং প্রসঙ্গ সব সময়ই গুরুত্বপূর্ণ। শাস্ত্রের ছোট একটি অংশ উদ্ধৃত করে যে কেউ বলতে পারে বাইবেল/ঈশ্বর বলেছেন প্রায়ই এরকম কিছু! যেমন Gordon Fee বলেছেন, “একটি বই যে কোন কিছু অর্থ করতে পারে, যার অর্থ কিছুই না!”

একটি ধারাবাহিক রূপকাত্মক প্রশ্ন রয়েছে যেটি প্রকাশ করে আবেগ যে আবেগে পৌল লিখেছেন। তিনি কিছু কিছু মন্ডলী কাজে হতবাক হয়েছেন (যাকোব ২:৬)।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ১১:২৩-২৬

^{২৩} কারণ আমি প্রভু থেকে এই শিক্ষা পেয়েছি যা আমি তোমাদের কাছে দিচ্ছি, যে রাতে প্রভু যীশু সমর্পিত হয়েছিলেন তিনি রুটি নিয়েছিলেন; ^{২৪} আর তিনি ঈশ্বরকে ধন্যবাদ দিয়েছিলেন, এবং তা টুকরা টুকরা করেছিলেন এবং বলেছিলেন, “এটা আমার দেহ, যা তোমাদেরই জন্য; আমাকে মনে করার জন্য এই রকম করো।” ^{২৫} এই একই ভাবে খাবার পরে তিনি পেয়লা নিয়েছিলেন, বলেছিলেন, “এই পেয়লা আমার রক্তে নতুন নিয়ম; তোমরা যতবার এটা পান করবে, আমাকে মনে করবার জন্য এই রকম করো।” ^{২৬} কারণ যতবার তোমরা এই রুটি খাও এবং পেয়লা থেকে পান কর, ততবারই তোমরা প্রভুর মৃত্যুর কথা ঘোষণা করে থাক যতক্ষণ তিনি না আসেন। (অনুবাদকৃত টেক্সট)।

১১:২৩ “কারণ আমি প্রভু থেকে এই শিক্ষা পেয়েছি যা আমি তোমাদের কাছে দিচ্ছি” পৌল প্রভুর ভোজে উপস্থিত ছিলেন না। তিনি গালা ১:১১-১৭ পদে দাবী করেছেন যে তিনি সরাসরি যীশুর কাছ থেকে প্রত্যাদেশ পেয়েছেন এবং গালা ১:১৮-১৯ পদে, এটি অন্য কোন প্রেরিত বা যিরুশালেমের কোন নেতার কাছ থেকে পান নাই। তথাপিও, এখানে তার কথা প্রতিফলিত করে Synoptic সুসমাচারের ঐতিহ্যের প্রতি জ্ঞান।

■ “রুটি নিয়েছিলেন” এটি তাৎপর্যপূর্ণ যে যীশু নিস্তারপর্বের মেস শাবককে প্রতিক হিসাবে ব্যবহার করেন নাই। এটি খুব দৃঢ়ভাবে পুরাতন চুক্তির সাথে সংযুক্ত ছিল (যাত্রা ১২)। রুটি নতুন একতার প্রতিকে পরিণত হয়েছিল (১০:১৬-১৭)।

১১:২৪ “আর তিনি ঈশ্বরকে ধন্যবাদ দিয়েছিলেন, এবং তা টুকরা টুকরা করেছিলেন এবং বলেছিলেন” এই পয়েন্টটি একটি সুনির্দিষ্ট ঐতিহাসিক কাজের প্রতি (অর্থাৎ, যীশু যে রাতে বিশ্বাসঘাতকতার শিকার হন তার ঠাণ্ডা রাতে উপরের কুঠরীতে নিস্তার পর্বের ভোজ)। অনেক খ্রীষ্টিয়ান এই অনুষ্ঠানকে বলে Eucharist, যেটি এসেছে গ্রীক টার্ম “ধন্যবাদ দান” থেকে (অর্থাৎ, eucharisteō, মথি ২৬:২৭; মার্ক ১৪:২২; লুক ২২:১৯)।

NASB	“এটা আমার দেহ, যা তোমাদেরই জন্য”
NKJV	“নাও, খাও; এটা আমার দেহ যা তোমাদেরই জন্য চূর্ণিত”
NRSV	“এটা আমার দেহ, যা তোমাদেরই জন্য”
TEV, NJB	“এটা আমার দেহ, যা তোমাদেরই জন্য”

এটি স্পষ্ট ভাবে রূপকার্থক। Cannibalism যে কোন যিহুদী লোকের জন্য ভয়ংকর হবে। যীশু রুটির টুকরা ব্যবহার করেছেন কালভেরিতে তাঁর চূর্ণিত দেহের প্রতিকে হিসাবে। যেভাবে রুটি দৈহিক পুষ্টি সাধন করে এবং তাদের জীবন দেয় যারা এটি খায়, সেভাবে যীশুর কাজও আত্মিক জীবন দান করে যারা এটি গ্রহণ করে।

যীশুর কথার অর্থ নিয়ে অনেক ধর্মতাত্ত্বিক বিতর্ক রয়েছে। বেশির ভাগ আলোচনার ভিত্তি যার উপরে তাহল (১) ঘটনার প্রকৃতি এবং (২) ঈশ্বরের অনুগ্রহ দানের উপায়। যারা একে দেখে থাকেন পবিত্র ধর্মীয় অনুষ্ঠান হিসাবে তারা বেশির ভাগ নির্ধার করেন যোহন ৬ অধ্যায়ের উপরে, যেটি প্রসঙ্গে, প্রভুর ভোজের বিষয়ে কিছুই করার নেই।

এই শব্দগুচ্ছের বেশ কয়েকটি গ্রীক পাল্লিপিজগত পার্থক্য রয়েছে।

1. Textus Receptus যোগ করেছে, “নাও, খাও।” এটি পাওয়া যায় গ্রীক MSS C3, K, L, এবং P তে। এটি অরিজিনাল নয়।
2. পৌলের সংক্ষিপ্ত শব্দগুচ্ছ “তোমাদের জন্য” (MSS P⁴⁶, N*, A, B, C*) বিস্তারিত হয়েছে প্রাথমিক অনুলিপি কারকদের দ্বারা বেশ কয়েকটি উপায়ে:
 - (১) “তোমাদের জন্য চূর্ণিত” (MSS N², C³, D², F, G)
 - (২) “তোমাদের জন্য পাতিত” (MS D*)

৩. (গ) “তোমাদের জন্য দেওয়া হয়েছে” (লুক ২২:১৯)

UBS⁴ সংক্ষিপ্ত টেক্সটকে (*huper humōn*) রেটিং করেছে "A" হিসাবে (নিশ্চিত)।

১১:২৪-২৫ “আমাকে মনে করার জন্য এই রকম করো” এটি হয় present active indicative না হয় present active imperative। imperative সবচেয়ে ভালভাবে খাপ খায় প্রসঙ্গের সাথে। এই প্রতিকি ভোজ যীশুর ফিরে না আসা পর্যন্ত নিয়মিত করে যেতে হবে।

এটা বেশ কৌতূহলজনক যে মথি ও মার্ক সুসমাচারে প্রভুর ভোজের লিখিত বিবরণে শব্দগুচ্ছ “আমার স্মরণে এটা করো” অর্ন্তভুক্ত নেই। যাহোক, এটি দেখা যায় লুক ২২:১৯ ও ১ করি ১১:২৪-২৫ পদে। এটা খুবই বিস্ময়কর যে এটি যীশুর জীবনে সুস্পষ্ট একটি তাৎপর্যময় ঘটনা, যেটি পুনর্বার ব্যক্ত হয়েছে, লিখিত হয়েছে এই রকম ভিন্নতায় সুসমাচারে এবং পৌলের লেখনীতে।

নূতন নিয়ম কখনই নির্দিষ্ট করে বলে নাই কতবার এটি করতে হবে। কোন কোন বিশ্বাসী দল কখনই এটি করতে না (অর্থাৎ, Quakers), অন্যরা এটি প্রতি সপ্তাহে করতেন। সেই সব খ্রীষ্টিয়ান দল যারা প্রভুর ভোজকে পবিত্র ধর্মীয় অনুষ্ঠান হিসাবে দেখতেন তারা সুস্পষ্ট ভাবে বারবার এটি করতেন (অর্থাৎ, সাঙাহিক) এবং কেন্দ্রীয় বিষয় করেছিলেন। প্রাথমিক পলেষ্টিয় বিশ্বাসীরা বৎসরে একবার এটি পালন করতেন নিস্তার পর্বের সময় করে (অর্থাৎ, Ebionites, Origen এবং Epiphanius)। সেই সব খ্রীষ্টিয়ান যারা দুশ্চিন্তাগ্রস্ত ছিলেন বার বার ধর্মীয় অনুষ্ঠান করায় তারা তাদের ফল লাভ ও তাৎপর্য হারিয়েছেন এবং কখনও দেখতে পাননি একে অনুগ্রহের একটি উপায় হিসাবে, সাধারণত খুবই কমই প্রভুর ভোজ অনুষ্ঠান পালন করতেন (অর্থাৎ, Southern Baptistsরা প্রতি চার মাসে একবার)।

১১:২৫ “এই পেয়ালা হল নতুন নিয়ম” নূতন নিয়ম সুস্পষ্টভাবে উল্লেখিত হয়েছে যির ৩১:৩১-৩৪ পদে (বর্ণনা করা হয়েছে যিহি ৩৬:২২-৩৮)। নিয়মের জন্য গ্রীক টার্মের মূল অর্থ “একটি ইচ্ছাপত্র” বা “শেষ নিয়ম,” কিন্তু এখানে অর্থ প্রতিফলিত করেছে এই টার্মের সেপ্টুয়াজিন্টের ব্যবহার “চুক্তি” হিসাবে।

“নূতন নিয়ম” এর ধারণা অবশ্যই যিহুদী লোকদের কাছে হতবাক করার মত ছিল। তারা বিশ্বাস করতো মোশির নিয়ম কানুনের স্থায়ীত্ব। যিরমিয় তাদের মনে করিয়ে দিয়েছিলেন যে YHWH এর নিয়ম ছিল বিশ্বাস-মনপরিবর্তন এ সাড়া প্রদানের শর্তযুক্ত।

বিশেষ বিষয়: নিয়ম

(SPECIAL TOPIC: COVENANT)

পুরাতন নিয়মের টার্ম *berith* (BDB 136, KB 157), “চুক্তি,” ব্যাখ্যা করা খুব সহজ নয়। হিব্রুতে কোন সমরূপ verb নেই। শব্দতত্ত্বগত ব্যাখ্যা উদ্ভবের সকল প্রচেষ্টা বিশ্বাসজনক বলে প্রমাণিত হয়নি। সম্ভবত সবচেয়ে ভাল অনুমান হল কেটে ফেলা” (BDB 144), উল্লেখ করেছে পশু উৎসর্গ যা চুক্তির সাথে সম্পর্কিত (আদি ১৫:১০,১৭)। যদিও, স্পষ্ট কেন্দ্রীভূত ধারণা পণ্ডিতদের বাধ্য করেছে এর কার্যকর অর্থ স্থির করার প্রচেষ্টায় শব্দ ব্যবহার পরীক্ষা করতে।

চুক্তি হল উপায় যার মাধ্যমে একমাত্র সত্যময় ঈশ্বর (দেখুন [বিশেষ বিষয়: এক ঈশ্বরবাদ \(Special Topic: Monotheism\)](#)) তাঁর মানব সৃষ্টির সঙ্গে যোগাযোগ করেন। চুক্তি, সমঝোতা, বা একমত হওয়ার ধারণা বাইবেলে প্রত্যাদেশ বোঝার ক্ষেত্রে খুব গুরুত্বপূর্ণ। চুক্তির ধারণায় ঈশ্বরের সার্বভৌমত্ব এবং মানুষের স্বাধীন ইচ্ছার মধ্যকার চাপ স্পষ্টভাবে দৃশ্যমান। কিছু কিছু চুক্তির ভিত্তি ঈশ্বরের চরিত্র এবং কাজের উপরে।

১. সৃষ্টি নিজে (আদি ১-২)
২. নোহের কাছে সুরক্ষা ও প্রতিজ্ঞা (আদি ৬-৯)
৩. অব্রাহামের আহবান (আদি ১২)
৪. অব্রাহামের সাথে চুক্তি (আদি ১৫)

যদিও, চুক্তির মূল প্রকৃতি সাড়া প্রদান দাবী করে।

১. বিশ্বাসে আদম অবশ্যই ঈশ্বরকে মান্য করবেন এবং এদোনের মধ্যকার গাছের ফল খাবেন না
২. বিশ্বাসে নোহ অবশ্যই জল থেকে অনেক দূরে বিশাল একটি নৌকা তৈরী করবেন এবং জীবজন্তু একত্র করবেন
৩. বিশ্বাসে অব্রাহাম অবশ্যই তার পরিবার ত্যাগ করবেন, ঈশ্বরকে অনুসরণ করবেন, এবং ভবিষ্যৎ বংশধরদের বিষয়ে বিশ্বাস করবেন
৪. বিশ্বাসে মোশি ইস্রায়েলীয়দের মিসর থেকে বের করে সিনাই পর্বতে নিয়ে আসবেন এবং ধর্মীয় ও সামাজিক সুনির্দিষ্ট নির্দেশনা যার সাথে রয়েছে আশীর্বাদ ও অভিশাপ তা লাভ লাভ করবেন (লেবীয় ২৬; দ্বি বি ২৭-২৮)

এই একই চাপ অর্ন্তভুক্ত মানুষের সঙ্গে ঈশ্বরের সম্পর্কে যা বলা হয়েছে “নূতন চুক্তি” (যির ৩১:৩১-৩৪; ইব্রীয় ৭:২২; ৮:৬,৮,১৩; ৯:১৫’ ১২:২৪)। এই চাপ স্পষ্ট ভাবে দৃশ্যমান হতে পারে যিহিস্কেল ১৮:৩১ পদের সঙ্গে যিহিস্কেল ৩৬:২৭-৩৮ পদের তুলনায় (YHWH -র কাজ)। ঈশ্বরের অনুগ্রহময় কাজ বা মানবিক সাড়া প্রদানের বাধ্যবাধকতার উপরে কি চুক্তির ভিত্তি? এটাই হল পুরাতন চুক্তি এবং নূতন চুক্তির মধ্যকার জ্বলন্ত বিষয়। উভয়েরই লক্ষ্য একই:

১. আদি ৩ অধ্যায়ে YHWH এর সাথে মানুষের হারানো সহভাগিতার পুনরুদ্ধার
২. ধার্মিক লোকদের প্রতিষ্ঠা যারা ঈশ্বরের চরিত্র প্রতিফলিত করবে।

যির ৩১:৩১-৩৪ পদের নূতন চুক্তি চাপ সমস্যার সমাধান করেছে মানবিক কাজ দূর করার দ্বারা সম্পূর্ণ গ্রহণ করার উপায় হিসাবে। ঈশ্বরের ব্যবস্থা বাহ্যিক ব্যবস্থার পদ্ধতির পরিবর্তে হয়েছে অভ্যন্তরিন আকাংখ্যা। একজন ঈশ্বরভক্ত, ধার্মিক লোকের লক্ষ্য একই থাকে, কিন্তু পদ্ধতি পরিবর্তিত হয়। পতিত মানব প্রমাণ করেছে যে তাদের ঈশ্বরের প্রতিমূর্তির প্রতিফলন যথেষ্ট নয়। সমস্যা ঈশ্বরের চুক্তিতে নয়, কিন্তু মানুষের পাপময়তা ও দুর্বলতায় (আদি ৩; রোমীয় ৭; গালা ৩)।

পুরাতন নিয়মের শর্তহীন ও শর্তসাপেক্ষ নিয়মের মধ্যকার একই চাপ নূতন নিয়মের মধ্যেও রয়ে গেছে। যীশু খ্রীষ্টের সমাপ্ত করা কাজে পরিত্রাণ একেবারে বিনামূল্যে দত্ত, কিন্তু এর জন্য আবশ্যিক মন পরিবর্তন ও বিশ্বাস (উভয়ই প্রারম্ভিক ও অবিরত, দেখুন [বিশেষ বিষয়:নূতন নিয়মে বিশ্বাস \(Special Topic: Believe in the NT\)](#))। যীশু বিশ্বাসীদের সাথে তার নূতন সম্পর্ককে বলেছেন “একটি নূতন চুক্তি” (মথি ২৬:২৮; মার্ক ১৪:২৪; লূক ২২:২০; ১ করি ১১:২৫)। এই উভয়ই বৈধ মন্তব্য (forensic) এবং খ্রীষ্ট সাদৃশ্য হবার আহবান (মথি ৫:৪৮; রোমীয় ৮:২৯-৩০; ২ করি ৩:১৮; ৭:১; গালা ৪:১৯; ইফি ১:৪; ৪:১৩; ১ থি ৩:১৩; ৪:৩,৭; ৫:২৩; ১ পিতর ১:১৫), গ্রহণের একটি নির্দেশক পদ্ধতি (রোমীয় ৪) এবং পবিত্রতার আহবানে অত্যন্ত গুরুত্বপূর্ণ (মথি ৫:৪৮)! বিশ্বাসীরা তাদের কাজের দ্বারা রক্ষা পায় না, কিন্তু বাধ্যতায় (ইফি ২:৮-১০দ ২ করি ৩:৩-৫)। ঈশ্বর ভক্তির জীবন যাপন পরিত্রাণের প্রমাণ, পরিত্রাণের উপায় নয় (অর্থাৎ, যাকোব এবং ১ যোহন)। যদিও, অনন্ত জীবনের দৃশ্যমান বৈশিষ্ট্য রয়েছে! এই চাপ স্পষ্টরূপে নূতন নিয়মের সতর্কবাণীতে দৃশ্যমান (দেখুন [বিশেষ বিষয়:স্বধর্মত্যাগ \(Special Topic: Apostasy\)](#))।

Copyright © 2014 [Bible Lessons International](#)

■ “আমার রক্তে” এটি উল্লেখ করে যীশুর উৎসর্গমূলক মৃত্যুর ইব্রীয় ধারণা (২ করি ৫:২১)। রক্ত পুরাতন ইব্রীয় বাগধারায় উল্লেখ করে ঈশ্বরের কাছে দত্ত একটি উৎসর্গ (লেবীয় ১৭:১১,১৪; দ্বি বি ১২:২৩)। প্রথম নিয়মটি মঞ্জুর হয়েছিল পাতিত রক্তের দ্বারা (যাত্রা ২৪:৮)।

১১:২৬

NASB, NKJV

NRSV

“কারণ যতবার তোমরা খাও . . .পান কর”

TEV

“যে যতবার তোমরা খাও . . .পান কর”

NJB

“যখনই যতবার তোমরা খাও . . .পান কর”

লক্ষ্য করুন যে এখানে কোন নির্দিষ্ট সময় দেওয়া হয় নাই, বা নূতন নিয়মের অন্য কোথায়ও। প্রেরিত পুস্তকে “রুটি ভাঙ্গা” এই বৈশিষ্ট্যময় শব্দগুচ্ছ প্রভুর ভোজকে বর্ণনা করেছে, যা ব্যবহৃত হয়েছে (১) প্রতিদিনের অভিজ্ঞতা (২:৪২,৪৬) বা (২) রবিবারের আরাধনায় (২০:৭,১১)। যাহোক, শব্দগুচ্ছটি আরও ব্যবহৃত হয়েছে প্রতিদিনের ভোজের জন্যও (২৭:৩৪-৩৫)।

■ “তোমরা প্রভুর মৃত্যুর কথা ঘোষণা করে থাক” এটি স্পষ্ট ভাবে দেখায় খ্রীষ্টের মৃত্যুর উৎসর্গের দিকসমূহকে। প্রভুর ভোজ হল পিছনে ফিরে খ্রীষ্টের মৃত্যুকে দেখা।

■ “যতক্ষণ তিনি না আসেন” প্রভুর ভোজ হল সামনের দিকে তাকিয়ে দ্বিতীয় আগমনের দিকে দেখা (১ করি ১:৭; ৪:৫; ১১:২৬; মার্ক ১৪:২৫)।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি ১১:২৭-৩২

^{২৭} সেইজন্য যে কেউ অযোগ্য ভাবে এই রুটি খায় বা প্রভুর পেয়ালা থেকে পান করে, সে প্রভুর দেহের আর রক্তের দোষী হয়। ^{২৮} কিন্তু মানুষ নিজের পরীক্ষা করুক, এবং সেই ভাবে রুটি খাক আর পেয়ালা থেকে পান করুক। ^{২৯} কারণ যে লোক খায় ও পান করে, খাওয়া এবং পান করা তার বিচার করে যদি সে তার দেহের বিচার সঠিক ভাবে না করে। ^{৩০} এই কারণ তোমাদের মধ্যে অনেকে দুর্বল আর অসুস্থ হয়েছে, আর অনেকে মারাও গেছে। ^{৩১} কিন্তু যদি আমরা সঠিক ভাবে নিজেদের বিচার করি, তবে আমরা বিচারিত হতাম না। ^{৩২} কিন্তু যখন আমরা বিচারিত হই, তখন প্রভুর দ্বারা শাসিত হই যেন জগতের সকলের সংগে আমাদের দোষী বলে স্থির করা না হয়। (অনুবাদকৃত টেক্সট)।

১১:২৭

NASB, NKJV

NRSV

“যে কেউ এই রুটি খায় বা প্রভুর পেয়ালা থেকে পান করে”

KJV

“যে কেউ এই রুটি খায় বা প্রভুর এই পেয়ালা থেকে পান করে”

TEV

“যদি তোমাদের মধ্যে কেউ একজন প্রভুর রুটি খায় বা তার পেয়ালা থেকে পান করে”

NJB

“সেইজন্য যে কেউ এই রুটি খায় প্রভুর পেয়ালা থেকে পান করে”

“এবং” ১ করি ১১:২৭ পদের মূল টেক্সটে নাই, কিন্তু ১ করি ১১:২৮ ও ২৯ পদে আছে। “বা” গ্রীক টেক্সটে আছে। King James Version এর অনুবাদকেরা রোমীয় কাথলিকদের বিবেচনা করে ভয় পেতেন যেখানে যাজকেরা ট্রান্সফারস পান করতেন এবং সাধারণ ভক্তরা রুটি, এবং ইচ্ছাকৃত ভাবে এই পদটি ভুল অনুবাদ করেছে! NKJV এই ইচ্ছাকৃত ভুল অনুবাদ সংশোধন করেছে (দেখুন Bart Ehrman, *The Orthodox Corruption of Scripture*, p. 154)।

NASB, NKJV,

NRSV

“অযোগ্য ভাবে”

TEV “এমন ভাবে যা তাকে অসম্মান করে”
NJB “অযোগ্যতায়”

প্রসঙ্গ ইঙ্গিত দেয় যে এটি উল্লেখ করছে মণ্ডলীর বিভক্ত একতা যার কারণে বিভিন্ন বিভক্ত দলসমূহের উদ্ধৃত্য এবং গর্ব, কিন্তু অনেকে বুঝেছেন যে এটি আর উল্লেখ করছে যখন প্রভুর ভোজ পালন করা হবে তখন সঠিক আত্মিক মনোভাবের অনুজ্ঞা (ইব্রীয় ১০:২৯)।

১১:২৮ “কিন্তু মানুষ নিজের পরীক্ষা করুক” এটি একটি present active imperative। টার্ম “পরীক্ষা” এর অন্তর্নিহিত তাৎপর্য হল “অনুমতি দানের উদ্দেশ্যে পরীক্ষা করা।” দেখুন বিশেষ বিষয়: “পরীক্ষা” এর জন্য গ্রীক টার্ম ১ করি ৩:১৩ পদে। এক অর্থে সকল খ্রীষ্টিয়ানই অযোগ্য কারণ তারা সকলেই পাপ করেছে এবং করেই যাচ্ছে। এই প্রসঙ্গে এটি উল্লেখ করছে বিশেষ করে অনৈক্য এবং বিভক্তির আত্মা করিছে কোন কোন মণ্ডলীর মধ্যে (২ করি ১৩:৫)।

১১:২৯

NASB “যদি সে তার দেহের বিচার সঠিক ভাবে না করে”

NKJV “প্রভুর দেহ সঠিক ভাবে না চেনে”

NRSV “দেহ সঠিক ভাবে না চিনেই”

TEV “যদি তোমরা প্রভুর দেহের অর্থ বুঝতে না”

NJB “দেহ না বুঝেই”

“তঁার দেহ” মনে হয় উল্লেখ করছে না (১) যীশুর জাগতিক দেহ এমনকি (২) অংশগ্রহণকারীদেরও নয়, কিন্তু সমষ্টিগত হিসাবে মণ্ডলীকে (১ করি ১০:১৭; ১২:১২-১৩,২৭)। অনৈক্য ছিল সমস্যা। সর্বোৎকৃষ্টতা বা শ্রেণী স্বতন্ত্রতার আত্মা সহভাগিতাকে ধংস করছিল।

□ “বিচার” নোট দেখুন ১ করি ৪:৭ পদে এবং বিশেষ বিষয় ১ করি ১০:২৯ পদে।

১১:৩০ পৌল সহজ ভাষায় জোর দিয়ে বলেছেন যে বিশ্বাসীরা যারা মণ্ডলীর একতাকে অবহেলা করছেন তারা জাগতিক দৈহিক ফলাফল ভোগ করবেন, এমনকি মৃত্যুও (১ করি ৩:১৭)। এটি সরাসরি সংযুক্ত খ্রীষ্টের দেহ, মণ্ডলী, ঈশ্বরের লোকদের প্রতি শ্রদ্ধাবোধের অভাব (প্রেরিত ৫: ১ করি ৫:৫; ১ তীম ১:২০)।

১১:৩১ “যদি” এটি একটি second class conditional sentence, যাকে বলা হয় “সত্যের প্রতি বিরূপতা।” এর অনুবাদ হওয়া উচিত “যদি আমরা সঠিক ভাবে আমাদের বিচার করি, যা আমরা করি না, তবে আমরা বিচারিত হবো না, যা আমরা হবো।” দেখুন নোট ১ করি ৪:৭ পদে।

১১:৩২ “প্রভুর দ্বারা শাসিত হই” এটা জানা কঠিন যে কখন খ্রীষ্টিয়ানেরা কষ্টভোগ করবে কারণ

১. তারা একটি পতিত জগতে বাস করে
২. তারা তাদের পাপময় কাজের ফল ভোগ করছে
৩. তারা প্রভুর দ্বারা পরীক্ষিত হচ্ছে আত্মিক পরিপক্বতার জন্য (ইব্রীয় ৫:৮)

ঈশ্বর পরীক্ষা ও শাসন করেন (ইব্রীয় ১২:৫-১১)। এটি হল একটি প্রমাণ তঁার ভালবাসার ও আমাদের পারিবারিক মর্যাদার।

□ “যেন জগতের সকলের সংগে আমাদের দোষী বলে স্থির করা না হয়” বিশ্বাসীদের জাগতিক বিচার যারা ঈশ্বরের মণ্ডলীকে আঘাত করেছে হতে পারে ভালবাসার একটি কাজ যে তাদের আরও অধিকতর বিচারের জন্য ছেড়ে দেওয়া হচ্ছে মণ্ডলী ধংস করার কারণে (১ করি ৩:১০-১৭)।

আমি George Ladd in *A Theology of the New Testament* থেকে উদ্ধৃতি করতে ইচ্ছুক।

“এই জগতের নিজস্ব ধর্ম আছে যা মানুষকে সন্নাসবাদ এবং legalism বন্দি করে রেখেছে যা হতে পারে জ্ঞানের প্রদর্শন এবং সমর্পন ও আত্ম শৃংখলা, কিন্তু এটি চূড়ান্ত ভাবে সমাধান দিতে ব্যর্থ নৈতিক দ্বিধাধ্বন্দের মানুষ যার সম্মুখীন হয় (কল ২:২০ পদ থেকে কয়েকটি পদ)। এই পয়েন্ট থেকে দেখলে দেখা যায় জগত ঈশ্বর বিচারের অধীনে রয়েছে (১ করি ১১:৩২) এবং পুনর্মিলনের আবশ্যিকতায় (২ করি ৫:১৯; রোমীয় ১১:১৫” (পৃ. ৩৯৯)।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি ১১:৩৩-৩৪

“সেইজন্য, আমার ভাইয়েরা, যখন তোমরা খাওয়ার জন্য এক জায়গায় মিলিত হও, তখন একজন আর একজনের জন্য অপেক্ষা করো।^{৩৩} যদি কারও খিদে পায়, তবে সে বাড়িতে খাক, যেন তোমাদের এক জায়গায় মিলিত হওয়া বিচারের কারণ না হয়। অন্য সব বিষয়ে আমি যখন আসব তখন উপদেশ দেব। (অনুবাদকৃত টেক্সট)।

১১:৩৩ “যখন তোমরা খাওয়ার জন্য এক জায়গায় মিলিত হও, তখন একজন আর একজনের জন্য অপেক্ষা করো” এটি উল্লেখ করছে ১ করি ১১:২১ পদ। তারা স্বার্থপর লোকের মত কাজ করছে, পরিবার বা এক দেহের মত নয়। যীশু ভালবাসায় আত্ম ত্যাগের কাজ করেছিলেন তারা এর ঠিক বিপরীত কাজ করছে।

১১:৩৪ “যদি” এটি একটি First class conditional sentence, যেটি ধরে নেওয়া হয় সত্য বলে লেখকের দিক থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্যের দিক থেকে।

▣ “সে বাড়ীতে থাক” এটি একটি present active imperative। যদি বিশ্বাসীরা খুব ক্ষুধার্ত হয় তারা আত্মসী, স্বার্থপর ভাবে কাজ করে প্রভুর ভোজে, তাহলে তাদের ক্ষুধার তৃপ্তি ঘটাতে হবে সহভাগিতার ভোজে অংশগ্রহণের আগে।

NASB “অন্য সব বিষয়ে আমি যখন আসব তখন উপদেশ দেব”

NKJV “আর অন্য সব বিষয়ে আমি যখন আসব তখন আদেশ দেব”

NRSV “অন্য সব বিষয় সম্বন্ধে আমি যখন আসব তখন নির্দেশ দেব”

TEV “অন্য সব বিষয়ের জন্য, আমি যখন আসব তখন স্থির করবো”

NJB “অন্য সব বিষয়ে আমি যখন আসব তখন উপদেশ দেব”

লক্ষ্য করুন যে ঈশ্বর উপযুক্ত মনে করেন নাই যে সকল বিষয়ের বিশদ বিবরণ দানের যা পৌল এই মণ্ডলীকে দিয়েছেন। এটি অনিশ্চিত যে এটি কেবল প্রভুর ভোজের সাথে সম্পর্কিত না অন্য কোন বিষয়ের সঙ্গে। ১ করিন্থীয়ের এই কাঠামো (অনেক অপ্রাসঙ্গিক প্রশ্নের উত্তর দানের) ইঙ্গিত দেয় যে এটি করেছে। প্রভুর ভোজের মূল বিষয় আরাধনার বিধি নিয়মের বইতে পাওয়া যায় না, কিন্তু যীশু খ্রীষ্টের সাথে সম্পর্কে। ধর্মীয় অনুষ্ঠানের বিশদ বিবরণ ঈশ্বরের প্রতি উত্তম হৃদয়ের থেকে বেশি তাৎপর্যপূর্ণ নয়, যে বিষয়টি হল মন্ডলীর প্রতি ভালবাসা।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. আজকের খ্রীষ্টিয়ানেরা কি নূতন নিয়মের মন্ডলীর সব ধর্মীয় অনুষ্ঠানের ও কাঠামোর নকল করছে?
২. প্রকাশ্য আরাধনায় মহিলাদের নেতৃত্বের ভূমিকায় অংশগ্রহণ সম্পর্কে ১১:২-১৬ পদ কি বলে?
৩. আজকে পর্দা কিসের প্রতিনিধিত্ব করে?
৪. প্রথম শতকের রোমীয় সংস্কৃতিতে পর্দা ছাড়া স্ত্রীলোক ও পর্দা সহ পুরুষ এর সমস্যা ব্যাখ্যা করুন।
৫. ১১ অধ্যায়ে পৌলের প্রভুর ভোজের বিষয়ে আলোচনার প্রধান উদ্দেশ্য কি ছিল?
৬. আপনি কিভাবে ১ করি ১১:৩০ পদ ব্যাখ্যা করবেন?

১ করিন্থীয় ১২
(1 CORINTHIANS 12)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
				প্রকাশ্য আরাধনার শিষ্টতা (১১:২-১৪:৪০)
আত্মিক দানসমূহ	আত্মিক দান: ভিন্নতার মার্বো একতা	ভিন্ন ভিন্ন আত্মিক দান	পবিত্র আত্মার দান	আত্মিক দানসমূহ
১২:১-৩	১২:১-১১	১২:১-৩	১২:১	১২:১-৩
			১২:২-৩	ভিন্নতা এবং দানের মধ্যে একতা
১২:৪-১১		১২:৪-১১	১২:৪-১১	১২:৪-১১
এক দেহ অনেক অঙ্গ	এক দেহে একতা এবং ভিন্নতা	দেহের দরকার অঙ্গের ভিন্নতা	এক দেহ অনেক অংশ	দেহের উপমা
১২:১২-৩১ ^ক	১২:১২-৩১	১২:১২-১৩	১২:১২-১৩	১২:১২-১৭
		১২:১৪-২৬	১২:১৪-২০	১২:১৮-২১
			১২:২১-২৬	১২:২২-২৬
		১২:২৭-৩১	১২:২৭-৩১ ^ক	১২:২৭-৩০
			১২:৩১ ^ক	

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

১২:১-৩১ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. ১১-১৪ অধ্যায় একটি সাহিত্য এক থেকে এসেছে যেটি আলোচনা করছে একত্রিত আরাধনার বিষয়ে। করিন্থীয় গৃহ মন্ডলীতে অনেক সমস্যা ছিল। পৌল এ সবে মধ্য অনেক বিষয় নিয়ে কথা বলেছিলেন, যেগুলির বিষয়ে দৃশ্যত মন্ডলী তার কাছে লিখেছিল (১ করি ৭:১,২৫; ৮:১; ১২:১; ১৬:১, ১২)। যে বিষয়গুলি একত্রিত আরাধনার সাথে সম্পর্কিত ছিল:
১. কিভাবে প্রার্থনা করবে এবং ভাববাণী বলবে
 - ক. পুরুষ অনাবৃত থাকবে
 - খ. স্ত্রীলোক আবৃত থাকবে
 ২. গর্ব এবং অপব্যবহার আত্মিক দানের সাথে সম্পর্কিত
 ৩. আরাধনায় কিভাবে দানগুলি ব্যবহার করবে
 - ক. পরভাষায় কথা বলা ও তা ব্যাখ্যা করা
 - খ. গায়কদল
 - গ. ভাববাদীরা
- খ. আত্মিক দানগুলির সাথে তিনটি পরীক্ষা সম্পর্কিত।
১. ১২ অধ্যায় – তারা কি খ্রীষ্ট কেন্দ্রিক একতায় অনুপ্রাণিত?
 ২. ১৩ অধ্যায় – তারা কি ভালবাসায় অনুপ্রাণিত?
 ৩. ১৪ অধ্যায় – তারা কি দেহরূপ মন্ডলীকে গৈথে তুলেছিল?
- গ. নূতন নিয়মে বেশ কয়েকটি আত্মিক দানের তালিকা রয়েছে (রোমীয় ১২; ১ করি ১২-১৪; ইফি ৪:১১; এবং ১ পিতর ৪:১০-১১)। তালিকাগুলি একই রকম নয়, এমনকি দানসমূহের ধারাবাহিক সজ্জিত করণও একই রকমের নয়। সেগুলি হল প্রতিনিধিত্বমূলক নমুনা, চূড়ান্ত তালিকা নয়। কিছু কিছু দান একত্রিত আরাধনায় কার্যকর, কিন্তু অন্যগুলির লক্ষ্য মন্ডলীর বাইরে যৌথ আরাধনা সভা।
- পৌল আত্মিক দানসমূহের উপরে যে গুরুত্ব আরোপ করেছেন তা বিস্ময়কর, কিন্তু কিভাবে একজন তার দান বুঝতে পারবে বা চিহ্নিত করবে সে বিষয়ে সামান্যই বলেছেন। আমি অনেক “আত্মিক পরীক্ষার” নিশ্চয়তা দিতে অনিচ্ছুক যেগুলি আমাদের সময়ে বিকশিত হয়েছে। তারা কেবলমাত্র নূতন নিয়মে তালিকাভুক্ত দানগুলির পরীক্ষা করতো। তালিকাভুক্ত অনেক দান স্পষ্টভাবে ব্যাখ্যা করা হয়নি (অর্থাৎ, ইফি ৪:১১ পদে নেতৃত্বের দান)। এই ক্ষেত্রে আমি সবচেয়ে বেশি যে সাহায্যকারী নির্দেশনা পেয়েছি তা IVP booklet থেকে যার শিরোনাম *Affirming the Will of God by Paul Little*। এই একই খ্রীষ্টিয় প্রজ্ঞা যা আমাদের সাহায্য করে ঈশ্বরের ইচ্ছা জানতে সেটি আরও আমাদের সাহায্য করে পরিচর্যার জন্য আমাদের কার্যকরী দানসমূহ চিহ্নিত করতে।
১. সুনির্দিষ্ট ভাবে প্রার্থনা করা
 ২. পরিপক্ব খ্রীষ্টিয়ান যিনি আপনাকে জানেন তার কাছে জানতে চান যে তারা আপনার মধ্যে কি কি সবলতা দেখছেন
 ৩. ভিন্ন ভিন্ন ক্ষেত্রে চেষ্টা করার জন্য সুযোগের উন্মুক্ত দরজা দিয়ে দেখুন
 ৪. আপনার হৃদয়ের আকাংখা অনুসরণ করুন

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ১২:১-৩

^১ ভাইয়েরা, এবার আত্মিক দানসমূহের বিষয়ে, আমি চাই না যে তোমরা অজ্ঞাত থাক। ^২ তোমরা জান যে যখন তোমরা পৌত্তলিক ছিলে, তখন যেমন চালিত হতে, তেমনি তোমরা বিপথে চালিত হতে কথা বলতে না পারা প্রতিমার দিকে। ^৩ এই জন্য আমি তোমাদের জানাচ্ছি যে ঈশ্বরের আত্মার দ্বারা কথা বললে কেউ বলে না, “যীশু শাপগ্রস্ত”; এবং পবিত্র আত্মার দ্বারা না হলে কেউ বলতে পারে না, “যীশুই প্রভু।” (অনুবাদকৃত টেক্সট)।

১২:১ “এবারের বিষয়” এটা বার বার বলা একটি শব্দগুচ্ছ ১ করিন্থীয়তে যা দেখায় পৌল মণ্ডলীর সুনির্দিষ্ট প্রশ্নের উত্তর দিচ্ছেন (১ করি ৭:১,২৫; ৮:১; ১২:১; ১৬:১,১২)।

NASB, NKJV “আত্মিক দানসমূহের”

NRSV

(পাদটিকা)

TEV

“আত্মিক ব্যক্তির”

“পবিত্র আত্মার দানসমূহ”

গ্রীক টার্ম হল *pneuma* এর genitive plural। এটি উল্লেখ করতে পারে ব্যক্তি, দান, বা আত্মিকতা (অর্থাৎ, আত্মিক বিষয়, ১ করি ১৪:১)।

বিশেষ বিষয়: বাইবেলে আত্মা

(SPECIAL TOPIC: SPIRIT IN THE BIBLE)

- I. পুরাতন নিয়ম (*ruah*, BDB 924, KB 1197; দেখুন বিশেষ বিষয়: শ্বাস, বাতাস, আত্মা [পুরাতন নিয়ম])
- ক. monotheistic ঈশ্বরের কাজ (অর্থাৎ, পুরাতন নিয়মে ৯০ বার ব্যবহার করা হয়েছে)
১. ইতিবাচক, আদি ১:২
 ২. নেতিবাচক, ১ শমু ১৬:১৪-১৬, ২৩; ১ রাজা ২২:২১-২২; যিশা ২৯:১০
- খ. মানবজাতিতে ঈশ্বর-প্রদত্ত জীবনী শক্তি (অর্থাৎ, ঈশ্বরের শ্বাস, আদি ২:৭)
- গ. *pneuma* দ্বারা *ruah* অনুবাদ করেছে Septuagint (LXX এ প্রায় ১০০ বার ব্যবহার করা হয়েছে)
- ঘ. পরবর্তী rabbinical লেখায়, রহস্য উদঘাটনমূলক লেখায় এবং মরু সাগরের পুঁথি, অনুপ্রাণিত হয়েছে Zoroastrianism দ্বারা, *pneuma* ব্যবহার করা হয়েছে স্বর্গদূত ও শয়তানের জন্য
- II. গ্রীক টার্ম
- ক. *pneō*, ফুঁ দেওয়া
- খ. *pnoē*, বাতাস, শ্বাস
- গ. *pneuma*, আত্মা, বাতাস
- ঘ. *pneumatikos*, আত্মায় অংশ নেওয়া
- ঙ. *pneumatikōs*, আত্মিকতা
- III. গ্রীক দার্শনিক প্রেক্ষাপট (*pneuma*)
- ক. Aristotle টার্মটি ব্যবহার করেছেন জীবনের চালিকাশক্তি হিসেবে জন্ম থেকে আত্ম-নিয়ন্ত্রণ পর্যন্ত।
- খ. টার্মটির Stoics ব্যবহার *psuchē* প্রতি সমার্থক হিসেবে, (প্রাণ) এমন কি nous (মন) এই অর্থে পাঁচটি দৈহিক সেন্স এবং মানুষের মেধা।
- গ. গ্রীক টিভায় টার্মটি হয়ে ওঠে স্বর্গীয় কাজের সমতুল্য (অর্থাৎ, ভবিষ্যতের অলৌকিক অস্তিত্ব, যাদু, গুপ্ত বিদ্যা, ভাববাণী, ইত্যাদি)।
- IV. নতুন নিয়ম (*pneuma*: দেখুন বিশেষ বিষয়: নতুন নিয়মে আত্মা)
- ক. ঈশ্বরের বিশেষ উপস্থিতি, ক্ষমতা, এবং সুসজ্জিত করা
- খ. আত্মা ঈশ্বরের মন্ডলীর কার্যক্রমের সাথে জড়িত (বেশিরভাগ যোহনে)
১. ভাববাণী
 ২. আশ্চর্যকাজ
 ৩. সুসমাচার প্রচারে সাহসিকতা
 ৪. প্রজ্ঞা (অর্থাৎ, সুসমাচার)
 ৫. আনন্দ
 ৬. নতুন যুগ নিয়ে আসা
 ৭. ধর্মাস্তর (অর্থাৎ, মুক্তি করা ও হৃদয়ে বাস করা)
 ৮. খ্রীষ্টসাদৃশ্যতা
 ৯. পরিচর্যার বিশেষ দান
 ১০. বিশ্বাসীদের জন্য প্রার্থনা
- আত্মা মানবজাতির ঈশ্বরের সাথে সহভাগিতা করার আশ্রয় জাগিয়ে তোলে, যার জন্য তাদের সৃষ্টি করা হয়েছে। এই সহভাগিতা সম্ভব হয় কারণ যীশু, ঈশ্বরের মশীহের ব্যক্তিত্ব ও কাজ (দেখুন বিশেষ বিষয়: মশীহ)। নতুন আত্মিক জাগরণ পরিচালিত করে খ্রীষ্টের ন্যায় জীবনযাপন, সেবা এবং নির্ভরতার দিকে।
- গ. এটা ভালভাবে বোঝা যেতে পারে একটি আত্মিক আওতা হিসেবে পবিত্র আত্মার সাথে এক প্রান্তে, এবং মানব জাতি এই জগতের একটি দৈহিক প্রাণী হিসেবে, কিন্তু এছাড়াও ঈশ্বরের প্রতিমূর্তিতে একটি আত্মিক প্রাণী হিসেবে, অন্য প্রান্তে।
- ঘ. পৌল হলেন নতুন নিয়মের লেখক যিনি আত্মা/আত্মার একটি ধর্মতত্ত্বগত উদ্ভাবন করেছেন।
১. পৌল আত্মাকে ব্যবহার করেছেন মাংসের তুলনা করতে (অর্থাৎ, পাপে পূর্ণ স্বভাব)
 ২. পৌল আত্মাকে ব্যবহার করেছেন বাস্তবের তুলনা করতে
 ৩. পৌল আত্মা/আত্মা ব্যবহার করেছেন মানুষের চিন্তা, জ্ঞান, এবং স্বত্তার তুলনা করতে
- ঙ. ১ করিন্থীয় থেকে কয়েকটি উদাহরণ
১. পবিত্র আত্মা, ১ করি ১২:৩
 ২. ঈশ্বরের ক্ষমতা এবং প্রজ্ঞা বাহিত হয় পবিত্র আত্মার মাধ্যমে, ১ করি ২:৪-৫
 ৩. বিশ্বাসীদের মধ্যে ঈশ্বরের কাজ

- ক. নূতন মানসিকতা, ১ করি ২:১২; ১৪:১৪,৩২
 খ. নূতন মন্দির, ১ করি ৩:১৬; ৬:১৯-২০
 গ. নূতন জীবন (অর্থাৎ, মরণশীলতা) ১ করি ৬:৯-১১
 ঘ. বাস্তব নূতন জীবন প্রতিক্রিয়, ১ করি ১২:১৩
 ঙ. ঈশ্বরের সাথে এক হওয়া (অর্থাৎ, ধর্মান্তর), ১ করি ৬:১৭
 চ. ঈশ্বরের প্রজ্ঞা, জগতের প্রজ্ঞা নয়, ১ করি ২:১২-১৫; ১৪:১৪,৩২,৩৭
 ছ. আত্মিক দান প্রত্যেক বিশ্বাসীর পরিচর্যার জন্য, ১ করি ১২ ও ১৪
 ৪. বাস্তবের তুলনা আত্মিকতার সাথে, ১ করি ৯:১১; ১০:৩; ১৫:৪৪
 ৫. আত্মিক রাজ্য বাস্তব রাজ্যের সাথে কুলনায়, ১ করি ২:১১; ৫:৫; ৭:৩৪; ১৫:৪৫; ১৬:১৮
 ৬. মানুষের আত্মিক/অভ্যন্তরীণ জীবনের সাথে উল্লেখ করার উপায় একজনের বাস্তব দেহ থেকে আলাদা হিসাবে, ১ করি ৭:৩৪
 ৭. মানুষের জীবনে সৃষ্টির থেকেই দুটি রাজ্য (অর্থাৎ, বাস্তব এবং আত্মিক)। মানবজাতি ঈশ্বরের অন্তরঙ্গতা থেকে পতিত হয়েছে (আদিপুস্তক ৩)। খ্রীষ্টের জীবন, শিক্ষা, মৃত্যু, পুনরুত্থান, এবং ফিরে আসার প্রতিজ্ঞার মধ্য দিয়ে আত্মা পতিত মানবজাতিকে আকর্ষিত করে সুসমাচারে বিশ্বাস অনুশীলন করতে (যোহন ৬:৪৪,৬৫), যে অংশে তারা ঈশ্বরের সাথে সহভাগিতা পুনস্থাপন করে। আত্মা হল ত্রিভূতের সেই ব্যক্তিগত অংশ যেটি ধার্মিকতার নতুন যুগের বৈশিষ্ট্য করে। আত্মা পিতা ঈশ্বরের প্রতিনিধি এবং এই যুগে তাঁর পুত্রের পক্ষ সমর্থনকারী (দেখুন বিশেষ বিষয়: যীশু এবং আত্মা)। একটি সমস্যা রয়েছে কারণ নতুন যুগ সময়ের সাথে এসেছে, যদিও পাপে পূর্ণ বিদ্রোহী যুগ এখনও বিদ্যমান। আত্মা পুরনোকে নতুনে রূপান্তর করে, এমন কি যখন তারা উভয়ই বিদ্যমান

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “ভাইয়েরা” পৌল প্রায়ই “ভাইয়েরা” শব্দ ব্যবহার করেছেন বিষয় পরিবর্তনের চিহ্ন হিসাবে। এই প্রথম পদে রয়েছে পৌলের বিষয় পরিবর্তনের তিনটি প্রসঙ্গকৃত চিহ্ন: (১) এবারের বিষয়; (২) ভাইয়েরা; এবং (৩) আমি চাই না যে তোমাদের অজানা থাকে। ১১-১৪ অধ্যায় একত্রিত আরাধনা সভার বিভিন্ন দিক নিয়ে আলোচিত হয়েছে।

যে বার্তা পৌল করিছে পাঠিয়েছেন তা খুব কঠিন ছিল যার জন্য তিনি প্রায়ই “ভাইয়েরা” শব্দ ব্যবহার করে তাদের মনে করিয়ে দিয়েছেন ঈশ্বরের পরিবারে তাদের একতার কথা (১ করি ১:১০,১১,২৬; ২:১; ৩:১; ৪:৬; ৬:৫,৮; ৭:২৪,২৯; ৫:১২; ৯:৫; ১০:১; ১১:২,৩৩; ১২:১; ১৪:৬,২০,২৬,৩৯; ১৫:১,৬,৫০,৫৮; ১৬:১১,১২,১৫,২০; ২ করি ১:৮; ৮:১,২৩; ৯:৩,৫; ১১:৯; ১৩:১১)।

■ “আমি চাই না যে তোমরা অজ্ঞাত থাক” এটি পৌলের লেখায় বার বার বলা একটি শব্দগুচ্ছ (রোমীয় ১:১৩; ১১:২৫; ১ করি ১০:১; ১১:৩; ১২:১; ২ করি ১:৮; ১ থি ৪:১৩)। এটি তার একটি উপায় গুরুত্বপূর্ণ নূতন বিষয় পরিচিত করানোর।

১২:২ “তোমরা পৌত্তলিক ছিলে” এটি একটি imperfect indicative। এই বিশ্বাসীরা এক সময়ে পৌত্তলিক ছিল, কিন্তু এখন তাদের কাজে ও মানসিকতায় এই ধরণের ছায়াপত ঘটেছে। করিছে মণ্ডলী গভীর ভাবে প্রভাবিত হয়েছিল (১) পৌত্তলিক আরাধনার অনুশীলন এবং (২) রোমীয় সংস্কৃতি। উভয়ই দলই সুসমাচারে অনুপযুক্ত ভাবে রং মেশাচ্ছে।

NASB “তোমরা বিপথে চালিত হতে”

NKJV “চালিত হতে. . . যেভাবে চালিত হতে”

NRSV “তোমরা প্রলুব্ধ হতে ও বিপথে চালিত হতে”

TEV “তোমরা অনেক ভাবে বিপথে চালিত হতে”

NJB “তোমরা অপ্রতিরোধ্য ভাবে আকর্ষিত হতে”

এই শব্দগুচ্ছের দুটি সম্পর্কিত মৌখিক গঠন আছে মূল “চালিত হওয়া” থেকে। প্রথমটি হল Periphrastic imperfective passive indicative এবং দ্বিতীয়টি present passive participle, “তোমরা ছিলে এবং অবিরত চালিত হতে।”

দ্বিতীয় টার্মটি preposition *apo* দ্বারা আরও সবল হয়েছে, যেটি ইঙ্গিত দেয় “কারাবন্দি হিসাবে চালিত হওয়া” (মার্ক ১৪:৪৪; ১৫:১৬)। পূর্বের এই পৌত্তলিকেরা অবিরত তাদের পূর্বকার আরাধনা অনুশীলনে মন্দ আত্মা দ্বারা নিয়ন্ত্রিত হতো (১ করি ১০:২০) তাদের ধর্মান্তরের পূর্বে।

■ “কথা বলতে না পারা প্রতিমা” এটি উল্লেখ করছে দেবতাদের কথা যারা কথা বলতে বা সাহায্য করতে পারে না (যিশা ৪৬:৫-৭; যির ১০:৫; হবক ২:১৮-১৯) পবিত্র আত্মার তুলনায়।

১২:৩ “পবিত্র আত্মার দ্বারা না হলে কেউ বলতে পারে না” এটি অনুপ্রেরণার জন্য একটি ইব্রীয় বাগধারা (১ শমূয়েল ১০:১০; ১৯:২৩-২৪)। এটি বিশ্বাসীদের মনে করিয়ে দেয় যে যারা দাবী করে তারা সকলেই যে ঈশ্বরের পক্ষে কথা বলে তা নয়। প্রতিটি বিশ্বাসীদের অবশ্যই তাদের মূল্যায়ন করতে যারা দাবী করে যে তারা ঈশ্বরের বার্তা ঘোষণা করছে (১ বংশ ১২:১০; দ্বি বি ১৮:২০-২২; মথি ৭; ১ যোহন ৪:১-৩)।

NASB	“যীশু শাপগ্রস্ত”
NKJV	“যীশুকে বলে শাপগ্রস্ত”
NRSV	“যীশু শাপগ্রস্ত হয়েছেন”
TEV, NJB	“যীশুর উপরে শাপ রয়েছে”

এটি একটি হতবাক করা মন্তব্য। কেন যে কেউ (ঐতিহ্যগত যিহুদীরা ছাড়া) দাবী করে বলবে যে ঈশ্বর এই কথা বলেছেন? টার্ম (অর্থাৎ, *anathema*) এর নিজেই একটা পুরাতন নিয়মের প্রেক্ষাপট রয়েছে (অর্থাৎ, ইব্রীয়, *herem*)। এটি পবিত্র যুদ্ধের ধারণার সাথে সম্পর্কিত, যেখানে একটি নগর ঈশ্বরের কাছে সমর্পিত হয়েছে এবং, সেজন্য, নগরটি পবিত্র হয়েছে। এর অর্থ এর মধ্যে যা কিছু শ্বাস বিশিষ্ট আছে, মানুষ বা পশু, অবশ্যই মরতে হবে (যিহোশূয় ৬:১৭; ৭:১২)।

তত্ত্ব হল যে কিভাবে এই টার্মটি করিছেের জন্য ব্যবহৃত হয়েছে

- এর একটি যিহুদী প্রেক্ষাপট রয়েছে যেটি সমাজগৃহের শপথের সঙ্গে সম্পর্কিত (প্রেরিত ২৬:১১, অর্থাৎ, পরবর্তীতে, অভিষাপ সূত্র ব্যবহৃত হয়েছিল খ্রীষ্টিয়ানদের সমাজগৃহ থেকে বের করে দেবার জন্য)। বাকী সদস্যদের প্রত্যেককে নাসরতিয় যীশুকে প্রত্যাখ্যান বা অভিষাপ দিতে হয়েছিল।
- এর একটি রোমীয় প্রেক্ষাপট রয়েছে সশ্রুটি পূজার সাথে সম্পর্কিত যেখানে একমাত্র “কেশর”-কে “প্রভু” বলে ডাকা যেতে পারে।
- এর একটি পৌত্তলিক আরাধনার প্রেক্ষাপট রয়েছে যেখানে দেবতাদের নাম ব্যবহার করে লোকদের উপরে অভিষাপ ডেকে আনা হয়। তারপরে এটি অনুবাদ হতে পারতো, “যীশু _____ অভিষাপ দিন” (১ করি ১৬:২২)।
- কেউ কেউ এই শব্দগুচ্ছের সাথে যীশুর ধর্মতাত্ত্বিক ধারণা যুক্ত করেছে যে তিনি আমাদের জন্য পুরাতন নিয়মের অভিষাপ আনবেন (দি বি ২১:২৩; গালা ৩:১৩)।
- করিছেের তথ্যের সাম্প্রতিক অধ্যয়ন (footnote #1 p. 164 in Bruce Winter's *After Paul Left Corinth*) প্রাচীন acropolis থেকে পাওয়া অভিষাপের ফলক। বাইবেলের পন্ডিতেরা ধরে নিয়েছেন যে একটি সংযুক্তকারী verb “হয়” এই শব্দগুচ্ছের সাথে থাকা উচিত, “যীশু শাপগ্রস্ত,” কিন্তু এই ধর্মতাত্ত্বিক প্রমাণ স্পষ্ট ভাবে দেখায় যে এই প্রথম শতকের রোমীয় সময়কালের করিছেের অভিষাপ verb ছাড়াই (যেভাবে কিছু কিছু LXX এর অভিষাপ দি বি ২২:১৫-২০ পদে রয়েছে), যেমন করা হয়েছে ১ করি ১২:৩ পদে। আরও প্রত্নতাত্ত্বিক প্রমাণ রয়েছে যে প্রথম শতকের রোমীয় করিছেের খ্রীষ্টিয়ানেরা অভিষাপ সূত্র ব্যবহার করেছেন সমাধির অভিষাপে (অর্থাৎ, Byzantine সময়কাল), খ্রীষ্টিয়ানদের সমাধিতে প্রাপ্ত (J. H. Kent, *The Inscriptions, 1926-50*. Princeton: American School of Classical Studies, 1966, vol. 8:3, no. 644)।

মণ্ডলীর কিছু কিছু অংশ পৌত্তলিক অভিষাপকে উল্টে যীশুর নামে করেছিল মণ্ডলীর অন্য সদস্যদের বিরুদ্ধে। পদ্ধতিটাই যে কেবল সমস্যা ছিল তা নয়, কিন্তু আরও ছিল মৃগিত উদ্দেশ্য। এটি হল আর একটি উত্তেজনা মণ্ডলীর মধ্যে। পৌল চেয়েছেন তারা যেন মণ্ডলীকে গোঁথে তোলে, মণ্ডলীকে যেন শিক্ষা দেয়। তারা চাইতো মণ্ডলীর একটি অংশকে অভিষাপ দিতে!

বিশেষ বিষয়: অভিষাপ (*ANATHEMA*)

{SPECIAL TOPIC: CURSE (*anathema*)}

I. পুরাতন নিয়ম

“অভিষাপ” এর জন্য ইব্রীয়তে বেশ কয়েকটি শব্দ রয়েছে। *Herem* (BDB 356) ব্যবহৃত হয়েছে ঈশ্বরকে কোন কিছু দেওয়া হয়েছে (এটি LXX অনুবাদ করেছে *anathema* হিসাবে, BAGD 54, লেবীয় ২৭:২৮)। এটি সাধারণত কোন জিনিস ধংসে অর্ন্তভুক্ত কারণ এটি ছিল মানুষের ব্যবহারের জন্য খুবই পবিত্র (দি বি ৭:২৬; যিহো ৬:১৭-১৮; ১৭:১২)। এটি ছিল একটি টার্ম “পবিত্র যুদ্ধ”-র ধারণা নিয়ে ব্যবহৃত হয়েছে। ঈশ্বর যিহোশূয়কে বলেছিলেন কনানীয়দের ধংস করতে। যিরিহো ছিল প্রথম সুযোগ, এই পবিত্র ধংস/শুচি করণের “প্রথম ফল।”

II. নতুন নিয়ম

নতুন নিয়মে *anathema* এবং এর সম্পর্কিত রূপ ব্যবহৃত হয়েছে কয়েকটি ভিন্ন ভিন্ন অর্থে:

- দান হিসাবে বা ঈশ্বরের উদ্দেশ্যে উৎসর্গ (লুক ২১:৫)
 - মৃত্যু শপথ হিসাবে (প্রেরিত ২৩:১৪)
 - অভিষাপ এবং শপথ (মার্ক ১৪:৭১)
 - অভিষাপের সূত্র যীশুর সঙ্গে সম্পর্কযুক্ত (১ করি ১২:৩)
 - ঈশ্বরের দ্বারা বিচার বা ধংসের জন্য কোন একজনকে বা কোন কিছুকে দেওয়া (রোমীয় ৯:৩; ১ করি ১৬:২২; গালা ১:৮-৯)
- উপরের ঘ নম্বর খুবই বিতর্কমূলক। আমি ১ করি ১২:৩ পদ থেকে আমার নোট অর্ন্তভুক্ত করেছি:

“যীশু অভিষাপ” হল একটি হতবাক করা মন্তব্য। কেন কোন একজন (ঐতিহ্যগত যিহুদী ছাড়া) দাবী করে বলবে যে ঈশ্বর এই কথা বলেছেন? টার্মটি (অর্থাৎ, *anathema*) নিজেই পুরাতন নিয়মের একটি প্রেক্ষাপট রয়েছে (অর্থাৎ, ইব্রীয়, *herem*)। এটি পবিত্র যুদ্ধের ধারণার সাথে সম্পর্কিত, যেখানে একটি নগর ঈশ্বরের প্রতি নিবেদিত, সেজন্য, এটি পবিত্র হয়েছে। এর অর্থ যে এর মধ্যে শ্বাস গ্রহণকারী যা কিছু রয়েছে, মানুষ

বা জীব জন্তু, অবশ্যই মরবে (যিহো ৬:১৭; ৭:১২)। তত্ত্ব হল যে কিভাবে এই টার্মটি করিছে ব্যবহৃত হয়েছে:

৬. এর একটি যিহুদী প্রেক্ষাপট রয়েছে যেটি সমাজগৃহের শপথের সঙ্গে সম্পর্কিত (প্রেরিত ২৬:১১, অর্থাৎ, পরবর্তীতে, অভিশাপ সূত্র ব্যবহৃত হয়েছিল খ্রীষ্টিয়ানদের সমাজগৃহ থেকে বের করে দেবার জন্য)। বাকী সদস্যদের প্রত্যেককে নাসরতিয় যীশুকে প্রত্যাখ্যান বা অভিশাপ দিতে হয়েছিল।
৭. এর একটি রোমীয় প্রেক্ষাপট রয়েছে সম্রাট পূজার সাথে সম্পর্কিত যেখানে একমাত্র কৈশরকে “প্রভু” বলে ডাকা যেতে পারে।
৮. এর একটি পৌত্তলিক আরাধনার প্রেক্ষাপট রয়েছে যেখানে দেবতাদের নাম ব্যবহার করে লোকদের উপরে অভিশাপ ডেকে আনা হয়। তারপরে এটি অনুবাদ হতে পারতো, “যীশু _____ অভিশাপ দিন” (১ করি ১৬:২২)।
৯. কেউ কেউ এই শব্দগুচ্ছের সাথে যীশুর ধর্মতাত্ত্বিক ধারণা যুক্ত করেছে যে তিনি আমাদের জন্য পুরাতন নিয়মের অভিশাপ আনবেন (দি বি ২১:২৩; গালা ৩:১৩)।
১০. করিছে তথ্যের সাম্প্রতিক অধ্যয়ন (footnote #1 p. 164 in Bruce Winter's *After Paul Left Corinth*) প্রাচীন acropolis থেকে পাওয়া অভিশাপের ফলক। বাইবেলের পন্ডিতেরা ধরে নিয়েছেন যে একটি সংযুক্তকারী verb “হয়” এই শব্দগুচ্ছের সাথে থাকা উচিত, “যীশু শাপগ্রস্ত,” কিন্তু এই প্রত্নতাত্ত্বিক প্রমাণ স্পষ্ট ভাবে দেখায় যে এই প্রথম শতকের রোমীয় সময়কালের করিছে অভিশাপ verb থাকতো না (যেভাবে কিছু কিছু LXX এর অভিশাপ দি বি ২২:১৫-২০ পদে রয়েছে), যেমন করা হয়েছে ১ করি ১২:৩ পদে। আরও প্রত্নতাত্ত্বিক প্রমাণ রয়েছে যে প্রথম শতকের রোমীয় করিছে খ্রীষ্টিয়ানেরা অভিশাপ সূত্র ব্যবহার করেছেন সমাধির অভিশাপে (অর্থাৎ, Byzantine সময়কাল, খ্রীষ্টিয়ানদের সমাধিতে প্রাপ্ত (J. H. Kent, *The Inscriptions*, 1926-50. Princeton: American School of Classical Studies, 1966, vol. 8:3, no. 644)।

করিছে মণ্ডলীর কিছু কিছু অংশ পৌত্তলিক অভিশাপকে উল্টে যীশুর নামে করেছিল মণ্ডলীর অন্য সদস্যদের বিরুদ্ধে। পদ্ধতিটাই যে কেবল সমস্যা ছিল তা নয়, কিন্তু আরও ছিল ঘৃণিত উদ্দেশ্য। এটি হল আর একটি উত্তেজনা মণ্ডলীর মধ্যে। পৌল চেয়েছেন তারা যেন মণ্ডলীকে গঁথে তোলে, মণ্ডলীকে যেন শিক্ষা দেয়; তারা চাইতো মণ্ডলীর একটি অংশকে অভিশাপ দিতে!

Copyright © 2014 [Bible Lessons International](#)

■ “যীশুই প্রভু” এটি ছিল প্রাথমিক মণ্ডলীর বিশ্বাসের স্বীকারোক্তি (রোমীয় ১০:৯-১৩ এবং প্রেরিত ২:২১ পদ উভয়ই ক্ষেত্রেই যোয়েল ২:৩৩ পদ উদ্ধৃত করা হয়েছে; এছাড়াও নোট করুন ফিলি ২:১১)। এটা ছিল যীশুর ঈশ্বরত্ব ও মশীহত্বের একটি নিশ্চয়তা।

■ “পবিত্র আত্মার দ্বারা না হলে” পবিত্র আত্মার কাজ জগদকে পাপের জন্য দোষী করা এবং লোকদের খ্রীষ্টের কাছে আনা (যোহন ১৬:৮-১৪)। কোন পতিত মানুষ ঈশ্বরের দিকে বা খ্রীষ্টের দিকে বিনা সহায়তায় ফিরতে পারে না (যোহন ৬:৪৪,৬৫)। এটিই হল সার্বভৌম ঈশ্বরের নিগূঢ় তত্ত্ব যিনি সকল মানুষকে ভালবাসেন যারা তাঁর প্রতিমূর্তিতে সৃষ্ট তথাপি তার নিয়মের বাধ্যতা হল যে তাদেরকে অবশ্যই সাড়া প্রদান (এবং সব সময় সাড়া প্রদান করতে হবে) করতে হবে মন পরিবর্তন করে, বিশ্বাসে, বাধ্যতায়, সেবায় এবং কষ্টসহিষ্ণুতায়!

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিছীয় ১২:৪-১১

^৪ দান ভিন্ন ভিন্ন রকমের, কিন্তু আত্মা এক। ^৫ এবং ভিন্ন ভিন্ন পরিচর্যা কাজ রয়েছে, কিন্তু প্রভু এক। ^৬ ভিন্ন ভিন্ন কাজ দেওয়া হয়েছে, কিন্তু একই ঈশ্বর যিনি সকল লোকের মধ্যে সকল বিষয়ে কাজ করে থাকেন। ^৭ প্রত্যেক জনকে মঙ্গলের জন্য আত্মা এক এক ভাবে প্রকাশিত হন। ^৮ কারণ একজনকে সেই আত্মার মধ্যে দিয়ে প্রজ্ঞার কথা দেওয়া হয়, এবং আর একজনকে সেই একই আত্মার মধ্য দিয়ে জ্ঞানের কথা; ^৯ আর একজনকে সেই একই আত্মা দ্বারা বিশ্বাস, এবং আর একজনকে সেই একই আত্মা দ্বারা আরোগ্য সাধনের দান, ^{১০} এবং আর এক জনকে অলৌকিক কাজ করার, এবং আর একজনকে ভাববাণী বলার, এবং আর একজনকে আত্মাদের চিনে নেবার ক্ষমতা, আর একজনকে ভিন্ন ভিন্ন ভাষায় কথা বলবার ক্ষমতা, এবং আর একজনকে ভিন্ন ভিন্ন ভাষার অর্থ বুঝিয়ে দেবার ক্ষমতা দেওয়া হয়। ^{১১} কিন্তু এই সমস্ত কাজ সেই এক এবং একই আত্মা করে থাকেন, তিনি যেভাবে ইচ্ছা করেন সেইভাবেই এই সব দান প্রত্যেককে আলাদা আলাদা করেন। (অনুবাদকৃত টেক্সট)।

১২:৪-৬

NASB, NRSV “ভিন্ন ভিন্ন রকমের”

NKJV “বহুবিধ”

TEV “বিভিন্ন রকমের”

NJB “ভিন্ন ভিন্ন”

এই টার্মের অর্থ (১) বিতরণ করা বা (২) বিভিন্ন প্রকার (১ করি ১২:৪,৫,৬)। একটি সুস্পষ্ট সাহিত্যের সমান্তরাল রয়েছে ১ করি ১২:৪,৫ এবং ৬ পদের মধ্যে, যেটি একত্রিত করে ত্রিভুজের তিন ব্যক্তির সকল কাজ (দেখুন বিশেষ বিষয় ১ করি ২:১০ পদে)।

১২:৪-৬ “আত্মা . . . প্রভু . . . ঈশ্বর” ত্রিভূতের কাজ লক্ষ্য করুন যেটি গুরুত্ব দিচ্ছে ভিন্নতার মাঝে একতাকে, সুসামঞ্জস্যতাকে নয়। মন্ডলী হল একদল দানপ্রাপ্ত লোকদের মিলন। আমাদের একজনের আর একজনকে দরকার আছে! প্রত্যেকেই গুরুত্বপূর্ণ। প্রত্যেক জনই পরিচর্যার জন্য দান প্রাপ্ত। টার্ম “ত্রিভূত” কোন বাইবেলের টার্ম নয়, কিন্তু ধারণা। দেখুন বিশেষ বিষয়: ত্রিভূত ১ করি ২:১০ পদে।

১২:৪ “দানসমূহ” ১ করি ১২:১ পদে ব্যবহৃত শব্দের চেয়ে এটি হল ভিন্ন শব্দ। এটি হল গ্রীক টার্ম *charisma*। এটি এসেছে মূল টার্ম "*chairō*" থেকে, যার অর্থ উল্লাস করা, বা আনন্দে পরিপূর্ণ (১ করি ৭:৩০; ১৩:৬; ২ করি ২:৩; ৬:১০; ৭:৭,৯,১৬ এবং *sun* এর সাথে সমন্বিত ভাবে ১ করি ১২:২৬ এবং ১৩:৬)। এটি থেকে বেশ কয়েকটি ধারণা বিকশিত হয়েছে।

১. *chara* – আনন্দ, উল্লাস করা
২. *charis* – মহানুভবতার দান (১ করি ১৬:৩; ২ করি ৮:৪,৬)
 - ক. অনুগ্রহ (১ করি ১:৪; ১৫:১০)
 - খ. ধন্যবাদ (১ করি ১৫:৫৭)
৩. *charizomai*
 - ক. মহানুভবতার সাথে দেওয়া
 - খ. ক্ষমা করা (২ করি ২:৭-১০; ১২:১৩)
 - গ. ঋণ বাতিল করা

৪. *charisma* – বিনামূল্যে দান (রোমীয় ৫:১৫,১৬; ৬:২৩; ২ করি ১:১১) বা ঈশ্বরীক ভাবে ভূষিত করণ (১ করি ১২:৪,৯,২৮,৩০,৩১) ঈশ্বর তাঁর মণ্ডলীকে বিনামূল্যে দান করেছেন। দানগুলি হল খ্রীষ্টের দেহকে গাঁথে তোলা ও বর্ধিত করার। বাস্তবতায় সেগুলি হল খ্রীষ্টের কাজ তাঁর অনুসারীদের মধ্যে পৃথক পৃথক ভাবে। বিশ্বাসীরা অবশ্যই ভালবাসায় একজন আর একজনের সাথে ঐক্যবদ্ধ ও মিলিত হবে যেন মন্ডলী জয় লাভ করতে পারে এবং হারান জগতে শিষ্য করতে পারে (মথি ২৮:১৯-২০; লূক ২৪:৪৭; প্রেরিত ১:৮)।

১২:৫ “পরিচর্যা” এটি একটি গ্রীক টার্ম *diakonos*। এর বেশ কয়েকটি ব্যবহার আছে নূতন নিয়মে।

১. *diakonos*
 - ক. একজন দাস (মথি ২০:২৮; ২২:১৩; ২৩:১১; যোহন ২:৫)
 - খ. একজন পরিচর্যাকারী/প্রচারক (১ করি ৩:৫; ২ করি ৩:৬; ৬:৪; ১১:১৫ [দু'বার], ২৩)
২. *diakoneō*
 - ক. সেবা করা (১ পিতর ৪:১১)
 - খ. পরিচারক (রোমীয় ১৬:১; ১ তীম ৩:৮,১০,১৩; এছাড়াও নোট করুন ফিলি ১:১)
 - গ. পরিচর্যাকারী (প্রেরিত ৬:২; ২ করি ৩:৩; ৮:৯,২০)
৩. *diakonia*
 - ক. সাহায্য করা (প্রেরিত ৬:১; ২ করি ৮:৪; ৯:১,১২,১৩)
 - খ. সুসমাচারের জন্য পরিচর্যা (১ করি ১২:৫; ১৬:১৫; ২ করি ৪:১; ৫:৮; ৬:৩; ১১:৮)
 - গ. ঈশ্বরের কাছ থেকে প্রত্যাদেশ (২ করি ৩:৭,৮,৯)

মূণ ধারণা প্রয়োজনে অন্যদের সেবা ও সাহায্য করা (অর্থাৎ, আত্মিক ভাবে বা জাগতিক ভাবে)। ঈশ্বর তাঁর মন্ডলীকে সেবার জন্য সুসজ্জিত করেন—নিজেদের সেবা এবং হারানদের সেবা এবং আকাংখিত জগতের।

১২:৬

NASB “কাজ . . . কাজ”

NKJV “কার্যক্রম . . . কাজ”

NRSV “কার্যক্রম . . . কার্যক্রম”

TEV “সক্ষমতাসমূহ . . . ক্ষমতা”

NJB “কার্যক্রম . . . কাজ”

টার্ম *energēs* নিয়ে একটি খেলা যেটি থেকে আমরা ইংরাজি টার্ম তেজ পেয়েছি। এর মূল অর্থ হল কার্যকর ভাবে কোন একটি কাজ সম্পূর্ণ করা। এই বাক্যে noun এবং একই রকমের participle (present active) আছে। পৌল তার করিছীয় পত্রে প্রায়ই এই টার্ম ব্যবহার করেছেন।

১. *energēs, energiea, energeō, energēma*, ১ করি ৪:১২; ৯:৬; ১২:৬,১০,১১; ১৬:৯,১০; ২ করি ১:৬; ৪:১২
২. *ergon and sunergeō*, ১ করি ৩:১৩,১৪,১৫; ৯:১; ১৫:৫৮; ১৬:১০; ২ করি ৬:১; ৯:৮; ১১:১৫

ঈশ্বরের কাজ হল কার্যকরী কাজ। এটি এর উদ্দেশ্য সম্পাদন করে। বিশ্বাসীদের আহবান করা হয়েছে কার্যকর সেবার জন্য, কিন্তু ঈশ্বরের মত তেজময়তায় ও কার্যকারীতায়।

১২:৭

NASB “কিন্তু প্রত্যেক জনকে মঙ্গলের জন্য আত্মা এক এক ভাবে প্রকাশিত হন”

NKJV “কিন্তু প্রত্যেক জনকে সকলের মঙ্গলের জন্য আত্মা এক এক ভাবে প্রকাশিত হন”

NRSV “প্রত্যেক জনকে মঙ্গলের জন্য আত্মা এক এক ভাবে প্রকাশিত হন”
TEV “প্রত্যেক জনকে সকলের মঙ্গলের জন্য আত্মার উপস্থিতি এমন ভাবে প্রদর্শিত হয়”
NJB “প্রত্যেক জনকে সাধারণের মঙ্গলের জন্য আত্মা সুনির্দিষ্ট ভাবে অনুমোদন করেন”

এই সত্য খুব গুরুত্বপূর্ণ মণ্ডলীর জীবন ও পরিচর্যার জন্য।

১. প্রত্যেক বিশ্বাসীকে পরিচর্যার জন্য পরিত্রাণে আত্মা বিনামূল্যে অনুগ্রহে দান দিয়ে থাকেন।

ক. প্রত্যেক বিশ্বাসী গুরুত্বপূর্ণ।

খ. প্রত্যেক বিশ্বাসী দান প্রাপ্ত।

গ. প্রত্যেক বিশ্বাসী পরিচর্যাকারী।

২. ঈশ্বরের দানের উদ্দেশ্য ব্যক্তিকে উচ্ছে তুলে ধরা নয়, বরং সম্পূর্ণ দেহের স্বাস্থ্য ও বৃদ্ধির জন্য। আমাদের একজনের আর একজনকে দারকার আছে!

এই সত্য ভীষন ভাবে দরকার করিছের বিভক্ত, উগ্র, আত্ম বিশ্বাসী বিশ্বাসীদের (এবং প্রতিটি যুগেই)। “সকলের মঙ্গলের” বা “উপকার” (*sumpheron*, ১ করি ৬:১২; ৭:৩৫; ১০:৩৩; ২ করি ৮:১০) দেহের জন্য কিন্তু ব্যক্তির জন্য নয়। বিশ্বাসীদের অবশ্যই ব্যক্তিগত ভাবে দায়িত্ব নিতে হবে শান্তির বন্ধনের জন্য আত্মার একতাকে রক্ষা করার (ইফি ৪:২-৩)। এটি পশ্চিমা ব্যক্তিস্বাতন্ত্র্যবাদ থেকে একেবারেই আলাদা।

বিশেষ বিষয়: খ্রীষ্ট ধর্ম দলগত

(SPECIAL TOPIC: CHRISTIANITY IS CORPORATE)

ক. পৌল এবং পিতরের ঈশ্বরের লোকদের জন্য plural রূপকের ব্যবহার করেছেন

১. দেহ (১ করি ১২:১২-২০)

২. ক্ষেত্র (১ করি ৩:৯)

৩. দালান (১ পিতর ২:৪-৫)

খ. টার্ম “পবিত্র” সবসময় plural (ফিলি ৪:২১ ছাড়া, কিন্তু এমনকি সেখানে এটি আরও পারস্পরিক সমন্বিত)

গ. মার্টিন লুথারের সংস্কার আন্দোলন গুরুত্ব দিয়েছে “বিশ্বাসীদের যাজকত্ব” এর উপর (অর্থাৎ, প্রাণের সক্ষমতা) এটি হল একটি বাইবেল ভিত্তিক অনুমান। বাস্তবে বাইবেল বলেছে “বিশ্বাসীদের যাজকত্ব” (যাত্রা ১৯:৬; ১ পিতর ২:৫,৯; প্রকা ১:৬)।

ঘ. প্রত্যেক বিশ্বাসী সাধারণ মঙ্গলের জন্য দান প্রাপ্ত (১ করি ১২:৭)

ঙ. কেবলমাত্র সহযোগিতার মাধ্যমে ঈশ্বরের লোকেরা কার্যকরী হবে। পরিচর্যা হল পারস্পরিক সম্পর্কিত (ইফি ৪:১১-১২)।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

১২:৮

NASB, NKJV “প্রজ্ঞার কথা. . .জ্ঞানের কথা”

NRSV “প্রজ্ঞায় কথা বলার . . .জ্ঞানের কথা বলার”

TEV “প্রজ্ঞায় পূর্ণ বার্তা. . .জ্ঞানে পূর্ণ বার্তা”

NJB “প্রজ্ঞা প্রকাশে কথা বলার দান. . .জ্ঞান প্রকাশে কথা বলার দান”

এগুলি হল দুটি ভিন্ন ভিন্ন গ্রীক টার্ম, “প্রজ্ঞা” (অর্থাৎ, *sophia*) এবং “জ্ঞান” (অর্থাৎ, *gnōsis*)। এগুলি প্রতিফলিত করে ইব্রীয় পার্থক্য “প্রজ্ঞা” ও “জ্ঞান” এর মধ্যে। প্রথমটি হল ব্যবহারিক এবং দ্বিতীয়টি আতিমাত্রায় তত্ত্বগত। প্রথমটি খ্রীষ্টিয় জীবন যাপনের সাথে সম্পর্কিত এবং দ্বিতীয়টি হল খ্রীষ্টিয় শিক্ষার সঠিক ব্যাখ্যা।

১২:৯ “বিশ্বাস” এটি রক্ষাকারী বিশ্বাসের কথা উল্লেখ করছে না মার্ক ১:১৫; যোহন ১:১২ পদের মত, কারণ দানগুলি কেবলমাত্র বিশ্বাসীদের দেওয়া হয়, কিন্তু এটি অলৌকিক কার্য সাধনকারী বিশ্বাস, যেটি ১ করি ১৩:২ পদে স্পষ্ট করা হয়েছে (মথি ১৭:২০; ২১:২১)।

■ “আরোগ্যদান” এই টার্ম (*iaomai*) হল plural (২ করি ১২:৭-৯, ২৮, ৩০), যেটি আক্ষরিক ভাবে “আরোগ্যের দান।” এই প্রসঙ্গে আরোগ্য হল আত্মার একটি দান এবং যাকোব ৫:১৪ পদে “প্রাচীন” দের একটি পরিচর্যা। দৈহিক আরোগ্য ছিল/হয় ঈশ্বরের ভালবাসা ও তত্ত্বাবধানের একটি প্রমাণ এবং আত্মিক আরোগ্যদানের একটি চিহ্ন (অর্থাৎ, পাপের ক্ষমা, পরিত্রাণ)। কারণ যিহূদীদের কাছে পাপ ও অসুস্থতা, ধার্মিকতা ও স্বাস্থ্যের মধ্যে একটি সংযোগ ছিল (দ্বি বি ২৭-২৮)। যাহোক, ইয়োব এবং গীত ৭৩ ব্যাখ্যা করেছে এই বিষয়টি যেমন যোহন ৯ অধ্যায় করেছে। রহস্য হল কেন কিছু লোক সুস্থ হয় আর

কিছু লোক হয় না। একজনের বিশ্বাস মূল উপাদান হতে পারে না, কিন্তু ঈশ্বরের ইচ্ছা। এটা কখনোই না যে কতটা বিশ্বাসের অনুশীলন আমরা করি, কিন্তু আমাদের বিশ্বাসের বিষয়বস্তু (সরিষা দানার মত বিশ্বাস পর্বত সরাতে পারে, মথি ৭:২৯)।

আরোগ্যদান, সুস্থকারী, এবং তত্ত্বাবধানকারী মণ্ডলির জন্য ধন্যবাদ!

১২:১০ “অলৌকিক কাজ করার” এটি মনে হয় ১ করি ১২:৯ পদের সাথে সমান্তরাল (অর্থাৎ, অলৌকিক কাজের বিশ্বাস)। যেহেতু একটি একটি তালিকা, সেগুলি একই রকমের হতে পারে না। সুস্পষ্ট পার্থক্য অনিশ্চিত।

■ “ভাববাণী বলা” এই টার্মটি বুঝতে অসুস্ত পক্ষে দুটি উপায় আছে: (১) করিন্থীয় পত্রে এটি উল্লেখ করেছে সুসমাচার অন্যকে বলা বা ঘোষণা করা (১ করি ১৪:১), (২) প্রেরিত পুস্তক ভাববাদীদের কথা উল্লেখ করেছে (১ করি ১১:২৭-২৮; ১৩:১; ১৫:৩২; ২১:১০, এমনকি ভাববাদিনী, ২১:৯)।

এই টার্মের সমস্যা হল যে, কিভাবে নূতন নিয়মের ভাববাণী বলার দান পুরাতন নিয়মের ভাববাদীদের সাথে সম্পর্কিত? পুরাতন নিয়মের ভাববাদীরা হলেন শাস্ত্রের লেখক। নূতন নিয়মে এই কাজ সমর্পণ করা হয়েছে মূল বারো জন প্রেরিত এবং তাদের সাহায্যকারীদের উপরে। যেমন টার্ম “প্রেরিত” রাখা হয়েছে এক চলমান দান হিসাবে (ইফি ৪:১১), কিন্তু কাজটি পরিবর্তিত হয়েছে বারো জনের মৃত্যুর পরে, সেরকমই, ভাববাদীদের কাজ, অনুপ্রেরণা বন্ধ হয়েছে, আর কোন অনুপ্রাণিত শাস্ত্র নেই (যিহূদা ১:২০)। নূতন নিয়মের ভাববাদীদের প্রাথমিক কাজ ছিল সুসমাচার ঘোষণা করা, কিন্তু এছাড়াও ভিন্ন ভিন্ন কাজ ছিল, সম্ভবত কিভাবে নূতন নিয়মের সত্য বর্তমান প্রয়োজন ও অবস্থায় প্রয়োগ করতে হবে। দেখুন [বিশেষ বিষয়:নূতন নিয়মের ভাববাণী, পৃ.২৩৫, \(SPECIAL TOPIC: NEW TESTAMENT PROPHECY, See page 235\)](#) ১ করি ১৪:১ পদে।

বিশেষ বিষয়: পুরাতন নিয়মের ভাববাণী

(SPECIAL TOPIC: OT PROPHECY)

I. ভূমিকা

ক. প্রারম্ভিক বিবৃতি

১. বিশ্বাসী সমাজ একমত হয় না যে কিভাবে ভাববাণী ব্যাখ্যা করা হবে। অন্য সত্যগুলো প্রতিষ্ঠিত করা হয়েছে শতাব্দীকাল ব্যাপি একটি নিয়মমাফিক অবস্থান হিসেবে, কিন্তু এটি নয়।
২. কয়েকটি ভাল ভাবে ব্যাখ্যাকৃত পুরাতন নিয়মের ভাববাণীর ধাপ রয়েছে

ক. রাজতন্ত্রের পূর্বগত

- (১) ব্যক্তিদেরকে ভাববাদী বলা হয়েছে

- ক) আব্রাহাম – আদি ২০:৭
- খ) মোশী – গণনা ১২:৬-৮; দ্বি বি ১৮:১৫; ৩৪:১০
- গ) হারণ – যাত্রা ৭:১ (মোশীর জন্য বক্তা)
- ঘ) মরিয়ম – যাত্রা ১৫:২০
- ঙ) মেদদ এবং ইলদুদ – গণনা ১১:২৪-৩০
- চ) দেবোরা-বিচার ৪:৪
- ছ) অজ্জাত –বিচার ৬:৭-১০
- জ) শমুয়েল – ১ শমু ৩:২০

- (২) ভাববাদীদের উল্লেখ করে একটি দল হিসেবে – দ্বি বি ১৩:১-৫; ১৮:২০-২২

- (৩) ভাববাণীমূলক দল বা সংঘ – ১ শমু ১০:৫-১৩; ১৯:২০; ১ রাজা ২০:৩৫,৪১; ২২:৬,১০-১৩; ২ রাজা ২:৩, ৭; ৪:১,৩৮; ৫:২২; ৬:১ ইত্যাদি

- (৪) মশীহকে ভাববাদী বলা হয়েছে – দ্বি বি ১৮:১৫-১৮

খ. অ-লিখিত রাজতন্ত্রগত (তারা রাজাকে উদ্দেশ্য করেছে):

- (১) গাদ্দ – ১ শমু ২২:৫; ২ শমু ২৪:১১; ১ বংশ ২৯:২৯
- (২) নাথন – ২ শমু ৭:২; ১২:২৫; ১ রাজা ১:২২
- (৩) অহিয় – ১ রাজা ১১:২৯
- (৪) য়েহু – ১ রাজা ১৬:১, ৭, ১২
- (৫) অজ্জাত – ১ রাজা ১৮:৪, ১৩; ২০:১৩, ২২
- (৬) এলিয় – ১ রাজা ১৮- ২ রাজা ২
- (৭) মীখায় – ১ রাজা ২২
- (৮) ইলীশায় – ২ রাজা ২:৯, ১২-১৩

গ. classical লেখনীর ভাববাদীরা (তারা জাতিকে সেই সাথে রাজাকে উদ্দেশ্য করেছে): যিশাইয় – মালাখী (দানিয়েল বাদে)

খ. বাইবেলের টার্ম

১. *Ro'eh* = “দর্শনধারী” (BDB 906, KB 1157), ১ শমু ৯:৯ পদ। এটি নিজেকে উল্লেখ করে *nabi* টার্মটির রূপান্তর। *Ro'eh*

হল সাধারণ টার্ম “দেখা” থেকে এসেছে। এই ব্যক্তি ঈশ্বরের উপায় ও তাঁর পরিকল্পনা বোঝেন এবং আলোচনা করে স্থির করেন ঈশ্বরের ইচ্ছা বাস্তবায়নের বিষয়ে।

২. *Hozeah* = “দর্শনধারী” (BDB 302, KB 3011), ২ শমু ২৪:১১ পদ। এটা হল মূলত *Ro'eh* এর একটি সমার্থক। এটি এসেছে একটি বিরল টার্ম “দেখা” থেকে। *participled form* ব্যবহার করা হয়েছে প্রায়ই ভাববাদীদের উল্লেখ করতে (অর্থাৎ, “দেখা”)।
৩. *Nabi'* = “ভাববাদী” (BDB 611, KB 661), Akkadian verb *Nabu* = “আহ্বান করা” এবং Arabic *Naba'a* = “স্বাধীন করা” এর মত একই রকমের। এটি হল পুরাতন নিয়মে একজন ভাববাদীকে সম্মোধন করতে সবচেয়ে প্রচলিত টার্ম। এটি ৩০০ বারেরও বেশিবার ব্যবহৃত হয়েছে। সঠিক শব্দতত্ত্ব অনিশ্চিত কিন্তু “আহ্বান করা” বর্তমানে মনে হয় সবচেয়ে ভাল বিকল্প। সম্ভবত সবচেয়ে ভাল উপলব্ধি এসেছে হারনের মধ্য দিয়ে মোশির YHWH এর বর্ণনায় মোশীর সাথে ফরৌণের সম্পর্কে (যাত্রা ৪:১০-১৬; ৭:১; দ্বি বি ৫:৫)। একজন ভাববাদী হল কোন একজন যিনি ঈশ্বরের জন্য তার লোকদের কাছে কথা বলেন (আমোষ ৩:৮; যির ১:৭, ১৭; যিহি ৩:৪)।
৪. তিনটি টার্মের সবগুলি ব্যবহার করা হয়েছে ভাববাদীদের কাজ বোঝাতে ১ বংশা ২৯:২৯ পদে; শমুয়েল – *Ro'eh*; নাথন – *Nabi'* এবং গাদ – *Hozeah*।
৫. শব্দগুচ্ছ '*ish ha - 'elohim*, “ঈশ্বরের লোক,” এর আছে একটি বৃহৎ উপাধি ঈশ্বরের জন্য একজন বক্তার। এটি ব্যবহার করা হয়েছে ৭৬ বারের মত পুরাতন নিয়মে “ভাববাদী” অর্থে।
৬. “ভাববাদী” টার্মটির হল গ্রীক উৎস। এটি এসেছে (১) *pro* = “পূর্বে” বা “জন্য” এবং (২) *phemi* = “বলা।”

II. ভাববাণীর সংজ্ঞা

- ক. “ভাববাণী” টার্মটির আছে একটি বিশদ semantic ক্ষেত্র ইংরেজী চেয়ে ইব্রীয়তে। ইতিহাস পুস্তকগুলো যিহোশূয় থেকে রাজাবলী পর্যন্ত (রুত বাদে) যিহুদীদের দ্বারা নামকরণ করে হয়েছে “আগের ভাববাদীরা।” অব্রাহাম (আদি ২০:৭; গীতা ১০৫:১৫) এবং মোশী (দ্বি বি ১৮:১৮) উভয়ই উপাধি প্রাপ্ত ভাববাদী হিসাবে (এছাড়া মরিয়ম, যাত্রা ১৫:২০)। সুতরাং, সাবধান হন অনুমান নির্ভর ইংরেজী সংজ্ঞায়।
- খ. “ভাববাদী তত্ত্ব বৈধগত ভাবে ব্যাখ্যা হতে পারে যেমন ইতিহাস বোঝা যেটি কেবলমাত্র স্বর্গীয় চিন্তা, স্বর্গীয় উদ্দেশ্য, স্বর্গীয় অংশগ্রহণের টার্মগুলির অর্থ গ্রহণ করে।” *Interpreter's Dictionary of the Bible*, vol. 3, p. 896।
- গ. “ভাববাদী না একজন দার্শনিক না একজন পদ্ধতিগত ধর্মতত্ত্ববিদ, কিন্তু একজন ব্যবস্থার মধ্যস্থতাকারী যিনি ঈশ্বরের বাক্য পৌঁছে দেন তাঁর লোকদের কাছে তাদের বর্তমান রূপান্তরের মাধ্যমে তাদের ভবিষ্যৎ ঠিক করা,” *Prophets and Prophecy*, Encyclopedia Judaica vol. 13 p. 1152।

III. ভাববাণীর উদ্দেশ্য

- ক. ভাববাণী হল ঈশ্বরের জন্য তার লোকদের সাথে কথা বলার একটি উপায়, তাদের বর্তমান পরিস্থিতিতে সহায়তা প্রদান করা এবং আশা করা তাদের জীবন এবং জগতের ঘটনায় তাঁর নিয়ন্ত্রণ। তাদের বার্তা ছিল মূলত যৌথ। এর মানে ছিল তিরস্কার করা, উৎসাহ দেওয়া, বিশ্বাস এবং অনুতাপের মনোভাব সৃষ্টি করা, এবং ঈশ্বরের লোকদের তাঁকে ও তাঁর পরিকল্পনায় বিষয়ে জানানো। তারা ঈশ্বরের লোকদের ঈশ্বরের ব্যবস্থায় আনুগত্য ধরে রাখতো। এতে সাথে অব্যাহত যুক্ত করতে হবে যে প্রায়ই এটি ব্যবহার করা হয়েছে স্পষ্টভাবে ঈশ্বরের একজন মুখপাত্র বেছে নেবার প্রকাশকে (দ্বি বি ১৩:১-৩; ১৮:২০-২২)। এই, চূড়ান্তভাবে নেওয়া, উল্লেখ করতে পার মশীহের দিকে।
- খ. প্রায়ই, ভাববাদী তার সময়ে একটি ঐতিহাসিক বা ধর্মতত্ত্বগত সমস্যা গ্রহণ করতো এবং এটি উপস্থাপন করতো একটি eschatological প্রেক্ষাপটে। এই শেষ সময়ের ইতিহাসের দৃষ্টি হল অদ্বিতীয় ইস্রায়েল এবং এর স্বর্গীয় নিবার্চন এবং ব্যবস্থার প্রতিজ্ঞাগুলোর প্রতি অনুভব।
- গ. ভাববাদীদের কার্যালয় মনে হয় সমতা (যির ১৮:১৮) এবং ধারণ করে মহা যাজকের কার্যালয় ঈশ্বরের ইচ্ছা জানার একটি উপায় হিসাবে। Urim এবং Thummim ঈশ্বরের মুখপাত্র থেকে মৌখিক বার্তায় অতিক্রম করে। ভাববাদীদের কাজ মনে হয় মালাখীর পরে ইস্রায়েল থেকে চলে গেছে। এটা আর ৪০০ বছর পর পর্যন্ত পুনরায় আবির্ভূত হয় না যোহন বাপ্তাইজকের সাথে। এটি অনিশ্চিত কিভাবে নতুন নিয়মের “ভাববাণী” এর দান পুরাতন নিয়মের সাথে সম্পর্কিত। নতুন নিয়মের ভাববাদীরা (খেরিত ১১:২৭-২৮; ১৩:১; ১৫:৩২; ১ করি ১২:১০, ২৮-২৯; ১৪:২৯, ৩২, ৩৭; ইফি ৪:১১) নতুন প্রকাশ বা শাস্ত্রের প্রকাশক নন, কিন্তু নিয়মের পরিস্থিতিতে ঈশ্বরের ইচ্ছা কি সে বিষয়ে আগামী বিষয়ের বক্তা এবং ভবিষ্যৎ বক্তা।
- ঘ. ভাববাণী বিশেষভাবে বা প্রাথমিকভাবে অনুমিত প্রকৃতির নয়। অনুমান করা হল একটি উপায়ে দাবী করা তার কাজ এবং তার বার্তা, কিন্তু এটা অবশ্যই উল্লেখ্য করতে হবে “পুরাতন নিয়মের ভাববাণীর ২% বম হল মশীহ-সংক্রান্ত। ৫% এর কম বিশেষভাবে বর্ণনা করে নতুন ব্যবস্থার যুগ। ১% এর কম চিন্তা করে আগত ঘটনাগুলোর।” (Fee and Stuart, *How to Read the Bible For All Its Worth*, p. 166)।
- ঙ. ভাববাদীরা লোকদের কাছে ঈশ্বরের প্রতিনিধিত্ব করে, যদিও যাজকেরাও প্রতিনিধিত্ব করতো ঈশ্বরের লোকদের। এটি হল একটি সাধারণ বিবৃতি। সেখানে ব্যতিক্রম আছে যেমন হবককুক, যিনি ঈশ্বরের কাছে প্রশ্ন উল্লেখ করতেন।
- চ. ভাববাদীদের বোঝা কঠিন তার কারণ হল যে আমরা জানি না কিভাবে তাদের পুস্তকগুলো সাজানো হয়েছে। তারা ক্রমানুসারে নয়। তারা মনে হয় ভাবানুসারে কিন্তু সব সময় সেভাবে নয় যেভাবে একজন আশা করে। প্রায় সেখানে কোন স্পষ্ট ঐতিহাসিক পটভূমি, সময়কাল, বা স্পষ্ট বিভাজন মৌখিক বার্তার মধ্যে নেই। এই পুস্তকগুলো কঠিন
 ১. একটি পটভূমির মধ্যে দিয়ে অধ্যয়ন করা
 ২. বিষয়বস্তুর দ্বারা রূপরেখা করা

৩. কেন্দ্রীয় সত্য বা লেখকের ইচ্ছা প্রতিটি মৌখিক বার্তায় নিশ্চিত করা

IV. ভাববাণীর বৈশিষ্ট্যসমূহ

- ক. পুরাতন নিয়মে সেখানে মনে হয় “ভাববাদী” এবং “ভাববাণী” ধারণাটির একটি উন্নয়ন হয়েছে। প্রাচীন ইস্রায়েলে সেখানে ভাববাদীদের একটি সহভাগিতার উন্নয়ন ঘটে, এলিয় বা ইলীশায় এর মত শক্তিশালী সহজাত দক্ষতা সম্পন্ন নেতাদের দ্বারা পরিচালিত হয়ে। মাঝে মাঝে শব্দগুচ্ছ, “ভাববাদীদের সন্তানেরা”, ব্যবহার করা হয়েছে এই দলকে নামকরণ করতে (২ রাজাবলী ২)। ভাববাদীদের বৈশিষ্ট্য করা হয়েছে ecstasy এর রূপ দ্বারা (১ শমূ ১০:১০-১৩; ১৯:১৮-২৪)।
- খ. যদিও, এই সময়কালটি তাড়াতাড়ি পার হয়ে যায় স্বতন্ত্র ভাববাদীদের। সেখানে সেই ভাববাদীরা ছিলেন যারা (সত্য ও মিথ্যা উভয়ই) রাজাদের সাথে চিহ্নিত হতেন, এবং রাজপ্রসাদে থাকতেন (গাদ, নাথন)। এছাড়া, সেখানে তারাও ছিলেন যারা স্বাধীন, মাঝে মাঝে সম্পূর্ণরূপে বিচ্ছিন্ন ছিলেন ইস্রায়েল সমাজের স্থিতাবস্থার সাথে (আমোষ)। তারা অর্ন্তভুক্ত ছিলেন পুরুষ এবং নারী উভয়ই (২ রাজা ২২:১৪)।
- গ. ভাববাদী ছিলেন প্রায়ই একজন ভবিষ্যৎ প্রকাশকারী, মানুষের তাৎক্ষণিক সাড়াদানের উপর শর্তদানকারী। প্রায়ই ভাববাদীর কাজ ছিল ঈশ্বরের তাঁর সৃষ্টির জন্য সার্বজনীন পরিকল্পনা যেটি মানুষের সাড়াদানের দ্বারা প্রভাবিত নয় তা প্রকাশ করা। এই সার্বজনীন eschatological পরিকল্পনাটি হল প্রাচীন প্রাচ্যের ভাববাদীদের মধ্যে অদ্বিতীয়। ভবিষ্যৎ বাণী এবং ব্যবস্থার বিশ্বস্ততা হল ভাববাদীমূলক বার্তাগুলো যমজ কেন্দ্র বিন্দু (Fee and Stuart, p. 150)। এটি বোঝায় যে ভাববাদীরা প্রাথমিকভাবে তাদের লক্ষ্যে একত্রিত। তারা সাধারণত, কিন্তু বিশেষভাবে নয়, জাতিকে উদ্দেশ্য করতো।
- ঘ. বেশির ভাগ ভাববাদী মূলক বিষয়বস্তু ছিল মৌখিকভাবে উপস্থাপিত। এটা পরবর্তীতে যুক্ত হয়েছে বিষয়, ক্রমানুক্রম, বা নিকট প্রাচ্যের অন্যান্য সাহিত্যের নমুনা যেটি আমাদের কাছে হারিয়ে গেছে। কারণ এটা ছিল মৌখিক এটা লিখিত বিষয়ের মত কাঠামোগত নয়। এতে বইটি সরাসরি পড়তে কষ্টকর হয়ে ওঠে এবং একটি সুনির্দিষ্ট ঐতিহাসিক পটভূমি ছাড়া বুঝতে কষ্ট হয়।
- ঙ. ভাববাদীরা কয়েকটি নমুনা ব্যবহার করেছেন তাদের বার্তা প্রচার করতে।
১. বিচারালয়ের দৃশ্য – ঈশ্বর তাঁর লোকদের বিচারালয় নিয়ে যেতেন, প্রায়ই এটি হল একটি বিবাহ বিচ্ছেদ ঘটনা যেখানে YHWH তার স্ত্রী (ইস্রায়েল) কে পরিত্যাগ করেছেন তার অশ্রুস্ততার জন্য (হোশেয় ৪; মীখা ৬)।
 ২. অন্ত্যেষ্টিক্রমের শোক গাঁথা – বিশেষ চিহ্ন ছিল এই ধরণের বার্তার এবং এর বৈশিষ্ট্য “দুঃখ” যা এটিকে অলাদা করে একটি বিশেষ রূপে (যিশাইয় ৫; হবককুক ২)।
 ৩. ব্যবস্থার আর্শীবাদ ঘোষণা করা – ব্যবস্থায় শর্তযুক্ত প্রকৃতিতে জোর দেওয়া হয় এবং ফলাফলে, উভয় ইতিবাচকভাবে এবং নেতিবাচকভাবে, বলা হয় ভবিষ্যতের জন্য (দ্বি বি ২৭-২৮)।

V. ভাববাণী ব্যাখ্যা করা জন্য সাহায্যমূলক নির্দেশিকা

- ক. মূল ভাববাদী (সম্পাদক) ইচ্ছাটি খুঁজে বের করা ঐতিহাসিক পটভূমি এবং প্রতিটি মৌখিক বার্তার সাহিত্য প্রসঙ্গ তথ্যবন্ধের দ্বারা। সাধারণত এটি অর্ন্তভুক্ত হবে ইস্রায়েলে কোন না কোন ভাবে মৌশীর ব্যবস্থা ভঙ্গে।
- খ. সম্পূর্ণ ভাববাণীটি পড়ুন এবং ব্যাখ্যা করুন, কেবল একটি অংশ নয়; সন্তুষ্টি অনুযায়ী রূপরেখা করুন। দেখুন কিভাবে এটি আশে পাশের ভাববাণীর সাথে সম্পর্কিত। সম্পূর্ণ বইটির রূপরেখা করার চেষ্টা করুন।
- গ. অনুমান করুন প্যাসেজটির একটি আক্ষরিক ব্যাখ্যা যতক্ষণ পর্যন্ত না লেখার মধ্যে কিছু নিজেই নির্দেশ করে আপনাকে রূপক ব্যবহারে; তারপর রূপক ভাষাটি গদ্যে রূপ দিল।
- ঘ. বিশ্লেষণ করুন প্রতীকী কাজ ঐতিহাসিক পটভূমি ও সমান্তরাল প্যাসেজের আলোকে। অবশ্যই মনে রাখবেন এটি হল প্রাচীন নিকট প্রাচ্যের সাহিত্য, পশ্চাত্যের বা আধুনিক সাহিত্য নয়।
- ঙ. ভবিষ্যতবাণী সাবধানের সাথে ব্যবহার করবেন।
১. সেগুলো কি বিশেষভাবে লেখকের সময় কালের জন্য?
 ২. সেগুলো কি পারতপক্ষে ইস্রায়েলের ইতিহাসকে পরিপূর্ণ করেছে?
 ৩. সেগুলো কি আদৌও ভবিষ্যৎ ঘটনাবলী?
 ৪. সেগুলোর কি একটি সমকালীন পরিপূর্ণতা তথাপি একটি ভবিষ্যত পরিপূর্ণতা আছে?
 ৫. বাইবেলের লেখকদের সুযোগ দেওয়া, আধুনিক লেখকদের নয়, আপনার উত্তরের সহায়তা করতে।
- চ. বিশেষ চিন্তা
১. ভবিষ্যতবাণী কি উৎকর্ষ লাভ করেছে শর্তযুক্ত সাড়াদানের দ্বারা?
 ২. এটি কি নিশ্চিত যে কাদের ভাববাণীটি উল্লেখ করছে (এবং কেন)?
 ৩. সেখানে সম্ভাব্যতা আছে, বাইবেল ভিত্তিক এবং/বা ঐতিহাসিক উভয় ভাবেই, বছর পরিপূর্ণতার জন্য?
 ৪. নতুন নিয়মের লেখকেরা, অনুপ্রেরণার অধীনে, পুরতান নিয়মের অনেক স্থানে মশীহকে দেখতে পেয়েছিলেন যা আমাদের কাছে স্পষ্ট নয়। তারা মনে হয় ব্যবহার করেছেন typology বা শব্দ কৌশল। যেহেতু আমরা অনুপ্রাণিত নই আমাদের ভাল হবে এই বিষয় তাদের হাতে ছেড়ে দেওয়া।

VI. সাহায্যকারী বইগুলো

- ক. *A Guide to Biblical Prophecy* by Carl E. Amending and W. Ward Basque

- খ. *How to Read the Bible for All Its Worth* by Gordon Fee and Douglas Stuart
 গ. *My Servants the Prophets* by Edward J. Young
 ঘ. *Plowshares and Pruning Hooks: Rethinking the Language of Biblical Prophecy and Apocalyptic* by D. Brent Sandy
 ঙ. *New International Dictionary of Old Testament Theology and Exegesis*, vol. 4, pp. 1067-1078
 চ. *The Language and Imagery of the Bible* by G. B. Caird

Copyright © 2014 [Bible Lessons International](http://www.biblelessonsinternational.com)

NASB “আত্মাদের চিনে নেবার ক্ষমতা”

NKJV “আত্মাদের চিনে নেবার উপলব্ধি”

NRSV “আত্মাদের চিনে নেবার বিচক্ষণতা”

TEV “আত্মার কাছ থেকে আসা দানের মধ্যকার পার্থক্য বলার ক্ষমতা এবং আর কাদের এটা নেই”

NJB “আত্মাদের পার্থক্য করার ক্ষমতা”

মানুষের মেধার তিনটি উৎস রয়েছে: (১) প্রকৃতি দ্বারা (অর্থাৎ, স্বাভাবিক মেধা); (২) আত্মার দ্বারা; এবং (৩) শয়তানের দ্বারা। এই দান হল এই উৎসগুলির মধ্যে পার্থক্য নির্ণয় করার ক্ষমতা (১ তীম ৪:১; ১ যোহন ৪:১-৩)।

■ “ভিন্ন ভিন্ন ভাষায় কথা বলবার” এটি হল “পরভাষা” এর জন্য গ্রীক টার্ম (অর্থাৎ, *glōssa*)। এটি ব্যবহৃত হয়েছে পুরাতন নিয়মে “জাতিগণ”-এর সংক্ষিপ্ত সার হিসাবে। গ্রীকে এটি ছিল জাতিগণের ভাষা বলার জন্য। এটি ইঙ্গিত দিতে পারে যে এর অন্তর্নিহিত তাৎপর্য ছিল মানুষের ভাষা জানা। যাহোক, একজন ব্যাখ্যাকারকের দরকার, যেটিও একটি আত্মিক দান, অনুবাদকের পরিবর্তে, সাথে পৌলের সম্পূর্ণ আলোচনা ১৪ অধ্যায়ে, একজনকে চিন্তা করতে বাধ্য করবে এটি ছিল করিছে আনন্দের ঘোষণা।

প্রকৃত পক্ষে কিভাবে করিছের “পরভাষা” প্রেরিত পুস্তকের পঞ্চাশতমীর দিনের পরভাষার সাথে সম্পর্কিত ছিল তা অনিশ্চিত। প্রেরিত ২ অধ্যায়ের অলৌকিক কাজ ছিল কানের (১ করি ২:৬,৮,১১), পরভাষার নয়। প্রেরিত পুস্তকের পরভাষার অভিজ্ঞতা সুসমাচার ঘোষণা করেছিল সরাসরি ছড়িয়ে ছিটিয়ে বাস করা যিহুদীদের কাছে যারা সেখানে উপস্থিত ছিল। এটি আরও কাজ করেছিল উপস্থিতি, ক্ষমতা, এবং ঈশ্বরের ইচ্ছা অন্য দলসমূহের অর্ন্তভুক্তির জন্য স্বীকৃতির একটি উপায় হিসাবে, যেমন শমরিয় (প্রেরিত ৮) এবং কর্ণেলিয়, রোমীয় সামরিক কর্মকর্তা (প্রেরিত ১০)। প্রেরিত পুস্তকের পরভাষা বিশ্বাসী যিহুদীদের কাছে একটি চিহ্নরূপ ছিল যে ঈশ্বর পরজাতিদের অর্ন্তভুক্তির জন্য দরজা উন্মুক্ত করেছেন (১ করি ১৫:৮)। লক্ষ্য করুন প্রেরিত পুস্তকে কোন ব্যাখ্যাকারকের প্রয়োজন হয় নাই!

করিছের পরভাষা গ্রীক ধর্মের আনন্দের কথা বলার মত একই রকমের ছিল (অর্থাৎ, Delphi)। করিছের পরভাষা দৃশ্যত অপব্যবহার বা অতি-গৌরাবান্বিত হয়েছে (১ করি ১৩:১ এবং ১৪:১-৩৩)।

পরভাষা একজন বিশ্বাসীর জন্য ছিল ঈশ্বরের সঙ্গে ঘনিষ্ঠ সহভাগিতার একটি উপায়, কিন্তু সমঝোতা ছাড়াই। এটি একটি বৈধ দান (১ করি ১৪:৩৯), কিন্তু এটি সকল বিশ্বাসীর জন্য নয় (১ করি ১২:২৯-৩০, যেটি হল ধারাবাহিক প্রশ্ন যেটি আশা করে “না” উত্তর)। এটি দান নয় যে প্রমাণ করবে যে একজন উদ্ধার পেয়েছে বা দেখাবে যে একজন হলেন আত্মিক ব্যক্তি। ব্যাখ্যা সহ পরভাষা সুসমাচার ও এর তাৎপর্য ঘোষণার অন্য অর্থ ছিল।

■ “ভিন্ন ভিন্ন ভাষার অর্থ বুঝিয়ে দেবার ক্ষমতা” করিছ ছিল একটি কসমোপলিটান নগর, সংস্কৃতিতে রোমীয়, ভৌগোলিক ভাবে গ্রীক। নগরটির অবস্থান ছিল শিতকালে গ্রীক অন্তরীপ ঘুরে যাবার বিপদজনক সমুদ্র পথের সমন্বয় আর দুটি বাণিজ্যিক পথের সংযোগ স্থলের সমন্বয় একটি সাম্রাজ্যের পূর্বে চলে গেছে অন্যটি পশ্চিমে গেছে। করিছের প্রতিটি নাগরিক ছিল করিছীয়, কিন্তু পরভাষা অবশ্যই হল একটি আত্মিক দান মন্ডলীর সুসমাচার ঘোষণার জন্য, কেবল মাত্র অনুবাদক নয়। করিছের পরভাষা কোন জানা ভাষা ছিল না।

১২:১১ এই পদ গুরুত্ব দিচ্ছে সত্য যে সত্য আত্মা প্রতিটি বিশ্বাসীকে দিয়ে থাকেন পরিচর্যার দান হিসাবে (১ করি ১২:৭,১৮)। এছাড়াও, দান কোনটি তা আত্মা মনোনীত করেন, বিশ্বাসীরা নয়। দানের কোন উচ্চ নীচ নেই। সকল দানই খ্রীষ্টের দেহ, মন্ডলীকে সেবা করার জন্য (১ করি ১২:৭)। এখানে কোন কৃতিত্বের ব্যাজ নেই, কিন্তু আছে দাসত্বের গামছা।

বিশেষ বিষয়: আত্মার ব্যক্তিরূপ, পৃ. ৭৭; ([SPECIAL TOPIC: THE PERSONHOOD OF THE SPIRIT, See page 77](#))

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিছীয় ১২:১২-১৩

^{১২} কারণ যেমন দেহ এক তথাপিও তার অনেক অঙ্গ প্রত্যঙ্গ, আর দেহের সকল অঙ্গ প্রত্যঙ্গ, যদিও সেগুলি অনেক, তবুও এক দেহ হয়, খ্রীষ্টও ঠিক সেই রকম। ^{১৩} কারণ কি যিহুদী কি গ্রীক, কি দাস কি স্বাধীন, আমরা সকলে একই দেহে বাণ্ডাইজিত হয়েছি, এবং আমরা সকলে এক আত্মা থেকে পায়িত হয়েছি। (অনুবাদকৃত টেক্সট)

১২:১২ এটি নূতন প্যারাফ্রাফ শুরু করেছে যা ব্যবহার করেছে মানব দেহের আন্ত-সম্পর্ককে মঞ্জুরী জন্য একটি রূপক হিসাবে (ইফি ৪:৪,১৬)। এটি ভিন্ন তার মাঝে একতার গুরুত্ব দান করে। কোন একটি অংশের প্রতি দৃষ্টি নয়, বরং সম্পূর্ণতার কার্যবলির উপরে; কোন একক ব্যক্তির উপরে নয়, বরং সম্পূর্ণ পরিবার।

পুরাতন নিয়ম ও নূতন নিয়মের রয়েছে একটি যৌথ গুরুত্ব (দেখুন বিশেষ বিষয় ১ করি ১২:৭ পদে)। এটা এই সত্যকে অবমূল্যায়ন করে না যে লোকেরা খ্রীষ্টিয়ান হয় ব্যক্তিগত ভিত্তিতে, কিন্তু একবার কেউ খ্রীষ্টিয়ান হলে, লক্ষ্য থাকে সবসময়ই সামগ্রিক স্বাস্থ্য, একতা, এবং কল্যাণের!

১২:১৩ “এক আত্মা দ্বারা” এই preposition (en) এর অর্থ হতে পারে “ভিতরে,” “সাথে,” অথবা “উপায়ের দ্বারা।” Koine গ্রীকের prepositions ব্যবহার করে মতবাদগত নিশ্চয়তা করা থেকে সাবধান থাকুন। এটি ইফি ২:১৮; ৪:৪ পদের সাথে সমান্তরাল।

আত্মা হল উপায় যার দ্বারা ঈশ্বর লোকদের পাপের বিষয়ে দোষী করেন, তাদের খ্রীষ্টের দিকে আকর্ষিত করেন, তাদের খ্রীষ্টে বাণ্ণাজিত করেন, এবং তাদের ভেতরে খ্রীষ্টকে গঠন করেন (যোহন ১৬:৮-১৪)। এটি হল আত্মার যুগ। তাঁর কাজকর্ম হল ধার্মিকতার নূতন যুগ এসে গেছে তার চিহ্ন। আত্মা হল দান এবং আত্মার দেওয়া দান যেটি প্রতিফলিত করে তাঁর কাজ খ্রীষ্টকে প্রকাশ করা, হারাণদের খ্রীষ্টের দিকে আকর্ষণ করা, এবং বিশ্বাসীদের মধ্যে খ্রীষ্ট সাদৃশ্যতা গঠন করা।

■ “আমরা সকলে একই দেহে বাণ্ণাইজিত হয়েছি” জলে বাপ্তিস্ম হল পূর্বের আত্মিক অভিজ্ঞতার রূপক যা মন পরিবর্তনে ঘটে থাকে (ইফি ৪:৫)। কয়েকটি দিক থেকে ইফি ৪:৪-৬ পদ এই প্যাসেজের সাথে সমান্তরাল। বাপ্তিস্ম উল্লেখ করে প্রাথমিক পরিত্রাণ, যেটি বিশ্বাসীদের খ্রীষ্টের দেহ, মঞ্জুরী সাথে সম্মিলিত করে। প্রায়ই ব্যবহৃত সমকালীন শব্দগুচ্ছ “পবিত্র আত্মায় বাপ্তিস্ম” হতবুদ্ধিকর কারণ বাইবেল অনুসারে এটি উল্লেখ করে কোন একজনের উদ্ধারকর্তা হিসাবে খ্রীষ্টের উপরে নির্ভর করা, কিন্তু এটি আজকে ব্যবহৃত হচ্ছে শক্তি প্রাপ্ত হওয়া, উৎপন্ন করা, বিশ্বাসীদের জীবনে শেষ কালীন অভিজ্ঞতা। আমি এই শেষ ফলাফলের অভিজ্ঞতাকে অস্বীকার করি না, কিন্তু আমি “প্রভুত্বের অভিজ্ঞতা” টার্ম পছন্দ করি। মহান খ্রীষ্টিয়ানদের জীবনী পাঠে একটি নমুনার উদয় হয়: (১) খ্রীষ্টের নির্ভরতা; (২) তাঁকে সেবার করার চেষ্টা; (৩) স্থায়ী ফল উৎপন্ন বার্থতা; (৪) ব্যক্তিগত প্রচেষ্টায় হতাশা; (৫) ঈশ্বরের নিজের কাজ করার জন্য তাঁর প্রয়োজনে সমর্পিত হওয়া; (৬) পরিচর্যার জন্য শক্তি প্রাপ্ত হওয়া; এবং (৭) সকল গৌরব ঈশ্বরের, মানবিক পাত্রের নয়।

■ “কারণ কি যিহুদী কি গ্রীক, কি দাস কি স্বাধীন” আর কোন জাগতিক মানবিক পার্থক্য এবং বাধা নেই যারা খ্রীষ্টে নির্ভর করে তাদের মধ্যে (যোহেল ২:২৮ পদ উদ্ধৃতি করেছেন পিতর প্রেরিত ২:১৪-৩৬; গালা ৩:২৭-২৮; কল ৩:১১)। এই সত্য নিশ্চিত ভাবে জোর দিয়ে বলে সকল মানবিক বিশ্বাসীদের সমতার কথা। যাহোক, সকল পার্থক্য দূর করার আসলে কোন প্রয়োজন নেই। প্রতিটি বিশ্বাসী আহবান প্রাপ্ত, দান প্রাপ্ত সেবাকারী, কিন্তু একজন খ্রীষ্টিয়ান এখন হতে পারেন একজন ক্রীতদাস।

এই সমতা করিষ্টের রোমীয় সমাজের কাছে হতবুদ্ধিকর ছিল, যেখানে পুরুষ ছিল সর্বোচ্চ কর্তৃত্বকারী যাদের উপরে (১) তার স্ত্রী; (২) তার ছেলেমেয়ে; এবং (৩) তার ঘরের ক্রীতদাসদের উপরে। তাদের ছিল কঠোর সামাজিক উচ্চ নিচ ভেদাভেদ। পৌলের সংস্কার মূলক ধর্মতত্ত্ব, যার ভিত্তি ছিল যীশুর শিক্ষা ও কাজের উপরে, তা ছিল প্রচণ্ড পরিবর্তনকারী নমুনা এবং হতবুদ্ধি নূতন বিশ্ব দর্শন যেখানে অবশ্যই মঞ্জুরী সহভাগিতায় জীবন যাপন করতে হবে (ইফি ৫:১৮-৬:৯)। এটি বিশেষ করে এই ক্ষেত্রে যেখানে করিষ্টের মন্ডলী বিপথ গমন করেছিল।

■ “আমরা সকলে এক আত্মা থেকে পায়িত হয়েছি” এই টার্মটি ব্যবহৃত হয়েছে জল সেচের জন্য। এর আক্ষরিক অর্থ “আদ্র করা।” এটি ব্যাখ্যা করা হয়েছে প্রভুর ভোজের উল্লেখ হিসাবে Augustine, Luther এবং Calvin দ্বারা, কিন্তু যোহন ৭:৩৭-৩৯ পদের কারণে এটি উল্লেখ করতে পারে আত্মাকে। এটি একটি একতা ও সহভাগিতায় আনয়নের রূপক একটি প্রতিনিধি, আত্মার দ্বারা।

উভয় “বাপ্তিস্ম” এবং “পায়িত হওয়া” হল aorist passive indicatives, যেটি ইঙ্গিত দেয় অতীত কালের শেষ করা কাজের। tense এবং সমান্তরালবাদ দেখায় যে এটি খ্রীষ্টিয়ান বাপ্তিস্মকে এবং প্রভুর ভোজকে উল্লেখ করে না, কিন্তু অতীতের সম্পূর্ণ করা কোন ঘটনাকে (অর্থাৎ, আত্মার দ্বারা ধর্মান্তর, অর্থাৎ, passive voice, অথবা খ্রীষ্ট দ্বারা, মথি ৩:১১; লূক ৩:১৬; প্রেরিত ১:৫, অথবা পিতার দ্বারা, প্রেরিত ২:৩৩)।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিষ্টিয় ১২:১৪-১৮

^{১৪} কারণ দেহ একটিমাত্র অঙ্গ নয়, কিন্তু অনেক। ^{১৫} পা যদি বলে, “আমি যেহেতু হাত নই, তাই দেহের অংশ নই,” তাহলে সেটা যে দেহের অংশ নয় এমন নয়। ^{১৬} আর কান যদি বলে, “আমি যেহেতু চোখ নই, তাই দেহের অংশ নই,” তাহলে সেটা যে দেহের অংশ নয় এমন নয়। ^{১৭} যদি সমস্ত দেহটাই চোখ হত, তবে শুনবার শক্তি কোথায় থাকত? আর যদি সমস্ত দেহটাই শোনার হত, তবে শ্রাণ নেবার অনুভূতি কোথায় থাকত? ^{১৮} কিন্তু এখন ঈশ্বর অঙ্গ প্রত্যঙ্গগুলি, এক এক করে, দেহের মধ্যে, যেমন ইচ্ছা করেছেন তেমন ভাবেই বসিয়েছেন। (অনুবাদকৃত টেক্সট)।

১২:১৪-২৬ পৌল বাস্তব দেহকে উপমা হিসাবে বেছে নিয়েছেন এটা দেখাতে যে দেহের প্রতিটি অঙ্গের মধ্যে পারস্পরিক আপোষমূলক সম্পর্ক আবশ্যিক সমগ্র দেহের কাজ করার জন্য। প্রতিটি অঙ্গ প্রত্যঙ্গ সমগ্র দেহের স্বাস্থ্য ও কার্যকারীতার জন্য আবশ্যিক।

১২:১৪ এটি হল সার সত্য যেটি বেশ কয়েকবার এই অধ্যায়ে পুনরাবৃত্তি হয়েছে (১ করি ১২:১২,১৩,১৪,২৯,২৫,১৭)।

১২:১৫-১৬ “যদি... যদি” উভয়ই third class conditional sentences, যেটি উল্লেখ করে সম্ভাব্য কাজ। এই পদগুলি দেখায় উত্তেজনা যেটি বিরাজমান কেবলমাত্র বিভক্ত দলগুলির মধ্যে নয়, কিন্তু তাদের অতি-মূল্যায়িত নির্দিষ্ট কিছু দানের বিষয়েও। সব দানই ঈশ্বরের কাছ থেকে আসে এবং তিনিই ঠিক করেন কোন দানটি কোন বিশ্বাসীর জন্য (১ করি ১২:১১,১৮)।

১২:১৭,১৯ “যদি. . যদি” এগুলি হল অসম্পূর্ণ second class conditional sentences (অর্থাৎ, ১ করি ১২:১৭ পদে কোন verb নেই এবং তিনটি পদেই কোন উপসংহারের বাক্যাংশ নেই)। প্রথম অংশটি হল মিথ্যা (অর্থাৎ, চোখ সমগ্র দেহ নয়, ১ করি ১২:১৭; কান সমগ্র দেহ নয়, ১৭ পদ; এবং একটি অঙ্গ সমগ্র দেহ নয়, ১ করি ১২:১৯, A. T. Robertson, *A Grammar of the Greek New Testament In Light of Historical Research*, pp. 1015,1023 and *Short Grammar of the Greek New Testament*, p. 166)।

১২:১৮ “ঈশ্বর বসিয়েছেন” এটি হল একটি aorist middle indicative, যেটি ইঙ্গিত দেয় একটি সম্পূর্ণ ও ব্যক্তিগত কাজের। ১ করি ১২:১১ পদে বলা হয়েছে আত্মা দানগুলি বিতরণ করেন। এটি একটি ঐশ্বরিক হিসাবে আত্মার সুস্পষ্ট চিহ্নিতকরণ! দেখুন বিশেষ বিষয় ১ করি ২:১১ পদে।

■ “ঈশ্বর অঙ্গ প্রত্যঙ্গগুলি, এক এক করে, দেহের মধ্যে, যেমন ইচ্ছা করেছেন তেমন ভাবেই বসিয়েছেন” এটি সৃষ্টিকে উল্লেখ করে কিন্তু উপমা করা হয়েছে আত্মিক দানের (১ করি ১২:২৭)। আমরা মনোনীত করিনি; ঈশ্বর বসিয়েছেন।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি স্থায়ী ১২:১৯-২৫

১৯ যদি সবগুলি একই অঙ্গ হতো, তাহলে দেহ কোথায় থাকতো? ২০ কিন্তু এখন অনেক অঙ্গ বটে, কিন্তু দেহ একটি। ২১ আর চোখ হাতকে বলতে পারে না, “তোমাকে আমার দরকার নেই”; আবার মাথা পাঁদুটিকে বলতে পারে না, “তোমাদের আমার দরকার নেই।” ২২ প্রকৃত পক্ষে, দেহের যে অঙ্গগুলিকে দুর্বল বলে মনে হয় সেগুলোই বেশী দরকারী; ২৩ আর দেহের যে অঙ্গগুলোকে আমরা কম সম্মানের যোগ্য বলে মনে করি সেগুলোকে বেশী সম্মান দেখাই, এবং আমাদের যে অঙ্গগুলো সৌন্দর্যহীন সেগুলো বেশী সৌন্দর্য প্রাপ্ত হয়, ২৪ অন্যদিকে যে অঙ্গগুলো সুন্দর সেগুলোর সেই প্রয়োজন নাই। কিন্তু ঈশ্বর দেহ সংগঠন করেছেন, অসম্পূর্ণ অঙ্গগুলোকে বেশী সম্মান দান করেছেন, ২৫ যেন দেহ ভাগ হয়ে না যায় বরং অঙ্গগুলো যেন একে অন্যের জন্য সমান ভাবে চিন্তা করে। (অনুবাদকৃত টেক্সট)।

১২:২২-২৪ “দুর্বল. . .কম সম্মানের. . .কম দেখাবার . . . যে অঙ্গ অসম্পূর্ণ” এটি উল্লেখ করতে পারে মানব দেহের সেই সব অঙ্গকে যেগুলি কাপড় দ্বারা আবৃত থাকে। এই আলোচনা প্রকাশ করে যে কোন কোন অংশ কম স্পষ্ট, সংস্কৃতিগত ভাবে কম আকাঙ্ক্ষিত, কম “প্রদর্শিত” দান তবুও সেগুলির প্রয়োজন স্বাস্থ্যবান, সুখী দেহের জন্য। ঈশ্বর/আত্মা দান দিয়ে থাকেন, সব দানেরই প্রয়োজন আছে, প্রতিটি দানেরই সম্মান আছে। দেখুন বিশেষ বিষয়: দুর্বলতা, পৃ.৪০৬, (SPECIAL TOPIC: WEAKNESS, See page ৪০৬) ২ করি ১২:৯ পদে।

■ “বেশী সম্মানের” এই টার্ম ১ করি ১২:২৩ ও ২৪ উভয় পদেই আছে। দেখুন বিশেষ বিষয় ২ করি ২:৭ পদে।

১২:২৫ এই পদ প্রকাশ করছে পৌলের আসল পয়েন্ট (অর্থাৎ, *hina* বাক্যাংশ, উদ্দেশ্যের বাক্যাংশ)। মন্ডলীর এক হতে হবে, বিভক্ত নয়। বিশ্বাসীদের একজন অন্যকে তত্ত্বাবধান করতে হবে (১ করি ১২:৭), তাদের নিজেদের কাজ করা নয়!

verb হল subjunctive, যেটি সম্ভাব্য ঘটনাকে পরিচিত করার। এটি হল সেই কাজ যেটি তাদের করতে হবে, কিন্তু কিছু সন্দেহ রয়েছে তাদের এটি কাজ করা নিয়ে।

টার্ম “তত্ত্বাবধান” এর সাধারণত অর্থ দৃষ্টিভঙ্গি বা দুর্ভাবনা (মথি ৬:২৫,২৭; ১০:১৯; ১৩:২২; ২ করি ১১:২৮; ফিলি ৪:৬)। এটি আরও প্রকাশ করতে পারে বৈধ উদ্বেগ, যেমন এই টেক্সটে এবং ৭:৩২,৩৩,৩৪ পদ এবং ফিলি ২:২০ পদ।

■ “বিভেদ” এটি হল গ্রীক টার্ম *schisma*, এর থেকে আমরা ইংরাজী টার্ম পেয়েছি বিশেষ করে ধর্মীয় দল বিভেদ এবং ধর্মীয় বিভক্ত মতবাদ। পৌল এই “বিভেদ” আগেও উল্লেখ করেছেন (১ করি ১:১০; ১১:১৮)। এগুলি ছিল করিন্থের মূল সমস্যা। বিভেদ সম্পর্কিত ছিল (১) নির্দিষ্ট কিছু নেতা; (২) নির্দিষ্ট ধর্মতাত্ত্বিক বিষয়ে গুরুত্বদান; (৩) রোমীয় সামাজিক অবস্থ্য; (৪) নির্দিষ্ট কিছু দানকে উচ্চতর করা; বা (৫) মনের ভেতরে পৌত্তলিক ভাব থাকা।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি স্থায়ী ১২:২৬

২৬ আর যদি এক অঙ্গ কষ্ট পায়, সকল অঙ্গই তার সাথে কষ্ট পায়; যদি একটা অঙ্গ সম্মান পায়, তবে সমস্ত অঙ্গই তার সাথে আনন্দিত হয়। (অনুবাদকৃত টেক্সট)।

১২:২৬ “যদি. . . যদি” এগুলি হল first class conditional sentences (*eite* সাথে present indicative, ২ করি ১:৬; সাথে কোন verb নেই, রোমীয় ১২:৬-৮; ১ করি ৩:২২; ৮:৫; ১৪:২৭; ২ করি ৫:১০) যেটি প্রকাশ করে পৌলের আকাঙ্ক্ষা যে কিভাবে বিশ্বাসীরা একজন অন্য জনের সাথে ব্যবহার করবে (রোমীয় ১২:১৫)।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি স্থায়ী ১২:২৭-৩১

২৭ তোমরাই খ্রীষ্টের দেহ, আর এক একজন সেই দেহের এক একটি অঙ্গ। ২৮ আর ঈশ্বর মন্ডলীতে প্রথমতঃ প্রেরিতদের, দ্বিতীয়তঃ ভাববাদীদের, তৃতীয়তঃ শিক্ষক নিযুক্ত করেছেন, তারপর অলৌকিক কাজ, তারপর আরোগ্যর, সাহায্য, পরিচালনা পদের, বিভিন্ন ভাষায় কথা বলার দান দিয়েছেন। ২৯ সকলেই কি প্রেরিত? সকলেই কি ভাববাদী? সকলেই কি শিক্ষক? সকলেরই কি অলৌকিক কাজ করার লোক? ৩০ সকলেরই কি রোগ ভাল করবার ক্ষমতা আছে? সকলেই কি বিভিন্ন ভাষায় কথা বলে? সকলেই পরভাষার মানে বুঝিয়ে দেয়? নিশ্চয়ই না! ৩১ আমি বরং বলি, তোমরা সবচেয়ে দরকারী দানগুলো পাবার জন্য আহ্বানী হও। (অনুবাদকৃত টেক্সট)।

১২:২৮ “ঈশ্বর নিযুক্ত করেছেন” এটি হল একটি aorist middle indicative। এটি ধর্মতাত্ত্বিক ভাবে ১ করি ১২:১৮ পদের সমান্তরাল।

■ “মণ্ডলী” দেখুন বিশেষ বিষয় ১ করি ১:২ পদে।

■ “প্রেরিতগণ” গ্রীক টার্মটি এসেছে একটি গ্রীক verb “পাঠান” থেকে। এটি ব্যবহৃত হয়েছে রাব্বীদের দ্বারা কাউকে আর একজনের প্রতিনিধি হিসাবে অফিশিয়াল কাজে পাঠানোর জন্য। যোহনের সুসমাচারে এটি যীশুর প্রতি ব্যবহারে জন্য নেওয়া হয়েছে যিনি ঈশ্বর দ্বারা প্রেরিত ছিলেন। একজন প্রেরিত লোক তার অনুসারীদের পাঠাচ্ছেন (যোহন ২০:২১)। দেখুন বিশেষ বিষয়: পাঠান ১ করি ৪:৯ পদে।

মূলত এটি উল্লেখ করে বারো জনকে, কিন্তু পরে এটি অন্যদের জন্যও ব্যবহৃত হয়েছে: (১) বার্নাবা (প্রেরিত ১৪:৪,১৪); (২) আন্দ্রিয়ানিক এবং জুনিয় (রোমীয় ১৬:৭); (৩) আপোল্লো (১ করি ৪:৯); (৪) যীশুর সৎ ভাই যাকোব (গালা ১:১৯); (৫) ইফ্রুদিত (ফিলি ২:২৫); (৬ এবং ৭) সীল ও তীমথিয় (১ থি ২:৬)। দানগুরিকে ইফি ৪:১১ পদে উল্লেখ করা হয়েছে চলমান দান হিসাবে।

■ “ভাববাদীগণ” দেখুন বিশেষ বিষয়: নূতন নিয়মে ভাববাবণী ১ করি ১৪:১ এবং পুরাতন নিয়মের ভাববাবণী ১ করি ১২:১০ পদে।

■ “শিক্ষকগণ” এই দান প্রেরিত ১৩:১ পদে ভাববাবণীর সাথে উল্লেখ করা হয়েছে, কিন্তু ইফি ৪:১১ পদে এটি সংযুক্ত পালকগণের সাথে। ২ তীম ১:১১ পদে পৌল বলেছেন তিনি একজন প্রচারক, প্রেরিত, এবং একজন শিক্ষক। এখানে এটি মনে হয় স্বাধীন যেভাবে এটি রোমীয় ১২:৭ পদে উল্লেখ করা হয়েছে। এটি আরও যাকোব ৩:১ থেকে কয়েকটি পদে পৃথক ভাবে আলোচিত হয়েছে। এটি ইঙ্গিত দেয় যে এই নেতৃত্বের দানসমূহ হতে পারে ভিন্ন ভিন্ন বিশ্বাসীদের ভিন্ন ভিন্ন উপায়ে সমন্বিত ভাবে দেওয়া হয়েছে মণ্ডলির প্রয়োজনে সেই সময়ে বা এলাকায়। এই দান প্রাপ্ত প্রতিটি নেতাই সুসমাচার ঘোষণা করবে, কিন্তু ভিন্ন ভিন্ন গুরুত্বে।

■ “আশ্চর্য কাজ” লক্ষ্য করুন ১ করি ১২:৯ পদ এবং ১০ পদে এই দান দু’বার উল্লেখ করা হয়েছে, এখানে কিন্তু একবার। আশ্চর্য্য বাজ একটি উপায় সুসমাচারের নিশ্চয়তার। সেগুলি অগ্রগণ্য সুসমাচারে ও প্রেরিত পুস্তকে এবং উল্লেখিত হয়েছে প্রৈরিতিক পত্রসমূহে। সেগুলি আজকেও একই গুরুত্বের যেখানে সুসমাচার নূতন প্রচারিত।

■ “আরোগ্যদান” এই দান কাজ করে প্রভুর ভালবাসা প্রকাশে ও সুসমাচারের নিশ্চয়তা উভয়ে। প্রশ্ন এটি নয় যে ঈশ্বর কি আজও আরোগ্য করছেন, তাহলে কেউ কেউ হচ্ছেন এবং অন্যরা হচ্ছেন না? ৫:১৩-১৮ পদে যাকোব আরও কিছু নির্দেশনা দিয়েছেন যে কিভাবে এটি স্থানীয় মণ্ডলীতে ব্যবহার করা উচয়। যাকোবে এটি হল স্থানীয় প্রাচীনদের পরিচর্যা, আত্মিক দান নয়।

NASB, NKJV “সাহায্য”

NRSV

“সহায়তার প্রকৃতি”

TEV

“শক্তি দান. . . অন্যদের সাহায্যের”

NJB

“সাহায্যকারী কাজ”

এই টার্ম ব্যবহৃত হয়েছে “সাহায্যকারী কাজ।” এটি একটি সাধারণ টার্ম এবং উল্লেখ করতে পারে পরিচারকদের প্রতিদিনের পরিচর্যা কাজকে (ফিলি ১:১ এবং M. R. Vincent, *Word Studies*, vol. 2, p. 793)।

NASB, NKJV “পরিচালনা পদ”

NRSV

“নেতৃত্বের প্রকৃতি”

TEV

“যাদের ক্ষমতা দেওয়া হয়েছে. . . তাদের পরিচালনা করার”

NJB

“দানসমূহ. . . নির্দেশনার”

এই টার্ম মূলত ব্যবহৃত হয়েছে জাহাজের চালকদের জন্য (প্রেরিত ২৭:১১; প্রকা ১৮:১৭)। এটি ব্যবহৃত হয়েছে রূপকাত্মক ভাবে মণ্ডলীর তোধের জন্য যারা নির্দেশক হিসাবে কাজ করছেন। এটি হল সেই ক্ষমতা আত্মিক কাজ সুসম্পন্ন করতে অন্যদের পরিচালনা করার।

A. T. Robertson, *Word Pictures In Greek New Testament*, vol. 4, বলেছেন যে “সাহায্য” উল্লেখ করে পরিচারকদের দরিদ্র ও অসুস্থদের সাহায্যের কাজ এবং “পরিচালনা” উল্লেখ করে বিশপ/প্রাচীন/পালকদের কাজ, পৃষ্ঠা ১৭৩-১৭৪।

■ “ভিন্ন ভিন্ন প্রকার পরভাষা” দেখুন ১ করি ১২:১০ পদে।

১২:২৯-৩০ এই ধারাকাহিক প্রশ্নসমূহ সবই শুরু হয়েছে negative particle এ (অর্থাৎ, *me*), যেটি উল্লেখ করে যে এই প্রশ্ন আশা করছে “না” উত্তর। এটি একটি গুরুত্বপূর্ণ প্যাসেজ ধর্মতাত্ত্বিক অতিরঞ্জন বাতিলের যে “পরভাষা” প্রত্যেক বিশ্বাসীর জন্য একটি দান, পরিব্রাণের নিশ্চয়তার চিহ্ন এবং/বা সত্যিকার আত্মিকতার বিশেষ চিহ্ন। এটি একটি বৈধ দান, কিন্তু সকলের জন্য নয়। অন্যরা চরমপন্থির বাতিল করেছে যে “পরভাষা” প্রৈরিতিক যুগের সাথে সাথে মেষ হয়ে গেছে এই মতামত। এটিও একটি ধর্মতাত্ত্বিক অতিরঞ্জন (১ করি ১৪:৩২৯)।

এই অধ্যায়ে পয়েন্ট হল যে একটি মাত্র দেহ, যার অনেক অংশ হতে পারে। কোন অংশই (অর্থাৎ, দান) প্রধান নয়।

১২:৩১*

NASB, NIV	“কিন্তু সবচেয়ে দরকারী দানগুলো পাবার জন্য আশ্রয়ী হও”
NKJV	“কিন্তু সবচেয়ে উত্তম দানগুলো পাবার জন্য আশ্রয়ী হও”
NRSV	“কিন্তু সবচেয়ে দরকারী দানগুলো পাবার জন্য আকাঙ্ক্ষিত হও”
TEV	“তোমার হৃদয় প্রস্তুত কর, সবচেয়ে গুরুত্বপূর্ণ দানগুলোর জন্য”
NJB	“তোমার মনকে উচ্চতর দানগুলোর জন্য প্রস্তুত কর”

এটি হয় (১) একটি present active indicative (অর্থাৎ, একটি সত্যের মন্তব্য) না হয় (২) একটি Present active imperative (অর্থাৎ, অবিরত আদেশ)। W. Randolph Tate, *Biblical Interpretation*, পছন্দ করেন indicative, “তোমরা উত্তম দানের জন্য আকাঙ্ক্ষী হও” পৌলের আর একটি ব্যঙ্গাত্মক মন্তব্য হিসাবে (পৃ...২২)।

এই পদের দ্বিতীয় অংশ অবশ্যই ১৩ অধ্যায়ের সাথে যাবে। সবচেয়ে দরকারী দান উল্লেখ করতে পারে (১) বিশ্বাস, আশা, এবং ভালবাসা ১ করি ১৩:১৩ পদের, যার মধ্যে ভালবাসা সর্বোত্তম অথবা (২) দান যেটি সমগ্র দেহকে গাঁথে তোলে, ১ করি ১৪:১ পদ থেকে কয়েকটি পদ, যেটি হতে পারে প্রচার ও শিক্ষা দান করা (১ করি ১২:২৮)।

এই অনুযোগ মনে হয় উল্লেখ করেছে সামগ্রিক ভাবে মন্ডলীকে, ব্যক্তিকে নয়। ব্যক্তির উপরে দৃষ্টি দেওয়া হল সাধারণ পশ্চিমা পূর্ব প্রবণতা। এই অধ্যায়ের দৃষ্টি যৌথ। মণ্ডলীর উচিত আত্মার কাছে যাচঞা করা তাঁর আরও দানের জন্য (অর্থাৎ, বিশ্বাসীরা) যা সুসমাচারকে ঘোষণা করবে এবং দেহকে গাঁথে তুলবে।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. করিছে আত্মিক দানের বিষয়ে কেন এই ধরণের সমস্যা ছিল?
২. কখন বিশ্বাসীরা তাদের আত্মিক দান লাভ করে? প্রত্যেকেই কি একটি করে লাভ করে? কেউ কি একটির থেকে বেশি দান লাভ করতে পারে? কেউ কি তার দান নিজে নিজে মনোনয়ন করতে পারে?
৩. আত্মিক দানের উদ্দেশ্য কি?

কিছু ব্যবহারিক নির্দেশনা যে কিভাবে বিশ্বাসীরা তাদের দানের বিষয়ে জানতে পারে

১. আপনাকে নির্দিষ্ট ভাবে দেখিয়ে দিতে ঈশ্বরের কাছে জানতে চান।
২. অন্য পরিপক্ব বিশ্বাসীদের জিজ্ঞাসা করুন যারা আপনাকে জানে আর আপনার দান কি হতে পারে সে বিষয়ে তারা কি ভাবে।
৩. আপনার স্বাভাবিক আকাঙ্ক্ষাকে আবিষ্কার করুন।
৪. আপনি যে উত্তম আলো পেয়েছেন এবং আপনার আকাঙ্ক্ষার নির্দেশনা অনুসারে চলুন।
৫. একে চেষ্টা করতে দিন এবং ব্যক্তিগত সম্ভ্রুতি এবং আত্মিক ফলের জন্য দেখুন।

এগুলি নেওয়া হয়েছে Paul Little এর চমৎকার পুস্তিকা, *Affirming the Will of God*, published by IVP থেকে। এটি দেয় খ্রীষ্টিয় প্রজ্ঞা, শাস্ত্র নয়, কিভাবে ঈশ্বরের ইচ্ছা জানা যাবে, যেটি উপমাঙ্করূপ যে কিভাবে জানা যাবে কারও আত্মিক দানকে।

যাহোক, বিশ্বাসীদের মনে রাখা প্রয়োজন যে দানের এই তালিকা একই রকম নয়। আমাদের দানকে চিহ্নিত করণের সক্ষমতা এতটা গুরুত্বপূর্ণ নয় যে আমাদের একটি দান আছে তা স্বীকার করার মত। বিশ্বাসীরা, সকল বিশ্বাসীরা, আহাবান প্রাপ্ত এবং পরিচর্যার জন্য দানপ্রাপ্ত (ইফি ৪:১১-১২)।

Copyright © 2013 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

১ করিন্থীয় ১৩
(1 CORINTHIANS 13)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
				প্রকাশ্য আরাধনার শিষ্টতা (১১:২-১৪:৪০)
ভালবাসা ১২:৩১-১৩:৩	সর্বোচ্চ দান	ভালবাসা, সর্বোচ্চ দান এবং পথ	ভালবাসা	আত্মিক দানের গুরুত্বের শৃংখলা এবং ভালবাসা ১২:৩১-১৩:৩
	১৩:১-১৩	১৩:১-৩	১৩:১-৩	
১৩:৪-৭		১৩:৪-৭	১৩:৪-৭	১৩:৪-৭
১৩:৮-১৩		১৩:৮-১৩	১৩:৮-১০ ১৩:১১-১২ ১৩:১৩	১৩:৮-১২ ১৩:১৩

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

১৩:১-১৩ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. এই অধ্যায় পৌলের আত্মিক দানসমূহের আলোচনায় এক অখণ্ড অংশ গঠন করেছে। এই “ভালবাসার” অধ্যায় আত্মিক দানসমূহ নিয়ে বিতর্কের মধ্যে সঠিক স্থানে স্থাপন করা হয়েছে।
- খ. করিন্থের মণ্ডলী কিছু কিছু দানকে বড় করে দেখাতে চেষ্টা করেছিল। পৌল জোর দিয়ে বলেছেন যে সকল দান এবং তাদের কাজের নির্ধারিত সীমা এবং উদ্দেশ্য হল ১২-১৪ অধ্যায়ের সম্মিলিত আরাধনায়।

গ. আত্মিক দানের দ্বিতীয় প্রধান পরীক্ষা (দেখুন প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি, ১২ অধ্যায়, খ) হল, “সেগুলি কি ভালবাসায় অনুশীলন করা হয়েছে?”

মৌলিক রূপরেখা

ক. ভালবাসার প্রয়োজনীয়তা আত্মিক দান অনুশীলনের অনুপ্রেরণা হিসাবে (১ করি ১৩:১-৩)।

খ. ভালবাসার বৈশিষ্ট্য লোকের সাথে সম্পর্কিত হয়ে প্রকাশিত হয় (১ করি ১৩:৪-৭)

গ. চূড়ান্ত ভালবাসা ঈশ্বরের পরিবারের বৈশিষ্ট্য হিসাবে (১ করি ১৩:৮-১৩)।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি ১৩:১-১৩:৩

^{১২:৩১} এবং আমি তোমাদের আরও চমৎকার এক পথ দেখাচ্ছি। ^{১৩:১} যদি আমি মানুষের এবং স্বর্গদূতদের ভাষায় কথা বলি, কিন্তু আমার মধ্যে ভালবাসা না থাকে, তবে আমি জোরে বাজানো ঘণ্টা অথবা বনবান করা করতাল হয়ে পড়েছি। ^২ যদি আমার ভাববাদী হিসাবে কথা বলার দান থাকে, এবং সমস্ত নিগূঢ় তত্ত্ব ও সমস্ত জ্ঞান থাকে; এবং যদি আমার পূর্ণ বিশ্বাস থাকে, যাতে আমি পাহাড় স্থানান্তর করতে পারি, কিন্তু আমার মধ্যে ভালবাসা না থাকে, তবে আমি কিছুই নই। ^৩ এবং যদি আমার সব কিছু *দরিদ্রদের* খাওয়াবার জন্য দান করি, এবং দেহটাও পোড়াবার জন্য দিয়ে দিই, কিন্তু আমার মধ্যে যদি ভালবাসা না থাকে, তবে আমার কোনই লাভ নেই। (অনুবাদকৃত টেক্সট)।

১২:৩১ “আরও চমৎকার এক পথ” টার্ম “চমৎকার” হল একটি গ্রীক টার্ম গঠিত হয়েছে *huper* (অর্থাৎ, অতিরিক্ত অথবা অতিক্রম) এবং *ballō* (অর্থাৎ, ছুড়ে দেওয়া) দ্বারা। এটি রূপকার্থক তার জন্য যেটি অতিক্রম করে যায়। ২ করি ১৩:১-৩তে পৌল প্রায়ই এই রূপক ব্যবহার করেছেন (২ করি ১:৮; ৩:১০; ৪:৭; ৯:১৪; ১১:২৩; ১২:৭)। দেখুন বিশেষ বিষয়: পৌলের *Huper* সম্বন্ধে ব্যবহার ১ করি ২:১ পদে।

টার্ম “পথ” হল পুরাতন নিয়মের ঈশ্বর ভক্তির জীবন যাপনের জন্য একটি রূপক (দ্বি বি ৫:৩২-৩৩; ৩১:২৯; গীত ২৭:১১; যিশা ৩৫:৮)। পুরাতন নিয়মের বিশ্বাস, নূতন নিয়মের বিশ্বাসের মতই, কেবলমাত্র একটি শুদ্ধ বিশ্বাস সূত্র (orthodoxy) ছিল না, কিন্তু বাধ্যতার একটি জীবন (orthopraxy)। প্রাথমিক মন্ডলীর শিরোনাম ছিল “সেই পথ” (প্রেরিত ৯:২; ১৯:৯,২৩; ২৪:১৪,২২)। ঈশ্বরের উত্তম হল আত্ম দানের ভালবাসার একটি জীবন, তাঁর এবং তাঁর পুত্রের দ্বারা নমনাকৃত।

১৩:১ “যদি” এটি একটি ধারাবাহিক third class conditional sentences, যার অর্থ সম্ভাব্য কাজ, ১ করি ১৩:১, ২ এবং ৩ (দু’বার) পদে।

NASB, NKJV “আমি মানুষের এবং স্বর্গদূতদের ভাষায় কথা বলি”

NRSV “আমি মরণশীল মানুষের এবং দূতদের পরভাষায় কথা বলি”

TEV “আমি মানুষের এবং স্বর্গদূতদের ভাষায়ও কথা বলতে সক্ষম হতে পারি”

NJB “যদিও আমি মানুষের এবং স্বর্গদূতদের ভাষায় আদেশ দিতে পারি”

এটি স্পষ্টত একটি উল্লেখ পরভাষা দানের যেটি উল্লেখিত হয়েছে ১ করি ১২:১০, ২৮-২৯ পদে, একটি দান যাকে করি ১৩:১ মণ্ডলী বড় করে দেখাতো এবং পৌল এই দানের অধিকারী ছিলেন (১ করি ১৪:১, ৫, ৬, ১৮-১৯)।

তথাপি আমি মনে করি যে প্রেরিত পুস্তকের “পরভাষা” করি ১৩:১ “পরভাষা” এর চাইতে ভিন্ন ছিল, এই দ্বৈত উল্লেখ আমাকে একটু আশ্চর্য করেছে যে পৌল কি মনে করতেন যে পরভাষা হতে পারে মানুষের ভাষা (অর্থাৎ, পঞ্চাশতমী) এবং একটি উল্লাসের ধ্বনি (অর্থাৎ, স্বর্গীয় ভাষা)। কারণ নিশ্চিত যে, তিনি নিশ্চিত করেছেন যে একটি সম্পূর্ণ বিভিন্ন ভাষা বলতে পারার সক্ষমতাই যথেষ্ট নয় যদি না তা ভালবাসার দ্বারা পরিচালিত হয়! খ্রীষ্ট ধর্ম বার্তার থেকেও বেশি কিছু; এটি একজন ব্যক্তি, একটি আত্ম দান, ভালবাসা, বাধ্য ব্যক্তি-যীশু।

■ “ভালবাসা” এটি হল গ্রীক টার্ম *agapē*। Classical গ্রীকে “ভালবাসা” এর জন্য বেশ কয়েকটি শব্দের মধ্যে একটি, কিন্তু ব্যবহৃত হয়েছে মাঝে মাঝে (অর্থাৎ, noun রূপ)। মনে হয় প্রাথমিক মন্ডলী এই টার্মটিকে বেছে নিয়েছিল এবং একে একটি নূতন খ্রীষ্টিয় তাৎপর্য দিয়ে গ্রহণ করেছিল (অর্থাৎ, ঈশ্বর ও খ্রীষ্টের আত্ম-দানের ভালবাসা, ১ যোহন ৪:১০) কারণ এটি সেন্ট্রয়াজিন্টেও ব্যবহার হয়েছে (অর্থাৎ, আদি ২২:২) এবং rabbinical যিহুদী ধর্মে। পুরাতন নিয়মে ঈশ্বরের নিয়মের ভালবাসা এবং তাঁর প্রতিজ্ঞা ও নিয়মের প্রতি আনুগত্য প্রকাশিত হয়েছিল *hesed* দ্বারা। অনেক দিক থেকে *agapē* “নিয়মের ভালবাসা” এই ধারণা প্রকাশ করতো “ঈশ্বরের রাজ্য” এর সাথে সমান্তরালের দ্বারা। নূতন নিয়মে এটি ঈশ্বরের চরিত্রের জন্য একটি টার্ম হয়ে পড়েছিল, যেটি তিনি চাইতেন তাঁর অনুসারীরা অনুসরণ করতে চেষ্টা করবে (১ যোহন ৪:৭-২১)।

philos এর কাছে *agapē* এর সম্পর্ক সম্বন্ধে একটি নোট। কিছু কিছু প্রসঙ্গে মনে হয় একটি পার্থক্য রয়েছে (যোহন ২১:১৫-১৯)। যাহোক, Koine গ্রীকে এগুলি সব সময় একই রকমের (যোহন ৩:৩৫ এবং ৫:২০)।

বিশেষ বিষয়: প্রেমপূর্ণ দয়া (HESED)

{SPECIAL TOPIC: LOVINGKINDNESS (hesed)}

এই টার্মের (BDB 338 I, KB 336 II) একটি বিশাল ভাষাগত অর্থের ক্ষেত্র রয়েছে।

ক. মানবিক সত্তার সাথে সম্পর্কযুক্ত ব্যবহার

১. সহ মানবের প্রতি দয়া (অর্থাৎ, ১ শমু ২০:১৪; ২ শমু ১৬:১৭; ২ বংশ ২৪:২২; ইয়োব ৬:১৪; গীত ১৪১:৫; হিতো ১৯:২২; ২০:৬)
২. দরিদ্র ও অভাবীদের প্রতি দয়া (অর্থাৎ, মীখা ৬:৮)
৩. এর প্রতি ইস্রায়েলীয়দের মমতা (যির ২:২; হোশেয় ৬:৪)
৪. বন্য ফুলের সাময়িক সৌন্দর্য (যিশা ৪০:৬)

খ. ঈশ্বরের সঙ্গে সম্পর্কযুক্ত ব্যবহার

১. নিয়মের প্রতি আনুগত্য এবং ভালবাসা

ক. “শত্রু ও সমস্যার হাত থেকে পুনরুদ্ধারে” (অর্থাৎ, আদি ১৯:১৯; ৩৯:২১; যাত্রা ১৫:১৩; গীত ৩১:১৬; ৩২:১০; ৩৩:১৮,২২; ৩৬:৭,১০; ৪২:৮; ৪৪:২৬; ৬৬:২০; ৮৫:৭; ৯০:১৪; ৯৪:১৮; ১০৭:৮,১৫,২১,৩১; ১০৯:২১-২২; ১৪৩:৮,১২; যির ৩১:৩; ইশ্রা ৭:২৮; ৯:৯)

খ. “মৃত্যু থেকে জীবন সংরক্ষণে” (অর্থাৎ, ইয়োব ১০:১২; গীত ৬:৪-৫; ৮৬:১৩)

গ. “আত্মিক জীবন দ্রুতকরণে” (অর্থাৎ, গীত ১১৯:৪১, ৭৬, ৮৮, ১২৪, ১৪৯, ১৫৯)

ঘ. “পাপ থেকে পুনরুদ্ধারে” (অর্থাৎ, গীত ২৫:৭; ৫১:৩; ১৩০:৭-৮)

ঙ. “নিয়ম রক্ষণে” (অর্থাৎ, দ্বি বি ৭:৯,১২; ২ বংশ ৬:১৪; নথি ৯:১৭; যোয়েল ২:১৩; যোনা ৪:২; মীখা ৭:২০)

২. ঈশ্বরীক বৈশিষ্ট্য বর্ণনায় (অর্থাৎ, যাত্রা ৩৪:৬; গীত ৮৬:১৫; ১০৩:৮; নথি ৯:১৭; যোয়েল ২:১৩; যোনা ৪:২; মীখা ৭:২০)

৩. ঈশ্বরের দয়া

ক. “প্রাচুর্যতা” (অর্থাৎ, গণনা ১৪:১৮; নথি ৯:১৭; গীত ৮৬:৫; ১০৩:৮; ১৪৫:৮; যোয়েল ২:১৩; যির ৪:২)

খ. “মহা পরিমাণে” (অর্থাৎ, যাত্রা ২০:৬; দ্বি বি ৫:১০; ৭:৯)

গ. “চিরকাল স্থায়ী” (অর্থাৎ, ১ বংশ ১৬:৩৪, ৪১; ২ বংশ ৫:১৩; ৭:৩, ৬; ২০:২১; ইশ্রা ৩:১১)

ঘ. একটি দুর্গের মত (অর্থাৎ, গীত ৫৯:১৭)

ঙ. ঈশ্বরের ক্ষমতার সাথে সম্পর্কিত (অর্থাৎ, গীত ৬২:১১-১২)

৪. দয়ার কাজ (অর্থাৎ, ২ বংশ ৬:৪২; গীত ৮৯:২; যিশা ৫৫:৩; ৬৩:৭; বিলাপ ৩:২২)

এই শব্দটি ইংরাজী অনুবাদে অনেক ভাবে অনুবাদ হয়েছে। আমি মনে করি সবচেয়ে ভাল সারাংশেল ব্যাখ্যা হতে পারে “ঈশ্বরের চুক্তির আনুগত্য কোন সুতা-যুক্ত নয়।” এটি নূতন নিয়মের টার্ম “ভালবাসা” (agapaō) এর সাথে সমান্তরাল। ঈশ্বর বিশ্বস্ত ও প্রেমময় তিনি যেমন সেই কারণে!

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

NASB, NRSV “জোরে বাজানো ঘণ্টা অথবা বনবান করা করতাল”

NKJV “শব্দকারী পিঙ্গল অথবা বনবান করা করতাল”

TEV “জোরে বাজানো ঘণ্টা অথবা বনবান করা করতালের চেয়ে বেশি কিছু না”

NJB “ভীষন শব্দকারী ঘণ্টা অথবা বিকট শব্দকারী করতাল”

ঐতিহাসিক ভাবে প্রথম শতকের রোমীয় জগতে এটি ব্যবহৃত হয়েছে উপাসক Dionysus এবং Cybele দ্বারা তাদের দেবতাদের মনোযোগ আকর্ষণের জন্য। করিছীয় অপব্যবহার প্রসঙ্গে এর অর্থ হতে পারে রূপকার্ক ভাবে “পার্বণের তুরীর শব্দ” (মথি ৬:২), যেটি বজ্রের প্রতি আকর্ষণ এনেছে যেমন পুরুষেরা মিলিত আরাধনায় তাদের চুল ঢেকে রাখতো বা স্ত্রীলোকদের মিলিত আরাধনায় তাদের ছোট করে কাটা চুল না ঢাকা (১ করি ১১:৪-৫)।

করিছ নগরটি প্রাচীন জগতে পরিচিত ছিল এর তামার দ্রব্যাদির জন্য। এই বস্তুর একটি ব্যবহার ছিল নাট্যশালায় “প্রতিধ্বনি বিবর্ধিত” করার জন্য (Dictionary of Paul and His Letters, p. 172)।

পৌলের সমান্তরালবাদ দেখায় ভালবাসা ছাড়া আত্মিক কাজের বিষয়ে তার অনুভূতির গভীরতা।

১. “আমি জোরে জোরে বাজানো ঘণ্টা হয়ে পড়েছি” (perfect tense), ১ করি ১৩:২

২. “আমি কিছুই নই” (present tense), ১ করি ১৩:২

৩. “আমার কোনই লাভ নেই” (present tense), ১ করি ১৩:৩

১৩:২ “ভাববাণী বলার দান” এই বইতে এই টার্ম সবচেয়ে ভালভাবে বোঝা গেছে “সুসমাচারের বার্তা অন্যের কাছে বলা” হিসাবে (১ করি ১১:৪,৫; ১৪:৩৯)। ১ করি ১৩:২ পদের প্রথম তিনটি টার্ম প্রবৃহা ও জ্ঞানের সাথে সম্পর্কিত (১ করি ১২:৮)। এই ক্ষেত্রে সমস্যা রয়েছে যেভাবে পৌলের নেতিবাচক মন্তব্য ১ করি ১:১৭,১৯,২০,২১,২২,২৪; ২:১,৪,৫,৬,১৩; ৩:১৯ পদগুলি দেখায়। ভালবাসা ছাড়া ভাববাণী বলা, যেমন ভালবাসা ছাড়া প্রজ্ঞা ও জ্ঞান, ঈশ্বরকে সন্তুষ্ট করে না। আত্মিক দানসমূহ ব্যবহৃত হতে পারে সঠিক উপায়ে।

পুরাতন নিয়মে “ভাববাণী বলা” এর ধারণার জন্য দেখুন বিশেষ বিষয় ১ করি ১২:১০ পদে এবং নূতন নিয়মের ভাববাণী বলা ১ করি ১৪:১ পদে।

■ “এবং সমস্ত নিগূঢ় তত্ত্ব ও সমস্ত জ্ঞান থাকে” পৌল এটি ১ করি ৪:১ পদে ব্যবহার করেছেন সুসমাচারের সথের জন্য এবং ১ করি ১৫:৫১ পদে পুনরুত্থিত দেহ সম্পর্কে নির্দিষ্ট সত্য সম্পর্কে। এই প্রসঙ্গে এই শব্দগুচ্ছ মনে হয় উল্লেখ করছে প্রতিটি প্রকৃতি থেকে জ্ঞানকে, যেটি করিছীয় বিশ্বাসীরা পুরস্কৃত ও অন্বেষণ করছিল। এমনকি ভালবাসা ছাড়া খাঁটি জ্ঞান ঈশ্বরকে সন্তুষ্ট করে না। বিশেষ বিষয় দেখুন: নিগূঢ় তত্ত্ব ১ করি ২১:১ পদে।

■ “পূর্ণ বিশ্বাস” এটি উল্লেখ করে অলৌকিক কাজ সাধনকারী বিশ্বাস (১ করি ১২:৯, ২৮; মথি ১৭:২০; ২১:২১), কিন্তু মথি ৭:২১-২৩ পদে লক্ষ্য করুন যে ভালবাসা ছাড়া অলৌকিক কাজ সাধনকারী বিশ্বাস ঈশ্বরকে সন্তুষ্ট করে না বা ঈশ্বর তা জানেনও না।

পুরাতন নিয়মের “বিশ্বাস” এর ধারণা সম্পর্কে জানার জন্য দেখুন বিশেষ বিষয় ১ করি ১:৯ পদে এবং নূতন নিয়মে ১ করি ২:৪ পদে।

১৩:৩

NASB “আমি আমার সব কিছু দান করি”

NKJV “আমি আমার সব দ্রব্য দান করি”

NRSV “আমার যা কিছু আছে আমি তা বিলিয়ে দেই”

TEV “আমার যা কিছু আছে আমি তা দিতে পারি”

NJB “আমার বিলিয়ে দেওয়া উচিত. . সবকিছু যা আমার আছে”

এটি ইস্তিত দেয় একজনের, ব্যক্তিগত ভাবে, একটি একটি করে যা আছে তা বিলিয়ে দেওয়া (যোহন ১৩:২৬, ২৭, ৩০)। এটা হতে পারে ধনী যুবকের সাথে যীশুর কথোপকথনের একটি পরোক্ষ উল্লেখ (মথি ১৯:১৬-২৯; মার্ক ১০:১৭-৩০; লুক ১৮:১৮-৩০)।

NASB, NKJV “দরিদ্রদের খাওয়ানোর জন্য”

NRSV –শব্দগুচ্ছ বাদ দেওয়া হয়েছে–

TEV –শব্দগুচ্ছ বাদ দেওয়া হয়েছে–

NJB “দরিদ্রদের”

এই শব্দগুচ্ছ গ্রীক টেক্সটে নেই, কিন্তু ইস্তিত দেয় এই verb এর কাজের।

NASB, NKJV,

TEV, NJB “আমার দেহটাও পোড়ানোর জন্য”

NRSV “আমার দেহ যেন আমি গর্ব করতে পারি”

দুটি পাণ্ডুলিপিগত বিকল্প রয়েছে: “পোড়ানোর” (অর্থাৎ, *kauthēsomai*) এবং “গৌরব” (অর্থাৎ, *kauchēsōmai*) উভয়ই পাওয়া যায় প্রাচীন গ্রীক পাণ্ডুলিপিতে এবং প্রাচীন মন্ডলীর আদিপিতাদের লেখায়। শব্দগুচ্ছ, “যাতে আমি গৌরবান্বিত হই,” রয়েছে দৃঢ় পাণ্ডুলিপিগত সমর্থন (অর্থাৎ, MSS P⁴⁶, x, and B), কিন্তু UBS⁴ এই দুইয়ের মধ্যে কোন সিদ্ধান্ত নিতে সক্ষম হয়নি। এটি আরও একটি টার্ম যেটি পৌল প্রায়ই ব্যবহার করতেন (২ করি ৮:২৪; ফিলি ২:১৬; ১ থিম ২:১৯; ২ থিম ১:৪)। আশুনে সাক্ষ্যের হওয়াটা প্রাথমিক মন্ডলীর কাছে অজ্ঞাত ছিল, কিন্তু পরবর্তী কারের অত্যাচারের সময়ে এটি খুব সাধারণ বিষয় হয়ে গিয়েছিল (অর্থাৎ, Nero এবং Domitian)। সেজন্য, কেউ একজন দেখতে পারে যে কিভাবে অনুলিপিকারকেরা “গৌরব” থেকে “পোড়ান” তে পরিবর্তন করেছে।

পাণ্ডুলিপিগত পার্থক্যের পূর্ণ আলোচনার জন্য দেখুন Bruce M. Metzger, *A Textual Commentary on the Greek New Testament*, pp. 563-564। বিপরিত মতামতের জন্য দেখুন *The Expositor's Bible Commentary*, p. 270 পাদটিকা।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিছীয় ১৩:৪-৭

^৪ ভালবাসা ধৈর্য ধরে, ভালবাসা দয়া করে এবং হিংসা করে না; ভালবাসা গর্ব করে না এবং অহংকার করে না, ^৫ খারাপ ব্যবহার করে না; নিজের সুবিধার চেষ্টা করে না, রাগ করে না, কারও মন্দ ব্যবহারের কথা মনে রাখে না, ^৬ মন্দ কিছু নিয়ে আনন্দ করে না, বরং যা সত্য তাতে আনন্দ করে; ^৭ সব কিছুই সহ্য করে, সকলই বিশ্বাস করে, সব কিছুতে আশা রাখে, সব কিছুই সহ্য করে। (অনুবাদকৃত টেক্সট)।

১৩:৪-৭ এটা হতে পারে ভালবাসা বিষয়ে একটি সমবেত সঙ্গীত বা কবিতা, লেখা হয়েছে বা উদ্ধৃত করা হয়েছে পৌলের দ্বারা। ভালবাসার এই সবগুলি বর্ণনা সক্রিয়। ভালবাসা একটি কাজ, কেবলমাত্র সাধারণ একটি আবেগ নয়। এগুলি সবই যীশুর পরিচর্যাকে বর্ণনা করে (YHWH এর পরিপূর্ণ ও সম্পূর্ণ প্রকাশ) যেভাবে তিনি পাপী লোকদের মোকাবেলা করেছেন। ভালবাসা একজন ব্যক্তি!

১৩:৪ “ধৈর্য” এই verb (present active indicative) এর লোকদের বিষয়ে ধৈর্যের তাৎপর্য রয়েছে (হিতো ১৯:১১; ১ থিম ৫:১৪; যাকোব ৫:৭,৮; ২ পিতর ৩:৯) যারা আমাদের প্রতি অন্যায় কাজ করে, তাদের প্রতি প্রতিশোধ গ্রহণের ছাড়াই। এটি হল অত্মার ফলের একটি (গালা ৫:২২)। এটি হল

ঈশ্বরের একটি বৈশিষ্ট্য (রোমীয় ২:৪;৯:২২; ১ তীম ১:১৬; ১ পিতর ৩:২০)। এটি (noun) বৈশিষ্ট্যময় করে অন্তরে বাসকারী ঈশ্বরের আত্মা দ্বারা নূতন যুগের বিশ্বাসীদের (২ করি ৬:৬; কল ১:১১)।

■ “দয়া” এই verb পাওয়া যায় কেবলমাত্র এখানে এবং এছাড়াও এটি একটি লোকদের-প্রতি দৃষ্টিকারী টার্ম। এটি ইঙ্গিত দেয় যে “সকলের প্রতি নন্দ হও।” এই একই টার্ম পিতরও ব্যবহার করেছেন যীশুর জন্য ১ পিতর ২:৩ পদে। এটিও অত্মার ফলের একটি গালা ৫:২২ পদের।

■ “ঈর্ষা করে না” এটি বর্ণনা করে একটি দৃঢ় আকাংখ্যা, আক্ষরিক ভাবে “সিদ্ধ করা।” ভালবাসা কখনোই কামনা করে না লোকদের প্রতি নিজের অধিকার বা নিয়ন্ত্রন।

■ “গর্ব করে না” এই বিরল টার্ম উল্লেখ করছে একজন আত্ম-কোষামোদকারী ব্যক্তির যে অন্যদের চোখে একজন বড়াইকারী বা বাচাল। এটি প্রায়ই গ্রীক সাহিত্যে মেধাগত বা অতিরঞ্জনের গর্ব বা বাড়াই কারীর সাথে সম্পর্কিত।

■ “অহংকার করে না” এই টার্ম উল্লেখ করছে তাদের যারা নিজেদের অনেক উচ্চ ভাবে এবং ভড়ং দেখায়। এটি প্রায়ই ১ করিছীয়তে ব্যবহৃত হয়েছে (১ করি ৪:৬, ১৮, ১৯; ৫:২; ৮:১) এবং এখানে। এটি সত্যিকার ভাবে এই মণ্ডলীর চরিত্রকে প্রতিফলিত করছে। নোট দেখুন ১ করি ৪:৬ পদে।

১৩:৫ “খারাপ ব্যবহার” এটি ব্যাখ্যা করার মত সহজ টার্ম নয়। এটি ১ করি ৭:৩৬ পদে ব্যবহৃত হয়েছে আরও ইতিবাচক অর্থে। এখানে এর তাৎপর্য নেতিবাচক। এই টার্ম ব্যবহৃত হয়েছে মিশরিয় প্যাপিরাসে ইঙ্গিত দেয় একটি অভিশাপ বা শপথ গ্রহণ যেটি সম্ভ্রাশ বা অনুপযুক্ত কাজের সাথে সম্পর্কিত (১ করি ১২:৩)। এটি তাৎপর্য করে মহানুভবতার পরিবর্তে কর্কশতা।

■ “নিজের সুবিধার চেষ্টা করে না” এটি প্রায়ই বার বার বলা একটি সত্য (১ করি ৮:৯; ১০:২৪, ৩৩; রোমীয় ১৪:১৬; ফিলি ২:৩)। এটি হতে পারে ধর্মতত্ত্বগত ভাবে সম্পর্কিত ইফি ৫:২১ পদের সাথে, খ্রীষ্টের প্রতি শ্রদ্ধায় একজন অন্যের প্রতি সমর্পিত হওয়া।

■ “রাগ করে না” এই টার্মটি আক্ষরিক ভাবে “ধারালো করা।” এটি রূপকাত্মক ভাবে ব্যবহৃত হয়েছে “নাড়ানো।” এটি ইতিবাচক হতে পারে যেমন প্রেরিত ১৭:১৬ পদ আবার নেতিবাচক হতে পারে যেমন এখানে। Phillips অনুবাদে আছে “স্পর্শকাতর নয়,” এই অর্থে ব্যবহৃত হয়েছে “সহজে বিরজিকর বা ক্রোধান্বিত করা নয়।” এই noun ব্যবহৃত হয়েছে পৌল ও বার্ণবার যোহন মার্ককে নিয়ে বিবাদে (প্রেরিত ১৫:৩৯)।

NASB “কারও মন্দ ব্যবহারের কথা মনে রাখে না”

NKJV “মন্দ বিষয় ভাবে না”

NRSV “বা রাগে পূর্ণ”

TEV “মন্দ ব্যবহারের হিসাবে রাখে না”

NJB “অভিযোগ মনে রাখে না”

এটি একটি হিসাবের টার্ম অপরিশোধিত বিলসমূহের খতিয়ানের জন্য (২ করি ৩:৫; ১২:৬)। এটি উল্লেখ করে এমন একজনকে যে প্রতিশোধের আত্মা ধারণ করে। উদাহরণ হতে পারে প্রেরিত ১৫:৩৬-৪১ পদ এবং ১ তীম ৪:১১ পদ যোহন মার্কের বিষয়ে।

এটি সম্ভব যে এটি সেপ্টুয়াজেন্টের সখরিয় ৮:১৭ পদের অনুবাদের একটি পরোক্ষ উল্লেখ “আর মনে মনে আপন আপন প্রতিবাসীর অনিষ্ট চিন্তা করিও না।” যাই হোক, যেহেতু আশেপাশের শব্দগুচ্ছ সমূহ পুরাতন নিয়মের পরোক্ষ উল্লেখ নয়, তাই এটি যে পুরাতন নিয়মের উল্লেখ সে বিষয়ে সম্ভাবনাকে দুর্বল করে দেয়।

১৩:৬ উভয়ই সত্যের নেতিবাচক ও ইতিবাচক মন্তব্য। এই প্রেক্ষাপটে এটি উল্লেখ করতে পারে খ্রীষ্টিয় সমাজের মধ্যে গালগল্প। এটি অস্বাভাবিক যে টার্ম “অধার্মিকতা” তুলনীয় “সত্য” এর সাথে। সম্ভবত “অধার্মিকতা” হল সুসমাচারের বার্তায় উল্লেখিত “সঠিক জীবন যাপন” এবং “সত্যের” বিপরিত।

■ “সত্য” দেখুন বিশেষ বিষয় ২ করি ১৩:৮ পদে।

১৩:৭ “সকলই বহন করে” টার্ম “সকলই” (অর্থাৎ, *panta*) এই পদে চারবার সামনে বসেছে গুরুত্ব দানের জন্য। ভালবাসা হল ব্যাপক। “সকলই” ব্যবহৃত হয়েছে “সকল সময়ে” এই অর্থে (অর্থাৎ, চারটি verbs হল present tense) এবং “সকল উপলক্ষে।”

টার্ম “বহন করা” এসেছে গ্রীক শব্দ “ছাদ” থেকে (মথি ৮:৮)। এটি রূপকাত্মক (১) আবৃত করা (১ পিতর ৪:৮; ভিন্ট টার্ম, কিন্তু একই ধারণা) বা (২) একত্রে রাখার (১ করি ১২:৯; ১ থিষ ৩:১, ৫) জন্য। অনুবাদে আছে “অনাবৃত করাতে ধীর।”

■ “সকলই বিশ্বাস করে” এই প্রসঙ্গে এটি ইঙ্গিত দেয় “অন্যদের জন্য সবচেয়ে ভালটা দেখে” অথবা “সহ খ্রীষ্টিয়ানদের নির্দোষ বলে বিবেচনা করে।” এটি সব সময় বিশ্বাস রাখে (গালা ৫:২২)।

■ “সব কিছুতে আশা রাখে” এই প্রসঙ্গে ভালবাসা সহ বিশ্বাসীদের উপরে আশার রাখে যা বিশ্বাসের উপরে বিকশিত হয়েছে। এটি অন্তর্হিত হয় না।

■ “সব কিছুই সহ্য করে” এটি একটি শক্তিশালী টার্ম প্রলোভন ও পরীক্ষা সহ্য করার জন্য (মথি ১০:২২; ২৪:১৩; ইব্রীয় ১০:৩২; যাকোব ১:১২)। এখানে এটি বলছে স্বেচ্ছায়, অবিচলিত সহ্যকরণ। এই শব্দগুচ্ছ কোন ব্যক্তিগত প্রতিশোধ বা অবহেলায় গুরুত্ব দেয় না, কিন্তু অবিচলিত ভাবে সহ্য করা, বিশেষ করে লোকদের সাথে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ১৩:৮-১৩

৮ ভালবাসা কখনও শেষ হয় না; কিন্তু যদি সেখানে ভাববাদী হিসাবে কথা বলার দান থাকে, তা শেষ হয়ে যাবে; যদি সেখানে পরভাষা থাকে, সে সকল চলে যাবে; যদি সেখানে জ্ঞান থাকে, তাও শেষ হয়ে যাবে। ৯ কারণ আমরা আংশিক জানি আর ভাববাদী হিসাবে আংশিক বলি; ১০ কিন্তু যা পূর্ণ তা যখন আসবে, যা আংশিক তা শেষ হয়ে যাবে। ১১ আমি যখন শিশু ছিলাম, তখন শিশুর মত কথা বলতাম, শিশুর মত চিন্তা করতাম, শিশুর মত বিচার করতাম; এখন আমি মানুষ হয়েছি, তাই শিশুসুলভ বিষয়গুলি বাদ দিয়েছি। ১২ কারণ আমরা এখন আয়নায় অস্পষ্ট দেখছি, কিন্তু তখন সামনাসামনি দেখতে পাব; এখন আমি আংশিক জানি, কিন্তু সে সময়ে আমি নিজে যেমন পরিচিত তেমন পরিচিত হবো। ১৩ কিন্তু এখন বিশ্বাস, আশা, ভালবাসা এই তিনটিই আছে; কিন্তু এগুলোর মধ্যে ভালবাসাই সবচেয়ে বড়। (অনুবাদকৃত টেক্সট)।

১৩:৮ বেশ কিছু অনুবাদ ১ করি ১৩:৮ পদ থেকে নতুন প্যারাগ্রাফ শুরু করেছে। পৌলের খ্রীষ্টিয় ভালবাসা সম্পর্কে আলোচনা সামান্য পরিবর্তন করে এবং নতুন একটি দিকের বিকাশ করে (অর্থাৎ, এই যুগের গুণাবলী ও কার্যক্রম বনাম নতুন যুগ সুসম্পূর্ণ করা, যেটি উৎসর্গীকৃত হয়েছে)।

■ “ভালবাসা শেষ হয় না” এই টার্মের দুটি রূপকার্থক সুসামঞ্জস্য ব্যবহার রয়েছে: (১) এটি ব্যবহৃত হয়েছে একজন অভিনেতার জন্য মঞ্চে বাইরে থেকে থিকারের শব্দ অথবা (২) এটি ব্যবহৃত হয়েছে একটি ফুল যার পাপড়ি পড়ে গেছে কারণ ঝড়ো আবহাওয়ার পরিস্থিতি (যাকোব ১:১১; ১ পিতর ১:২৪)। ঈশ্বরের ভালবাসা কখনোই শেষ হয় না!

NASB “যদি সেখানে. . . যদি সেখানে. . . যদি সেখানে”

NKJV “কিমা. . . কিমা. . . কিমা”

NRSV “এই জন্য. . . এই জন্য. . . এই জন্য”

TEV “সেখানে. . . সেখানে. . . সেখানে”

NJB “যদি সেখানে. . . যদি. . . যদি”

ব্যাকরণগত রূপ *eite* (তিনটি first class conditional sentences) ইঙ্গিত দেয় সেখানে আত্মিক দানের।

■ “ভাববাদী. . . শেষ হয়ে যাবে. . . পরভাষা. . . নিবৃত্ত হবে. . . জ্ঞান. . . শেষ হয়ে যাবে” লক্ষ্য করুন সমান্তরাল কাঠামো। এগুলি হল আত্মিক দান যেগুলিকে করিন্থীয় মন্ডলী বাড়িয়ে দেখাত (১ করি ১৩:১-৩)। এই পদটি প্রায়ই ব্যবহৃত হয়েছে পরভাষাকে হীনমূল্য করতে কারণ ভিন্ন verb এবং ভিন্ন voice ব্যবহৃত হয়েছে। যাই হোক, প্রসঙ্গ নিশ্চয়তা দেয় যে সকল আত্মিক দানই বন্ধ হয়ে যাবে, কিন্তু ভালবাসা কোন দিনই বন্ধ হবে না। এখানে এই প্রসঙ্গে কোন গুরুত্ব দেওয়া হয়নি সময়ের উপদানের একটি দান বনাম আর একটি দানের। আত্মিক দান স্বল্প সময়ের, অনন্তকালীন নয়। ভালবাসা অনন্তকালীন!

এই টার্ম “শেষ হয়েছে” ১ করি ১৩:৮, ১০ এবং ১১ পদে। দেখুন বিশেষ বিষয়: *Katargeō* ১ করি ১:২৮ পদে।

১৩:৯ এটি শুরু করেছে ধারাবাহিক পদের যা গুরুত্ব দিয়েছে আংশিক এবং অসম্পূর্ণ আত্মিক দানের। এই আংশিক হবার কারণ মানবিক দুর্বলতা, পতিত মানসিকতা, এবং সীমাবদ্ধতা, ঈশ্বরের দানের সাথে সংযোগের অভাব নয়।

১৩:১০ “যা পূর্ণ তা যখন আসবে” এই টার্ম (অর্থাৎ,) অর্থ “পরিপক্বতা, সম্পূর্ণতা.” অথবা “একটি নির্ধারিত কাজের জন্য সম্পূর্ণ ভাবে সুসজ্জিত” (১ করি ২:৬; ১৩:১০; ১৪:২০)। সব সময়ই এই প্রশ্নটি রয়েছে, “এটি কি উল্লেখ করছে?:

১. অনেকেই জোর দিয়ে বলতে চেষ্টা করেছেন যে এটি উল্লেখ করছে নতুন নিয়মকে। এই প্রসঙ্গে এমন কিছু নাই যা এই পয়েন্টের দিকে নির্দেশ করে। এটি কেবলমাত্র একটি তত্ত্ব ব্যবহৃত হয়েছে দাবী করতে যে আত্মিক দানসমূহ প্রেরিত পরবর্তী সময়ে নিবৃত্ত হয়ে গেছে।
২. অনেকেই জোর দিয়ে বলতে চেষ্টা করেছেন যে এটি উল্লেখ করছে আত্মিক পরিপক্বতাকে ১ করি ১৩:১১ পদের কারণে (অর্থাৎ, প্রথমে শিশু তারপরে বয়ঃপ্রাপ্ত) অথবা আত্মিক দানের সঠিক ব্যবহার।
৩. কেউ কেউ জোর দিয়ে বলতে চেষ্টা করেছেন যে এটি উল্লেখ করছে খ্রীষ্টের দ্বিতীয় আগমন এবং ধার্মিকতার নতুন যুগের সুসম্পূর্ণতাকে কারণ ১ করি ১৩:১২ পদ (অর্থাৎ, “সম্মুখা সম্মুখী দেখা”)।
৪. আমার কাছে এটি মনে হয় #২ ও #৩ এর সমন্বয়।

teleios এর ভিন্ন ভিন্ন ব্যবহার এবং তাৎপর্য দেখা যেতে পারে ইব্রীয় পুস্তকে এর ব্যবহারে। দেখুন নিচে বিশেষ বিষয়।

[বিশেষ বিষয়:শেষ বা পরিপূর্ণ \(TELOS\), পৃ.৬৯; \(SPECIAL TOPIC: END OR FULL \(TELOS\), See page 69\)](#)

১৩:১১ “আমি বাদ দিয়েছি” এটি হল গ্রীক টার্ম *katargeō*, যেটি পৌল প্রায়ই ব্যবহার করতেন। দেখুন বিশেষ বিষয় ১ করি ১:২৮ পদে। এই প্রসঙ্গে পৌল জোর দিয়ে বলেছেন যে

১. ভাববাণী একদিন শেষ হয়ে যাবে, ১ করি ১৩:৮ (future passive indicative)
২. জ্ঞান একদিন শেষ হয়ে যাবে, ১ করি ১৩:৮ (future passive indicative)
৩. প্রতিটি দান একদিন শেষ হয়ে যাবে, ১ করি ১৩:১০ (future passive indicative)
৪. আত্মিক শিশুকাল একদিন শেষ হয়ে যাবে, ১ করি ১৩:১১ (future passive indicative)

১৩:১২ “আয়নায়” করিছ প্রসিদ্ধ ছিল এর ধাতুর তৈরী মসৃণ আয়নার জন্য। সেই সময়ে প্রাপ্ত সবচেয়ে উত্তম ছিল এগুলি, কিন্তু সেগুলি একটি অস্পষ্ট প্রতিচ্ছবি প্রতিফলিত করতো। মানুষ, এমনকি উদ্ধার প্রাপ্ত মানুষ, বাধা প্রাপ্ত হতো যার দ্বারা (১) পাপ স্বভাব; (২) সীমাবদ্ধতা; (৩) সীমাবদ্ধ দৃষ্টিভঙ্গি; (৪) সংস্কৃতি প্রভাবিত বিবেক ও বিশ্ব দর্শন; (৫) ধারাবাহিক শৃংখলা হিসাবে সময়; এবং (৬) মানুষের ভাষা আত্মিক রাজ্য ব্যাখ্যা ও বর্ণনা করতে।

সমান্তরালতা লক্ষ্য করুন

১. ১ করি ১৩:৯, আংশিক জানা, আংশিক ভাববাণী বনাম যখন সম্পূর্ণতা আসবে
২. ১ করি ১৩:১১, একটি শিশু বনাম একজন বয়ঃপ্রাপ্ত
৩. ১ করি ১৩:১২, করিছীয় আয়না বনাম সামনা সামনি এবং আংশিক জানা বনাম সম্পূর্ণ জানা

এগুলি মনে হয় প্রতিফলিত করে বর্তমান বাস্তবতা বনাম ভবিষ্যৎ বাস্তবতা, সেজন্য, দ্বিতীয় আগমন, যেটি নূতন নিয়মকে সুসম্পূর্ণ করে, তাই হল লক্ষ্য।

■ “অস্পষ্ট” এটি আক্ষরিক ভাবে “একটি ধাঁধা” (NJB)। রাব্বিরা বিশ্বাস করতেন যে ঈশ্বর ধাঁধার মাধ্যমে মোশির সঙ্গে কথা বলেছিলেন (গণনা ১২:৬,৮)।

■ “সামনা সামনি” এটি একটি রূপক ঘনিষ্ঠ সহভাগিতার জন্য (অর্থাৎ, গণনা ১২:৮ পদের সাথে তুলনীয়)। পরিত্যক্ত নিয়মে YHWH কে দেখা অর্থ মৃত্যু (আদি ৩২:৩০; যাত্রা ৩৩:২০; যোহন ১:১৮)। নূতন যুগে এটি হয়ে যাবে স্বাভাবিক (মথি ৫:৮; ২ করি ৫:৭; ১ যোহন ৩:২; প্রকা ২২:৪)।

■ “আমি আংশিক জানি. . .আমি যেমন পরিচিত. . .তেনি পরিচিত হবো” এটি সুস্পষ্ট ভাবে ইব্রীয় ও গ্রীক টার্ম “জানা” এর তাৎপর্যের উপরে একটি কৌশল। পুরাতন নিয়মে এটি উল্লেখ করে, প্রকৃত ঘটনার পূর্ব জ্ঞান নয় (অর্থাৎ, গ্রীক ধারণা), কিন্তু ব্যক্তিগত সম্পর্ক (আদি ৪:১ এবং যির ১:৫)।

এই পদে গ্রীক “জানা” (অর্থাৎ, *ginōskō*) শব্দের উপরে একটি কৌশল রয়েছে। প্রথম ব্যবহার হল মৌলিক টার্ম। দ্বিতীয় ও তৃতীয় ব্যবহার হল সমন্বিত টার্ম (অর্থাৎ, *epiginōskō*), যেটি ইঙ্গিত দেয় পরীক্ষামূলক, পূর্ণ জ্ঞান। নূতন যুগে বিশ্বাসীরা ঈশ্বরকে জানবে যেমন তিনি আমাদের জেনেছেন (১ করি ৮:৩; গালা ৪:৯)। “নূতন চুক্তি” বৈশিষ্ট্য হয়েছে ঈশ্বরের লোকদের প্রত্যেকে তাঁকে জানার দ্বারা (যির ৩১:৩১-৩৪)। প্রচারক/শিক্ষকের কোন দরকার হবে না!

“জানার” ধর্মতাত্ত্বিক ধারণা নির্বচনের ধারণার সাথে সম্পর্কিত। নিগূঢ় তত্ত্ব হল কিভাবে নির্বাচন (অর্থাৎ, ঈশ্বরের মনোনয়ন) চুক্তির সাড়া প্রদানে সম্পর্কিত (অর্থাৎ, মানুষের মনোনয়ন) তা অনিশ্চিত। পুরাতন নিয়মের এই পদগুলির যুক্তি অনুসরণ করে: গীত ১:৬; যির ১:৫; আমোষ ৩:২ এবং নূতন নিয়মের পদগুলি: রোমীয় ৮:২৯; ১১:২; ১ করি ৮:৩; ১৩:১৩; গালা ৪:৯, সময়ের আগেই, সময়ে এবং সময়ের উর্দে বিশ্বাসীরা ঈশ্বরের কাছে পরিচিত ছিলেন। বিশ্বাসীরা, যাই হোক, ঈশ্বরকে জানে ধাপে ধাপে একই ভাবে ধার্মিকতায়, পবিত্রকরণে, এবং মহিমাম্বিত হওয়ায়। আমরা পুরাতন নিয়ম, যীশু এবং সুসমাচারের মাধ্যমে সময়ে তাঁকে জেনেছি, সময়ের মাধ্যমে আমাদের খ্রীষ্টসাদৃশ্যতায় বৃদ্ধি পাবার দ্বারা আত্মার মাধ্যমে; এবং সময়ের উর্দে আমরা তাঁকে জানবো সমনা সামনি হয়ে, সম্পর্কের ঘনিষ্ঠতায় ধার্মিকতার নূতন যুগের পূর্ণ জ্ঞানে।

১৩:১৩ “আশা” এই গ্রীক টার্মের ইংরাজী টার্মের অস্পষ্টতা এবং অনিশ্চয়তা নেই। এটি দৃঢ় নিশ্চয়তা যে ঈশ্বরের প্রতিজ্ঞা তাঁর নির্দিষ্ট সময়ে বাস্তব রূপ লাভ করবে।

বিশেষ বিষয়: আশা (*elpis*, পৌলের)

{SPECIAL TOPIC: HOPE (*elpis*, in Paul)}

পৌল এই টার্মটি প্রায়ই ব্যবহার করেছেন কয়েকটি ভিন্ন কিন্তু সম্পর্কযুক্ত অর্থে। প্রায়ই এটি যুক্ত হয়েছে বিশ্বাসীদের বিশ্বাস সুসম্পন্ন করার সাথে (অর্থাৎ, ১ তীম ১:১)। এটি গৌরব, অনন্ত জীবন, চূড়ান্ত পরিত্রাণ, দ্বিতীয় আগমন ইত্যাদি হিসেবে প্রকাশ করা যেতে পারে। সুসম্পন্ন করা হল নিশ্চিত, কিন্তু সময়ের উপাদান হল ভবিষ্যত এবং অনিশ্চিত। আশা প্রায়ই যুক্ত হয়েছে “বিশ্বাস” এবং “ভালবাসা” র সাথে (১ করি ১৩:১৩; ১ থিম ১:৩; ২ থিম ২:১৬)। পৌলের কিছু কিছু ব্যবহারের একটি আংশিক তালিকা হল:

১. দ্বিতীয় আগমন, গালা ৫:৫; ইফি ১:১৮; ৪:৪; তীত ২:১৩
২. যীশু আমাদের আশা, ১ তীম ১:১ (ঈশ্বর আমাদের আশা, ১ তীম ৫:৫; ১ পিতর ৩:৫)
৩. বিশ্বাসীদের ঈশ্বরের কাছে উপস্থাপন করা হবে, কল ১:২২-২৩; ১ থিম ২:১৯
৪. আশা স্বর্গে রাখা আছে, কল ১:৫
৫. সুসমাচারে নির্ভরশীলতা, কল ১:২৩; ১ থিম ২:১৯
৬. চূড়ান্ত পরিত্রাণ, কল ১:৫; ১ থিম ৪:১৩; ৫:৮
৭. ঈশ্বরের গৌরব, রোমীয় ৫:২; ২ করি ৩:১২; কল ১:২৭
৮. খ্রীষ্টের দ্বারা অযিহুদীদের পরিত্রাণ, কল ১:২৭

৯. পরিত্রাণের নিশ্চয়তা, ১ থিষ ৫:৮
১০. অনন্ত জীবন, তীত ১:২; ৩:৭
১১. খ্রীষ্টিয় পরিপক্বতার ফলাফল, রোমীয় ৫:২-৫
১২. সকল সৃষ্টির পরিত্রাণ, রোমীয় ৮:২০-২২
১৩. দণ্ডক গ্রহণ সুসম্পন্ন, রোমীয় ৮:২৩-২৫
১৪. ঈশ্বরের জন্য উপাধি, রোমীয় ১৫:১৩
১৫. পৌলের বিশ্বাসীদের জন্য আকাংখ্যা, ২ করি ১:৭
১৬. পুরাতন নিয়ম নতুন নিয়মের বিশ্বাসীদের একটি দিক নির্দেশক হিসাবে, রোমীয় ১৫:৪

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “কিন্তু এখন বিশ্বাস, আশা, ভালবাসা আছে” verb হল singular (গালা ৫:২২)। পৌল সব সময়ই এই তিনটি ব্যবহার করেছেন (রোমীয় ৫:২-৫; গালা ৫:৫-৬; ইফি ১:১৫-১৮; কল ১:৪-৫; ১ থিষ ১:৩; ৫:৮; ইব্রীয়) এবং অন্যান্য নূতন নিয়মের লেখকেরও (ইব্রীয় ৬:১০-১২; ১ পিতর ১:২১-২২)।

■ “এগুলোর মধ্যে ভালবাসাই সবচেয়ে বড়” এটি হল সবচেয়ে বড় কারণ অন্য সবগুলি নূতন যুগের সুসম্পূর্ণতায় শেষ হয়ে যাবে। বিশ্বাস দৃষ্টি থেকে সরে যাবে এবং আশা তার পরিপূর্ণতা পাবে, কিন্তু ভালবাসা চিরকাল থাকবে কারণ এটি হল ঈশ্বর মৌলিক চরিত্র (যোহন ৩:১৬; ১ যোহন ৪:৮,১৬)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. আপনার কথায় একটি বাক্যে এই অধ্যায়ের মূল ধারণাটি লিখুন।
২. পৌল কেন আত্মিক দানের বিষয়ে আলোচনা মাঝখানে এই ভালবাসার অধ্যায়টি প্রবিষ্ট করেছেন?
৩. *agapē* ভালবাসা আপনার নিজের কথায় ব্যাখ্যা করুন।
৪. ১ করি ১৩:৮-১৩ পদ কেন আমাদের সময়ে আত্মিক দানের উপরে যুদ্ধক্ষেত্র হয়ে উঠেছে?

Copyright © 2013 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

১ করিন্থীয় ১৪
(1 CORINTHIANS 14)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
				প্রকাশ্য আরাধনার শিষ্টতা (১১:২-১৪:৪০)
ভাববাণী ও পরভাষা	ভাববাণী ও পরভাষা	দানের মধ্যে, ভাববাণী পরভাষার চেয়ে সেবা	দান সম্বন্ধে আরও কিছু	আত্মিক দান: সেগুলির সমাজে গুরুত্বের দিক
১৪:১-৫	১৪:১-৫	১৪:১-৫	১৪:১-৪	১৪:১-৫
	পরভাষা অবশ্যই ব্যাখ্যা করতে হবে		১৪:৫-৬	
১৪:৬-১৯	১৪:৬-১৯	১৪:৬-১২		১৪:৬-১২
			১৪:৭-১২	
		১৪:১৩-১৯	১৪:১৩-১৭	১৪:১৩-১৯
	পরভাষা অবিশ্বাসীদের কাছে একটি চিহ্ন		১৪:১৮-১৯	
১৪:২০-২৫	১৪:২০-২৫	১৪:২০-২৫	১৪:২০-২২	১৪:২০-২৫
			১৪:২৩-২৫	
সব বিষয় সুশৃঙ্খল ভাবে সম্পন্ন হবে	মণ্ডলীর সভার শৃঙ্খলা		মণ্ডলীতে শৃঙ্খলা	আত্মিক দান নিয়ন্ত্রণ
১৪:২৬-৩৩ক	১৪:২৬-৪০	১৪:২৬-৩৩ক	১৪:২৬-৩৩ক	১৪:২৬-৩৩ক
১৪:৩৩খ-৩৬		১৪:৩৩খ-৩৬	১৪:৩৩খ-৩৫	১৪:৩৩খ-৩৫
			১৪:৩৬-৩৮	১৪:৩৬-৩৮
১৪:৩৭-৪০		১৪:৩৭-৪০		১৪:৩৯-৪০
			১৪:৩৯-৪০	

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

১৪:১-৪০ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

ক. এটি ১১ অধ্যায়ে শুরু হওয়া পৌলের মিলিত আরাধনার বিষয়ে চলমান নির্দেশনা। করিণ্থের মন্ডলী বেশ কয়েকটি ক্ষেত্রে অনুপযুক্ত ভাবে, আদর্শহীন উপায়ে আরাধনা করছিল।

খ. আরাধনা অনুশীলন মূল্যায়নের প্রধার নীতিটি হল, “এটা কি সমগ্র মন্ডলীকে গেঁথে তুলছে?” মিলিত আরাধনার দুটি লক্ষ্য:

১. হারানদের প্রয়োজন যারা উপস্থিত
২. বিশ্বাসীদের প্রয়োজন যারা উপস্থিত

এটি অনুসরণ করছে যীশুর মহান আদেশ (মথি ২৮:১৯-২০)। *Hard Sayings of the Bible* বলে,

“পৌলের মন্ডলীক জীবন ও আরাধনার জন্য কার্যকর নীতি অপরিবর্তনীয়। যা কিছু সুসমাচারের আন্দোলনকে ব্যাহত করে, তা বৃদ্ধি পাবার চেয়ে বিশৃঙ্খলার সৃষ্টি করে, উৎসাহ দান বা সবল করার চেয়ে হতাশ করে, নিজেকেই গেঁথে তোলে অন্যদের মূল্য-এর সব কিছুই ঈশ্বরের উদ্দেশ্যের বিপরীত। আর কমবেশী যেমন করিণ্থের এবং অন্য জায়গার নূতন মন্ডলীর মহিলারা তাদের দান ব্যবহার করেছে ঈশ্বরের উদ্দেশ্যের বিপরীত, নীরব থাকার আদেশ উপযুক্ত, কর্তৃত্বসূলভ কথা। নীতি যেটি এই আদেশের অন্তরালে ছিল তা হল কর্তৃত্বসূলভ সকল মন্ডলীর পুরুষ ও স্ত্রীলোকদের জন্য” (পৃ...৬১৬)।

গ. এখন মিলিত আরাধনায় মহিলাদের অংশগ্রহণের বিতর্কমূলক বিষয় সম্বন্ধে। যদি আপনি পাঁচ জন ব্যাখ্যাকারকের ব্যাখ্যা পড়েন তবে আপনি পাঁচটি ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গি পাবেন। সমস্যা মনে হয় যে আমরা সকলে এই অধ্যায়ে আসি ব্যক্তিগত, ডিনোমিনেশনগত, অভিজ্ঞতালব্ধ, এবং শাস্ত্র ব্যাখ্যার নীতি বিবেচনা নিয়ে! আমরা কেউই নিরপেক্ষ নই। আমরা বাইবেলকে গুরুত্বের সাথে গ্রহণ করি, কিন্তু বাইবেলে, এমনকি পৌলও দু’রকম সুরে কথা বলেছেন (১ করি ১১:৫ বনাম ১৪:৩৪)।

কোন কোন ব্যাখ্যাকারক ১ করি ১৪:৩৪-৩৫ পদ অনুলিপিকারকদের সংস্করণ (MSS D, F, G এই পদগুলিকে রেখেছেন ১ করি ১৪:৪০ পদের পরে) বলে বাদ দিতে চেষ্টা করেছেন অথবা সেগুলিকে পৌলের ভক্ত শিক্ষকদের শ্লোগানের উদ্ধৃতি বলে অবমূল্যায়ন করেছেন। উভয় ভাবেই এই উদ্দেশ্য এই অধ্যায়কে বলিয়েছে একেবারে বিপরীত কথা যা এই অধ্যায় মনে হয় বলতে চেয়েছে।

ঘ. ১ করি ১৪:৩৪-৩৫ পদে পৌলের কথা যিহূদী প্রথা ও গ্রীক-রোমীয় সংস্কৃতির সাথে খাপ খায়। যদিও, অনেক তাৎপর্যপূর্ণ উপায়ে পৌলের পরিচর্যা যিহূদী প্রথা ও গ্রীক-রোমীয় সংস্কৃতির বিরুদ্ধে ছিল।

ঙ. প্রথম শতকের ভূমধ্যসাগরীয় জগতে সমাজ ছিল ক্রীতদাস নির্ভর এবং পুরুষের কর্তৃত্বপূর্ণ। যীশু বা পৌলের জন্য এই সব সমাজিক প্রথাকে ব্যাপক ভাবে পরিবর্তন করা যা মন্ডলীর বৃদ্ধিতে, এমনকি এর অস্তিত্বের উপরে নেতিবাচক হতো। যীশু এবং পৌল নিশ্চিত করেছেন সকল মানুষের মর্যাদা ও মূল্য। সময়ের প্রবাহে সুসমাচার এই উভয় অপব্যবহার ধংস করবে। এটা বলা নিরাপদ যে তারা তাদের সময়ে অনুপ্রেরণার শক্তিতে কথা বলেছেন এবং এই জন্য তাদের কথা ভবিষ্যৎ দিনের মর্যাদা ও সমতার দিকে দেখিয়ে দিচ্ছে।

চ. প্রাথমিক মন্ডলীতে স্ত্রীলোক বা ক্রীতদাস নেতারা নেতিবাচক ভাবে সুসমাচার প্রচারে প্রভাবিত হতো। আজকেও এটা একই সত্য, কিন্তু বিপরীত দিক থেকে। আমাদের সমাজে স্পষ্টভাষী স্ত্রীলোক পরিচর্যার জন্য দানস্বরূপ যারা আমাদের সমাজের একটি দিকে পৌছাতে পারবেন অন্যদের চেয়ে বেশি কার্যকর হবে। অধিক স্ত্রীলোক পরিচর্যাকারী আকাংখ্যা করা ছাড়া অন্য কোন উপায় নাই, কিন্তু বাস্তবতা যে সকল বিশ্বাসী আহবান প্রাপ্ত, দান প্রাপ্ত, সুসমাচারের পরিচর্যাকারী; সকলেই বিশ্বাসী! আমি আসলে কোন নির্দিষ্ট পরিচর্যা কাজের জন্য স্ত্রীলোকদের সমর্থন করছি না, কিন্তু জোর দিয়ে বলছি পরিচর্যা সকল বিশ্বাসীর (ইফি ৪:১২)।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ১৪:১-৫

^১ তোমরা ভালবাসার অনুধাবন কর, তথাপি আত্মিক দানের জন্য আকাংখী হও, কিন্তু বিশেষ করে যেন তোমরা ভাববাণী বলতে পার। ^২ কারণ যে লোক পরভাষায় কথা বলে সে মানুষের কাছে কথা বলে না কিন্তু ঈশ্বরের কাছে কথা বলে; কারণ কেউ তা বুঝতে পারে না, কিন্তু সে তার আত্মায় নিগূঢ় তত্ত্ব বলে। ^৩ কিন্তু যে লোক ভাববাণী বলে সে মানুষের কাছে গৈঁথে তোলার ও আশ্বাসের ও সান্ত্বনার কথা বলে। ^৪ যে লোক পরভাষায় কথা বলে সে নিজেকেই গৈঁথে তোলে; কিন্তু যে লোক ভাববাণী বলে সে মন্ডলীকে গৈঁথে তোলে। ^৫ আমি এখন ইচ্ছা করি যে তোমরা সকলেই পরভাষায় কথা বলতে পার, কিন্তু আরও বেশী করে ইচ্ছা করি যেন তোমরা ভাববাণী বলতে পার; আর যে পরভাষায় কথা বলে সে যদি বুঝিয়ে না দেয় তবে তার চেয়ে মহান যে ভাববাণী বলে, যেন মন্ডলী গৈঁথে তোলা যেতে পারে। (অনুবাদকৃত টেক্সট)।

১৪:১ “ভালবাসার অনুধাবন কর” এটি একটি present active imperative (রোমীয় ১৪:১৯; ১ থিম ৫:১৫; ১ তীম ৬:১১; ২ তীম ২:২২)। এটি দেখায় ১৩ অধ্যায়ের সাথে প্রসঙ্গকৃত সংযোগ। ভালবাসা হল ঈশ্বর এবং তাঁর লোকদের চারিত্রিক বৈশিষ্ট্য (গালা ৫:২২; ১ যোহন ৪:৭-২১)। মনে রাখুন, ১১-১৪ অধ্যায় করিছে মিলিত আরাধনার সমস্যা সম্পর্কিত একটি সাহিত্য একক।

NASB “আত্মিক দানের জন্য আকাংখী হও”

NKJV “আত্মিক দানের আকাংখী হও”

NRSV “আত্মিক দানের জন্য ক্ষুধার্ত হও”

TEV “আত্মিক দানের জন্য তোমার হৃদয় প্রস্তুত কর”

NJB “আরও, আগ্রহী হও, আত্মিক দানের জন্য”

“সিদ্ধ করা” মূল থেকে এটি আর একটি present active imperative (১ করি ১২:৩১)। এটি দেখায় ১২ অধ্যায়ের সাথে প্রসঙ্গকৃত সংযোগ। এক অর্থে ১৩ অধ্যায় প্রসঙ্গে ভেঙ্গেছে। মনে রাখুন যে ১২-১৪ অধ্যায় হল সঠিক ভাবে আত্মিক দান ব্যবহারের একটি যুক্ত বিবরণ।

টার্ম “আত্মিক” একই যেটি ১ করি ১২:১ পদে ব্যবহৃত হয়েছে (১ করি ২:১৩,১৫; ৩:১; ৯:১১; ১০:৩,৪; ১৪:৩৭; ১৫:৪৪,৪৬)। এটি যুক্ত হতে পার দান, লোক, বস্ত্র, ইত্যাদির সাথে। প্রসঙ্গ ঠিক করে তাৎপর্য।

■ “কিন্তু বিশেষ করে যেন তোমরা ভাববাণী বলতে পার” টার্ম “ভাববাণী” ১ করিন্থীয়তে একটি বিশেষ অর্থে ব্যবহৃত হয়েছে। এটি পুরাতন নিয়মের ভাববাদীদের মত কার্যকলাপকে বোঝায়নি (অর্থাৎ, শাস্ত্র লেখা), কিন্তু একটি স্পষ্ট যোগাযোগ সুসমাচারের সাথে প্রকাশ্য প্রচারে কিম্বা ব্যক্তিগত সাক্ষ্যে। এটিও প্রত্যেক বিশ্বাসীর জন্য আকাংখিত (১ করি ১৪:৩৯), কিন্তু এটিও একটি আত্মিক দান (১ করি ১২:১০,২৮-২৯)। সকল বিশ্বাসীরা সকল আত্মিক দানে অংশ গ্রহণ করবে এমন একটি স্তরে, কিন্তু একটি বা অন্য একটিকে তেজময় ও শক্তিদান করা এক একজন বিশ্বাসীর মধ্যে বিশেষ কার্যকারীতার জন্য। বিভিন্নতা চায় বিশ্বাসীদের মধ্যে সহযোগিতা এবং ভালবাসার আত্মা। আমাদের সুসমাচারের জন্য একতার জন্য আহবান করা হয়েছে, অনৈক্যের জন্য নয়। আমরা কেবলমাত্র সহযোগিতায় কার্যকর হই! আমাদের ভীষণ ভাবে দরকার অন্য বিশ্বাসীদের। মন্ডলী হল আহবান প্রাপ্ত সমাজ, দান প্রাপ্ত, পূর্ণ সময়ের পরিচর্যাকারী। সুসমাচার বিস্তার এবং স্বাস্থ্যবান ও মন্ডলীর সম্পূর্ণতার জন্য আমরা দান প্রাপ্ত।

এই দান পরভাষার সাথে তুলনীয় এই নীতির দ্বারা “এটি সমগ্র মন্ডলীকে গৈঁথে তোলে?” এই প্রশ্নে এর অর্থ “সুসমাচার ঘোষণা করা,” যেটি সমগ্র মন্ডলীর জন্য একটি আশীর্বাদ সেই সাথে দর্শনার্থীদেরও। পরভাষায় কথা বলার দান কেবলমাত্র একটি আশীর্বাদ একজন বিশ্বাসীর জন্য ততক্ষণ পর্যন্ত যতক্ষণ পর্যন্ত এটি কেউ একে সমগ্র মন্ডলীর কাছে ব্যাখ্যা না করছে। এই টার্মটি পুরাতন নিয়মের অনুপ্রাণিত প্রত্যাদেশের অর্থে বোঝা যাবে না (দেখুন বিশেষ বিষয়: পুরাতন নিয়মের ভাববাণী, পৃ..২৭১, (SPECIAL TOPIC: OLD TESTAMENT PROPHECY, See page 217) ১ করি ১২:১০ পদে)।

বিশেষ বিষয়: নূতন নিয়মের ভাববাণী

(SPECIAL TOPIC: NEW TESTAMENT PROPHECY)

I. এটি পুরাতন নিয়মের ভাববাণীর মত এক নয় (BDB 611, KB 661; দেখুন বিশেষ বিষয়: ভাববাণী [পুরাতন নিয়ম]), যার রয়েছে এর অনুপ্রাণিত প্রত্যাদেশ লাভের ও লিপিবদ্ধ করার rabbinical তাৎপর্য। (প্রেরিত ৩:১৮,২১; রোমীয় ১৬:২৬)। একমাত্র ভাববাদীরা শাস্ত্র লিখতে পারেন।

ক. মোশীকে একজন ভাববাদী বলা হয়েছে (দ্বি বি ১৮:১৫-২১)।

খ. ঐতিহাসিক বই (যিহোশূয় – রাজাবলী [রুত ছাড়া] বলা হতো “পূর্বের ভাববাদী” (প্রেরিত ৩:২৪)।

গ. ভাববাদীরা মহা যাজকের স্থান অধিকার করতেন ঈশ্বরের থেকে আসা তথ্যে উৎস হিসেবে (যিশাইয়-মালাখী)।

ঘ. ইব্রীয় ক্যাননের দ্বিতীয় বিভাগ হল “ভাববাদীরা” (মথি ৫:১৭; ২২:৪০; লুক ১৬:১৬; ২৪:২৫,২৭; রোমীয় ৩:২১)।

II. নূতন নিয়মের ধারণাটি ব্যবহার করা হয়েছে কয়েকটি ভিন্ন ভিন্ন উপায়ে।

ক. পুরাতন নিয়মের ভাববাদীদের এবং তাদের অনুপ্রাণিত বার্তাকে উল্লেখ করে (মথি ২:২৩; ৫:১২; ১১:১৩; ১৩:১৪; রোমীয় ১:২)

- খ. উল্লেখ করে একজন ব্যক্তির জন্য বার্তা একটি যৌথ দলের বদলে (অর্থাৎ, পুরাতন নিয়মের ভাববাদীরা প্রাথমিকভাবে ইশ্রায়েলে জন্য কথা বলতেন)
- গ. উল্লেখ করে যোহন বাণ্ডাইজক (মথি ১১:৯; ১৪:৫; ২১:২৬; লুক ১:৭৬) এবং যীশু উভয়কে ঈশ্বরের রাজ্যের ঘোষণাকারী হিসাবে (মথি ১৩:৫৭; ২১:১১,৪৬; লুক ৪:২৪; ৭:১৬; ১৩:৩৩; ২৪:১৯)। এছাড়া যীশু নিজেকে ভাববাদী থেকে মহান হিসেবে দাবী করেছেন (মথি ১১:৯; ১২:৪১; লুক ৭:২৬)।
- ঘ. নতুন নিয়মে অন্য ভাববাদীরা
১. যীশুর জীবনের প্রথম দিক যেভাবে লূকের সুসমাচারে লিপিবদ্ধ হয়েছে (অর্থাৎ, মরিয়মের স্মৃতি)
 - ক. ইলিশাবেথ (লুক ১:৪১-৪২)
 - খ. সখরিয় (লুক ১:৬৭-৭৯)
 - গ. শিমিয়োন (লুক ২:২৫-৩৫)
 - ঘ. হান্না (লুক ২:৩৬)
 ২. উপহাসপূর্ণ ভবিষ্যত বাণী (কাইয়াফা, যোহন ১১:৫১)
- ঙ. উল্লেখ করে একজনের প্রতি যিনি সুসমাচার ঘোষণা করেছেন (১ করি ১২:২৮-২৯; ইফি ৪:১১ পদে ঘোষণা করার দানগুলো তালিকাভুক্ত করে)
- চ. উল্লেখ করে মন্ডলীতে চলমান দানের (মথি ২৩:৩৪; প্রেরিত ১৩:১; ১৫:৩২; রোমীয় ১২:৬; ১ করি ১২:১০,২৮-২৯; ১৩:২; ইফি ৪:১১)। কিছু কিছু সময় এটি উল্লেখ করতে পারে স্ত্রীলোকদের (লুক ২:৩৬; প্রেরিত ২:১৭; ২১:৯; ১ করি ১১:৪-৫)।
- ছ. উল্লেখ করে প্রকাশিত বাক্যের রহস্য উদঘাটনমূলক সাহিত্যের অংশকে (প্রকা ১:৩; ২২:৭,১০,১৮,১৯)

III. নতুন নিয়মের ভাববাদীরা

- ক. তারা একই অর্থে অনুপ্রাণিত প্রত্যাদেশ দেন নাই পুরাতন নিয়মের ভাববাদীরা যেভাবে দিয়েছেন (অর্থাৎ, শাস্ত্র)। এই বিবৃতি সম্ভব “বিশ্বাস” শব্দগুচ্ছ ব্যবহারের কারণে (অর্থাৎ, একটি সম্পূর্ণ সুসমাচারের অর্থে) ব্যবহার করা হয়েছে প্রেরিত ৬:৭; ১৩:৮; ১৪:২২; গালা ১:২৩; ৩:২৩; ৬:১০; ফিলি ১:২৭; যিহুদা ৩,২০ পদে।

এই ধারণাটি হল স্পষ্ট যিহুদা ৩ পদে ব্যবহৃত সম্পূর্ণ শব্দগুচ্ছ থেকে, “পবিত্রগণের কাছে একবারে সমর্পিত বিশ্বাসের পক্ষে।” “একবারে সমর্পিত” বিশ্বাস উল্লেখ করে খ্রীষ্ট ধর্মের সত্যসমূহ, মতবাদসমূহ, ধারণাগুলো, বিশ্ব দর্শনের শিক্ষাসমূহ। এই একবার-দত্ত জোর দেওয়া হয় বাইবেলগত ভিত্তি নতুন নিয়ম লেখার প্রতি ধর্মতত্ত্বগত ভাবে সীমিত অনুপ্রেরণা এবং পরবর্তীতে সুযোগ দেওয়া হয়নি বা অন্য লেখাগুলোকে প্রকাশ হিসেবে চিন্তা করার বিবেচনা না করা (দেখুন বিশেষ বিষয়: অনুপ্রেরণা)। অনেক অস্পষ্ট, অনিশ্চিত, এবং ধূসর অংশ আছে নতুন নিয়মে (দেখুন বিশেষ বিষয়: প্রাচ্যের সাহিত্য [বাইবেলগত স্ববিরোধিতা]), কিন্তু বিশ্বাসীদের নিশ্চিত করা হয়েছে যে সব কিছু যা প্রয়োজন” বিশ্বাসের ও অনুশীলনের জন্য তা নতুন নিয়মে যুক্ত করা হয়ে পর্যাশ্রয়িত স্পষ্টভাবে। এই ধারণাটি রূপরেখা করেছে যাকে বলা হয়েছে “প্রত্যাদেশের ত্রিভুজ”

১. ঈশ্বর নিজেকে প্রকাশ করেছেন সময়-কালের ইতিহাসে (প্রত্যাদেশ)।
 ২. তিনি নির্দিষ্ট কিছু লেখক বাছাই করেছেন তাঁর কাজ লিপিবদ্ধ এবং ব্যাখ্যা করতে (অনুপ্রেরণা)।
 ৩. তিনি তাঁর আত্মাকে দিয়েছেন মানুষের মন এবং হৃদয়কে খুলে দিতে এই লেখাগুলো বুঝতে, নির্দিষ্টভাবে নয়, কিন্তু পরিত্রাণ এবং একটি প্রভাবিত খ্রীষ্টিয়ান জীবনের জন্য যথেষ্টরূপে (আলোকিত করণ, দেখুন বিশেষ বিষয়: আলোকিত করণ)। এটি লক্ষ্য হল যে শাস্ত্রের লেখকদের অনুপ্রেরণা সীমিত। আর কোন কর্তৃত্বমূলক লেখা, দর্শন, বা প্রকাশ নেই। ক্যানন বন্ধ হয়ে গেছে। আমাদের ঈশ্বরের প্রতি উপযুক্ত সাড়া দেবার প্রয়োজনীয় সকল সত্য আমাদের কাছে আছে। এই সত্যটি ভালভাবে দেখা যায় বাইবেল ভিত্তিক লেখকদের সম্মতি বনাম একনিষ্ঠ, ঈশ্বরীয় বিশ্বাসীদের অসম্মতিতে। কোন আধুনিক লেখক বা বক্তার স্বর্গীয় নেতৃত্বের মান নেই যেটি শাস্ত্রের লেখকদের ছিল।
- খ. কিছু কিছু উপায়ে নতুন নিয়মের ভাববাদীরা পুরাতন নিয়মের ভাববাদীদের সমান ছিলেন
১. ভবিষ্যতের ঘটনার পূর্ব ঘোষণা (পৌল, প্রেরিত ২৭:২২; আগাব, প্রেরিত ১১:২৭-২৮; ২১:১০-১১; অন্য অজ্ঞাত ভাববাদীরা, প্রেরিত ২০:২৩)
 ২. বিচার ঘোষণা করা (পৌল, প্রেরিত ১৩:১১; ২৮:২৫-২৮)
 ৩. প্রতীকী কাজ যেটি স্পষ্টভাবে একটি ঘটনা চিত্রিত করে (আগাব, প্রেরিত ২১:১১)
- গ. তারা সুসমাচারের সত্য ঘোষণা করে থাকেন, কখনো পূর্ব ঘোষণামূলক উপায়ে (প্রেরিত ১১:২৭-২৮; ২০:২৩; ২১:১০-১১), কিন্তু এটি প্রাথমিক লক্ষ্য নয়। ১ করিষ্টীয়তে ভাববাণী বলা হল মূলত সুসমাচার প্রচার করা (১ করি ১৪:২৪,৩৯)।
- ঘ. তারা হলেন আত্মার সমকালীন প্রকাশের উপায় ঈশ্বরের সত্য প্রতিটি নতুন পরিস্থিতিতে, সংস্কৃতিতে বা সময়কালে সমকালীন এবং বাস্তবিক প্রয়োগের প্রকাশ (১ করি ১৪:৩)।
- ঙ. তারা সক্রিয় ছিলেন প্রাথমিক পৌলের স্থাপিত মন্ডলী সমূহে (১ করি ১১:৪-৫; ১২:২৮,২৯; ১৩:২,৮, ৯; ১৪:১,৩,৪,৫,৬,২২,২৪,২৯,৩১, ৩২,৩৭,৩৯; ইফি ২:২০; ৩:৫; ৪:১১; ১ থিম ৫:২০) এবং উল্লেখ করা হয়েছে Didache এ (প্রথম শতাব্দীর শেষে বা দ্বিতীয় শতাব্দীতে লেখা হয়েছে, তারিখ অনিশ্চিত) এবং দ্বিতীয় এবং তৃতীয় শতাব্দীর Montanism উত্তর আফ্রিকায়।

IV. নতুন নিয়মের দান ফল বন্ধ হয়েছে?

- ক. এই প্রশ্নটির উত্তর করা কঠিন। এটি সাহায্য করে ব্যাখ্যা করতে দানগুলোর উদ্দেশ্য বর্ণনা করার মাধ্যমে। তাদের উদ্দেশ্য কি ছিল সুসামাচারের প্রারম্ভিক প্রচার নিশ্চিত করা বা তারা ছিল একটি চলমান প্রক্রিয়া মন্ডলীর মধ্যে এবং হারানো জগতের প্রতি পরিচর্যা করার জন্য?
- খ. কেউ কি মন্ডলীর ইতিহাসের প্রতি দৃষ্টি দেয় প্রশ্নটির উত্তর দিতে বা নতুন নিয়ম নিজে দেয়? নতুন নিয়মে কোন ইঙ্গিত নেই যে আত্মিক দানগুলো ক্ষণস্থায়ী। যারা ব্যবহার করতে চেষ্টা করে ১ করি ১৩:৮-১৩ পদ, এই বিষয়টিকে বলা হয়েছে প্যাসেজের কর্তৃত্বমূলক উদ্দেশ্যকে অপব্যবহার করা, যেটি দাবী করে যে ভালবাসা ছাড়া সকল কিছু চলে যাবে।
- গ. আমি প্রলোভিত বলতে যে যদিও নতুন নিয়ম, মন্ডলীর ইতিহাস নয়, হল কর্তৃপক্ষ, বিশ্বাসীদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে দানগুলো চলমান থাকবে। যদিও, আমি বিশ্বাস করি যে সংস্কৃতি ব্যাখ্যা করাকে প্রভাবিত করে। কিছু কিছু খুব স্পষ্ট টেক্সট আর প্রয়োগ যোগ্য নয় (অর্থাৎ, পবিত্র চুম্বন, নারীদের মাথায় কাপড় দেওয়া, গৃহে মন্ডলীর মিলিত হওয়া, ইত্যাদি)। যদি সংস্কৃতি টেক্সটকে প্রভাবিত করে, তাহলে মন্ডলীর ইতিহাস কেন নয়?
- ঘ. এটি হল সাধারণ একটি প্রশ্ন যেটি নির্দিষ্টভাবে উত্তর করা যায় না। কিছু কিছু বিশ্বাসীরা সমর্থন করবে “নিবৃত্ত থাকা” এবং অন্যরা “নিবৃত্ত না থাকা।” এই ক্ষেত্রে, অনেক ব্যাখ্যাকারী বিষয়ের মধ্যে, বিশ্বাসীদের হৃদয় হল মূল চাবি। নতুন নিয়ম অস্পষ্ট এবং সংস্কৃতিগত। কঠিন হল সিদ্ধান্ত নেওয়া কোন লেখা প্রভাবিত সংস্কৃতি/ইতিহাস দ্বারা এবং কোনটি সকল সময় এবং সকল সংস্কৃতির জন্য (Fee and Stuart's *How to Read the Bible for All Its Worth*, pp. 14-19 and 69-77)। এই হল সেই স্থান যেখানে স্বাধীনতা ও দায়িত্বের আলোচনা হয়, যেটি পাওয়া যায় রোমীয় ১৪:১-১৫:১৩ এবং ১ করিnthীয় ৮-১০, হল গুরুত্বপূর্ণ। কিভাবে আমরা প্রশ্নটির উত্তর দেব তা হল গুরুত্বপূর্ণ দুটি উপায়ে।
১. প্রত্যেক বিশ্বাসীকে অবশ্যই বিশ্বাসে চলতে হবে তাদের কাছে যে আলো আছে সেই আলোতে। ঈশ্বর আমাদের হৃদয় ও উদ্দেশ্য দেখেন।
 ২. প্রত্যেক বিশ্বাসীকে অবশ্যই সুযোগ দিতে হবে অন্য বিশ্বাসীদের তাদের নিজেদের বিশ্বাসের উপলব্ধিতে চলতে। সেখানে অবশ্যই বাইবেল ভিত্তিক সীমার মধ্যে সহনীয়তা থাকবে। ঈশ্বর চান তাঁর মত আমরাও পরস্পরকে ভালবাসি।
- ঙ. বিষয়টি সারমর্ম করতে, খ্রীষ্ট ধর্ম হল বিশ্বাস ও ভালবাসার একটি জীবন, একটি খাঁটি ধর্মতত্ত্ব নয়। তাঁর সাথে একটি সম্পর্ক যেটি প্রভাবিত করে অন্যদের সাথে আমাদের সম্পর্ক যা হল অধিক গুরুত্বপূর্ণ নির্দিষ্ট তথ্য বা বিশ্বাসের সিদ্ধতা থেকে।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

১৪:২

NASB, NKJV,
NRSV, NJB “পরভাষায়”
KJV “একটি অজানা ভাষায়”
TEV “বিদেশী ভাষায়”

এটি হল গ্রীক শব্দ *glōssa*, যেটি ব্যবহৃত হয়েছে রূপক ভাবে একটি নির্দিষ্ট মানবিক ভাষায় বা আঞ্চলিক ভাষায়। পঞ্চাশতমীর “পরভাষায়” অভিজ্ঞতা সুস্পষ্ট ভাবে উল্লেখ করেছে অজানা মানবিক ভাষা (প্রেরিত ২:৬-১০)। মনে অলৌকিক কাজটি ছিল কানের (অর্থাৎ, “তারা প্রত্যেকে তাদের নিজ নিজ ভাষায় কথা বলতে শুনছিল”)। প্রেরিত পুস্তকে এই রকম একই ঘটনা বেশ কয়েকবার ঘটেছে যার উদ্দেশ্য ছিল যিহূদী বিশ্বাসীদের নিশ্চয়তা দেওয়া যে ঈশ্বর অন্য জাতির লোকদেরও গ্রহণ করেছেন (অর্থাৎ, শমরিয়, রোমীয় সেনা বাহিনীর লোক, পরজাতি)।

যাহোক, ১ করিnthীয় পত্রে “পরভাষায়” মনে হয় অনেক বেশি কিছু ছিল গ্রীক মৌখিক আনন্দের শব্দের চেয়ে, যেমন Delphi, যেখানে একজন স্ত্রীলোক মোহাবিশ্ট হয়ে পড়তো এবং অন্য একজন লোক ব্যাখ্যা করতো যে সে কি বলছে। করিন্থ ছিল বহু জাতির বাসকারী নগর। জানা পৃথিবীর নানা জায়গা থেকে আসা লোক করিন্থে ছিল, তথাপি টেক্সট বলছে, আত্মিক দান হিসাবে “পরভাষা ব্যাখ্যা করা” (১ করি ১২:১০,৩০; ১৪:২৬), এমন নয় যে একজন লোক হঠাৎ করেই বিদেশী ভাষায় কথা বলছে।

■ “মানুষের কাছে কথা বলে না কিন্তু ঈশ্বরের কাছে” করিnthীয় পরভাষা হল একজন বিশ্বাসী ও ঈশ্বরের ব্যক্তিগত কথাবার্তা (১ করি ১৪:২৪)। তাদের মধ্যে পরভাষা যোগাযোগের উপায় নয়, কিন্তু ঈশ্বরের সাথে ঘনিষ্ঠ সহভাগিতা। কেবল মাত্র যদি তা ব্যাখ্যা করা হতো তবে তা বজা এবং শ্রোতার বুঝতে পারতো।

■ “কারণ কেউ তা বুঝতে পারে না” করিন্থের পরভাষা মনে হয় অজ্ঞাত, স্পষ্টরূপে উচ্চারিত শব্দ। Delphi তে একজন বিশেষ ব্যক্তি (সাধারণত একজন স্ত্রীলোক) অস্পষ্টভাবে শব্দ উচ্চারণ করবে, তারপর আর একজন উপস্থিত লোকদের জন্য তা ব্যাখ্যা করবে। এই প্রক্রিয়া মনে হয় করিন্থের পরভাষার অভিজ্ঞতার সমান্তরাল ছিল। প্রেরিত পুস্তকে কোন ব্যাখ্যাকারক ছিল না!

১৪:৩ “গেঁথে তোলা” এটি হল তৃতীয় পরীক্ষার ব্যবহার আত্মিক দান মূল্যায়নের (দেখুন ১২ অধ্যায়ের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টির গ)। তারা কি গেঁথে তোলে, বা তৈরী করে, মন্ডলীকে? এই ভাব এই অধ্যায়ে বার বার পুনরাবৃত্তি করা হয়েছে, ১ করি ১৪:৩,৪,৫,১২,১৭,২৬। এই জন্যই “ভাববাণী,” বুঝতে হবে সুসামাচার অন্যের কাছে বলা হিসাবে, যার আকাংখ্যা করতে হবে “পরভাষায়” চেয়ে বেশি। ভাববাণী ঘোষণা করে উপস্থিত সকলের কাছে সুসামাচার, যখন

পরভাষা কেবল মাত্র বক্তাকে আশীর্বাদ করে যদি না তা ব্যাখ্যা করা হয়। যদি ব্যাখ্যা করা হয়, পরভাষা ও তার ব্যাখ্যা সুসমাচার ঘোষনার মত একই পরিচর্যা সাধন করে (অর্থাৎ, ভাববাণী বলা)। দেখুন [বিশেষ বিষয়: উৎকর্ষ সাধন, পৃ.১৫৫, \(SPECIAL TOPIC: EDIFY, See page 155\)](#) ১ করি ৮:১ পদে।

■ “ও আশ্বাসের ও সান্ত্বনার কথা” সুসমাচার ঘোষনার উদ্দেশ্য সামগ্রিক ভাবে প্রচার করার জন্য নয়, কিন্তু মণ্ডলীর উৎসাহের জন্যও (অর্থাৎ, গেষে তোলা, আশ্বাস দান, এবং সান্ত্বনা দান)।

১৪:৪ “যে লোক পরভাষায় কথা বলে সে নিজেকেই গেষে তোলে” করিষ্টীয় ব্যাখ্যা ছাড়া পরভাষা ছিল ব্যক্তিগত সম্পর্কিত দান।

■ “মণ্ডলী” এটি হল টার্ম *ekklesia* কোন article ছাড়াই যেটি উল্লেখ করে একত্রে সকল বিশ্বাসীদেরকে। পৌলের আকাংখ্যা ছিল যে সকল বিশ্বাসী, কেবল মাত্র নির্বাচিত কয়েকজন নয়, মিলিত আরাধনায় আশীর্বাদ লাভ করে। দেখুন বিশেষ বিষয় ১ করি ১:২ পদে।

১৪:৫ “আমি এখন ইচ্ছা করি যে তোমরা সকলেই পরভাষায় কথা বলতে পার” তুলনা করণ ১২:২০ পদ এবং মনে করণ এই শব্দগুচ্ছ হল একটি নির্ভরশীল বাক্যাংশ পরবর্তীতে যা আসছে। পৌল পরভাষাকে অশ্রদ্ধা করছেন না, কিন্তু (১) জোর দিচ্ছেন সেগুলির অন্যান্য আত্মিক দানের সাথে সঠিক সম্পর্ক এবং (২) কিছু ব্যবহারিক নির্দেশনা স্থির করছেন। করিষ্টীয়রা দৃশ্যত দান অব্বেষণ করতো দাঙ্কিতা, ব্যক্তিগত গৌরব এবং মর্যাদার জন্য।

■ “মহান যে ভাববাণী বলে” এটি একটি মূল্যায়ন যার ভিত্তি পৌলের নীতি যেখানে পরভাষা মণ্ডলীর মিলিত আরাধনায় গেষে তোলার ক্ষেত্রে কম গুরুত্বপূর্ণ। কিন্তু মনে রাখুন যে পরভাষায় কথা বলা আত্মার একটি বৈধ দান (১ করি ১৪:১৮,৩৯)!

■ “সে যদি বুঝিয়ে না দেয়” এটি একটি third class conditional sentence, *ean* এর পরিবর্তে *ei* দ্বারা পরিচিত হয়েছে। এটা কি একজন লোকের জন্য সম্ভব যে সে পরভাষা ও তা ব্যাখ্যা করার দান উভয়ই পাবে? টেক্সট থেকে এটা স্পষ্ট যে খ্রীষ্টিয় নেতাদের একটি থেকে অধিক দান ছিল (প্রেরিত ১৩:১; ২ তীম ১:১১)। যাহোক, যদি তা একই লোকের জন্য সম্ভব হয় যে সে পরভাষা বলবে আবার তা ব্যাখ্যাও করবে তাহলে কেন ব্যাখ্যাকারীর প্রয়োজন? কিভাবে এই সমন্বয় ভাববাণী থেকে পার্থক্য করে? হতে পারে এটি সম্ভব যে একজন বিশ্বাসীর এই উভয় দানই রয়েছে যেটি সে ব্যবহার করছে ভিন্ন ভিন্ন সময়ে, কিন্তু এটি সাধারণ ছিল না (১ করি ১৪:১৩)। আরও সম্ভব যে পৌল সাহিত্য কৌশল ব্যবহার করেছেন মিলিত আরাধনায় বোধগম্য যোগাযোগের প্রয়োজনের উপরে জোর দিতে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিষ্টীয় ১৪:৬-১২

কিন্তু এখন ভাইয়েরা, আমি যদি তোমাদের কাছে এসে পরভাষায় কথা বলি, কিন্তু তাতে তোমাদের লাভ কি যদি আমি তোমাদের কাছে প্রত্যাদেশ কিম্বা জ্ঞান কিম্বা ভাববাণী কিম্বা শিক্ষা না দেই? ^১ তথাপি এমন কি নিস্প্রাণ বস্ত্র, বাঁশী কিম্বা বা বীণা, শব্দ উৎপন্ন করে, যদি তা নিজ নিজ সুর উৎপন্ন না করে, তা হলে কিসে বোঝা যাবে যে বাঁশিতে বা বীণাতে কি বাজছে? ^২ কারণ যুদ্ধের তুরী পরিষ্কার ভাবে না বাজলে, তবে কে যুদ্ধে যাবার জন্য নিজেকে প্রস্তুত করবে? ^৩ তোমরা ঠিক সেইভাবে, তোমরা যদি জিহ্বা দ্বারা সহজে বোঝা যায় এমন ভাষা না বল, তবে কিভাবে বোঝা যাবে যে কি বলা হচ্ছে? কারণ তোমরা বাতাসেই কথা বলবে। ^৪ হয় তো, এই জগতে অনেক রকমের ভাষা আছে, এবং সেগুলোর মধ্যে কোনটাই অর্থহীন নয়। ^৫ তাহলে যদি আমি ভাষার অর্থ না জানি, তবে যে কথা বলে তার কাছে আমি বর্বর হবো, এবং যে কথা বলছে সে আমার কাছে বর্বর হবে। ^৬ অতএব তোমরাও, যেহেতু তোমরা আত্মিক দানের বিষয়ে উদ্যোগী, তখন চেষ্টা কর যেন মণ্ডলীকে গেষে তোলার মত উপচয় পাও। (অনুবাদকৃত টেক্সট)।

১৪:৬ “যদি” প্যারাগ্রাফে চারটি third class conditional sentences রয়েছে, ১ করি ১৪:৬-১২, যেটি ইঙ্গিত দেয় সম্ভাব্য কাজ (১ করি ১৪:৬,৭, ৮, ১১)। ১ করি ১৪:৬ এবং ৭ উভয় পদই প্রশ্ন করে যেটি আশা করে “না” উত্তর (যেমন করা হয়েছে ১ করি ১৪:৯)।

■ “প্রত্যাদেশ কিম্বা জ্ঞান কিম্বা ভাববাণীর” এই টার্মগুলি মনে হয় প্রতিফলিত করছে ভিন্ন ভিন্ন দানের, কিন্তু তাদের পার্থক্য অনিশ্চিত। সম্ভবত যেহেতু বেশ কিছু দান প্রাপ্ত নেতার কথা উল্লেখ করা হয়েছে ইফি ৪:১১ পদে প্রত্যেকেই সুসমাচার ঘোষণা করছে, কিন্তু ভিন্ন ভিন্ন গুরুত্বের সাথে, এখানেই ঠিক সেই রকম। ঈশ্বর তাঁর সত্য প্রকাশ করেছেন ভিন্ন ভিন্ন উপায়ে, কিন্তু একই সম্ভবিত্তে। অনেক দান, একটি সুসমাচার; অনেক দান প্রাপ্ত বিশ্বাসী, একটি উদ্দেশ্য (অর্থাৎ, মন্ডলী গেষে তোলা এবং মণ্ডলীর বৃদ্ধি সাধন, মথি ২৮:১৯-২০; লূক ২৪:৪৭; প্রেরিত ১:৮)।

১৪:৭-৮ পৌল বাদ্য যন্ত্র ব্যবহার করেছেন তার পয়েন্টি বোঝাতে, বাঁশী এবং বীনা ১ করি ১৪:৭ পদে এবং সামরিক তুরী ১ করি ১৪:৮ পদে। বাদ্য যন্ত্র ব্যবহার করা হতো ভিন্ন ভিন্ন উদ্দেশ্যে (অর্থাৎ, বাজনা বাজানোর জন্য অথবা সংকেত দেবার জন্য)। যদি বাদ্য যন্ত্র ভুল ভাবে বাজে তবে তা দ্বিধা দ্বন্দ্বের সৃষ্টি করে। মানুষের কণ্ঠস্বর অর্থ অন্য মানুষের সাথে তথ্য বিনিময় করা। যদি এই কণ্ঠস্বর অন্য মানুষের কাছে কোন তাৎপর্য বহন না করে তবে এটি তার উদ্দেশ্য ব্যর্থ করবে (১ করি ১৪:৯)।

১৪:১০ এটি একটি বিরল Fourth class conditional sentence। এই পদগুলি ব্যবহৃত হয়েছে প্রমাণ করতে যে পরভাষা হল জানা ভাষা। পৌল একটি ভিন্ন টার্ম ব্যবহার করেছেন (অর্থাৎ, *phōnē* কিন্তু *glōssa* নয়) ১ করি ১৪:১০ এবং ১১ উভয় পদেই। এটি বোঝার কঠিনতার একটি উদাহরণ যা অশুদ্ধ ভাবে বলা ভাষার বা বিদেশি ভাষার। মানুষের ভাষার অর্থ তা বোধগম্য হবে।

১৪:১১

NASB, NJB “বর্বর”
NKJV, NRSV,
TEV “পরদেশী”

এটি একটি onomatopoeic শব্দ ছিল (অর্থাৎ, *barbaros*) গ্রীক ও রোমীয়দের কাছে অন্য ভাষার অদ্ভুত শব্দের, বিশেষ করে রোমীয় সাম্রাজ্যের উত্তর দিকের আদিবাসী দলের। গ্রীক ও রোমীয়রা বলতো যে এই আদিবাসী ভাষার শব্দ উচ্চারণ তাদের কাছে “bar, bar” মত লাগতো। এখন থেকেই “বর্বর” টার্ম এসেছে।

১৪:১২ “যেহেতু তোমরা আত্মিক দানের বিষয়ে উদ্যোগী” পৌল তাদের উদ্যোগকে সমালোচনা করেন নাই (১ করি ১৪:১), কিন্তু চেষ্টা করেছেন যেন এটি সমগ্র মন্ডলীকে গঁথে তোলার একটি উপায় হয় (১ করি ১২:৭)।

NASB, NKJV,
NRSV, NIV “আত্মিক দান”
RSV “আত্মার প্রকাশ”
TEV “আত্মার দান”
NJB “আত্মিক ক্ষমতা”

এটি ১ করি ১২:১ পদের মত একই গ্রীক শব্দ নয় (অর্থাৎ, *pneumatikōn*), কিন্তু *pneuma* এর genitive plural (দেখুন বিশেষ বিষয়:বাইবেলে আত্মা ১ করি ১২:১ পদে), যার অর্থ “শ্বাস,” “বাতাস,” “আত্মা।” এই রূপ আরও পাওয়া যায় ১ করি ১২:১০ পদে, যেখানে এটি উল্লেখ করেছে একটি নির্দিষ্ট দানের (অর্থাৎ, আত্মাগণকে চিনে নেওয়া, ১ যোহন ৪:১)। প্রসঙ্গ এটি মনে হয় উল্লেখ করেছে আত্মার দ্বারা দত্ত ভিন্ন ভিন্ন দানের (১ করি ১২:১১) দেহের মঙ্গলের জন্য (১ করি ১২:৭)।

■ “চেষ্টা কর যেন মন্ডলীকে গঁথে তোলার মত উপায় পাও” এটি হল একটি present active imperative plural। আত্মিক দানের লক্ষ্য নয় কাউকে উচ্ছে গুঠান এবং গৌরবান্বিত করা, কিন্তু খ্রীষ্টের দেহ, মন্ডলীর স্বাস্থ্য ও বৃদ্ধি।

“উপায়” এর জন্য দেখুন বিশেষ বিষয় ২ করি ২:৭ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি ১৪:১৩-১৯

^{১৩} এইজন্য যে লোক পরভাষায় কথা বলে সে প্রার্থনা করুক যেন তার অর্থ সে বুঝিয়ে দিতে পারে। ^{১৪} কারণ যদি আমি পরভাষায় প্রার্থনা করি, আমার আত্মা প্রার্থনা করে, কিন্তু আমার বুদ্ধি ফলহীন থাকে। ^{১৫} তাহলে ফল কি হয়? আমি আত্মা দিয়ে প্রার্থনা করব এবং বুদ্ধি দিয়েও প্রার্থনা করব; আমি আত্মা দিয়ে গান করব এবং বুদ্ধি দিয়েও গান করব। ^{১৬} অন্যথায় যদি তুমি কেবল আত্মাতে ধন্যবাদ দাও, তাহলে দান না পাওয়া কোন লোক যদি সেখানে উপস্থিত থাকে তবে সে কেমন করে তোমার ধন্যবাদে “আমেন” বলবে, কারণ সে তো জানে না তুমি কি বলছ? ^{১৭} কারণ তুমি ভাল ভাবেই ধন্যবাদ দিচ্ছ, কিন্তু তাতে সেই অন্য লোকটিকে তো গড়ে তোলা হচ্ছে না। ^{১৮} আমি ঈশ্বরের ধন্যবাদ করছি, তোমাদের সকলের চেয়ে আমি পরভাষায় বেশি কথা বলতে পারি; ^{১৯} তবে মন্ডলীতে পরভাষায় দশ হাজার কথা বলার চেয়ে, বরং আমি বুদ্ধি দিয়ে দিয়ে পাঁচটা কথা বলব যেন অন্য লোকদেরও শিক্ষা দিতে পারি। (অনুবাদকৃত টেক্সট)।

১৪:১৩ প্রসঙ্গে এটি ইঙ্গিত দেয় যে সকলের কাছে সুসমাচার তুলে ধরা হল ব্যক্তিগত আনন্দের মত কাম্য (১ করি ১৪:১৫)। এই পদ কি ইঙ্গিত দেয় যে বিশ্বাসীরা পরিত্রাণের সময় একটি দান পায় (১ করি ১২:১১), কিন্তু পরে আর একটির জন্য যাক্ষণ করে? এই প্রশ্নটি উত্তর না পাওয়া অবস্থায় রয়ে গেছে। এটি নিশ্চিত যে কারও কারও বেশ কয়েকটি দান থাকে (প্রেরিত ১৩:১; ১ তীম ২:৭; ২ তীম ১:১১)।

১৪:১৪ “যদি” এটি আর একটি third class conditional, ১ করি ১৪:৬, ৭, ৮, ১১, ২৩, ২৪, ২৮, এবং ২৯ পদের মত।

■ “আমার আত্মা প্রার্থনা করে” এটি উল্লেখ করে মানুষের আত্মা। এটি হল ব্যক্তিত্বের জন্য একটি সাহিত্য রূপক।

■ “আমার বুদ্ধি ফলহীন থাকে” পৌল করিন্থীয়দের প্রজ্ঞার জন্য ভালবাসার বিষয়ে খেলা করছিলেন। তিনি আরও পুনর্নিশ্চয়তা দিচ্ছিলেন যে পরভাষা একটা কিছু করতে পারে না, এমনকি বক্তারও।

১৪:১৫

NASB “তাহলে ফল কি হয়”
NKJV “তাহলে ফলাফল কি হয়”
NRSV, TEV “তারপরে আমি কি করবো”
NJB “তারপরে কি”

এটি একটি বাগধারা (১ করি ১৪:২৬; প্রেরিত ২১:২২)। পৌল তার আলোচনার একটি উপসংহার টানতে চাচ্ছিলেন।

■ “আমি আত্মা দিয়ে গান করবো” এটা কি ইঙ্গিত দেয় আর একটি আত্মিক দানের (১ করি ১৪:২৬; কল ৩:১৬; ইফি ৫:১৯)?

১৪:১৬ “যদি” এটি আর একটি third class conditional sentence, ১ করি ১৪:৬, ৭, ৮, ১১ এবং ১৪ পদের মত।

NASB “দান না পাওয়া কোন লোক যদি সেখানে উপস্থিত থাকে”

NKJV “না জানা কোন লোক যদি সেখানে উপস্থিত থাকে”

NRSV “কিভাবে যে কোন লোক বাইরের লোকের মর্যাদা পাবে”

TEV “কিভাবে সাধারণ লোক সভাতে অংশ নেবে”

NJB “অনভিজ্ঞ ব্যক্তি”

এটাই টার্ম ব্যবহৃত হয়েছে কোন একজনের জন্য যে কোন বিশেষ ক্ষেত্রে না জানা লোক বা প্রশিক্ষিত নয়, সেজন্য, একজন অপেশাদার বা সাধারণ লোক (প্রেরিত ৪:১৩; ২ করি ১১:৬)। এখানে এবং ১ করি ১৪:২৩-২৪ পদে ব্যবহারে দুটির যে কোন একটি অর্থ হতে পারে।

১. খ্রীষ্টিয়ানদের সভায় একজন নিয়মিত উপস্থিত হওয়া একজন লোক অন্য দিকে ১ করি ১৪:২৩ পদে সম্ভবত প্রথমবার আসা কোন লোক
২. সম্ভবত একজন নূতন খ্রীষ্টিয়ান, কিন্তু এমন একজন যে পরভাষা বা ব্যাখ্যা করার দান না পাওয়া

শব্দগুচ্ছ “স্থানটি” উল্লেখ করে হয় (১) দর্শক বা নূতন খ্রীষ্টিয়ান যে একটি নির্দিষ্ট জায়গায় বসে যেখান থেকে সে ভালভাবে শুনতে পারে নতুবা (২) না জানা লোক সম্বন্ধে কোন বাগধারা।

■ “আমেন বলবে” দেখুন নিচে বিশেষ বিষয়।

এটা নিশ্চিত ভাবে সম্ভব যে উপরে টার্মটি উল্লেখ করতে পারে একজন দান না পাওয়া বিশ্বাসীকে (দেখুন F. F. Bruce, *Answers to Questions*, p. 98)। যদি এটি সম্ভব হয় তাহলে পৌল চেয়েছেন বিশ্বাসীরা “পরীক্ষা” করুক বা “মতামত দিক” যে ভাববাণী মূলক কথা মিলিত সভায় করা হচ্ছে সে বিষয়ে (১ করি ২:১২, ১৫; ১৪:২৯, ৩৭; ১ থিথ ৫:২০-২১; আরও নোট করুন ১ যোহন ৪:১)। কেউই “আমেন” বলতে পারে না যদি না

১. তারা যা বলা হচ্ছে তা বোঝে
২. যা বলা হচ্ছে তা মূল্যায়নের তাদের একটি উপায় (অর্থাৎ, আত্মা) ছিল

বিশেষ বিষয়: আমেন

(SPECIAL TOPIC: AMEN)

I. পুরাতন নিয়ম

ক. “আমেন” টার্মটি হিব্রু শব্দ থেকে যার জন্য এসেছে

১. “সত্য” (*emeth*, BDB 49)
২. “সত্যবাদিতা” (*emun*, *emunah*, BDB 53)
৩. “বিশ্বাস” বা “বিশ্বস্ততা”
৪. “নির্ভরতা” (*dmn*, BDB 52)

খ. এর শব্দতত্ত্ব উল্লেখ করে একজন ব্যক্তির দৃঢ় দৈহিক অবস্থা। বিপরীত এরকম হতে পারে এমন একজন যে দৃঢ় নয়, পিচ্ছিল (গীত ৩৫:৬; ৪০:২; ৭৩:১৮; যিরমিয় ২৩:১২) অথবা দ্বিধাগ্রস্থ (গীত ৭৩:২)। এর আক্ষরিক ব্যবহার থেকে রূপকাত্মক বিশ্বস্ত, নির্ভরযোগ্য, অনুগত, এবং নির্ভরশীলতার উন্নয়ন হয়েছে (ইব্রীয় ২:৪)।

গ. বিশেষ ব্যবহার (দেখুন বিশেষ বিষয়: পুরাতন নিয়মে বিশ্বাস করা, নির্ভরতা, বিশ্বাস, এবং বিশ্বস্ততা ([Special Topic: Believe, Trust, Faith, and Faithfulness in the OT](#)))

১. একটি স্তম্ভ, ২ রাজা ১৮:১৬ (১তম ৩:১৫)
২. নিশ্চয়তা, যাত্রা ১৭:১২
৩. অবিচল, যাত্রা ১৭:১২
৪. স্থিরতা, যিশা ৩৩:৬;
৫. সত্য, ১ রাজা ১০:৬; ১৭:২৪; ২২:১৬; হিতো ১২:২২
৬. দৃঢ়, ২ বংশ ২০:২০; যিশা ৭:৯
৭. নির্ভরযোগ্য (Torah), গীত ১১৯:৪৩, ১৪২, ১৫১, ১৬০

ঘ. সক্রিয় বিশ্বাস সম্পর্কে পুরাতন নিয়মে আরও দুটি টার্ম ব্যবহৃত হয়েছে।

১. *bathach* (BDB 105), নির্ভরতা
২. *yra* (BDB 431), ভয়, শ্রদ্ধা, আরাধনা (আদি ২২:১২)

ঙ. নির্ভরতা অথবা নির্ভরযোগ্যতা অর্থ থেকে ধর্মীয় বিধি (liturgical) ব্যবহার উন্নয়ন করা হয়েছে যেটি ব্যবহৃত হয়েছে সত্য নিশ্চিত

করতে অথবা অন্য একজনের নির্ভরযোগ্যতা বর্ণনায় (গণনা ৫:২২; দ্বি বি ২৭:১৫-২৬; ১ রাজা ১:৩৬; ১ বংশ ১৬:৩৬; নহি ৫:১৩; ৮:৬; গীত ৪১:১৩; ৭২:১৯; ৮৯:৫২; ১০৬:৪৮; যির ১১:৫; ২৮:৬)।

- চ. এই টার্মের ধর্মতাত্ত্বিক চাবি কাঠি মানুষের বিশ্বস্ততা নয় কিন্তু YHWH (যাত্রা ৩৪:৬; দ্বি বি ৩২:৪; গীত ১০৮:৪; ১১৫:১; ১১৭:২; ১৩৮:২)। পতিত মানবের একমাত্র আশা দয়ায়পূর্ণ, বিশ্বস্ত, YHWH-এর চুক্তির অনুগত এবং তাঁর প্রতিজ্ঞাসমূহ। যারা YHWH-কে জানে তারা তাঁর পছন্দের হয় (হবক ২:৪)। বাইবেল মানুষের মধ্যে ঈশ্বরের প্রতিমূর্তি পুনরুদ্ধারের ইতিহাস ও বিবরণ (আদি ১:২৬-২৭)। পরিত্রাণ পুনরুদ্ধার করে মানুষের ঈশ্বরের সঙ্গে ঘনিষ্ঠ সহভাতির সম্পর্ক রাখার সক্ষমতাকে। এই জন্যই আমরা সৃষ্ট।

II. নূতন নিয়ম

- ক. “আমেন” শব্দ ব্যবহার ধর্মীয় বিধির উপসংহারে একটি ব্যক্তব্যের নির্ভরযোগ্যতাকে সমর্থন করা নূতন নিয়মে খুব সাধারণ (১ করি ১৪:১৬; ২ করি ১:২০; প্রকা ১:৭; ৫:১৪; ৭:১২)।
- খ. এই টার্মটি প্রার্থনা সমাপ্তি করতে ব্যবহার নূতন নিয়ম খুব সাধারণ (রোমীয় ১:২৫; ৯:৫; ১১:৩৬; ১৬:২৭; গালা ১:৫; ৬:১৮; ইফি ৩:২১; ফিলি ৪:২০; ২ থিষ ৩:১৮; ১ তীম ১:১৭; ৬:১৬; ২ তীম ৪:১৮)।
- গ. একমাত্র যীশুই যিনি টার্মটি ব্যবহার করেছেন (যোহানে প্রায়ই দ্বিগুণ ২৫ বার, অর্থাৎ, যোহন ১:৫১; ৩:৩,৫,১১; ইত্যাদি) কোন তাৎপর্যপূর্ণ বক্তব্য চিহ্নিত করতে (লুক ৪:২৪; ১২:৩৭; ১৮:১৭, ২৯; ২১:৩২; ২৩:৪৩)
- ঘ. যীশুর উপাধি হিসাবেও এটি ব্যবহৃত হয়েছে প্রকা ৩:১৪ পদে (আরও নোট ২ করি ১:২০ পদে, সম্ভবত যিশা ৬৫:১৬ পদ থেকে YHWH -এর উপাধি)।
- ঙ. বিশ্বস্ততা বা বিশ্বাস, নির্ভরযোগ্যতা, বা নির্ভরতার ধারণা গ্রীক টার্ম *pistos* বা *pistis* প্রকাশিত হয়েছে, যেটি ইংরাজিতে অনুবাদ হয়েছে “নির্ভরতা,” “বিশ্বাস,” “বিশ্বাস করা।” (দেখুন [বিশেষ বিষয়: বিশ্বাস, বিশ্বাস করা, বা নির্ভরতা \(Special Topic: Faith, Believe, or Trust\)](#))।

Copyright © 2014 [Bible Lessons International](#)

১৪:১৬,১৭ “তোমার ধন্যবাদে” এই শব্দগুচ্ছ উল্লেখ করতে পারে প্রভুর ভোজ, যাতে *Eucharist* বলা হয়েছে গ্রীক টার্ম “ধন্যবাদ দেওয়া” থেকে। ১৭ পদ, ইস্তিত দেয় যে এটি উল্লেখ করছে প্রার্থনা।

■ “অন্য লোক” নোট দেখুন ১ করি ৬:১ পদে।

১৪:১৮ “আমি ঈশ্বরের ধন্যবাদ করছি, তোমাদের সকলের চেয়ে আমি পরভাষায় বেশি কথা বলতে পারি” পৌল জানতেন তিনি কি সম্বন্ধে বলছেন। এই পদ, ১ করি ১৪:৩৯ পদের সাথে সমন্বিত, আজকের খ্রীষ্টিয়ানদের দু’বার চিন্তা করায় আমাদের সময়ে পরভাষার ধারণার বিষয়ে সমালোচনা করার আগে। এটি আরও তাদের ভাবায় যারা এটি দুবার ভেবে গুরুত্ব দান করে। পৌল এটি স্বীকার করেছেন যেন এটি হীনমূল্য করা হচ্ছে।

এটা বেশ কৌতূহলের কিভাবে এই অধ্যায় বদলাবদলী হচ্ছে singular ১ করি ৪:২,৪,৯,১৩,১৪,১৯,২৬,১৭, এবং plural, ১ করি ১৪:৫,৬,১৮, ২২, ২৩, ৩৯ পদের মধ্যে।

এই মঞ্জুলীর মধ্যে উত্তেজনা ছিল (১) সামাজিক শ্রেণীর মধ্যে এবং (২) ব্যক্তিগত গুণাবলী ও সম্মিলিত গেষ্টে তোলার মধ্যে। মন্ডলীতে ব্যক্তি সব সময় মিলিত সেবা করতো (১করি ১২:৭)!

এটি আর একটি উদাহরণ যে পৌল চিহ্নিত করতে চেষ্টা করছেন, অন্তত পক্ষে কোন না কোন উপায়ে, করিছের অতিরিক্ত আগ্রহী বিশ্বাসীদের। যেমন তিনি জ্ঞানের নিশ্চয়তা দিয়েছেন, কিন্তু ভালবাসার উপরে জোর দিয়েছেন, তিনি এখন পরভাষার নিশ্চয়তা দিচ্ছেন, কিন্তু জোর দিচ্ছেন গেষ্টে তোলার উপরে।

১৪:১৯ “তবে মন্ডলীতে পরভাষায় দশ হাজার কথা বলার চেয়ে. . .বরং আমি বুদ্ধি দিয়ে দিয়ে পাঁচটা কথা বলব” ১১-১৪ অধ্যায়ের সাহিত্য একক আলোচনা করছে প্রকাশ্য, মিলিত আরাধনার (১ করি ১৪:২৩,২৮,৩৪)। এই প্রেক্ষাপটে পরভাষায় ব্যক্তিগত আরাধনা কম আকাংখীত কারণ কেউই শিক্ষা লাভ করতো না এবং তাই ধর্মান্তরিত (১ করি ১৪:২৪-২৫) বা গেষ্টে তোলা হতো না (যে রকম আমি অন্যদেরও বলেছি,” ১ করি ১৪:৩,৪, ৫, ১২, ১, ১৮, ২৬)।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি ১৪:২০-২৫

^{২০} ভাইয়েরা, তোমরা বুদ্ধিতে বালক হয়ো না; বরং মন্দতায় শিশুর মত হও, কিন্তু বুদ্ধিতে পরিপক্ব হও। ^{২১} ব্যবস্থায় লেখা আছে, “পরভাষী লোকদের দ্বারা এবং পরদেশী গুষ্ঠ দ্বারা এই জাতির কাছে কথা বলব, কিন্তু তবুও তারা আমার কথা শুনবে না,” ইহা প্রভু বলেন। ^{২২} তাহলে পরভাষা একটি চিহ্ন, যারা বিশ্বাস করে তাদের জন্য নয় বরং অবিশ্বাসীদের জন্য; কিন্তু ভাববানী একটি চিহ্ন, অবিশ্বাসীদের জন্য নয় বরং তাদের জন্য যারা বিশ্বাস করে। ^{২৩} সেজন্য যখন মঞ্জুলী এক জায়গায় মিলিত হয় এবং সকলেই পরভাষায় কথা বলে, এবং তখন দান না পাওয়া লোক কিম্বা অবিশ্বাসীরা প্রবেশ করে, তবে কি তারা তোমাদের পাগল বলবে না? ^{২৪} কিন্তু যদি সবাই ভাববানী বলে, আর একজন দান না পাওয়া লোক বা অবিশ্বাসী প্রবেশ করে, তবে সেই লোক সকলের দ্বারা দোষীকৃত হবে; সে সকলের দ্বারা বিচারিত হয়; ^{২৫} তার হৃদয়ের গুণ্ড বিষয়গুলো বের হয়ে পড়বে, আর সে তখন মাটিতে উবুড় হয়ে পড়বে এবং ঈশ্বরের আরাধনা করবে, বলবে যে সত্যিই, ঈশ্বর তোমাদের মধ্যে আছেন। (অনুবাদকৃত টেক্সট)।

১৪:২০ “বালকের হয়ো না” এটি একটি present imperative সাথে negative article, যার সাধাৰণত অৰ্থ কোন চলমান কাজকে থামান। তারা এই ক্ষেত্রে বালকের মত ছিল (ইফি ৪:১৪), যদিও তারা ভাবতো যে তারা খুব আত্মিক ও প্রজ্ঞাবান!

■ “তোমাদের বুদ্ধিতে” এটি এসেছে diaphragm বা midriff এর জন্য গ্রীক শব্দ থেকে। এটি, বুদ্ধি নয়, ভাবা হয়েছে প্রাচীনদের জন্য মেধার মানসিক জায়গা।

■ “বরং মন্দতায় শিশুর মত হও” কিছু কিছু ক্ষেত্রে বিশ্বাসীরা অবশ্যই অজ্ঞাত হবে (মথি ১০:১৬; রোমীয় ১৬:১৯)। মন্দতার বিরুদ্ধে সবচেয়ে বড় একটি সুরক্ষা হল তাকে অবজ্ঞা করা বা নির্দোষ থাকা।

■ “পরিপক্ব হও” পৌল এই টার্ম ব্যবহার করেছেন (অর্থাৎ, *teleios*) বিশ্বাসীদের বর্ণনা করতে যারা পরিপূর্ণ ভাবে সুসমাচার বোঝে এবং তাতে জীবন যাপন করে (১ করি ২:৬; ১৩:১০; ১৪:২০; ইফি ৪:১৩; পিলি ৩:১৫; কল ১:২৮)। প্রতিটি বিশ্বাসী শিশু খ্রীষ্টিয়ানের হিসাবেই শুরু করে এবং অবশ্যই বেড়ে ওঠে। বোধগম্যতার এবং ঈশ্বরের ভক্তির জীবন যাপনের স্তর রয়েছে। যাহোক, এই টার্ম ইঙ্গিত দেয় না পাপহীনতার, কিন্তু আত্মিক পরিপূর্ণতা ও সেবার জন্য সুসজ্জিত।

১৪:২১-২২ এটি একটি আংশিক উদ্ধৃতি যিশা ২৮:১১-১২ পদ থেকে। এটি অশুরিয়দের ইস্রায়েলের অভিযানের সাথে সম্পর্কিত। ২২ পদ এই উদ্ধৃতির সাথে সম্পর্কিত এবং সম্পূর্ণ প্রসঙ্গের সাথে নয়। এই বাক্য অন্য সব কিছুর একেবারে বিপরিত এছাড়াও পৌলের এই প্রসঙ্গে কথা। এটি অবশ্যই কেবলমাত্র পুরাতন নিয়মের উদ্ধৃতির সাথে সম্পর্কিত। পৌল দুই ভাবে “চিহ্ন” ব্যবহার করেছেন: বিচার এবং অনুগ্রহ।

১৪:২১ “ব্যবস্থায়” সাধাৰণত যিহূদী প্রসঙ্গে এটি উল্লেখ করবে মোশির লেখনীকে (অর্থাৎ, আদিপুস্তক – দ্বিতীয় বিবরণ), কিন্তু সব সময় নয়। যোহন ১০:৩৪; ১২:৩৪; এবং ১৫:২৫, এই শব্দগুচ্ছগুলি উল্লেখ করে একটি উদ্ধৃতি গীতসংহিতা থেকে, যেমন এটি করেছে রোমীয় ৩:৯ পদে। এই একই শব্দগুচ্ছ ব্যবহৃত হয়েছে ১ করি ১৪:৩৪ পদে, কিন্তু এটি অনিশ্চিত যে এটি কোন লেখনীকে উল্লেখ করেছে নতুবা সম্ভবত আদি ৩।

Walter Kaiser, in *Toward An Exegetical Theology*, p. 110, একটি চমৎকার মন্তব্য করেছেন যে ৩৪ ও ৩৫ পদ পৌল করিছীয় মণ্ডলীর কাছ থেকে যে পত্র পেয়েছিলেন সেই পত্র থেকে উদ্ধৃতি করেছেন। সাধাৰণত তাদের লিখিত প্রশ্নসমূহের বিষয়ে পৌলের উত্তর এভাবে শুরু হয়েছে “এখন এই বিষয়ে” (১ করি ৭:১,২৫; ৮:১; ১২:১; ১৬:১), কিন্তু সব সময় নয় (অর্থাৎ, দৃশ্যত পত্রের থেকে উদ্ধৃতি পাওয়া যায় ১ করি ৬:১২ এবং ১০:২৩ পদে)। যদি এটি সত্য হয় তাহলে “ব্যবস্থা আরও বলে” উল্লেখ করতে পারে গীত ৬৮:১১ পদ, যেটি পরোক্ষ ভাবে উল্লেখিত হয়ে উদ্ধৃতি ছাড়াই ১ করি ১৪:৩৬ পদে! গীত ৬৮:১১ পদ নিশ্চিত করে মিলিত আরাধনায় মহিলাদের দ্বারা সুসমাচারের ঘোষণা করা। Gordon Fee, তার ১ করিছীয়ের উপরে কমেট্রিতে (New International Commentary) আরও জোর দিয়ে বেরেছেন যে পৌল ১ করি ১৪:৩৪-৩৫ পদ লেখেন নাই (পৃ.. ৬৯৯-৭০৮)।

১৪:২৩ “যদি” এটি আর একটি third class conditional sentence (১ করি ১৪:৬,৭,৮,১১ এবং ১৪)।

■ “মণ্ডলী এক জায়গায় মিলিত হয়” ১১-১৪ অধ্যায়ের সাহিত্য একক আলোচনা করছে মিলিত আরাধনার নিয়ম কানুন নিয়ে।

সাধাৰণত এই প্রাথমিক মণ্ডলী (দেখুন বিশেষ বিষয় ১ করি ১:২ পদে) ব্যক্তিগত গৃহে মিলিত হতো (অর্থাৎ, গৃহ মণ্ডলী)। প্রায়ই করিছের মত আকৃতির নগরীতে বেশ কয়েকটি গৃহ জড়িত হবে। এরকম বিকশিত হওয়ার একটি কারণ হতে পারে মণ্ডলীর মধ্যে বিভেদ। পৌলের কথায় ইঙ্গিত পাওয়া যায় একটি বড় ধরনের দলের সভা সম্ভবত ভালবাসার ভোজেন উৎসব উদযাপন (১ করি ১১:১৭-৩৪) এবং প্রভুর ভোজ। কতবার বা কোথায় তারা মিলিত হতো তা অনিশ্চিত। এই পদ থেকে এটা স্পষ্ট যে এখানে বহিরাগতদের আসার অনুমতি ছিল, যেটি দেখায় যে এটি কোন গোপন বা রুদ্ধ দ্বার মিটিং ছিল না।

NASB “তোমরা পাগল”
NKJV, NRSV “তোমরা পাগল হয়ে গেছ”
TEV “তোমরা সকলে উন্মাদ”
NJB “তোমরা সকলে প্রলাপ বকছো”

এই টার্ম (অর্থাৎ, *mainomai*) ব্যবহৃত হয়েছে প্রেরিত ১২:১৫ পদে এবং ২৬:২৪-২৫ পদে। যোহন ১০:২০ পদে এটি ব্যবহৃত হয়েছে মন্দ আত্মায় পাওয়া বর্ণনা করতে। এই টার্ম পাগলামির ইঙ্গিত দেয় না, কিন্তু আত্মায় পাওয়া বোঝায়। গ্রীক সংস্কৃতিতে এটি দেখা হতো সুবিধা প্রাপ্ত বিশেষ আত্মিক অবস্থা, কিন্তু এরকম খ্রীষ্ট ধর্মে নয়।

১৪:২৪ “যদি” এটি আর একটি third class conditional sentence (১ করি ১৪:৬,৭,৮,১১,১৪,২৩,২৪,২৮,২৯)।

NASB “দোষীকৃত. . . বিচারিত হয়”
NKJV “দোষীকৃত. . . বিচারিত”
NRSV “নিন্দিত. . . বিচারিত হয়”
TEV “তাদের পাপে দোষীকৃত. . . বিচারিত”

ভাববাণী উপলব্ধি আনে ও দোষীকৃত করে; পরভাষা বহিরাগতদের বা নূতন বিশ্বাসীদের দ্বিধাদ্বন্দ্বে ফেলে।

■ “সবাই. . সকলে. . সকলে” এটি ইঙ্গিত করে না যে প্রত্যেক বিশ্বাসী প্রতিটি আরাধনা সভায় কথা বলবে, কিন্তু আরাধনা সভায় সব কিছুই করা হবে যাতে অতিরিক্ত যুক্ত হবে আত্মা দোষীকৃত হওয়া যেটি বহিরাগতরা এবং সম্ভবত নূতন বিশ্বাসীরা অভিজ্ঞতা লাভ করবে। “সকলে” নিশ্চিত ভাবে উপস্থিত মহিলা বিশ্বাসীরাও অন্তর্ভুক্ত।

১৪:২৫ “তার হৃদয়ের গুণ্ড বিষয়গুলো বের হয়ে পড়বে” এটি উল্লেখ করতে পারে সত্য যেটি

১. ঈশ্বর মানুষের চিন্তা ভাবনা জানেন এবং তাঁর আত্মা দ্বারা দোষের অনুভূতি আনেন (১ করি ২৪)
২. প্রকাশে পাপের স্বীকারোক্তি ছিল প্রথম শতকের আরাধনার একটি অংশ ছিল (মথি ৩:৬; মার্ক ১:৫; প্রেডিরত ১৯:১৮; এবং যাকোব ৫:১৬)

বিশেষ বিষয়: হৃদয় (নূতন নিয়ম)

(SPECIAL TOPIC: THE HEART (NT))

গ্রীক টার্ম *kardia* ব্যবহৃত হয়েছে সেপ্টুয়াজিট এবং নূতন নিয়মে হিব্রু টার্ম *leb* প্রতিফলিত করতে (BDB 523)। এটি বেশ কয়েকটি ভাবে ব্যবহৃত হয়েছে (Bauer, Arndt, Gingrich and Danker, *A Greek-English Lexicon*, pp. 403-404)।

১. দৈহিক জীবনের কেন্দ্র, ব্যক্তির জন্য রূপক (প্রেডিরত ১৪:১৭; ২ করি ৩:২-৩; যাকোব ৫:৫)
২. আত্মিক জীবনের কেন্দ্র (অর্থাৎ, নৈতিক)
 - ক. ঈশ্বর হৃদয় জানেন (লুক ১৬:১৫; রোমীয় ৮:২৭; ১ করি ১৪:২৫; ১ থি ২:৪; প্রকা ২:২৩)
 - খ. মানুষের আত্মিক জীবন ব্যবহার (মথি ১৫:১৮-১৯; ১৮:৩৫; রোমীয় ৬:১৭; ১ তীম ১:৫; ২ তীম ২:২২; ১ পিতর ১:২২)
৩. চিন্তাশীল জীবনের কেন্দ্র (অর্থাৎ মেধা, মথি ১৩:১৫; ২৪:৪৮; প্রেডিরত ৭:২৩; ১৬:২৪; ২৮:২৭; রোমীয় ১:২১; ১০:৬; ১৬:১৮; ২ করি ৪:৬; ইফি ১:১৮; ৪:১৮; যাকোব ১:২৬; ২ পিতর ১:১৯; প্রকা ১৮:৭; হৃদয় হল মনের সমরূপ ২ করি ৩:১৪-১৫ এবং ফিলি ৪:৭ পদে)
৪. ইচ্ছাশক্তির কেন্দ্র (অর্থাৎ প্রেডিরত ৫:৪; ১১:২৩; ১ করি ৪:৫; ৭:৩৭; ২ করি ৯:৭)
৫. আবেগের কেন্দ্র (মথি ৫:২৮; প্রেডিরত ২:২৬, ৩৭; ৭:৫৪; ২১:১৩; রোমীয় ১:২৪; ২ করি ২:৪; ৭:৩; ইফি ৬:২২; ফিলি ১:৭)
৬. আত্মার কাজের অদ্বিতীয় স্থান (রোমীয় ৫:৫; ২ করি ১:২২; গালা ৪:৬ [অর্থাৎ, খ্রীষ্ট আমাদের অন্তরে, ইফি ৩:১৭])
৭. একজন সম্পূর্ণ মানুষকে রূপকভাবে উল্লেখ করতে হৃদয় হল একটি উপায় (মথি ২২:৩৭, উদ্ধৃতি করেছে দি বি ৬:৫)। চিন্তা, উদ্দেশ্য এবং কাজ হৃদয়েরই গুণাবলী যা প্রকাশ করে ব্যক্তি কি রকম সে বিষয়ে। পুরাতন নিয়মে এই টার্মের কিছু লক্ষ্যণীয় ব্যবহার
 - ক. আদি ৬:৬; ৮:২১, “ঈশ্বর অন্তরে দুঃখিত হলেন,” আরও দেখুন হোশেয় ১১:৮-৯
 - খ. দি বি ৪:৪৯; ৬:৫, “তোমার সমস্ত অন্তর ও তোমার প্রাণ”
 - গ. দি বি ১০:১৬, “অছিন্নত্বক হৃদয়” এবং রোমীয় ২:২৯
 - ঘ. যিহি ১৮:৩১-৩২, “এক নূতন হৃদয়”
 - ঙ. যিহি ৩৬:২৬, “এক নূতন হৃদয়” বনাম “পাথরের হৃদয়”

Copyright © 2014 Bible Lessons International

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি ১৪:২৬-৩৩

^{২৬} ভাইয়েরা, তবে ফলাফল কি হল? তোমরা যখন সমবেত হও, তখন তোমাদের কারও কারও প্রশংসা-গান থাকে, কারও শিক্ষা থাকে, কারও প্রত্যাদেশ থাকে, কারও পরভাষা থাকে, কারও ব্যাখ্যা থাকে। সকলই গৈঁথে তোলার জন্য হোক। ^{২৭} যদি কেউ পরভাষায় কথা বলে, তবে দু’জন কিম্বা বেশি হলে তিন জন বলুক, আর এক একজন করে বলুক, এবং একজন তার অর্থ বুঝিয়ে দিক; ^{২৮} কিন্তু যদি সেখানে ব্যাখ্যাকারক না থাকে, তবে সে মঞ্জলীতে চুপ করে থাকুক; আর সে তার নিজের সংগে এবং ঈশ্বরের সংগে কথা বলুক। ^{২৯} আর ভাববাদীরা দু’জন কিম্বা তিন জন করে কথা বলুক, আর অন্যেরা তার বিচার করুক। ^{৩০} কিন্তু যে বসে আছে তার কাছে যদি কিছু প্রকাশিত হয়, তবে প্রথম জন নীরব থাকুক। ^{৩১} কারণ তোমরা সবাই এক এক করে ভাববাণী বলতে পার, যেন সবাই শিক্ষা এবং উৎসাহ পেতে পারে; ^{৩২} আর ভাববাদীদের আত্মা ভাববাদীদের অধীনে থাকে; ^{৩৩} কারণ ঈশ্বর বিশৃঙ্খলার ঈশ্বর নন কিন্তু শান্তির, যেমন পবিত্র লোকদের সব মঞ্জলীতে হয়ে থাকে। (অনুবাদকৃত টেক্সট)।

১৪:২৬-৩৩ এটি আমাদের একটি বাস্তব অন্তর্দৃষ্টি দেয় প্রাথমিক মঞ্জলীর গতিশীল, অনানুষ্ঠানিক আরাধনা সভার। দৃশ্যত সেখানে, সে সময়ে, কোন পেশাদার যাজক ছিল না। যে কেউ স্বাধীন ভাবে কথা ভরতো এবং বলতে পারতো। দুটি দিকে সমস্যা দেখা দিল।

১. সেখানে একটি দ্বিধা দ্বন্দের সৃষ্টি হতো কারণ অনেক লোকই কথা বরতে চাইতো
২. তাদের একজনের কথা বলা শেষ হওয়ার আগেই আর একজন বলতে শুরু করতো

পৌল চেষ্টা করেছেন এমন ভাবে মিলিত সভাকে কাঠামোগত করতে যেন আত্মার স্বাধীনতাকে সীমাবদ্ধ না করে, কিন্তু সভার উদ্দেশ্যের উপরে জোর দিতে, যেটি হল যারা উদ্ধার পায়নি তাদের পরিব্রাণ এবং যারা উদ্ধার পেয়েছে তাদের পরিপক্কতা (মথি ২৮:১৯-২০)। এটি কাঠামোর জন্য কাঠামো নয় (১ করি ১৪:৩২)! পৌল নিয়ন্ত্রিত আরাধনার প্রেক্ষাপট অন্বেষণ করছিলেন না!

১৪:২৬ “তবে ফলাফল কি হল” ১৫ পদের নোট দেখুন।

■ “সকলই গেঁথে তোলার জন্য হোক” এটি একটি বার বার বলা আদেশ (অর্থাৎ, present passive [deponent] imperative)। আত্মিক দানের উদ্দেশ্য নয় ব্যক্তিকে উচ্ছে তুলে ধরা, কিন্তু মঞ্জুরী বৃদ্ধি পাওয়া (সংখ্যায় এবং পরিপক্কতায়)। একে যদি অন্য ভাবে বলা হয়, “এই কাজ বা কাঠামো কি যীশুর মহান আদেশের উদ্দেশ্য পরিপূরন করে (মথি ২৮:১৯-২০)?

১৪:২৭ “যদি” এটি একটি first class conditional sentence। পৌল এদের কাজকে নিশ্চিত করছেন না, কিন্তু তাদের কাজকে টুকে রাখছেন।

১৪:২৮ “যদি” এটি একটি third class conditional sentence। পৌল আকাংখ্যা করেছেন যে মিলিত সভায় যারা উপস্থিত আছেন তাদের সকলের কাছে আত্মিক তথ্য পৌছে দেওয়া। যদি ব্যাখ্যা করা হয় তবে পরভাষা গ্রহণীয়। মিলিত সভা কোন সময় বা স্থান নয় ব্যক্তিগত অভিজ্ঞতা এবং ভক্তিতে মিলিত উদ্দেশ্যকে নিয়ন্ত্রণ করা।

■ “যদি সেখানে ব্যাখ্যাকারক না থাকে, তবে সে মঞ্জুরীতে চূপ করে থাকুক” এটি একটি present active imperative। পরভাষা এবং ভাববাণী নিয়ন্ত্রণ যোগ্য যে সেই দান পেয়েছে তার দ্বারা (১ করি ১৪:৩০)। খ্রীষ্টের দেহকে গেঁথে তোলা এবং সুসমাচার প্রচার, ব্যক্তিগত স্বাধীনতা নয়, প্রকাশ সভার মূল চাবিকাঠি।

১৪:২৯ ভাববাদীদের প্রতিযোগিতাহীন স্বাধীনতা নাই (অর্থাৎ, বশীভূত হওয়া, সময়, বা পরিতৃপ্তি) কথা বলার। তারা অন্যান্য দান প্রাপ্ত বিশ্বাসীদের দ্বারা মূল্যায়িত হন (১ করি ১৪:৩০ এবং ১২:১০; ১ যোহন ৪:১-৩)। মনে রাখুন যে শয়তান উভয় জায়গাতেই উপস্থিত ছিল যীশু যখন সমাজগৃহে কথা বরেনছেন এবং প্রকাশ্যে প্রচার করেছেন।

■ “বিচার করুক” দেখুন ১ করি ৪:৭ পদের নোট এবং ১ করি ১০:২৯ পদে বিশেষ বিষয়।

১৪:৩০ “যদি” এটি আর একটি third class conditional sentence (১ করি ৬, ৭, ৮, ১১, ২৩, ২৪, ২৮, ২৯)।

■ “প্রথম জন নীরব থাকুক” এটি ১ করি ১৪:২৮ পদের সাথে সমান্তরাল (অর্থাৎ, present active imperative)। এটি ইঙ্গিত দেয় যে একজন বক্তা অন্য একজন বিশ্বাসীর দ্বারা বাধা প্রাপ্ত হতে পারেন এবং বর্তমান বক্তা কোন সাড়া প্রদানের আগে অবশ্যই নূতন বক্তার কথা শুনবেন বা প্রত্যাদেশ যুক্ত করবেন। এই প্রাথমিক সভা ছিল খুব গতিশীল এবং প্রস্তুতিহীন ভাবে। এটি আবেদন জানাত কোন কোন ব্যক্তিত্বকে এমন জোড়াল দৃঢ় আদেশের মত আবেদন অন্য ব্যক্তিত্বকে!

এখন প্রশ্ন হল “এটা কি পৌলের সব মঞ্জুরী একটি মানসম্মত কাঠামো ছিল বা করিছীয় মঞ্জুরী একটি দ্বিতীয় দিক ছিল? আমরা কি এই সিদ্ধান্ত নিতে পারি যেভাবে নূতন নিয়ম প্রমাণ দিয়েছে কিভাবে সকল সভা অবশ্যই কাঠামোগত হবে বা কেবলমাত্র এটি উদাহরণ কিভাবে এই ক্ষেত্রে সমস্যাকে মোকাবেলা করতে হয়?

১৪:৩১ “কারণ তোমরা সবাই এক এক করে ভাববাণী বলতে পার” কতটা আক্ষরিক ভাবে এই শব্দগুচ্ছকে নেওয়া উচিত? পৌল কি জোর দিয়েছেন কাঠামো বা যে লোককে এবং সকল বিশ্বাসীদেরকে একই আরাধনা সভায় কথা বলার সীমাহীন সুযোগের? প্রাথমিক মিলিত সভায় কি কোন সময়ের বিধি নিষেধ ছিল না? এটা একটা উদাহরণ সাহিত্য মন্তব্যের, আক্ষরিক মন্তব্যের নয়। প্রসঙ্গে পৌল তাদের স্বাধীনতা সীমাবদ্ধ করেছেন, তাদের স্বাধীনতা প্রসারিত করেন নাই! যাহোক, টার্ম “সকল” নিশ্চিত ভাবে ইঙ্গিত দেয় যে পুরুষ এবং মহিলা উভয়েই ভাববাণী করতে পারে (১ করি ১১:৫)। সকল বিশ্বাসী, পুরুষ এবং স্ত্রীলোক, সাধারণ মঙ্গলের জন্য দান প্রাপ্ত (১ করি ১২:৭; ১৪:২৬)। এটি যুক্ত করে ১ করি ১৪:৩৪ পদের আরও ব্যাখ্যার প্রয়োজনীয়তা!

■ “যেন সবাই শিক্ষা এবং উৎসাহ পেতে পারে” এই উদ্দেশ্যের বাক্যাংশ (অর্থাৎ, hina) বলছে পৌলের প্রধান উদ্দেশ্যের বিষয়, এই নয় যে সকলে কথা বলতে সক্ষম, কিন্তু যেন সকলে গড়ে ওঠে, গেঁথে তোলা হয়, এবং পরিপক্ক হয়! এটি হল এই অধ্যায়ের বার বার বলা মূল বিষয়।

১৪:৩২

NASB, NKJV,

NRSV

TEV

NJB

“ভাববাদীদের আত্মা ভাববাদীদের অধীনে থাকে”

“ঈশ্বরের বার্তা ঘোষনার দান বক্তার নিয়ন্ত্রণে থাকা উচিত”

“ভাববাদীদের আত্মা ভাববাদীদের অধীনে থাকবে”

এই বিকল্প অনুবাদ দেখায় যে দুটি ভিন্ন উপায়ে এই শব্দগুচ্ছ বোঝা যেতে পারে।

- যারা ঈশ্বরের বার্তা ঘোষণা করে তারাও অন্যদের অধীনে (অর্থাৎ, Present passive indicative) থাকবে যারা ঈশ্বরের বার্তা ঘোষণা করে (অর্থাৎ, ভাববাদীরা ভাববাদীদের পরীক্ষা করবে, ১ করি ১৪:২৯)।
- যিনি ঈশ্বরের বার্তা ঘোষণা করেন তার ব্যক্তিগত নিয়ন্ত্রণ থাকবে (অর্থাৎ, present middle indicative) যে কখন এবং কি বলতে হবে (১ করি ১৪:৩০)।

টার্ম “আত্মা” ব্যবহৃত হয়েছে একই ভাবে যেভাবে হয়েছে ১ করি ১৪:২,১৪,১৫ (দু’বার), ১৬ পদে। এটি একটি বাগধারাগত উপায় একজন ব্যক্তির ব্যক্তিত্বকে উল্লেখ করার (১ করি ২:১১; ৫:৩-৪; ৭:৩৪; ১৬:১৮)। দেখুন “বশীভূতকরণ” এর উপরে নোট ১ করি ১৬:১৬ এবং বিশেষ বিষয় ২ করি ৯:১৩ পদে।

১৪:৩৩

NASB “কারণ ঈশ্বর বিশৃঙ্খলার ঈশ্বর নন কিন্তু শান্তির”
NKJV “কারণ ঈশ্বর বিশৃঙ্খলা সৃষ্টির নন কিন্তু শান্তির,
NRSV, NJB “কারণ ঈশ্বর বিশৃঙ্খলার ঈশ্বর নন কিন্তু শান্তির,
TEV “কারণ ঈশ্বর চান না আমরা বিশৃঙ্খল হই কিন্তু ঐক্য ও শান্তির”

এটি সৃষ্টির উল্লেখ করছে না। এটি শৃঙ্খলা বনাম বিশৃঙ্খলা নয়, কিন্তু দলগত বিবাদ, বা অহমিকা বনাম শান্তির। এটি প্রথম শতকের আরাধনার গতিশীলতার বৈশিষ্ট্যকে খাটো করে দেখা নয় (১ করি ১৪:৩৯-৪০), কিন্তু ঈর্ষা, অহমিকার মনোভাব কিছু কিছু দান প্রাপ্ত বজাদের (২ করি ৬:৫; ১২:২০; যাকোব ৩:১৬)। আমাদের আরাধনার পদ্ধতি ও মনোভাব উভয়ই প্রতিফলিত করবে ঈশ্বরকে যাকে আমরা আরাধনা করি বলে দাবি করি (১ করি ১১:১৭-৩৪)।

■ “যেমন পবিত্র লোকদের সব মন্ডলীতে হয়ে থাকে” এটি অনিশ্চিত যে এই শব্দগুচ্ছ ১ করি ১৪:৩৩ পদের সাথে না কি (NASB, NKJV) ১ করি ১৪:৩৪ পদের সাথে (NRSV, TEV, NJB)। কারণ শব্দগুচ্ছ “মন্ডলীতে” পুনরাবৃত্তি করা হয়েছে ১ করি ১৪:৩৩ পদে এটি সম্ভব যে ৩৩ গঠন করেছে উপসংহারের মন্তব্য যেমন করেছে ১ করি ৪:১৭ ও ৭:১৭ পদে। এই শব্দগুচ্ছ স্পষ্ট ভাবে বলে করিষ্টীয় সকল গৃহ মন্ডলীকে যে তারা বিশেষ নয়, সর্বোচ্চ নয়, বা অদ্বিতীয় ভাবে দান প্রাপ্ত ও নয় (১ করি ৪:১৭; ৭:১৭; ১১:১৬; ১৪:৩৩,৩৬; ১৬:১)। দেখুন [বিশেষ বিষয়:পবিত্রগণ, পৃ..২৭, \(SPECIAL TOPIC: SAINTS, See page 27\)](#) ১ করি ১:২ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিষ্টীয় ১৪:৩৪-৩৬

^{৩৪} স্ত্রীলোকেরা মন্ডলীতে নীরব থাকুক; কারণ কথা বলবার অনুমতি তাদের দেওয়া হয় নি, কিন্তু তারা বশীভূত হয়ে থাকুক, ঠিক যেমন ব্যবস্থাও বলে।
^{৩৫} যদি তারা কিছু শিখতে চায়, তবে তারা বাড়ীতে তাদের নিজ নিজ স্বামীকে জিজ্ঞাসা করুক; কারণ মন্ডলীতে কথা বলা একজন স্ত্রীলোকের সম্মত নয়।
^{৩৬} ঈশ্বরের বাক্য কি প্রথম তোমাদের মধ্য থেকেই বের হয়েছিল? কিম্বা এটি কেবল তোমাদেরই কাছে এসেছে? (অনুবাদকৃত টেক্সট)।

১৪:৩৪ “স্ত্রীলোকেরা মন্ডলীতে নীরব থাকুক” এই পদ হয়ে পড়েছে আধুনিক মণ্ডলীর বড় একটি ধর্মতাত্ত্বিক বিষয় নিশ্চিত কিছু অংশে। আজকের পশ্চিমা আধুনিক সমাজে, ব্যক্তি অধিকার ও সমতার সাংস্কৃতিক প্রবণতা নূতন নিয়মকে করেছে, এবং বিশেষ করে পৌলকে, এই বিষয়ে মনে হয় বিচার যোগ্য ও নেতিবাচক করেছে। পৌলের সময়ে তার মহিলা সম্পর্কিত ধর্মতত্ত্ব ছিল অত্যন্ত ইতিবাচক (ইফি ৫:২২-২৩)। স্পষ্টত পৌল অনেক মহিলার সাথে কাজ করেছেন, যেমন রোমীয় ১৬ অধ্যায়ে তার সহকর্মীদের তালিকা দেখায়। আরও দেখুন বিশেষ বিষয়:বাইবেলে মহিলা ১ করি ৭:৫ পদে।

এমন কি এই প্রসঙ্গে, পৌল সমতার কথা বলেছেন, ১ করি ১১:৫ বনাম ১৪:৩৪ পদ। কোন না কোন ভাবে ১ করি ১৪:৩৪-৩৫ পদ অদ্বিতীয় ভাবে করিষ্ট ও প্রথম শতকের সাথে সম্পর্কিত। বহুলোকের তত্ত্ব (নিচে বিশেষ বিষয় দেখুন)! কিভাবে এটি আমাদের সময়ের সাথে সম্পর্কিত তা সমস্যামূলক। গৌড়মিবাদ ও proof-texting সঠিক নয়। এই বিষয়ে বাইবেলের সাক্ষ্য একই রকম নয় বা ব্যাপক।

পৌল করিষ্টীয় বেশ কয়েকটি দলের আরাধনার নিয়ন্ত্রণ সীমাবদ্ধ করেছিলেন, “নীরব থাকুক,” ১ করি ১৪:২৮,৩০,৩৪ পদ। করিষ্টেল মিলিত আরাধনায় সমস্যা ছিল। খ্রীষ্টিয়ান মহিলারা এই সমস্যার একটি অংশ ছিল। খ্রীষ্টে তাদের নূতন স্বাধীনতা (বা তারা রোমীয় সমাজে মহিলাদের স্বাধীনতা আন্দোলনের অংশ ছিল) সাংস্কৃতিক, ধর্মতত্ত্বগত, এবং সুসমাচার প্রচারগত সমস্যার কারণ হয়েছিল। আমাদের সময়ে এর বিপরিতটাই সত্য হতে পারে। দান প্রাপ্ত মহিলা নেতারা একুশ শতকের মণ্ডলীকে সাহায্য করবে সুসমাচার নিয়ে জগতের কাছে পৌছাতে। এটি সৃষ্টিতে ঈশ্বর দত্ত শৃঙ্খলায় প্রভাব ফেলে না। কিন্তু এটি দেখায় সুসমাচার প্রচারের সুসমাচার প্রচারের অগ্রগণ্যতাকে (১ করি ৯:২২)। এই বিষয়টি কোন সুসমাচার বা মতবাদগত বিষয় নয়।

বিশেষ বিষয়: পৌলের পরিচর্যায় স্ত্রীলোকদের ব্যবহার

(SPECIAL TOPIC: PAUL' USE OF WOMEN IN MINISTRY)

লক্ষ্য করুন রোমীয় ১৬ অধ্যায়ে সকল স্ত্রীলোক যারা ছিলেন সুসমাচারে পৌলের সহ-কর্মী (ফিলি ৪:৩):

ফৈবী (পরিচারিকা) রোমীয় ১৬:১ পদে

ত্রিফা রোমীয় ১৬:৩ পদে

মরিয়ম রোমীয় ১৬:৬ পদে; যুনিয় (বা যুনিয়ক-যদি তাই হয় তবে তিনি ছিলেন একজন পুরুষ) রোমীয় ১৬:৭ পদে

ত্রুফেণা এবং ত্রুফেসা রোমীয় ১৬:১২ পদে

পর্যায় রোমীয় ১৬:১২ পদে

“তার মাতা” রোমীয় ১৬:১২ পদে

য়ুলিয়া (সম্ভবত প্রেরিত) রোমীয় ১৬:১৫ পদে

এবং “তার বোন” রোমীয় ১৬:১৫ পদে

পরিচর্যাতে মহিলাদের ক্ষেত্রে গৌড়ামীর ব্যাপারে সাবধান থাকবেন। সকল বিশ্বাসীরাই দানপ্রাপ্ত (১ করি ১২:৭,১১); সকল বিশ্বাসীরাই পূর্ণ-সময়ের পরিচর্যাকারী (ইফি ৪:১২)। এই তালিকায় একজন মহিলা পরিচরক আছে, ফৈবী, এবং একজন সম্ভাব্য মহিলা প্রেরিত, য়ুনিয়া (যোয়েল ২:২৮; প্রেরিত ২:১৬-২১)। এটা জানাটা কঠিন কিভাবে এই বিষয়টি বাইবেলে অনুসারে নিয়ন্ত্রণ করা হয়েছে কারণ পৌলের দৃশ্যত paradoxical বিবৃতি যেমন ১ করি ১১:৪-৫ পদের সাথে ১৪:৩৪ পদের তুলনা করে।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

বিশেষ বিষয়: “মহিলারা নিরব থাকবে” সম্পর্কিত তত্ত্ব (SPECIAL TOPIC: THEORIES RELETED TO “WOMEN KEEP SILENT”)

- I. এটি পৌলের কাছ থেকে আসা কোন মন্তব্য নয়, কিন্তু পরবর্তী কালের সংযুক্তি (Gordon Fee, *New International Commentary*, "I Corinthians," pp. 699-708), সাধারণত কিছু গ্রীক পাতুলিপির উপরে ভিত্তি করে (অর্থাৎ, MSS D, F, G; one MS of the Vulgate; Latin church Father Ambrosiaster, after a.d. 384) যেটি ১ করি ১৪:৩৩-৩৪ পদকে রাখে ৪০ পদের পরে।
- II. পৌল পত্রটি উদ্ধৃত করেছেন মন্ডলী থেকে, যেটি বর্ণনা করেছে বিভক্ত দলসমূহের ভ্রান্ত দৃষ্টিভঙ্গি। পৌল এটি অস্বীকার করতে উদ্ধৃত করেছেন। যদিও, এই বিলম্বিত আলোচনা (অর্থাৎ, ১ করি ১৪:৩৩-৩৫ বা ৩৬) পৌলের পূর্ববর্তী “স্লোগান” এর সাথে মেলে না। এটা পৌলের দ্বারা পরিবর্তিত একটি সাধারণ বিবৃতি নয়, কিন্তু একটি চিরস্থায়ী বিতর্ক।
- III. পৌল উল্লেখ করছেন মহিলাদের দলের একটি সমস্যা যারা আরাধনার সময় ব্যাহত করেছে হয় পরভাষা, ভাববাণী, না হয় প্রশ্নের দ্বারা। তাদের খ্রীষ্টতে নব্য স্বাধীনতার আবেগ ও উৎসাহ প্রচার কাজে ও আরাধনায় সাংস্কৃতিক সমস্যার সৃষ্টি করেছিল।
- IV. পৌল মহিলাদের সীমাবদ্ধ করেছেন, প্রকাশ্য ভাববাণী বলাতে নয়, কিন্তু অন্য ভাববাদীদের বার্তার মূল্যায়নে (অর্থাৎ, পুরুষ ভাববাদী), ফলত: তাদের উপরে একটি কর্তৃত্ব আরোপ করে (James Hurley, *Men and Women in Biblical Perspective*, pp. 185-194 and Wayne Grudem, *The Gift of Prophecy in I Corinthians*, pp. 239-255)।
- V. পৌল ১ করি ১১:৫ এবং ১৪:৩৪ পদে ভিন্ন পরিস্থিতির মোকাবেলা করেছেন।
 - ক. একটি হল গৃহ মন্ডলী (অর্থাৎ, ১১:৫) এবং একটি হল সমবেত মন্ডলী (অর্থাৎ, ১৪:৩৪)
 - খ. ১১:৫ পদ উল্লেখ করেছে অবিবাহিতা স্ত্রীলোকদের এবং ১৪:৩৪ পদ বিবাহিতা স্ত্রীলোকদের
 - গ. কিছু কিছু নারী ছিলেন উশৃংখল বা অতি স্পষ্টভাষী

ব্যাক্যার ভিন্নতা ও সংখ্যা দেখায় যে আধুনিক ব্যাক্যাকারীদের করিছে আরাধনা অনুশীলনের বিষয়ে অনিশ্চয়তা (দেখুন see Bruce W. Winter, *After Paul Left Corinth*) এবং সেই বিষয়ের জন্য, প্রথম শতকের খ্রীষ্টিয় সভা। সমস্যা কি ছিল

১. স্থানীয় (অর্থাৎ, অদ্বিতীয় ভাবে করিছ)
২. প্রথম শতকের রোমীয় সংস্কৃতি,
৩. সহজাত গুণের অপব্যবহার,
৪. স্ত্রীলোকদের দ্বারা নিয়ন্ত্রিত হবার চেষ্টা,
৫. একটি যিহুদী খাঠামো চাপিয়ে দেবার চেষ্টা,
৬. করিছে বিভক্ত দলের ভ্রান্ত দৃষ্টি ভঙ্গি?

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

NASB “তারা বশীভূত হয়ে থাকুক”

NKJV “তারা বশীভূত হোক”

NRSV “অবশ্যই অধীন হবে”

TEV “তারা অবশ্যই দায়িত্বে থাকবে না”
NJB “তাদের একটি অধীরতার অংশ আছে”

এটি একটি present passive imperative। “বশীভূত” একটি সামরিক টার্ম ছিল যেটি বর্ণনা করতো উপর থেকে নিচ পর্যন্ত মর্যাদার শৃংখলা। এটি যীশুর জন্যও ব্যবহার করা হয়েছে (লুক ২:৫১ তাঁর জাগতিক পিতামাতার প্রতি এবং ১ করি ১৫:২৮ তাঁর স্বর্গীয় পিতার প্রতি) এবং মণ্ডলীর জন্য একটি সার্বজনীন সত্য (ইফি ৫:২১)।

বিশেষ বিষয়: সমর্পিত (*hupotassō*)

{SPECIAL TOPIC: SUBMISSION (*hupotassō*)}

সেপ্টুয়াজিন্ট এই টার্ম অনুবাদে ব্যবহার করেছে ১০টি ভিন্ন ভিন্ন ইব্রীয় শব্দ। এর মূল ইব্রীয় অর্থ ছিল “নিয়মানুসারে” অথবা “আদেশের অধিকার”। এটি সেপ্টুয়াজিন্টে (LXX) নেওয়া হয়েছে।

১. ঈশ্বরের আদেশ (লেবীয় ১০:১; যোনা ২:১; ৪:৬-৮)
২. মোশির আদেশ (যাত্রা ৩৬:৬; দ্বি বি ২৭:১)
৩. রাজার আদেশ (২ বংশ ৩১:১৩)

নূতন নিয়মে এই অর্থ একই রয়েছে যেমন প্রেরিত ১০:৪৮ পদে, যেখানে রয়েছে একটি প্রেরিতিক আদেশ, “বশীভূত”। যদিও, নূতন নিয়মে নূতন অন্তর্নিহিত তাৎপর্যের উন্নয়ন হয়েছে।

১. একটি স্বেচ্ছামূলক দিকের উন্নয়ন (প্রায়ই middle voice)
২. এই আত্ম-সীমাবদ্ধ কাজ দেখা যেতে পারে যীশুর পিতার কাছে সমর্পনের মধ্যে
 - ক. পিতার প্রতি (১ করি ১৫:২৫)
 - খ. জাগতিক পিতামাতার প্রতি (লুক ২:৫১)
৩. বিশ্বাসীরা সমর্পিত সংস্কৃতির বিষয়ে যেন সুসমাচার খারাপ ভাবে প্রভাবিত না হয়
 - ক. অন্য বিশ্বাসীরা (ইফি ৫:২১)
 - খ. বিশ্বাসী স্ত্রীরা (কল ৩:১৮; ইফি ৫:২২-২৪; তীত ২:৫; ১ পিতর ৩:১)
 - গ. বিশ্বাসীরা পৌত্তলিক শাসনকর্তাদের কাছে (রোমীয় ১৩:১-৭; ১ পিতর ২:১৩)

বিশ্বাসীরা কাজ করবে ভালবাসায় অনুপ্রাণিত হয়ে, ঈশ্বরের জন্য, খ্রীষ্টের জন্য, স্বর্গরাজ্যের জন্য, অন্যদের মঙ্গলের জন্য।

agapaō (ভালবাসা) মত মণ্ডলী এই টার্ম পূর্ণ করবে নূতন অর্থ দিয়ে যার ভিত্তি হবে স্বর্গরাজ্যের এবং অন্যদের প্রয়োজন। এই টার্ম নিয়ে যাবে অভিজাত স্বার্থহীনতায়, অদেশের উপরে ভিত্তি করে নয়, কিন্তু ঈশ্বর এবং তাঁর মশীহের কাছে আত্ম নিবেদনের নূতন সম্পর্কে। বিশ্বাসীরা সকলের মঙ্গলের জন্য এবং ঈশ্বরের পরিবারের আশীর্বাদের জন্য বাধ্য এবং সমর্পিত হবে।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “ঠিক যেমন ব্যবস্থাও বলে” পৌল কি কোন নির্দিষ্ট লেখনীকে উল্লেখ করছেন না একটি সাধারণ নীতি? পুরাতন নিয়মে এমন কোন লেখনি নেই যা এই কথা বলে। এটি সম্ভব যে ১ করি ১১:৮-৯ পদের আলোকে যে আদি ২:২০-২৪ পদ উল্লেখিত হয়েছে (১ তীম ২:১৩)। অনেকে মনে করেন যে পতনের ফলাফল এবং আদি ৩:১৬ পদ উল্লেখিত হয়েছে। এটি আরও প্রসঙ্গকৃত ভাবে সম্ভব যে “বশীভূত হওয়া” ১ করি ১৪:৩২ পদের ব্যবহৃত কথার সাথে সম্পর্কিত, যেখানে এটি উল্লেখ করতে পারে অন্যান্য ভাববাদীদের কাছে বশীভূত হওয়া (*Hard Sayings of the Bible*, p. 616)।

পৌলের লেখনীতে একটি সাবলিলতা রয়েছে এই টার্ম “ব্যবস্থা” ব্যবহারে। বেশির ভাগ ক্ষেত্রে এটি উল্লেখ করে মোশির ব্যবস্থা, পুরাতন চুক্তি, কিন্তু কখনও কখনও এটি উল্লেখ করে সাধারণ ভাবে ব্যবস্থার ধারণা। যদি এটি সত্য হয় তাহলে এটি উল্লেখ করছে এই আদিপিতাদের সাধারণ মতবাদ, “পুরণ্য প্রথমে,” সংস্কৃতি।

যদি মহিলাদের দায়িত্বে থাকার অনুমতি দেওয়া হয়, এমনকি দৃশ্যত, এটি ক্ষতি করতে পারে খ্রীষ্টের কারণ প্রথম শতকে গ্রীক-রোমীয় জগতে। এই ভাবে এটি একই রকমের যে কিভাবে নূতন নিয়ম দাসত্বের বিষয়টিকে মোকাবেলা করেছে। দেখুন ১ করি ১৪:২১ পদের নোট এই শব্দগুচ্ছের ভিন্ন ভিন্ন উপলব্ধির জন্য।

১৪:৩৫ এই পদ দেখায় যে ১ করি ১৪:৩৪ পদে টার্ম “স্ত্রীলোক” উল্লেখ করে “স্ত্রী।” এটা কি ইঙ্গিত দেয় একজন অবিবাহিত স্ত্রীলোক কথা বলতে পারবে? ১১:৫ পদেও ঠিক একই রকমের দ্ব্যর্থকতা রয়েছে।

এই পদ ১ তীম ২:১১-১২ এবং তীত ২:৫ পদের সাথে সম্পর্কিত। ১ তীম ২:১৩-১৪ পদ কি কি ধর্মতান্ত্রিক বা সংস্কৃতিগত? এটা কি অদ্বিতীয় ঐতিহাসিক প্রেক্ষাপটকে সুরক্ষিত করছে অথবা এটা সকল সংস্কৃতির, সকল যুগের জন্য বিশ্বজনীন সত্য? বাইবেলের সাক্ষ্য দুটি স্বরে কথা বলছে (*How to Read the Bible For All Its Worth* by Gordon Fee and Douglas Stuart, pp. 15,63,72.74)।

■ “যদি” এটি একটি first class conditional sentence। খ্রীষ্টিয়ান স্ত্রীরা করিছে মিলিত সভায় প্রশ্ন জিজ্ঞাসা করেছে। মন্ডলীর সভা ইতিমধ্যে বাধাগ্রহণ হয়েছে গায়ক, পরভাষা, পরভাষা বলা, পরভাষা ব্যাখ্যাকারী, এবং ভাববাদীদের দ্বারা। এখন কৌতুহলী স্ত্রীরা বা স্ত্রীরা তাদের স্বাধীনতাকে লোক দেখান ভাবে উল্লেখ করে তবে সেখানে কার্যকর ভাবে বিশৃঙ্খলা দেখা দেবে!

■ “তারা জিজ্ঞাসা করুক” এটি একটি present active imperative। এই মহিলাদের বলা হয়েছে কাকে সে জিজ্ঞাসা করবে এবং কখন জিজ্ঞাসা করবে এবং কেন! তাদের কার্যকলাপ মিলিত সভার কার্যকারিতাকে প্রভাবিত করছে।

দয়া করে পাঠ করুন Walter C. Kaiser এর ১ করি ১৪:৩৪-৩৬ পদের উপলব্ধির নোট ১ করি ১৪:২১ পদে, প্যারাগ্রাফ দুই।

১৪:৩৬ এটি ছিল আত্মিক বাস্তবতায় করিছীয় গর্বিত মন্ডলীকে হতবাক করার একটি ব্যঙ্গাত্মক প্রশ্ন এবং অন্যান্য মন্ডলীর মধ্যে তাদের স্থান। ১ করি ১৪:৩৬ পদের দুটি প্রশ্নেরই ব্যাকরণগত রূপ আশা করছে “না” উত্তর।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিছীয় ১৪:৩৭-৩৮

^{৩৭} যদি কেউ নিজেকে ভাববাদী বা আত্মিক লোক বলে মনে করে, তবে সে স্বীকার করুক যে আমি তোমাদের কাছে যা কিছু লিখেছি তা সবই প্রভুর আদেশ। ^{৩৮} কিন্তু যদি কেউ তা স্বীকার না করে, তবে তাকেও স্বীকার করা হবে না। (অনুবাদকৃত টেক্সট)।

১৪:৩৭-৩৮ পৌল জোর দিয়ে বলেছেন যে যাদের সত্যিকার ভাবে আত্মিক দান আছে তাদের অন্যদের স্বীকার করা যারা কথা বলেছে এবং ঈশ্বর থেকে দান প্রাপ্ত (১ করি ১৪:৩২; মথি ১১:১৫; ১৩:৯,১৫,১৬,৪৩)। পৌলের নেতা সম্পর্কে ধারণার বর্ণনা প্রকাশ পেয়েছে ১ করি ৭:৪০ এবং ১৪:৩৮ পদে। পৌল বুঝতে পেরেছিলেন খ্রীষ্টের পক্ষে কথা বলার জন্য তার প্রেরিতিক দান এবং এর কর্তৃত্ব। তার প্রেরিতিক কিছু কিছু করিছীয়ের কাছে প্রশ্নবদ্ধ এবং চ্যালেঞ্জের সামনে পড়েছে।

৩৮ পদ ইঙ্গিত দেয় ঐশ্বরীক অভিলাষ (present passive indicative) তাদের প্রতি যারা প্রেরিতিক কর্তৃত্ব প্রত্যাখ্যান করবে (Wayne Grudem, *The Gift of Prophecy in 1 Corinthians*, p. 52 footnote #104)।

■ “যদি. . . যদি” উভয়ই first class conditional sentences, যেটি ধরে নেওয়া হয় লেখকের দিক থেকে সত্য বলে অথবা তার সাহিত্যের উদ্দেশ্যের দিক থেকে। করিছের কিছু কিছু লোক “চিন্তা করতেন” তারা “আত্মিক” (অর্থাৎ, *pneumatikos*, ১ করি ১২:১), কিন্তু তাদের কাজ এবং প্রেরিতিক কর্তৃপক্ষের তাদের সাথে সম্পর্ক (অর্থাৎ, পৌলের কর্তৃত্ব) দেখাত যে তারা তা নয়। যদি তারা স্বীকার না করে এবং পৌলের কর্তৃত্বের অধীন না হয় তবে তারা অবশ্যই আত্মিক নেতা বলে স্বীকৃত হবেন না।

১৪:৩৮

NASB “তাকেও স্বীকার করা হবে না”

NKJV “তাকে অস্বীকৃত থাকতে দাও”

NRSV “স্বীকার করা হবে না”

TEV “তার প্রতি কোন মনোযোগ দিও না”

NJB “সেই ব্যক্তি নিজেকে চেনে না”

গ্রীক পাস্টিভিভে verb tense এর পার্থক্য রয়েছে, present passive indicative (MSS κ^* , A^{*}) এবং present active imperative (MSS P⁴⁶, κ^2 , A^c, B, D²) এর মধ্যে। passive indicative ইঙ্গিত দেয় “ঈশ্বরের অজ্ঞাত বা অস্বীকৃত।” imperative করিছীয় বিশ্বাসীদের আদেশ করছে সেই লোককে প্রত্যাখ্যান করতে যে পৌলের কর্তৃত্ব প্রত্যাখ্যান করেছে বা সম্ভবত পৌলের কর্তৃত্বের প্রতিনিধি তার সমর্থিত ও প্রতিনিধি তীমথিয়ের কর্তৃত্বকে। UBS⁴ এই indicative কে দিয়েছে “B” রেটিং (প্রায় নিশ্চিত)।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিছীয় ১৪:৩৯

^{৩৯} সেইজন্য, আমার ভাইয়েরা, ভাববাণী বলার জন্য আগ্রহী হও, এবং পরভাষায় কথা বলতে বাধা দিয়ো না। ^{৪০} কিন্তু সব কিছুই যেন উপযুক্তভাবে আর শৃঙ্খলার সাথে করা হয়। (অনুবাদকৃত টেক্সট)।

১৪:৩৯ “আগ্রহী হও” এটি পৌলের টার্ম দৃঢ় আকাংখ্যার জন্য (১ করি ১২:৩১; ১৪:১)। TEV তে আছে “তোমার হৃদয়কে উন্মুক্ত রাখ।” এই সংস্কৃতিগত প্রেক্ষাপটে পৌলের জন্য আকাংখ্যা হবে সরাসরি সুসমাচার ঘোষণা করা/অন্যের কাছে বলা বিশ্বাসী ও অবিশ্বাসীদের মঙ্গলের জন্য। গণনা ২৯:১১ পদের সাথে এটি তুলনা করুন।

এটি মনে হয় যে পৌলের ১ করি ১৪:১ পদের আরম্ভের বক্তব্য যেটি ১ করি ১৪:৩৯ পদে তার উপসংহারেরও বক্তব্য। গ্রীক টার্ম *ōste*, যার পরেই এসেছে একটি imperative, হতে পারে প্রেরিতিক সারমর্ম পরিচিতম করার একটি উপায় (১ করি ১০:১২; ১১:৩৩; ১৪:৩৯; ১৫:৩৮; ফিলি ২:১২; ১ থি ৪:১৮)।

■ “পরভাষায় কথা বলতে বাধা দিয়ো না” এটি করিছ ও আজকের সময়ের সমস্যার আকাঙ্খিত সুসমতা। আমাদের প্রবণতা হল আত্মিক ব্যাপারে আমাদের মনোভাবে অতি অভিনয় করা। সত্যের পথের উবয় দিকেই ভুলের খাত রয়েছে (অর্থাৎ, প্রত্যেকে পরভাষায় কথা বলা বনাম কেই পরভাষায় কথা বলে না)!

NASB “উপযুক্তভাবে আর শৃংখলার সাথে”
NKJV, NRSV “শিষ্টতায় আর শৃংখলার সাথে”
TEV “উপযুক্ত আর শৃংখলার সাথে”
NJB “উপযুক্ত আর শৃংখলার নিয়মে”

প্রথম টার্মটি adverb “ভাল”(eu) এবং “নিয়ম” বা “রূপ” (রোমীয় ১৩:১৩; ১ থিষ ৪:১২) এর সমন্বয় থেকে এসেছে।

দ্বিতীয় টার্ম অর্থ “উপযুক্ত ভাবে সজ্জিত করা, শৃংখলার সাথে দেওয়া” (কল ২:৫)। এই শব্দগুচ্ছ সমান্তরাল ১ করি ১৪:৩৩ পদের সাথে। এটি করা হয়েছে, পূর্ব নির্ধারিত শৃংখলায় নয় (অর্থাৎ, নিয়ন্ত্রিত কর্মসূচী), কিন্তু মিলিত আরাধনা সভার উদ্দেশ্যের জন্য, যেটি হল সুসমাচার ঘোষণা এবং শিষ্যকরণ (মথি ২৮:১৯-২০)।

এটি পৌলের মিলিত আরাধনার বিষয়ে উপসংহারের মন্তব্য, যেটি ১১ অধ্যায়ে শুরু হয়েছিল।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. আত্মিক দান বিচার করার তিনটি দিক কি কি?
ক.
খ.
২. এই অধ্যায়ে কেন পরভাষাকে ভাববাণীর চেয়ে হীনমূল্য করা হয়েছে? আত্মিক দানের মধ্যে পরভাষা কি নিম্নতর দান?
৩. কিভাবে বুদ্ধি পরভাষার সাথে সম্পর্কিত?
৪. ২২ পদের সাথে সমস্যাটা কি?
৫. করিছের মন্ডলী কি সকল মন্ডলীর নির্দেশিকা হিসাবে ব্যবহৃত হবে?
৬. মন্ডলীতে মহিলারা কি নীরব থাকবে? ১১:৫ ও ১৪:৩৪ পদের সাথে তুলনা করে আপনার উত্তর ব্যাখ্যা করুন।

১ করিন্থীয় ১৫
(1 CORINTHIANS 15)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
খ্রীষ্টের পুনরুত্থান	পুনরুত্থিত খ্রীষ্ট. বিশ্বাসের বাস্তবতা	খ্রীষ্টের মৃত্যু ও পুনরুত্থানের সুসমাচার	খ্রীষ্টের পুনরুত্থান	পুনরুত্থানের সত্যতা
১৫:১-১১	১৫:১-১১	১৫:১-১১	১৫:১-২ ১৫:৩-৭ ১৫:৮-১১	১৫:১-৮ ১৫:৯-১১
মৃতদের পুনরুত্থান	জীবিত খ্রীষ্ট, আমাদের আশা	পুনরুত্থানের আমাদের জন্য শুচিকরণ	আমাদের পুনরুত্থান	
১৫:১২-১৯	১৫:১২-১৯	১৫:১২-১৯	১৫:১২-১৯	১৫:১২-১৯
	শেষ শত্রু ধংস			
১৫:২০-২৮	১৫:২০-২৮	১৫:২০-২৮	১৫:২০-২৮	১৫:২০-২৮
	পুনরুত্থানকে অস্বীকারের ফল			
১৫:২৯-৩৪	১৫:২৯-৩৪	১৫:২৯-৩৪	১৫:২৯-৩২ ১৫:৩৩-৩৪	১৫:২৯-৩৪
পুনরুত্থিত দেহ	গৌরবময় দেহ	পুনরুত্থানের প্রকৃতি	পুনরুত্থিত দেহ	পুনরুত্থানের উপায়
১৫:৩৫-৪১	১৫:৩৫-৪৯	১৫:৩৫-৪১	১৫:৩৫-৩৮ ১৫:৩৯ ১৫:৪০-৪১	১৫:৩৫-৩৮ ১৫:৩৯-৪৪ক
১৫:৪২-৪৯		১৫:৪২-৪৯	১৫:৪২-৪৯	১৫:৪৪ক-৪৯
	আমাদের চূড়ান্ত বিজয়			
১৫:৫০-৫৮	১৫:৫০-৫৮	১৫:৫০-৫৭	১৫:৫০ ১৫:৫১-৫৭	১৫:৫০-৫৩ বিজয় সঙ্গীত উপসংহার

পাঠ চক্র তিন ("[A Guide to Good Bible Reading](#)" থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. এটা প্রসঙ্গ থেকে স্পষ্ট যে পৌল স্থানীয় সম্ভাব্য ধর্মদ্রোহ যে তাদের মৃতদের পুনরুত্থান অস্বীকারের প্রতিক্রিয়া জানাচ্ছেন (যার সাথে বেশির ভাগ যিহুদী একমত হবে)। বেশ কয়েকটি তত্ত্ব স্বতঃসিদ্ধ বলে ধরে নেওয়া হয় সম্ভাব্য উৎস হিসাবে:
 ১. incipient Gnostic (দেখুন পরিভাষা) ধারণা যেটি জোর দিয়েছে দ্বৈতবাদ আত্মা (অর্থাৎ, ঈশ্বর, যিনি ভাল) এবং বস্তু (অর্থাৎ, বস্তুগত জিনিস, যেটি মন্দ) এর মধ্যে
 ২. যারা জোর দিয়ে বলতে চেষ্টা করেছে যে পুনরুত্থান ইতিমধ্যে ঘটে গেছে (২ তীম ২:১৭-১৮)।
- খ. এটি খ্রীষ্টের পুনরুত্থান এবং বিশ্বাসীদের পুনরুত্থানের উপরে নুতন নিয়মের একটি definitive প্যাসেজ। এটা অবশ্যই মনে রাখতে হবে যে এই প্যাসেজটি সম্ভবত লেখা হয়েছে যে কোন সুসমাচার লেখার আগে।
- গ. লক্ষ্য করুন পৌলের পালকীয় গুরুত্ব দানের উপায়ে এই মতবাদগত অধ্যয়ন শেষ হয়েছে, ১ করি ১৫:৫৮। এটি ১ থিম ৪:১৮ পদের মত একই রকমের। পৌল সব সময়ই প্রতিদিনের জীবন যাপন ও পরিচর্যায় মতবাদকে নামিয়ে আনতেন। সত্য জীবন পদ্ধতিকে জীবন্ত করতো!
- ঘ. এই বড় অধ্যয়নটির মোটামুটি কাঠামোটা দেখতে এটি সাহায্য করে। Dr. David King, East Texas Baptist University এর একজন সহকর্মী, একটি ভাল রূপরেখা তৈরি করেছেন তার ক্লাশের নোটে:

“IV. বৃদ্ধি প্রাপ্ত পরিপক্ব খ্রীষ্টিয়ানদের দরকার পুনরুত্থানে বিশ্বাসের উপলব্ধি (১ করি ১৫:১-৫৮)।

১. ভূমিকা: (১ করি ১৫:১-১১)

ক. সুসমাচার নিজেই দৃঢ়ভাবে যীশুর পুনরুত্থানের ভিত্তির উপরে দাঁড়িয়ে (১ করি ১৫:১-৮)।

(১) সুসমাচারের মূল সত্য (Kerygma) যীশুর মৃত্যু, সমাধি, এবং পুনরুত্থানের বিষয় (১ করি ১৫:৩-৪)।

(২) যীশুর পুনরুত্থানের পরবর্তী আবির্ভাব যে কোন সন্দেহকে দূর করে প্রমাণ করে যে যীশু মৃত্যু থেকে জীবিত হয়ে উঠেছেন (১ করি ১৫:৫-৭)।

(৩) পৌল ঈশ্বরের অনুগ্রহকে বড় করে দেখিয়েছেন যা তাকে সুযোগ দিয়েছে যীশুর পুনরুত্থানের সাক্ষীদের মধ্যে একজন বলে গণ্য হবার (১ করি ১৫:৮-১১)।

২. আমাদের পুনরুত্থানের মূল মতবাদের ভিত্তি হল যীশুর পুনরুত্থান (১ করি ১৫:১২-৩৪)।

ক. কেউ কেউ বলেন যে তিনি মৃত্যু থেকে জীবিত হয়ে ওঠেন নাই। এর প্রতিক্রিয়াটি কেমন (১ করি ১৫:১২-১৯)?

(১) আমাদের প্রচার মূল্যহীন (১ করি ১৫:১২-১৪)।

(২) তোমাদের বিশ্বাস নিষ্ফল (১ করি ১৫:১৪ এবং ১৭)।

(৩) আমরা হলাম ঈশ্বরের সত্যের মিথ্যা সাক্ষী (১ করি ১৫:১৫)।

- (৪) তোমরা এখনো তোমাদের পাপেই রয়েছো (১ করি ১৫:১৭)।
- (৫) যে বিশ্বাসীরা মারা গিয়েছেন তারা চিরকালের জন্য হারিয়ে গেছেন (১ করি ১৫:১৮)।
- (৬) সকল বিশ্বাসীরাই হতাশ হয়েছে (১ করি ১৫:১৯)।
- খ. কিন্তু খ্রীষ্ট জীবিত (এবং আজও আছেন!) হয়ে উঠেছেন! এর প্রতিক্রিয়াটি কেমন (১ করি ১৫:২০-৩৪)?
- (১) আসন্ন ফসল সংগ্রহের তিনি হলেন প্রথম ফল (১ করি ১৫:২০)।
- (২) খ্রীষ্ট, পরে মানুষ, মৃত্যুকে জয় করেছে যাকে জগতে পরিচিত করিয়েছিল প্রথম মানুষ, আদম (১ করি ১৫:২১-২২, রোমীয় ৫:১২-২১)।
- (৩) পুনরুত্থান দুটি অংশে বিভক্ত: খ্রীষ্টের পুনরুত্থান এবং অন্যদের পুনরুত্থান (১ করি ১৫:২৩)।
- (৪) পুনরুত্থান দ্বারা মৃত্যুকে জয় করা হবে এবং সকলই ঈশ্বর, যিনি সব কিছুর সৃষ্টিকর্তা তার বশীভূত হবে (১ করি ১৫:২৪-২৮)।
- (৫) বিশ্বাসীরা বিশ্বাসে বাঙাজিত আত্মিক ও দৈহিক পুনরুত্থানে বিশ্বাসী হয়ে (১ করি ১৫:২৯)।
- (৬) আমরা নির্ভিক ভাবে সব ধরণের বিপদের সম্মুখীন হতে পারি, কারণ যদি আমরা মরি, আমরা আবার জীবিত হবো এবং বিচারিত হবো, আমাদের কাজ অনুসারে (পরোক্ষ ইঙ্গিত) তাই আমাদের অবশ্যই কিভাবে জীবন যাপন করছি সে বিষয়ে সতর্ক হতে হবে (১ করি ১৫:৩০-৩৪)।
৩. বিশ্বাসীদের পুনরুত্থানের মতবাদ যুক্তিসঙ্গত। পৌল তাদের কিছু প্রশ্নের উত্তর দিয়েছেন (১ করি ১৫:৩৫-৫৭)।
- ক. কিভাবে মৃতেরা জীবিত হয়ে উঠবে? উত্তর: ঈশ্বরের শক্তিতে, ঠিক যেভাবে ঈশ্বর বীজ থেকে চারা জন্মান (১ করি ১৫:৩৫-৩৮)।
- খ. তারা কেমন ধরণের দেহ নিয়ে উঠবে? উত্তর: একটি ভিন্ন ধরণের দেহ যেটি আমাদের অনন্ত জীবনে বাস করার ভিন্ন ধরণের জীবনের জন্য উপযুক্ত (১ করি ১৫:৩৯-৪১)।
- (১) ঈশ্বর এই জগতে বিভিন্ন ধরণের দেহের জন্য জীবন সৃষ্টি করেছেন (১ করি ১৫:৩৯-৪১)।
- (২) পুনরুত্থিত দেহ হল নূতন ধরণের দেহ (১ করি ১৫:৪২-৪৪)।
- নশ্বরের পরিবর্তে অবিনশ্বর
অপমানের পরিবর্তে গৌরবময়
দুর্বলতার পরিবর্তে শক্তিশালী
প্রাণীর (বা জাগতিক) পরিবর্তে আত্মিক
- (৩) পুনরুত্থিত দেহের প্রকৃতি তুলনা দ্বারা ব্যাখ্যা করা হয়েছে স্বাভাবিক দেহ যেটি পৌলকে তুলনা করতে পরিচালিত করেছে আদম ও খ্রীষ্টের মধ্যে (১ করি ১৫:৪৫-৪৯, রোমীয় ৫:১২-২১)।
- গ. কখন এই সব ঘটনা ঘটবে? উত্তর: যখন যীশুর আবার ফিরে আসবেন (১ করি ১৫:৫০-৫৭)।
- (১) সবার জন্য একটি পরিবর্তন আবশ্যিক (১ করি ১৫:৫০)।
- (২) আমরা সঙ্গে সঙ্গে পরিবর্তিত হয়ে যাব (১ করি ১৫:৫১-৫২, ১ থিম ৪:১৪-১৭)।
- (৩) এটা তখনই ঘটবে যখন ঈশ্বরের তুরী বাজবে (১ করি ১৫:৫২-, ১ থিম ৪:১৬)।
- (৪) যখন এই পরিবর্তনগুলো সাধিত হবে তখন যীশু খ্রীষ্টেতে আমাদের মৃত্যুর উপরে বিজয় সম্পূর্ণ হবে (১ করি ১৫:৫৩-৫৭)।
৪. উপসংহার: এই মতবাদে বিশ্বাস করার ফল হল পরিচর্যায় অবিচলতা কারণ আমরা জানি যে আমাদের পরিচর্যা ব্যর্থ হবে না (১ করি ১৫:৫৮)।”

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি স্থীয় ১৫:১-২

^১ ভাইয়েরা, এখন আমি তোমাদের সেই সুসমাচার জানাচ্ছি, যে সুসমাচার আমি তোমাদের কাছে প্রচার করেছিলাম, যা তোমরা গ্রহণও করেছ, আর তাতে স্থিরও আছ। ^২ তারই দ্বারা তোমরা উদ্ধারও পাচ্ছ, আমি তোমাদের কাছে যে কথাতে সুসমাচার প্রচার করেছিলাম যদি তা তোমরা ধরে রাখ, নাহলে তোমরা নিষ্ফল বিশ্বাসী হয়েছো। (অনুবাদকৃত টেক্সট)।

১৫:১

NASB “এখন আমি তোমাদের জানাচ্ছি”

NKJV “উপরন্তু. . . আমি তোমাদের কাছে ঘোষণা করছি”

NRSV “এখন আমি তোমাদের মনে করিয়ে দেব”

TEV “আর এখন আমি তোমাদের মনে করাতে চাই”

NJB “আমি তোমাদের এটা পরিস্কার করতে চাই”

পৌল তার চিঠিটির কাঠামো করেছেন বেশ কয়েকটি প্রশ্ন দিয়ে যেটি করিছে মন্ডলী তার কাছে পাঠিয়েছিল (১ করি ৭:১,২৫; ৮:১; ১২:১; ১৬:১) তিনি শুরু করেছেন এই শব্দগুচ্ছ দ্বারা “এখন এই বিষয়ে” (অর্থাৎ, *peri de*)। ১৫ অধ্যায় শুরু হয়েছে *de* দিয়ে। এটা কি সম্ভব যে পুনরুত্থানের বিষয়ে

এই আলোচনা কোন প্রশ্ন ছিল না যেটি মণ্ডলী প্রশ্ন করেছিল, কিন্তু একটি পরিস্থিতি যা পৌল সচেতন ভাবে তৈরী করেছিলেন এবং চেয়েছিলেন এই বিষয়ে বলতে?

এটি *gnōrizō* এর একটি present active indicative রূপ, যার অর্থ জানানো, প্রকাশ করা, বা ঘোষণা করা। যাহোক, পৌল কোন নূতন তথ্য দিচ্ছিলেন না, (১ করি ১২:৩), কিন্তু তাদের কাছে পূর্বে প্রচার করা সুসমাচারের মতবাদের সার সংক্ষেপ।

বিশেষ বিষয়: *KERYGMA* (SPECIAL TOPIC: THE *KERYGMA*)

অনেক মতামত আছে খ্রীষ্টিয় ধর্মের বিষয়ে। আমাদের সময় হল ধর্মীয় বহুতন্ত্রের সময়, ঠিক প্রথম শতকের মত। ব্যক্তিগত ভাবে, আমি সম্পূর্ণভাবে যুক্ত এবং গ্রহণ করেছি সেই সব দরকে যারা দাবী করে যে তারা যীশুকে জানে ও তাঁতে নির্ভর করে। আমরা সকলে এটি বা সেটার বিষয়ে দ্বিমত পোষণ করি কিন্তু মূল খ্রীষ্টিয় ধর্মের সব কিছুই হলেন যীশু। যদিও, অনেক দল আছে যারা দাবী করে যে তারা খ্রীষ্টিয়ান যাদের মনে হয় “একই রকম দেখতে” বা “নূতন আগত।” কিভাবে আমি পার্থক্যটি বলবো?

ঠিক আছে, দুটি উপায় আছে:

ক. একটি সাহায্যমূলক বই থেকে জানা আধুনিক ভদ্র দলগুলো কি বিশ্বাস করে (তাদের নিজেদের লেখা থেকে) হল *The Kingdom of the Cults* by Walter Martin।

খ. আদি মন্ডলীর প্রচার, বিশেষভাবে প্রেরিত পিতর এবং পৌলের দ্বারা প্রেরিতপুস্তকের প্রচার সমূহ, আমাদের একটি মূল রূপরেখা দেয় যে কিভাবে প্রথম শতকের অনুপ্রাণিত লেখকেরা খ্রীষ্টিয় ধর্মকে উপস্থিত করেছে ভিন্ন ভিন্ন দলগুলোর কাছে। এটি আদি “ঘোষণা করা” বা “প্রচার করা” (যার একটি সারমর্ম হল প্রেরিত পুস্তক) প্রচলিত হল গ্রীক শব্দ *kerygma* দ্বারা। পরবর্তীগুলো হল প্রেরিতপুস্তকে যীশুর বিষয়ে সুসমাচারের কিছু মূল সত্য:

১. পুরাতন নিয়মের অনেক ভাববাণীগুলো পরিপূর্ণ করে – প্রেরিত ২:১৭-২১, ৩০-৩১, ৩৪; ৩:১৮-১৯, ২৪; ১০:৪৩; ১৩:১৭-২৩, ২৭; ৩৩:৩৩-৩৭, ৪০-৪১; ২৬:৬-৭, ২২-২৩
 ২. প্রতিজ্ঞানুসারে YHWH এর দ্বারা প্রেরিত – প্রেরিত ২:২৩; ৩:২৬
 ৩. অলৌকিক কাজ করেছেন তাঁর বার্তা এবং ঈশ্বরের সহানুভূতি প্রকাশ নিশ্চিত করতে – প্রেরিত ২:২২; ৩:১৬; ১০:৩৮
 ৪. মুক্ত না করতে, অস্বীকার করা – প্রেরিত ৩:১৩-১৪; ৪:১১
 ৫. ক্রুশারোপিত করা – প্রেরিত ২:২৩; ৩:১৪-১৫; ৪:১০; ১০:৩৯; ১৩:২৮; ২৬:২৩
 ৬. জীবিত করা হয়েছে – প্রেরিত ২:২৪, ৩১-৩২; ৩:১৫, ২৬; ৪:১০; ১০:৪০; ১২:৩০; ১৭:৩১; ২৬:২৩
 ৭. ঈশ্বরের দক্ষিণ হস্তে উচ্চিকৃত হয়েছেন – প্রেরিত ২:৩৩-৩৬; ৩:১৩, ২১
 ৮. আবার আসবেন – প্রেরিত ৩:২০-২১
 ৯. নিযুক্ত বিচারকর্তা – প্রেরিত ১০:৪২; ১৭:৩১
 ১০. পবিত্র আত্মা পাঠিয়েছেন – প্রেরিত ২:১৭-১৮; ৩৩; ৩৮-৩৯; ১০:৪৪-৪৭
 ১১. যারা বিশ্বাস করবে তাদের সবার রক্ষাকারী – প্রেরিত ১৩:৩৮-৩৯
 ১২. আর কোন ত্রাণকর্তা নেই – প্রেরিত ৪:১২; ১০:৩৪-৩৬
- এখানে সাড়া প্রদানের কয়েকটি উপায় আছে এই প্রৈরিতিক সত্যের স্তম্ভে:
১. অনুতাপ – প্রেরিত ২:৩৮; ৩:১৯; ১৭:৩০; ২৬:২০
 ২. বিশ্বাস করা – প্রেরিত ২:২১; ১০:৪৩; ১৩:৩৮-৩৯
 ৩. বাপ্তাইজিত হওয়া – প্রেরিত ২:৩৮; ১০:৪৭-৪৮
 ৪. পবিত্র আত্মা গ্রহণ করা – প্রেরিত ২:৩৮; ১০:৪৭
 ৫. সকলে আসতে পারে – প্রেরিত ২:৩৯; ৩:২৫; ২৬:২৩

এই রূপরেখা কাজ করেছে অতি প্রয়োজনীয় ঘোষণা হিসাবে আদি মন্ডলীতে, যদিও নতুন নিয়মের বিভিন্ন লেখক একটি অংশ বাদ দিতে পারে বা অন্য বিষয়গুলোর উপরে জোর দিতে পারে তাদের লেখায়। মার্কের সম্পূর্ণ সুসমাচার ঘনিষ্ঠভাবে অনুসরণ করেছে *kerygma* এর Petrine দৃষ্টিভঙ্গি। মার্ককে ঐতিহ্যগত দেখা হয় পিতরের প্রচার, যে প্রচার রোমে করেছিলেন, তা একটি লিখিত সুসমাচারে কাঠামোকারী হিসাবে। মথি এবং লুক উভয়েই মার্কের মূল কাঠামো অনুসরণ করেছেন।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “ভাইয়েরা” পৌল প্রায়ই এই শব্দ ব্যবহার করেছেন তার বিষয়ের কোন নূতন দিকের সূচনাতে বা বিষয় পরিবর্তন চিহ্নিত করতে, যেমন তিনি এখানেও করেছেন (১ করি ১:১০; ২:১; ৩:১; ৪:৬; ৮:১২; ১০:১; ১১:৩৩; ১২:১; ১৪:৬, ২০, ২৬; ১৫:১, ৫৮; ১৬:১২, ১৫)।

■ “সুসমাচার” পৌল “সুসমাচার” এর ধারণা সমান্তরাল করেছেন “যে কথা আমি তোমাদের কাছে প্রচার করেছি” বলে (১ করি ১৫:২)। ইব্রীয় চিন্তায় ঐশ্বরীক বাক্যে শক্তি নিহিত থাকে (অর্থাৎ, আদি ১:৩, ৬, ৯, ১১, ১৪, ২০, ২৪; গীত ৩:৩, ৬, ৯; যিশা ৫৫:১১; যোহন ১:১)। এটাই এখন পৌলের প্রচারের বিষয়বস্তুর জন্য রূপক হয়েছে, কেবল মাত্র সাধারণ ভাবে মৌখিক ভাবে উল্লেখ করার একটি উপায় নয়।

এই পদে সমজাতীয় accusative আছে, আক্ষরিক ভাবে “সুসমাচার যেটি আমি তোমাদের কাছে সুখবর রূপে দিয়েছি।”

এগুলি আমার কমেট্রি থেকে “সুসমাচার” এর উপরে আমার মন্তব্য, *Gospel According to Peter, Vol. 2* (অনলাইনে দেখুন

www.freebiblecommentary.org

“মার্ক সম্ভবত প্রথম লিখিত সুসমাচার, এই টার্ম *euangelion* প্রথম ব্যবহৃত হয়েছে (মার্ক ১:১৪,১৫; ৮:৩৫; ১০:২৯; ১৩:১০; ১৪:৯) সুসমাচার লেখকদের দ্বারা (পৌলের গালা ২:২ এবং ১ থিম ২:৯ পদে ব্যবহার হতে পারে কালাসূক্রমে আগে)। এটি আক্ষরিক ভাবে “ভাল খবর” বা “ভাল বার্তা।” এটি স্পষ্টত প্রতিফলিত করে যিশা ৬১:১ এবং সম্ভবত যিশা ৪০:৯ এবং ৫২:৭ পদ। এর ব্যাকরণগত রূপ বোঝা যেতে পারে (১) যীশুর দ্বারা প্রদত্ত বার্তা বা (২) যীশু সম্বন্ধে বার্তা হিসাবে। গণনা ২ অধ্যায় সম্ভবত ধরে নেওয়া অর্থ। যাহোক, *Dictionary of Jesus and the Gospels*, published by IVP, বলছে, “genitive ('of') সম্ভবত subjective এবং objective উভয়ই: যীশু সুসমাচার ঘোষণা করেছেন এবং এটি তাঁর ইতিহাস ঘোষণা করেছে” (পৃ..২৮৫)। *Jerome Biblical Commentary* বলেছে, “মার্কের ‘সুসমাচার’ শব্দের ব্যবহার হল পৌলের মত একই রকমের যেখানে এর মানে হতে পারে হয় ঘোষণার কাজ বা যা ঘোষণা করা হচ্ছে তার বিষয় বস্তু।”

■ “যা তোমরা গ্রহণও করেছ” এই টার্ম যিহুদীদের দ্বারা ব্যবহৃত হয়েছে “পরম্পরা স্থানান্তর” (১ করি ১৫:৩; ১১:২৩; ১৫:৩; মার্ক ৭:৪; ফিলি ৪:৯; ১ থিম ৪:১০; ২ থিম ৩:৬)। পৌল খ্রীষ্টের (গালা ১:১২,১৬; প্রেরিত ৯:১-২২; ২২:৩-১৬; ২৬:৭-১৮) কাছ থেকে যা গ্রহণ করেছেন তা তিনি অন্যদের দিচ্ছেন (অর্থাৎ, সুসমাচার, ১ করি ১৫:৩)। পূর্বে পৌল পরজাতীয়দের কাছে প্রেরিত ছিলেন, তিনি নিজেই সুসমাচার গ্রহণকারী ছিলেন। এটি একটি aorist active indicative। যদিও যীশু সকল মানুষের পাপের জন্য মরেছেন, এটি এই প্যাসেজ থেকে স্পষ্ট এবং অন্যান্য (যোহন ১:১২; ৩:১৬; রোমীয় ১৯:৯-১৩) যে প্রতিটি লোক অবশ্যই ব্যক্তিগত ভাবে ঈশ্বরের বিনামূল্যে (১ করি ১৫:১১) পরিত্রাণের দান গ্রহণ করবে। সুসমাচারে অর্ন্তভুক্ত (১) একজন ব্যক্তিকে স্বাগত জানান; (২) সেই ব্যক্তি সম্বন্ধে সত্যে বিশ্বাস করা; এবং (৩) সেই ব্যক্তির অনুকরণে জীবন যাপন করা।

■ “তাতে স্থিরও আছ” এটি একটি perfect active indicative, যেটি চিহ্নিত করে অতীতে সম্পূর্ণ কাজের যা এখন স্থায়ী ভাবে রয়েছে। এটি কষ্টসহিষ্ণুতার আবশ্যিকতার কথা বলে (দেখুন বিশেষ বিষয় ১ করি ১:২১ পদে)।

বিশেষ বিষয়: দাঁড়ান (*histēmi*)

{SPECIAL TOPIC: STAND (*histēmi*)}

এটি একটি সাধারণ টার্ম ব্যবহৃত হয়েছে নূতন নিয়মে কয়েকটি ধর্মতাত্ত্বিক অর্থে

১. প্রতিষ্ঠা করা
 - ক. পুরাতন নিয়মের ব্যবস্থা, রোমীয় ৩:৩১
 - খ. একজনের নিজের ধার্মিকতা, রোমীয় ১০:৩
 - গ. নূতন নিয়ম, ইব্রীয় ১০:৯
 - ঘ. একটি অভিযোগ, ২ করি ১৩:১
 - ঙ. ঈশ্বরের সত্য, ২ তীম ২:১৯
২. আত্মিক ভাবে প্রতিরোধ
 - ক. শয়তান, ইফি ৬:১১
 - খ. বিচার দিন, প্রকা ৬:১৭
৩. একটি ভিত্তি-তে দাঁড়ানোর দ্বারা প্রতিরোধ
 - ক. সামরিক রূপক, ইফি ৬:১৪
 - খ. সামাজিক রূপক, রোমীয় ১৪:৪
৪. সত্যে একটি মর্যাদা, যোহন ৮:৪৪
৫. অনুগ্রহে একটি মর্যাদা
 - ক. রোমীয় ৫:২
 - খ. ১ করি ১৫:১
 - গ. ১ পিতর ৫:১২
৬. বিশ্বাসে মর্যাদা
 - ক. রোমীয় ১১:২০
 - খ. ১ করি ৭:৩৭
 - গ. ১ করি ১৫:১
 - ঘ. ২ করি ১:২৪
৭. উদ্ধৃতের একটি মর্যাদা, ১ করি ১০:১২

এই টার্ম প্রকাশ করছে সার্বভৌম ঈশ্বরের নিয়মবদ্ধ অনুগ্রহ ও দয়া উভয়ই এবং সত্য হল যে বিশ্বাসীদের এতে সাড়া প্রদান করতে হয় এবং বিশ্বাসে তা

আকড়ে ধরতে হয়! উভয়ই বাইবেল ভিত্তিক সত্য। তাদের অবশ্যই একত্রে ধরতে হবে! দেখুন বিশেষ বিষয়: চুক্তি এবং বিশেষ বিষয়:শাস্ত্রে স্ববিরোধিতা

Copyright © 2014 Bible Lessons International

১৫:২ “তোমরা উদ্ধারও পাচ্ছ” এটি একটি present passive indicative, “উদ্ধারও পাচ্ছ” (১ করি ১:১৮; ২ করি ২:১৫; ১ পিতর ৩:২১; ৪:১৮)। পরিব্রাণ হল খ্রীষ্টসাদৃশ্যতার দিকে একটি প্রক্রিয়া।

দেখুন বিশেষ বিষয়: পরিব্রাণ (GREEK VERB TENSES), পৃ. ৮৯, (SPECIAL TOPIC: SALVATION (GREEK VERB TENSES), See page 89) ১ করি ৩:১৫ পদে।

■ “যদি” এটি একটি First class conditional sentence, যেটি ইঙ্গিত দেয় যে তারা সুসমাচারের সত্যকে “দৃঢ়রূপে ধারণ করবে,” যেটি তিন তাদের কাছে প্রচার করেছিলেন, কিন্তু এটি যুক্ত করেছে সম্ভাব্য ঘটনার নোট দ্বিতীয় “ei” দ্বারা (অর্থাৎ, নচেৎ)। এটি মনে হয় যীশুর বীজ বাপকের দৃষ্টান্তর (মথি ১৩) সাথে সমান্তরাল এবং ১ যোহন ২:১৯ পদে যোহনের আলোচনা তাদের বিষয়ে যারা সহভাগিতায় ছিল কিন্তু পরে সহভাগিতা ত্যাগ করেছে।

করিছে সেই সব বিভক্ত দলসমূহ ছিল যারা তাদের কাজ, আচার আচরণ, এবং ধর্মতত্ত্ব দ্বারা দেখাত যে তারা কখনই বিশ্বাসী ছিল না! তারা প্রত্যাখান করেছিল (১) পৌলের সুসমাচার; (২) পৌলের প্রৈরিতিক কর্তৃত্ব; এবং (৩) রোমীয় সংস্কৃতির সাথে সুসমাচারকে মিশ্রিত করেছিল, যেখানে সংস্কৃতিটাই প্রধান ছিল! সংস্কৃতিগত খ্রীষ্টধর্ম সব সময়ই দুর্বল এবং কখনও কখনও খ্রীষ্ট ধর্মই নয়!

যাহোক, দয়া করে নোট করুন যে প্রসঙ্গকৃত ভাবে পৌল জোর দিয়ে বলছেন তার নির্ভরতার কথা যে তিনি মনে করেন করিছীয় বিশ্বাসীরা হল সত্যিকারের বিশ্বাসী।

১. Aorist tense, ১করি ১৫:১, “গ্রহণ করেছে”
২. Perfect tense, ১ করি ১৫:১, “যাতে তোমরাও দাঁড়িয়ে আছ”
৩. First class conditional sentence, ১ করি ১৫:২, “যেহেতু তোমরা দৃঢ়রূপে ধরে আছ”

■ “নাহলে তোমরা নিষ্ফল বিশ্বাসী হয়েছো” “যদি তোমরা দৃঢ়রূপে ধরে থাক . . . নিষ্ফল।” শব্দ “নিষ্ফল” (eikē) অর্থ “কোন উদ্দেশ্য নেই” (গালা ৩:৪; ৪:১১)। মথি ১৩:১-৯, ১৮-২৩ পদ, এবং যোহন ৮:৩১-৫৯ পদ থেকে স্পষ্ট যে ভ্রান্ত স্বীকারোক্তি ধর্মীয় জীবনে বাস্তব (দেখুন বিশেষ বিষয়: ধর্মত্যাগ (APHISTĒMI), পৃ. ১১৯, (SPECIAL TOPIC: APOSTASY (APHISTĒMI), See page 119) ১ করি ৬:৯ পদে)। এই শব্দগুচ্ছ ধারাবাহিক চতুর্থ রূপ যেটি বর্ণনা করে খ্রীষ্টীয় জীবনের আবশ্যকীয় উপাদান সমূহ: গ্রহণ করা, মর্যাদা, অগ্রগতি, এবং অবিরত চলা। পরিব্রাণ একটি প্রক্রিয়া যার মধ্যে অন্তর্ভুক্ত মন পরিবর্তন, বিশ্বাস, বাধ্যতা (উভয়ই প্রারম্ভিক এবং চলমান), সেই সাথে কষ্ট সহিষ্ণুতা। দেখুন বিশেষ বিষয়: কষ্ট সহিষ্ণুতার আবশ্যিকতা ১ করি ১:২১ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিছীয় ১৫:৩-১১

° কারণ আমি নিজে যা পেয়েছি, প্রথমে তোমাদের কাছে দরকারী বিষয় হিসাবেও দিয়েছি, যে শাস্ত্র অনুসারে খ্রীষ্ট আমাদের পাপের জন্য মরেছিলেন, ° ও তাঁকে কবর দেওয়া হয়েছিল, আর শাস্ত্র অনুসারে তিনি তিন দিনের দিন মৃত্যু থেকে জীবিত হয়েছেন, ° আর তিনি কৈফাকে, পরে বারো জনকে দেখা দিয়েছিলেন। ° এর পরে তিনি একই সময়ে পাঁচশোরও বেশী ভাইদের দেখা দিয়েছিলেন, তাদের মধ্যে অনেকেই এখনও বেঁচে আছেন, কিন্তু কেউ কেউ মারা গেছেন; ° তার পরে তিনি যাকোবকে, পরে সব প্রৈরিতদের দেখা দিয়েছিলেন; ° সকলের শেষে, অকালজাতদের মত যে আমি, আমাকেও দিয়েছিলেন। ° কারণ প্রৈরিতদের মধ্যে আমিই সবচেয়ে ক্ষুদ্র, বরং প্রৈরিত বলে ডাকার যোগ্যও আমি নই, কারণ আমি ঈশ্বরের মন্ডলীকে অত্যাচার করতাম। °° কিন্তু ঈশ্বরের অনুগ্রহে আমি যা আছি তাই আছি, এবং আমার প্রতি তাঁর অনুগ্রহ নিষ্ফল হয় নি; কিন্তু আমি অন্য সকলের চেয়ে বেশী পরিশ্রম করেছি, তথাপি আমি নই, বরং আমার সাথে থাকা ঈশ্বরের অনুগ্রহই করেছে। °° সেইজন্য এটি আমিই হই বা তারা, আমরা এরকম প্রচার করি এবং তোমরা এই রকমই বিশ্বাস করেছ। (অনুবাদকৃত টেক্সট)।

১৫:৩ “আমি তোমাদের দিয়েছি” এটি উল্লেখ করছে (১) খ্রীষ্টীয় সাক্ষ্য যেটি পৌল লাভ করেছিলেন (অর্থাৎ, স্তিফানের কাছ থেকে, প্রৈরিত ৭; অননিয়ের কাছ থেকে, প্রৈরিত ৯:১০-১৮; এবং নির্যাতিত খ্রীষ্টিয়ানদের কাছ থেকে, প্রৈরিত ৯:১-২; ১ করি ১৫:৯) অথবা (২) প্রভুর কাছ থেকে সরাসরি প্রত্যাদেশ (১ করি ১১:২৩; প্রৈরিত ৯:১-২২; ২২:৩-১৬; ২৬:৯-১৮; গালা ১:১২)। পৌল সুসমাচারে সত্য যা লাভ করেছিলেন তা অন্যদের কাছে দিয়েছেন। পৌল কোন নূতন ধারণার বাহক ছিলেন না, কিন্তু একজন বিশ্বস্ত সাক্ষী যিনি সুসমাচারের সত্যকে নূতন পরজাতীয় পরিস্থিতিতে প্রয়োগ করেছিলেন।

■ “প্রথম দরকারী বিষয়” এটি একমাত্র প্রৈরিতিক সুসমাচারের সারাংশ। আমাদের আধুনিক সুসমাচারের সারাংশ, রোমীয় পথের মত (অর্থাৎ, ৩:২৩; ৫:৮; ৬:২৩; ১০:৯-১৩), আধুনিক মনোনয়ন নেওয়া হয়েছে বৃহত্তর অনুপ্রাণিত লেখনী থেকে। পৌল তাদের মনে করিয়ে দিতে চেয়েছেন সুসমাচারের অবশ্যকতাকে (দেখুন বিশেষ বিষয়: Kerygma ১ করি ১৫:১ পদে)। পৌলের সুসমাচারের সারাংশ:

১. খ্রীষ্ট আমাদের পাপের জন্য মরেছেন
২. খ্রীষ্ট সত্যিকার ভাবে মরেছেন এবং কবর প্রাপ্ত হয়েছেন
৩. খ্রীষ্ট মৃত্যু থেকে জীবিত হয়ে উঠেছেন
৪. আমরা জানি এসবই সত্য কারণ তিনি অনেক দিন ধরে অনেক লোককে দেখা দিয়েছিলেন

■ “খ্রীষ্ট আমাদের পাপের জন্য মরেছেন” টার্ম “খ্রীষ্ট” হল ইব্রীয় টার্ম মশীহের গ্রীক অনুবাদ, যার অর্থ অভিষিক্ত ব্যক্তি। এই টার্ম, প্রচলিত “যীশু খ্রীষ্ট” বা “প্রভু যীশু খ্রীষ্ট” বা “খ্রীষ্ট যীশু” ছাড়া দেখায় পৌলের ঐতিহ্যে প্রাথমিক উৎস, যেখানে যীশুকে নিশ্চিত করা হয়েছে যিহূদী মশীহ হিসাবে, প্রতিজ্ঞাত ব্যক্তি দেখুন বিশেষ বিষয়:মশীহ, পৃ.৫২, (SPECIAL TOPIC: MESSIAH, See page 52) ১ করি ১:২৩ পদে)। বেশির ভাগ সম্ভাবনা, পৌল তার ধর্মস্তরের পরে এসব অননিয় ও দম্মেশকের অন্যান্য বিশ্বাসীদের কাছ থেকে পেয়েছিলেন।

এটি একটি aorist active indicative। “যীশু ঋণ পরিশোধ করেছিলেন যে ঋণ তিনি করেন নাই এবং আমরা যে ঋণ করেছি তা আমরা পরিশোধ করতে পারি না” (গালা ৩:১৩; ১ যোহন ৪:১০)।

preposition “জন্য” (*hyper*) এর অর্থ “কারণ পক্ষে”; এটি প্রায়ই ব্যবহৃত হয়েছে একরকম ভাবে আর একটি গ্রীক preposition, *anti* এর সাথে, যার অর্থ “এর স্থলে।” এটি ছিল একটি অন্যের জন্য, বিকল্পস্বরূপ প্রায়শ্চিত্ত (যিশা ৫৩; মার্ক ১০:৪৫)।

খ্রীষ্টের মৃত্যু পৌলের লেখনীতে একটি বার বার বলা মূল বিষয়। তিনি বেশ কয়েকটি ভিন্ন ভিন্ন টার্ম এবং শব্দগুচ্ছ ব্যবহার করেছেন যীশুর প্রতিনিধিত্বমূলক মৃত্যুকে উল্লেখ করতে:

১. রক্ত (১ করি ১১:২৫,২৭; রোমীয় ৩:২৫; ৫:৯; ইফি ১:৭; ২:১৩; কল ১:২০)
২. নিজেকে দান করলেন (ইফি ৫:২,২৫)
৩. সমর্পিত হলেন (রোমীয় ৪:২৫; ৮:৩২)
৪. উৎসর্গ (১ করি ৫:৭)
৫. মরলেন (রোমীয় ৫:৬; ৮:৩৪; ১৪:৯,১৫; ১ করি ৮:১১; ১৫:৩; ২ করি ৫:১৫; গালা ৫:২১; ১ থি ৪:১৪; ৫:১০)
৬. ক্রুশ (১ করি ১:১৭-১৮; গালা ৫:১১; ৬:১২-১৪; ইফি ২:১৬; ফিলি ২:৮; কল ১:২০; ২:১৪)
৭. ক্রুশোবিদ্ধকরণ (১ করি ১:২৩; ২:২; ২ করি ১৩:৪; গালা ৩:১)

■ “শাস্ত্র অনুসারে” এটি উল্লেখ করছে পুরাতন নিয়মকে কারণ নূতন নিয়ম এ সময়ে লিখিত হয়নি সম্ভবত গালাতীয় এবং থিমলনীকীয় ছাড়া। ১ করি ১৫:৩-৪ পদে এই শব্দগুচ্ছের ব্যবহার জোর দিয়ে বলছে ভাববাণীমূলক (লুক ২৪:২৭) এবং ঈশ্বরের পূর্ব স্থিরকৃত পরিব্রাজনের পরিকল্পনা (থেরিত ২:২৩; ৩:১৮; ৪:২৮; ১৩:২৯, দেখুন বিশেষ বিষয় ১ করি ১:২১ পদে)।

যাহোক, এটা সম্ভব যে শাস্ত্র এখানে উল্লেখ করছে সুসমাচারের একটি (অথবা যীশুর কথা পৃথক ভাবে বিতরনকৃত পরবর্তী Synoptics থেকে)। এটি অনিশ্চিত যে কখন সেগুলি লিখিত হয়েছে, এবং কখন সেগুলি বিতরন করা হয়েছে প্রাথমিক মন্ডলীসমূহের মধ্যে। যদি শব্দগুচ্ছটি সুসমাচারের বিবরণকে উল্লেখ করে, তাহলে “তৃতীয় দিবসে” উল্লেখ করতে পারে যীশু রবিবার জীবিত হয়ে উঠেছিলেন, সপ্তাহের প্রথম দিন, যিহূদী তিন দিন গণনা দ্বারা।

১৫:৪ “তিনি সমাধি প্রাপ্ত হয়েছিলেন” তিনি সত্যিকার ভাবে মরেছিলেন!

■ “তিন দিনের দিন” পুরাতন নিয়মে কোন স্পষ্ট সমর্থন নেই “তিন দিনের দিন” এর। যাহোক, এটি ছিল (*kerigma*) এর একটি অংশ (মার্ক ১০:৩৪; লুক ২৪:৪৬; থেরিত ১০:৪০; দেখুন বিশেষ বিষয় ১ করি ১৫:১ পদে)। কেউ কেউ দেখেন এটি উল্লেখ করছে যোনা ১:১৭ বা গীত ১৬:১০ পদ, যাহোক যীশুর মন্তব্য (মথি ১২:৪০) মনে হয় এটি সম্পর্কিত যোনার বড় মাছের অভিজ্ঞতার সাথে।

■ “তিনি জীবিত হয়েছেন” এটি একটি perfect passive indicative, এই অধ্যায়ে প্রায়ই ব্যবহার করা হয়েছে (১ করি ১৫:৪,১২,১৩,১৪,১৬,১৭, ২০)। এই গ্রীক *verb tense* বলছে খ্রীষ্টের চলমান মর্যাদা “জীবিত ব্যক্তি” হিসাবে এবং passive voice বলছে পিতা ঈশ্বরের তাঁকে মৃতদের মধ্যে থেকে জীবিত করার কাজের কথা। এটি জোর দিচ্ছে পিতার অনুমোদন যীশুর জীবন, শিক্ষা, এবং উৎসর্গকৃত মৃত্যুর বিষয়ে। নূতন নিয়ম প্রায়ই পরিব্রাজনের কাজকে ঈশ্বরত্বের তিনটি ব্যক্তির উপরে অর্পণ করেছে:

১. পিতা ঈশ্বর যীশুকে মৃত্যু থেকে জীবিত করেছেন (থেরিত ২:২৪; ৩:১৫; ৪:১০; ৫:৩০; ১০:৪০; ১৩:৩০,৩৩,৩৪,৩৭; ১৭:৩১; রোমীয় ৬:৪, ৯; ১০:৯; ১ করি ৬:১৪; ২ করি ৪:১৪; গালা ১:১; ইফি ১:২০; কল ২:১২; ১ থি ১:১০)
২. পুত্র ঈশ্বর নিজেকে জীবিত করেছেন (যোহন ২:১৯-২২; ১০:১৭-১৮)
৩. আত্মা ঈশ্বর যীশুকে জীবিত করেছেন (রোমীয় ৮:১১)

বিশেষ বিষয়: পুনরুত্থান (SPECIAL TOPIC: THE RESURRECTION)

বাইবেলে মৃত্যু থেকে ফিরে আসা নিয়ে আসার তিনটি অর্থ আছে।

- ক. তারা যারা মারা যায় নি কিন্তু ঈশ্বরের সাথে থাকতে গিয়েছে (অর্থাৎ, হনোক, আদি ৫:২৪; ইলীশায়; ২ রাজা ২:১১), যাকে বলা হয়েছে “রূপান্তরিত হওয়া।”
- খ. কয়েকজন, ঈশ্বরের শক্তির দ্বারা, মৃত্যুর দরজা থেকে বাস্তব শরীরে ফিরিয়ে নিয়ে আসা হয়েছে। একে বলা হয়েছে “পুণ চৈতন্য লাভ।” তারা ভবিষ্যতে কোন এক সময় মৃত্যুবরণ করবে।
- গ. শুধুমাত্র একটি পুনরুত্থান (অর্থাৎ, যীশু)। তিনি মৃত্যুবরণ করেছেন কিন্তু মৃত্যু থেকে জীবিত হয়েছেন (অর্থাৎ, *hades*) এবং ঈশ্বরের সাথে অনন্ত জীবনে থাকার জন্য প্রস্তুতকৃত নতুন একটি শরীর দেওয়া হয়েছে। তিনি হলেন মৃত্যুর প্রথম ফল (১ করি ১৫:২০,২৩; “মৃতদের মধ্যে

থেকে প্রথমজাত,” কলসীয় ১:১৫,১৭)। তাঁর কারণে, বিশ্বাসীরা দ্বিতীয় আগমনে পুনরুত্থিত হবে (গীত ৪৯:১৫; ৭৩:২৪; যিশা ২৬:১৯; দানিয়েল ১২:২; মথি ২২:৩১-৩২; মার্ক ১২:২৬-২৭; যোহন ৫:২৫, ২৮-২৯; ৬:৩৯-৪০,৪৪,৫৪; রোমীয় ৮:১১; ১ করি ১৫; ১ থিষ ৪:১৩-১৮; ১ যোহন ৩:২)।

পুনরুত্থানের জন্য প্রমাণ

- ক. পঞ্চাশ (৫০) দিন পর পঞ্চাশত্তমীতে, পুনরুত্থান পিতরের প্রচারের মূল বিষয় হয়েছিল (প্রেরিত ২)। যে হাজার হাজার লোক সেই এলাকায় বাস করতো সেখানে এটি ঘটেছিল বলে বিশ্বাস করেছিল!
- খ. শিষ্যদের জীবন ব্যাপক ভাবে হতাশা থেকে পরিবর্তন হয়ে গিয়েছিল (তারা পুনরুত্থান আশা করে নাই) সাহসিকতায়, এমনকি সাক্ষ্যমর পর্যন্ত।
- গ. পৌল অনেক প্রত্যক্ষদর্শীর তালিকা করেছেন ১ করি ১৫:৫-৮ পদে, নিজেকেও যুক্ত করেছেন (প্রেরিত ৯)।

পুনরুত্থানের তাৎপর্য

- ক. দেখায় যীশু নিজেকে নিয়ে যা দাবী করেছেন (মথি ১২:৩৮-৪০, মৃত্যু এবং পুনরুত্থানের ভাববাণী)
- খ. ঈশ্বর তাঁর নিজের অনুমোদন যীশুর জীবন, শিক্ষা, এবং বিকল্প হিসাবে মৃত্যুর উপর দিয়েছেন (রোমীয় ৪:২৫)
- গ. আমাদের দেখায় সকল খ্রীষ্টিয়ানদের প্রতি প্রতিজ্ঞা (পুনরুত্থিত শরীর, ১ করি ১৫)

যীশুর দাবী যে তিনি মৃত্যু থেকে জীবিত হবেন

- ক. মথি ১২:৩৮-৪০; ১৬:২১; ১৭:৯,২২,২৩; ২০:১৮-১৯; ২৬:৩২; ২৭:৬৩
- খ. মার্ক ৮:৩১; ৯:১-১০,৩১; ১৪:২৮,৫৮
- গ. লুক ৯:২২-২৭
- ঘ. যোহন ২:১৯-২২; ১২:৩৪; ১৪-১৬ অধ্যায়

পিতর এং পৌল উভয়েই দাবী করেছেন যে গীতসংহিতা ১৬ নির্দেশ করে যীশু, মশীহের প্রতি

- ক. পিতর প্রেরিত ২:২৪-৩২
- খ. পৌল প্রেরিত ১৩:৩২-৩৭

অধিকতর অধ্যয়নের জন্য

- ক. *Evidence That Demands a Verdict* by Josh McDowell
- খ. *Evidence That Demands a Verdict* by Josh McDowell
- গ. *The Zondervan Pictorial Encyclopedia of the Bible*, "Resurrection," "Resurrection of Jesus Christ"

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

১৫:৫ “দেখা দিয়েছিলেন” নিচে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: যীশুর পুনরুত্থান উত্তর আবির্ভাব

(SPECIAL TOPIC: JESUS POST RESURRECTION APPEARANCES)

যীশু নিজেকে কয়েকজন ব্যক্তিকে দেখিয়ে ছিলেন তার পুনরুত্থান নিশ্চিত করতে।

১. কবরস্থানে স্ত্রীলোকদের, মথি ২৮:৯
২. গালীলে একত্রিত হওয়া এগারো জন শিষ্যকে, মথি ২৮:১৬
৩. শিমোন, লুক ২৪:৩৪
৪. ইম্মায়ু রাস্তায় দুজনকে, লুক ২৪:১৫
৫. উপরের কক্ষের শিষ্যদের, লুক ২৪:৩৬
৬. মগিদলিনিকে, যোহন ২০:১৫
৭. উপরের কক্ষের দশজন শিষ্যকে, যোহন ২০:২০
৮. উপরের কক্ষের এগারো জন শিষ্যকে, যোহন ২০:২৬
৯. গালীল সমুদ্রে সাতজন শিষ্যকে, যোহন ২১:১
১০. কৈফা (পিতর), ১ করি ১৫:৫
১১. বারোজন (প্রেরিতদের), ১ করি ১৫:৫
১২. ৫০০ ভাইদের, ১ করি ১৫:৬ পদ মথি ২৮:১৬-১৭ পদের সাথে সমন্বয় হয়ে
১৩. যাকোব (তাঁর জাগতিক পরিবার), ১ করি ১৫:৭

১৪. সকল প্রেরিতদের, ১ করি ১৫:৭

১৫. পৌল, ১ করি ১৫:৮ (প্রেরিত ৯)

স্পষ্টত এর কয়েকটি উল্লেখ করে একই আর্বিভাবের। যীশু চেয়েছিলেন তারা নিশ্চিতভাবে জানুক যে তিনি জীবিত আছেন!

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “কৈফা” করিছীয় পত্রে পৌল তাকে এই নামেই ডেকেছেন (১ করি ১:১২; ৩:২২; ৯:৫; ১৫:৫০, কিন্তু গালাতীয় পত্রে তিনি তাকে কৈফা (১ করি ২:৯) এবং পিতর(১ করি ১:১৮; ২:৭,৭,৮,১১,১৪) উভয় নামেই ডেকেছেন। পৌল তাকে কখনো শিমোন নামে ডাকেন নাই।

এটা বেশ বিস্ময়কর যে প্রথম ব্যক্তি (মহিলাদের কবরে যাবার পরে) যাকে পুনরুত্থিত যীশু দেখা দিয়েছিলেন তিনি হলেন সেই ব্যক্তি যে তাঁকে তিনবার অস্বীকার করেছিল, সেই লোক যিনি পঞ্চশতমীতে মন্ডলীর প্রথম প্রচার করেছিলেন। যীশু মার্ক ১৬:৭ পদে তাকে বিশেষ গুরুত্ব দিয়ে চিহ্নিত করেছিলেন, যখন প্রেরিতদের বলা হয়েছিল গালীলে যীশুর সাথে দেখা করতে। এটি নিশ্চিত ভাবে ভালবাসা, সমঝোতা, ক্ষমা, এবং খ্রীষ্টের পুনরুদ্ধারকারী ক্ষমতাকে দেখায়। যোহন ২১ অধ্যায় বেশিল ভাগ বর্ণনা করেছে পিতরের নেতৃত্বের পুনস্থাপন।

■ “বারো জন” পশ্চিমা গ্রুপের গ্রীক পাড়ুলিপি (অর্থাৎ, MS D [Codex Bezae]), সেই সাথে Vulgate এ, আছে “এগার।” টার্ম “বারো” প্রেরিতদের দনের জন্য একটি কৌশলগত টার্ম হয়ে পড়েছে। পৌল এই শব্দ আর কখনো তার অন্য কোন লেখনীতে ব্যবহার করেন নাই। অনেক মনে করেন যে এটি ইঙ্গিত দিচ্ছে যে ১ করি ১৫:৩-৭ পদ হতে পারে প্রাথমিক মন্ডলীর একটি catechismal সারাংশ।

বিশেষ বিষয়: সংখ্যা বারো (SPECIAL TOPIC: NUMBER TWELVE)

বারো সবসময় সংস্থার একটি প্রতীকী (দেখুন বিশেষ বিষয়: শাস্ত্রে প্রতীকী সংখ্যা) সংখ্যা ছিল

ক. বাইবেলের বাইরে

১. রাশি চক্রের বারোটি চিহ্ন
২. বছরের বারোটি মাস

খ. পুরাতন নিয়মে (BDB 1040 plus 797)

১. যাকোবের সন্তানেরা (যিহুদী গোষ্ঠীসমূহ)
২. প্রতিফলিত হয়েছে
 - ক. যাত্রা ২৪:৪ পদে বেদির বারোটি স্তম্ভ
 - খ. মহাযাজকের বক্ষবন্ধনীর বারোটি রত্ন (যেটি গোষ্ঠীর জন্য) যাত্রা ২৮:২১
 - গ. লেবীয় ২৪:৫ পদে আবাসতামুর পবিত্র স্থানে রুটির বারোটি খন্ড
 - ঘ. গণনাপুস্তক ১৩ অধ্যায়ে বারো জন চরকে পাঠানো হয়েছিল (প্রত্যেক গোষ্ঠী থেকে একজন)
 - ঙ. গণনাপুস্তক ১৭:২ পদে বারোটি যষ্টি (গোষ্ঠীর মানদণ্ড) কোরহের বিদ্রোহে
 - চ. যিহোশূয়ের বারোটি পাথর যিহোশূয় ৪:৩,৯,২০
 - ছ. ১ রাজা ৪:৭ পদে বারোটি প্রশাসনিক এলাকা শলোমনের প্রশাসনে
 - জ. ১ রাজা ১৮:৩১ পদে বারোটি পাথর YHWH প্রতি এলিয়ের বেদীতে

গ. নতুন নিয়মে

১. মনোনীত বারো জন প্রেরিত
২. বারো ঝুড়ি রুটি (প্রত্যেক প্রেরিতের জন্য) মথি ১৪:২০
৩. বারো টি সিংহাসন যেখানে নতুন নিয়মের শিষ্যরা বসেন (উল্লেখ করে ইস্রায়েল ১২টি গোষ্ঠি) মথি ১৯:২৮
৪. বারো বাহিনী দূত যীশুকে উদ্ধারের জন্য মথি ২৬:৫৩
৫. প্রকাশিত বাক্যে প্রতীকী
 - ক. ২৪ প্রচীনবর্গ ২৪ সিংহাসনে ৪:৪
 - খ. ১৪৪,০০০(১২ x ১২,০০০) ৭:৪; ১৪:১,৩
 - গ. নারীর মুকুটে বারোটি তারা ১২:১
 - ঘ. বারোটি দরজা, বারো স্বগদূত প্রতিফলিত করে বারোটি গোষ্ঠি ২১:১২
 - ঙ. বারোটি ভিক্তির প্রস্তর নতুন যিরূশালেমের এবং তাদের উপরের বারো জন প্রেরিতের নাম ২১:১৪
 - চ. বারো হাজার তীর ২১:১৬ (নতুন শহরের আকার, নতুন যিরূশালেম)
 - ছ. দেওয়ালটি হল ১৪৪ হাত ২১:১৭
 - জ. বারোটি মুক্তর দরজা ২১:২১
 - ঝ. নতুন যিরূশালেমের গাছে বারো ধরণের ফলের (প্রত্যেক মাসের জন্য একটি) ২২:২

১৫:৬ “তিনি একই সময়ে পাঁচশোরও বেশী ভাইদের দেখা দিয়েছিলেন” এটি উল্লেখ করতে পারে মথি ২৮:১৬-২০ পদ, বিশেষ করে ১ করি ১৫:১৭ পদ, যেটি দেখায় যে মহান আদেশ সমগ্র মন্ডলীর কাছে দেওয়া হয়েছিল, কেবলমাত্র কয়েকজন নেতাদের জন্য নয়। পৌল ১ করি ১৫:৬ পদে জোর দিয়েছেন পুনরুত্থানের ঐতিহাসিক বাস্তবতাকে। যদি কেউ বিশ্বাস না করে, তবে সেখানে অসংখ্য সাক্ষী আছে সাক্ষ্য দানের জন্য।

■ “এখন পর্যন্ত” যীশু ক্রুশোবিদ্ধ হয়েছিলেন ৩০ সনের মাঝামাঝি এবং ১ করিছীয় লিখিত হয়েছিল ৫০ সনের মাঝামাঝি, তাই এই ২০ বছরের চক্রে তাদের মধ্যে অনেকেই ব্যক্তিগত ভাবে যীশুর কথা ও কাজে প্রভাবিত তারা একনও জীবিত ও সাক্ষ্যদান করছেন!

■ “মারা গেছেন” পৌল মৃত্যুর জন্য নশ্ব শব্দ হিসাবে যীশুর অনুশীলন (মথি ২৭:৫২; যোহন ১১:১১,১৩) এবং পুরাতন নিয়মের অনুশীলন (দানি ১২:২) অনুসরণ করে ঘুমানো শব্দ ব্যবহার করেছেন।

১৫:৭ “যাকোব” এটি উল্লেখ করে প্রভুর ভাইকে যে পুনরুত্থানের আগে পর্যন্ত যীশুকে বিশ্বাস করে নাই (মার্ক ৩:২১; যোহন ৭:৫)। তার পরিবারের সকল সদস্য উপরের কুঠরীতে উপস্থিত ছিল (প্রেরিত ১:১৪)। যাকোবকে চিহ্নিত করা হয়েছে যীশুর সং ভাই বলে (মথি ১৩:৫৫; মার্ক ৬:৩), যীশুর নিজের লোকদের মধ্যের অংশ হিসাবে তাকে প্রেরিত যাকোব থেকে আলাদা করে চিহ্নিত করার জন্য, যে প্রথম দিকেই হত হয়েছিল (প্রেরিত ১২)। কারণ বেশ কয়েক প্রজন্ম ধরে যিরূশালেমের মন্ডলীতে যীশুর জাগতিক আত্মীয়রাই নেতৃত্বে ছিলেন। বেশ কয়েকটি বাইবেল প্যাসেজ (প্রেরিত ১২:১৭; ১৫:১৩; ২১:১৮; ১ করি ১৫:৭; এবং যাকোব ১:১) নির্দেশ করে যে যিরূশালেম মন্ডলীতে যাকোব খুব গুরুত্বপূর্ণ নেতা ছিলেন। একমাত্র পৌলই দেখা দেবার বিষয়টি উল্লেখ করেছেন। এটি দেখায় যীশুর শিক্ষা ও কাজ সম্পর্কে নতুন নিয়ম কতটা বিশদ বিবরণ বাদ দিয়েছে। তাঁতে নির্ভর করা ও বিশ্বাস করার মত সব কিছু আমাদের আছে, কিন্তু তা তাঁর জীবনের সম্পূর্ণ ইতিহাসের জন্য যথেষ্ট নয়।

বিশেষ বিষয়: যাকোব, যীশুর সং ভাই

(SPECIAL TOPIC: JAMES, THE HALF-BROTHER OF JESUS)

- ক. তাকে ডাকা হতো “ন্যায়বান যাকোব” বলে এবং পরবর্তীতে তার ডাক নাম ছিল “উটের হাঁটু” কারণ তিনি প্রতিনিয়ত হাঁটু পেতে প্রার্থনা করতেন (*Hegesippus* থেকে, উদ্ধৃতি করেছেন Eusebius in Hist. Eccl. 2.23-24; 4-18)।
- খ. যাকোব পুনরুত্থানের আগে পর্যন্ত বিশ্বাসী ছিলেন না (মার্ক ৩:২১; যোহন ৭:৫)। যীশু ব্যক্তিগত ভাবে তাকে দেখা দিয়েছিলেন পুনরুত্থানের পরে (১ করি ১৫:৭)।
- গ. তিনি উপরের কক্ষে শিষ্যদের সাথে উপস্থিত ছিলেন (প্রেরিত ১:১৪) এবং সম্ভবত সেখানে ছিলেন যখন পঞ্চশতমীর দিনে পবিত্র আত্মা নেমে এসেছিলেন।
- ঘ. তিনি বিবাহিত ছিলেন (১ করি ৯:৫)।
- ঙ. তাকে পৌলের কাছে উল্লেখ করা হয়েছে যিরূশালেম মন্দিরের একটি স্তম্ভ হিসেবে (সম্ভবত একজন প্রেরিত, গালা ১:১৯; দেখুন বিশেষ বিষয়: পাঠানো *apostellō*) কিন্তু তিনি বারোজনের একজন ছিলেন না (গালা ২:৯; প্রেরিত ১২:১৭; ১৫:১৩ পদ থেকে কয়েকটি পদ; ২১:১৮)।
- চ. *Antiquities of the Jews*, 20.9.1, যোষেফাস বলেছেন যে তাকে পাথর মারা হয়েছিল ৬২ খ্রীষ্টাব্দে মহাসভার সদ্বৃকীদের আদেশে, যদিও আর একটি ঐতিহ্য আছে (দ্বিতীয় শতকের লেখকেরা, Clement of Alexandria বা Hegesippus) তাকে মন্দিরের দেওয়াল থেকে ধাক্কা দিয়ে ফেলে দেওয়া হয়েছিল।
- ছ. যীশুর মৃত্যুর অনেক প্রজন্মের পর যীশুর একজন আত্মীয়কে যিরূশালেম মন্দিরের নেতা নিযুক্ত করা হয়েছিল।
- জ. তিনি নতুন নিয়মের “যাকোব” পুস্তকের লেখক এবং নতুন নিয়মের “যিহুদা” পুস্তকের লেখকের ভাই (যিহুদা ১ পদ)।

■ “সব প্রেরিতদের” যেহেতু ১ করি ১৫:৫ পদে বারো জন উল্লেখিত হয়েছে, এটি মনে হয় উল্লেখ করছে এই টার্মের ব্যাপক ব্যবহার। বার্নাবা (প্রেরিত ১৪:৪,১৪); আন্দ্রনিক এবং জুনিয় (বা জুনিয়া, রোমীয় ১৬:৭); আপোল্লো (২ করি ৪:৯); ইফ্রাফ্রাদিত (ফিলি ২:২৫); বা সিলবান এবং তীমথিয় (১ তীম ২:৬; প্রেরিত ১৮:৫) যে হিসাবে প্রেরিত ছিলেন যাকোব মনে হয় সেই একই অর্থে প্রেরিত ছিলেন।

এটা প্রশ্ন করা সম্ভব যে কৈফা বারো জন থেকে আলাদা ভাবে উল্লেখিত হয়েছেন তাই “সব প্রেরিতদের” উল্লেখ করতে পারে বারো জনই।

১৫:৮

NASB, NRSV “অকাল জাতদের মত”

NKJV “অকাল জাতদের মত একজন”

TEV “যদিও আমি এরকমই একজন যার জন্ম অস্বাভাবিক”

NJB “যদিও আমি অস্বাভাবিক শিশুর মত জন্মেছি”

এই ইংরাজি অনুবাদ দেখায় এই বিরল টার্মের সাধারণ অর্থ। এটি কেবলমাত্র সেপ্টুয়াজিন্টে তিন বার ব্যবহার করা হয়েছে (গণনা ১২:১২; ইয়োব ৩:১৬; এবং উপদেশক ৬:৩) অপরিণত গর্ভপাতের জন্য। টার্ম ইঙ্গিত দেয় অসময়ে, সময়ের আগেই জন্ম। যাহোক, এই প্রসঙ্গে, পৌল মনে হয় বর্ণনা করতে চেয়েছেন প্রেরিতদের দলে তার শেষে সংযুক্তি (অর্থাৎ, দম্বেশকের পথে ধর্মান্তর, প্রেরিত ৯)।

এটি নিশ্চিত ভাবে সম্ভব যে এটি একটি নিন্দাজনক মন্তব্য করিছে একটি বা অধিক ভিত্তিক দলের জন্য যারা পৌলের কর্তৃত্বকে প্রত্যাখ্যান করেছিল (অর্থাৎ, তিনি প্রেরিতদের দলে ছিলেন না)। পৌল জানতেন খ্রীষ্টের অনুগ্রহ তার কাছে প্রকাশিত হয়েছে তার মণ্ডলীকে নির্যাতনের সময়ে (১ করি ১৫:১০; গালা ১:২৩)। যাহোক, তিনি সেই নির্বাচিত দলের একজন ছিলেন যাদের খ্রীষ্ট তাঁর পুনরুত্থানের পরে দেখা দিয়েছিলেন। এমনকি পৌল হতে পারে জোর দিয়ে বলেছেন যে তিনিই একমাত্র যার কাছে গৌরবান্বিত (অর্থাৎ, স্বর্গারোহনকৃত) খ্রীষ্ট আবির্ভূত হয়েছিলেন (গালা ১:১৫-১৬)।

এটি আরও সম্ভব যে এই টার্মের একটি দ্বিতীয় অর্থ আছে “দানব,” যেটি হতে পারে উল্লেখ করছে পৌলের নির্দোষ বিশ্বাসীদের উপরে তীব্র ও বার বার আক্রমণ করছে (অর্থাৎ, প্রেরিত ৯:১-২, দেখুন Jerome Biblical Commentary, p. 273)। হতে পারে পৌল নিজেই এই শব্দ তৈরী করেছেন যেহেতু এটি বর্ণনা করছে তার ধর্মান্তর পূর্ব যিহুদী অনুভূতি।

১৫:৯ “প্রেরিতদের মধ্যে আমিই সবচেয়ে ক্ষুদ্র” পৌল যীশুর মন্ডলীর উপরে তার নির্যাতনের মধ্যে ঈশ্বরের অনুগ্রহের জন্য নত নশ্র ছিলেন। তিনি প্রায়ই এই রকম শব্দগুচ্ছ ব্যবহার করতেন তার নিজের সম্পর্কে বর্ণনা করতে (২ করি ১২:১১; ইফি ৩:৮; ১ তীম ১:১৫)।

■ “কারণ আমি ঈশ্বরের মন্ডলীকে অত্যাচার করতাম” (প্রেরিত ৯:১,১৩,২১; প্রেরিত ২২:৪,১৯; প্রেরিত ২৬:১০-১১; গালা ১:১৩,২৩; ফিলি ৩:৬; ১ তীম ১:১৩)।

১৫:১০ “কিন্তু ঈশ্বরের অনুগ্রহে আমি যা আছি তাই আছি” “অনুগ্রহ” সামনে বসান হয়েছে গুরুত্ব দানের জন্য (রোমীয় ১২:৩; ইফি ২:৮-৯)। সকল বিশ্বাসীরা যেমন তা তারা ঈশ্বরের অনুগ্রহে, কিন্তু লক্ষ্য করুন উদ্দেশ্যমূলক মানবিক কাজের উপরে দরকার সুসমতা (ফিলি ২:১২-১৩)।

■ “নিষ্ফল হয় নি” এটি একটি ভিন্ন শব্দ ১ করি ১৫:২ পদ থেকে। সত্য কথা বলতে কি, পৌল এই অধ্যায়ে তিনটি ভিন্ন ভিন্ন টার্ম ব্যবহার করেছেন যার অনুবাদ হয়েছে “নিষ্ফল” অথবা “ফাকা।”

১. *eikē*, ১ করি ১৫:২

২. *kenos*, ১ করি ১৫:১০, ১৪, ৪৮; ২ করি ৬:১

৩. *mataios*, ১ করি ১৫:১৭; ১ করি ৩:২০

তার পয়েন্ট হল যে ঈশ্বরের অনুগ্রহ পৌলের পরিচর্যায় কার্যকর প্রমাণিত হয়েছিল, যেটি করিছীয় মণ্ডলী নিজেই তার প্রমাণ এবং ফল ছিল।

■ “আমি অন্য সকলের চেয়ে বেশী পরিশ্রম করেছি” প্রসঙ্গ বলছে যে এটি অন্য প্রেরিতদের উল্লেখ করছে। পৌল নিজেকে গালাতিয়ার অন্য প্রেরিতদের সাথে তুলনা করেছেন কারণ কার প্রেরিতিক কর্তৃত্ব প্রতিরোধের সম্মুখে পড়েছিল। এটা সম্ভব যে এক বা একাধিক বিভক্ত দল করিছে একই রকম কাজ করছিল। পৌলের বারো জনের সাথে কোন বিবাদ ছিল না। তিনি কেবলমাত্র জোর দিয়ে বলেছেন তার অঅহবান ও কর্তৃত্বকে!

দেখুন “আরও অধিক” এর উপরে বিশেষ বিষয় ২ করি ২:৭ পদে।

■ “তথাপি আমি নই, বরং আমার সাথে থাকা ঈশ্বরের অনুগ্রহ” পৌলের ধর্মতত্ত্বে ঈশ্বরের সার্বভৌম আহবান, মেধা, এবং সেবা সম্পর্কের মধ্যে সমতা। সবসময়ই একটি চুক্তিগত সমতা রয়েছে একটি কার্যকারিতার দুই রকমের দৃষ্টিভঙ্গি। পৌল জোর দিয়েছেন যে তিনি কঠিন পরিশ্রম করেছেন অন্য প্রেরিতদের চেয়ে, কিন্তু তিনি আরও জানতেন যে ঈশ্বরই হলেন উৎস, তিনি নিজে নন। এই একই সমতা দেখা গিয়েছে যোহন ১৫:৫ এবং ফিলি ৪:১৩, বা ফিলি ২:১২-১৩ পদের মধ্যে।

১৫:১১ পৌল দৃঢ়ভাবে বলেছেন যে তিনি যে সুসমাচার লাভ করেছেন এবং প্রচার করেছেন তা প্রেরিতদের প্রচারিত একই মূল সুসমাচার। মূল সত্য হল যে তার এই দাবী এটি দেখায় যে তিনি করিছে কি বিরোধিতার সম্মুখীন হয়েছিলেন। অনেকে তার প্রেরিতিক কর্তৃত্বকে অস্বীকার করেছিল এবং, সম্ভবত, তার সুসমাচারের বিষয়বস্তুকে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ১৫:১২-১৯

^{১২} এখন যদি খ্রীষ্টকে প্রচার করা হয়, যে তিনি মৃত্যু থেকে জীবিত হয়ে উঠেছেন, তাহলে কিভাবে তোমাদের মধ্যে কেউ কেউ বলছে যে মৃতদের কোন পুনরুত্থান নেই? ^{১৩} কিন্তু যদি মৃতদের পুনরুত্থান না থাকে, এমন কি খ্রীষ্টও জীবিত হয়ে না ওঠেন; ^{১৪} এবং যদি খ্রীষ্ট জীবিত হয়ে না ওঠেন, তবে আমাদের প্রচারও নিষ্ফল, তোমাদের বিশ্বাসও নিষ্ফল। ^{১৫} আবার আমরা যে ঈশ্বরের মিথ্যা সাক্ষী হয়েছি তাও প্রমাণ হচ্ছে, কারণ আমরা ঈশ্বরের বিরুদ্ধে এই সাক্ষ্য দিয়েছি যে তিনি খ্রীষ্টকে জীবিত করে তুলেছেন, যাকে তিনি জীবিত করে তোলেন নাই, যদি এই কথা সত্য হয় যে মৃতেরা জীবিত হয় না। ^{১৬} কারণ মৃতেরা যদি জীবিত হয়ে না ওঠে, তাহলে খ্রীষ্টও জীবিত হয়ে ওঠেন নাই; ^{১৭} আর খ্রীষ্ট যদি জীবিত হয়ে না থাকেন, তোমাদের বিশ্বাস মূল্যহীন; তোমরা এখনও তোমাদের পাপের মধ্যেই পড়ে রয়েছ। ^{১৮} তাহলে যারা খ্রীষ্টে মারা গেছে তারা তো বিনষ্ট হয়েছে। ^{১৯} যদি আমরা এই জীবনে কেবল খ্রীষ্টে প্রত্যাশা করে থাকি, তবে আমরা সকল মানুষের মধ্যে সবচেয়ে বেশী দুর্ভাগা। (অনুবাদকৃত টেক্সট)।

১৫:১২ “যদি” এটি একটি first class conditional sentence, যেটি ইঙ্গিত দেয় খ্রীষ্ট প্রচারিত হচ্ছেন (১ করি ১৫:১১)।

■ “কিভাবে তোমাদের মধ্যে কেউ কেউ বলছে যে মৃতদের কোন পুনরুত্থান নেই” পুনরুত্থান এই অস্বীকারের উৎস সম্ভবত এর মূল গ্রীক দর্শনে ছিল (অর্থাৎ, Gnosticism, দেখুন শব্দকোষ), যার চিন্তা ছিল জাগতিক দেহ হল মন্দতার উৎস। এটা লেখনীগত ভাবে অনিশ্চিত যে তারা খ্রীষ্টের পুনরুত্থানকে অস্বীকার করেছে না সকল বিশ্বাসীদের পুনরুত্থানকে। এটি প্রাথমিক মন্ডলীর একটি অদ্বিতীয় সমস্যা ছিল না (২ তীম ২:১৮)।

১৫:১৩ “যদি” এটি আর একটি first class conditional। একে ব্যাকরণবিদেরা প্রায়ই বলে থাকেন “সহজ সরল” বা “যুক্তিগত” অবস্থা (১ করি ১৫:১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৯)। স্পষ্টত এই পদে পৌল একে ব্যবহার করেছেন তার সাহিত্য বিতর্কের সর্বোচ্চ পর্যায়ে এবং বলতে চাচ্ছেন না যে খ্রীষ্ট জীবিত হয়ে ওঠেন নাই! কিন্তু এর পরবর্তী কয়েকটি পদে যুক্তি খুব শক্তিশালী। যদি খ্রীষ্ট জীবিত হয়ে না ওঠেন তাহলে:

১. আসলে কোন পুনরুত্থানই নেই, ১ করি ১৫:১৩, ১৬
২. আমাদের প্রচার নিষ্ফল, ১ করি ১৫:১৪
৩. তোমাদের বিশ্বাস নিষ্ফল, ১ করি ১৫:৪
৪. তারা মিথ্যা সাক্ষী, ১ করি ১৫:১৫
৫. তোমাদের বিশ্বাস মূল্যহীন, ১৭ পদ
৬. তোমরা তোমাদের পাপেই রয়েছো, ১ করি ১৫:১৭
৭. যারা মরে গেছেন তারা শেষ হয়ে গেছেন, ১ করি ১৫:১৮
৮. আমরা সকল মানুষের মধ্যে সবচেয়ে দুর্ভাগা, ১ করি ১৫:১৯

খ্রীষ্টের পুনরুত্থানের এই ধর্মতাত্ত্বিক বিষয় কোন ছোটখাট বিষয় ছিল না! তিনি জীবিত না হলে খ্রীষ্ট ধর্ম এক মিথ্যা! এ এক বিভক্তকারী মতবাদ!

১৫:১৪, ১৭ “নিষ্ফল. . . মূল্যহীন” এই দুটি ভিন্ন টার্ম ইঙ্গিত দেয় ফাকা বা ফলহীন। পুনরুত্থান ছাড়া সুসমাচারের বার্তার দাবীর কোন কার্যকারিতা নেই!

১৫:১৯ “যদি আমরা এই জীবনে কেবল খ্রীষ্টে প্রত্যাশা করে থাকি” এটি একটি first class conditional sentence। পৌল পয়েন্ট চিহ্নিত করছেন যে যদি খ্রীষ্ট জীবিত না হয়ে থাকেন তবে আমাদের আমাদের জীবনে কেবল আশা থাকে (periphrastic perfect active) কারণ আর কোন জীবন নাই যদি খ্রীষ্ট জীবিত না হয়ে ওঠেন!

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ১৫:২০-২৮

^{২০} কিন্তু এখন খ্রীষ্ট মৃত্যু থেকে জীবিত হয়ে উঠেছেন, তিনি তাদের সকলের মধ্যে প্রথম ফল যারা মারা গিয়েছে। ^{২১} কারণ যেহেতু একজন মানুষের মধ্য দিয়ে মৃত্যু এসেছে, একজন মানুষের দ্বারাই মৃতদের পুনরুত্থানও এসেছে। ^{২২} কারণ আদমে যেমন সকলে মারা যায়, তেমনি খ্রীষ্টে সকলে জীবন পাবে। ^{২৩} কিন্তু প্রত্যেকে নিজ নিজ পালানুসারে: খ্রীষ্ট প্রথম ফল, তারপর যারা খ্রীষ্টের তারা তাঁর আগমনকালে। ^{২৪} পরে শেষ সময় আসবে, যখন তিনি রাজ্য ঈশ্বর ও পিতার হাতে সমর্পণ করবেন, তখন তিনি সব নিয়ম কানুন ও সব কর্তৃত্ব ও ক্ষমতা ধংস করবেন। ^{২৫} কারণ যতদিন তিনি তাঁর সকল শত্রুদের তাঁর পায়ের তলায় না রাখেন ততদিন তিনি রাজত্ব করবেন। ^{২৬} শেষ শত্রু যে মৃত্যু তাকেও ধংস করা হবে। ^{২৭} কারণ তিনি সব কিছু বশীভূত করে তাঁর পায়ের তলায় রাখলেন। কিন্তু যখন তিনি বলেন, “সব কিছুই বশীভূত করা হয়েছে,” তখন এটা প্রমাণিত হয় যে যিনি সব কিছু তাঁর অধীনে রেখেছেন তাঁকে বাদ দিয়েই করেছেন। ^{২৮} যখন সব কিছুই তাঁর বশীভূত হল, তখন পুত্র নিজেও সেই একজনের অধীন হবেন যিনি সকলই তাঁর অধীন করেছিলেন, যেন ঈশ্বর সর্বসর্বা হতে পারেন। (অনুবাদকৃত টেক্সট)।

১৫:২০ “কিন্তু” কি গুরুত্বপূর্ণ তুলনা!

■ “খ্রীষ্ট জীবিত হয়ে উঠেছেন” এই অধ্যায়কে প্রায়ই বলা হয়ে থাকে “পুনরুত্থানের অধ্যায়।” খ্রীষ্টের এবং তাঁর অনুসারীদের পুনরুত্থান উভয়ই হল এখানে বার বার বলা একটি মূল বিষয়। এর নিশ্চিত এবং স্থায়ী ফলাফল দেখা যেতে পারে verb *egeirō* তে, যার অর্থ সচেতন হওয়া, উঠে দাঁড়ান:

- ১২ পদ, perfect passive indicative
- ১৩ পদ, perfect passive indicative
- ১৪ পদ, perfect passive indicative

- ১৫ পদ, aorist active indicative (দু'বার)
- ১৬ পদ, perfect passive indicative
- ১৬ পদ, perfect passive indicative
- ১৭ পদ, perfect passive indicative
- ২০ পদ, perfect passive indicative
- ৩২ পদ, perfect passive indicative
- ৩৫ পদ, perfect passive indicative
- ৪২ পদ, perfect passive indicative
- ৪৩ পদ, perfect passive indicative
- ৪৪ পদ, perfect passive indicative
- ৫২ পদ, future passive indicative

লক্ষ্য করুন সুসঙ্গত passive voice। ত্রিভু ঈশ্বর মৃতদের জীবিত করে তোলেন। বলছে যীশুর অতীতের পুনরুত্থানের কথা, যেটি এখন একটি মর্যাদা হয়ে পড়েছে। বিশ্বাসীরা তাঁর পুনরুত্থানের বাস্তবতা অন্যদের কাছে বলে এবং বিশ্বাসে, তাদের আশ্বাসের কথা!

■ “যারা মারা গেছেন” এটি একটি perfect middle participle (মথি ২৭:৫২), যেটি মৃত্যুর জন্য একটি ইব্রীয় বাগধারা।

■ “প্রথম ফল” পুরাতন নিয়মের এই বাৎসরিক উৎসর্গের অনুষ্ঠান আলোচনা করা হয়েছে লেবীয় ২৩:১০ পদ থেকে কয়েকটি পদে। পুরাতন নিয়মের প্রথম ফল ছিল নিস্তার পর্বের সপ্তাহের মহা পবিত্র বিশ্রামবারের পরের দিন মন্দিরে সদাপ্রভুর সম্মুখে পঞ্চ যব ফসলের আটি দোলানো, যেটি হবে পুনরুত্থানের রবিবার। তারা দেখাত যে ঈশ্বরই তাদের সকল ফসলের মালিক। এটি হল পুরাতন নিয়মের রূপক সকল খ্রীষ্ট অনুসারীর পুনরুত্থানের প্রতিজ্ঞার! পৌল আবার এই টার্ম ব্যবহার করেছেন ১ করি ১৬:১৫ পদে আখায়ার প্রথম বিশ্বাসীদের বর্ণনা করতে। তিনি আরও এটি ব্যবহার করেছেন রোমীয় ৮:২৩ পদে বিশ্বাসীদের বর্ণনা করেছেন আত্মা লাভকারী হিসাবে, কিন্তু উদ্দিগ্নতায় পুনরুত্থানের জন্য অপেক্ষাকারী। যীশু ছিলেন প্রথম যিনি পুনরুত্থিত হয়েছিলেন (কল ১:১৮), কিন্তু নির্দিষ্ট সময়ে তাঁর অনুসারীরা সকলে এই একই অভিজ্ঞতা লাভ করবে। আত্মিক অর্থে আমরা ইতিমধ্যে পুনরুত্থিত জীবন পেয়েছি (ইফি ২:৫-৬)।

বিশেষ বিষয়: প্রথমজাত

(SPECIAL TOPIC: FIRSTBORN)

এই শব্দ “প্রথমজাত” (*prōtotokos*) বাইবেলে ব্যবহৃত হয়েছে বেশ কয়েকটি স্বতন্ত্র অর্থে।

১. এর পুরাতন নিয়মের প্রেক্ষাপট উল্লেখ করে
 - ক. প্রথম জাত সন্তান YHWH এর (BDB 114, KB 131, যাত্রা ১৩:২, ১২; ২২:২৯; ৩৪:১৯; গণনা ৩:১৩)
 - খ. পরিবারে প্রথমজাত সন্তানের আসন্ন আগমন (দি বি ২১:১৭; গীতা ৮৯:২৭; লূক ২:৭; রোমীয় ৮:২৯; ইব্রীয় ১১:২৮)
২. এটি ব্যবহার করা হয়েছে কল ১:১৫ পদে যেখানে যীশুর কথা বলা হয়েছে সৃষ্টির প্রথমজাত হিসাবে যেটি হল পুরাতন নিয়মের সম্ভাব্য পরোক্ষ উল্লেখ হিতো ৮:২২-৩১, অথবা সৃষ্টিতে ঈশ্বরের প্রতিনিধি (যোহন ১:৩; ১ করি ৮:৬; কল ১:১৫-১৬; ইব্রীয় ১:২)
৩. কল ১:১৫, ১৮; ১ করি ১৫:২০, ২৩; প্রকা ১:৫ পদে এটি ব্যবহার করা হয়েছে যেখানে যীশুকে মৃত্যু থেকে প্রথমজাত হিসাবে বলা হয়েছে
৪. এটি একটি পুরাতন নিয়মের উপাধি যেটি মশীহের জন্য ব্যবহৃত হয়েছে (গীতা ৮৯:২৭; ইব্রীয় ১:৬; ১২:২৩); এটি একটি উপাধি যার মধ্যে সমন্বিত রয়েছে কয়েকটি দিক যীশুর প্রাধান্যতা এবং কেন্দ্রিকতা।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

১৫:২১-২২ এটি একটি আদম-খ্রীষ্ট typology যা ১ করি ১৫:৪৫-৪৮ (রোমীয় ৫:১২-২১; ফিলি ২:৬-১) পদে অনুসরণ করা হবে। আদমে সকল মানুষ পাপের দ্বারা প্রভাবিত (অর্থাৎ, মৃত্যু)। খ্রীষ্টে, সম্ভাব্য সকল মানুষ অনুগ্রহের দ্বারা প্রভাবিত হতে পারে।

এই দ্ব্যর্থব্যঞ্জক পদ, সাথে রোমীয় ৫:১৮-১৯ পদ, অনেক ধর্মতত্ত্ববিদের কারণ ঘটিয়েছে জোর দিয়ে বলতে চূড়ান্ত পরিগ্রাণ সকল মানুষের জন্য। অন্যরা একে দেখেছেন উদ্ধার প্রাপ্ত ও হারাণ উভয়ের পুনরুত্থানের উল্লেখ হিসাবে (দানি ১২:২)। আদমে সকলে মরে; যীশুতে সকল জীবিত হবে (অর্থাৎ, কেউ কেউ পুরস্কারের জন্য, কেউ কেউ বিচারের জন্য)। এটা আমাদের স্পষ্ট মনে হয় যে পৌলের লেখা, প্রসঙ্গে নিতে হবে, রক্ষা পেতে দাবী করা হয় মন পরিবর্তনকারী বিশ্বাসে সাদা দান!

১৫:২৩-২৫ কোন কোন ধর্মতত্ত্ববিদ জোর দিয়ে বলেছেন যে এই পদ নিশ্চিত করেছে eschatology এর পূর্ব সহশ্রবাদ ধারণা। যাহোক, এই টেক্সট সহশ্রবাদ আলোচনা করার জন্য নয়, কিন্তু পুনরুত্থান। শূন্য কবরে মৃত্যু পরাজিত হয়েছিল, ভবিষ্যতের জাগতিক রাজত্বের জন্য নয়। আমাদের অবশ্যই আমাদের ধর্মতাত্ত্বিক বিষয়বস্তু যা আমাদের প্রসঙ্গে অনুবাদ করতে পরিচালিত করে সে বিষয়ে সতর্ক থাকতে হবে। পৌল কখনো সহশ্রবাদ আলোচনা করেন নাই, এমনকি তার rapture এর (১ থিষ ৪:১৩-১৮) বা খ্রীষ্টারীর আলোচনাতেও নয় (২ থিষ ২)। যীশু কখনোই সহশ্রবাদ নিয়ে আলোচনা করেন নাই, এমনকি তাঁর eschatological উপদেশেও (মথি ২৪; মার্ক ১৩; লুক ২১)। বেশ কয়েকটি ভাল বই আছে যেগুলি সারাংশ দেয় প্রতিটি বর্তমান সহশ্রবাদের অবস্থান এবং অন্যদের অবস্থানের পয়েন্ট বের করেছে প্রত্যেকটির সবলতা ও দুর্বলতার।

১. Robert G. Clouse (ed.), *The Meaning of the Millennium, Four Views*

২. C. Marvin Pate (ed.), *Four Views on the Book of Revelation*

৩. Darrell L. Boch (ed.), *Three Views on the Millennium and Beyond*

প্রকাশিত বাক্যের ২০ অধ্যায়ে আমার মন্তব্য দেখুন, অনলাইনে www.freebiblecommentary.org

১৫:২৩ “তাঁর আগমন” নিচে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: খ্রীষ্টের ফিরে আসার জন্য নতুন নিয়মের টার্ম

(SPECIAL TOPIC: NT TERMS FOR CHRIST'S RETURN)

eschatological জোর দেওয়া হয়েছে একটি বিশেষ আগমনের দিনের উপরে যখন মানব জাতি যীশুর সাথে মিলিত হবে (মুক্তিদাতা ও বিচারকর্তা হিসাবে) যা এসেছে কয়েকটি নামকরণের দ্বারা।

১. “আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দিন” (১ করি ১:৮)
২. “প্রভুর দিন” (১ করি ৫:৫; ১ থিষ ৫:২; ২ থিষ ২:২)
৩. “প্রভু যীশুর দিন” (২ করি ১:১৪; MS N আছে “... প্রভু যীশু” ১ করি ৫:৫ পদে)
৪. “যীশু খ্রীষ্টের দিন” (ফিলি ১:৬)
৫. “খ্রীষ্টের দিন” (ফিলি ১:১০; ২:১৬)
৬. “তাঁর দিন” (মনুষ্য পুত্র) (লুক ১৭:২৪)
৭. “যেদিন মনুষ্যপুত্র প্রকাশিত হয়েছেন” (লুক ১৭:৩০)
৮. “আমাদের প্রভু যীশু খ্রীষ্টের প্রকাশ” (১ করি ১:৭)
৯. “যখন প্রভু যীশু খ্রীষ্ট স্বর্গ থেকে প্রকাশিত হবেন” (২ থিষ ১:৭)
১০. “প্রভু যীশু খ্রীষ্টের আগমনে তাঁর উপস্থিতিতে” (১ থিষ ২:১৯)

অন্তত: চারটি উপায় রয়েছে যার দ্বারা নতুন নিয়মের লেখকেরা উল্লেখ করেছে যীশুর আগমনের।

১. *epiphaneia*, যেটি উল্লেখ করে একটি উজ্জ্বল আলো যেটি ধর্মতত্ত্বগতভাবে (যদিও শব্দতত্ত্বগত ভাবে নয়) সম্পর্কিত “গৌরব” এর সাথে। ২ তীম ১:১০; তীত ২:১১ এবং ৩:৪ পদ উল্লেখ করে যীশু প্রথম আগমন (অর্থাৎ, দেহ ধারণ) এবং তাঁর দ্বিতীয় আগমন। এটি ব্যবহার করা হয়েছে ২ থিষ ২:৮ যেটি অর্ন্তভুক্ত করে প্রধান তিনটি টার্ম দ্বিতীয় আগমনের জন্য: ১ তীম ৬:১৪; ২ তীম ৪:১,৮; তীত ২:১৩।
২. *parousia*, যেটি ইঙ্গিত দেয় উপস্থিতি এবং আসলে উল্লেখ করে একটি রাজকীয় পরিদর্শন। এটি ব্যাপক ভাবে ব্যবহৃত টার্ম (মথি ২৪:৩,২৭, ৩৭, ৩৯; ১ করি ১৫:২৩; ১ থিষ ২:১৯; ৩:১৩; ৪:১৫; ৫:২৩; ২ থিষ ২:১,৮; যাকোব ৫:৭,৮; ২ পিতর ১:১৬; ৩:৪,১২; ১ যোহন ২:২৮)।
৩. *apokalupsis* (অথবা *apocalypsis*), যেটি বোঝায় প্রকাশের জন্য উন্মোচন করা। এটি নতুন নিয়মের শেষ বইয়ের নাম (লুক ১৭:৩০; ১ করি ১:৭; ২ থিষ ১:৭; ১ পিতর ১:৭; ৪:১৩)।
৪. *phaneroō*, যেটি বোঝায় আলোতে নিয়ে আসা বা স্পষ্ট প্রকাশ বা প্রকাশ করা। টার্মটি প্রায়ই ব্যবহার করা হয়েছে নতুন নিয়মে ঈশ্বরের অনেক দিকের প্রকাশের জন্য। এটি, *epiphaneia* এর মত, যীশুর প্রথম আগমনকে উল্লেখ করতে পারে (১ পিতর ১:২০; ১ যোহন ১:২; ৩:৫,৮; ৪:৯) এবং তাঁর দ্বিতীয় আগমন (মথি ২৪:৩০; কলসীয় ৩:৪; ১ পিতর ৫:৪; ১ যোহন ২:২৮; ৩:২)।
৫. খুব সাধারণ টার্ম “আগমনের” জন্য, *erchomai*, আরও ব্যবহার করা হয়েছে মাঝে মাঝে খ্রীষ্টের ফিরে আসায় (মথি ১৬:২৭-২৮; ২৩:৩৯; ২৪:৩০; ২৫:৩১; প্রেরিত ১:১০-১১; ১ করি ১১:২৬; প্রকা ১:৭,৮)।
৬. এটি আরও ব্যবহার করা হয়েছে শব্দগুচ্ছের সাথে “প্রভুর দিন” (১ থিষ ৫:২), যেটি হল একটি পুরাতন নিয়মের ঈশ্বরের আর্শীবাদ দিনের (পুনরুত্থান) এবং বিচারের দিনের জন্য শিরোনাম।

নতুন নিয়ম সামগ্রিক হিসাবে লেখা হয়েছে পুরাতন নিয়মের বিশ্ব দর্শনের উপরে, যেটি দাবী করে

- ক. বর্তমান মন্দ, বিদ্রোহের যুগ
- খ. ধার্মিকতার একটি নতুন যুগের আগমন
- গ. একটি যুগ চলে এসেছে আত্মিক প্রতিনিধির দ্বারা মশীহের (অভিষিক্ত জনের) কাজের মধ্য দিয়ে

ধর্মতত্ত্বগত প্রগতিশীল প্রকাশের ধারণা আবশ্যিক কারণ নতুন নিয়মের লেখকেরা সামান্য পরিবর্তন করেছে ইস্রায়েলীয়দের প্রত্যাশা। একটি সামরিক, স্বদেশ ভক্ত (ইস্রায়েল) মশীহের আগমনের পরিবর্তে, সেখানে দুইটি আগমন হয়েছে। প্রথম আগমন ঈশ্বরত্বের দেহধারণের ধারণা এবং নাসারতের যীশুর

জন্ম। তিনি এসেছেন অ-সামরিক, অ-বিচারক যিশা ৫৩ অধ্যায়ের “যাতনাজোগী দাস” হিসাবে; এছাড়া একটি গাধার পিঠে চড়া কোমল বাহক (একটি যুদ্ধের ঘোড়া বা রাজকীয় রথ নয়) সখরিয় ৯:৯ পদের। প্রথম আগমন প্রবর্তিত করে নতুন মশীহ যুগের, জগতে ঈশ্বরের রাজ্য (দেখুন বিশেষ বিষয়: ঈশ্বরের রাজ্য)। এক অর্থে রাজ্য এখানে আছে, কিন্তু অবশ্য আর একটি এখনও দূরে। মশীহের এই দুই আগমনের মধ্যে একটি উত্তেজনা আছে (দেখুন বিশেষ বিষয়: মশীহ) যেটি, একটি অর্থে, দুইটি যিহুদী যুগের একে অন্যকে ছাপিয়ে যাওয়া (দেখুন বিশেষ বিষয়: এই যুগ ও যে যুগ আসছে) যেটি ছিল অদৃশ্য, বা অন্তত অস্পষ্ট, পুরাতন নিয়ম থেকে। বাস্তবে, এই দ্বৈত আগমন জোর দেয় YHWH এর প্রতিশ্রুতি সকল মানব জাতির মুক্তির (আদি ৩:১৫; ১২:৩; যাত্রা ১৯:৫ এবং ভাববাদীদের প্রচার, বিশেষভাবে যিশাইয় এবং যোনা)।

মন্ডলী পুরাতন নিয়মের ভাববাণী পরিপূর্ণতার জন্য অপেক্ষা করছে না কারণ বেশির ভাগ ভাববাণী নির্দেশ করেছে প্রথম আগমন (*How to Read the Bible For All Its Worth*, pp. 165-166)। বিশ্বাসীরা যেটি আশা করে তা হল পুনরুত্থিত রাজাদের রাজা এবং প্রভুদের প্রভু গৌরবময় আগমন, প্রত্যাশিত ঐতিহাসিক পরিপূর্ণতা জগতে ধার্মিকতার নতুন যুগের যেমন এটি স্বর্গে (মথি ৬:১০)। পুরাতন নিয়মের উপস্থাপন অনুপযুক্ত নয়, কিন্তু অসম্পূর্ণ (দেখুন বিশেষ বিষয়: পুরাতন নিয়মের চুক্তির প্রতিজ্ঞা কিভাবে মনে হয় নতুন নিয়মের চুক্তির প্রতিজ্ঞা থেকে অনেক আলাদা? ([Special Topic: Why Do OT Covenant Promises Seem So Different from NT Covenant Promises?](#)))। তিনি আবার আসবেন যেমনভাবে YHWH এর ক্ষমতায় ও কর্তৃত্বে ভাববাদীরা ভাববাণী করেছিলেন।

“দ্বিতীয় আগমন” শিরোনামটি একটি বাইবেল ভিত্তিক টার্ম নয়, কিন্তু ধারণাটি হল বিশ্ব দর্শন এবং সম্পূর্ণ নতুন নিয়মের কাঠামোগত। ঈশ্বর সবকিছু সরল করে দেবেন। মানুষের এবং ঈশ্বরের সহভাগিতা তাঁর নিজের প্রতিমূর্তিতে প্রতিস্থাপিত হয়েছে। শয়তানের বিচার হবে এবং দূর করা হবে। ঈশ্বরের উদ্দেশ্য কখনও বিফল হতে পারে না, হবে না!

আদি মন্ডলী বিশ্রামবার এবং সপ্তাহের প্রথম দিন (অর্থাৎ, রবিবার, পুনরুত্থানের দিন) আরাধনা করতো। সমাজগৃহ উল্লেখ করেছে খ্রীষ্টিয়ান আন্দোলনের বৃদ্ধি সদস্যদের যীশুকে মশীহ হিসেবে অস্বীকার করার দাবী দ্বারা (অর্থাৎ, Eighteen Benedictions)। এই পয়েন্টে (অর্থাৎ, ৭০ খ্রীষ্টাব্দে) খ্রীষ্টিয়ানেরা বিশেষভাবে রবিবার মিলিত হতো।

Copyright © 2014 [Bible Lessons International](#)

১৫:২৪ “রাজ্য” এটা বেশ বিপ্লবকর কতবার এই ধারণা যীশুর দ্বারা Synoptic সুসমাচারে ব্যবহৃত হয়েছে। এটি ছিল তাঁর প্রথম ও শেষ বক্তৃতার বিষয়বস্তু সেই সাথে বেশির ভাগ দৃষ্টান্তের চালিকা শক্তি। এটি বিপ্লবকর ভাবে যোহনের সুসমাচারে মাত্র দুই বার ব্যবহৃত হয়েছে। এটি এখন হল বিশ্বাসী মানুষের হৃদয়ে ঈশ্বরের রাজ্য যেটি একদিন সমস্ত জগতে গ্রাস করবে (দেখুন বিশেষ বিষয় ১ করি ৪:২০ পদে)।

এটি যীশুর দ্বারা ব্যবহৃত হয়েছে বর্তমানে ঈশ্বরের রাজ্য উপস্থিত হিসাবে এবং তাঁর নিজের ব্যক্তিগত উপস্থিতি ও শিক্ষার মাধ্যমে (মথি ৩:২; ৪:১৭; ১০:৭; ১১:১২; ১২:২৮; মার্ক ১:১৫; লূক ৯:৯,১১; ১১:২০; ২১:৩১-৩২)। যাহোক, এটি আরও সংযুক্ত তাঁর ভবিষ্যতের গৌরবময় আগমনের সুসম্পূর্ণতায় (মথি ৬:১০; ১৬:২৮; ২৬:৬৪)। এটি সুসমাচারের “ইতিমধ্যে/এখনও নয়” eschatological উত্তেজনা!

নির্দিষ্ট উল্লেখ “রাজ্য” পৌলের লেখার সাথে তুলনামূলক ভাবে অনেকটা বিরল।

রোমীয় – ১৪:১৭

১ করিন্থীয় – ৪:২০; ৬:৯; ১৫:২৪,৫০

গালাতীয় – ৫:২১

ইফিসীয় – ৫:৫

কলসীয় – ১:১৩; ৪:১১

১ থিমলোনীকীয় – ২:১২

২ থিমলোনীকীয় – ৪:১,১৮

□ “তখন তিনি সব নিয়ম কানুন ও সব কর্তৃত্ব ও ক্ষমতা ধংস করবেন” এটি উল্লেখ করেছে স্বর্গদূতদের ক্ষমতা (Gnostic চিন্তায় *eons*) এই বর্তমান মন্দ যুগে (রোমীয় ৮:৩৮; ইফি ১:২১; ৩:১০; ৬:১২; কল ১:১৬; ২:১০,১৫)। এই ধংসকার্য দৃশ্যত ঘটছে

১. ধর্মতত্ত্বগত ভাবে ত্রুশে এবং পুনরুত্থানে

২. সাময়িক ভাবে খ্রীষ্টের আগমনে

যদি এটা সত্যি হয়, তাহলে ১ থিম ৪:১৩-১৮ পদ হল সবচেয়ে কাছের সমান্তরাল পৌলের লেখনীতে। লক্ষ্য করুন যে উল্লাসের পরে, বিশ্বাসীরা চিরকালের জন্য প্রভুর সাথে থাকবে (১ থিম ৪:১৭), যেটি হল পিতার অনন্তকালীন রাজ্য (দানি ৭:১৩-১৪)।

“শাসন” এর জন্য নিচে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: *ARCHĒ*

(SPECIAL TOPIC: ARCHĒ)

গ্রীক টার্ম *archē*, যার অর্থ কোন কিছুর “আরম্ভ,” বা “উৎপত্তি।”

১. সৃষ্টিকৃত শৃংখলের আরম্ভ (যোহন ১:১; ইব্রীয় ১:১০)

২. সুসমাচারের আরম্ভ (মার্ক ১:১; ফিলি ৪:১৫; ২ থিম ২:১৩; ইব্রীয় ২:৩; ১ যোহন ১:১)

৩. প্রথম প্রত্যক্ষদর্শী (লুক ১:২)
৪. চিহ্নের আরম্ভ (অলৌকিক কাজ, যোহন ২:১১)
৫. নীতির আরম্ভ (ইব্রীয় ৫:১২)
৬. সুসমাচারের সত্যের উপরে নিশ্চয়তার আরম্ভের ভিত্তি (ইব্রীয় ৩:১৪)
৭. আরম্ভ, কল ১:১৮; প্রকা ৩:১৪

‘শাসন’ বা ‘কর্তৃপক্ষ’ হিসাবে ব্যবহার হয়েছে

১. মানবিক সরকারী কর্মচারী
 - ক. লুক ১২:১১
 - খ. লুক ২০:২০
 - গ. রোমীয় ১৩:৩; তীত ৩:১
২. দূতগণের কর্তৃত্ব
 - ক. রোমীয় ৮:৩৮
 - খ. ১ করি ১৫:২৪
 - গ. ইফি ১:২১; ৩:১০; ৬:১২
 - ঘ. কল ১:১৬; ২:১০, ১৫
 - ঙ. যিহূদা ৬ পদ

যিহূদা পুস্তকের এই ভাঙ শিষ্যকেরা সকল কর্তৃত্বকে অবহেলা করেছে, জাগতিক বা স্বর্গীয় সবই। তারা নৈতিকতাহীন ইন্দ্রিয়াসক্ত। তারা নিজেদেরকে এবং তাদের আকাংখ্যাগুলোকে রেখেছে ঈশ্বর, দূতগণ, সিভিল কর্তৃপক্ষ এবং মন্ডলীর নেতাদেরও প্রথমে।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

“কর্তৃত্ব” এর জন্য পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: কর্তৃত্ব (*exousia*)

{SPECIAL TOPIC: AUTHORITY (*exousia*)}

- I. লূকের ব্যবহার – এটা বেশ মজার লূকের *exousia* (কর্তৃত্ব, ক্ষমতা, বা আইনগত অধিকার) ব্যবহার লক্ষ্য করাটা।
 ১. লুক ৪:৬ পদে শয়তান দাবী করেছে যীশুকে কর্তৃত্ব দেবার ক্ষমতা তার রয়েছে।
 ২. লুক ৪:৩২, ৩৬ পদে যিহূদী লোকেরা আশ্চর্য হয়েছিল যে কিভাবে যীশু তাদের শিক্ষা দিয়েছেন, তাঁর ব্যক্তিগত কর্তৃত্ব ব্যবহার করে।
 ৩. লুক ৯:১ পদে তিনি তাঁর ক্ষমতা এবং কর্তৃত্ব তাঁর প্রেরিতদের দিয়েছেন।
 ৪. লুক ১০:১৯ পদে তিনি তাঁর কর্তৃত্ব সন্তরজন প্রচারককে দিয়েছেন।
 ৫. লুক ২০:২, ৮ পদে যীশুকে তাঁর কর্তৃত্বের কেন্দ্র সম্পর্কে প্রশ্ন করা হয়েছিল।
 ৬. লুক ২২:৫৩ পদে শয়তানকে কর্তৃত্ব দেওয়া হয়েছিল যীশুকে দোষী করতে এবং মেরে ফেলতে।
- যদিও লুকে নয়, মথির মহান আদেশের সূচনায় (মথি ২৮:১৮), “স্বর্গ মর্তের সকল ক্ষমতা আমাকে দেওয়া হয়েছে,” হল যীশুর একটি অপূর্ব বিবৃতি।

যীশু জোর দিয়ে বলেছেন যে তাঁর কর্তৃত্ব রয়েছে কারণ

১. তাঁর প্রতি ঈশ্বরের কথিত বাক্য তাঁর
 - ক. বাপ্তিস্মে (লুক ৩:২১-২২)
 - খ. রূপান্তরে (লুক ৯:৩৫)
২. পুরাতন নিয়মের ভাববাণীর পরিপূর্ণতা
 - ক. যিহূদা বংশ (আদি ৪৯:১০)
 - খ. যিশয়ের পরিবার (২ শমুয়েল ৭)
 - গ. বেথলেহমে জন্মেছেন (মীখা ৫:২)
 - ঘ. দানিয়েল ২ অধ্যায়ের ৪র্থ সাম্রাজ্যের (রোম) সময় জন্মেছেন
 - ঙ. দরিদ্র, অন্ধ, দরিদ্রদের সাহায্য করেছেন (যিশাইয়)
৩. তাঁর ভূত ছাড়ানোর কাজ প্রকাশ করে শয়তান এবং তার রাজত্বে তাঁর ক্ষমতা এবং কর্তৃত্ব।
৪. তাঁর মৃতদের জীবন দান দেখায় বাস্তব জীবন এবং মৃত্যুর উপরে তাঁর ক্ষমতা।
৫. তাঁর সকল অলৌকিক কাজ প্রকাশ করে তাঁর পার্থিব, বিশেষ এবং বাস্তব বিষয়ের উপর ক্ষমতা এবং কর্তৃত্ব।
 - ক. প্রকৃতি
 - খ. খাওয়ানো
 - গ. আরোগ্যদান

ঘ. মনের কথা জানা

ঙ. মাছ ধরা

II. পৌলের “কর্তৃত্ব” ব্যবহার যা খ্রীষ্টিয় মহিলা সম্পর্কিত

১ করি ১১ অধ্যায়ে কর্তৃত্বের বিষয়েও আলোচিত হয়েছে মহিলাদের মস্তক আবরণ সম্পর্কিত বিষয়ে। পরবর্তী বিষয়গুলি সেখানে আমার নোট থেকে।

১ করি ১১:১০ পদ “এই কারণে স্ত্রীর মস্তকে কর্তৃত্বের চিহ্ন রাখা কর্তব্য” ১ করি স্থায়ী কর্তৃত্বের ব্যবহার কয়েকটি উপায়ে বোঝা যেতে পারে। মূল বিষয় (এই প্রসঙ্গে) হল “কর্তৃত্ব” (*exousia*) কি প্রতিনিধিত্ব করছে?

প্রথমত, এটি অবশ্যই উল্লেখ্য যে *exousia* প্রায়ই *dunamis* (ক্ষমতা) এর সাথে সম্পর্কিত। Otto Betz এর *exousia* উপরে *New International Dictionary of New Testament Theology*, vol. 2, pp. 606-611 –পৃষ্ঠায় একটি চমৎকার প্রবন্ধ রয়েছে। এখানে পাঁচটি উদাহরণ।

“নূতন নিয়মের জন্য এটি বৈশিষ্ট্যময় যে *exousia* এবং *dunamis* উভয়ই খ্রীষ্টের কাজের সাথে সম্পর্কিত, ফলাফল বিশ্বজনীন ক্ষমতার কাঠামোর এবং বিশ্বাসীদের শক্তিশালী করার নূতন শৃংখলা” (পৃষ্ঠা ৬০৯)।

“বিশ্বাসীদের *exousia*। খ্রীষ্টের শাসন এবং সকল ক্ষমতাকে নিরস্ত করার উপরে খ্রীষ্টিয় বিশ্বাসীদের কর্তৃত্বের ভিত্তি। এটি ইঙ্গিত দেয় স্বাধীনতা ও সেবা উভয়েরই (পৃষ্ঠা..৬১১)।

“সে সব কিছু করতে স্বাধীন (১ করি ৬:১২; ১০:২৩ *exestin*); এই দৃঢ় উক্তি, যেটি প্রাথমিক ভাবে করিষ্টের দলগুলি উৎসাহ ভরে করেছিল, পৌলের দ্বারা গৃহীত হয়েছিল যিনি জানতেন এটি সঠিক” (পৃষ্ঠা ৬১১)।

“বাস্তবে, যদিও, এই তত্ত্বগত উন্মুক্ত স্বাধীনতা পরিচালিত হয়েছে এই বিবেচনার দ্বারা যে অন্যান্য প্রতিটি খ্রীষ্টিয়ানের জন্য কোনটি সাহায্যকারী হবে এবং সমগ্র মন্ডলীর দৃষ্টিভঙ্গি এই সত্যে যে সম্পূর্ণ পরিত্রাণ আসছে (১ করি ৬:১২; ১০:২৩)” (পৃষ্ঠা ৬১১)।

“সব কিছুই আমার পক্ষে বৈধ [*exestin*], কিন্তু সব কিছু হিতকারী নয়। ‘সব কিছুই বৈধ [*exestin*], কিন্তু সব কিছুই গেঁথে তোলে না। কেউ তার নিজের মঙ্গল চেষ্টা না করুক, কিন্তু তার প্রতিবাসির মঙ্গলের চেষ্টা করুক” (১ করি ১০:২৩ পদ থেকে কয়েকটি পদ)। এই উদ্ধৃতির মধ্যের উদ্ধৃতি সম্ভবত করিষ্টের *libertines* দের শ্লোগান ছিল। পৌল বিরোধিতার দ্বারা তাদের সত্যকে সমর্থনের করেছিলেন, কিন্তু তাদের দেখিয়েছিলেন যে এটিই সম্পূর্ণ সত্য নয়” (পৃষ্ঠা ৬১১)।

পৌল এই দুটি টার্মকে প্রায়ই করিষ্টের মন্ডলীর কাছে লেখা তার চিঠিতে ব্যবহার করেছেন।

৩. *exousia*, ১ করি ৭:৩৭; ৯:৪,৫,৬,১২ (দু’বার), ১৮; ১১:১০; ২ করি ১৩:১০

৪. *dunamis*, ১ করি ১:১৮; ২:৪,৫; ৪:১৯,২০; ৫:৪; ১৫:২৪,৪৩; ২ করি ৪:৭; ৬:৭; ৮:৩ (দু’বার); ১২:৯; ১৩:৪ (দু’বার)

অধিকার এবং ক্ষমতা প্রধান বিষয় ছিল *legalists libertines* এবং উভয়েরই জন্য। পৌল এই উভয় চরমপন্থীদের মাঝখানে দড়ির উপর দিয়ে হাঁটার চেষ্টা করেছেন। এই প্রসঙ্গে, খ্রীষ্টিয় স্ত্রীলোকদের উৎসাহিত করা হয়েছে ঈশ্বর দত্ত সৃষ্টির শৃংখলাকে মেনে নিতে (অর্থাৎ, খ্রীষ্ট-পুরুষ-স্ত্রীলোক) স্বর্গরাজ্যের সর্বোচ্চ উদ্দেশ্যের জন্য। পৌল জোর দিয়ে বলতে চেয়েছেন উৎসগত পারস্পারিক সম্পর্ক (আদি ১:২৬-২৭; ২:১৮) ১ করি ১১:১১-১২ পদে। এটি ধর্মতত্ত্বগত ভাবে খুব বিপদজনক যে

৪. এই প্রসঙ্গে একটি পদকে আলাদা করা

৫. প্রথম শতক থেকে প্রতিটি শতকের প্রতিটি সংস্কৃতিতে পুরুষ এবং স্ত্রীলোক/স্বামী এবং স্ত্রীর সম্পর্কের উপরে সম্প্রদায়গত জালের কঠিন পদ্ধতিগত বিষয়ে প্রয়োগ

৬. পৌলের খ্রীষ্টিয় স্বাধীনতা এবং খ্রীষ্টিয় যৌথ নিয়মের দায়িত্বের মধ্যে সমতাকে অবহেলা করা

কোথা থেকে খ্রীষ্টিয়ান মহিলারা স্বাধীনতা পাবেন একত্রিত আরাধনায় (অর্থাৎ, গৃহ মণ্ডলী) নেতা হিসাবে অংশগ্রহণ করার? সমাজগৃহ থেকে নিশ্চয়ই নয়। এটা কি প্রথম শতকে রোমীয় সমাজের সংস্কৃতিগত প্রবণতা ছিল? এটি নিশ্চয় ভাবে সম্ভব এবং আমার মতে এই অধ্যায়ের অনেক দিককে ব্যাখ্যা করতে সাহায্য করে। যদিও, এটি আরও সম্ভব যে সুসমাচারের শক্তি, পতনে হারিয়ে যাওয়া মূল “ঈশ্বরের প্রতিমূর্তি” এর পুনরুদ্ধার, হল উৎস। মানুষের জীবনে ও সমাজের সর্বক্ষেত্রে হতবাক করা এক নূতন সমতা রয়েছে। কিন্তু এই সমতা উল্টে যেয়ে হতে পারে ব্যক্তিগত অপব্যবহারের অনুমতি পত্র। এই অনুপযুক্ত বর্ধিতকরণ হল পৌল যা বলছিলেন।

F. F. Bruce এর *Answers to Questions*, আমাকে সত্যিকার ভাবে চিন্তা করতে সাহায্য করেছে আধুনিক পশ্চিমা খ্রীষ্টিয় মণ্ডলীর ঐতিহ্যের সাথে সম্পর্কিত অনেক বিতর্কিত বিষয়ের। শাস্ত্রের একজন জটিল ব্যাখ্যাকারক হিসাবে, আমি সব সময় ভেবেছি যে মহিলাদের মাথা ঢাকা অর্থ ঈশ্বরীয় সহজাত গুণ প্রদর্শন (বা আদি ১:২৬-২৭ পদের সহ-সমতা), তার স্বামীর কর্তৃত্বের জন্য নয়। যাহোক, আমি সে সব বাইলে ব্যাখ্যার উৎস ব্যবহার করেছি তার মধ্যে এমন ব্যাখ্যা আমি পাইনি, সেজন্য, আমি এটি কমেদিত্তে বা প্রচারে/শিক্ষায় যোগ করতে অনিচ্ছুক। আমি এখনও সেই উত্তেজনা ও স্বাধীনতা অনুভব করি যখন F. F. Bruce একই বিষয়ে চিন্তা করেছেন (দেখুন *Answers to Questions*, p. 95)। আমি মনে করি সকল বিশ্বাসীই আহবান প্রাপ্ত, পূর্ণ-সময়ের জন্য, খ্রীষ্টের নিবেদিত পরিচর্যাকারী (ইফি ৪:১১-১২)!

এই প্রসঙ্গ উল্লেখ করতে পারে Gnostic eons এর প্রতি। দেখুন পরবর্তীতে বিশেষ বিষয়।

পৌলের লেখনীতে স্বর্গদূতের স্তর

(SPECIAL TOPIC: ANGELIC LEVELS IN PAUL'S WRITINGS)

রাবিবরা মনে করেন যে স্বর্গদূতেরা ঈশ্বরের পতিত মানবজাতির প্রতি প্রেম ও মনোযোগকে হিংসা করতো (অর্থাৎ, সিনাই পর্বতে তাঁর দেওয়া ব্যবস্থা) সেহেতু, তাদের প্রতি বিদ্বেষপূর্ণ ছিল। Gnostic ভাষ্য শিক্ষকেরা দাবি করেছেন যে পরিত্রাণ শুধুমাত্র পাওয়া যেতো গোপন সংকেত শব্দ দ্বারা বিদ্বেষপূর্ণ স্বর্গদূতীয় পরিমন্ডলে (কলসীয় ও ইফিসীয়), যেটি নিয়ে যায় উচ্চ, মহান ঈশ্বরের কাছে।

George Eldon Ladd এর *A Theology of the New Testament* বইতে একটি ভাল সারমর্ম আছে স্বর্গদূতদের জন্য পৌলের ব্যবহৃত টার্ম সম্পর্কে:

“পৌল কেবল শুধু ভাল এবং মন্দ স্বর্গদূত, শয়তান এবং মন্দ আত্মা উল্লেখ করেন নাই; তিনি আর এক দল শব্দ ব্যবহার করেছেন স্বর্গীয় আত্মাসমূহের নিষ্কারিত পদমর্যাদার জন্য। এই টার্মতত্ত্বগুলি নিম্নরূপ:

‘শাসন’ [archē], ১ করি ১৫:২৪; ইফি ১:২১; কলসীয় ২:১০

‘শাসনকর্তা’ [archai; RSV, “কর্তৃত্বাধিপতিরা”] ইফি ৩:১০; ৬:১২; কলসীয় ১:১৬; ২:১৫; রোমীয় ৮:২৮

‘কর্তৃত্ব’ [exousia] ১ করি ১৫:২৪; ইফি ১:২১; কলসীয় ২:১০

‘কর্তৃত্বকারী’ [exousiai; RSV, “কর্তৃত্বকারী”], ইফি ১:২১

‘ক্ষমতা’ [dynamis] ১ করি ১৫:২৪; ইফি ১:২১

‘ক্ষমতাসমূহ’ [dynameis] রোমীয় ৮:৩৮

‘সিংহাসন’ [thronoi] কলসীয় ১:১৬

‘প্রভুত্ব’ [kyriotēs; RSV, “রাজ্য”] ইফি ১:২১

‘আধিপত্য’ [kyriotētes] কলসীয় ১:১৬

‘এই অন্ধকারের জগত অধিপতিরা,’ ইফি ৬:১২

‘আকাশের মন্দ আত্মাসমূহ (বাহিনি),’ ইফি ৬:১২

‘অন্ধকারের কর্তৃত্বাধিপতি,’ কলসীয় ১:১৩

‘প্রতিটি নাম যেটি নামকরণ করা হয়েছে,’ ইফি ১:২১

‘স্বর্গীয়, জাগতিক, এবং ভূগর্ভস্থ স্বভা,’ ফিলি ২:১০” (পৃ.. ৪০১)

Copyright © 2014 [Bible Lessons International](#)

১৫:২৫ তিনি তাঁর সকল শত্রুদের তাঁর পায়ের তলায় রাখেন” এটি একটি সম্পূর্ণ বিজয়ের পুরাতন নিয়মের বাগধারা (গীত ৮:৬; ১১০:১)। পুরাতন নিয়মে শত্রুরা ছিল চারিদিকের পৌত্তলিক জাতিসমূহ, কিন্তু নূতন নিয়মে তাহল হল ঈশ্বর ও তাঁর খ্রীষ্টের বিরোধি দূত, আত্মিক ক্ষমতা। এই মন্দ ক্ষমতা মানুষকে প্রভাবিত করে অবিশ্বাস ও বিদ্রোহ করতে। যীশু সম্পূর্ণ রূপে এই ক্ষমতাকে তাঁর ক্রুশ ও পুনরুত্থান দ্বারা পরাজিত করেছেন। সকল বিশ্বাসীর চূড়ান্ত পুনরুত্থান এই বিজয় সুসম্পূর্ণতার চিহ্ন হবে!

দুটি চমৎকার বই যেগুলি চেষ্টা করেছে এই “ক্ষমতা” সমূহ কি উল্লেখ করেছে তার ব্যাখ্যা করতে।

১. Hendricus Berkhof, *Christ and the Powers*
২. Oscar Cullmann, *Christ and Time*

১৫:২৬ “শেষ শত্রু যে মৃত্যু তাকেও ধ্বংস করা হবে” এর অর্থ “শূন্য ও নিষ্ফল করা।” মৃত্যু পরাজিত (২ তীম ১:১০; প্রকা ২১:৪)। মানুষের জন্য মৃত্যু ঈশ্বরের ইচ্ছা নয়, কিন্তু পতনের ফলাফল (অর্থাৎ, আদি ৩)। অভিশাপ দুরিভূত হবে (প্রকা ২১:৩) যেমন এটি এখন পরাজিত।

১ করি ১৫:২৪ এবং ২৬ পদে টার্ম “ধ্বংস সাধন” এর জন্য দেখুন বিশেষ বিষয়: *Katargeō* ১ করি ১:২৮ পদে।

১৫:২৭-২৮ pronoun antecedents হল দ্ব্যর্থব্যাঞ্জক। স্পষ্টত এটি উল্লেখ করেছে ঈশ্বরত্বের মধ্যে আন্তঃসম্পর্ক (১ করি ৩:২৩; ১১:৩)। পুত্র, খ্রীষ্ট, পিতার অধীন (কিন্তু অসমান নন, কল ৩:১১) তাঁর সময়ের মধ্যে পরিত্রাণমূলক কাজে (রোমীয় ১১:৩৩-৩৬)।

১৫:২৭ এটি একটি উদ্ধৃতি গীত ৮:৬ পদ থেকে যার সাথে গীত ১১০:১ পদের পরোক্ষ উক্তি যোগ হয়েছে। “অধীন” এর জন্য ১ করি ১৬:১৬ পদের নোট দেখুন এবং বিশেষ বিষয় ২ করি ৯:১৩ পদে।

১৫:২৮ “যখন সব কিছুই তাঁর বশীভূত হল” এটা কখনো ঘটবে? এটাই হল প্রশ্ন! সুস্পষ্ট সময় চিহ্নিত আছে এই সমগ্র প্যারাগ্রাফে।

১. তার পরে (epeita), ১ করি ১৫:২৩
 ২. পরে (eita), ১ করি ১৫:২৪
 ৩. যখন (hotav, দু’বার), ১ করি ১৫:২৪
 ৪. যতদিন (achri), ১ বরি ১৫:২৫
 ৫. যখন (hostan), ১ করি ১৫:২৭
 ৬. তখন (hostan), ১ করি ১৫:২৮
- এটা কি উল্লেখ করছে

১. যীশুর মৃত্যু ও পুনরুত্থান
২. যীশুর স্বর্গারোহন
৩. যীশুর ফিরে আসা/উল্লাস
৪. সহস্রাব্দের কিছু কিছু দিক

সুস্পষ্ট সময় ক্রম আছে, কিন্তু পৌল এত দ্ব্যর্থবোধক যে তা কোন ব্যাখ্যাকারক নিশ্চয়তার সাথে দাবী করতে পারে না। প্রায়ই আমাদের পূর্ব ধারণা এবং পদ্ধতিগত ধর্মতত্ত্ব এই প্যাসেজকে আকৃতি দিয়েছে যে কোন আকাঙ্ক্ষিত আকৃতিতে!

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ১৫:২৯-৩৪

^{২৯} নাহলে, মৃতদের জন্য যারা বাপ্তিস্ম গ্রহণ করে তাদের কি হবে? মৃতেরা যদি একেবারেই যদি জীবিত হয়ে না ওঠে, তবে কেন তারা মৃতদের জন্য বাপ্তিস্ম গ্রহণ করে? ^{৩০} আর কেনই বা আমরা ঘন্টায় ঘন্টায় বিপদের মধ্যে পড়ছি? ^{৩১} ভাইয়েরা, তোমাদের নিয়ে আমাদের প্রভু খ্রীষ্ট যীশুতে আমার যে গর্ব, তাতে আমি নিশ্চয় করে বলছি, আমি প্রতিদিনই মরছি। ^{৩২} যদি আমি মানুষের উদ্দেশ্য নিয়ে ইফিষে বুনো পশুদের সাথে যুদ্ধ করে থাকি, তবে তাতে আমার কি লাভ হয়েছে? মৃতেরা যদি জীবিত না হয়ে ওঠে, তবে আস আমরা ভোজন ও পান করি, কারণ কালকে আমরা মরে যাব। ^{৩৩} তোমরা ভ্রান্ত হয়ে না: “খারাপ সংগী ভাল নৈতিকতাও খারাপ করে।” ^{৩৪} তোমাদের যেমন উচিত মনকে জাগিয়ে তোলা, এবং আর পাপ না করা; কারণ কেউ কেউ ঈশ্বরকে জানেই না। আমি এই কথা তোমাদের লজ্জা দেবার জন্য বলছি। (অনুবাদকৃত টেক্সট)।

১৫:২৯ এই পদ ব্যাখ্যা সমস্যার প্রধান কারণ হয়েছে। আমাদের কাছে শাস্ত্রের কোন সমান্তরাল প্যাসেজ নেই। প্রাথমিক মন্ডলী এই অনুশীলনের অন্য কোন উল্লেখ আমাদের কাছে নেই, যদিও কিছু ঐতিহাসিক প্রমাণ আছে একই রকম বিষয় সম্বন্ধে যেটি অনুশীলন করা হতো দ্বিতীয় ও তৃতীয় শতকে ধর্ম বিরোধীদের মধ্যে। আমাদের অবশ্যই স্বীকার করতে হবে যে আমরা বাইবেলগত ভাবে ঠিক জানি যে এটা কি উল্লেখ করছে। কিছু কিছু তত্ত্ব আছে:

১. নূতন খ্রীষ্টিয়ানেরা মৃত খ্রীষ্টিয়ানদের স্থলে বাপ্তিস্ম গ্রহণ করতো
২. নূতন ধর্মান্তরিতরা বাপ্তিস্ম নিয়েছে কারণ তাদের মৃত প্রিয়জনদের জন্য শ্রদ্ধা
৩. catechism এর ব্যক্তির বাপ্তিস্ম নেবার আগে মৃত্যু হলে যারা জীবিত খ্রীষ্টিয়ান আছে তারা প্রতিনিধিমূলক বাপ্তিস্ম নিয়েছে
৪. নূতন ধর্মান্তরিতেরা মহান খ্রীষ্টিয়ানদের কবরের উপরে বাপ্তিস্ম নিয়েছে

ধর্মতত্ত্বের শিক্ষার নীতি অনুসারে বেশ কয়েকটি ধরে নেওয়া বিষয় প্রয়োগ করা দরকার এই পদ ব্যাখ্যা করতে।

১. এটি মূলত একটি ধারাবাহিক উদাহরণ/দৃষ্টান্ত পুনরুত্থানের বাস্তবতার।
২. কেউই ধর্মতত্ত্ব/মতবাদ দৃষ্টান্তের উপরে তৈরী করতে পারে না।
৩. যেহেতু সঠিক ঐতিহাসিক উল্লেখের কোন সংকেত নেই, এই টেক্সটকে গুরুত্ব দেওয়া বা প্রয়োগ করা উচিত নয় এবং নিশ্চিত ভাবে কোন মতবাদে পরিবর্তন করাও ঠিক নয় (অর্থাৎ, Mormonism)।
৪. এটি এমনি প্রসঙ্গক ভাবে অনিশ্চিত যে পৌল এই অনুশীলনকে নিশ্চিত করছেন না সাধারণ ভাবে এর উল্লেখ করছেন (TEV, NJB)।

■ “যদি” এটি একটি first class conditional sentence ব্যবহৃত হয়েছে একটি দৃঢ় প্রতিরূপ তৈরী করতে। গ্রীক টেক্সটে আছে শব্দ *holōs* (প্রকৃতপক্ষে) এই বাক্যাংশে। নোট দেখুন ১ করি ৫:১:১ পদে।

১৫:৩১

NASB, NKJV “আমি নিশ্চয় করে বলছি”

NRSV “যা নিশ্চিত হিসাবে”

TEV “আমি এটি ঘোষণা করছি”

NJB “আমি শপথ করছি”

এটি গ্রীকে নেই, কিন্তু প্রসঙ্গে পরবর্তী শব্দগুচ্ছ হতে পারে একটি শপথের সূত্র। পৌল প্রায়ই ব্যবহার করেছেন শপথের সূত্রের উদ্ধৃতি তার মন্তব্যের সত্যবাদিতায় জোর দিতে (রোমীয় ৯:১; ২ করি ১:১৮,২৩; ১১:১০-১১,৩১)।

■ “তোমাদের নিয়ে আমাদের খ্রীষ্টে আমার যে গর্ব” পৌল জোর দিয়ে বলছেন যে করিছে তার কাজ খ্রীষ্টের জন্য তার পরিশ্রমের প্রমাণ। তার পরিশ্রম এর যোগ্য হয়েছে (২ করি ৩:১-২; ৭:৪; ৯:২-৩)। পৌলের মন্ডলীসমূহ ছিল তার প্রেরিতত্ত্ব ও কার্যকারীতার প্রমাণ।

■ “আমি প্রতিদিনই মরছি” এই শব্দগুচ্ছ বাক্যের প্রথমে বসেছে গুরুত্ব দিতে (২ করি ৫:১৪-১৫; গালা ২:২০; ১ যোহন ৩:১৬)। ৩০-৩২ পদ উল্লেখ করছে খ্রীষ্টের সেবা করতে গিয়ে পৌল যে সমস্যাসমূহের সম্মুখীন হয়েছেন (২ করি ১:৮-১০, ৪:৮-১২; ৬:৩-১০; ১১:২৩-২৭)। তিনি জানতেন যে এটি যোগ্য কারণ তিনি ব্যক্তিগত ভাবে দম্বেশকের পথে গৌরবান্বিত খ্রীষ্টকে দেখেছিলেন (প্রেরিত ৯:১-২২; ২২:৩-১৬; ২৬:৯-১৮)। পৌলের ধর্মতত্ত্ব তথ্যসমৃদ্ধ ছিল ব্যক্তিগত অভিজ্ঞতায় এবং ব্যক্তিগত প্রত্যাদেশে (প্রেরিত ৯:১-২২; গালা ১:১১-১২) এবং পুরাতন নিয়ম (তার rabbinical প্রশিক্ষণ)।

১৫:৩২ “যদি” পৌল দুটি First class conditional sentences ব্যবহার করেছেন পয়েন্ট তৈরী করতে। যদি কোন পুনরুত্থান এবং কোন খ্রীষ্টিয় পুরস্কার না থাকে, তবে কেন পৌল সুসমাচারের জন্য প্রতিদিনই স্বেচ্ছায় কষ্টভোগ স্বীকার করছিলেন?

■ “আমি ইফিষে বুনো পশুদের সাথে যুদ্ধ করেছি” পৌল এই অভিজ্ঞতায় উল্লেখ করেছেন না ২ করি ১১:২৩-২৭ পদে তার কষ্টভোগের litany, এবং যেহেতু পৌল একজন রোমীয় নাগরিক, তাকে অবশ্যই জোর করা যাবে না বুনো পশুদের সঙ্গে যুদ্ধ করতে। এটি অবশ্যই হতে পারে কঠিন আত্মিক পরিস্থিতির একটি রূপক পৌল ইফিষে যার সম্মুখীন হয়েছিলেন (১ করি ১:৮-১০)। কেউ কেউ এই টেক্সটকে আক্ষরিক ভাবে নিয়েছেন এবং জোর দিয়ে বলেছেন যে এটা হল পৌলের ইফিষে কারাবাসের কথা।

■ “তাতে আমার কি লাভ হয়েছে” পৌলের খ্রীষ্টের জন্য পরিশ্রমের কোন আত্মিক কার্যকারিতা থাকে না যদি পুনরুত্থান না থাকে, এমনকি খ্রীষ্ট এবং এইজন্য পৌলের কোন পুনরুত্থান নেই। তিনি সুসমাচারের জন্য পরিশ্রম করেছেন, কিন্তু যদি সুসমাচার সত্য না হয়, তাহলে কোন পুরস্কারও নেই (অর্থাৎ, পরিত্রাণ নেই, পুনরুত্থান নেই, অনন্তজীবন নেই, ঈশ্বরের সাথে কোন সহভাগিতা নেই, স্বর্গে প্রিয়জনদের সাথে পুনর্মিলন নেই, ১ করি ১৫:১২-১৯)।

■ “আস আমরা ভোজন ও পান করি, কারণ কালকে আমরা মরে যাব” এটাই ছিল ইফিকুরিয়দের মতবাদ। এটি আরও যিশা ২২:১৩ পদের একটি উদ্ধৃতি (যিশা ৫৬:১২; লুক ১২:১৯)। এটি চলতি কথার মত একই রকম, “তুমি কেবল মাত্র জীবনে একবারই ঘুরে আসবে, তাই সব কিছু যতটা পার উপভোগ কর!” কিন্তু, যদি পুনরুত্থান থাকে তবে কি হবে? কি হবে যদি আমরা পবিত্র ঈশ্বরের সামনে দাঁড়াই তাঁকে জীবন উপহারের হিসাবে দিতে (দানি ১২:২)?!

১৫:৩৩ “তোমরা ভ্রান্ত হয়ে না” এটি একটি negated present passive imperative। করিষ্টের মডলী ভ্রান্ত ধর্মতত্ত্ব দ্বারা বিপথগামী হয়েছিল (১ করি ৬:৯)।

■ “খারাপ সংগী ভাল নৈতিকতাও খারাপ করে” এটা মনে হয় গ্রীক ভাববাদী Menander's *Thais* এর একটি উদ্ধৃতি, বেশ্যাবৃত্তি সম্পর্কিত। করিষ্টের কিছু বিভক্ত দল গর্বিত ছিল তাদের (১) গ্রীক-রোমীয় উত্তরাধিকার বা (২) যৌন স্বাধীনতা। পৌল তাদের মনোভাবকে তীব্রতর করেছেন তাদের দার্শনিকদের উদ্ধৃত করে (১ করি ১৫:৩২ এবং ৩৩)। পৌল তর্ষ নগরীতে বড় হয়েছেন, যে নগরটি পরিচিত ছিল এর গ্রীক দার্শনিক পন্ডিতদের জন্য (প্রেরিত ১৭:২৮ এবং তীত ১:১২)। তিনি অনন্য ভাবে যিহূদীধর্ম এবং জাগতিক গ্রীক চিন্তাধারা সম্পর্কে শিক্ষা লাভ করেছিলেন।

■ “খারাপ” দেখুন বিশেষ বিষয় ১ করি ১৫:৪২ পদে।

১৫:৩৪

NASB “মনকে জাগিয়ে তোলা”

NKJV “ধার্মিকতার জন্য সচেতনতা”

NRSV “সচেতন ও সঠিক মনে আস”

TEV “তোমার সঠিক মানসিকতায় আস”

NJB “তোমার উচিত হতবাক অবস্থা থেকে জাগিরিত হওয়া”

এটি একটি aorist active imperative। এটি মনে হয় “একবার ও সব সময়ের জন্য তোমার নৈতিকতায় থাক।”

■ “পাপ না করা” এটি একটি সাথে যার সাধারণত অর্থ কোন প্রক্রিয়াধীন কোন কাজকে থামান। এটা স্পষ্ট যে যারা পুনরুত্থানকে অস্বীকার করেছে তারা ঈশ্বর বিহীন জীবন যাপন করেছে। পৌল তাদের অনৈতিকতাকে ব্যবহার করেছেন দেখাবার একটা উপায় হিসাবে তাদের ধর্মতাত্ত্বিক দৃষ্টি উজ্জ্বল বৈধতা ত্রুটিপূর্ণ (অর্থাৎ, পুনরুত্থান নাই)।

■ “ঈশ্বরকে জানেই না” ইংরাজিতে এটা হল টার্ম “অজ্ঞেয়বাদী।” এটা ছিল উপযুক্ত ব্যঙ্গাত্মক মন্তব্য তাদের প্রতি যারা জ্ঞানকে সর্বোচ্চে স্থান দেয়। তাদের ধর্মতত্ত্ব এবং কাজ স্পষ্ট ভাবে দেখায় যে তাদের সত্যিকারের কোন জ্ঞান নাই!

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিষ্টিয় ১৫:৩৫-৪১

“কিন্তু কেউ কেউ বলবে, “মৃতদের কেমন করে জীবিত করা হবে? আর কেমন দেহ নিয়েই বা তারা আসবে?”^{৩৫} তুমি তো বোকা! কারণ তুমি যা বোন তা মরে না গেলে জীবিত হয় না;^{৩৬} আর যা বোন, যে দেহ উৎপন্ন হয়, তুমি তা বোন না, বরং একটি মাত্র বীজ বুনছো, সেই বীজ গমের হোক বা অন্য কোন শস্যের হোক।^{৩৭} কিন্তু ঈশ্বর তাকে যেমন দেহ দিতে ইচ্ছা করেন তেমনই দেন, আর তিনি প্রত্যেক বীজকে তার নিজের দেহ দেন।^{৩৮} সব

মাংসই একই রকম মাংস নয়, কিন্তু মানুষের মাংস এক রকম, পশুর অন্য রকম, আর পাখীর মাংস আর এক রকম, এবং মাছের আর এক রকম।^{৪০} স্বর্গীয় দেহ আছে এবং জাগতিক দেহও আছে, কিন্তু স্বর্গীয় দেহের মহিমা এক রকম, এবং জগতের দেহগুলোর মহিমা আর এক রকম।^{৪১} সূর্যের মহিমা এক রকম, আর চাঁদের মহিমা আর এক রকম, এবং তারাগুলোর মহিমা আর এক রকম; কারণ মহিমার দিক থেকে একটি তারা অন্যটি থেকে আলাদা। (অনুবাদকৃত টেক্সট)।

১৫:৩৫ “কেউ কেউ বলবে” এটি হল পৌলের সাহিত্য কৌশল ব্যবহার যাকে বলা হয় diatribe। এই প্রশ্ন/উত্তর পদ্ধতি আরও দেখা যায় পুরাতন নিয়মের মালাখীতে এবং নূতন নিয়মের রোমীয় এবং ১ যোহানে। সাহিত্য কাজের বিষয় এগিয়ে নিয়ে যাওয়া হয়েছে লেখক এবং আর একজন ধরে নেওয়া প্রতিবাদির কথোপকথন দ্বারা। এখানে বিতর্ক সরে গেছে সামান্য ভিন্ন বিষয়ে। প্রথমত, কিছু কিছু বিভক্ত দল খ্রীষ্টের পুনরুত্থানকে অস্বীকার করেছে আর সেজন্য সকল বিশ্বাসীদের পুনরুত্থানকেও। এখন পৌল তাদের বলছেন যারা প্রশ্ন করেছে পুনরুত্থিত দেহ কেমন হবে।

■ “আর কেমন দেহ নিয়েই বা তারা আসবে” পুনরুত্থিত দেহ কেমন হবে বিষয়ে দ্বন্দ্বের একটি উৎস হল জাগতিক দেহের প্রতি নেতিবাচক দৃষ্টিভঙ্গি কিছু কিছু গ্রীক পণ্ডিত দার্শনিকদের। গ্রীকদের দৃষ্টিভঙ্গি ছিল বস্তু মন্দ (অর্থাৎ, Gnosticism) এবং এমনকি খারাপ, দৈহিক দেহ হল সকল মানুষের অনন্তকালীন ঐশ্বরীক স্কুলিং বা প্রাণের কারাগার। এই সংস্কৃতিক/দার্শনিক প্রেক্ষাপট সরাসরি দ্বন্দ্ব এসেছে পৌলের ইব্রীয় (অর্থাৎ, ফরীশী) প্রেক্ষাপটে দৃঢ় ভাবে বলা জীবনের পরে দৈহিক, দেহ।

১৫:৩৫-৪১ পৌল ধারাবাহিক দৃষ্টান্ত ব্যবহার করেছেন যা দেখায় চলমানতা, এবং তথপিও ভিন্ন, দৈহিক দেহ ও আত্মিক দেহের মধ্যে।

১. বীজ বনাম পরিপক্ব গাছ, ১ করি ১৫:৩৭
২. মানুষ বনাম পশুর মাংস, ১ করি ১৫:৩৯
৩. স্বর্গীয় দেহ বনাম জাগতিক দেহ, ৪০ পদ
৪. রাত্রের আলো বনার সূর্যের আলো, ১ করি ১৫:৪১

১৫:৩৬ “ভূমি তো বোকা” লোকেরা যারা দাবী করে যে তারা ঈশ্বরকে জানে, কিন্তু চিন্তা ও কাজ করে অনুপযুক্ত ভাবে তা বৈশিষ্ট্যময় করে তাদের দুর্বল চিন্তাকারী হিসাবে! পৌলের ব্যঙ্গাত্মক মন্তব্য, প্রায়ই ১ ও ২ করি স্থায়ীতে, এই ধরণের লোকদের সম্পর্কে প্রকাশ করেছে। তারা খুব আত্ম বিশ্বাসী ছিল যে তারা জ্ঞানের অধিকারী আর এতে তারা দেখতে পেত না বা চিনতে পারেনি সত্যিকার জ্ঞানকে!

বিশেষ বিষয়: বোকা

(SPECIAL TOPIC: FOOLISH)

এই মনোভাব/ব্যক্তি প্রকাশ করা হয়েছে কয়েকটি পুরাতন নিয়মের টার্মে।

১. “বোকা”, “বোকা ব্যক্তি” (BDB 17, KB 21) – ইয়োব ৫:২,৩; গীত ১০৭:১৭; হিতো ১:৭ (এবং আরো অনেক); যিশা ১৯:১১; ৩৫:৮; যির ৪:২২; হোশেয় ৯:৭
২. “আত্ম-দাম্ভিক ব্যক্তি” (BDB 493, KB 489) – গীত ৪৯:১০; ৯২:৬; ৯৪:৮; হিতো ১:২২,৩২ (আরো অনেক); উপদেশক ২:১৪-১৬; ৫:১,৩,৪ (আরো অনেক)
৩. “শূন্য ব্যক্তি” (BDB 614, KB 663) – দ্বি বি ৩২:৬,২১; ২ শমূ ৩:৩৩; ১৩:১৩; ইয়োব ২:১০; ৩০:৮; গীত ১৪:১; ৩৯:৮; ৫৩:১; ৭৪:১৮,২২; গীত ১৭:৭,২১; ৩০:২২; যির ১৭:১১
৪. “মাথা মোটা” (BDB 698, KB 754) – আদি ৩১:২৮; ১ শমূ ১৩:১৩; ২ শমূ ১৫:৩১; ২৪:১০; ১ বংশা ২১:৮; ২ বংশ ১৬:৯; উপদেশক ২:১৯; ১০:৩,১৪; যিশা ৪৪:২৫; যির ৫:২১

যীশু তিনটি শব্দ ব্যবহার করেছেন বোকা লোকদের বর্ণনা করতে।

১. *aphrōn*, লুক ১১:৪০; ১২:২০
২. *anoētos*, লুক ২৪:২৫
৩. *mōros*, মথি ৫:২২; ২৩:১৭,১৯

মথি ৫:২২ পদে যীশুর দেওয়া শক্তিশালী বিবৃতি একজন ব্যক্তির অন্য ব্যক্তির দ্বারা এই চারিত্রিক বৈশিষ্ট্যকরণের ব্যবহারের বিষয়ে, যেখানে *mōros* প্রতিফলিত করে আরামিয় শব্দ *raca*, যেটি বোঝায় জীবনের অযোগ্য। এই অংশটি আলোচনা করছে না কোন নির্দিষ্ট উপাধিতে একজন অন্যজনের ডাকতে পারে কি পারে না এর সাথে, কিন্তু একজন অনুমিত বিশ্বাসীর মনোভাব অন্যজনের প্রতি, বিশেষভাবে চুক্তির ভাইদের।

গ্রীক টার্ম *mōros*, অনুবাদ হয়েছে “বোকা,” যার অর্থ আরামিক টার্ম *raca* প্রতিফলিত হয়েছিল। যদিও, যীশুর শব্দ কৌশল গ্রীক টার্ম *mōros* এর প্রতি নয়, কিন্তু প্রাথমিকভাবে ইব্রীয় শব্দ *mōreh*, BDB 598, যেটি বোঝায় “ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ” (গণনা ২০:১০; দ্বি বি ২১:১৮,২০; দেখুন F. F. Bruce, *Answers to Questions*, p. 42)। যীশু মথি ২৩:১৭ পদে ফরীশীদের এই একই টার্মে ডেকেছেন। শুধু আমাদের কাজে নয়, কিন্তু আমাদের প্রেরণা, মনোভাব, ও উদ্দেশ্য নির্ধারণ করে আমাদের সঙ্গী মানুষের বিরুদ্ধে পাপ। নরহত্যা, যতদূর সম্ভব ঈশ্বর উদ্দিষ্ট, একটি চিন্তা হতে পারে!

আমাদের ভাই বা বোনের প্রতি ঘৃণা স্পষ্টভাবে দেখায় যে আমরা ঈশ্বরকে জানি না (১ যোহন ২:৯-১১; ৩:১৫, এবং ৪:২০)। সামাজিকভাবে বলতে গেলে, একটি ঘৃণামূলক চিন্তা একটি মৃত্যু থেকে ভাল, কিন্তু মনে রাখবেন যে শাস্ত্রে এই অংশের উদ্দেশ্য হল সকল আত্ম-দ্বন্দ্বিকতা এবং নিজের ভালো বিষয়ে গর্ব করাকে ভেঙ্গে ফেলা।

পৌল পুরাতন নিয়ম এবং যীশুকে বেশ কয়েকটি টার্মে অনুসরণ করেছেন বোকা লোকদের বর্ণনা করতে।

১. *aphrōn*, ১ করি ১৫:৩৬; ২ করি ১১:১৬, ১৯; ১২:৬, ১১

২. *mōros*, ১ করি ৩:১৮; ৪:১০ এবং একটি সম্পর্কিত রূপ রোমীয় ১:২২ পদে

মানুষ যারা দাবী করে ঈশ্বরকে জানে, কিন্তু অনুপযুক্ত উপায়ে চিন্তা ও কাজ করে, প্রায় বৈশিষ্ট্যকরণ করা হয় দুর্বল চিন্তাকারী হিসেবে! পৌলের কৌতুককর মন্তব্য, ১ এবং ২ করিষ্টীয়তে ছড়ানো ছিটানো রয়েছে, প্রকাশ করে এই ধরনের ব্যক্তিদের। তারা এত বেশি দাঙ্কিক যে তারা যে জ্ঞান ধারণ করে তাতে তারা সত্য জ্ঞানকে দেখতে পায় না চিনতে পারে না!

Copyright © 2014 [Bible Lessons International](#)

১৫:৩৭ “কারণ তুমি যা বোন তা মরে না গেলে জীবিত হয় না” পৌল আবার যীশুর কথা অনুসরণ করেছেন (যোহন ১২:২৪)। এটি হল *phenomenologica* ভাষার ব্যবহার (অর্থাৎ, যে ভাবে পঞ্চ ইন্দ্রিয়ের জিনিসটি আবির্ভূত হয়)। এর অর্থ নয় যে এটি বিজ্ঞান ভিত্তিক মন্তব্য, কিন্তু একটি কৃষিভিত্তিক রূপক নূতন জীবনের, কঠিন, প্রকৃতপক্ষে মৃত, বীজ থেকে।

টার্ম “না হলে” উল্লেখ করছে একটি *third class conditional sentence*, যার অর্থ সম্ভাব্য কাজ।

■ “সম্ভবত” এটি একটি অসম্পূর্ণ *fourth class conditional* (১ করি ১৪:১০)। পৌল জোর দিয়ে বলছেন বিভিন্ন ধরনের শস্য বীজের সম্ভাবনার কথা।

১৫:৩৯-৪০ “অন্য রকম. . . আর এক রকম” প্রথমটি, ১ করি ১৫:৩৯ পদে চার বার ব্যবহৃত হয়েছে এবং ১ করি ১৫:৪১ পদে তিনবার, হল *allos* এবং পরের “আর এক রকম” ১ করি ১৫:৪০ পদে তিনবার ব্যবহৃত হয়েছে এবং তা হল *heteros*। এই দুইয়ের মধ্যে পার্থক্য ছিল *classical* গ্রীকে সুস্পষ্ট, কিন্তু প্রায় সবই চলে গেছে *Koine* গ্রীকে। এই প্রসঙ্গে পার্থক্য মনের হয় রয়ে গেছে:

১. *allos*, একই রকমের আর একটি (১ করি ১৫:৩৯-৪১)

২. *heteros*, ভিন্ন রকমের আর একটি (১ করি ১৫:৪০)

১৫:৪০, ৪১, ৪৩ “গৌরব” দেখুন [বিশেষ বিষয়: মহিমা \(DOXA\)](#), পৃ. ৭৩, ([SPECIAL TOPIC: GLORY \(DOXA\)](#), See page 73) ১ করি ২:৭ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিষ্টীয় ১৫:৪২-৪৯

^{৪২} মৃতদের পুনরুত্থানও ঠিক সেই রকম। নশ্বর দেহ বপন করা যায়, এটি জীবিত হয় অবিদ্যমান দেহে; ^{৪৩} এটি অসম্মানের সংগে বপন করা হয়, এটি গৌরবে উদ্ভিত হবে; এটি দুর্বলতায় বপন করা হয়, এটি শক্তিতে উঠানো হবে; ^{৪৪} এটি সাধারণ দেহে বপন করা হয়, এটি আত্মিক দেহে উঠানো হবে। যখন সাধারণ দেহ আছে তখন আত্মিক দেহও আছে। ^{৪৫} এই ভাবে শাস্ত্রে লেখা আছে, “প্রথম মানুষ আদম, জীবন্ত প্রাণী হল।” শেষ আদম জীবনদানকারী আত্মা হলেন। ^{৪৬} যাহোক, আত্মিক প্রথম নয়, বরং সাধারণ; তার পরে আত্মিক। ^{৪৭} প্রথম মানুষ মাটি থেকে এসেছিল-মাটির; দ্বিতীয় মানুষ স্বর্গ থেকে এসেছিলেন। ^{৪৮} যেহেতু মাটির, সেহেতু তারা সেরকমই যারা মাটির; আর যেহেতু স্বর্গীয়, সেহেতু তারাও সেরকম যারা স্বর্গীয়। ^{৪৯} আর আমরা যেমন সেই মাটির প্রতিমূর্তিতে জন্মেছি, তেমনি স্বর্গীয় প্রতিমূর্তিও ধারণ করবো। (অনুবাদকৃত টেক্সট)।

১৫:৪২-৪৯ বাইবেলে সুনির্দিষ্ট ভাবে বা সম্পূর্ণ প্রকাশ করে নাই সেই সব বিষয় যা পরবর্তী জীবনের সাথে সম্পর্কিত। সম্ভবত যেহেতু আমরা আমাদের পতন, সাংসারিক, জাগতিক অবস্থার কারণে সেসব উপলব্ধি করতে সক্ষম নই। এই প্যারাগ্রাফ পুনরুত্থিত দেহ নিয়ে আলোচনা করে জাগতিক দেহের সাথে এর তুলনা করে। তথাপি, এটা যথাযথ নয়। মোটামুটি এটা বলা যেতে পারে যে আমাদের নূতন দেহ উপযুক্ত ভাবে জীবন, সহভাগিতা, অস্বাধীনতা, এবং নূতন যুগে আমাদের ঈশ্বরের সেবা করার জন্য প্রস্তুত হবে। এর আলোকে, সঠিক রূপ অপ্রাসঙ্গিক (ফিলি ৩:২১; ১ যোহন ৩:২)।

১৫:৪২

NASB, NRSV,

NJB

“নশ্বর. . . অবিদ্যমান”

NKJV

“ক্ষয়নীয়. . . অক্ষয়নীয়”

TEV

“মরণশীল. . . অমরণশীল”

প্রায়ই এই টার্ম ব্যবহৃত হয়েছে একই প্রসঙ্গে যেমন এটি বিপরিতকে বাতিল করে (রোমীয় ১:২৩; ১ করি ৯:২৫; ১৫:৫০, ৫৩)। লক্ষ্য করুন সমান্তরাল তুলনা আমাদের জাগতিক দৈহিক দেহ এবং আমাদের স্বর্গীয় অনন্তকালীন দেহের মধ্যকার।

১. ক্ষয়নীয় বনাম অক্ষয়নীয়, ১ করি ১৫:৪২,৫০
২. অসম্মান বনাম গৌরব, ১ করি ১৫:৪৩
৩. দুর্বলতা বনাম ক্ষমতা, ১ করি ১৫:৪৩
৪. স্বাভাবিক দেহ বনাম আত্মিক দেহ, ১ করি ১৫:৪৪
৫. প্রথম আদম বনাম শেষ আদম, ১ করি ১৫:৪৫
৬. জাগতিকতার প্রতিমূর্তি বনাম স্বর্গীয় প্রতিমূর্তি, ১ করি ১৫:৪৯

বিশেষ বিষয়: ধংস, বিনাশ, ক্ষয়নীয়(*PHTHEIRO*)

{SOCIAL TOPIC: DESTROY, RUIN, CORRUPT (*phtheirō*)}

এই টার্ম *phtheirō* মূল অর্থ হল ধংস, বিনাশ, ক্ষয়নীয় বা নষ্ট। এটা আরও ব্যবহৃত হতে পারে

১. অর্থনৈতিক বিনাশ (সম্ভবত ২ করি ৭:২)
২. দৈহিক ধংস (১ করি ৩:১৭)
৩. নৈতিক অবক্ষয় (রোমীয় ১:২৩; ৮:২১; ১ করি ১৫:৩৩,৪২,৫৯; গালা ৬:৮; প্রকা ১৯:২)
৪. যৌনতায় মোহিত হওয়া (২ করি ১১:৩)
৫. অনন্তকালীন ধংস (২ পিতর ২:১২,১৯)
৬. মানুষের ঐতিহ্যের বিনাশ (কল ২:২২)

প্রায়ই এই টার্ম ব্যবহৃত হয়েছে একই প্রসঙ্গে এর বিপরিত বাতিল করা হিসাবে (রোমীয় ১:২৩; ১ করি ৯:২৫; ১৫:৫০,৫৩)। লক্ষ্য করুন আমাদের জাগতিক দৈহিক শরীর এবং আমাদের স্বর্গীয় অনন্তকালীন শরীরের মধ্যকার সমান্তরাল তুলনা।

১. ক্ষয়নীয় বনাম অক্ষয়, ১ করি ১৫:৪২,৫০
২. অসম্মান বনাম গৌরব, ১ করি ১৫:৪৩
৩. দুর্বলতা বনাম শক্তি, ১ করি ১৫:৪৩
৪. প্রাকৃতিক দেহ বনাম আত্মিক দেহ, ১ করি ১৫:৪৪
৫. প্রথম আদম বনাম শেষ আদম, ১ করি ১৫:৪৫
৬. জাগতিক প্রতিমূর্তি বনাম স্বর্গীয় প্রতিমূর্তি, ১ করি ১৫:৪৯

Copyright © 2014 [Bible Lessons International](http://www.freebiblecommentary.org)

১৫:৪৩ “দুর্বলতা” দেখুন [বিশেষ বিষয়: দুর্বলতা](#), পৃ..৪০৬, ([SPECIAL TOPIC: WEAKNESS](#), See page 406) ২ করি ১২:৯ পদে।

১৫:৪৪ “যদি” United Bible Societies' *Handbook on Paul's First Letter to the Corinthians* বলেছে এটি first class conditional sentence নয়, কিন্তু সত্যের একটি উক্তি (পৃ..৩৬১)। যাহোক, A. T. Robertson in *Word Pictures in the New Testament* জোর দিয়ে বলেছেন যে এটি first class conditional (পৃ..১৯৭)। ব্যাকরণ কোন বিজ্ঞান নয়।

১৫:৪৫ “প্রথম মানুষ, আদম” এটি আদি ২:৭ পদের একটি উদ্ধৃতি। যীশুর আদমের উল্লেখ (মথি ১৯:৪; মার্ক ১০:৬; লুক ৩:৩৮) চিহ্নিত করে তার ঐতিহাসিকতা। যীশু ধরে নিয়েছেন প্রাথমিক জুটি যাদের নাম আদম ও হবা, তাদের ক্ষয়নীয়তাকে। এমনকি পৌলের আদম-খ্রীষ্ট ব্যবহারের typology, উভয়ই এখানে এবং রোমীয় ৫:১৭-২১ পদে, দাবী করছে আদম ও হবার বিশেষ সৃষ্টি। এটা হতে পারে পরবর্তী সৃষ্টি (দেখুন আদি ১-১১ পদের উপরে আমার কমেন্ট্রি (অনলাইনে www.freebiblecommentary.org), যেখানে আমি জোর দিয়ে বলেছি পুরাতন পৃথিবীর কথা, কিন্তু তুলনামূলক ভাবে এদনের সাম্প্রতিক সৃষ্টি), কিন্তু এটি আমার কাছে মনে হয় এটি অবশ্যই একটি বিশেষ সৃষ্টি।

■ “শেষ আদম জীবনদানকারী আত্মা হলেন” এটি অবশ্যই যীশুর পুনরুত্থানকে উল্লেখ করছে। এর মানে এই নয় যে যীশুর পুনরুত্থানের পরে দেখা দানের দৈহিক দিকটি অস্বীকার করা, কিন্তু প্রথম আদমের সাথে তুলনা করা, যার কাজের কারণে মৃত্যু, আর শেষ আদম, যার কাজের কারণে জীবন, অনন্ত জীবন, পুনরুত্থিত জীবন! এটি একটি উদাহরণ আদম-খ্রীষ্ট typology এর (রোমীয় ৫:১২-২১; ১ করি ১৫:২১-২২,৪৫-৪৯; ফিলি ২:৬-৮)।

■ “একটি জীবনদানকারী আত্মা” এটি অসুবিধার একটি ভাল উদাহরণ কিছু কিছু জানার প্রসঙ্গে যদি “আত্মা” ছোট হাতের ‘এস’ হয় (রোমীয় ৮:৯; ২ করি ৩:৩; গালা ৪:৬; ১ পিতর ১:১১)। বাইবেল বেশ কিছু ভিন্ন ভিন্ন পদে *pneuma* টার্ম ব্যবহার করেছে। দেখুন বিশেষ বিষয়: *pneuma* ১ করি ১২:১ পদে।

১৫:৪৬ এটি তত্ত্ববিদ্যার মন্তব্য নয়, কিন্তু জাগতিক মন্তব্য প্রথম আদম এবং দ্বিতীয় আদমের সাথে সম্পর্কিত (১ করি ১৫:৪৭)। দৈহিক মানব জীবন আত্মিক জীবনের অগ্রবর্তী!

১৫:৪৭ “দ্বিতীয় মানুষ স্বর্গ থেকে” গ্রীক পাণ্ডুলিপিতে এই শব্দগুচ্ছের বেশ কয়েকটি সংস্করণ রয়েছে। সেগুলির বেশির ভাগ এটা জোর দিয়ে বলতে চেষ্টা করেছে যে যীশু আদমের মতই মানুষ, কিন্তু মানুষের চেয়েও বেশি কিছু। Bart D. Ehrman, *The Orthodox Corruption of Scripture*, pp. 94-95, চিন্তা করে যে এই পরিবর্তনসমূহ যখন এই পাণ্ডুলিপিগুলি অনুলিপি করা হচ্ছিল তখনকার মণ্ডলীগুলির মধ্যে মতবাদগত বিতর্কের ফলাফল। তিনি বলেছেন অন্তর্ভুক্ত উদ্দেশ্যমূলক, ধর্মতাত্ত্বিক ব্যাখ্যাসমূহ গোড়া অনুলিপিকারকদের অংশ।

১৫:৪৯ “আর আমরা যেমন সেই মাটির প্রতিমূর্তিতে জন্মেছি” এই টেক্সট দেখা যায় প্রাথমিক গ্রীক পাণ্ডুলিপি P⁴⁶, ঙ, A, C, D (অর্থাৎ, aorist active subjunctive)। প্রসঙ্গ মনে হয় দাবী করে প্রাথমিক Alexandrian পাণ্ডুলিপি B এর টেক্সট, যেটি ছিল, “আমরা বহন করবো...” (অর্থাৎ, Future active indicative)। এই উভয় গ্রীক শব্দই একই রকম ভাবে উচ্চারিত হয়। প্রাথমিক পাণ্ডুলিপি প্রায়ই অনুলিপি হতো একই সময়ে একজন লোক টেক্সট জোরে জোরে পড়তো এবং বেশ কয়েকজন লোক অনুলিপি করতো। ধর্মতত্ত্বগত ভাবে future indicative প্রযোজ্য। প্রসঙ্গে অন্য verb হল future। এটি একটি বর্ণনামূলক প্রসঙ্গে, নয় hortatory (অর্থাৎ, কাজের জন্য দৃঢ় ভাবে উৎসাহদান)।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ১৫:৫০-৫৭

“^{৫০} আমি এখন এই বলছি, ভাইয়েরা, রক্ত ও মাংসের দেহ ঈশ্বরের রাজ্যের অধিকারী হতে পারে না; এমনকি নশ্বর অবিনশ্বরের অধিকারী হতে পারে না। ^{৫১} দেখ, আমি তোমাদের একটা নিগূঢ় তত্ত্ব বলছি; আমরা সকলে মারা যাব না, কিন্তু আমরা সকলে বদলে যাব। ^{৫২} এক মুহূর্তের মধ্যে, চোখের পলকে, শেষ তুরীর আওয়াজের সাথে সাথে; সেই তুরী যখন বাজবে, আর মৃতেরা অবিনশ্বরতায় জীবিত হয়ে উঠবে, আর আমরাও বদলে যাব। ^{৫৩} কারণ এই নশ্বরতাকে অবশ্যই অবিনশ্বরতাকে পরিধান করতে হবে, আর এই মরণশীলতাকে অবশ্যই অমরণশীলতাকে পরিধান করতে হবে। ^{৫৪} কিন্তু যখন এই নশ্বরতা অবিনশ্বরতাকে পরিধান করবে, আর এই মরণশীলতা অমরণশীলতাকে পরিধান করবে, তখন এই যে কথা লেখা আছে তা পূর্ণ হবে, “মৃত্যু জয়ে কবলিত হল” ^{৫৫} “মৃত্যু, তোমার জয় কোথায়? মৃত্যু, তোমার হুল কোথায়?” ^{৫৬} মৃত্যুর হুল হল পাপ, আর পাপের শক্তিই ব্যবস্থা; ^{৫৭} কিন্তু ঈশ্বরের ধন্যবাদ হোক, যিনি আমাদের প্রভু যীশু খ্রীষ্টের মধ্য দিয়ে জয় দান করেন। (অনুবাদকৃত টেক্সট)।

১৫:৫০ “রক্ত ও মাংসের” এটি মানবতার একটি রূপক (মথি ১৬:১৭; গালা ১:১৬; ইফি ৬:১২; ইব্রীয় ২:১৪)।

■ “অধিকারী” এটি একটি পারিবারিক রূপক বর্ণনা করছে আমাদের ঈশ্বরের সাথে স্থায়ী সহভাগিতার কথা। পুরাতন নিয়মে লেবীয়েরা কোন বড় জমির অধিকার পায়নি (কেবল ৪৮টি লেবীয় নগর), এইজন্য তাদের বলা হয়েছে তারা YHWH কে পেয়েছে তাদের অধিকার হিসাবে। নূতন নিয়ম এটি স্থানান্তর (যেমন এটা করা হয়েছে অনেক যাজকীয় কাজকর্মে) করেছে সকল বিশ্বাসীদের। দেখুন [বিশেষ বিষয়: বিশ্বাসীদের উত্তরাধিকার, পৃ..১২১, \(SPECIAL TOPIC: BELIEVERS' INHERITANCE, See page 121\)](#) ১ করি ৬:৯ পদে।

■ “ঈশ্বরের রাজ্য” দেখুন বিশেষ নোট ১ করি ১৫:২৪ পদে।

১৫:৫১ “নিগূঢ় তত্ত্ব” দেখুন নিচে বিশেষ বিষয়।

[বিশেষ বিষয়: ঈশ্বরের পরিব্রাণের জন্য পরিকল্পনা “নিগূঢ় তত্ত্ব”, পৃ..৬৬ \(SPECIAL TOPIC: GOD'S PLAN FOR REDEMPTION, "MYSTERY", See page 66\)](#)

ঈশ্বরের একত্রিত উদ্দেশ্য রয়েছে মানুষের পরিব্রাণের জন্য যেটি পতনের পর এগিয়েছে (আদি ৩)। এই পরিকল্পনার ইঙ্গিত প্রকাশিত হয়েছে পুরাতন নিয়মে (আদি ৩:১৫; ১২:৩; যাত্রা ১৯:৫-৬; এবং ভাবাদীদের পুস্তকে সার্বজনীন প্যাসেজ)। যাহোক, এই ব্যাপক কর্মসূচী স্পষ্ট ছিল না (১ করি ২:৬-৮)। যীশুর ও আত্মার আগমনের সাথে এটা আরও বেশি স্পষ্ট হতে শুরু করে। পৌল “নিগূঢ় তত্ত্ব” টার্ম ব্যবহার করেছেন এই সম্পূর্ণ পরিব্রাণের পরিকল্পনা বর্ণনা করতে, যেটি এক সময় গোপন ছিল, কিন্তু এখন সম্পূর্ণ প্রকাশিত হয়েছে (১ করি ৪:১; ইফি ৬:১৯; কল ৪:৩; ১ তীম ১:৯)। যাহোক, তিনি এটি বেশ কয়েকটি ভিন্ন ভিন্ন অর্থে ব্যবহার করেছেন।

১. ইস্রায়েলীয়দের আংশিক কঠিন মনোভাব পরজাতিয়দের অর্ন্তভুক্ত করতে। এটি পরজাতিয়দের সমাগম যন্ত্রের মত কাজ করবে (ঈর্ষা) যিহুদীদের জন্য যীশুতে ভাববাণীকৃত মশীহ হিসাবে গ্রহণ করতে (রোমীয় ১১:২৫-৩২)।
২. সুসমাচার জাতির কাছে প্রচারিত হবে, তাদের সকলে সম্ভাব্য ভাবে খ্রীষ্টে এবং খ্রীষ্টের মাধ্যমে অন্তর্ভুক্ত হবে (রোমীয় ১৬:২৫-২৭; কল ২:২)।
৩. দ্বিতীয় আগমনে বিশ্বাসীরা নূতন জীবন লাভ করবে (১ করি ১৫:৫-৫৭; ১ থি ৪:১৩-১৮)।
৪. খ্রীষ্টে সকল জিনিসের পুনঃবিবেচনা করা হবে (ইফি ১:৮-১১)।
৫. পরজাতি ও যিহুদীরা সহ-উত্তরাধিকারী (ইফি ২:১১-৩:১৩)।
৬. বিবাহ টার্মে খ্রীষ্ট এবং মন্ডলীর মধ্যকার সম্পর্কের মধ্যকার ঘনিষ্ঠ সহভাগিতা বর্ণিত হয়েছে (ইফি ৫:২২-৩৩)।
৭. পরজাতিয়রা চুক্তির লোকদের সাথে অন্তর্ভুক্ত এবং তাদের ভিতরে খ্রীষ্টের আত্মা বাস করেন যেন খ্রীষ্টসাদৃশ্য পরিপক্বতা উৎপন্ন করেন, অর্থাৎ, পতিত মানবে ঈশ্বরের প্রতিমূর্তির পুনঃস্থাপন (আদি ১:২৬-২৭; ৫:১; কল ১:২৬-২৮)।
৮. শে সময়ের খ্রীষ্টারী (২ থি ২:১-১১)।
৯. প্রাথমিক মন্ডলীর নিগূঢ় তত্ত্বের সারাংশ পাওয়া যায় ১ তীম ৩:১৬ পদে।

■ “আমরা সকলে মারা যাব না, কিন্তু আমরা সকলে বদলে যাব” এটি মনে হয় জোর দিয়ে বলছে যে যখন দ্বিতীয় আগমন হবে তখন জীবিত খ্রীষ্টিয়ানেরা থাকবে (১ থি ৪:১৩-১৮)। ঘুমানো হল বাইবেলের মৃত্যুর জন্য শ্রুতিমধুর শব্দ।

পৌল কি দ্বিতীয় আগমনের সময়ে জীবিত থাকবেন বলে আশা করছেন অথবা এটা কি সম্পাদকীয় “আমরা” (যীশুর ফিরে আসার সময়ে জীবিত, ১ করি ১৫:৫১-৫২; ১ থি ৪:১৫, ১৭ বা জীবিত হবে যীশুর ফিরে আসার সময়ে, ১ করি ৬:১৪; ২ করি ৪:১৪; ৫:১-১০)? সকল নূতন নিয়মের লেখক এবং যীশুর মত, তিনি মনে হয় গৌরবান্বিত খ্রীষ্টের আসন্ন ফিরে আসার প্রত্যাশা করেছিলেন। কিন্তু একমাত্র পিতাই জানেন সময় (মথি ২৪:৩৬; মার্ক ১৩:৩২; প্রেরিত ১:৭)। বিশ্বাসীরা প্রতিদিনই বাঁচে দ্বিতীয় আগমনের আশ্র আলোকে, কিন্তু রাজ্যের জন্য পরিকল্পনা ও প্রশিক্ষণ কার্যক্রম এমন যেন এর দেরি হবে।

[বিশেষ বিষয়:যে কোন মুহূর্তে যীশুর ফিরে আসা বনাম এখনও নয় \(নূতন নিয়মের PARADOX\), পৃ..১২৭ \(SPECIAL TOPIC: THE ANY-MOMENT RETURN OF JESUS VERSUS THE NOT YET \(NT PARADOX\), See page 127\)](#)

১৫:৫২ “যে কোন মুহূর্তে” আমরা ইংরাজি পেয়েছি “পরমানু” গ্রীক টার্ম থেকে, যার অর্থ “অবিভক্ত।”

■ “চোখের পলকে” এটি তারাদের মিটমিট করার জন্য বা ডাঁশ মাছির দ্রুত ডানা নাড়ানো জন্য ব্যবহৃত হয়। এটি দুটি টার্মের প্রয়োগ হল যে যীশুর ফিরে আসা ঘটবে খুব দ্রুত যখন এটি শুরু হবে। শেষ মিনিটের প্রার্থনারও কোন সময় থাকবে না।

■ “শেষ তুরীর আওয়াজ” এটি ছিল পুরাতন নিয়মের একটি উপায় শেষ সময় ঘোষণার *shophar* ব্যবহার করে (অর্থাৎ, ভেড়ার বাম দিকের শিং, যিশা ২৭:১৩; সখ ৯:১৩; মথি ২৪:৩১; ১ থি ৪:১৬)। এটি নিশ্চিত ভাবে সম্ভব যে তুরী ধ্বনি ঈশ্বরের কণ্ঠ স্বরের একটি রূপক (যাত্রা ১৯:১৬,১৯; ২০:১৮; প্রকা ১:১০), এছাড়াও ভাববাদীদের কণ্ঠ স্বরের জন্যও ব্যবহৃত হয়েছে (যিশা ৫৮:১; ইব্রীয় ১২:১৯)।

বিশেষ বিষয়: ইস্রায়েলীয়দের দ্বারা ব্যবহৃত শিঙ্গা

(SPECIAL TOPIC: HORNS USED BY ISRAEL)

ইব্রীয়তে চারটি শব্দ আছে যেগুলি শিঙ্গা/তুরীর সাথে সম্পর্কিত:

১. “ভেড়ার শিং” (BDB 901, KB 1144)- ব্যবহার করা হয়েছে একটি বাতাসজাতীয় বাদ্যযন্ত্র হিসেবে, যিহো ৬:৫ পদ। একই শব্দ ব্যবহৃত হয়েছে শিং এ আটকে যাওয়া একটি ভেড়ার জন্য যেটি আব্রাহাম ইসাহাকের বিকল্প হিসাবে ব্যবহার করবেন আদি ২২:১৩ পদে।
২. “তুরী” (BDB 1051) – অশুরিয় টার্ম বন্য ভেড়ার জন্য (*ibex*)। এই শিঙ্গা যেটি ব্যবহার করা হয়েছে যাত্রা ১৯:১৬,১৯ পদে সিনাই পর্বত/হোরব এ। #১ এবং #২ হল সমান্তরাল যিহো ৬:৫ পদে। এটি ব্যবহার করা হতো যোগাযোগ করতে
 - ক. আরাধনার সময় (লেবীয় ২৫:৯)
 - খ. যুদ্ধের সময়ে (অর্থাৎ, যিরিহো ছিল উভয়ই, যিহো ৬:৪; বিচার ৩:২৭; ৬:৩৪; ১ শমূ ১৩:৩; যির ৪:৫; হোশেয় ৫:৮)
 - গ. একজন নতুন রাজা অভিষিক্ত করার সময়, ১ রাজা ১:৩৪,৩৯
 - ঘ. ঈশ্বরের দ্বারা বাজানো, সখরিয় ৯:১৪
৩. “ভেড়ার শিং” (BDB 385, KB 398) – ভেড়ার জন্য ফৈনিকিয় শব্দ (যিহো ৬:৪,৬,৮,১৩)। এটি আরও অর্থবহ জুবিলী বৎসরের জন্য (লেবীয় ২৫:১৩,২৮,৪০,৫০,৫২,৫৪; ৭:১৭,১৮,২৩,২৪)।

এই গুলির প্রথম তিনটি মনে হয় আন্তর্বিবর্তনযোগ্য কোন স্বতন্ত্র উদ্দেশ্য ছাড়া। Mishnah (RH 3.2) গ্রহণ করতো ভেড়া, ছাগল বা বন্যা হরিণ জাতির পশুর শিং, কিন্তু গরু থেকে নয়।

৪. “তুরী” (BDB 348, KB 344) – সম্ভবত “বাড়িয়ে দেওয়া” verb থেকে, ইঙ্গিত দিচ্ছে একটি সোজা হাড়ের (পশুদের শিং এর মতো বাকা নয়)। এগুলো ছিল রূপার তৈরী (মিশরের পরে গঠন এবং আকৃতি)। এগুলো ব্যবহার করা হতো:
 - ক. আরাধনার অনুষ্ঠানে (গণনা ১০:২,৮,১০; ইস্রা ৩:১০; নহমিয় ১২:৩৫,৪১)
 - খ. সামরিক উদ্দেশ্যে (গণনা ১০:৯; ৩১:৬; হোশেয় ৫:৮)
 - গ. রাজকীয় উদ্দেশ্যের জন্য (২ রাজা ১১:১৪)

এই ধাতুর শিঙ্গাগুলোর একটি রোমে তীতের খিলান চিত্রিত করে; এছাড়া যোষেফাস এদের বর্ণনা করেছেন Antiq. 3.12.6 তে।

Copyright © 2014 Bible Lessons International

১৫:৫৪ এটি যিশা ২৫:৮ পদের উল্লেখ, যেটি পরোক্ষ ভাবে উল্লেখিত হয়েছে মথি ৫:১১; ১ পিতর ৪:১৪; প্রকা ৭:১৭; ২১:৪ পদে। ৫৪ এবং ৫৫ পদ স্পষ্টত পৌলের মানুষের শেষ মহা শত্রু মৃত্যুর প্রতি উপহাসের উপায়, যেটি সম্পূর্ণ রূপে খ্রীষ্টের মৃত্যু থেকে পুনরুত্থানে বিলুপ্ত হয়েছে এবং তাঁর অনুসারিরা মুক্ত হয়েছে পাপের শাস্তি থেকে এবং এখন অপেক্ষা করছে তাদের নিজেদের নিশ্চিত পুনরুত্থানের।

১৫:৫৫ এটি হোশেয় ১৩:১৪ পদের উল্লেখ, যেটি একটু বিপরীত করা হয়েছে সেপ্টুয়াজিন্টের উদ্ধৃতির দ্বারা। নূতন নিয়মের বেশির ভাগ পুরাতন নিয়মের উদ্ধৃতি নেওয়া হয়েছে পুরাতন নিয়মের গ্রীক অনুবাদ থেকে। এটি ছিল প্রথম শতকের মন্ডলীর বাইবেল।

১৫:৫৬ এই পদে পৌল জোর দিয়ে বলেছেন মানুষের ঈশ্বরের সঙ্গে সম্পর্ক ভগ্ন হয়েছে যার কারণ পাপ (আদি ৩; রোমীয় ২-৩)। এই বিদ্রোহ আমাদের জন্য কারণ হয়েছে বিচ্ছিন্ন হবার সেই একজনের থেকে যিনি আমাদের সৃষ্টি করেছেন তার নিজের জন্য।

পাপ এই জগতে প্রবেশ করেছিল ইচ্ছাকৃত অবাধ্যতার কাজ দ্বারা। টার্ম “ব্যবস্থা” মোশির ব্যবহার কথা উল্লেখ করে না, কিন্তু সাধারণ ভাবে ঈশ্বরের নিষিদ্ধকরণ। আমরা খারাপ, কিন্তু ঈশ্বর খ্রীষ্টের মধ্যে দিয়ে পুনরুদ্ধার করাটা বেছে নিয়েছেন। পাপ যা ধংস করেছে, খ্রীষ্ট তা পুনরুদ্ধার করেছেন (অর্থাৎ, ঈশ্বরের সাথে স্থায়ী সহভাগিতা; নষ্ট হয়ে যাওয়া প্রতিমূর্তির ঠিক করা)।

১৫:৫৭ “ঈশ্বরে ধন্যবাদ হোক” এটি আমাকে মনে করায় পৌলের রোমীয় ৬:১৭ এবং ৭:২৫ পদের চিৎকার। এটি ২ করি ২:১৪ পদে রোমীয় বিজয় মিছিলের পূর্ব ছায়া পৌলের মহা রূপকের, সেই সঙ্গে তার কৃতজ্ঞতার চিৎকার ২ করি ৯:১৫ পদের। দেখুন বিশেষ বিষয়: পৌলের প্রশংসা, প্রার্থনা, এবং কৃতজ্ঞতাজ্ঞাপন ২ করি ২:১৪ পদে।

■ “আমাদের প্রভু যীশু খ্রীষ্টের মধ্য দিয়ে জয় দান” সকল আত্মিক বিজয় লাভ হয় খ্রীষ্টের মধ্যে দিয়ে এবং একমাত্র খ্রীষ্টে! এটা এর মধ্যেই এসে গেছে! বিশ্বাসীরা জীবন যাপন করছে খ্রীষ্টের পরিপূর্ণ ও সম্পূর্ণ ওবিজয়ের আলোতে!

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি ১৫:৫৮

সেইজন্য, আমার প্রিয় ভাইয়েরা, শক্ত হয়ে দাঁড়াও; নিশ্চল হও, সব সময় প্রভুর কাজে উপচে পড়, জান যে প্রভুতে তোমাদের পরিশ্রম নিষ্ফল নয়। (অনুবাদকৃত টেক্সট)।

১৫:৫৮ পৌল এই পুনরুত্থানের বিশ্বাসের ধর্মতাত্ত্বিক আলোচনার উপসংহার করেছেন বাস্তব পালকীয় উৎসাহদানের মধ্যে দিয়ে আমাদের প্রতিদিনের খ্রীষ্টীয় জীবনে সুসামঞ্জস্য এবং কষ্টসহিষ্ণুতার আবশ্যিকতা জানিয়ে। আনন্তকালীন জীবনের দৃশ্যমান বৈশিষ্ট্য রয়েছে! এখানে একটি present imperative যার পরেই দুটি participles ব্যবহৃত হয়েছে imperatives হিসাবে। এটি সকল মর্যাদা পাবে যখন আমরা তাঁকে দেখবো এবং আমরা অনন্তকালীণ স্বর্গরাজ্যে গৃহিত হবো!

■ “উপচে পড়” দেখুন বিশেষ বিষয় ২ করি ২:৭ পদে।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. ১ করি ১৫:১ ও ২ পদে পাওয়া খ্রীষ্টীয় জীবনের চারটি দিক তালিকা করুন।
২. ১ করি ১৫:৩ ও ৪ পদে পাওয়া সুসমাচারের প্রধান মতবাদসমূহ তালিকা করুন।
৩. কেন পৌল নিজেকে প্রেরিতদের মধ্যে সবচেয়ে ছোট বলে গণ্য করতেন?
৪. করিছের মন্ডলীর সদস্যদের পুনরুত্থান অস্বীকার করার ভিত্তি কি ছিল?
৫. আদম-খ্রীষ্ট typology কি?
৬. মৃতদের জন্য বাপ্তিস্মের অর্থ কি?
৭. আমাদের পুনরুত্থিত দেহ কি মানবিক হবে?

১ করিন্থীয় ১৬
(1 CORINTHIANS 16)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
পবিত্রগণের জন্য অবদান	পবিত্রগণের জন্য সংগ্রহ	চূড়ান্ত বার্তা	দরিদ্র বিশ্বাসীদের জন্য দান	প্রশংসা, শুভেচ্ছা
১৬:১-৪	১৬:১-৪	১৬:১-৪	১৬:১-৪	১৬:১-৪
ভ্রমণের পরিকল্পনা	ব্যক্তিগত পরিকল্পনা		পৌলের পরিকল্পনা	
১৬:৫-৯	১৬:৫-১২	১৬:৫-৯	১৬:৫-৭ ১৬:৮-৯	১৬:৫-৯
১৬:১০-১১		১৬:১০-১১	১৬:১০-১১	১৬:১০-১২
১৬:১২		১৬:১২	১৬:১২	
শেষ অনুরোধ এবং শুভেচ্ছা	শেষ উপদেশ		শেষ কথা	
১৬:১৩-১৪	১৬:১৩-১৮	১৬:১৩-১৪	১৬:১৩-১৪	১৬:১৩-১৪
১৬:১৫-১৮		১৬:১৫-১৮	১৬:১৫-১৬ ১৬:১৭-১৮	১৬:১৫-১৮
১৬:১৯-২০	১৬:১৯-২৪	১৬:১৯-২০	১৬:১৯-২০ _ক ১৬:২০ _খ	১৬:১৯-২০
১৬:২১-২৪		১৬:২১-২৪	১৬:২১ ১৬:২২ _ক ১৬:২২ _খ ১৬:২৩ ১৬:২৪	১৬:২১ ১৬:২২ ১৬:২৩ ১৬:২৪

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

ভূমিকা

ক. ১৫ অধ্যায় পুনরুত্থানের বাস্তবতা নিয়ে উচ্চতর ব্যাপক ধর্মতাত্ত্বিক যুক্তি তর্কের আলোচনা, যখন ১৬ অধ্যায় প্রতিদিনের ব্যবহারিক খ্রীষ্টিয় ধর্মের সাথে সম্পর্কিত। পৌলের সত্য ও জীবনের মধ্যে আসা যাওয়ার মধ্যে কোন সমস্যা নেই। তাদের অবশ্যই একসাথে ধরতে হবে। এই রকমের হঠাৎ এক বিষয় থেকে অন্যটিতে পৌলের লেখার বৈশিষ্ট্য।

খ. সংক্ষিপ্ত রূপরেখা:

১. ১ করি ১৬:১-৪, যিহূদীয়ার দরিদ্রদের জন্য দান সংগ্রহ
২. ১ করি ১৬:৫-৯, করিছে যাবার অনিশ্চিত ভ্রমণ পরিকল্পনা
৩. ১ করি ১৬:১০-১২, অন্য খ্রীষ্টিয় কর্মীরা
৪. ১ করি ১৬:১৩-১৮, চূড়ান্ত উপদেশ
৫. ১ করি ১৬:১৯-২৪, শেষের শুভেচ্ছা

গ. আক্লিলা ও প্রিঙ্কার সাথে পৌলের সম্পর্ক:

১. তারা ছিল রোমে যিহূদী তাম্বু নির্মাতা (বা চামড়ার কর্মী)। ৪৯-৫০ খ্রীষ্টাব্দে ক্রৌদিয়ের আজ্ঞা জারি হয়, যেখানে সকল যিহূদী আরাধনা অনুশীলন নিষিদ্ধ ঘোষণা করা হয় (যেখানে এই সময়ে মন্ডলীল কাজকর্মও), তাদের চলে যেতে বাধ্য করা হয়।
২. তারা করিছে পৌলের সঙ্গে সাক্ষাৎ করে, প্রেরিত ১৮:২
৩. পরে তারা ইফিষে চলে যায় এবং গৃহ মন্ডলী শুরু করে, ১ করি ১৬:১৯
৪. ক্লোদিয় ৫৪ খ্রীষ্টাব্দে মারা গেলে তার জারি করা আজ্ঞা বাতিল হয় আর তারা আবার রোমে চলে যান, রোমীয় ১৬:৬

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ করি স্থায়ী ১৬:১-৪

^১ এবার আমি পবিত্রগণের জন্য চাঁদা সংগ্রহের বিষয়ে বলছি, আমি গালাতিয়ার মন্ডলীগুলোর লোকদের যেমন নির্দেশ দিয়েছি, তোমরাও সেই রকমই কর। ^২ তোমরা প্রত্যেকে সপ্তাহের প্রথম দিনে কিছু তুলে রেখো ও জমা করো, তার যেমন সঙ্গতি, যেন আমি যখন আসব তখন চাঁদা না। ^৩ আমি যখন আসব, তোমরা যাদের যোগ্য মনে করবে, আমি চিঠি দিয়ে তোমাদের সেই দান সহ তাদের যিরুশালেমে পাঠিয়ে দেব; ^৪ আর যদি আমারও যাওয়া দরকার মনে হয়, তবে তারা আমার সংগে যেতে পারবে। (অনুবাদকৃত টেক্সট)।

১৬:১ “এবারের বিষয়” “*Peri de*” হল একটি গ্রীক শব্দগুচ্ছ যেটি পরিচিত করায় পৌলের কাছে প্রশ্নের উত্তরের যে প্রশ্নগুলি করি স্থায়ী মন্ডলী পৌলের কাছে পাঠিয়েছিল (১ করি ৭:১, ২৫; ৮:১; ১২:১; ১৬:১, ১২)।

■ “চাঁদা সংগ্রহ” *Logia* হল একটি টার্ম যেটি পাওয়া গিয়েছে মিসরের গ্রীক papyri তে যা হল ধর্মীয় উদ্দেশ্য অর্থ দান, কিন্তু নিয়মিত করার সাথে সম্পর্কিত নয় (Moulton, Milligan, *The Vocabulary of the Greek Testament*, p. 377)। পৌল যিহূদীয়ার দরিদ্রদের জন্য এই বিষয়টি প্রথম উল্লেখ করেছেন যাকোব, পিতর, যোহন এবং বার্ণবার সাথে কথাবার্তা য় গালা ২:১০; ৬:১০ পদে। এই নির্দিষ্ট দান আরম্ভ হয়েছিল আন্তখিয়ার মন্ডলীর দ্বারা যেখানে পৌল ও বার্ণবা সেবা কাজ করতেন, প্রেরিত ১১:২৭-৩০ পদ। এই দানের কথা নূতন নিয়মের বেশ কয়েকটি বইতে উল্লেখিত হয়েছে (রোমীয় ১৫:২৬; ২ করি ৮:৯; ১ করি ১৬:১)। এটি ছিল একটি প্রচেষ্টা ইব্রীয় মাতৃ মন্ডলী ও পরজাতিয় মন্ডলীর মধ্যে সম্পর্কের মুদ্রাঙ্ক।

পৌল একে বলেছেন এককালীন দান বেশ কয়েকটি নামে।

১. দরিদ্রদের জন্য দান (কল্যাণের দান), প্রেরিত ২৪:১৭
২. সহভাগিতা, রোমীয় ১৫:২৬, ২৭; ২ করি ৮:৪; ৯:১৩

৩. কৃতজ্ঞতা, রোমীয় ১৫:২৭

৪. সেবা, রোমীয় ১৫:২৭; ২ করি ৯:১২

■ “পবিত্রগণের জন্য” “পবিত্রগণ (*hogioi*) এসেছে পুরাতন নিয়মের টার্ম “পবিত্র” (*kadosh*) থেকে, যার অর্থ “ঈশ্বরের সেবার জন্য পৃথকীকৃত”(১ করি ১:২; ২ করি ১:১; রোমীয় ১:১; ইফি ১:১; ফিলি ১:১; কল ১:২)। এটা নতুন নিয়মে সব সময়ই plural একবার ফিলিপীয়(৪:২১) ছাড়া, কিন্তু সেখানেও, এটি মিলিত ভাবে ব্যবহৃত হয়েছে। রক্ষা পাওয়া হল বিশ্বাসে চুক্তির লোকদের সমাজের অংশী হওয়া, বিশ্বাসীদের পরিবার।

ঈশ্বরের লোকেরা পবিত্র কারণ তাদের উপরে যীশুর ধার্মিকতা আরোপিত (রোমীয় ৪; ২ করি ৫:২১)। এটি ঈশ্বরের ইচ্ছা যে কারা পবিত্র জীবন যাপন করবে (১ করি ১:৪; ৪:১; ৫:২৭; কল ১:২২; ৩:১২)। বিশ্বাসীদের ঘোষণা করা হয়েছে পবিত্র (অবস্থানগত ধার্মিকতা) এবং আহবান জানানো হয়েছে জীবন যাপনে পবিত্রতার (অগ্রসরমান পবিত্রকরণ)। ধার্মিককরণ এবং পবিত্রকরণ অবশ্যই একত্রে দৃঢ় ভাবে ধারণ করতে হবে! দেখুন বিশেষ বিষয়: পবিত্রগণ ১ করি ১:২ পদে এবং পবিত্রকরণ ১ করি ১:২ পদে।

■ “আমি গালাতিয়ার মন্ডলীগুলোর লোকদের যেমন নির্দেশ দিয়েছি” পৌল করিছে মন্ডলীর সাথে ভিন্ন ব্যবহার করছিলেন না। একটি মানসম্মত প্রক্রিয়া ছিল (১ করি ৪:১৭; ৭:১৭; ১১:৩৪; ১৪:৩৩; তীত ১:৫) এই দানের বিষয়ে। আমরা জানি না যে কিভাবে পৌল এটি গালাতিয়ার মন্ডলীগুলোকে জানিয়েছিলেন। সত্য বিষয় হিসাবে আমরা নিশ্চিত নই যে কোন মন্ডলীগুলোকে এই টার্ম উল্লেখ করেছে। কেউ কেউ মনে করেন এটি উল্লেখ করেছে রোমীয় প্রদেশ যখন অন্যরা মনে করছেন এটি হয়তো ভাষাগত বা আদিবাসী দল।

■ “মন্ডলীগুলো” দেখুন বিশেষ বিষয় ১ করি ১:২ পদে।

১৬:২ “প্রত্যেকে সপ্তার প্রথম দিনে” এই ধরণের আরাধনার নমুনা যীশুর দ্বারা স্থাপিত হয়েছিল পুনরুত্থান পরবর্তী প্রথম দিকের রবিবার রাতে দেখা দান (যোহান ২০:১৯,২০)। এটি বিকশিত হয়ে সংগঠিত মন্ডলীর নিয়মিত আরাধনার দিন হয় (খ্রিঃ ২০:৭; প্রকা ১:১০)। কস্টানটাইনের (রোমীয় সাম্রাজ্যের সম্রাট ৩০৬ খ্রী. থেকে ৩৩৭ খ্রী) সময় পর্যন্ত রবিবার সপ্তাহের প্রথম কর্ম দিবস ছিল। খ্রীষ্টিয়ানেরা রবিবার কাজের আগে মিলিত হতো আরাধনা, প্রচার ও প্রভুরে ভোজের জন্য।

যিহুদী নেতারা ৭০ খ্রীষ্টাব্দে যিরূশালেমের পতনের পর পুনরায় সংগঠিত হয় এবং তারা বেশ কিছু সংস্কার সাধন করে। তাদের মধ্যে একটি ছিল শপথ গ্রহণ যেটি ছিল যীশুকে মশীহ হিসাবে প্রত্যাখান করা ও অভিশাপ দেওয়া। প্রাথমিক বিশ্বাসীরা সমাজঘরে মিলিত হতেন বিশ্রামবারে এবং মন্ডলী হিসাবে রবিবারে। যাহোক, এই শপথ বাধ্য করে বিভক্ত হতে এবং বিশ্বাসীদের রবিবারকে তাদের আরাধনার দিন হিসাবে স্থির করতে।

■ “তোমরা প্রত্যেকে কিছু তুলে রেখো ও জমা করো” এটি একটি present active imperative যার পরেই এসেছে Present active participle যেটি ব্যবহৃত হয়েছে imperative হিসাবে। এই টেম্পট মনে হয় ইঙ্গিত দিচ্ছে যে যখন সপ্তাহের প্রথম দিন আসে, প্রত্যেক লোক তাদের দান বাড়ীতে একটি নিরাপদ জায়গায় রাখে, পরে এটি মন্ডলীতে নিয়ে যাওয়া হবে। যাহোক, সত্য ছিল যে রবিবার ইঙ্গিত দেয় যে তারা তাদের জমাকৃত অর্থ সংগ্রহ করতো প্রতি সাপ্তাহিক আরাধনা সভায় (Justin Martyr, *Apology* 1.67-68)। লক্ষ্য করুন যে এই সংক্ষিপ্ত পদ সমন্বিত ২ করি ৮ এবং ৯ পদের সাথে যেটি আমাদের নতুন নিয়মের দানের মূল নির্দেশিকাটি দিয়েছে: (১) নিয়মিত; (২) অগ্রগণ্য হিসাবে; (৩) স্বেচ্ছাকৃত; (৪) আনন্দিত মনে; এবং (৫) সমানুপাতিক হারে।

এটা বিস্ময়কর যে নতুন নিয়মের লেখকেরা নিয়মিত খ্রীষ্টিয় দানের বিষয়ে আলোচনা করেন নাই। পৌলের উৎসাহের কথা এবং যিরূশালেমের মাতৃমন্ডলীকে পরজাতিয় মন্ডলীসমূহের এককালীন দানের প্রক্রিয়া এই বিষয়ে সম্পর্কে একমাত্র নির্দেশিকা। খ্রীষ্টিয়ানেরা উপলব্ধি করেছে যে তারা কোন কিছুই মালিক নয় এবং তাদের যা কিছু তারা কেবল তার ধনাধ্যক্ষ। এই উপলব্ধি পুরাতন নিয়মের “দশমাংশ” এর ধারণাকে ছাপিয়ে গেছে। এটি নিশ্চিত ভাবে সত্য যে আপনি কোন লোককে তার অগ্রগণ্যতা সম্পর্কে বলতে পারেন তার চেকবুক আর তার পঞ্জিকা পরীক্ষা করে! খ্রীষ্টিয় দান হল একটি হৃদয় উৎসারিত বিষয়, কোন হিসাবের বিষয় নয়!

বিশেষ বিষয়: দশমাংশ দান

(SPECIAL TOPIC: TITHING)

দশমাংশ দানের বিষয়ে নতুন নিয়মে সামান্য কিছু নির্দেশনা আছে। আমি বিশ্বাস করি না নতুন নিয়ম দশমাংশ দিতে শিক্ষা দেয় কারণ এই সম্পূর্ণ প্রেক্ষাপটটি হল যিহুদী আইনগত বিষয় ও আত্ম ধার্মিকতার “ছিদ্র অন্বেষণ” এর বিরুদ্ধে (মথি ২৩:১৩-১৬)। আমি বিশ্বাস করি দৈনিক দান করার (যদি সেখানে কোন কিছু থাকে) জন্য ২ করিছীয় ৮ ও ৯ পদে পাওয়া নতুন নিয়মের নির্দেশনা (অর্থাৎ, উল্লেখ করে যিরূশালেমের মাতৃ মন্ডলীর গরীবদের জন্য পরজাতিয় মন্ডলীর এককালীন দান), যেটি দশমাংশ দেওয়া থেকে অনেক দূরের বিষয়! যদি একজন যিহুদীকে শুধুমাত্র পুরাতন নিয়মের তথ্যের সাথে আদেশ করা হয় দশ থেকে ত্রিশ শতাংশ দেবার জন্য (দুইটি, সম্ভাব্য তিনটি, প্রয়োজনীয় দান আছে পুরাতন নিয়মে; দেখুন বিশেষ বিষয়: মোশীর আইনের দশমাংশ দান), তাহলে খ্রীষ্টিয়ানদের দিতে হবে তার থেকে বেশি এবং দান করার বিষয়ে আলোচনা করার সময়ও নেওয়া যাবে না!

নতুন নিয়মের বিশ্বাসীরা অবশ্যই সাবধান হবে খ্রীষ্টিয় ধর্মকে একটি নতুন আইনগত কার্য-মূলক নিয়মে পরিবর্তন করতে (খ্রীষ্টিয়ান Talmud)। তাদের ইচ্ছা ঈশ্বরের কাছে সন্তুষ্টি তাদের জীবনের প্রতিটি ক্ষেত্রের জন্য নির্দেশনা খুঁজতে চেষ্টা করার কারণ হয়। যদিও, ধর্মতত্ত্বগতভাবে এটা বিপদজনক পুরাতন ব্যবস্থার নীতিগুলো তুলে আনা যেগুলো নতুন নিয়মে পুনরায় নিশ্চিত করা হয় নি (অর্থাৎ, যিরূশালেম সভা খ্রিঃ ১৫) এবং সেগুলিকে

গোঁড়ামীতে পরিণত করা, বিশেষ করে যখন তারা দাবী করে (আধুনিক প্রচারকের দ্বারা) সমস্যা বা সমৃদ্ধির প্রতিজ্ঞার কারণ হয় (মালাখি ৩)।

এখানে একটি ভাল উদ্ধৃতি আছে Frank Stagg, *New Testament Theology*, pp. 292-293 থেকে।

“নতুন নিয়ম একবারও বলে নাই দশমাংশ দেওয়াকে অনুগ্রহের দান। দশমাংশ দান কেবলমাত্র তিনবার নতুন নিয়মে উল্লেখিত হয়েছে:

১. ফরীশীদের বিধিনিষেধে ন্যায়বিচার, দয়া এবং বিশ্বাসকে অবহেলা করেছিল। যদিও দশমাংশ দানের উপরে অতিরিক্ত যত্নবান ছিল ক্ষেত্রের উৎপাদনের দশমাংশ দিতে (মথি ২৩:২৩; লুক ১১:৪২)
২. অহংকারী ফরীশী নিজেকে প্রকাশ করতে ‘নিজের কাছে প্রার্থনা করতো,’ গর্ব করতো যে সে সপ্তাহে দুই বার উপবাস করে এবং তার সকল সম্পত্তির দশমাংশ দিতো (লুক ১৮:১২)
৩. মন্দিরবন্দকের সর্বোৎকৃষ্টতার তর্কে, এবং সেজন্য খ্রীষ্টের মধ্য দিয়ে, লেবীর প্রতি (ইব্রীয় ৭:৬-৯)।

“এটা স্পষ্ট যে যীশু দশমাংশকে অনুমতি দিয়েছেন মন্দিরের প্রক্রিয়ার অংশ হিসাবে, শুধুমাত্র নীতি এবং অনুশীলন হিসাবে তিনি মন্দির ও সমাজগৃহের সাধারণ অনুশীলন হিসাবে সমর্থন করেছেন। কিন্তু সেখানের কোন ইঙ্গিত নেই যে তিনি তাঁর অনুসারীদের উপরে মন্দিরের আরাধনার কোন অংশ চাপিয়ে দিয়েছেন। দশমাংশ ছিল প্রধানভাবে উৎপন্ন, পূর্বে পবিত্র স্থানে খাওয়া হতো একজনের দশমাংশ পরে খেত যাজকেরা। দশমাংশ দেওয়া পুরাতন নিয়মে পূর্বে প্রতিষ্ঠিত করা হয়েছে এটি কেবল চালিয়ে নেওয়া যাবে কেবলমাত্র ধর্মীয় প্রক্রিয়ায় যেটি সৃষ্টি করা হয়েছে একটি পশু বলিদান করার প্রক্রিয়াকে ঘিরে।”

“অনেক খ্রীষ্টিয়ান দশমাংশ দেওয়াকে দান করার জন্য একটি ন্যায় ও কার্যকারী পরিকল্পনা হিসাবে দেখেছেন। তাই যতক্ষণ এটিকে জোর করে বা আইনগত প্রক্রিয়ায় না নেওয়া হবে, ততক্ষণ এটি প্রমাণিত হতে পারে একটি সুখী পরিকল্পনা হিসাবে। যদিও, কেউ একজন নিশ্চিতভাবে দাবী করতে পারে না যে দশমাংশ দেওয়া নতুন নিয়মের শেখানো হয়েছে। এটি স্বীকৃত যিহুদীদের পালনের জন্য উপযুক্ত (মথি ২৩:২৩; লুক ১১:৪২), কিন্তু এটি খ্রীষ্টিয়ানদের উপরে চাপিয়ে দেওয়া হয় না। সত্যি কথা বলতে কি, এটি এখন যিহুদী বা খ্রীষ্টিয়ানদের জন্য পুরাতন নিয়মের অর্থে দশমাংশ দান করাটা অসম্ভব। আজ দশমাংশ তান যিহুদীদের বলিদান প্রক্রিয়ার প্রাচীন রীতিগত অনুশীলনকে দুর্বল ভাবে দেখা।”

Stagg একে সারমর্ম করেছেন।

“যদিও অনেক কিছু বলা যেতে পারে দশমাংশকে স্বেচ্ছামূলক ভাবে গ্রহণ করা একটি মানদণ্ড হিসাবে একজনের দানকে কিন্তু অন্যের উপরের জোর করে খ্রীষ্টিয় আবশ্যিকতা হিসেবে এটি চাপিয়ে দেওয়া ছাড়াই, এটি এই ধরণের অনুশীলন গ্রহণে স্পষ্ট যে কেউ পুরাতন নিয়মের অনুশীলনকে চালিয়ে নিয়ে আসছে না। অন্তত কেউ একজন কিছু করছে যা কেবলমাত্র দূর থেকে পুরাতন নিয়মের দশমাংশ পদ্ধতির উপমা করছে, যেটি ছিল একটি রাজস্ব মন্দির ও যাজকত্বের প্রক্রিয়ায় সহায়তা করার জন্য, একটি সামাজিক ও ধর্মীয় প্রক্রিয়া যেটির আর অস্তিত্ব নেই। দশমাংশ দেওয়া যিহুদী ধর্মে বাধ্যতামূলক ছিল একটি রাজস্ব হিসেবে ৭০ খ্রীষ্টাব্দে মন্দির ধ্বংসের পূর্ব পর্যন্ত, কিন্তু সেগুলির খ্রীষ্টিয়ানদের উপরে বাধ্যবাধকতা নেই।”

“এটি দশমাংশকে অবজ্ঞা করা নয়, কিন্তু এটা হল নতুন নিয়মের সাথে এর সম্পর্ক ব্যাখ্যা করা। এটি হল অস্বীকার করা যে নতুন নিয়ম জোর করে বাধ্য করাকে সমর্থন করেছে, আইনগত, মুনাফার উদ্দেশ্য, এবং দরাদরি করাকো যেটি বর্তমানে দশমাংশের আহ্বানের সাথে প্রায়ই বৈশিষ্ট্যময় করা হয়। একটি স্বেচ্ছামূলক প্রক্রিয়া হিসেবে, দশমাংশ অনেক বেশি দিয়ে থাকে; কিন্তু এটি অবশ্যই অনুগ্রহের দ্বারা মুক্ত হতে হবে যদি এটি খ্রীষ্টিয়ান হয়। আবেদন যে ‘এটি কাজ করে’ কেবলমাত্র জগতের বাস্তবধর্মী পরীক্ষা গ্রহণে। অনেক ‘কাজ’ যেগুলি খ্রীষ্টিয় নয়। দশমাংশ, যদি এটি নতুন নিয়মের ধর্মতত্ত্বের সাথে সমভাবে পালন হয়, অবশ্যই প্রোথিত হতে হবে ঈশ্বরের অনুগ্রহ ও ভালবাসায়।”

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

NASB, NKJV “তার যেমন সঙ্গতি”

NRSV “তুমি যতটুকু অতিরিক্ত পার”

TEV “তুমি যা আয় করেছো তার সমানুপাত হারে”

NJB “প্রত্যেকে যতটুকু জমা করতে পারে”

এটি আক্ষরিক ভাবে “যতটুকু সে সঙ্গতি অনুসারে পারে” (A. T. Robertson, *Word Pictures In the New Testament*, বলেছেন, এটা অনিশ্চিত *eudō tai* এর ব্যাকরণগত রূপ কি, present passive subjunctive, perfect passive indicative, অথবা কি perfect passive subjunctive" p. 200)। এটি একটি গ্রীক বাগধারা ছিল যেটি কারও সুখী, সাফল্যজনক ভ্রমণ (বাণিজ্যিক উদ্দেশ্যের জন্য) কামনা করতো। পৌল এটিকে ব্যবহার করেছেন খ্রীষ্টিয় দানের নীতি হিসাবে (অর্থাৎ, আপনার সঙ্গতি অনুসারে, ২ করি ৮:৩,১১)।

■ “যেন আমি যখন আসব তখন চাঁদা না” পৌল সবসময়ই সাবধান ছিলেন অর্থের সঠিক ব্যবহারের বিষয়ে। সম্ভবত তিনি (১) দেখেছিলেন এই অঞ্চলে সমস্যা বিকশিত হচ্ছে বা (২) ব্যক্তিগত ভাবে দোষীকৃত হয়েছিলেন এই অঞ্চলে। বর্তমানে তিনি যে কাজ করছেন তার জন্য তিনি মন্ডলীর কাছ থেকে কোন অর্থ গ্রহণ করবেন না এছাড়াও যখন দান যিরূশালেমে নিয়ে যাওয়া হবে তিনি চেয়েছেন যেন বিভিন্ন মন্ডলীর প্রতিনিধিরা তার সাথে যায়। তিনি নিশ্চিত ছিলেন না যে তিনি নিজে যেতে পারবেন বলে (১ করি ১৬:৪)।

১৬:৩ “তোমরা যাদের যোগ্য মনে করবে, আমি চিঠি দিয়ে তোমাদের সেই দান সহ তাদের যিরূশালেমে পাঠিয়ে দেব” এই পদ হল একটি চমৎকার ঐতিহাসিক কর্তৃত্বের এবং মন্ডলীগত কর্তৃত্বের মিশ্রণ। এটা বিতর্কের সৃষ্টি করেছে অনুমোদনের পত্র কে লিখবে, পৌল বা মন্ডলী (প্রেরিত ১৮:২৭)। ব্যাকরণগত ভাবে উভয়ই সম্ভব। King James Version এবং RSV ধরে নিয়েছে যে এটি মন্ডলী লিখবে অন্য দিকে Williams NT, TEV, NIV, NJB, এবং REB ধরে নিয়েছে যে পৌল। পৌল চেয়েছেন মন্ডলী যারা যাবে তাদের সেই সব প্রতিনিধি বেছে নিক না হলে হয়তো তাকে মন্দ উদ্দেশ্য আছে বলে দোষারপ করতে পারে, যেমন তিনি প্রায়ই মন্ডলী দ্বারা হতেন (১ করি ৯:৩-১৮)।

পৌল প্রায়ই তার সহ কর্মীদের সম্পর্কে অনুমোদনের পত্র লিখেছেন (রোমীয় ১৬:১; ২ করি ৩:১; ৮:১৮-২৪; এবং অন্যান্য উদাহরণ, প্রেরিত ৯:২; ২২:৫; ৩ যোহন)। পৌল এই ধারণা রূপক ভাবে ২ করি ৩:১ পদে ব্যবহার করেছেন এই অর্থে যে তার সক্রিয় মন্ডলীসমূহে তার অনুমোদনের পত্র ছিল। দৃশ্যত প্রেরিত যোহনও এই একই রকম পত্র লিখেছিলেন (৩ যোহন ৯)। এই অর্থে এটি ছিল পদ্ধতি যখন প্রাথমিক মন্ডলী নিশ্চিত হতো তাদের ভ্রমণশীল সুসমাচারের পরিচর্যাকারী সম্পর্কে।

১৬:৪ “যদি” এটি একটি third class conditional sentence, যার সম্ভাব্য কাজ।

NASB “আর যদি আমারও যাওয়া দরকার মনে হয়”

NKJV “আর আমারও যাওয়া দরকার যদি হয়”

NRSV “এটা যদি মনে হয় যুক্তিসঙ্গত”

TEV “এটা যদি মনে হয় উপকারী”

NJB “আর যদি আমারও যাওয়া উপকারী হয়”

এটি মনে হয় সম্পর্কিত (১) দানের পরিমান; (২) একজন যিনি এই দানসহ তাদের সাথে থাকবেন; অথবা (৩) পৌল চেয়েছেন এই মন্ডলী, যেটিতে এই রকমের সমস্যা ছিল তার কর্তৃত্ব, তার সঠিক দায়িত্ব ও নির্ভরযোগ্যতা স্বীকার করুক।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ১৬:৫-৯

“কিন্তু আমি মাকিদোনিয়া হয়ে যাবার পরে তোমাদের কাছে আসব, কারণ আমি মাকিদোনিয়ার মধ্য দিয়েই যাব; ^৬ আর হয়তো তোমাদের কাছে কিছু দিন থাকব, কিম্বা শীতকালটা কাটা, তাহলে আমি যেখানেই যাই না কেন তোমরা আমার যাবার ব্যবস্থা করে দিতে পারবে। ^৭ কারণ আমি এবার তোমাদের সংগে কেবলমাত্র যাবার পথে দেখা করতে চাই না; কারণ আমি আশা করি প্রভুর অনুমতি হলে, আমি তোমাদের সংগে বেশ কিছু দিন থাকব। ^৮ কিন্তু পঞ্চাশত্তমী পর্যন্ত আমি ইফিষেই থাকব; ^৯ কারণ আমার সামনে একটি বড় দরজা কার্যকর সেবার জন্য খোলা হয়েছে, আর অনেক বিপক্ষও রয়েছে। (অনুবাদকৃত টেক্সট)

১৬:৫-৯ পৌল তার তৃতীয় মিশনারী যাত্রায় ইফিষ থেকে লিখেছিলেন। তিনি করিন্থের মন্ডলীর একটি দল দ্বারা পত্রের মাধ্যমে আক্রমণের শিকার হয়েছিলেন কারণ তার “অস্থির” ভ্রমণ পরিকল্পনা (২ করি ১:১৫ পদ থেকে কয়েকটি পদ)। তিনি প্রথমে সমুদ্র পথে ধরে করিন্থে গিয়েছিলেন এবং তারপর মাকিদোনিয়ার মধ্যে দিয়ে, কিন্তু যেহেতু তিনি দীর্ঘ সময় থাকতে চাচ্ছেন, তিনি স্থির করেছেন স্থল পথে প্রথমে মাকিদোনিয়া, পরে করিন্থে যাবেন। তিনি সেখানে শীতকাল থাকবেন (প্রেরিত ২০:২,৩)। মন্ডলীর কিছু কিছু লোক পৌলের ভ্রমণ পরিকল্পনার সিদ্ধান্তহীনতাকে ব্যবহার করে তার ধর্মতত্ত্বকে (অর্থাৎ, সুসমাচার) আক্রমণ করেছে।

১৬:৬ “তাহলে আমি যেখানেই যাই না কেন তোমরা আমার যাবার ব্যবস্থা করে দিতে পারবে” verb *propempō* ব্যবহৃত হয়েছে ঈশ্বরের ভ্রমণকারী প্রচারকদের ভ্রমণের দরকারী জিনিস সরবরাহের কৌশলগত টার্ম হিসাবে (১ করি ১৬:১১, “তাকে পাঠিয়ে দাও,” প্রেরিত ১৫:৩; রোমীয় ১৫:২৪; ২ করি ১:১৬; তীত ৩:১৩; ৩ যোহন ৬)।

১৬:৭ “প্রভুর অনুমতি হলে” এটি একটি third class conditional sentence, যার অর্থ সম্ভাব্য কাজ। এটি নূতন নিয়মের খ্রীষ্টিয়ানদের কাছে কোন বৈচিত্রহীন শব্দগুচ্ছ ছিল না। তারা বিশ্বাস করতো যে তাদের পদক্ষেপ প্রভুর দ্বারা ঐশ্বরীক ভাবে পরিচালিত হতো (প্রেরিত ১৮:২১; ১ করি ৪:১৯; যাকোব ৪:১৪; ইব্রীয় ৬:৩)।

১৬:৮ “পঞ্চাশত্তমী” এই টার্মের সাধারণ অর্থ “পঞ্চাশতম।” এটি উল্লেখ করে যিহূদীদের যব সংগ্রহের উৎসব (অর্থাৎ, সপ্তাহের পর্ব, গণনা ২৮:২৬) যেটি হতো খামিহীন রুটির পর্বের দ্বিতীয় দিন থেকে ৫০ দিন পরে (অর্থাৎ, *Nisan* ১৬)। এই প্রসঙ্গে এটি মনে হয় ব্যবহৃত হয়েছে পৌলের ভ্রমণ পরিকল্পনার তারিখ হিসাবে এবং জোর দিচ্ছে না যে পৌল এখনও এই যিহূদী পর্ব দিন পালন করে চলতেন।

১৬:৯

NASB “কারণ আমার সামনে একটি বড় দরজা কার্যকর সেবার জন্য খোলা হয়েছে”

NKJV “কারণ আমার সামনে একটি মহৎ ও কার্যকর দরজা খোলা হয়েছে”

NRSV “কারণ আমার সামনে কার্যকর কাজের জন্য একটি প্রশস্ত দরজা খোলা হয়েছে”

TEV “এখানে প্রকৃত সুযোগ রয়েছে মহান ও কার্যকর কাজের”

NJB “একটি অত্যন্ত সম্ভাবনাময় দরজা আমার সামনে একটি খোলা রয়েছে”

এটি একটি perfect active indicative। সুযোগের রূপক হিসাবে “দরজা” টার্মের ব্যবহার নূতন নিয়মে খুব সাধারণ (প্রেরিত ১৪:২৭; ২ করি ২:১২; কল ৪:৩; প্রকা ৩:৮)।

বিশেষ বিষয়: নূতন নিয়মে “দরজা” (SPECIAL TOPIC: “DOOR” IN THE NT)

নূতন নিয়ম কয়েকটি অর্থে “দরজা” ব্যবহার করেছে।

- আক্ষরিক অর্থে
 - বসত বাড়ী, মথি ৬:৬; মার্ক ১:৩৩; ২:২; ১১:৭, উপরের কুঠরী, যোহন ২০:১৯, ২৬
 - মন্দির, প্রেরিত ৩:২; ২১:৩০
 - একটি জেলখানা, প্রেরিত ৫:১৯, ২৩; ১২:৬; ১৬:২৬-২৭
 - একটি কবর, মথি ২৭:৬০; ২৮:২; মার্ক ১৫:৪৬; ১৬:৩
 - একটি খোয়াড়, যোহন ১০:১, ২
 - একটি প্রাঙ্গন, যোহন ১৮:১৬; প্রেরিত ১২:১৩
- রূপকার্থে
 - সময় নিকটবর্তী, মথি ২৪:৩৩; মার্ক ১৩:২৯; প্রেরিত ৫:৯; যাকোব ৫:৯
 - সত্যিকার বিশ্বাসে প্রবেশ করার পথে বাধা, মথি ৭:১৩-১৪; লুক ১৩:২৪; প্রকা ৩:২০
 - উদ্ধারকারী বিশ্বাস হারিয়ে যাবার সুযোগ, মথি ২৫:১০; লুক ১৩:২৫; প্রকা ৩:৭
 - উদ্ধারকারী বিশ্বাসের সুযোগ, প্রেরিত ১৪:২৭; প্রকা ৩:৭
 - পরিচর্যার জন্য সুযোগ, ১ করি ১৬:৯; ২ করি ২:১২; কল ৪:৩; প্রকা ৩:৮
 - প্রকাশ, প্রকা ৪:১; ১৯:১১
- যীশুর জন্য উপাধি, যোহন ১০:৭, ৯

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “আর অনেক বিপক্ষও রয়েছে” ঈশ্বরের সুযোগের সাথে প্রায়ই বিরোধিতাও থাকে। সুনির্দিষ্ট ঐতিহাসিক প্রেক্ষাপটের জন্য পাঠ করুন প্রেরিত ১৯:১৯-২০; ২০:১৯, ২৩ পদ।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ১৬:১০-১১

১০ এখন যদি তীমথিয় আসেন, তবে দেখো যেন তিনি তোমাদের মধ্যে নির্ভয়ে থাকেন, কারণ তিনি প্রভুর কাজ করছেন, যেমন আমিও করছি। ১১ তাই কেউ যেন তাঁকে তুচ্ছ না করে। কিন্তু তাকে শান্তিতে তা পথে পাঠিয়ে দিয়ো, যেন তিনি আমার কাছে আসতে পারেন; কারণ আমি তাকে ভাইদের সংগে আশা করছি। (অনুবাদকৃত টেক্সট)।

১৬:১০ “যদি” এটা একটি third class conditional sentence, অর্থ সম্ভাব্য কাজ। এটা মনে হয় যে পৌল এর মদ্যেই তীমথিয় ও ইরাস্তকে (প্রেরিত ১৯:২২), এবং সম্ভবত তীতকে (২ করি ২:১৩; ৭:৬, ৭) করিছে পাঠিয়েছিলেন স্থল পথে। তিনি তার পত্র পাঠিয়েছিলেন সমুদ্র পথে এবং এটি দ্রুতই এসেছিল।

■ “তবে দেখো যেন তিনি তোমাদের মধ্যে নির্ভয়ে থাকেন” পৌল এটি একটি আদেশের রূপে রেখেছিলেন (অর্থাৎ, present active imperative)। তিনি ব্যক্তিগত ভাবে জানতেন মন্ডলী কতটা প্রেমহীন হতে পারে। তিনি চান নি যে তার যুবক সহকারী অপমানিত হোক কারণ (১) তার বয়স; তার ব্যক্তিত্ব; বা (৩) পৌলের প্রতি তাদের ক্রোধ (১ করি ১৬:১১)।

১৬:১১

NASB, NKJV,

NRSV

“কেউ যেন তাকে তুচ্ছ না করে”

TEV

“কেউ যেন তাকে হীনভাবে না দেখে”

NJB

“কেউ যেন তাকে অবমূল্যায়ন না করে”

এটি একটি aorist active subjunctive, যার আক্ষরিক অর্থ “তাকে একেবারে হেনস্থা করা” (১ করি ১:২৮; ১ তীম ৪:১২; তীত ২:১৫)।

■ “ভাইদের সংগে” আমরা নিশ্চিত নই এতে কে জড়িত। সম্ভবত এটা হতে পারে ইরাস্ত (থেরিত ১৯:২২, এবং তীত, ২ করি ২:১৩; ৭:৬-৭), কিন্তু এছাড়া আর কে, যদি অন্য কেউ হয়, তা অনিশ্চিত।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিহীয় ১৬:১২

^{১২} কিন্তু এবার আমাদের ভাই আপল্লোর বিষয়ে বলছি, আমি তাকে অনেক অনুরোধ করেছিলাম যেন তিনি ভাইদের সংগে তোমাদের কাছে যান; আর তিনি কোনমতেই এখন যেতে চাইলেন না, পরে সুযোগ পেলেই তিনি যাবেন। (অনুবাদকৃত টেক্সট)।

১৬:১২ “কিন্তু এবার” এটি করিহীয় মণ্ডলীর আর একটি প্রশ্নের উত্তর (১ করি ৭:১,২৫; ৮:১; ১২:১; ১৬:১,১২)।

■ “আপোল্লো” ইনি ছিলেন আলেকজান্দ্রিয়া, মিশর থেকে উচ্চ শিক্ষিত ও বাগ্মি প্রচারক। তিনি করিহে আগে এসেছিলেন (থেরিত ১৮:২৪-১৯:১), কিন্তু তিনি ফিরে যেতে অস্বীকার করেছিলেন (১ করি ১৬:১২)।

■ “আর তিনি কোনমতেই এখন যেতে চাইলেন না” এই টেক্সট তুই ভাবে অনুবাদ করা যেতে পারে: (১) এটি আপোল্লোর ইচ্ছা ছিল না আসার বা (২) এটা ঈশ্বরের ইচ্ছা ছিল না যে সে আসুক। এই পদ থেকে এটা মনে হয় যে আপোল্লো ইফিষ ত্যাগ করেছিলেন পৌল যে সময়ে তার সাথে কথা বলেছিলেন এবং এই পত্র লেখার সময়ের মধ্যে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিহীয় ১৬:১৩-১৪

^{১৩} তোমরা সতর্ক থাক, বিশ্বাসে স্থির থাক, পুরুষত্ব দেখাও, বলবান হও। ^{১৪} তোমরা যা কিছু কর না কেন ভালবাসার মনোভাব নিয়েই করো। (অনুবাদকৃত টেক্সট)।

১৬:১৩-১৪ এটি একটি ধারাবাহিক পাঁচটি present imperatives। সেগুলি খুবই একই ধরনের ১ করি ১৫:৫৮ পদে বাস্তব উপদেশের সাথে। প্রথম চারটি হল third person plural এবং এর রয়েছে সামরিক প্রেক্ষাপট। শেষটি হল second person singular এবং মনে হয় যৌথ ভাবে মণ্ডলীকে বলছে।

১৬:১৩

NASB “সতর্ক থাক”

NKJV “জেগে থাক”

NRSV “সতর্কতা বজায় রাখ”

TEV “সতর্ক হও”

NJB “সাবধান থাক”

এটি একটি Present active imperative। এর মূল অর্থ সচেতন থাকা, “জেগে থাকা” অর্থে ব্যবহৃত হয়েছে (মথি ২৪:৪২; ২৫:১৩; ২৬:৩৮, ৪০, ৪৮; মার্ক ১৩:৩৫, ৩৭; ১৪:৩৪ মত ৩৭, ৩৮)। পৌল তাদের উপদেশ দিয়েছেন সতর্ক হতে এবং জেগে থাকতে দলভেদের আত্মা, ধর্ম ত্যাগ, ইন্দ্রিয়াসক্তি, এবং গর্বের বিরুদ্ধে!

NASB, TEV “বিশ্বাসে স্থির থাক”

NKJV “বিশ্বাসে দৃঢ়ভাবে দাঁড়াও”

NRSV “তোমাদের বিশ্বাসে দৃঢ় থাক”

NJB “বিশ্বাসে দৃঢ় থাক”

এটি আর একটি present active imperative। এটি একটি সামরিক টার্ম কারও মর্যাদাকে ধরে রাখার। “বিশ্বাসে” উল্লেখ করছে খ্রীষ্টিয় সত্য বা খ্রীষ্টিয় মতবাদ (যিহূদা ১:৩, ২০)।

দেখুন বিশেষ বিষয়: দাঁড়ান (*Histēmi*) ১ করি ১৫:১ পদে।

■ “পুরুষত্ব দেখাও” এটি একটি present middle (deponent) imperative। এটি এই টার্মের একমাত্র নূতন নিয়মে ব্যবহার। এটি একটি verb এর রূপ *anēr* টার্মের, যার অর্থ একজন পরিপক্ব মানুষ বা স্বামী। এটি LXX এ যিহোশূয় ১:৬ পদে দেখা যায়। এটি সাধারণ নয় (অর্থাৎ, কেবল পুরুষদের উল্লেখ করছে), কিন্তু সমগ্র মণ্ডলীকে উৎসাহ দিচ্ছে পরিপক্ব ও সাহসি বিশ্বাসী হিসাবে উপযুক্ত ভাবে কাজ করতে।

■ “বলবান হও” এটি একটি present passive imperative।

বিশেষ বিষয়: বলবান হও
(SPECIAL TOPIC: BE MADE STRONG)

এই টার্ম (*krataioō*) passive voice এ বেশ কয়েকবার বিভিন্ন অর্থে নূতন নিয়মে ব্যবহৃত হয়েছে।

১. একজন মানুষ হিসাবে যীশুর স্বাভাবিক বৃদ্ধি, লুক ১:৮০; ২:৪০
২. বিশ্বাসীরা পবিত্র আত্মার দ্বারা সবলতা প্রাপ্ত হয়ে থাকে, ইফি ৩:১৬
৩. বিশ্বাসীদের তাদের বিশ্বাসে দৃঢ় বা অটল থাকতে হবে করিন্থ মন্ডলীর অভ্যন্তরীণ সংগ্রামের সম্মুখাসম্মুখী হবার জন্য, ১ করি ১৬:১৩

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

১৬:১৪ “তোমরা যা কিছু কর না কেন ভালবাসার মনোভাব নিয়েই কোরো” লক্ষ্য করুন “যা কিছু” গ্রীক টেক্সটে আগে বসেছে গুরুত্ব দানের জন্য। ধর্মীয় ও সাংস্কৃতিক পরিহিত্তি করিছের মত গতিশীল, ভিন্ন ভিন্ন, এবং সমস্যাবহুল হয়, তখন ভালবাসা মূল বিষয় হয়। এটি আর একটি another present middle (deponent) imperative। ভালবাসা ছাড়া Orthodoxy এবং orthopraxy ঈশ্বরের ইচ্ছা নয় বা পথ (১ করি ১৪:১)! এটা উপলব্ধি করা কঠিন যে শেষ হিসাবে উপায়টি (খ্রীষ্টিয়ানদের জন্য) চূড়ান্ত।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিছীয় ১৬:১৫-১৮

^{১৫} এখন ভাইয়েরা, তোমাদের নিবেদন করছি (তোমরা স্ত্রিফানের পরিবারের লোকদের জান, তারা ছিল আখায়া প্রদেশের প্রথম ফল, আর তারা পবিত্রগণের সেবা করার জন্য নিজেদের উৎসর্গ করেছেন), ^{১৬} সেইজন্য তোমরা এই রকম লোকদের ও প্রত্যেকজন যারা কাজে ও পরিশ্রমে সাহায্য করছে তাদের বশীভূত হও। ^{১৭} স্ত্রিফান ও ফর্তুনাত ও আখায়িক এসেছেন বলে আমি আনন্দিত হয়েছি, কারণ তারা তোমাদের না থাকার অভাব পূরণ করেছেন। ^{১৮} তাই তারা আমার আর তোমাদের আত্মায় উৎসাহ এনেছেন। তোমরা এই রকম লোকদের সম্মান কোরো। (অনুবাদকৃত টেক্সট)।

১৬:১৫ “তোমাদের নিবেদন করছি” এটি ১ করি ১৬:১৬ পদের সাথে যাবে। পৌল একটি parenthetical চিন্তা অনুপ্রবেশ করিয়েছেন স্ত্রিফানের পরিবারের সম্বন্ধে।

■ “ভাইয়েরা” NRSV তে আছে “ভাই এবং বোনেরা,” যেটি পৌলের উদ্দেশ্য সমগ্র মন্ডলী কাছে কথা বলা। পৌল তার পত্রে এই শব্দ ব্যবহার করেছেন একটি নূতন বিষয় পরিচিত করাতে বা তার উপস্থাপনার উন্নয়ন ঘটাতে।

■ “স্ত্রিফানের পরিবারের লোক” এই প্রাথমিক ধর্মান্তরিতরা (অর্থাৎ, প্রথম ফল) দৃশ্যত স্থানীয় মন্ডলীর নেতা ছিলেন। পৌল অন্য প্রাথমিক বিশ্বাসীদের উল্লেখ করেছেন প্রেরিত ১৭:৩৪ পদে।

“পরিবারের লোক” ধর্মান্তরের ধারণা যখন পরিবারের প্রধান ধর্মান্তরিত হয়েছে তখন পরিবারের সকলেও ধর্মান্তরিত হয়েছে (কর্ণিলিয়, প্রেরিত ১১:১৪-১৭; লুদিয়া, প্রেরিত ১৬:১৪-১৫; ফিলিপীয় কারারক্ষী, প্রেরিত ১৬:৩১-৩৩) এটা প্রায়ই সুসমাচার প্রচারকদের জন্য সমস্যার হয়েছে যারা ব্যক্তিগত ধর্মান্তরের উপরে গুরুত্বারোপ করেন। তথাপি সংস্কৃতি হল উপলব্ধি চূড়ান্ত কেবল মাত্র এই নয় যে কিভাবে পরিবারের বিশ্বাস কাজ করে, কিন্তু এছাড়াও গোষ্ঠীগত বিশ্বাস। ঈশ্বর সীমাবদ্ধ নন বা অযথা আধুনিক পশ্চিমা ব্যক্তিবাদ দ্বারা প্রভাবিত হবেন! এটা খুবই যন্ত্রণাদায়ক আমাদের সংকীর্ণ চিন্তা এবং গৌড়ামিবাদের জন্য।

“পরিবারের লোক” ধর্মান্তরের ধারণা ব্যবহৃত হয়েছে ডিনোমিনেশন দ্বারা শিশু বাস্তব নিশ্চিত করতে। সাধারণত ইশ্রায়েলীয়দের তুচ্ছদের অনুষ্ঠানেও এটা উল্লেখ্য যে ইশ্রায়েলীয় পরিবারের ৮ দিন বয়সী শিশুর অন্তর্ভুক্তি। সম্ভবত বাইবেল অনুসারে আরম্ভকে অবশ্যই শেষ থেকে দেখতে হবে। সত্যিকার বিশ্বাস বৃদ্ধি পায়, মন পরিবর্তন করে, বিশ্বাস করে, বাধ্য হয়, এবং ধৈর্যধারণ করে। সত্যিকার বিশ্বাস দেখা যায় এর ফল দ্বারা, কেবল মাত্র এর আরম্ভের অনুষ্ঠানে নয় (১ করি ১৬:১৬ এবং যাকোব এবং ১ যোহন)।

■ “তারা পবিত্রগণের সেবা করার জন্য নিজেদের উৎসর্গ করেছেন” এটি বেশ চমৎকার একটি শব্দগুচ্ছ। টার্ম “উৎসর্গ” হল *tassō*, যার সাধারণত অর্থ, “নিয়োগ করা” বিশ্বাস, সত্যিকার বিশ্বাস, এর উদ্দেশ্য দেখা যায় পরিচর্যায়! সুসমাচারের দাবী করে অন্যদের জন্য পরিচর্যায় নিজেদের বিরিয়ে দেওয়ার ইচ্ছাকে যেমন যীশু নিজেকে আমাদের জন্য বিলিয়ে দিয়েছিলেন (১ যোহন ৩:১৬)। এটি হল বিশ্বাসের সাধারণ উন্নয়ন, ব্যতিক্রমক নয়। বিভক্ত দলের যেমন (অর্থাৎ, করিছীয় উচ্চ বংশীয় লোক) ধাবিত হয়েছে আত্ম স্বার্থে, আত্ম-উন্নয়নে, আত্ম-পরিচালনায়, সত্যিকার বিশ্বাসের উদ্দেশ্য ভালবাসা (১ করি ১৪:৪; ১৬:১৪)। বিশ্বাসীরা উদ্ধার প্রাপ্ত এবং দান প্রাপ্ত মহান আদেশের জন্য (মথি ২৮:১৯-২০; লুক ২৪:৪৭; প্রেরিত ১:৮) এবং খ্রীষ্টের দেহ, মন্ডলীর মঙ্গলার্থে (১ করি ১২:৭)।

স্ত্রিফান এবং তার পরিবারের লোকেরা সিদ্ধান্ত নিয়েছিল তাদের যা আছে তারা তা ব্যবহার করবে রাজ্যের জন্য। যদি স্ত্রিফান ধনী উচ্চ বংশীয় সামাজিক শ্রেণীর সদস্য হন তাহলে তার কাজ পৌলের শিক্ষার নমুনা। তিনি নমুনা হয়েছিলেন মন্ডলীর অন্য ধনী উচ্চ বংশীয় লোকদের জন্য (Bruce W. Winter, *After Paul Left Corinth*, pp. 184-205)। দেখুন বিশেষ বিষয় ১ করি ৪:১ পদে।

■ “পরিচর্যা” দেখুন বিশেষ বিষয়: দাসরূপি নেতৃত্ব, পৃ. ৯৫, (SPECIAL TOPIC: SERVANT LEADERSHIP, See page 95) ১ করি ৪:১ পদে।

■ “পবিত্রগণ” দেখুন বিশেষ বিষয়:পবিত্রগণ, পৃ..২৭, (SPECIAL TOPIC: SAINTS, See page 27) ১ করি ১:২ পদে।

১৬:১৬ “সেইজন্য তোমরা এই রকম লোকদের বশীভূত হও” এটি একটি present passive subjunctive। “বশীভূত” (*hupotassō*) হল একটি সামরিক টার্ম একজনের নিজেকে কর্তৃত্বের শৃংখলার সাথে মানিয়ে নেওয়া। পৌলের করিন্থীয়দের কাছে চিঠিতে এটি ব্যবহৃত হয়েছে

১. ভাববাদীদের আত্মা ভাববাদীদের প্রতি বশীভূত ছিলেন, ১ করি ১৪:৩২
২. সব কিছু যীশুর প্রতি বশীভূত, ১ করি ১৫:২৭
৩. যীশুর তাঁর পিতার বশীভূত, ১ করি ১৫:২৮
৪. বিশ্বাসীরা ঈশ্বর ভক্ত নেতাদের কাছে বশীভূত, ১ করি ১৬:১৬

এখানে একটি শব্দ কৌশল রয়েছে নেতারা “নিজেরে বশীভূত করেছে পরিচর্যায়” (*tassō* থেকে) এবং “বিশ্বাসীরা তাদেরকে (*hupo plus tassō*) ঈশ্বর ভক্ত নেতাদের কাছে বশীভূত করেছে” ২ করি ৯:১২-১৩)। দেখুন বিশেষ বিষয়:বশীভূত ২ করি ৯:১৩ পদে।

এই মণ্ডলীতে এর সত্যিকার নেতাদের প্রতি সঠিক আচরণ ও শ্রদ্ধার ক্ষেত্রে সমস্যা ছিল (১ করি ১৬:১৮; ১ থিম ৫:১২; ইব্রীয় ১৩:১৭)। রোমের Clement এর চিঠি, এই একই কথা ৪০ বছর পরে লিখেছিল, দেখায় যে তাদের মধ্যে সেই একই সমস্যা তখনও ছিল।

১৬:১৭ “স্ত্রিফান ও ফর্ভুনাৎ ও আখায়িক” কেউ কেউ বলতে চেষ্টা করেছেন যে শেষ দুটি নাম, তাদের সম্বন্ধে আমরা নূতন নিয়মে কিছুই শুনি নাই, তারা স্ত্রিফানের পরিবারের সদস্য ছিলেন। কেউ কেউ জোর দিয়েছেন যে তারা তিনজনই ক্রীতদাস ছিলেন, কিন্তু এটি সমর্থিত নয়। তারা মনে হয় করিন্থীয় মণ্ডলীর কাছ থেকে পত্র নিয়ে পৌলের কাছে গিয়েছিলেন। পৌল ক্লোরীয় পরিবারের কাছ থেকে মণ্ডলী সম্পর্কে কিছু তথ্য পেয়েছিলেন। রোমের Clement লিখেছেন প্রায় ৪০ বছর পরে করিন্থীয়দের কাছে এবং তিনি একজন প্রেসবিটারের নাম উল্লেখ করছেন ফর্ভুনাৎ।

■ “কারণ তারা তোমাদের না থাকার অভাব পূরণ করেছেন” এই শব্দগুচ্ছ ইংরাজিতে নেতিবাচক শোনায়, এটি এটি এরকম ভাবে অর্থ করে নাই। তাদের প্রতিবেদন পৌলকে এই মন্ডলীর সংবাদ এনে দিয়েছিল যে মন্ডলীকে তিনি ভালবাসতেন, এর সমস্ত সমস্যা থাকা সত্ত্বেও (১ করি ১৬:২৪)। তারা মন্ডলীর প্রতিনিধি হিসাবে পৌলের কাছ কাজ করেছিল। আসলে তারা ঠিক পৌলের জন্য কি করেছিলেন, তাদের উপস্থিতি তার কাছে আনন্দ এনেছিলেন (১ করি ১৬:১৮) ছাড়া অন্য কিছু নিশ্চিত নয়।

১৬:১৮ “আমার আর তোমাদের আত্মায়” এটা স্পষ্ট প্রসঙ্গে থেকে যে পৌল “আত্মা” ব্যবহার করেছেন নিজেকে উল্লেখ করার একটি উপায় হিসাবে (১ করি ২:১১; ৫:৪; ২ করি ২:১৩; ৭:১৩; রোমীয় ১:৯; ৮:১৬; পিলি ৪:২৩)।

NASB, NKJV “এই রকম লোকদের সম্মান কোরো”
NRSV “তাই রকম লোকদের সম্মান দিও”
TEV “এই রকম লোক সম্মান পাবার যোগ্য”
NJB “এই রকম লোকদের তোমরা অবশ্যই কদর করবে”

এটি “*ginōskō*” এর একটি present active imperative স্বীকৃতির অর্থে (২ করি ৩:২) বা গৃহিত হিসাবে জানান (১ করি ৮:৩)।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিন্থীয় ১৬:১৯-২০

^{১৯} এশিয়ার মন্ডলীগুলোর লোকেরা তোমাদের শুভেচ্ছা জানাচ্ছে। আক্লিলা ও প্রিক্ষা আর তাঁদের গৃহ মন্ডলীর লোকেরা প্রভুতে শুভেচ্ছা জানাচ্ছেন। ^{২০} সকল ভাইয়েরাও তোমাদের শুভেচ্ছা জানাচ্ছেন। পবিত্র চুম্বনে তোমরা একজন অন্যকে শুভেচ্ছা জানাও। (অনুবাদকৃত টেক্সট)।

১৬:১৯ “এশিয়ার মন্ডলীগুলো” এটি উল্লেখ করছে প্রথম শতকের পশ্চিমাংশের রোমীয় প্রদেশ আজকের আধুনিক তুরস্কের এক তৃতীয়াংশ।

■ “আক্লিলা ও প্রিক্ষা” আক্লিলা ছিলেন পৌলের মতই একজন যিহুদী তাম্বু নির্মাতা (বা চামড়ার কর্মী)। সকল যিহুদী, এমনকি রাব্বিরাও, ব্যবসা করা শিখতো যেন তারা তাদের শিক্ষার জন্য অর্থ গ্রহণ না করতে হয়। আক্লিলার স্ত্রী, প্রিক্ষিলা বা প্রিক্ষা, ছয় বারের মধ্যে প্রথম চারবার তালিকাভুক্ত হয়েছে যখন তাদের উল্লেখ করা হয়েছে (প্রেরিত ১৮:২, ১৮, ২৬; রোমীয় ১৬:৩; ১ করি ১৬:১৯; ২ তীম ৪:১৯)। অনেকেই লক্ষ্য করেছেন যে তার নাম রোমীয় উচ্চ বংশীয়া ছিল (*gens Prisca*)। যেহেতু সে প্রথম উল্লেখিত হয়েছে, যেটি যিহুদী লোকদের জন্য খুবই অস্বাভাবিক ছিল, অনেকেই তাদের মধ্যে দেখেছেন একজন রোমীয় সম্ভ্রান্ত ধনী মহিলা ও একজন ভ্রমণশীল যিহুদী তাম্বু নির্মাতার মধ্যে মহান ভালবাসার গল্প!

Textus Receptus এ আছে প্রিক্ষিলা, যেখানে তার নাম প্রেরিত ১৮:২, ১৮, ২৬ পদে। এটি আরও দেখা যায় রোমীয় ১৬:৩ পদে এবং এখানে। এটি অনুসরণ করেছে গ্রীক পাণ্ডুলিপি A, C, D, F, G, K, L, Syriac অনুবাদ, এবং পরবর্তী অনেক minuscule পাণ্ডুলিপিতে। যাহোক, পৌল তাকে প্রিক্ষা বলে ডাকতেন, যেটি পাওয়া যায় পাণ্ডুলিপি P⁴⁶, ঁ, B, M, এবং Vulgate ও Coptic অনুবাদসমূহে। দেখুন Bruce Metzger, *A Textual Commentary on the Greek New Testament*, p. 570।

■ “তাঁদের গৃহ মন্ডলীর লোকেরা” প্রাথমিক মন্ডলীর কোন দালান ছিল না। তারা ঘরে মিলিত হতো। এই কারণে এর ছিল

১. অর্থের অভাব
২. গোপনীয়তা জন্য দরকারী, যেহেতু খ্রীষ্ট ধর্ম রোমীয় সাম্রাজ্যে হয়ে পড়েছিল একটি অবৈধ ধর্ম খুব প্রাথমিক সময়ে
৩. বৈধতা দেখানোর দরকারের জন্য যেহেতু প্রাথমিক মন্ডলী সংগঠিত হতো রোমীয় সামাজিক সোসাইটির মতো

গৃহ মন্ডলীর ধারণা আরম্ভ হয়েছিল প্রেরিত ২:৪৬; ৫:৪ পদে। এটা চালু ছিল এবং উন্নয়ন হয়েছিল রোমীয় ১৬:৫,২৩; কল ৪:১৫; ফিলিমন ২ পদে।

■ “সকল ভাইয়েরাও তোমাদের শুভেচ্ছা জানাচ্ছেন” এটি স্পষ্টত উল্লেখ করেছে সমগ্র মন্ডলীকে, কেবলমাত্র পুরুষদেরকে নয়।

১৬:২০ “পবিত্র চুম্বনে তোমরা একজন অন্যকে শুভেচ্ছা জানাও” এটি এক রকমের প্রকাশ্য শুভেচ্ছা (এক গালে বা দুই গালে চুমু খাওয়া) ও সহভাগিতার চিহ্ন দেখা যেতে পারে পুরাতন নিয়মের যাত্রা ৪:২৭ পদে। এটা সুমাচারের মার্ক ১৪:৪৫ পদেও দেখা যেতে পারে। এটি প্রাথমিক মন্ডলীর কাছে মানসম্মত হয়েছিল (রোমীয় ১৬:১৬; ২ করি ১৩:১২; ১ থি ৫:২৬; ১ পিতর ৫:১৪), যেটি সমাজঘরের নমুনা অনুসরণ করেছিল। পুরুষেরা পুরুষদের এবং মহিলারা মহিলাদের চুম্বন করতো। এটি কিছু খ্রীষ্টিয়ানের দ্বারা অপব্যবহৃত হয়েছিল এবং অবিশ্বাসীদের দ্বারা ভুল বোবার সম্মুখিন হয়েছিল এবং প্রাথমিক মণ্ডলী একে বাদ দিয়েছিল। যাহোক, এটি এখনও বিশেষ উপলক্ষ্যে ইষ্টার্ণ মণ্ডলীসমূহের মেধ্য প্রচলিত আছে। এর পশ্চিমা আধুনিক সংস্করণ হতে পারে উষ্ম করমর্দন বা আলিঙ্গন।

NASB (আপডেটেড) টেক্সট: ১ করিছীয় ১৬:২১-২৪

২১ আমি পৌল আমার নিজের হাতে এই শুভেচ্ছার কথা লিখলাম। ২২ যদি কেউ প্রভুকে ভাল না বাসে, সে অভিশপ্ত হোক। মারাণাথা। ২৩ প্রভু যীশুর অনুগ্রহ তোমাদের সংগে থাকুক। ২৪ খ্রীষ্ট যীশুতে আমার ভালবাসা তোমাদের সকলের সাথে থাকুক। আমেন। (অনুবাদকৃত টেক্সট)।

১৬:২১ “আমি পৌল আমার নিজের হাতে এই শুভেচ্ছার কথা লিখলাম” এটি পৌলের প্রচলিত অনুশীলন তার পত্রালাপের পরে। এটা যে খাঁটি কার নিশ্চয়তার একটি উপায় (গালা ৬:১১; ২ থি ২:২; ৩:১৭; কল ৪:১৮; ফিলিমন ১৯)।

১৬:২২ “যদি” এটি একটি first class conditional sentence। দৃশ্যত করিছীয় মণ্ডলীর কিছু কিছু লোকের প্রভুকে ভালবাসতো না!

■ “ভাল না বাসে” এটি একটি গ্রীক শব্দ “*phileō*”। পৌল খুব একটা ভালবাসার জন্য এই টার্ম ব্যবহার করতে না (তীত ৩:১৫)। কারন ছিল যে, অনেকেই মনে করেন যে তিনি গান বই বা ধর্মীয় অনুষ্ঠানের সূত্র থেকে উদ্ধৃতি করেছেন। এর “চুম্বন” এর মত একই মূল (*philēma*)। “*Phileō*” কৈনী গ্রীকে হয়েছে “*agapaō*” এর সাথে সমতুল্য (যোহন ৫:২০; ১৬:২৭), কিন্তু কালক্রমে প্রসঙ্গকৃত পার্থক্য এখনও থাকতে পারে (যোহন ২১:১৫-১৭)।

■ “অভিশপ্ত হোক” “*Anathema*” হল একটি গ্রীক শব্দ যেটি প্রতিফলিত করে ইব্রীয় টার্ম “*herem*” বা এমন কিছু যা ঈশ্বরের কাছে উৎসর্গীকৃত, তারপরে যেটি পবিত্র হয়েছে এবং অবশ্যই ধংস করা হবে (যিরিহো যিহো ৬:১৭-১৯ পদে)। এটি এই অর্থে এখানে ব্যবহৃত হয়েছে তাহল ঐশ্বরীক অভিশাপ (প্রেরিত ২২:১২,১৪; রোমীয় ৯:৩১; ১ করি ১২:৩; ১৬:২২; গালা ১:৮-৯)। এই দৃঢ় মন্তব্য প্রতিফলিত করতে পারে করিছে ভ্রাতৃ শিক্ষকদের উপস্থিতি (১ করি ১২:৩)। এটি সম্ভব যে এটি প্রতিফলিত করে করিছে প্রচলিত অনুশীলন। দেখুন এই টার্মের উপরে নোট ১ করি ১২:৩ পদে।

■ “মারাণাথা” যীশু এবং প্রাথমিক প্রেরিতেরা অরামিক ভাষায় কথা বলতেন (ইব্রীয়তে নয়)। এটি হয়ে পড়েছিল প্রচলিত ভাষা পারস্য সাম্রাজ্যের সময় থেকে। বেশ কিছু অরামিক শব্দ/শব্দগুচ্ছ নূতন নিয়মে লিপিবদ্ধ হয়েছে।

১. *talitha kum* – মার্ক ৫:৪১
২. *ephphatha* – মার্ক ৭:৩৪
৩. *abba* – মার্ক ১৪:৩৬; রোমীয় ৮:১৫
৪. *maranatha* – ১ করি ১৬:২২

দেখুন নিচে বিশেষ বিষয়।

বিশেষ বিষয়: *MARANATHA*

(SPECIAL TOPIC: *MARANATHA*)

এটি একটি Aramaic শব্দগুচ্ছ যেটি প্রতিফলিত করে প্রাথমিক পলেস্টীয় মন্ডলীর ধর্মতত্ত্বগত ধর্মানুষ্ঠানের নিশ্চয়তা (১) যীশুর ঈশ্বরত্ব (গীত ১১০) বা (২) যীশুর দ্বিতীয় আগমন (প্রেরিত ৩:১৯-২১)। এর অর্থ নির্ভর করে কিভাবে একজন শব্দটি ভাগ করে তার উপরে:

১. “আমাদের প্রভু, আস” (অর্থাৎ, *marana-tha*) অর্থ হল প্রকা ২২:২০ পদের মত একটি একই রকম imperitival শব্দগুচ্ছ। সেহেতু, অনেক অনুবাদক ধরে নিয়েছে যে অর্থ ১ করি ১৬:২২ পদের মত। যদি তাই হয়, তবে এটি যীশুর ফিরে আসার জন্য একটি প্রার্থনা হতে পারে।
২. “আমাদের প্রভু এসেছেন” (অর্থাৎ, *maran-atha*) হতে পারে একটি Aramaic perfect। এই অনুবাদ যেটি Chrysostom (৩৪৫-৪০৭ খ্রী.) সমর্থন করেছেন, যেটি যীশুর দেহধারণের কথা বলে।
৩. “আমাদের প্রভু আসছেন” প্রতিফলিত করে একটি Hebraic ভাববানীমূলক perfect, যেটি অনেকে ব্যবহার করেছেন খ্রীষ্টিয়ান সেবার জন্য একটি প্রেরণা হিসাবে ধরে নিয়ে। দ্বিতীয় আগমন সকল যুগের বিশ্বাসীদের জন্য একটি উৎসাহ।
৪. Didache (লেখা হয়েছে প্রথম বা দ্বিতীয় শতকের শেষ দিকে) ১০:৬ পদ, ব্যবহার করেছে এই একই শব্দগুচ্ছ প্রভুর ভোজের প্রসঙ্গে যেখানে যীশুর বর্তমান উপস্থিতি এবং ভবিষ্যত eschatological আগমন উভয়ই জোর দেওয়া হয়েছে প্রার্থনায়।

১৬:২৩ “প্রভু যীশুর অনুগ্রহ” বাইবেল অনুবাদের প্রথম ধাপ মূল শব্দবিন্যাস ঠিক রাখা। এই বিষয়ে এই সাহায্যকারী উৎস হল United Bible Societies' *A Textual Commentary on the Greek New Testament*, by Bruce M. Metzger। এটা কতটা উপকারী হতে পারে তা দেখাতে এই পদের প্যারাগ্রাফ উদ্ধৃত করছি।

“Textus Receptus, অনুসরণ করেছে \aleph^c A C D F G K L M বেশির ভাগ খুবই সামান্য, অন্তর্ভুক্ত 6 424^c 920 1739, it^{d, e, r} syr^{p, h} cop^{8a, bo} arm eth, পাঠ করণ Ἰησοῦ Χριστοῦ। সংক্ষিপ্ত পাঠ Ἰησοῦ, যেটি সমর্থিত হয়েছিল \aleph^* B 2 33 35 226 356 442 823 1611 1908 2002 vg goth *al* দ্বারা, পছন্দ করাও হয়েছে। বর্তমানের দীর্ঘ পাঠের দৃষ্টিভঙ্গিতে পৌলের অন্য লেখাগুলি আশীর্বাচন (রোমীয় ১৬:২৪; ২ করি ১৩:১৩; গালা ৬:১৮; ফিলি ৪:২৩; ১ থি ৫:২৮; ২ থি ৩:১৮; ফিলিমন ২৫), একই সাথে অনুলিপিকারকদের স্বাভাবিক প্রবণতা পবিত্র নামকে প্রসারিত করা, এটি সম্ভবত উল্লেখযোগ্য যে কোন সাক্ষীর এই ধরণের চাপের বিরোধিতা করা উচিত” (পৃ..৫৭০)।

১৬:২৪ “আমার ভালবাসা তোমাদের সকলের সাথে থাকুক” এটি পৌলের ব্যক্তিগত ভালবাসার এক দুর্লভ প্রকাশ। লক্ষ্য করণ তার প্রকাশিত ভালবাসা মন্ডলীর সকলের প্রতি যেটি খুবই বিভক্ত ও ঘণাপূর্ণ ছিল।

■ “আমেন” দেখুন ১ করি ১৪:১৬ পদে নোট।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্বেককারী, চূড়ান্ত নয়।

১. করিছের মন্ডলী পৌলের কাছে লিখিত ভাবে যে সব প্রশ্ন করেছিল তার তালিকা তৈরী করণ।
২. করিছীয় মন্ডলীর বর্তমান অবস্থার বিষয়ে পৌলের তথ্য পাবার ভিন্ন উৎস কি ছিল?
৩. নূতন নিয়ম যেসব নির্দেশিকা দিয়েছে তার তালিকা করণ।
৪. পৌল কেন যিরুশালেমের মন্ডলীর জন্য চাঁদা দানের বিষয়ে অত্যন্ত আগ্রহী ছিলেন?
৫. কেন পৌল উদ্ধার পাবার পরেও এখনও যিহূদী পর্ব দিন পালন করছিলেন?
৬. কিভাবে ১৬:১৫ পদ প্রেরিত ১৭:৩৪ পদের সাথে পুনর্মিলিত হয়েছে?
৭. আক্কিল্লা ও প্রিষ্কাল্লা কে ছিলেন?
৮. পৌল কেন গ্রীক ভাষী মন্ডলীর কাছে অরামিক শব্দগুচ্ছ ব্যবহার করেছিলেন?

২ করিন্থীয় পত্রের ভূমিকা (INTRODUCTION TO 2 CORINTHIANS)

প্রারম্ভিক মন্তব্য

- ক. এই বইটি, পৌলের অন্য যে কোন বাইয়ের থেকে বেশি কিছু, পরজাতিদের প্রতি প্রেরিতের হৃদয় ও মনকে আমাদের কাছে দেখিয়ে দেয়। এটি হল আমাদের কাছে থাকা তার সবচেয়ে ঘনিষ্ঠ আত্মিক/পালকীয় আত্মজীবনী।
- খ. এই বইটি হতে পারে পৌলের সবচেয়ে সুসম্পূর্ণ রূপকাত্মক কাজ। Raymond E. Brown, *An Introduction to the New Testament*, বলেছেন, “এটি হতে পারে পৌলের সকল লেখনীর মধ্যে সবচেয়ে বিশ্বাস উৎপাদনকারী বক্তৃতা” পৃ...৫৪১। যাহোক, এটি করা হয়েছিল Sophists দের প্রত্যাখান করতে যারা করিছে এসেছিল এবং পৌলের প্রকাশ্য বক্তৃতার পদ্ধতি এবং সেই সাথে তার সুসমাচারকে আক্রমণ করেছিল (অর্থাৎ, ১ করি ১-৪ অধ্যায়ে তার জ্ঞানের উপরে আক্রমণ)।

বিশেষ বিষয়: SOPHISTS (SPECIAL TOPIC: SOPHISTS)

গ্রীক শব্দ *sophia* অর্থ জ্ঞান। সম্পর্কযুক্ত টার্ম *sophistēs* এসেছে কাউকে “দক্ষ” বা “আড়ম্বরপূর্ণ ভাষায় শিক্ষিত” হিসাবে চিহ্নিত করতে। এটি সাধারণত চিহ্নিত করে জনসভার বক্তাকে, প্রায়ই তারা ভ্রমণশীল, যারা কোন একটি নগর থেকে এসেছে এবং চেষ্টা করে বিদ্যালয় শুরু করে উচ্চ শ্রেণীর ছেলেমেয়েদের প্রশিক্ষিত করতে। এই জনসভায় কথা বলার (অর্থাৎ, আড়ম্বরপূর্ণ ভাষার প্রশিক্ষণ) কারণ হল পিতামাতারা তাদের খুঁজে বের করতে পারে তাদের ছেলেমেয়েদের জন্য ব্যক্তিগত ভাবে পাঠদানের বা বিদ্যালয়ের মাধ্যমে।

এক বিশ্বয়কর প্রতিযোগিতা ছিল এই “জ্ঞানী লোকদের” মধ্যে যার সাথে সম্পর্কিত ছিল তাদের সুনাম এবং শিক্ষার্থীদের আকর্ষণের যোগ্যতা। এমন কি তাদের কথা বলা শুরু করার সুযোগেরও একসেট নির্দেশনা ছিল। এই সেটগুলির একটি কার্যপ্রণালী ছিল দার্শনিকদের জন্য একটি সময় তার যোগ্যতা ও সবলতার তালিকা করা।

করিছে পৌলের সমস্যা মনে হয় সম্পর্কিত ছিল

১. মণ্ডলীর মধ্যে বিভেদ, প্রত্যেকেই দাবী করতো একজন নির্দিষ্ট শিক্ষককে অনুসরণ করে (১ করি ১-৪)
২. যিরুশালেম থেকে আসা গ্রীক সংস্কৃতিতে প্রশিক্ষিত যিহুদী ভ্রাতৃ শিক্ষক (২ করি ১০-১৩)

১ করিন্থীয় ১-৪ অধ্যায়ে পৌলের “জ্ঞানে” অস্বীকৃতি তাকে আক্রমণের মঞ্চ প্রস্তুত করেছিল তাদের দ্বারা যারা গৌরব করতো তাদের দার্শনিকগত, আড়ম্বরপূর্ণ ভাষায় প্রশিক্ষণ এবং এই দিকগুলির আলোকে করে তারা অন্য সকলের বিচার করতো। এটা বিশ্বয়কর যে যিহুদী শিক্ষকেরা দার্শনিকগত শ্রেণীবিভাগে গৌরব করতো, কিন্তু পূর্ব দৃষ্টান্ত হল যিহুদী ধর্ম নির্দারিত Philo of Alexandria এবং সম্ভবত Apollos of Alexandria প্রশিক্ষণ ও প্রেক্ষাপট দ্বারা।

পৌল জনসভার খুব চকচকে বক্তা ছিলেন না। এর জন্য তিনি আক্রমণের শিকার হয়েছিলেন। তিনি প্রতি উত্তর করেছিলেন ২ করিন্থীয় ১০-১৩ অধ্যায়ে ঝকঝকে, সুমম, চমকার গাঁথুনি সমৃদ্ধ, আড়ম্বরপূর্ণ ভাষার গঠন রূপ দ্বারা। তিনি তাদের টার্ম ব্যবহার করেছিলেন, তাদের গঠন রূপ এবং প্রকাশ করেছিলেন তাদের অনুপযুক্ত মনোভাব এবং উদ্ভ্রত। দেখুন See Bruce W. Winter, *Philo and Paul Among the Sophists*।

Copyright © 2014 [Bible Lessons International](#)

- গ. এই বই হল একটি অদ্ভুত সমন্বয়, যেমন পৌল নিজে, আত্মিক উচ্চতা এবং হীনতা, অবাধ প্রবাহিত আবেগের সীমা রাগ থেকে মহা আনন্দের দিকে।
- ঘ. এই বই সত্যিকার ভাবে একটি চিঠি এবং চিঠি হিসাবে এটির কেবলমাত্র অর্ধাংশ কথোপকথন। পৌলের সাড়া দানের পিছনে অনেক যুক্তিগত পূর্ব ঘটনা এবং পরিস্থিতি হারিয়ে গেছে। এটি সত্যের একটি ভাল উদাহরণ যে নূতন নিয়মের প্রেরিত পত্রগুলি মূলত লেখা হয়েছিল নির্দিষ্ট প্রয়োজনের একটি পত্র যোগাযোগ হিসাবে, কোন স্বাধীন ধর্মতাত্ত্বিক বিশদ উপদেশ নয়।
- ঙ. এই বই পন্ডিতদের দ্বারা অবহেলিত এবং প্রচারেও। নূতন নিয়মের অন্য যে কোন বাইয়ের চেয়ে ২ করিন্থীয় পত্রের ব্যাখ্যাকারক খুবই কম। এটি দুর্ভাগ্যজনক কারণ এটি হল পৌলের খ্রীষ্টিয় জীবনের কষ্টভোগের উপরে সবচেয়ে সুনির্দিষ্ট অলোচনার উৎস।

- চ. পালকদের জন্য, এই বই দিয়েছে স্থানীয় মঞ্জলীগুলির মধ্যে সমস্যাসমূহের মোকাবেলা কিভাবে করতে হয় তার অন্তর্দৃষ্টিমূলক নির্দেশনা। ব্যক্তিগত আক্রমণ এবং ভুলবোঝাবুঝির মধ্যেও পৌল আমাদের দিয়েছেন অনুসরণীয় একটি উদাহরণ।

লেখক

- ক. সকল আধুনিক পণ্ডিতদের বাইবেলের বইয়ের ঐতিহ্যগত লেখক সম্পর্কে অস্বীকৃতির মধ্যেও, এই পৌলের নয় বলে কখনই অস্বীকার করা হয়নি।
- খ. এটি খুবই আত্ম জীবনীমূলক এবং বোঝা খুব কঠিন এর কিছু শব্দগুচ্ছ যা সম্ভাবনা রয়েছে কোন একজন চেষ্টা করেছে পৌলের অনুকরণ করতে এরকম একটি উচ্চ প্রশংসিত বই লেখার দ্বারা। এই চিঠির দুর্বোধ্যতা এবং সুনির্দিষ্টতা এর অকৃত্রিমতার কথা বলছে। এটা সত্যি যে অনেক নূতন নিয়মের পণ্ডিত চিন্তা করেন যে ২ করিন্থীয় হল একটি সংকলিত চিঠি যেখানে একটি চিঠিতে সমন্বয় করা হয়েছে পৌলের আলাদা আলাদা বেশ কিছু চিঠির। আমি এর একেবারে পক্ষে কারণ
১. অন্য যে কোন প্রাচীন গ্রীক পাণ্ডুলিপিতে এর অনৈক্যের কোন ইঙ্গিত নেই।
 - ক. সাহিত্য এককে পার্থক্য নেই
 - খ. এমন কোন পাণ্ডুলিপি নেই যেখানে ১৩টি অধ্যায় নেই।
 ২. যদিও ২ করিন্থীয়তে ১৩ অধ্যায় দৃশ্যত অপরিচিত ছিল ৯৬ খ্রীষ্টাব্দে রোমের ক্রিমেন্টের কাছে, পলিকার্প এর উদ্ধৃতি দিয়েছেন ১০৫ খ্রীষ্টাব্দে।
 ৩. একটি একক হিসাবে এই বইটি বোধগম্য। কিছু নির্দিষ্ট মূল বিষয় রয়েছে যেটি এর একতাকে দেখায়, যেমন “কষ্টভোগ।”
 ৪. অভ্যন্তরীণ প্রমাণ খুব সীমাবদ্ধ ২ করিন্থীয় পত্রের ব্যাপক বিশ্লেষণে সমর্থন করতে।
- গ. ২ করি ১:১ এবং ১০:১ পদে পৌলকে বলা হয়েছে লেখক বলে।

তারিখ

- ঘ. ২ করিন্থীয় পত্রের তারিখ অখন্ড ভাবে সংযুক্ত ১ করিন্থীয় এবং প্রেরিত পুস্তকের সাথে।
- ঙ. প্রেরিত ১৮:১-১৮ এবং ২০:২-৩ পদ সম্পর্কিত পৌলের করিন্থে থাকাকালীন সময়ের সাথে, কিন্তু মনে হয় অন্ততপক্ষে একটি অলিপিবদ্ধ পরিদর্শন রয়েছে (২ করি ২:১; তৃতীয় পরিদর্শন উল্লেখ সহ ২ করি ১২:১৪; ১৩:১-২)।
- চ. প্রধান প্রমাণ হল পৌলের পরিদর্শন এবং করিন্থীয়দের কাছে চিঠির মধ্যকার সময়ের সম্পর্ক।
- ছ. প্রকৃত সমস্যা করিন্থীয়র ঘটনার সাথে সম্পর্কিত তারিখ নিয়ে যা হল আমাদের কাছে কোন বর্হিস্থ প্রমাণ বা তথ্যাবলী প্রেরিত ১৮:১-১৮ এবং প্রেরিত ২০:২-৩ এর মধ্যবর্তী সময়ের, কেবলমাত্র করিন্থীয় চিঠিগুলির মধ্যকার অজ্ঞাত অভ্যন্তরীণ প্রমাণ ছাড়া।
- জ. পৌলের করিন্থীয় মঞ্জলীর সাথে যোগাযোগ-একটি প্রস্তাবিত পুনর্গঠন

তারিখ	পরিদর্শন	চিঠি
৫০-৫২ খ্রীষ্টাব্দ পৌলের ২য় প্রচার যাত্রা	ক. পৌলের ২য় প্রচার যাত্রায় তিনি করিন্থে ১৮ মাস ছিলেন (প্রেরিত ১৮:১-১১)	
৫২ খ্রীষ্টাব্দ গাল্লিয়ো শাসনকর্তা ছিলেন ৫১ খ্রীষ্টাব্দ থেকে (প্রেরিত ১৮:১২-১৭)		ক. ১ করি ৫:৯-১১ পদ মনে হয় একটি চিঠির উল্লেখ করছে মঞ্জলীতে ব্যভিচারের পরিস্থিতির বিষয়ে। এই চিঠিটি অজ্ঞাত কেবল মাত্র: (১) যেমন কিছু কিছু ধারণা, এই যে ২ করি ৬:১৪-৭:১ পদ এর একটি অংশ অথবা (২) এই যে ২ করি ২:৩,৪,৯ পদ হল epistolary aorists এবং উল্লেখ করছে ২ করিন্থীয়।
৫৬ খ্রীষ্টাব্দ (বসন্তকাল)	খ. পৌল ইফিমে থাকতেই মঞ্জলীর সমস্যা সম্পর্কে শুনেছিলেন দুটি উৎস থেকে: (১) ক্রোয়ীর পরিজন, ১ করি ১:১১ এবং (২) স্তিফান, ফর্তুনাত, ও আখায়িক, ১ করি ১৬:১৭। তারা দৃশ্যত করিন্থীয় গৃহ মঞ্জলীর কাছ থেকে একটি চিঠি এনেছিলেন যে	

<p>৫৬ খ্রীষ্টাব্দ (শীতকাল) বা ৫৭ খ্রীষ্টাব্দ (শীতকাল)</p> <p>৫৭-৫৮ খ্রীষ্টাব্দ (শীতকাল)</p>	<p>চিঠিতে প্রশ্নগুলি ছিল</p> <p>গ. পৌল গুরুত্বসহকারে একটি যন্ত্রণাদায়ক পরিদর্শন করেছিলেন করিছে। (যেটি প্রেরিত পুস্তকে লিপিবদ্ধ করা হয়নি, ১ করি ২:১)। এটি সফল ছিল না, কিন্তু তিনি প্রতিজ্ঞা করেছিলেন ফিরে আসার।</p> <p>ঘ. পৌল ত্রোয়াতে তীতের সাথে দেখা করার পরিকল্পনা করেছিলেন, কিন্তু তীত আসেন নাই, তাই পৌল মাকিদনিয়া গিয়েছিলেন (২ করি ২:১৩; ৭:৫,১৩), সম্ভবত ফিলিপীতে (MSS Bc, K, L, P)।</p> <p>ঙ. প্রেরিত ২০:২-৩ পদে মনে হয় করিছে পৌলের লিপিবদ্ধ শেষ পরিদর্শন উল্লেখিত হয়েছে। যদিও এটিতে করিছে নাম উল্লেখিত হয়নি, এটি ধারণা করা হয়। তিনি সেখানে ছিলেন শীতের মাসগুলি।</p>	<p>খ. পৌল এই সব প্রশ্নের উত্তর দিয়েছিলেন (১ করি ৭:১,২৫; ৮:১; ১২:১; ১৬:১,২) ১ করিছীয় চিঠিটি লিখে। তীমথিয় (১ করি ৪:১৭) ইফিষ থেকে (১ করি ১৬:৮) চিঠিটি করিছে নিয়ে যাবার দায়িত্ব নিয়েছিলেন। মণ্ডলীর সমস্যা সমাধানে তীমথিয় সক্ষম ছিলেন না।</p> <p>গ. পৌল একটি কঠিন চিঠি লিখেছিলেন (২ করি ২:৩-৪:৯; ৭:৮-১২) করিছীয় গৃহ মণ্ডলীর কাছে যেটি তীত তাদের কাছে পৌছে দিয়েছিল (২ করি ২:১৩; ৭:১৩-১৫)। এই চিঠিটি অজ্ঞাত, যদি না, যেমন কেউ কেউ মনে করেন, এর আংশিক রয়েছে ২ করি ১০-১৩ পদে।</p> <p>ঘ. তিনি তীতকে পেলেন এবং শুনলেন যে মণ্ডলী তার নেতৃত্বের প্রতি সাড়া প্রদান করেছে এবং তারপর তিনি মহা ধন্যবাদ সহকারে ২ করিছীয় চিঠিটি লিখলেন (৭:১১-১৬)। এই চিঠিটি তীত নিয়ে গিয়েছিলেন।</p> <p>ঙ. চিহ্নিত মনোভাব পরিবর্তিত হয়েছে ১-৯ অধ্যায় এবং ১০-১৩ অধ্যায়ের মধ্যে যে বিষয়ে অনেক পন্ডিত ব্যাখ্যা দিয়েছেন আরও খারাপ খবর (সম্ভবত পুন: জারগরণ ঘটেছে পুরাতন বিরোধীদের এবং আরও যুক্ত হয়েছে নতুন বিরোধি) এসেছে করিছীয় গৃহ মণ্ডলীগুলির থেকে আর তারপর ১-৯ অধ্যায় লেখা হয়েছে(F. F.Bruce)।</p>
---	--	--

পৌল কতগুলি চিঠি করিছে লিখেছিলেন?

- ক. মাত্র দুটি, ১ ও ২ করিছীয়
- খ. তিনটি, যার একটি চিঠি হারিয়ে গেছে
- গ. চারটি, যার দুটি চিঠি হারিয়ে গেছে
- ঘ. কিছু আধুনিক পন্ডিতেরা ২ করিছীয় হারিয়ে যাওয়া চিঠির খুঁজে পেয়েছেন
১. আগের চিঠি (১ করি ৫:৯) ২ করি ৬:১৪-১৭:১
 ২. কঠিন চিঠি (২ করি ২:৩-৪,৯; ৭:৮-১২) ২ করি ১০-১৩
- ঙ. পাঁচটি, ২ করি ১০-১৩ হল পঞ্চম চিঠি, যেটি পাঠান হয়েছিল তীতের আরও খারাপ খবর আনার প্রেক্ষিতে
- চ. আমি মনে করি গ (আরও দেখুন H. C. Thiessen, *Introduction to the New Testament*, p. 209)
১. আগের চিঠি-হারান (১ করি ৫:৯)
 ২. ১ করিছীয়
 ৩. কঠিন চিঠি-হারান (২ করি ২:২-১১; ৭:৮-১২)
 ৪. ২ করিছীয়

করিছে পৌলের শত্রুরা

- ক. ২ করিন্থীয়তে সমস্যা মনে হয় বেশ কিছু বিভিন্ন দলের যারা বিভিন্ন গৃহ মণ্ডলী নিয়ন্ত্রণ করতো (১ করিন্থীয়তে উল্লেখিত একই দল নও হতে পারে, কিন্তু সম্ভবত)।
১. একদল বিশ্বাসী ঐতিহ্যগত রোমীয় সংস্কৃতি ও প্রথাকে সমর্থন করতো
 ২. একদল বিশ্বাসী ঐতিহ্যগত গ্রীক কাব্যরস তত্ত্বের প্রশিক্ষণকে সমর্থন করতো
 ৩. একদল বিশ্বাসী ঐতিহ্যগত যিহুদী সংস্কৃতি ও প্রথাকে সমর্থন করতো
 ৪. একদল বিশ্বাসী যারা এসেছিল ক্ষমতাহীন এবং অধিকার বঞ্চিত সমাজ থেকে
- খ. প্যালেস্টাইন থেকে আগত যিহুদী সমস্যাসৃষ্টিকারী লোকেরা আরও অতিরিক্ত বিতর্কের কারণ হয়েছিল (২ করি ১০-১৩)। তারা গালাতীয়ার Judaziers থেকে এবং কলসীয়ের যিহুদী/গ্রীক ব্যবস্থানুরাগীদের থেকে আলাদা ছিল। তারা সম্ভবত কাব্যরসতত্ত্বে প্রশিক্ষিত, charismatic শিক্ষক, আপোল্লোর মত একই রকমের।
- গ. এখানে পৌলের বিরুদ্ধে কয়েকটি অভিযোগ যার উত্তর তিনি দিয়েছিলেন।
১. পৌল অস্থিরমতি ছিলেন (অর্থাৎ, তার ভ্রমণের পরিকল্পনা পরিবর্তিত হয়েছিল, ২ করি ১:১৫ পদ থেকে কয়েকটি পদ)।
 ২. পৌল একজন ক্ষমতামূলী লেখক ছিলেন, কিন্তু ব্যক্তিগত ভাবে কথা বলায় দুর্বল ছিলেন (২ করি ১০:১০)।
 ৩. পৌল চমৎকার বাগ্মি ছিলেন না (২ করি ১০:১০; ১১:৬)।
 ৪. পৌল টাকা গ্রহণ করতেন না (২ করি ১১:৭ পদ থেকে কয়েকটি পদ; ১২:১৩ পদ থেকে কয়েকটি পদ)।
 ৫. পৌল সত্যিকারের প্রেরিত ছিলেন না (২ করি ১১:৫, ১৩; ১২:৪)
 ৬. পৌল একজন একনিষ্ঠ যিহুদী ছিলেন না (২ করি ১১:২১ পদ থেকে কয়েকটি পদ)।
 ৭. পৌলের তাদের মত সরাসরি প্রত্যাদেশ ও আত্মিক দর্শন ছিল না (২ করি ১২:১ পদ থেকে কয়েকটি পদ)।
- ## ২ করিন্থীয় পত্রের উপলক্ষ্য ও উদ্দেশ্য

- ক. পৌলের নেতৃত্বের প্রতি মণ্ডলীর ইতিবাচক সাড়া প্রদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন (২ করি ২:১২, ১৩; ৭:১১-১৬)
- খ. পৌলের তৃতীয়বার পরিদর্শনের প্রস্তুতি (১০:১-১১)। তার দ্বিতীয় পরিদর্শন দৃশ্যত ছিল যাতনাময় এবং অসফল। ১০-১৩ অধ্যায়ে সুস্পষ্ট আবেগের স্বরের পরিবর্তন। কেউ কেউ জোর দিয়ে বলতে চেষ্টা করেছেন যে ২ করিন্থীয় চিঠি হল পৌলের করিন্থীয় মণ্ডলীকে লেখা বেশ কয়েকটি চিঠির সমন্বয়ের ফল। এটি আরও সম্ভব যে পৌল এটা লিখেছিলেন করিন্থীয় সহভাগিতার মধ্যে নূতন বিরোধিতার আকস্মিক উৎপাতের খবর শোনার পরে। এটি একটি আবেগগত অভিযোজিত বিষয়।
- গ. ভ্রাম্যমাণ যিহুদী ভ্রান্ত শিক্ষকদের খন্ডন (২ করি ১০-১২) যারা প্রত্যাখান করেছিল পৌলের:
১. ব্যক্তি
 ২. উদ্দেশ্য
 ৩. কর্তৃত্ব
 ৪. কথা বলার পদ্ধতি
 ৫. সুসমাচারের বার্তা

সম্ভাব্য সাহিত্য একক

- ক. এই বইয়ের রূপরেখা করা খুব কঠিন কারণ:
১. ভাবের দোদুল্যমানতা
 ২. বিষয়ের বিভিন্মতা
 ৩. বিস্তারিত parentheses (২ করি ২:১৪-৭:১ বা ৭:৪)
 ৪. আমাদের সীমাবদ্ধ জ্ঞান স্থানীয় পরিস্থিতি সম্পর্কে
- খ. যাহোক, এখানে সুস্পষ্ট ভাবে তিনটি প্রধান বিষয় বিভাগ রয়েছে:
১. পৌলের তীতের বার্তার প্রতি সাড়া প্রদান ও তার ভ্রমণ পরিকল্পনার সাথে সম্পর্কিত, ১-৭ অধ্যায় (এখানে একটি বড় parenthesis যেটি পৌলের প্রেরিতিক পরিচর্যা সম্পর্কে আলোচনা করেছে, ২ করি ২:১৪-৭:১ বা ৭:৪)
 ২. পৌলের বিরূশালেম মণ্ডলীর জন্য সাহায্য দানের কাজ সম্পন্ন করার জন্য উৎসাহ দান, ৮-৯ অধ্যায়
 ৩. পৌলের তার নেতৃত্বের প্রতি আত্মপক্ষ সমর্থন, ১০-১৩ অধ্যায়

পাঠ চক্র এক

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

একবারেই সমগ্র বাইবেলটি পাঠ করুন। সমগ্র পুস্তকের কেন্দ্রীয় মূল ভাব আপনার নিজের কথায় বর্ণনা করুন।

১. সমগ্র পুস্তকের মূল ভাব
২. সাহিত্যের প্রকার(genre)

পাঠ চক্র দুই ("[A Guide to Good Bible Reading](#)" থেকে)

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

একবারেই সমগ্র বাইবেলটি দ্বিতীয়বার পাঠ করুন। প্রধান বিষয় রূপরেখা করুন এবং একটি বাক্যে বিষয়টি প্রকাশ করুন।

১. প্রথম সাহিত্যের এককের বিষয় বস্তু
২. দ্বিতীয় সাহিত্যের এককের বিষয় বস্তু
৩. তৃতীয় সাহিত্যের এককের বিষয় বস্তু
৪. চতুর্থ সাহিত্যের এককের বিষয় বস্তু
৫. ইত্যাদি।

Copyright © 2013 [Bible Lessons International](#)

২ করিন্থীয় ১
(2 CORINTHIANS 1)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
অভিবাদন	শুভেচ্ছা	অভিবাদন ও ধন্যবাদ জ্ঞাপন	অভিবাদন	সম্বোধন ও শুভেচ্ছা
১:১-২	১:১-২	১:১ _ক ১:১ _খ ১:২	১:১ _ক ১:১ _খ ১:২	১:১-২
মানষিক ক্রেশের পরে পৌলের ধন্যবাদজ্ঞাপন	কষ্টভোগে সাত্ত্বনা		পৌলের ঈশ্বরকে ধন্যবাদ দান	ধন্যবাদজ্ঞাপন
১:৩-৭	১:৩-৭	১:৩-৭	১:৩-৭	১:৩-৭
	কষ্টভোগ থেকে উদ্ধার			
১:৮-১১	১:৮-১১	১:৮-১১	১:৮-১১	১:৮-১১
পৌলের পরিদর্শন মূলতুবি	পৌলের অকপটতা	মণ্ডলীর সাথে সাম্প্রতিক সম্পর্ক	পৌলের পরিকল্পনার পরিবর্তন	কেন পৌল তার পরিকল্পনা পরিবর্তন করেন
		(১:১২-২:১৩)	(১:১২-২:৪)	(১:১২-২:১১)
১:১২-১৪	১:১২-১৪	১:১২-১৪	১:১২-১৪	১:১২-১৪
	মণ্ডলীর সঞ্চয়			
১:১৫-২২	১:১৫-২৪	১:১৫-২২	১:১৫-২২	১:১৫-২২
১:২৩-২৪		১:২৩-২৪	১:২৩-২৪	১:২৩-২৪

* যদিও তারা অনুপ্রাণিত নয়, প্যারাগ্রাফ বিভাগ হল মূল লেখকের উদ্দেশ্য বুঝতে পারা এবং অনুসরণ করার চাবিকাঠি। প্রতিটি আধুনিক অনুবাদ প্যারাগ্রাফকে বিভক্ত করেছে এবং সারসংক্ষিপ্ত করেছে। প্রতিটি প্যারাগ্রাফের রয়েছে একটি কেন্দ্রীয় বিষয়, সত্য বা চিন্তা। প্রতিটি সংস্করণ সেই বিষয় সংক্ষিপ্ত সার (encapsulates) করে এর নিজস্ব স্বতন্ত্র পছন্দ। যখন আপনি লেখা পড়বেন, নিজেকে জিজ্ঞাসা করবেন কোন অনুবাদটি আপনাকে বিষয়টি এবং পদ বিভাগ বুঝতে সাহায্য করে।

প্রতিটি অধ্যায়ে আমাদেরকে আগে বাইবেল পড়তে হবে এবং চেষ্টা করতে হবে এর বিষয়টি (প্যারাগ্রাফ) চিহ্নিত করতে, তারপর আধুনিক অনুবাদের সাথে আমাদের বোঝবার সক্ষমতা তুলনা করতে হবে। শুধুমাত্র যখনই আমরা মূল লেখকের উদ্দেশ্য বুঝতে পারব তার যুক্তি এবং উপস্থাপনা অনুসরণ করে তখনই আমরা সঠিকভাবে বাইবেলকে বুঝতে পারব। শুধুমাত্র মূল লেখক হলেন অনুপ্রাণিত-পাঠকের কোন অধিকার নেই বার্তাটি পরিবর্তন বা রূপান্তর করার। বাইবেলের পাঠকদের দায়িত্ব হল অনুপ্রাণিত সত্যটি তাদের প্রতিটি দিনে এবং তাদের জীবনে প্রয়োগ করা।

লক্ষ্য করবেন প্রতিটি পরিভাষা এবং সংক্ষিপ্তকরণ সম্পূর্ণরূপে ব্যাখ্যা করা হয়েছে পরবর্তী নথিপত্রগুলিতে: [Brief Definitions of Greek Grammatical Structure, Textual Criticism, এবং Glossary.](#)।

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

৪. প্রথম প্যারাগ্রাফ
৫. দ্বিতীয় প্যারাগ্রাফ
৬. তৃতীয় প্যারাগ্রাফ
৭. ইত্যাদি।

প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. ১ করিন্থীয় লেখার প্রায় ছয় থেকে আঠার মাস পরে ২ করিন্থীয় লেখা হয়েছে, পৌলের তীতের সঙ্গে মাকিদনিয়া পরিদর্শনের পরে, তীত যে পৌলকে তার প্রস্তাবের প্রতি মণ্ডলীর সাড়াদানের বিষয়টি জানিয়েছিল (২ করি ২:১২-১৩; ৭:১১-১৬)।
- খ. এটি খুব নিবিড় ব্যক্তিগত চিঠি। পৌলের আবগম্য অবস্থা ব্যাকরণেরও দেখতে পাওয়া যায় (অর্থাৎ, conjunctions এবং অসম্পূর্ণ বাক্য কম)।
- গ. পৌল তীব্র ভাবে মণ্ডলীর সংখ্যালঘু সম্প্রদায় দ্বারা আক্রমণের শিকার হয়েছিলেন। সংখ্যালঘু সম্প্রদায় মনে হয় স্থানীয় কন্থীয় মণ্ডলীর লোক ও ভ্রমণশীল যিহুদী প্রচারক দল উভয়েই। তাদের অভিযোগগুলি ছিল:
 ১. পৌলের অধাধু উদ্দেশ্য ছিল, ২ করি ১:১২
 ২. পৌল অস্থিরমনা, ২ করি ১:১৫ পদ থেকে কয়েকটি পদ
 ৩. পৌল দুর্বল ছিলেন, ২ করি ১০:১০
 ৪. পৌল দৈহিক ভাবে কুৎসীত ছিলেন, ২ করি ১০:১০
 ৫. পৌল খুব ভাল বক্তা ছিলেন না, ২ করি ১০:১০; ১১:১৬
 ৬. পৌল টাকার জন্য প্রচার করতেন, ২ করি ১১:৭ পদ থেকে কয়েকটি পদ; ১২:১৩ পদ থেকে কয়েকটি পদ
 ৭. পৌল সত্যি প্রেরিত ছিলেন না, ২ করি ১১:৫, ১৩; ১২:৪
 ৮. পৌল গোঁড়া যিহুদী ছিলেন না, ২ করি ১১:২১ পদ থেকে কয়েকটি পদ
 ৯. তাদের সরাসরি প্রত্যাদেশ ছিল, কিন্তু পৌলের ছিল না, ২ করি ১২:১ পদ থেকে কয়েকটি পদ

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ২ করিন্থীয় ১:১ক

ক পৌল, ঈশ্বরের ইচ্ছায় খ্রীষ্ট যীশুর একজন প্রেরিত, এবং আমাদের বিশ্বাসী ভাই তীমথিয়, (অনুবাদকৃত টেক্সট)।

১:১ক “পৌল” তার্ষ নগরীর শৌলকে প্রথম পৌল বলা হয় প্রেরিত ১৩:৯ পদে। এটা সম্ভব যে বেশিরভাগ ছড়িয়ে ছিটিয়ে বাসকারী (“diaspora”) যিহুদীদের একটি ইব্রীয় নাম ও একটি গ্রীক নাম ছিল। যদি তাই হয়, তাহলে শৌলের পিতামাতা তার এই নাম রেখেছিল কিন্তু কেন, তাহলে “পৌল” হঠাৎ করেই প্রেরিত ১১৩ অধ্যায়ে আবির্ভূত হলেন? সম্ভবত (১) অন্যরা তাকে এই নামে ডাকতে শুরু করেছিল বা (২) তিনি নিজেকে এই নামে উল্লেখ করতে শুরু করেছিলেন “ছোট” বা “ক্ষুদ্র” হিসাবে। গ্রীক নাম *Paulos* অর্থ “ছোট।” বেশ কয়েকটি তত্ত্ব এগিয়েছে তার গ্রীক নামের উৎস সম্বন্ধে।

১. তার দৈহিক আকৃতি, দ্বিতীয় শতকের ঐতিহ্য বলে যে পৌল বেটে, মোটা, টাকপড়া, বাকা পা, ঘণ ভুরু, এবং ঠেলে বের হওয়া চোখের অধিকারী ছিলেন বলেই সম্ভবত এই নাম হয়েছে, নেওয়া হয়েছে ক্যানন বহির্ভূত বই থেকে *Thessalonika called Paul and Thekla*
২. প্যাসেজ যেখানে পৌল নিজেকে “পবিত্রগণের মধ্যে সবচেয়ে ক্ষুদ্র” করেছেন তার কারণ তিনি মণ্ডলীকে অত্যাচার করতেন যেমন প্রেরিত ৯:১-২ পদে আছে (১ করি ১৫:৯; ইফি ৩:৮; ১ তীম ১:১৫)। অনেকেই একে দেখে থাকেন “ক্ষুদ্রাতিক্ষুদ্র” নিজে বেছে নেওয়া শিরোনামের উৎস হিসাবে। যাহোক, গালাতীয়া বাইতে, যেখানে তিনি যিরুশালেমের বারো জনের সাথে তার স্বাতন্ত্র্য ও সমতার গুরুত্ব দিয়েছেন, এটি যুক্তিগত ভাবে কোন না কোন ভাবে অসম্ভব (২ করি ১১:৫; ১২:১১; ১৫:১০)।

■ “একজন প্রেরিত” এটি একটি প্রচলিত গ্রীক শব্দ “পাঠান” এর জন্য (অর্থাৎ, *apostellō*)। দেখুন বিশেষ বিষয় ১ করি ৪:৯ পদে। এই টার্মটির বেশ কয়েকটি ধর্মতাত্ত্বিক ব্যবহার রয়েছে।

১. রাবিবরা এটি ব্যবহার করতেন একজনকে ডেকে তাকে আর একজনের কাছে অফিশিয়াল প্রতিনিধি হিসাবে পাঠাবার জন্য, অনেকটা আমাদের ইংরাজী “কুটনীতিক” (২ করি ৫:২০)।
২. সুসমাচার প্রায়ই এই টার্মটি ব্যবহার করেছে যীশুর জন্য যে পিতা তাঁকে পাঠিয়েছেন (মথি ১০:৪০; ১৫:২৪; মার্ক ৯:৩৭; লুক ৯:৪৮)। যোহনে এই টার্ম নিয়েছে Messianic ইঙ্গিত হিসাবে (যোহন ৪:৩৪; ৫:২৪,৩০,৩৬,৩৭,৩৮; ৬:২৯,৩৮,৩৯,৪০,৫৭; ৭:২৯; ৮:৪২; ১০:৩৬; ১১:৪২; ১৭:৩,৮,১৮,২১,২৩,২৫; ২০:২১)। এটি ব্যবহৃত হয়েছে যীশুর বিশ্বাসীদের পাঠানোতে (যোহন ১৭:১৮; ২০:২১)।
৩. নূতন নিয়ম এটি শিষ্যদের জন্য ব্যবহার করেছে।
 - ক. মূল বারো জন হলেন তারা যারা শিষ্যদের মধ্যে ছিলেন (লুক ৬:১৩; প্রেরিত ১:২১-২২)
 - খ. প্রেরিতদের সাহায্যকারী ও সহকর্মী একটি বিশেষ দল
 - (১) বার্ণাবা (প্রেরিত ১৪:৪,১৪)
 - (২) আন্দ্রনিক ও যুনিয় (KJV, যুনিয়, রোমীয় ১৬:৭)
 - (৩) আপোল্লো (১ করি ৪:৬-৯)
 - (৪) যাকোব, প্রভুর ভাই (গালা ১:১৯)
 - (৫) সিলবান ও তীমথিয় (১ থিষ ২:৬)
 - (৬) সম্ভবত তীত (২ করি ৮:২৩)
 - (৭) সম্ভবত ইফ্রদিত (ফিলি ২:২৫)
 - গ. মন্ডলীতে চলমান দান (১ করি ১২:২৮-২৯; ইফি ৪:১১)
৪. পৌল noun ব্যবহার করেছেন তার নিজের উপাধি হিসাবে তার বেশির চিঠিতে খ্রীষ্টের প্রতিনিধি হিসাবে তার ঈশ্বর দত্ত আহবান এবং কর্তৃত্ব বিষয়ে গুরুত্ব দানের উপায় হিসাবে (রোমীয় ১:১; ১ করি ১:১; ২ করি ১:১; গালা ১:১; ইফি ১:১; কল ১:১; ১ তীম ১:১; ২ তীম ১:১; তীত ১:১)।

■ “খ্রীষ্ট” এটি ইব্রীয় টার্ম *messiah* (দেখুন বিশেষ বিষয় ১ করি ১:২৩) এর গ্রীক সমতুল্য, যার অর্থ “অভিষিক্ত জন।” এটি ইঙ্গিত দেয় “কাউকে ঈশ্বর দ্বারা বিশেষ কাজের জন্য আহবান জানানো হয়েছে এবং সুসজ্জিত করা হয়েছে।” পুরাতন নিয়মে তিন ধরনের নেতাদের অভিষিক্ত করা হতো: যাজক, রাজা, এবং ভাববাদী। এই অভিষিক্তের তিনটি স্থানই যীশু পূরণ করেছিলেন (ইব্রীয় ১:২-৩)।

■ “যীশু” ইব্রীয় নামের অর্থ “YHWH রক্ষা করেন” বা “YHWH পরিত্রাণ আনেন।” নামটি তাঁর পিতামাতার কাছে প্রকাশিত হয়েছিল একজন দূতের দ্বারা (মথি ১:২১)। “যীশু” নামটি এসেছে পরিত্রাণের জন্য ইব্রীয় শব্দ, *hosea*, থেকে, ঈশ্বরের জন্য চুক্তির নাম YHWH এর suffixed। এটা একই নাম যেমন ইব্রীয় নাম যিহোশূয়।

গ্রীক পাণ্ডুলিপি এই টার্মের শৃংখলা নিয়ে বিভক্ত।

১. যীশু খ্রীষ্ট, A, D, G, K, L (Peshitta, KJV, NKJV)
২. খ্রীষ্ট যীশু, P⁴⁶, ৯, B, M, P (NASB, NRSV, TEV, NJB, NIV)

মনে হয় এই শৃংখলার কোন ধর্মতাত্ত্বিক তাৎপর্য নেই। দেখুন বিশেষ বিষয়: ঈশ্বরের জন্য নাম, পৃ. ৭৩, [\(SPECIAL TOPIC: NAMES FOR DEITY, See page 73\)](#) ১ করি ২:৮ পদে।

■ “ঈশ্বরের ইচ্ছায়” এই একই পরিচিতিমূলক শব্দগুচ্ছ ব্যবহৃত হয়েছে ১ করি ১:১; ২ করি ১:১; ইফি ১:১; কল ১:১; এবং ২ তীম ১:১ পদে। পৌল দৃঢ় ভাবে নিশ্চিত ছিলেন যে ঈশ্বর তাকে একজন প্রেরিত হিসাবে মনোনিত করেছেন। তার এই বিশেষ আহবানের উপলব্ধি শুরু হয়েছিল তার দম্বেশকের পথে ধর্মান্তরের সময় থেকে (প্রেরিত ৯:১-২২; ২৩:৩-১৬; ২৬:৯-১৮)। পৌল প্রায়ই জোর দিতেন তার ঈশ্বর দত্ত কর্তৃত্বে এবং আহবানে এটা নিশ্চিত করতে যে তার লেখনী অদ্বিতীয় ভাবে ঈশ্বরের কাছ থেকে এসেছে (অর্থাৎ, অনুপ্রাণিত, ২ তীম ৩:১৬; ১ করি ২:৯-১৩; ১ থিষ ২:১৩)।

■ “আমাদের ভাই তীমথিয়” ১ করি ১:১ পদে “সোস্ট্রিনি” উল্লেখিত হয়েছে; এখানে তীমথিয়ের নাম, সম্ভবত সহকর্মী, সহ লেকক, বা অনুলীপিকারক হিসাবে। এছাড়াও এটা সম্ভব যে পৌল তীমথিয়ের নাম উল্লেখ করেছেন কারণ এই মন্ডলী হয়তো খুবই সহানুভূতিপূর্ণ ছিল না তার প্রতি যখন সে পৌলের চিঠি ১ করিহীয়ে তাদের কাছে দিয়েছিল।

বিশেষ বিষয়: তীমথিয়

(SPECIAL TOPIC:TIMOTHY)

ক. তার নামের অর্থ “যিনি ঈশ্বরকে সম্মান করেন।”

খ. তিনি একজন যিহুদী মাতা এবং গ্রীক পিতার সন্তান ছিলেন এবং লুস্ট্রায় বাস করতেন (প্রেরিত ১৬:১)। রোমীয় ১৬:২১ পদের লাতিন অনুবাদের

Origen এর ব্যাখ্যামূলক বই বলে তীমথিয় দবীর একজন নাগরিক ছিলেন। এটি সম্ভবত প্রেরিত ২০:৪ পদ থেকে।

- গ. তিনি যিহুদী বিশ্বাসে (বা খ্রীষ্টিয়ান বিশ্বাস) প্রশিক্ষিত হয়েছিলেন তার মায়ের এবং দিদিমার দ্বারা (২ তীম ১:৫; ৩:১৪-১৫)।
- ঘ. তিনি স্পষ্টত খ্রীষ্টের উপর নির্ভর করেছিলেন পৌলের প্রথম প্রচার যাত্রায় (প্রেরিত ১৪:৬-৭)।
- ঙ. তাকে আহ্বান করা হয়েছিল পৌল এবং সীলের দ্বিতীয় প্রচার যাত্রায় প্রচারদলের সঙ্গী হবার জন্য (প্রেরিত ১৬:১-৫), স্পষ্টত যোহন মার্কেসের দায়িত্ব নেবার জন্য। তাকে ভাববাণী দ্বারা নিশ্চিত করা হয়েছিল (১ তীম ১:১৮; ৪:১৪)।
- চ. তিনি পৌলের দ্বারা তৃকচ্ছেদকৃত হয়েছিলেন যিহুদী এবং গ্রীক উভয়ে সাথে কাজ করা জন্য (প্রেরিত ১৬:৩)।
- ছ. তিনি পৌলের একজন নিবেদিত সঙ্গী ছিলেন এবং তার প্রেরিতমূলক প্রতিনিধি হয়েছিলেন। তার নাম পৌলের অন্য সাহায্যকারীদের নামের থেকে বেশিবার উল্লেখ করা হয়েছে (১৭ বার ১০টি পদে, রোমীয় ১৬:২১; ১ করি ৪:১৭; ১৬:১০; ফিলি ১:১; ২:১৯,২২; কল ১:৫; ১ তীম ১:২; ২ তীম ১:২; তীত ১:৪)।
- জ. পৌলের স্নেহের সাথে তাকে বলতেন “বিশ্বাসে আমার প্রিয় সন্তান” (১ তীম ১:২); “আমার প্রিয়তম সন্তান” (২ তীম ১:২); “একই বিশ্বাসে আমার সত্যিকারের সন্তান” (তীত ১:৪)। আরও লক্ষ্য করুন ১ করি ৪:১৭ পদে “আমার প্রিয়তম ও প্রভুতে বিশ্বস্ত সন্তান।”
- ঝ. তিনি স্পষ্টত রোমে ছিলেন যখন পৌলকে কারাগার থেকে মুক্ত করা হয় এবং তার চতুর্থ প্রচারযাত্রা সঙ্গী হয়েছিলেন (কল ১:১; ফিলিমন ১:১)।
- ঞ. তাকে ১ থিম ২:৬ পদে একজন “প্রেরিত” বলা হয়েছে একটি চলমান আত্মিক দান অর্থে মন্ডলীর জন্য (ইফি ৪:১১)।
- ট. তিনটি মধ্যে দুইটি পালকীয় পত্র তাকে উদ্দেশ্য করে লেখা হয়েছে।
- ঠ. তাকে শেষ উল্লেখ করা হয় ইব্রীয় ১৩:২৩ পদে (কিন্তু ধারাবাহিকভাবে ২ তীম ১:২ পদে)।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

NASB (আপডেটেড) টেক্সট: ২ করিহী ১:১

১ করিহী ১:১ “করিহী ১:১” এই চিঠি লিখি: (অনুবাদকৃত টেক্সট)।

১:১ “মণ্ডলী” এটি হল গ্রীক টার্ম *ekklesia* (দেখুন বিশেষ বিষয় ১ করি ১:২ পদে)। এটি দুটি শব্দ থেকে এসেছে, “বের হওয়া” এবং “ডাকা,” সেজন্য, টার্মটি ইঙ্গিত দেয় কাউকে ঐশ্বরীক ভাবে ডেকে বের করে আনা। প্রাথমিক মন্ডলী এই শব্দটিকে সাধারণ ব্যবহারের জন্য নিয়েছিল (প্রেরিত ১৯:৩২, ৩৯, ৪১) এবং যেহেতু সেপ্টুয়াজিট এই টার্ম ইস্রায়েলের সমবেত “জনসভা” এর জন্য ব্যবহার করেছে (গণনা ১৬:৩; ২০:৪)। তারা এটি তাদের নিজেদের জন্য ব্যবহার করেছে পুরাতন নিয়মের ঐশ্বরের লোকদের ধারাবাহিকতা হিসাবে। তারা হলেন নূতন ইস্রায়েল (রোমীয় ২:২৮০২৯; গালঅ ৬:১৬; ১ পিতর ২:৫, ৯; প্রকা ১:৬), ঐশ্বর বিশ্বব্যাপি প্রকার রকাছের পরিপূর্ণতা (আদি ৩:১৫; ১২:৩; যাত্রা ১৯:৫, ৬)।

■ “করিহী ১:১” এই শব্দগুচ্ছ প্রকাশ করেছে দুটি স্বতন্ত্র অর্থ “মণ্ডলী” সম্বন্ধে।

- এটি হল স্থানীয় নূতন জন্ম প্রাপ্ত, বাপ্তিস্ম গ্রহণকারী বিশ্বাসীদের দল। নূতন নিয়মের বেশির ভাগ জায়গাতে *ekklesia* শব্দ ব্যবহৃত হয়েছে এই স্থানীয় অর্থ প্রতিফলিত করতে।
- এটি আরও খ্রীষ্টের দেহের বিশ্বজনীন প্রকাশ। এটি দেখা যায় মথি ১৬:১৮ পদে (অর্থাৎ, প্রথম বারের মত দুর্লভ ব্যবহৃত টার্মটির যীশুর ব্যবহার, মথি ১৮:১৭ [দু’বার]; প্রেরিত ৯:৩১ পদ ব্যবহার করেছে singular “মণ্ডলী” যিহুদীয়া, গালীল, এবং শমরিয়ার জন্য; এবং চূড়ান্ত ভাবে এই টার্মের ব্যবহার ইফিষীয়ের জন্য, যেটি এশিয়া মাইনরেন মন্ডলী সমূহের কাছে বৃত্তাকারে আবর্তিত চিঠি (২ করি ১:২২; ৩:১০, ২১; ৫:২৩- ৩২)। একটি বৃহৎ খ্রীষ্টের দেহরূপ মন্ডলী সকল বিশ্বাসীদের সমন্বয়ে তৈরী হয়েছে (অনেকই এখন মৃত, অনেকই জীবিত) এবং এই বিশ্বজনীন দেহের স্থানীয় প্রকাশ।

■ “আর আখায়া প্রদেশের পবিত্রগণ” এই শুভেচ্ছা দেখায় যে পত্রটি একটি মণ্ডলী অপেক্ষা ব্যাপক শ্রোতাদের জন্য ছিল (যেভাবে পৌলের সকল চিঠি লেখা হয়েছে)। এটি হয়তো কাজ করতে পারে একটি চক্রাকারে আবর্তন করে সমগ্র অঞ্চলে যেমন করেছে গালাতীয়া এবং ইফিষীয়তে। যাহোক, এটি অদ্বিতীয় ভাবে করিহী ১:১ সমস্যার দিকে লক্ষ্য রেখেছে।

■ “পবিত্রগণ” এর অর্থ তারা পবিত্র আত্মার প্রতিনিধিত্বের মাধ্যমে যীশুর কাজের দ্বারা পবিত্র বলে স্বীকৃত হয়েছে (২ করি ৬:১১)। verb (*hagiazō*) সম্পর্কিত “পবিত্র” (*hagios*) এবং “পবিত্রগণ” (অর্থাৎ, “পবিত্র জন” *hagioi*) শব্দের সাথে। এটি আমাদের ঈশ্বরের জন্য পরিচর্যার উদ্দেশ্যে পৃথকীকরণের কথা বলছে। এখানে এটি উল্লেখ করছে তাঁতে আমাদের অবস্থান যেমন ২ করি ১:৩ পদ করেছে, কিন্তু নূতন নিয়মের অন্য জায়গায় বিশ্বাসীরা “পবিত্রতা” এর জন্য ক্ষুধার্ত হবে। এটি এমন একটি মর্যাদা যা লাভ করা যায়। পৌল উৎসাহ দিয়েছেন এই বিভক্ত, গর্বিত মণ্ডলীকে তাদের পবিত্রগণ বলে ডেকে, তাদের ব্যর্থতা ও পাপ সত্ত্বেও! দেখুন [বিশেষ বিষয়:পবিত্রগণ, পৃ.২৭, \(SPECIAL TOPIC: SAINTS, See page 27\)](#) ১ করি ১:২ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করি স্থীয় ১:২

২ আমাদের পিতা ঈশ্বর ও আমাদের প্রভু যীশু খ্রীষ্টের অনুগ্রহ ও শান্তি তোমাদের প্রতি বর্জুক। (অনুবাদকৃত টেক্সট)।

১:২ “ঈশ্বরের অনুগ্রহ ও শান্তি তোমাদের প্রতি বর্জুক” ঐতিহ্যগত ভাবে Hellenistic পত্রের আরম্ভ ছিল “শুভেচ্ছা” দিয়ে (প্রেরিত ২৩:২৬; যাকোব ১:১), “অনুগ্রহ” নয়। পৌল একটি শব্দ কৌশল তৈরী করেছেন “*chairein*” থেকে “*charis*” তে, যা একে অনন্য ভাবে খ্রীষ্টিয় করেছে (১ থি ১:১; গালা ১:৩)। কেউ কেউ জোর দিয়েছেন যে “শান্তি” প্রতিফলিত করেছে ইব্রীয় টার্ম “*shalom*” (দেখুন বিশেষ বিষয় ১ করি ১:৩ পদে)। এটি সম্ভব যে পৌল এই গণনা ৬:২৪-২৬ পদ থেকে আসা এই Aaronic আশীর্বাদের এই সমন্বিত টার্ম জানতেন। বেশির ভাগ পত্র Hellenistic এবং প্রেরিত পত্র ধন্যবাদজ্ঞাপনের প্রার্থনা দিয়ে শুরু হয়েছে, কিন্তু পৌল ও মন্ডলীর লোকদের মধ্যে সমস্যার কারণে, আরম্ভের ধন্যবাদ জ্ঞাপনের প্রার্থনা ঈশ্বরের প্রতি করা হয়েছে (২ তরি ১:৩-৭)।

■ “আমাদের পিতা ঈশ্বরের” এটি জোর দিয়েছে পরিবারের পরস্পরের মধ্যে ঘনিষ্ঠ আন্তরিক সম্পর্কের উপরে (মথি ৬:৯)। পুরাতন নিয়মে ঈশ্বর ইস্রায়েলীয়দের পিতা (যিশা ৬৪:৮; হোশেয় ১-৩; ১১)। যেহেতু ঈশ্বর ব্যক্তিগত তাই সবচেয়ে ভাল রূপক তাঁর সাথে ত্রিত্বের অন্যান্য সদস্যদের এবং তাঁর লোকদের সম্পর্ক বর্ণনা করতে যিহুদী পাবিারিক টার্ম। যেমন পিতা যীশুর সাথে সম্পর্কিত একটি উপমাশ্বরূপ, তেমনি তিন বিশ্বাসীদের সাথে সম্পর্কিত। দেখুন বিশেষ বিষয়:ঈশ্বরের পিতৃত্ব ১ করি ১:৩ পদে।

“অনুগ্রহ” এবং “শান্তি” উভয়ই পিতা ও পুত্রের কাছ থেকে এসেছে। পিতা ও যীশু সংযুক্ত ব্যাকরণগত ভাবে এক একক হিসাবে (অর্থাৎ, একটি preposition, কিন্তু দুটি objects)। এটি নূতন নিয়মের লেখকদের জন্য একটি প্রচলিত উপায় যীশুর ঈশ্বরত্বের উপরে জোর দানের (১ থি ১:১; ৩:১১; ২ থি ১:২,১২; ২:১৬)।

■ “এবং প্রভু যীশু খ্রীষ্ট” এই টার্মগুলি সম্পূর্ণ উপাধি “প্রভু যীশু খ্রীষ্ট” এর অংশ মাত্র (২ করি ১:২,৩,৭,৮,৯,১০)। এই তিনটি (২ করি ১:২,৩,৭,৮,৯, ১০) উপাধির প্রত্যেকটির রয়েছে আলাদা আলাদা তাৎপর্য।

১. “খ্রীষ্ট” হল গ্রীক অনুবাদ ইব্রীয় *Messiah* এর (অর্থাৎ, অভিযুক্ত জন)। এটি জোর দেয় যীশুর পুরাতন নিয়মের উপাধি যেমন YHWH প্রতিজ্ঞা করেছিলেন যে একজনকে পাঠাবেন ধার্মিকতার নূতন রাজ্য প্রতিষ্ঠা করতে।
২. “যীশু” নামটি বেথলেহমে শিশু যীশুকে স্বর্গদূত দ্বারা দেওয়া হয়েছিল (মথি ১:২১)। এটি দুটি ইব্রীয় noun দিয়ে গঠিত: “YHWH,” ঈশ্বরের নিয়মের নাম, এবং “salvation” (অর্থাৎ, *hosea*)। এটি একই ইব্রীয় নাম যেমন যিহোশূয়। যখন এটি একক ভাবে ব্যবহৃত হয় তখন প্রায়ই এটি মানুষ, নাসরতিয় যীশু, মরিয়মের পুত্রকে উল্লেখ করে (মথি ১:১৬, ২৫; ২:১; ৩:১৩, ১৫, ১৬)।
৩. “প্রভু” (ব্যবহৃত হয়েছে KJV তে ২ করি ১:১ পদে) ইব্রীয় টার্ম *adon* এর অনুবাদ, যার অর্থ “মালিক, স্বামী, কর্তা বা প্রভু।” যিহুদীরা ভয় পেত পবিত্র নাম YHWH উচ্চারণ করতে পাছে তারা নামটি অনর্থক নেয় এবং ১০ আজ্ঞার একটি ভঙ্গ করে। যখনই তারা শাস্ত্র পাঠ করতো, তারা YHWH এর পরিবর্তে *Adon* ব্যবহার করতো। এই জন্য আমাদের ইংরাজি অনুবাদ পুরাতন নিয়মের YHWH এর জায়গায় বড় হাতের প্রভু (Lord) ব্যবহার করেছে। এই উপাধি যীশুর প্রতি স্থানান্তরের দ্বারা (*kurios* গ্রীকে), নূতন নিয়মের লেখকেরা পিতার সাথে তাঁর ঈশ্বরত্ব ও সমতার বিষয়ে জোর দিয়েছেন।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করি স্থীয় ১:৩-৭

৩ আমাদের প্রভু যীশু খ্রীষ্টের ঈশ্বর ও পিতার গৌরব হোক, তিনিই করুণাময় পিতা এবং তিনিই সমস্ত সাক্ষনার ঈশ্বর, ৪ তিনি আমাদের সকল দুঃখ-কষ্টে সাক্ষনা দান করেন যেন আমরা অন্যদের যে কোন দুঃখ-কষ্টে সাক্ষনা দিতে পারি যেমন আমরা নিজেরা ঈশ্বরের দ্বারা সাক্ষনা পেয়েছি। ৫ কারণ খ্রীষ্টের কষ্টভোগ যেমন আমাদের প্রতি উপঢিয়া পড়ে, তেমনি খ্রীষ্টের মধ্যে দিয়ে আমাদের প্রতি সাক্ষনাও উপঢিয়া পড়ে। ৬ কিন্তু যদি আমরা কষ্টভোগ করি, তবে তা তোমাদের সাক্ষনা ও পরিদ্রাণের জন্য; অথবা যদি আমরা সাক্ষনা লাভ করি, তা তোমাদের জন্যই সাক্ষনা, সেই সাক্ষনা সেই একই রকমের ধৈর্যযুক্ত কষ্টভোগে কার্যকর, যে কষ্টভোগ আমরাও করছি; ৭ আর তোমাদের জন্য আমাদের আশা দৃঢ় ভিত্তিরূপ, জানি যে তোমরা যেমন আমাদের কষ্টভোগের সহভাগি, তেমনি তোমরা আমাদের সাক্ষনারও সহভাগি। (অনুবাদকৃত টেক্সট)।

১:৩ “গৌরব” আমরা ইংরাজি শব্দ পেয়েছি “প্রশংসাবাদ” এই গ্রীক শব্দ থেকে। এই টার্ম (সেপ্টুয়াজিট অনুসরণে) সব সময় ব্যবহৃত হয়েছে মানুষের ঈশ্বরের প্রশংসায় (লুক ১:৬৮)। মার্ক ১৪:৬১ পদ ঈশ্বরের নামের জন্য একটি periphrasis (অর্থাৎ, “গৌরবান্বিত জন”)। পৌল পিতার জন্য এই টার্ম ব্যবহার করেছেন রোমীয় ১:২৫; ৯:৫; ২ করি ১:৩; ১১:৩১; এবং ইফি ১:৩)।

■ “ঈশ্বর” এই প্রশংসার প্রার্থনা, ২ করি ১:৩-১১ পদ, ঈশ্বরকে তিন ভাবে বর্ণনা করেছে।

১. তিনি যীশুর পিতা
২. তিনি সকল করুণার পিতা
৩. তিনি সকল সান্ত্বনার পিতা

সাধারণ গ্রীক চিঠির গঠন ছিল চিঠির প্রাপকের প্রতি ধন্যবাদজ্ঞাপন প্রার্থনা, কিন্তু এই চিঠিতে ধন্যবাদ জ্ঞাপনের প্রার্থনা সরাসরি ঈশ্বরকে করা হয়েছে।

Yeshua এর পিতা হিসাবে YHWH (অর্থাৎ, যীশুর জন্য ইব্রীয় শব্দ), কেবলমাত্র প্রত্যাদেশ দ্বারা জ্ঞাত। দর্শনিকতার প্রয়োজন বা পরিকল্পনা থেকে কোন বিতর্ক নেই যা এই সম্পর্কিত ধর্মতত্ত্ব দিতে পারবে। ঈশ্বরের জন্য “প্রমাণ” এ সতর্ক হোন যা যুক্তিগত ভিত্তির শাস্ত্রীয় ভিত্তির পরিবর্তে, কিন্তু সেগুলি অনেক লোককে সাহায্য করে যারা প্রত্যাখান করে সত্য হিসাবে শাস্ত্রকে গ্রহণ করতে। দেখুন Elton Trueblood, *The Logic of Belief*।

■ “করুণার পিতা” গ্রীক টার্ম রয়েছে যেটি সম্পর্কিত “করুণা” বা “সহানুভূতি” এর সাথে।

১. *eleos*, সাধারণত উল্লেখ করে করুণা বা দয়ার অনুভূতি (২ করি ৪:১; রোমীয় ৯:১৫, যেটি হল যাত্রা ৩৩:১৯ পদের একটি উদ্ধৃতি)
২. *splanchna*, যেটি উল্লেখ করে দেহের ভিতরে অঙ্গে সহানুভূতির বা করুণার অনুমিত দৈহিক অবস্থান (ফিলি ২:১; কল ৩:১২)
৩. *oiktirmos*, অন্য পরিস্থিতিতে করুণা বা সহানুভূতি উপলব্ধি অনুভব করা বা প্রকাশ করা (২ করি ১:৩,৪-৬; রোমীয় ১২:১)

এই টার্ম বৈশিষ্ট্যময় করেছে ঈশ্বরের কাজ এবং অনুভূতি পতিত মানুষের প্রতি। এটি আমাদের সবচেয়ে মহৎ আশা-ঈশ্বরের অপরিবর্তনীয় করুণা ও অনুগ্রহ।

নূতন নিয়ম প্রায়ই ব্যবহার করেছে “পিতা” যোগ একটি *genitive* ঈশ্বরের বর্ণনায়।

১. করুণার ঈশ্বর (২ করি ১:৩)
২. গৌরবের পিতা ইফি ১:১৭ (প্রেরিত ৭:২; ১ করি ২:৮)
৩. সকলের পিতা (ইফি ৪:৬)
৪. আত্মার পিতা (ইব্রীয় ১২:৯; প্রকা ২২:৬)
৫. আলোর পিতা (যাকোব ১:১৭)
৬. বার বার পৌলের লেখনীতে, “আমাদের প্রভু যীশু খ্রীষ্টের পিতা”

১:৪-১১ “সান্ত্বনার” এই টার্ম, *paraklēsis*, এর ভিন্ন ভিন্ন রূপে, দশ বার ব্যবহৃত হয়েছে ২ করি ১:৩-১১ পদে। এটি হল মূল টার্ম সমগ্র প্যাসেজের এবং ১-৯ অধ্যায়েরও, যেখানে এটি পঁচিশ বার ব্যবহৃত হয়েছে। শব্দের অর্থ “পাশে ডেকে নেওয়া।” এটি প্রায়ই ব্যবহৃত হয়েছিল একজন উকিলের বিচারার্থক অর্থে যিনি বৈধ সাহায্য, সান্ত্বনা, এবং নির্দেশনা দান করেন।

এই প্রসঙ্গে এটি ব্যবহৃত হয়েছে উৎসাহ দান এবং সান্ত্বনা দানের অর্থে। একটি সম্পর্কযুক্ত টার্ম, *paraklētos*, পবিত্র আত্মার জন্য ব্যবহৃত যোহন ১৪:১৬,২৬; ১৫:২৬; ১৬:৭ পদে; এবং যীশুর জন্য ১ যোহন ২:১ পদে। এই প্রসঙ্গে এটি পিতার জন্য ব্যবহৃত।

parakaleō এর verb এর রূপ ব্যবহৃত হয়েছে বেশ কয়েকটি অর্থে।

১. সেপাটুয়াজিট
 - ক. উপদেশ, দ্বি বি ৩:২৮
 - খ. সান্ত্বনা, আদি ২৪:৬৭; ৩৭:৩৫; গীত ১১৯:৫০ (Messianic অর্থে; যিশা ৪০:১; ৪৯:১৩; ৫১:৩; ৬১:২)
 - গ. সহানুভূতি থাকা, দ্বি বি ৩২:৩৬; বিচার ২১:৮; গীত ১৩৫:১৪
 - ঘ. সান্ত্বনা দেওয়া, যিশা ৩৫:৪
 - ঙ. ডাকা, যাত্রা ১৫:১৩
২. পৌলের করিষ্টীয় লেখনীতে
 - ক. উপদেশ, ১ করি ১:১০; ৪:১৬; ১৪:৩০-৩১; ১৬:১৫-১৬; ২ করি ২:৮; ৫:২০; ৬:১; ৮:৪,৬; ১০:১
 - খ. সান্ত্বনা, প্রফুল্লিত হওয়া, ২ করি ১:৪,৬; ২:৭; ৭:৬,৭,১৩; ১৩:১১
 - গ. সহানুভূতি থাকা, সান্ত্বনা দেওয়া, ১ করি ৪:১৩
 - ঘ. অনুনয় করা, কাতর ভাবে প্রার্থনা করা, অনুরোধ করা, ১ করি ১৬:১২; ২ করি ৯:৫; ১২:১৮

১:৪ “যেন আমরা অন্যদের যে কোন দুঃখ-কষ্টে সান্ত্বনা দিতে পারি” দুটি কারণ বর্ণিত হয়েছে এই প্রসঙ্গে কেন খ্রীষ্টিয়ানেরা কষ্টভোগ করে: (১) যেন তারা অন্যদের সান্ত্বনা দিতে পারে, ২ করি ১:৪ এবং (২) নিজেদের উপরে নির্ভর করা থেকে আমাদের রক্ষা করে, ২ করি ১:৯। বিশ্বাসীরা একটি পতিত জগতে বাস করে। খারাপ বিষয় ঘটে; কিছু কিছু হল সংখ্যাগত, কিছু কিছু হল ব্যক্তিগত মন্দতা, কিন্তু সকলই ঈশ্বর দ্বারা ব্যবহৃত (পাঠান না, অনুমতি দেন) হতে পারে আমাদের পরিপক্বতা ও পরিচর্যার জন্য (রোমীয় ৮:২৮-২৯)। দেখুন See John W. Wenham, *The Goodness of God*

টার্ম, কষ্টভোগ, (অর্থাৎ, *thlipsis*), শব্দতত্ত্বগত ভাবে অর্থ “চিপে ধরা বা পেষা” (অর্থাৎ, আঙ্গুর প্রক্রিয়ার মত বা ময়দা তৈরী করার জন্য গম পেষাই করা), কিন্তু দেহের (২ করি ১:৬) বা আবেগগত (২ করি ২:৪; ১১:২৮) আঘাতের (২ করি ৪:৮; ৭:৫) জন্য রূপক ভাবে ব্যবহৃত হয়েছে।

কেবলমাত্র সংক্ষিপ্ত ব্যক্তিগত মন্তব্য। এই বইতে এটা জানা খুবই কঠিন যে পৌল “আমরা,” “আমাদিগকে,” এবং আমাদের” এই সব plural pronouns দ্বারা কাদের উল্লেখ করেছেন। এটা উল্লেখ করতে পারে (১) একমাত্র তার নিজেকে; (২) তাকে এবং তার প্রচার দলকে; (৩) তাকে এবং অন্য প্রেরিতদের; অথবা (৪) সকল বিশ্বাসীদের। কেবলমাত্র প্রসঙ্গ সিদ্ধান্ত নিতে পারে এবং মাঝে মাঝে এটি দ্ব্যর্থব্যাঞ্জক।

বিশেষ বিষয়:নির্যাতন (*thlipsis*)

{SPECIAL TOPIC: TRIBULATION (*thlipsis*)}

একটি ধর্মতাত্ত্বিক স্বতন্ত্রতা আবশ্যিক এই টার্ম (*thlipsis*) ব্যবহার পৌলের এবং যোহনের মধ্যে।

ক. পৌলের ব্যবহার (যেটি প্রতিফলিত করে যীশুর ব্যবহার)

১. সমস্যা, কষ্টভোগ, মন্দতা এই পতিত জগতে অর্ন্তভুক্ত

ক. মথি ১৩:২১

খ. রোমীয় ৫:৩

গ. ১ করি ৭:২৮

ঘ. ২ করি ৭:৪

ঙ. ইফি ৩:১৩

২. সমস্যা, কষ্টভোগ, মন্দতার কারণ অবিশ্বাস

ক. রোমীয় ৫:৩; ৮:৩৫; ১২:১২

খ. ২ করি ১:৪,৮; ৬:৪; ৭:৪; ৮:২,১৩

গ. ইফি ৩:১৩

ঘ. ফিলি ৪:১৪

ঙ. ১ থিষ ১:৬

চ. ২ থিষ ১:৪

৩. সমস্যা, কষ্টভোগ, মন্দতা শেষ কালের

ক. মথি ২৪:২১,২৯

খ. মার্ক ১৩:১৯,২৪

গ. ২ থিষ ১:৬-৯

খ. যোহনের ব্যবহার

১. যোহন একটি সুনির্দিষ্ট স্বতন্ত্রতা *thlipsis* এবং *orgē* বা *thumos* (ক্রোধ) এর মধ্যে বজায় রেখেছেন প্রকাশিত বাক্যে। *Thlipsis* হল অবিশ্বাসীরা বিশ্বাসীদের প্রতি যা করে এবং *orgē* ও *thumos* হল অবিশ্বাসীদের প্রতি ঈশ্বর যা করেন।

ক. *thlipsis* – প্রকা ১:৯; ২:৯-১০,২২; ৭:১৪

খ. *orgē* – প্রকা ৬:১৬-১৭; ১১:১৮; ১৬:১৯; ১৯:১৫

গ. *thumos* – প্রকা ১২:১২; ১৪:৮,১০,১৯; ১৫:১,৭; ১৬:১; ১৮:৩

২. যোহন আরও এই টার্ম ব্যবহার করেছেন তার সুসমাচারে এটা প্রতিফলিত করতে যে প্রতিটি যুগে বিশ্বাসীরা সমস্যায় সম্মুখীন হয় – যোহন ১৬:৩৩।

Copyright © 2014 Bible Lessons International

১:৫ “খ্রীষ্টের কষ্টভোগ যেমন আমাদের প্রতি উপচিয়া পড়ে” গ্রীক টার্ম *pathēma* এখানে ব্যবহৃত হয়েছে খ্রীষ্টের কষ্টভোগের জন্য (লুক ২২:১৫) এবং ২ করি ১:৬ এবং ৭ পদে বিশ্বাসীদের কষ্টভোগের জন্য।

পৌল ভিন্ন শব্দ ব্যবহার করেছেন প্রচার দলের দু:খভোগ/কষ্টভোগের (*thlipsis*) জন্য ২ করি ১:৪ পদে। পৌল বেশ কয়েকবার বিশ্বাসীদের উল্লেখ করেছেন খ্রীষ্টের সহ কষ্টভোগকারী হিসাবে (২ করি ৪:১০-১১; রোমীয় ৮:১৭; পিলি ৩:১০; কল ১:২৪)। যখন আমরা তাঁর মৃত্যু ও পুনরুত্থানের কথা প্রচার করি, আমরা তখন তাঁর দু:খভোগ ও নির্যাতনের কথাও প্রচার করি। কষ্টভোগি খ্রীষ্টিয়ানদের ধারণা প্রায়ই বলা হয়ে থাকে (প্রেরিত ১৪:২২; রোমীয় ৫:৩-৪; ৮:১৭; গালা ৬:১৭; ফিলি ১:২৯; ৩:১০; কল ১:২৪; ১ থিষ ৩:৩-৪; ২ তীম ৩:১২; ইব্রীয় ১৩:১৩; যাকোব ১:১-৪; ১ পিতর ২:১৯-২৩; ৩:১৪; ৪:১২-১৯)। এটা সকল খ্রীষ্টিয়ানদের জন্য মানদণ্ড। এই বিষয়টি মনে হয় একটি একত্রিত মূল ভাব ২ করিষ্টিয় চিঠির। খ্রীষ্টের কষ্টভোগও প্রচুর এবং উপচিয়া পড়েছে! হাঁ, খ্রীষ্টিয়ান হওয়ার জন্য বিশ্বাসীরাও পতিত জগতে কষ্টভোগ করবে, কিন্তু আমাদের ঈশ্বর আমাদের সকল প্রয়োজন মিটাবেন, খ্রীষ্টের মধ্যে দিয়ে দৈহিক, আবেগীয়, এবং আত্মিক। খ্রীষ্টের মৃত্যু এবং পুনরুত্থান কেবলমাত্র স্বর্গের জন্য নয়, কিন্তু এখানের জন্যও!

■ “উপচয়” পৌলের সাহিত্য পদ্ধতি ২ করিষ্টিয়তে দৃষ্টান্ত হতে পারে তার “উপচয়” ব্যবহার দ্বারা।

১. *perissos*, অতিরিক্ত এবং উপরে (২ করি ২:৭; ৯:১)

২. *perissoterōs*, অধিক উপচিয়া (২ করি ২:৪; ৭:১৩)

৩. *perisseuō*, অতিরিক্ত এবং উপরে (২ করি ১:৫; ৩:৯; ৪:১৫; ৮:২; ৯:৮)

৪. *perisseauma*, অধিক এবং যথেষ্ট (২ করি ৮:১৩,১৪)

৫. *perisseia*, সর্বোচ্চ উপচয় (২ করি ৮:২; ১০:১৫)

যখন বিষয়টি আসে যে ঈশ্বর খ্রীষ্টে বিশ্বাসীদের জন্য কি করেছেন, এটি সব সময়ই “সর্বোচ্চ উপচয়,” “অতিরিক্ত,” “উপরে এবং আরও দূরে”! দেখুন সম্পূর্ণ নোট ২ করি ২:৭ পদে।

১:৬ “যদি . . যদি” এই দুটি first class conditional sentences। এই পতিত জগতে খ্রীষ্টিয়ান নেতারা পীড়িত হবে, কিন্তু এটি যোগাবে সাহায্যের সম্পদ ও পরিত্রাণ তাদের জন্য যারা শুনবে। কষ্টভোগের একটি ঐশ্বরীক উদ্দেশ্য রয়েছে (২ করি ১:৭)।

■ “তবে তা তোমাদের সান্ত্বনা ও পরিত্রাণের জন্য” যেহেতু সান্ত্বনা পরিত্রাণের সাথে সংযুক্ত, এটা মনে হয় যে এটি পুরাতন নিয়মের টার্ম *sosō*, এর অর্থ অনুসরণ করেছে, যার অর্থ দৈহিক উদ্ধার (মথি ৯:২২; মার্ক ৬:৫৬; যাকোব ৫:২০)।

বেশ কিছু গ্রীক পাণ্ডুলিপি পার্থক্য রয়েছে যা সংযুক্ত ২ করি ১:৬-৭ পদের সাথে। সবচেয়ে বেশি স্পষ্ট কারণ হল যে “সান্ত্বনা” (*paraklēōs*) শব্দটি ২ করি ১:৬ পদে দ্বন্দ্ব তৈরী করেছে ঐ একই ৬^১ পদের গঠনে, যেটি হল মধ্যস্থতাকারী টেক্সট বাদ দিয়েছে। এই বাদ দেওয়ার সাথে, অন্য শব্দসমূহ অনুরিপিকারকদের দ্বারা যুক্ত হয়ে টেক্সটকে বোধগম্য করেছে।

■ “ধৈর্যযুক্ত কষ্টভোগ” সেন্দুয়াজিন্টে এই টার্মটি ব্যবহৃত হয়েছে আশা বা প্রত্যাশায় (যির ১৪:৮; ১৭:১৩; ৫০:৭)। পৌলের লেখায় এটি ইঙ্গিত দেয় একটি “সক্রিয়, দৃঢ়, স্বেচ্ছামূলক কষ্টবহিষ্কৃত্য,” যেটি কেবলমাত্র হতে পারে কষ্টভোগ দ্বারা সুসমচারের কারণে: বিশ্বাস করার কারণে, জীবন যাপনের কারণে, এবং সুসমাচার ঘোষণার কারণে। পৌলের লেখায় সংযুক্ত আছে “আশা” (২ করি ১:৭) এবং “ধৈর্যযুক্ত কষ্টভোগ” এর মধ্যে (রোমীয় ৫:৩-৫; ৮:২৫; ১৫:৪-৫); এবং ১ থিষ ১:৩; ১ তীম ৬:১১)।

১:৭ যেভাবে বিশ্বাসীরা নির্যাতন সহভাগ করে, যেমন যীশু করেছেন, তারাও ঈশ্বরের সান্ত্বনা সহভাগ করবে, যেমন যীশু করেছেন।

তাদের প্রতি পৌলের প্রত্যাশা ছিল:

NASB	“দৃঢ় ভিত্তিরূপ”
NKJV	“দৃঢ়তর”
NRSV	“অনড়”
TEV	“কখনো নড়বে না”
NJB	“নিরাপদ”

এটি একই টার্ম (*bebaios*) ব্যবহৃত হয়েছে ১ করি ১:৮ এবং ২ করি ১:২১ পদে।

বিশেষ বিষয়: নিশ্চয়তা (SPECIAL TOPIC: GUARANTEE)

এটি হল গ্রীক টার্ম *bebaios*, যার রয়েছে তিনটি অন্তর্নিহিত তাৎপর্য।

১. অর্থাৎ, যেটি নিশ্চিত, সুনির্দিষ্ট, বা যার উপরে নির্ভর করা যায় (রোমীয় ৪:১৬; ২ করি ১:৭; ইব্রীয় ২:২০; ৩:৬,১৪; ৬:১৯; ২ পিতর ১:১০,১৯)।
২. একটি প্রক্রিয়া যার মধ্যে দিয়ে কোন কিছুর নির্ভরযোগ্যতা দেখান যায় বা প্রতিষ্ঠিত হয় (রোমীয় ১৫:৮; ইব্রীয় ২:২, Louw and Nida, *Greek-English Lexicon of the New Testament*, Vol. 1, pp. 340,377,670)।
৩. papyri তে এটি হয়েছে কৌশলগত টার্ম বৈধ নিশ্চয়তার জন্য (Moulton and Milligan, *The Vocabulary of the Greek New Testament*, pp. 107-8)।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

NASB (আপডেটেড) টেক্সট: ২ করি স্থায়ী ১:৮-১১

^৮ কারণ আমরা চাই না যে তোমরা অজ্ঞাত থাকে, ভাইয়েরা, এশিয়া প্রদেশে আমাদের যে কষ্টভোগ হয়েছিল, সেখানে আমাদের সহ্যের অতিরিক্ত চাপ, আমাদের উপর পড়েছিল যে, জীবনের আশা আমরা ছেড়েই দিয়েছিলাম; ^৯ বাস্তবিক, আমরা আমাদের অন্তরে বুঝতে পারছিলাম যে, এবার আমরা মারা যাব এই জন্য যেন আমরা নিজেদের উপর নির্ভর না করি, বরং ঈশ্বরের উপরে যিনি মৃতদের জীবিত করে তোলেন; ^{১০} তিনি এক ভিষণ বিপদজনক মৃত্যুর হাত থেকে আমাদের রক্ষা করেছিলেন, এবং এখনও আমাদের রক্ষা করছেন, তিনিই সেই যার উপরে আমরা আশা রেখেছি। আর এর পরেও তিনি আমাদের রক্ষা করবেন, ^{১১} তোমরাও আমাদের জন্য প্রার্থনা করে আমাদের সাহায্য করছো, অনেকের প্রার্থনার মাধ্যমে সেই ধন্যবাদ আমাদের পক্ষে দেওয়া হয়েছে যে আশীর্বাদ আমাদের দেওয়া হয়েছে তার জন্য। (অনুবাদকৃত টেক্সট)।

১:৮ “আমরা চাই না যে তোমরা অজ্ঞাত থাকে, ভাইয়েরা” পৌল এই শব্দগুচ্ছ ব্যবহার করেছেন প্রায়ই হয় নুতন তথ্য দিতে না হয় উপসংহার করতে (রোমীয় ১:১৩; ১১:২৫; ১ করি ১০:১; ১২:১; ২ করি ১:৮; ১ থিষ ৪:১৩)।

■ “এশিয়া প্রদেশে আমাদের যে কষ্টভোগ হয়েছিল, সেখানে আমাদের সহ্যের অতিরিক্ত চাপ, আমাদের উপর পড়েছিল” এটা সঠিক ভাবে অনিশ্চিত যে এই গভীর শব্দগুচ্ছের দ্বারা পৌল কি উল্লেখ করেছেন।

১. প্রেরিত ১৯:২৩-৪১ পদে দিমিত্রিয়ের কারণে দাস্তা
২. “ইফিষে বুনো পশুদের সাথে যুদ্ধ” ১ করি ১৫:৩২ পদের।
৩. কারাবাস, সম্ভবত মৃত্যুদণ্ডদেশ মাথায় নিয়ে (২ করি ১:৯-১০)
৪. কোন ধরণের দৈহিক অসুস্থতা

এটা যাই হোক না কেন, এটা ছিল পৌলের জন্য জীবন বা মৃত্যুর অভিজ্ঞতা (২ করি ১:৮-১০) এবং দৃশ্যত করিছে মন্ডলী এসব কথা শুনেছিল সেজন্য পৌল সে বিষয়ে উল্লেখ করার প্রয়োজন বোধ করেন নাই।

“অতিরিক্ত” (*hyperbolē*) এর জন্য দেখুন বিশেষ বিষয়: পৌলের Huper সমন্বয় ব্যবহার ১ করি ২:১ পদে।

১:৯ “আমরা আমাদের অন্তরে বুঝতে পারছিলাম যে, এবার আমরা মারা যাব” এটি একটি অদ্ভুত মন্তব্য। প্রথমত, সকল প্রাচীন গ্রীক লেখনীর মধ্যে কেবল এখানেই “দন্ড” শব্দটি ব্যবহৃত হয়েছে, পরবর্তীতে এর অর্থ হয়েছে “মৃত্যুদণ্ড” (Josephus, *Antiquities* ১৪:১০:৬)। মনে হয় না যে এখানে পৌল বিচার বিভাগীয় আদেশের কথা উল্লেখ করেছেন, কিন্তু তার আসন্ন মৃত্যুর বিষয়ে ব্যক্তিগত অনুভূতি। এটাই তাকে ও তার সঙ্গীদের বাধ্য করেছিল নিজেদেরকে সম্পূর্ণ ভাবে ঈশ্বরের সাহায্য, সহানুভূতি এবং শক্তির উপরে ছেড়ে দিতে।

verb হল perfect active indicative। কেউ কেউ একে দেখেছেন কোন রোগের উল্লেখ হিসাবে পৌল ও তার সঙ্গীরা যার সম্মুখীন হয়েছিলেন, যার ছিল ধারাবাহিক ফলাফল। যাহোক, এটা ব্যাখ্যা হতে পারে aorist হিসাবে, ঠিক একই গঠন যেমন ২ করি ২:১৩ পদের।

এই সব কিছু যুক্ত হয়ে এই শব্দগুচ্ছকে করে তুলেছে সম্পূর্ণভাবে অনেক ভিন্ন ভিন্ন ব্যাখ্যা সহ দ্ব্যর্থব্যঞ্জক। যদিও একেবারে বাস্তব পরিস্থিতি অনিশ্চিত। পৌলের আত্মিক অর্থ হল স্পষ্ট-কষ্টভোগ বিশ্বাসীদের সাহায্য করে ঈশ্বরে, খ্রীষ্টে আরও বেশি করে এবং সম্পূর্ণ ভাবে নির্ভরতা রাখতে!

■ “যেন আমরা নিজেদের উপর নির্ভর না করি” ২ করি ১:৪ পদে যেমন প্রকাশ করেছে খ্রীষ্টীয় কষ্টভোগের প্রথম উদ্দেশ্য, এই পদ প্রকাশ করেছে দ্বিতীয় উদ্দেশ্য। এই একই সত্য আমরা দেখতে পাই পৌলের “মাংসে কন্টক” এ (২ করি ১২:৭-৯)। আত্মিক রাজ্যে বিশ্বাসসহ মানবিক দুর্বলতা ঈশ্বরের শক্তিকে মুক্ত করে।

■ “ঈশ্বর যিনি মৃতদের জীবিত করে তোলেন” পৌল কি ভাবছেন

১. পুরাতন নিয়মের লোকদের উদাহরণ ঈশ্বর জাগতিক জীবন ফিরিয়ে দিয়েছিলেন (১ রাজা ১৭:১৭-২২; ২ রাজা ৪:৩২-৩৭)
২. পুরাতন নিয়মের ধর্মতাত্ত্বিক মন্তব্য (দি বি ৩২:৩৯; ১ শমু ২:৬; ২ রাজা ৫:৭)
৩. ১ করি স্থায়ী ১৬ অধ্যায়ে তার পুনরুত্থান বিষয়ে আলোচনা

১:১০ “তিনিই সেই যার উপরে আমরা আশা রেখেছি” pronoun উল্লেখ করছে পিতা ঈশ্বরকে (২ করি ১:৯; ১ তীম ৪:১০)। কি চমৎকার বর্ণনামূলক উপাধি ঈশ্বরের জন্য। পৌল প্রায়ই ঈশ্বরের জন্য পরাক্রমী, চমৎকার, বর্ণনামূলক নুতন নুতন শব্দের উপাধি অবিস্কার করতেন (সম্পূর্ণ তালিকা দেখুন ২ করি ১:৩), যেমন

১. “করণার পিতা” (২ করি ১:৩)
২. “সকল সাক্ষ্যের ঈশ্বর” (২ করি ১:৩)
৩. “তাহার উপরে যিনি সমর্থ” (রোমীয় ১৬:২৫; ইফি ৩:২০)

verb হল perfect active indicative, যেটি ইঙ্গিত দেয় অতীতের সম্পন্ন হওয়া কোন কাজের যার ফল এখনও আছে (১ করি ১৫:১৯; ১ তীম ৫:৫; ৬:১৭)।

■ “রক্ষা করা” এই টার্ম ব্যবহৃত হয়েছে ২ করি ১:১০ পদে তিনবার। এটি অনুসরণ করেছে পুরাতন নিয়মের অর্থ দৈহিক, সামাজিক, আবেগীয়, আত্মিক উদ্ধার। পৌল এই টার্ম বেশ কয়েকবার ব্যবহার করেছেন (রোমীয় ৭:২৪; ১১:২৬; ১৫:৩১; ২ করি ১:১০; কল ১:১৩; ১ থিষ ১:১০; ২ থিষ ৩:২; ২ তীম ৩:১১; ৪:১৭-১৮)। তিনি সত্যিকার ভাবে ভাবতেন যে তিনি ইফিষে মারা যাবেন (২ করি ১:৮-১০)।

NASB “এক ভিষণ বিপদজনক মৃত্যুর হাত থেকে”

NKJV “ভিষণ মৃত্যুর হাত থেকে”

NRSV “মৃত্যুজনক বিপদের হাত থেকে”

TEV “এক ভয়ংকর বিপদ থেকে”

NJB “এক মৃত্যুর হাত থেকে”

গ্রীক পাণ্ডুলিপিতে পার্থক্য রয়েছে singular “এক ভিষণ মৃত্যু” (অর্থাৎ, MSS α , A, B, C, D, F, G) এবং plural (অর্থাৎ, MS P⁴⁶ এবং Syriac অনুবাদ, সেই সাথে যেভাবে Origen, Basil, Chrysostom, Theodoret, Jerome, and Augustine দ্বারা গ্রীক টেক্সট ব্যবহৃত হয়েছে) এর মধ্যে। plural (TEV) হল সবচেয়ে অস্বাভাবিক এবং সবচেয়ে প্রাচীন। এই plural দেখা যেতে পারে পৌলের ২ করি ৪:৮-১২; ৬:৩-১০; ১১:২৩-২৯ পদে উল্লেখিত অভ্যন্তরীণ ও বাহ্যিক সমস্যা যার সম্মুখীন হচ্ছিলেন তার তালিকা থেকে। UBS⁴ plural কে দিয়েছে “B” রেটিং (প্রায় নিশ্চিত)।

- NASB** “তোমরাও আমাদের জন্য প্রার্থনা করে আমাদের সাহায্য করছো”
NKJV “একসাথে আমাদের জন্য প্রার্থনা করে সাহায্য করছো”
NRSV “তোমরাও আমাদের সাথে প্রার্থনায় যোগ দিয়ে সাহায্য করছো”
TEV “তোমরাও আমাদের জন্য প্রার্থনা করে সাহায্য করছো”
NJB “আমাদের জন্য তোমাদের প্রার্থনা এই অবদান রাখবে”

বেশ কয়েকজন পণ্ডিত এই ব্যাকরণগত গঠন বিশ্বাস করেন (Murry J. Harris in *The Expositor's Bible Commentary*, vol. 10, p. 322) যেটি ব্যবহৃত হয়েছে একটি শর্তযুক্ত অর্থে (The Anchor Bible, vol. 32A, p. 115)। যদি বিশ্বাসীরা প্রার্থনা না করে, তাহলে সার্বভৌম ঈশ্বর কাজ না করাটা বেছে নেন (যাকোব ৪:২)। এটা আমাদের দেখায় মধ্যস্থতাকারী প্রার্থনার উপকার (ইফি ৬:১৮-২০)। পৌল অনুভব করেছেন যে খ্রীষ্টিয়ানদের প্রার্থনা ঈশ্বরের অনুগ্রহের সাথে সংযোগ করে তাদের মৃত্যু থেকে রক্ষা করে এবং অবিরত তাদের সুরক্ষা ও উদ্ধার করে। পৌলের ঈশ্বর দ্বারা উদ্ধার স্বীকৃত হবে এবং প্রশংসিত হবে অনেকের দ্বারা যারা পৌলের চলমান পরিচর্যা দ্বারা ধন্য হয়েছে।

■ “অনেকের” এটি আক্ষরিক ভাবে “মুখ মন্ডল”(অর্থাৎ, *prosōpon*)। পৌল এই টার্ম ২ করিন্থীয়তে প্রায়ই ব্যবহার করেছেন (২ করি ২:১০; ৩:৭ [দু'বার], ১৩, ১৮; ৪:৬; ৫:১২; ৮:২৪; ১০:১, ৭; ১১:২০)। এটা হতে পারে পুরাতন নিয়মের একটি পরোক্ষ উল্লেখ মানসম্মত যিহুদী প্রার্থনার দৈনিক ভঙ্গি মাথা উর্দ্ধে দিতে তুলে, যেটি একেবারে প্রসঙ্গের সাথে মিলে যায়।

পৌল এই টার্ম ২ করিন্থীয়তে বেশ কয়েকটি অর্থে ব্যবহার করেছেন:

১. ব্যক্তির জন্য, ২ করি ১:১১; ২:১০; ৪:৬
২. একজন ব্যক্তির মুখের জন্য, ২ করি ৩:৭ (দু'বার), ২ করি ১৩, ১৮; ১০:১, ৭; ১১:২০
৩. “সম্মুখে” অর্থের পূর্বে রূপকের জন্য (অর্থাৎ, অবস্থান, সময় নয়), ২ করি ৮:২৪
৪. বাহ্যিক অবয়বের জন্য রূপক (NRSV), ২ করি ৫:১২

NASB (আপডেটেড) টেক্সট: ২ করিন্থীয় ১:১২-১৪

^{১২} কারণ আমাদের নির্ভরতার গর্ব এই যে: আমাদের বিবেক এই সাক্ষ্য দিচ্ছে যে, ঈশ্বরের দেওয়া পবিত্রতায় এবং ঈশ্বরীয় সরলতায়, মাংসিক প্রজ্ঞায় নয় কিন্তু ঈশ্বরের অনুগ্রহে, আমরা জগতের মধ্যে নিজেদের পরিচালনা করেছি, এবং বিশেষ করে তোমাদের মধ্যে জীবন কাটিয়েছি। সেই জীবন আমরা জাগতিক জ্ঞানের পরিচালনায় কাটাই নি বরং ঈশ্বরের দয়ার পরিচালনায় কাটিয়েছি। ^{১৩} কারণ আমরা তো তোমাদের কাছে অন্য কোন কিছু লিখছি না যা তোমরা পড়তে পার বা বুঝতে পার তার বাইরে, আর আমি আশা করি তোমরা যেন শেষ পর্যন্ত তা বুঝতে পারবে; ^{১৪} ঠিক যেমন তোমরা আংশিক ভাবে আমাদের বুঝতে পেরেছ যে, তোমরা যেমন আমাদের গর্বের বিষয় হবে তেমনি আমরাও তোমাদের গর্বের বিষয় হব, আমাদের প্রভু যীশুর দিনে। (অনুবাদকৃত টেক্সট)।

১:১২ “আমাদের নির্ভরতার গর্ব” এই গ্রীক টার্ম *kauchaomai*, *kauchēma*, এবং *kauchēsis* ব্যবহৃত হয়েছে পৌলের দ্বারা ৩৫ বার এবং বাকী নূতন নিয়মে মাত্র দুবার (উভয়ই যাকোবে)। এটি ব্যাপক ভাবে ১ ও ২ করিন্থীয় পত্রে ব্যবহার করা হয়েছে।

দুটি প্রধান সত্য গর্বের সাথে সম্পর্কিত:

১. ঈশ্বরের সামনে কোন মাংস গৌরব/গর্ব করতে পারবে না (১ করি ১:২৯; ইফি ২:৯)
২. বিশ্বাসীদের প্রভুতেই গর্ব করা উচিত (১ করি ১:৩১; ২ করি ১০:১৭, যেটি যিরমিয় ৯:২৩-২৪ পদের একটি পরোক্ষ উল্লেখ) সেজন্য, উপযুক্ত এবং অনুপযুক্ত গর্ব/গৌরব করা রয়েছে (অর্থাৎ, অহংকার)।
 ১. উপযুক্ত
 - ক. গৌরবের প্রত্যাশায় (রোমীয় ৪:২)
 - খ. যীশু খ্রীষ্টের মধ্যে দিয়ে ঈশ্বরের (রোমীয় ৫:১১)
 - গ. প্রভু যীশু খ্রীষ্টের ত্রুশে (অর্থাৎ, পৌলের প্রধান থিম, ১ করি ১:১৭-১৮; গালা ৬:১৪)
 - ঘ. পৌল গর্ব করতেন
 - (১) ক্ষতিপূরণ ছাড়াই তার পরিচর্যার (১ করি ৯:১৫, ১৬; ২ করি ১০:১২)
 - (২) খ্রীষ্টের কাছ থেকে পাওয়া তার কর্তৃত্বের (২ করি ১০:৮, ১২)
 - (৩) তিনি অন্য মানুষের পরিশ্রমে পর্ব করতেন না (যেমন করিছে কিছু কিছু লোক করতো, ২ করি ১০:১৫)
 - (৪) তার বংশগত উত্তরাধিকার (যেমন করিছে অন্যরা করতো, ২ করি ১১:১৭; ১২:১, ৫, ৬)
 - (৫) তার মন্ডলীসমূহে
 - (ক) করিন্থীয় (২ করি ৭:৪, ১৪; ৮:২৪; ৯:২; ১১:১০)
 - (খ) থিমলোনীকীয় (২ থিম ১:৪)
 - (৬) ঈশ্বরের শাস্তনা ও উদ্ধার কাজে তার নির্ভরতা (২ করি ১:১২)
২. অনুপযুক্ত
 - ক. যিহুদী উত্তরাধিকারের সাথে সম্পর্কে (রোমীয় ২:১৭, ২৩; ৩:২৭; গালা ৬:১৩)
 - খ. করিন্থীয় মণ্ডলীর কিছু কিছু লোক গর্ব করতেন

(১) মানুষে (১ করি ৩:২১)

(২) জ্ঞানে (১ করি ৪:৭)

(৩) স্বাধীনতায় (১ করি ৫:৬)

গ. ভ্রান্ত শিক্ষকেরা করিছীয় মণ্ডলীতে গর্ব করতে চেষ্টা করতো।

■ “আমাদের বিবেক এই সাক্ষ্য দিচ্ছে” পৌল করিছীয় পত্রে প্রায়ই “বিবেক” টার্ম ব্যবহার করেছেন (১ করি ৪:৪; ৮:৭,১০,১২; ১০:২৫,২৭,২৮,২৯; ২ করি ১:১২; ৪:২; ৫:১১)। এটি উল্লেখ করে কোনটি উপযুক্ত আর কোনটি অনুপযুক্ত সে বিষয়ে মনের ভিতরের নৈতিক বোধ (প্রেরিত ২৩:১; রোমীয় ২:১৫)। আমাদের বিবেক প্রভাবিত হতে পারে আমাদের অতীত, আমাদের দুর্বল মনোনিয়ন, অথবা ঈশ্বরের আত্মা দ্বারা। এটা নির্ভুল নির্দেশনা নয় (১ করি ৪:৪; ৮:৭; ১ তীম ৪:২), কিন্তু এটি ব্যক্তিগত বিশ্বাসের সীমানা নির্ধারণ করে (১ তীম ১:৫,১৯)। সেজন্য, আমাদের বিবেককে এড়িয়ে যাওয়া, যদিও তা ভুল বা দুর্বল, হবে একটা বিশ্বাসের বড় সমস্যা।

বিশ্বাসীদের বিবেক হওয়া দরকার আরও আরও বেশি ঈশ্বরের বাক্য ও ঈশ্বরের আত্মা দ্বারা রূপান্তরিত (১তীম ৩:৯)। ঈশ্বর বিশ্বাসীদের বিচার করবেন যে আলো তারা পেয়েছে তার ভিত্তিতে, কিন্তু সকল বিশ্বাসীর দরকার আরও আলোর জন্য বাইবেল ও আত্মার কাছে দিনে দিনে ক্রমান্বয়ে উন্মুক্ত হওয়া যেন অবিরত তারা প্রভু যীশু খ্রীষ্টের জ্ঞানে বৃদ্ধি লাভ করে। এই প্রেক্ষাপটে, মেঘ কালীন বিচার দৃশ্যমান (২ করি ১:১৩-১৪)। ঈশ্বর মানুষের বিচার করবেন তাদের বুঝবার, তাদের বিবেকের আলোতে (রোমীয় ২:১৫-১৬; ৯:১; ১৩:৫)।

পৌলের উদ্দেশ্য এবং কাজ ব্যাপক ভাবে সমালোচিত হয়েছিল করিছের ভ্রান্ত শিক্ষকদের ক্ষুদ্র গোষ্ঠি দ্বারা (১০-১৩ অধ্যায়)। এটা মনে হয় যে সেখানে দুটি দল ছিল : (১) বিরোধীদের একটি স্থানীয় দল এবং (২) ভ্রাম্যমান পলেষ্টিয় যিহূদী ভ্রান্ত শিক্ষকদের একটি দল।

■ “পবিত্রতায়” কিছু কিছু গ্রীক পাণ্ডুলিপিতে আছে “পবিত্রতা” (অর্থাৎ, P⁴⁶, N^{*}, A, B, C, K, P, এবং Coptic NASB, NIV, এবং NJB অনুবাদসমূহ)। অন্যগুলিতে আছে “সরলতা” (অর্থাৎ, N², D, F, G, এবং Vulgate, Peshitta, NKJV, NRSV, এবং TEV অনুবাদসমূহ)। Bruce Metzger তার *A Textual Commentary on the Greek New Testament*, মন্তব্য করেছেন যে UBS³ এর জন্য অনুবাদ পরিষদ সমর্থন করেছে “সরলতা” (*haplotēti*), কিন্তু একে দিয়েছে “D” রেটিং, অর্থ খুব বড় রকমের সন্দেহ রয়েছে (পৃ...৫৭৫)। যাহোক, UBS⁴ সংস্করণ একে দিয়েছে “B” রেটিং, অর্থ প্রায় নিশ্চিত (পৃ..৬১২)। এই বর্ধিষ্ণু নিশ্চয়তা এসেছে এই সত্য থেকে যে পৌল এই “সরলতা” টার্ম ব্যবহার করেছেন ২ করি ১১:৩ পদে (এবং এই একই টার্ম ২ করি ৮:২; ৯:১১,১৩ পদে অনুবাদিত হয়েছে “উদারতা”), কিন্তু কখনোই তার কোন লেখনিতে তিনি *hagiotēti* ব্যবহার করেন নাই।

■ “সরলতায়” এই টার্মের দুটি অন্তর্নিহিত তাৎপর্য রয়েছে, “মহানুভব” বা “সরলতা।” এটি ছিল একটি রূপক যা দর্শনের সাথে সম্পর্কিত। পুরাতন নিয়মে চোখ ব্যবহৃত হয়েছিল দুটি উপায়ে উদ্দেশ্যের জন্য রূপক হিসাবে (১) মন্দ চোখ (অতিক্রমণ, BDB ৯৪৯, দ্বি বি ১৫:৯-১০) এবং (২) ভাল চোখ (মহানুভব, BDB 373 III, হিতো ২২:৯)। যীশু এই ব্যবহার অনুসরণ করেছেন (মথি ৬:২২-২৩; ২০:১৫)। পৌল দুটি অর্থে এই টার্ম ব্যবহার করেছেন।

১. “সরলতায়, সরল ভাবে, সিদ্ধতায়” (অর্থাৎ, কোন গোপন কর্মসূচি নেই বা ভ্রান্ত ছলনা, ২ করি ১:১২; ১১:৩; ইফি ৬:৫; কল ৩:২২)
২. “উদারতায়” (রোমীয় ১২:৮; ২ করি ৮:২; ৯:১১,১৩)

■ “মাংসিক প্রজ্ঞায় নয়” পৌল জাগতিক প্রজ্ঞার বিষয়ে ব্যাপক আলোচনা করেছেন ১ করিছীয়তে (১ করি ১:১৮-৩১; ২:১-১৬; এবং ৩:১৮-২৩ এবং ব্যঙ্গতায় ২ করি ৪:১০; ৬:৫ এবং সম্ভবত ১০:১৫)। পৌল একই শব্দগুচ্ছ ব্যবহার করেছেন মানবিক প্রজ্ঞা উল্লেখ করতে ১ করি ১:১৭; ২:৪,১৩-১৪ পদে। এই প্যারাডক্সে তিনি জাগতিক প্রজ্ঞা বনাম জগতে অনুগ্রহের মাধ্যমে জীবন যাপনের কৌশল তৈরী করেছেন। পৌলের প্রমাণ হল যে তার নেতৃত্ব কেবল যুক্তিগত নয় বা মৌখিক নয়, কিন্তু ঈশ্বর ভক্তির জীবন যাপন এবং ঈশ্বরের সম্মুখে স্পষ্ট বিবেক। পৌল দাবী করেছেন যে সেগুলি লিখিত সাধারণ ভাবে, সুস্পষ্ট, পূর্ব দিকের বোধগম্য টার্ম। যদি তারা অত্যন্ত প্রজ্ঞাবান হয়, তারা অবশ্যই দ্রুততায় এবং নির্ভুল ভাবে তার কথা, উদ্দেশ্য, এবং জীবন পদ্ধতির তাৎপর্য বুঝবে, কিন্তু তারা বোঝে নাই।

পৌল এই “মাংস” টার্ম বিভিন্ন ভাবে ব্যবহার করেছেন। দেখুন বিশেষ বিষয় ১ করি ১:২৬ পদে।

১:১৩-১৪ এই পদগুলি হল সমান্তরাল কাঠামোতে এবং মনে হয় উল্লেখ করছে পৌলের করিছীয়দের কাছে লেখা পৌলের আগের চিঠির (সেটি কোনটি তা অনিশ্চিত)। তিনি লিখেছেন যেন তা বোঝা যায়। যাহোক, তাদের মনোভাব ও জীবন পদ্ধতি দেখায় যে তারা কেবলমাত্র আংশিক বুঝেছে।

এই প্রসঙ্গে টার্ম *telous* এর অর্থ কি “সম্পূর্ণ” (TEV, NJB, NIV) অথবা “শেষ” (NASB, NKJV, NRSV)? উভয়ই অর্থ বহন করে। যদি “সম্পূর্ণ” (অর্থাৎ, তুলনায় সম্পূর্ণ ভাবে আংশিক) হয় তাহলে এটি সম্পর্কযুক্ত ২ করি ১:১৪ পদের প্রথম অংশের সাথে। যদি “শেষ” হয় তবে এটি “আমাদের প্রভু যীশু দিন” এর সমান্তরাল ২ করি ১:১৪ পদের একেবারে শেষে।

■ “তোমরা যেমন আমাদের গর্বের বিষয় হবে তেমনি আমরাও তোমাদের গর্বের বিষয় হবে” করিছের মণ্ডলী পৌলের প্রেরিতিক কার্যকারিতা অনুমোদন করেছিল। পৌলের আকাংখ্যা করতেন তাদের কথা, উদ্দেশ্য, এবং কাজ হবে গর্বের উৎস ও উপযুক্ত গর্ব যখন বিচারের জন্য ফিরে আসবেন (অর্থাৎ, “আমাদের প্রভু যীশুর দিন,” ১ করি ১:৮; ৫:৫; ফিলি ১:৬,১০; ২:১৬; ১ থিথ ৫:২; ২ থিথ ২:২)।

বিশেষ বিষয়: সেই দিন
(SPECIAL TOPIC: THAT DAY)

এই শব্দগুচ্ছ, “সেই দিনে” বা “ওই দিনে,” এটি অষ্টম শতকে ভাববাদীদের ঈশ্বরের পরিদর্শনের (উপস্থিতির) বিষয়ে কথা বলার একটি উপায় ছিল, বিচার বা পুনরুদ্ধার করতে এই উভয় ক্ষেত্রেই।

হোশেয়		আমোষ		মীখা	
ইতিবাচক	নেতিবাচক	ইতিবাচক	নেতিবাচক	ইতিবাচক	নেতিবাচক
১:১১	১:৫ ২:৩		১:১৪ (২) ২:১৬ ৩:১৪		২:৪ ৩:৬
২:১৫			৫:১৮(২) ৫:২০	৪:৬	
২:১৬	৪:৫		৬:৩	৭:১১(২)	৫:১০
২:১৮	৫:৯		৮:৩	৭:১২	৭:৪
২:২১	৬:২ ৭:৫ ৯:৫ ১০:১৪	৯:১১	৮:৯(২) ৮:১০ ৮:১৩		

এই ধারা ভাববাদীদের বৈশিষ্ট্য। ঈশ্বর সময় অনুসারে পাপের বিরুদ্ধে কাজ করতে যাচ্ছেন, কিন্তু তিনি তাদের জন্য অনুতাপ ও ক্ষমার একটি সুযোগ দিচ্ছেন যারা তাদের হৃদয় ও কাজ পরিবর্তন করতে ইচ্ছুক(অর্থাৎ, নূতন হৃদয়, নূতন মন, এবং নূতন আত্মা গ্রহণ করবে, যিহি ৩৬:২২-২৭)! ঈশ্বরের পরিত্রাণ ও পুনরুদ্ধারের কাজ সুসম্পন্ন হবে! তিনি সেই লোকদের পাবেন যারা তাঁর চরিত্রকে প্রতিফলিত করবে। সৃষ্টির উদ্দেশ্য (মানুষ ও ঈশ্বরের মধ্যে সহভাগিতা) পরিপূর্ণ হবে!

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

১:১৪ “আমাদের প্রভু যীশুর দিনে” শব্দগুচ্ছ “দিনে” হল পুরাতন নিয়মের একটি বাগধারা। আমোষ ২:১৬ পদের উপরে আমার কমেন্ট্রির নোট দেখুন।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করিথীয় ১:১৫-২২

^{১৫} এই দৃঢ় বিশ্বাসে আমি আগে তোমাদের কাছে যাব বলে ঠিক করেছিলাম, যেন তোমরা দু’বার আশীর্বাদ পেতে পার; ^{১৬} তাহল, মাকিদোনিয়া যাবার পথে তোমাদের সংগে দেখা করে যাব, এবং আবার মাকিদোনিয়া থেকে তোমাদের কাছেই ফিরে আসব, যেন তোমরা আমাকে যিহুদিয়াতে যাবার বিষয়ে সাহায্য করতে পার। ^{১৭} সেজন্য, যখন আমি এটা করতে ইচ্ছুক হয়েছিলাম তখন আমি কি কোন ভাষাশার মনোভাব নিয়ে করেছিলাম? অথবা আমি যা কিছু উদ্দেশ্য করি, তা কি আমি মাংসিক উদ্দেশ্যে করি, যেন আমার কাছে একই সময়ে হাঁ হাঁ হবে এবং না না হবে? ^{১৮} কিন্তু ঈশ্বর যেমন বিশ্বাস্য, তেমনি তোমাদের প্রতি আমাদের কথা হাঁ না হয় না। ^{১৯} কারণ ঈশ্বরের পুত্র, খ্রীষ্ট যীশু, যাঁর কথা তোমাদের কাছে আমাদের দ্বারা প্রচারিত হয়েছিল-আমি ও সীলবান ও তীমথিয়- তা হাঁ এবং না ছিল না, কিন্তু তাঁতে হাঁ হয়েছে। ^{২০} কারণ ঈশ্বরের যত প্রতিজ্ঞা, তাঁতে সে সকলই হাঁ হয়; সেই জন্য তাঁর মধ্যে দিয়ে আমাদের আমেন হয় আমাদের মধ্যে দিয়ে ঈশ্বরের গৌরব। ^{২১} এখন যিনি তোমাদের সাথে আমাদের খ্রীষ্টে স্থির করেছেন এবং আমাদের অভিষিক্ত করেছেন তিনি হলেন ঈশ্বর, ^{২২} যিনি আমাদের মুদাক্কিত করেছেন এবং আমাদের হৃদয়ে আত্মাকে বায়না হিসাবে দিয়েছেন। (অনুবাদকৃত টেক্সট)।

১:১৫ “এই দৃঢ় বিশ্বাসে” দেখুন সম্পূর্ণ নোট ২ করি ৩:৪ পদে।

■ “এই দৃঢ় বিশ্বাসে আমি আগে তোমাদের কাছে যাব বলে ঠিক করেছিলাম” “আমি ঠিক করেছিলাম” হল একটি imperfect tense যেটি উল্লেখ করে পুন পুন কাজের, এখানের চিন্তা হল অতীতের। ১ করি ১৬:২-৮ পদে পৌল তাদের তার ভ্রমণের পরিকল্পিত পরিকল্পনার কথা বলেছেন। কিন্তু তাদের কাজের কারণে, তিনি পরবর্তীতে তার মন পরিবর্তন করেন কারণ তিনি বিচার করার জন্য আসতে চাননি, কিন্তু আনন্দের সাথে! মৌখিক ভাবে ছোট দলগুলি তাকে সিদ্ধান্তহীনতায় ভোগের বলে দোষী করেছে, সেটা কেবল তার ভ্রমণ পরিকল্পনার জন্য নয়, কিন্তু তার সুসমাচারের জন্যও (২ করি ১:১৮-২০)।

NASB “যেন তোমরা দু’বার আশীর্বাদ পেতে পার”

NKJV “যে তোমরা দ্বিতীয়বার আশীর্বাদ পেতে পার”

NRSV “যেন তোমরা দ্বিগুণ সমর্থন পেতে পার”
TEV “এই জন্য যে তোমরা যেন দু’বার আশীর্বাদ পেতে পার”
NJB “যেন তোমরা দ্বিগুণ ভাবে উপকৃত হতে পার”

এখানে গ্রীক পাত্ৰলিপিত পার্থক্য রয়েছে। কোন কোন পাত্ৰলিপিতে রয়েছে *charin*, যেটি এসেছে থেকে *charis*, যার অর্থ উপকার বা সমর্থন (অর্থাৎ, χ^* , A, C, D, F, G, এবং Syriac ও Armenian অনুবাদ)।

অন্যান্য পাত্ৰলিপিতে রয়েছে *charan*, যেটি এসেছে *chara* থেকে, যার অর্থ আনন্দ, উৎফুল্লাতা, বা উল্লাস (অর্থাৎ, χ^2 , B, L, P)। UBS⁴ এর গ্রীক টেক্সট *charin* কে দিয়েছে "B" (প্রায় নিশ্চিত) রেটিং। প্রসঙ্গে (অর্থাৎ, ২ করি ১:১৬) এটি উল্লেখ করে পৌলের দুবার করিছে তাদের কাছে আসা যেন তার ভ্রমণের প্রয়োজনীয় দরকারী জিনিসগুলো তারা তাকে দিতে পারে (Gordon D. Fee, *To What End Exegesis?*, pp. 99-104)।

১:১৬ “যেন তোমরা আমাকে যিহূদিয়াতে যাবার বিষয়ে সাহায্য করতে পার” পৌল করিছীয় মণ্ডলীর কাছ থেকে কোন অর্থ নেবেন না যখন তিনি তাদের পরিচর্যা করবেন। তার ভয় ছিল যে এই বিষয়ে নিয়ে তাকে আক্রমণ করা হতে পারে। উল্টোটা হয়েছে তিনি তাদের কাছ থেকে অর্থ না নেবার জন্য আক্রমণের শিকার হয়েছেন।

এই শব্দগুচ্ছ ইঙ্গিত দেয় যে তিনি এই মণ্ডলীকে সুযোগ দিয়েছেন তার প্রাচার যাত্রায় তাকে প্রয়োজনীয় বিষয়ের যোগান দিতে (১ করি ১৬:৬; রোমীয় ১৫:২৪)। এটা হতে পারে তার প্রতি ও সুসমাচারের প্রতি তাদের আনুগত্যের একটি পরীক্ষা এবং তার সমালোচনায় নিরব থাকার।

১:১৭ “তা কি আমি মাংসিক উদ্দেশ্যে করি” এই শব্দগুচ্ছ প্রতিফলিত করতে পারে পৌলের সমালোচনা (২ করি ১০:২-৩; ১১:১৮) অথবা পৌল যা করছেন তার মধ্যে দিয়ে ঈশ্বরের ইচ্ছাকে অনুসন্ধান করছেন, এমনকি ভ্রমণের মধ্যে দিয়েও (১ করি ৪:১৯; ১৬:৭; প্রেরিত ১৮:২১; রোমীয় ১:১০; ১৫:৩২)।

এটি হল ২য় অপশন যেটি এই প্রসঙ্গে সবচেয়ে ভাল খাপ খায় যা দেখা যেতে পারে ২ করি ১:১৮ থেকে। ঈশ্বরের বিশ্বস্ততা পৌলের লেখনীতে বার বার বলা একটি মূল বিষয় (১ করি ১:৯; ১০:১৩; ১ থিম ৫:২৪; ২ থিম ৩:৩)।

“মাংস” এর জন্য ১ করি ১:২৬ পদে বিশেষ বিষয় দেখুন।

১:১৮ “ঈশ্বর বিশ্বাস্য” বিশ্বস্ততাকে গুরুত্ব দেবার জন্য প্রথমে রাখা হয়েছে। পৌলের লেখনীতে এটি ঈশ্বরের জন্য একটি বর্ণনামূলক উপাধি হয়ে পড়েছে (১ করি ১:৯; ১০:১৩; ১ থিম ৫:২৪; ২ থিম ৩:৩)। পুরাতন নিয়মে বিশ্বাস সাধারণত বোঝা হতো বিশ্বস্ততা বলে। এটি হল ঈশ্বরের একটি চরম গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য (দ্বি বি ৭:৯; যিশা ৪৯:৭)। তাঁর অনুগ্রহশীল, বিশ্বস্ত চরিত্র অপরিবর্তনীয় (মালাখী ৩:৬)। মানুষের আশা মানবিক কাজে বা সমর্পনে নয়, কিন্তু ঈশ্বরের চরিত্র ও প্রতিজ্ঞায় (২ করি ১:১২, ১৫, ২০)!

১:১৯ “ঈশ্বরের পুত্র, খ্রীষ্ট যীশু” পৌল প্রায়ই “ঈশ্বরের পুত্র” শব্দগুচ্ছটি ব্যবহার করতেন না (রোমীয় ১:৪; এখানে, এবং গালা ২:২০)। যাহোক, ধারণা ও সম্পর্কিত শব্দগুচ্ছ খুব সাধারণ। দেখুন ১ করি ১:৯ পদে বিশেষ বিষয়।

■ “সীলবান” সীল বা সীলবান, যাকে পৌল মনোনীত করেছিলেন বার্ণবা ও যোহন মার্ক কুপ্রতে ফিরে যাবার পরে তার দ্বিতীয় প্রচার যাত্রায় যাবার জন্য।

১. তার কথা বাইবেলে প্রথম উল্লেখিত হয়েছে প্রেরিত ১৫:২২ পদে যেখানে তাকে যিরূশালেমের মণ্ডলীর ভাইদের মধ্যে প্রধান লোক ডাকা হয়েছে।
২. তিনি একজন ভাববাদীও ছিলেন (প্রেরিত ১৫:৩২)।
৩. তিনি পৌলের মত একজন রোমীয় নাগরিক ছিলেন (প্রেরিত ১৬:৩৭)।
৪. তাকে এবং যিহূদা বার্ষিক যিরূশালেম থেকে আস্তিখিয়াতে পাঠানো হয়েছিল অবস্থা পর্যবেক্ষণের জন্য (প্রেরিত ১৫:২২, ৩০, -৩৫)।
৫. পৌল ২ করি ১:১৯ পদে তার কথা উল্লেখ করেছেন সহ-সুসমাচার প্রচারক হিসাবে।
৬. পরবর্তীতে তাকে চিহ্নিত করা হয়েছে পিতরের সাথে ১ পিতর লেখনীতে (১ পিতর ৫:১২)।
৭. পৌল এবং পিতর উভয়েই তাকে সীলবান বলে ডেকেছেন যখন লুক তাকে সীল বলে উল্লেখ করেছেন (শৌলের Aramaic রূপ)। এটা সম্ভব যে সীল ছিল তার যিহূদী নাম এবং সীলবান ছিল তার ল্যাটিন নাম (F. F. Bruce, *Paul: Apostle of the Heart Set Free*, p. 213)।

১:১৯-২০ “কিন্তু তাঁতে হাঁ হয়েছে” ১৯ ও ২০ পদ ধর্মতত্ত্বগত ভাবে একীভূত! পৌল বলতে চেষ্টি করেছেন যে কার্যকারী দল (তিনি নিজে, সীলবান, ও তীমথিয়) যীশুকে প্রচার করেছে ঈশ্বরের প্রতিজ্ঞার পূর্ণতা যেমন ঈশ্বরের পুত্র হিসাবে এবং তেমনই মানবের কাছে একমাত্র আশা যেভাবে পুরাতন নিয়মের প্রকাশের চূড়ান্ত রূপ! তাদের প্রচার কোন গাল গল্প ছিল না, কিন্তু ছিল সুনির্দিষ্ট (২ করি ১:১৮)। যীশু হলেন পিতার প্রতিটি প্রতিজ্ঞা, প্রতিটি প্রয়োজন, প্রতিটি আশার জন্য “হ্যা” (অর্থাৎ, perfect active indicative of *ginomai*)। যীশুর নিশ্চয়তার দ্বারা, তারা ঈশ্বরের যোগানের বিষয়ে তারা তাঁকে গৌরব দান করছে।

করিষ্টের সব মন্ডলী জ্ঞান (১) ঈশ্বরের, (২) তাঁর পুত্রের, (৩) তাঁর প্রতিজ্ঞার (রোমীয় ৯:৪) এবং (৪) তাঁর অনুগ্রহের যোগান নেমে এসেছে পৌলের কার্যকারী দলের মাধ্যমে। যদি তারা পৌলের উদ্দেশ্য এবং বার্তার বিষয়ে সন্দেহ করতে শুরু করে, তবে তারা সুসমাচারের নির্ভরতা হারাবে!

১:২০ “আমেন” পরিপূর্ণ নোট দেখুন ১ করি ১৪:১৬ পদে।

■ “গৌরব” দেখুন বিশেষ বিষয়: মহিমা (*DOXA*), পৃ..৭৩, (*SPECIAL TOPIC: GLORY (DOXA)*, See page 73) ১ করি ২:৭ পদে।

১:২১-২২ এই দুটি পদে নির্দিষ্ট কাঠামো রয়েছে যা বর্ণনা করে ঈশ্বর (অর্থাৎ, “একজন যিনি”) কার্যকরী দলকে সজ্জিতকরণ ও নিশ্চিতকরণের জন্য কি করেছেন।

১. ঈশ্বর আমাদের প্রতিষ্ঠা করেছেন, ২ করি ১:২১ (১ করি ১:৮)। এটি একটি present active participle যেটি দেখিয়ে দেয় চলমান কাজকে। এর অর্থ নিশ্চিত করা, প্রতিষ্ঠা করা, অবিচল রাখা, দোদুল্যমান না করা (২ করি ১:৭; রোমীয় ৪:১৬)। এই টার্মটি ব্যবহৃত হয়েছে papyri তে বৈধ নিশ্চয়তা উল্লেখ করতে (Moulton and Milligan, p. 107)।

২. ঈশ্বর আমাদের অভিষিক্ত করেছেন, ২ করি ১:২১ (১ যোহন ২:২০, ২৭)। এটি একটি aorist active participle। tense টি দেখিয়ে দেয় সম্পূর্ণ, এক-কালীন কাজকে। টার্মটি নিজেই প্রতিফলিত করে ইস্রায়েলের কোন কোন নেতাদের পরিচর্যার জন্য ঈশ্বরের মনোনয়ন ও সুসজ্জিতকরণের পুরাতন নিয়মের ধারণা

ক. ভাববাদীগণ, ১ রাজাবলী ১৯:১৬ এবং সম্ভবত ১ বংশাবলী ১৬:২২; গীত ১০৫:১৫ পদের সমান্তরাল

খ. যাজকগণ, যাত্রা ৪০:১৫; লেবীয় ৪:৩; গীত ১০৫:১৫

গ. রাজাগণ, ১ শমু ৯:১৬; গীত ২:২; ১৮:৫০; ২০:৬; হবককুক ৩:১৩

এই টার্ম যেটি গ্রীকে অনুবাদিত হয়েছে “খ্রীষ্ট” যখন মশীহের বিষয়ে উল্লেখিত হয়েছে (অর্থাৎ, অভিষিক্ত জন)। বিশ্বাসীদেরও মনোনীত ও সুসজ্জিত করা হয়েছে ঈশ্বরের রাজ্যের উদ্দেশ্যে পরিচর্যা করার জন্য।

৩. ঈশ্বর আমাদের মুদ্রাঙ্কিত করেছেন, ২ করি ১:২২ (যোহন ৩:৩৩; ৬:২৭; রোমীয় ৪:১১; ১৫:২৮; ১ করি ৯:২; ইফি ১:১৩; ৪:৩০; ২ তীম ২:১৯; প্রকা ৭:৩-৮)। এটি একটি যেটি অর্থ করে কোন কিছু বা কাউকে চিহ্নিত করা একজনের সম্পত্তি হিসাবে, বা খাঁটি হিসাবে, বা নিরাপদে মুক্ত করা হয়েছে। বিশ্বাসীরা ঈশ্বরের অধিকার!

৪. ঈশ্বর আমাদের অন্তরে আত্মাকে দিয়েছেন বায়না হিসাবে, ২ করি ১:২২ (২ করি ৫:৫; রোমীয় ৮:৯-১৬, ২৩, ২৬-২৭; ইফি ১:১৩-১৪)।

টার্ম “দিয়েছেন” হল আর একটি aorist active participle, ইঙ্গিত দেয় একটি সম্পূর্ণ কাজের। ঈশ্বর পরিপূর্ণ ভাবে তাঁর সন্তানদের যোগান দিয়েছেন।

১. প্রতিষ্ঠা করেছেন (present tense)

২. অভিষিক্ত করেছেন (aorist tense)

৩. মুদ্রাঙ্কিত করেছেন (aorist tense)

৪. আত্মাকে দিয়েছেন (aorist tense)

এই সব সুযোগ সুবিধা পৌলের নির্ভরতার সাথে সম্পর্কিত ২ করি ১:১৫, ১৯-২০ পদে। পৌলের নির্ভরতা পিতা ও পুত্র ও আত্মার কাজ ও যোগানের উপরে ছিল।

■ “খ্রীষ্ট. . . ঈশ্বর. . . আত্মা” লক্ষ্য করুন যে ত্রিভুত আমাদের আশ্বাসে সক্রিয় (দেখুন পরবর্তীতে বিশেষ বিষয়)। যদিও টার্ম “ত্রিভুত” বাইবেলে দেখা যায় না, কিন্তু ধারণাটি বার বার এসেছে (১ করি ১২:৪-৬; ২ করি ১৩:১৪)। খ্রীষ্ট ধর্ম হল এক-ঈশ্বরবাদী বিশ্বাস (দ্বি বি ৬:৪)। যাহোক, যদি যীশু ঐশ্বরীক হন এবং পবিত্র আত্মা ব্যক্তি হন তাহলে আমাদের এক ঐশ্বরীক আত্মায় তিন ব্যক্তি। এক ত্রিভুত একতা! দেখুন বিশেষ বিষয় ১ করি ২:১০ পদে।

বিশেষ বিষয়: আশ্বাস

(SPECIAL TOPIC: ASSURANCE)

ক. খ্রীষ্টিয়ানেরা কি জানতে পারে যে তারা উদ্ধার পেয়েছে (১ যোহন ৫:১৩)? ১ যোহনে তিনটি পরীক্ষা বা প্রমাণ রয়েছে।

১. মতবাদগত (বিশ্বাস, ১ যোহন ১:১, ৫, ১০; ২:১৮-২৫; ৪:১-৬, ১৪-১৬; ৫:১১-১২)

২. জীবন পদ্ধতি (বাহ্যতা, ১ যোহন ২:২-৩; ২:৩-৬; ৩:১-১০; ৫:১৮)

৩. সামাজিক (ভালবাসা, ১ যোহন ১:২-৩; ২:৭-১১; ৩:১১-১৮; ৪:৭-১২, ১৬-২১)

খ. নিশ্চয়তা হয়ে পড়েছে একটি ডিনোমিনেশনাল বিষয়

১. জন ক্যালভিন ভিত্তি করেছেন ঈশ্বরের নির্বাচনের নিশ্চয়তার উপরে। তিনি বলেছেন যে আমরা এই জীবনে কখনোই নিশ্চিত হতে পারি না।

২. জন ওয়েসলী ধর্মীয় অভিজ্ঞতার নিশ্চয়তার উপরে ভিত্তি করেছেন। তিনি বিশ্বাস করেন যে আমাদের জানা পাপের উর্ধ্বে জীবন যাপনের ক্ষমতা আমাদের রয়েছে।

৩. রোমান কাথলিক এবং চার্চ অফ ক্রাইস্ট কর্তৃত্বমূলক চার্চের নিশ্চয়তার উপরে ভিত্তি করেছেন। এই দলের মধ্যে একদল নিশ্চয়তার চাবির অধিকারী।

৪. বেশীর ভাগ ইভানজেলিক্যাল দল বাইবেলের প্রতিজ্ঞার নিশ্চয়তার উপরে ভিত্তি করেছেন, বিশ্বাসীদের জীবনে (অর্থাৎ, প্রতিদিন খ্রীষ্টসাদৃশ্যতা) আত্মার ফল সংযুক্ত (গালা ৫:২২-২৩)।

গ. বিশ্বাসীদের প্রাথমিক নিশ্চয়তা হল ত্রিভুত ঈশ্বরের চরিত্রের সঙ্গে সংযুক্ত থাকা

১. পিতা ঈশ্বরের ভালবাসা

ক. যোহন ৩:১৬; ১০:২৮-২৯

খ. রোমীয় ৮:৩১-৩৯

গ. ইফিষীয় ২:৫, ৮-৯

ঘ. ফিলিপীয় ১:৬

- ঙ. ১ পিতর ১:৩-৫
 চ. ১ যোহন ৪:৭-২১
২. পুত্র ঈশ্বরের কাজ
 ক. আমাদের পক্ষে মৃত্যুবরণ করা
 ১) প্রেরিত ২:২৩
 ২) রোমীয় ৫:৬-১১
 ৩) ২ করিন্থীয় ৫:২১
 ৪) ১ যোহন ২:২; ৪:৯-১০
 খ. মহা যাজকীয় প্রার্থনা (যোহন ১৭:১২)
 গ. অবিরত মধ্যস্থতা
 ১) রোমীয় ৮:৩৪
 ২) ইব্রীয় ৭:২৫
 ৩) ১ যোহন ২:১
৩. আত্মা ঈশ্বরের পরিচর্যা
 ক. আহবান করা (যোহন ৬:৪৪, ৬৫)
 খ. মুদ্রাংকন করা,
 ১) ২ করিন্থীয় ১:২২; ৫:৫
 ২) ইফিষীয় ১:১৩-১৪; ৪:৩
 গ. আশ্বস্ত করা
 ১) রোমীয় ৮:১৬-১৭
 ২) ১ যোহন ৫:৭-১৩
- ঘ. কিন্তু মানুষকে অবশ্যই ঈশ্বরের নিয়মের দানে (প্রারম্ভিক ও অবিরত ভাবে) সাড়া প্রদান করতে হবে।
 ১. বিশ্বাসীদের অবশ্যই পাপ থেকে ফিরতে হবে (মন পরিবর্তন) এবং খ্রীষ্টের মধ্যে দিয়ে ঈশ্বরের দিকে (বিশ্বাস)
 ক. মার্ক ১:১৫
 খ. প্রেরিত ৩:১৬, ১৯; ২০:২১
 ২. বিশ্বাসীদের খ্রীষ্টে অবশ্যই ঈশ্বরের দান গ্রহণ করতে হবে (দেখুন [বিশেষ বিষয়:এগুলির অর্থ কি "গ্রহণ করা," "বিশ্বাস করা," স্বীকার করা/স্বীকারোক্তি," "ডাকা"?](#) ([Special Topic: What Does It Mean to "Receive," "Believe," "Confess/Profess," "Call Upon"?](#))
 ক. যোহন ১:১২; ৩:১৬
 খ. রোমীয় ৫:১ (এবং উপমা দ্বারা ১০:৯-১৩)
 গ. ইফিষীয় ২:৫, ৮-৯
৩. বিশ্বাসীদের সব সময়ই বিশ্বাসের মধ্যে থাকতে হবে (দেখুন [বিশেষ বিষয়:কষ্টসহিষ্ণুতা](#) ([Special Topic: Perseverance](#))
 ক. মার্ক ১৩:১৩
 খ. ১ করিন্থীয় ১৫:২
 গ. গালাতীয় ৬:৯
 ঘ. ইব্রীয় ৩:১৪
 ঙ. ২ পিতর ১:১০
 চ. যিহুদা ২০-২১
 ছ. প্রকাশিত বাক্য ২:২-৩, ৭, ১০, ১৭, ১৯, ২৫-২৬; ৩:৫, ১০, ১১, ২১
- ঙ. নিশ্চয়তা কঠিন কারণ
 ১. বিশ্বাসীরা প্রায়ই নিশ্চিত অভিজ্ঞতার অন্বেষণ করে কিন্তু বাইবেলের প্রতিজ্ঞা নয়
 ২. প্রায়ই বিশ্বাসীরা সম্পূর্ণ ভাবে সুসমাচার বোঝে না
 ৩. প্রায়ই বিশ্বাসীরা অবিরত ইচ্ছাকৃত ভাবে পাপ করে (১ করি ৩:১০-১৫; ৯:২৭; ১ তীম ১:১৯-২০; ২ তীম ৪:১০; ২ পিতর ১:৮-১১)
 ৪. কোন কোন লোক (অর্থাৎ perfectionists) আছে যারা কখনো ঈশ্বরকে শর্তহীন ভাবে গ্রহণ করা ও ভালবাসা গ্রহণ করে না
 ৫. বাইবেলে ভ্রান্ত পেশার উদাহরণ রয়েছে (মথি ১৩:৩-২৩; ৭:২১-২৩; মার্ক ৪:১৪-২০; ২ পিতর ২:১৯-২০; ১ যোহন ২:১৮-১৯, দেখুন [বিশেষ বিষয়:স্বধর্মত্যাগ](#) ([Special Topic: Apostasy](#))

দেখুন [বিশেষ বিষয়: খ্রীষ্টিয় নিশ্চয়তা](#) ([Special Topic: Christian Assurance](#)) এই মতবাদের ভিন্নতার রূপরেখার জন্য।

■ “হৃদয়” দেখুন বিশেষ বিষয় ১ করি ১৪:২৫ পদে।

■ “বায়না হিসাবে” এটি বলছে উভয় প্রতিজ্ঞাই ভবিষ্যতে পরিপূর্ণ ভাবে দেওয়া হবে এবং বর্তমানে আংশিক দান করা হবে। ঈশ্বরের প্রথম এক কালীণ দান ছিল তাঁর পুত্রের জীবন এবং তাঁর আত্মার সম্পূর্ণ উপস্থিতি (ইফি ১:৩-১৪)। দেখুন সম্পূর্ণ নোট ২ করি ৫:৫ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করি স্থায়ী ১:২৩-২৪

^{২৩} কিন্তু আমি আমার প্রাণের উপরে ঈশ্বরকে সাক্ষী রেখে বলছি যে, তোমাদের রেহাই দেবার জন্যই আমি করিছে ফিরে যাই নি। ^{২৪} আমরা যে তোমাদের বিশ্বাসের উপর প্রভুত্ব করি তা নয়, বরং তোমরা যেন আনন্দ পাও সেইজন্যই তোমাদের সংগে কাজ করছি; কারণ তোমাদের বিশ্বাসেই তোমরা শক্তভাবে দাঁড়িয়ে আছ। (অনুবাদকৃত টেক্সট)।

১:২৩

NASB “কিন্তু আমি আমার প্রাণের উপরে ঈশ্বরকে সাক্ষী রেখে”

NKJV “উপরন্তু আমি আমার প্রাণের প্রতিকূলে ঈশ্বরকে সাক্ষী রেখে”

NRSV “কিন্তু আমি আমার প্রতিকূলে ঈশ্বরকে সাক্ষী রেখে”

TEV “আমি আমার সাক্ষী হিসাবে ঈশ্বরকে রাখছি-তিনি আমার অন্তর জানেন”

NJB “আমি আমার জীবন দ্বারা ঈশ্বরকে সাক্ষী হওয়ার জন্য বলছি”

এটি হল সত্যবাদীতার একটি শপথ। পৌল প্রায়ই শপথ ব্যবহার করেছেন তার কথাকে নিশ্চিত করতে (২ করি ১১:১১,৩১; রোমীয় ১:৯; গালা ১:২০; ফিলি ১:৮; ১ থি ২:৫)।

■ “তোমাদের রেহাই দেবার” পৌল তার ভ্রমণ পরিকল্পনা পরিবর্তন করেছেন যেটি তার অস্থির মনের উদাহরণ ছিল না, কিন্তু তার ভালবাসা। তিনি সেই পরিবেশে ফিরে যেতে চাননি যেখানে একটি মাত্র পথ ছিল বিচার করা এবং বিতর্ক করা। ভ্রান্ত শিক্ষকেরা তার উদ্দেশ্য ও কাজ সম্পর্কে দোষারপ করেছে। পৌল সব কিছু সরল করেছেন!

■ “আমি করিছে ফিরে যাই নি” ইফিষ থেকে পৌল কতবার করিছে গিয়েছেন এবং কতটি চিঠি তিনি করিছের মণ্ডলীকে লিখেছেন সেই হিসাবে নিয়ে বিতর্ক রয়েছে। আরও তথ্যের জন্য দেখুন ২ করি স্থায়ীয়ের ভূমিকা, ঘ।

১:২৪ “আমরা যে তোমাদের বিশ্বাসের উপর প্রভুত্ব করি তা নয়” এখানে আমরা দেখি একজন কর্তৃত্বপরায়ন প্রেরিত হিসাবে পৌলের, ১:১ পদ, এবং এবং স্থানীয় মণ্ডলীর স্বাধীনতার মধ্যেকার সমতা। বাইবেল ভিত্তিক বিশ্বাস, চুক্তির বিশ্বাস, শুরু হয়েছে এবং উন্নত হয়েছে ইচ্ছুক মনোনয়নে যার অর্থ আনন্দ, স্থিরতা ও পরিপক্বতা উৎপাদন।

■ “কারণ তোমাদের বিশ্বাসেই তোমরা শক্তভাবে দাঁড়িয়ে আছ” পৌল এই ধারণা উল্লেখ করেছেন ১ করি ১৫:১ পদে (রোমীয় ৫:২; ১১:২০)। এটি হতে পারে যে একটি পুরাতন নিয়মের প্রেক্ষাপট আছে (গীত ৭৬:৭; ১৩০:৩; নহিমিয়া ১:৬; মালাখী ৩:২; দেখুন বিশেষ বিষয় ১ করি ১:৯ পদে)। এটি বলছে ঈশ্বরের উপস্থিতিতে নির্ভরতার বিশ্বাস। করিছের সমস্যার আলোকে এটি একটি হতবাক করা মন্তব্য। করি স্থায়ী মণ্ডলী অন্তত পক্ষে ভ্রান্ত শিক্ষকদের আগমনে ততটা প্রভাবিত হয়নি যতটা গালাতীয় মণ্ডলী হয়েছিল। কিছু কিছু গৃহ মণ্ডলী সবল এবং খাঁটি ছিল (অর্থাৎ, perfect tense, “তোমরা রয়েছো এবং অবিরত শক্ত ভাবে দাঁড়িয়ে আছ”)। দেখুন বিশেষ বিষয়: দাঁড়ান (*Histēmi*) (Special Topic: Stand (*Histēmi*)) ১ করি ১৫:১ পদে।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১০. যদি পৌল করিছের স্থানীয় সমস্যা নিয়ে লিখে থাকেন, তবে কেন চিঠিটি সমগ্র আখায়া প্রদেশে পাঠ করা হয়েছিল? (২ করি ১:১)

১১. ২ করি ১:৪ এবং ৯ পদে উল্লেখিত কষ্টভোগের দুটি কি উপকার ছিল?

১২. এশিয়াতে পৌল কি কষ্টভোগ স্বীকার করেছিলেন যা তাকে একেবারে মেরেই ফেলেছিল? (৮-১০ পদ)

১৩. পৌল কেন তার ভ্রমণ পরিকল্পনা পরিবর্তনের জন্য আক্রমণের স্বীকার হয়েছিলেন? (১ করি ১৬:১-৮ বনাম ২ করি ১:১২-২০)

১৪. কেন আমরা ত্রিভুে বিশ্বাস করি?

Copyright © 2013 [Bible Lessons International](http://www.biblelessons.org)

২ করিন্থীয় ২
(2 CORINTHIANS 2)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
পৌলের পরিদর্শন বাতিল (১:১২-২:৮)	মন্ডলীর ক্ষমাশীলতা ১:১৫-২:২	সাম্প্রতিক মন্ডলীর সাথে সম্পর্ক (১:১২-২:১৩)	পৌলের পরিকল্পনা পরিবর্তন (১:১২-২:৮)	কেন পৌল তার পরিকল্পনা পরিবর্তন করলেন (১:১২-২:১১)
১:২৩-২:৮	বিরোধীদের ক্ষমা করা	১:২৩-২:৮	১:২৩-২:৮	
বিরোধীদের জন্য ক্ষমাশীলতা	২:৩-১১		বিরোধীদের জন্য ক্ষমাশীলতা	
২:৫-১১		২:৫-১১	২:৫-১১	২:৫-১১
পৌলের দুঃশ্চিন্তা ও সান্ত্বনা	খ্রীষ্টে বিজয়		ত্রয়োদশ পৌলের দুঃশ্চিন্তা	ত্রয়োদশ থেকে মাকিদনিয়া- প্রচারকাজ: এর গুরুত্ব
২:১২-১৩	২:১২-১৩	২:১২-১৩	২:১২-১৩	(২:১২-৪:৬)
		আমাদের পরিচর্যা (২:১৪-৩:৬)	খ্রীষ্টের মধ্য দিয়ে বিজয়	
২:১৪-১৭	২:১৪-১৭	২:১৪-১৭	২:১৪-১৭	২:১২-৩:৩

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যায়টি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

৮. প্রথম প্যারাগ্রাফ
৯. দ্বিতীয় প্যারাগ্রাফ
১০. তৃতীয় প্যারাগ্রাফ
১১. ইত্যাদি।

প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি

- ক. ব্যাখ্যাকারকদের মধ্যে অনেক আলোচনা রয়েছে যে পৌল এই মঞ্জুলীতে কতবার পরিদর্শনে গিয়েছিলেন এবং কতটি পত্র লিখেছিলেন। এই অধ্যায় হল এই আলোচনার উৎস কারণ এটি মনে হয় যে এখানে উল্লেখ করা হয়েছে পূর্বের চিঠির এবং এটি বেদনাদায়ক পরিদর্শনের। পৌলের জীবনী সম্পর্কে অনেক অস্পষ্টতা রয়েছে লেখনী ও ও আমাদের জানা উভয় ক্ষেত্রে। গোড়ামি উপযুক্ত নয়।
- খ. আর একটি বিতর্কের জায়গা এই অধ্যায়ে জড়িত তাহল যে বিরোধিতা কি ২ করি ২:৫ ও ৬ পদ উল্লেখ হয়েছে যা হল
১. ১ করি ৫ অধ্যায়ের অগম্যগমন লোকদের সমরূপ
 ২. কোন একটি দলের বা গৃহ মন্ডলীর একজন নেতা ১ করি ১-৪ অধ্যায় কথা বলছেন
 ৩. যিরুশালেম থেকে আসা ব্রান্ত শিক্ষকদের একজন দলনেতা যে ব্যক্তিগত ভাবে পৌলের সম্মুখাসম্মুখী হয়েছিলেন এই বেদনাদায়ক পরিদর্শনে, ২ করি ১০-১৩ অধ্যায়ে।
- গ. এই অধ্যায় বিভাগ স্পষ্টতই উপযুক্ত নয়। ২ অধ্যায় অখন্ড ভাবে পৌলের ভ্রমণ পরিকল্পনার আলোচনার সাথে সংযুক্ত, যার উল্লেখ করা হয়েছে ২ করি ১:১৫ থেকে কয়েকটি পদে।
- ঘ. বড় রকমের অনৈক্য বা বন্ধনী রয়েছে ২ করি ২:১৪ পদের শুরুতে। পৌল ২ করি ৭:৫ পদের পূর্ব পর্যন্ত মাকিদনিয়াতে তীতের সাথে সাক্ষাতের বিষয়ে আলোচনায় ফেরেন নাই। আমি ধন্যবাদ জানাই ঈশ্বরকে এই পথচ্যুতির জন্য কারণ এটা আমাদের দেখায় পৌলের অন্তরকে ও তার যীশু খ্রীষ্টের উপর গভীর ভালবাসাকে!

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ২ করি স্থায়ী ২:১-৪

^১ কিন্তু আমি মনে মনে ঠিক করেছিলাম যে, আবার আমি মনে দুঃখ নিয়ে তোমাদের কাছে যাব না। ^২ কারণ আমি যদি তোমাদের দুঃখের কারণ হই, তবে আমাকে আনন্দ দেবে কে কেবল সেই যে আমার দ্বারা দুঃখিত হয়? ^৩ আর এই কারণে তোমাদের লিখেছিলাম, যেন আমি যখন যাব, তখন যাদের কাছ থেকে আমার আনন্দ পাবার কথা তাদের কাছ থেকে আমি যেন দুঃখ না পাই; তোমাদের সকলের উপর আমার এই বিশ্বাস আছে যে আমার আনন্দে তোমাদের সকলেরও আনন্দ। ^৪ অনেক দুঃখ ও মনের ব্যথায় চোখের জলের ভিতর দিয়ে আমি তোমাদের কাছে লিখেছিলাম; তোমরা যেন দুঃখিত হও, সেই জন্য নয়, বরং তোমাদের প্রতি আমার যে গভীর ভালবাসা আছে তা যেন জানতে পার। (অনুবাদকৃত টেক্সট)।

২:১

NASB, NKJV “কিন্তু”
NRSV, TEV,
NIV, REB “সেজন্য”
NJB “তাই”
RSV “কারণ”

রয়েছে গ্রীক পাত্ৰলিপিত পার্থক্য “কারণ” (অর্থাৎ, *gar*, P⁴⁶ এবং B) এবং “কিন্তু” (অর্থাৎ, *de*, κ , A, C,D, F, G) এর মধ্যে। UBS⁴ “কারণ” কে দিয়েছে “C” রেটিং, অর্থ তারা সিদ্ধান্ত নিতে পরে নাই। প্রায়ই conjunctions হল অনুবাদে গুরুত্বপূর্ণ, কিন্তু এই ক্ষেত্রে বাক্যের অর্থ বিষয়টি ব্যাখ্যা করে।

NASB “আমি মনে মনে ঠিক করেছিলাম”
NKJV “আমি এটা মনে মনে ঠিক করেছিলাম”
NRSV, TEV,
NJB “আমি আমার মনে স্থির করেছিলাম”

এটি মনে হয় ইঙ্গিত দিচ্ছে যে এই বিষয়ে পৌল আত্মার কাছ থেকে কোন বিশেষ অন্তর্দৃষ্টি পান নাই। তিনি মাঝে মাঝেই উল্লেখ করেছেন যে কিভাবে আত্মা তার ভ্রমণ পরিকল্পনায় পরিচালনা দিয়েছেন (খ্রিঃ ১৬:৯-১০; ১৮:২১; রোমীয় ১:১০; ১৫:৩২; ১ করি ৪:১৯), কিন্তু এইবার তার কোন নির্দিষ্ট পরিচালনা ছিল না এবং সিদ্ধান্ত নিয়েছেন যে আসবেন না।

▣ “আবার আমি মনে দুঃখ নিয়ে তোমাদের কাছে যাব না” পৌল ২ করি ১২:১৪; ১৩:১ পদে করিছে তার তৃতীয় পরিদর্শনের উল্লেখ করেছেন। খ্রিঃ পুস্তক তার এই বেদনাদায়ক দ্বিতীয় পরিদর্শনের কথা লিপিবদ্ধ করে নাই। করিছে তার প্রাথমিক অবস্থানের বিষয়ে লিপিবদ্ধ হয়েছে খ্রিঃ ১৮:১-১১ পদে। ভূমিকার চার্টটি দেখুন, তারিখ, ও, “পরিদর্শন” গ। সম্ভবত এটি ঘটেছে ১ ও ২ করি স্থায়ী লেখার মধ্যবর্তী সময়ে।

২:২ “যদি” এটি একটি first class conditional sentence, যেটি লেখকের দিক থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্যের দিক থেকে সত্য বলে ধরে নেওয়া হয়। পৌলের দ্বিতীয় পরিদর্শন মন্ডলীকে দুঃখিত করেছিল। আমি এই পদের NJB অনুবাদ পছন্দ করি, “কারণ যদি আমি তোমাদের দুঃখের কারণ

হয়ে থাকি তবে আমি আমার একমাত্র সম্ভাব্য আনন্দের উৎসের দুঃখের কারণ।” পৌল কখনোই তার শৈরিতিক দায়িত্বের দিক থেকে বিরোধিতার মুখোমুখি হওয়াকে উপভোগ করেন নাই।

২:৩ “এই কারণে তোমাদের লিখেছিলাম” বেশ কিছু তত্ত্ব রয়েছে যেগুলি এই পদকে ব্যাখ্যা দিতে চেষ্টা করেছে।

১. কেউ কেউ বলে থাকেন যে এটি epistolary aorist, যার অর্থ এটি উল্লেখ করছে ২ করিন্থীয় পত্র (NJB)
২. কেউ কেউ বিশ্বাস করেন এটি ১ করিন্থীয় পত্রকে উল্লেখ করছে
৩. অন্যরা বিশ্বাস করেন যে এটি উল্লেখ করছে পূর্বের হারিয়ে যাওয়া পত্রকে যার উল্লেখ করা হয়েছে ১ করি ৫:৯ পদে
৪. অন্যরা মনে করেন এটি উল্লেখ করছে বেশ কয়েকটি হারিয়ে যাওয়া পত্রকে, সম্ভবত যার আংশিক রক্ষিত হয়েছে ২ করি ১০-১৩ অধ্যায়ে

২:৪ এই পদ খুব স্পষ্ট ভাবে প্রকাশ করেছে পৌলের হৃদয় ও তার আবেগগত যন্ত্রণাকে যেটি তিনি অনুভব করেছেন তার বেদনাদায়ক পরিদর্শনের সময়ে যা ঘটেছিল সে বিষয়ে। তথাপি, তিনি সত্য বলেছেন, যেমন বেদনাদায়ক এটি ছিল সেরকমই। একজন ভাল চিকিৎসকের মত, পৌল জানতেন যে বেদনা অনেক সময় দরকারী দীর্ঘ সময়ের আরোগ্যের জন্য।

পৌল দুটি subjunctive verbs ব্যবহার করেছেন এই বাক্যে কারণ কখনও কখনও লোকেরা সংশোধনের প্রতি সঠিক ভাবে সাড়া প্রদান করে না। ঈশ্বর সব মানুষকে সৃষ্টি করেছেন স্বাধীন ইচ্ছা দিয়ে, যেটি উভয় দিক থেকে মূল্যবান ও বিপদজনক জিনিস বটে। এটি ধারণ করে সম্ভাব্য আনন্দ ও পুনরুদ্ধার অথবা তিক্তকর ও অবিরত বিদ্রোহ।

NASB “বিশেষত”
NKJV, NRSV “প্রচুর রূপে”
NJB “কতটা বেশী”

এই পদে আরও অন্তর্ভুক্ত পৌলের একটি চারিত্রিক টার্ম যেটি তিনি প্রায়ই ব্যবহার করেছেন তার করিন্থীয় পত্রে (অর্থাৎ, *perissoterōs*)। দেখুন সম্পূর্ণ নোট ২ করি ১:৫ পদে অথবা ২ করি ২:৭ পদে বিশেষ বিষয়ে।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করিন্থীয় ২:৫-১১

“কিন্তু কেউ যদি দুঃখ দিয়ে থাকে, তবে সে আমাকে দুঃখ দেয় নাই, কিন্তু কিছু পরিমাণে যদি বেশি না বলি তবে তোমাদের সকলকেই দিয়েছে।^৬ অধিকাংশ লোকের দ্বারা সেই লোক যে শাস্তি পেয়েছে তাই তার পক্ষে যথেষ্ট,^৭ সেই জন্য তোমরা বরং তাকে ক্ষমা করলে ও সান্ত্বনা দিলে ভাল, পাছে অতিরিক্ত দুঃখে সে হতাশ হয়ে না পড়ে।^৮ এই কারণে আমি তোমাদের অনুরোধ করছি তোমরা তার প্রতি তোমাদের ভালবাস পুনরায় স্থাপন কর।^৯ কারণ আমি পরীক্ষা করে দেখতে চেয়েছিলাম তোমরা সব বিষয়ে বাধ্য কিনা, সেজন্যই আমি তোমাদের কাছে লিখেছিলাম।^{১০} কিন্তু কোন ব্যাপারে যদি কাউকে তোমরা ক্ষমা কর, তবে আমিও তাকে ক্ষমা করি; কারণ সত্যই যা আমি ক্ষমা করেছি, যদি আমি কিছু ক্ষমা করে থাকি, তবে খ্রীষ্টের সামনে তোমাদের জন্যই আমি তা করেছি,^{১১} যেন শয়তান আমাদের উপরে কোন সুযোগ-সুবিধা না পায়, কারণ তার মতলবের কথা তো আমাদের অজানা নেই। (অনুবাদকৃত টেক্সট)।

২:৫ এই পদ অনুবাদ করা কঠিন! আমি বিশ্বাস করি RSV এবং Phillips অনুবাদের অর্থ সম্ভবত সবচেয়ে ভাল: “কিন্তু যদি কেউ বেদনার কারণ হয়, সে এটি আমাকে দেয় নাই, কিন্তু কিছু পরিমাণে (এটি খুব কঠিন ভাবে না নিলে) তোমাদের সকলের প্রতিই।” এই বাক্যে কোন object উল্লেখ করা হয়নি, সেজন্য, এর কিছু সম্পর্কিত (১) সম্পূর্ণ মন্ডলীর প্রতি (NKJV, NJB, RSV, Phillips, NIV, NEB) অথবা (২) বাধাদানকারী ব্যক্তির প্রতি (KNOX অনুবাদ)।

ইনি কে “তিনি” যিনি সমস্যার কারণ? বেশ কয়েকটি মতামত রয়েছে এই বিষয়ে।

১. এটি উল্লেখ করছে ১ করি ৫:৯ পদ এবং সেই লোককে যে তার বাবার স্ত্রীকে বিয়ে করেছে
২. এটি উল্লেখ করছে কোন দলের বা গৃহ মন্ডলীর একজন নেতাকে
৩. এটি উল্লেখ করছে দলের মুখপাত্রকে, প্যালেস্টাইনের ধরে নেওয়া “নেতা” যিনি পৌলের বিরোধিতা করেছিলেন তিনি করিন্থে ফিরে আসলে পরে এবং দৃশ্যত মন্ডলী পৌলের পক্ষ সমর্থন করে নাই যেভাবে এর করা দরকার ছিল।

■ “যদি” এটি একটি first class conditional sentence। কেউ একজন দুঃখের কারণ হয়েছে, পৌল ও সমগ্র মন্ডলী উভয়েরই (perfect active indicative) এবং তার ফল রয়েছে।

২:৬ “অধিকাংশ লোকের দ্বারা সেই লোক যে শাস্তি পেয়েছে” এই সিদ্ধান্ত সর্ব সম্মতিতে গৃহিত ছিল না। পৌল, যখন আক্রমণের শিকার হয়েছিলেন, তিনি আক্রমণকারীর তত্ত্বাবধান করেছিলেন (২ করি ২:৭) এবং আত্মিক ফলাফল যেটি বিতর্কিত ও বিরোধিতার কারণ হতে পারে (২ করি ২:১১)।

“অধিকাংশ” এর উল্লেখ দেখায় কিভাবে পৌল মন্ডলীকে সংগঠিত ভাবে দেখেছিলেন। তিনি নিজেকে দাবি করেছেন পরজাতীয়দের কাছে প্রেরিত বলে, কিন্তু এটি মন্ডলীগত পরিচালনার দায়িত্বের দিককে বাদ দেয় না। পৌলের তার চিঠির মধ্যে দারুণ সমতা রেখেছেন কর্তৃত্বপ্রায়ণ আদেশ (অর্থাৎ, গালাতীয় এবং ১ করিন্থীয় ৫), এবং স্থানীয় নেতৃত্বের জন্য প্রয়োজনের মধ্যে। নূতন নিয়মে এই তিনটি ধরণের সংগঠন রয়েছে: প্রেরিতিক (অর্থাৎ, Episcopal); স্থানীয় নেতা (অর্থাৎ, Presbyterian); এবং জনমন্ডলীগত (অর্থাৎ, প্রতিটি বিশ্বাসী)। প্রেরিত ১৫ অধ্যায় এই তিনটি স্তরই রয়েছে ecclesiastical

প্রক্রিয়ায়। এর কোনটি যে বাইবেল ভিত্তিক তা কোন বিষয় হতে পারে না; সেগুলি সবই আছে। এটি বাইবেলের নির্দেশের ভিতরেই ঈশ্বরভক্ত বিশ্বাসীদের পরিচালনার বিষয়, কোন ব্যক্তিগত কর্মসূচীও নয়!

২:৭ “বরং তাকে ক্ষমা করলে ও সান্ত্বনা দিলে” এই দুটিই aorist infinitives। মণ্ডলীর শাসন কখনই প্রতিশোধপরায়ণ হবে না, কিন্তু সবসময়ই হবে পুনরুদ্ধারমূলক (গালা ৬:১)। পাপ অবশ্যই প্রকাশ পাবে, কিন্তু তা ঢাকতেও হবে (অর্থাৎ, ঈশ্বরের দ্বারা ক্ষমাকৃত, মণ্ডলীর দ্বারা ক্ষমাকৃত) এটা প্রকাশ পাবার পরে।

“সান্ত্বনা” এর জন্য দেখুন সম্পূর্ণ নোট ২ করি ১:৪-১১ পদে।

NASB “অতিরিক্ত দুঃখে হতাশ হয়ে না পড়ে”

NKJV “অনেক দুঃখে অবদমিত হয়ে না পড়ে”

NRSV “অতিরিক্ত দুঃখে বিপর্যস্ত হয়ে পড়ে”

TEV “খুব দুঃখিত হয়ে হতাশ না হয়ে পড়ে”

NJB “নিজের কষ্টের মাত্রায় বিপর্যস্ত হয়ে পড়ে”

আক্ষরিক ভাবে প্রথম শব্দগুচ্ছ “অন্তত প্রচুর দুঃখে যে কেউ হতাশ হয়ে পড়বে।” নিচে বিশেষ বিষয় দেখুন।

দ্বিতীয় টার্ম, *katapino*, এটিও একটি গভীর রূপক। এটি আক্ষরিক ভাবে “গিলে ফেলা।” এটি ব্যবহৃত হয়েছে একটি ইবিচক অর্থে ২ করি ৫:৪ (অর্থাৎ, জীবনকে বীতশ্রদ্ধ করে ফেলা)। নেতিবাচক ভাবে এর অর্থ হতে পারে ধংস করা (১ করি ১৫:৫৪; ২ করি ২:৭; ইব্রীয় ১১:২৯; ১ পিতর ৫:৮)।

পৌলের ব্যক্তিগত অভিজ্ঞতা এবং ধর্মতাত্ত্বিক প্রশিক্ষণ তাকে পাপের গভীরতা এবং ঈশ্বরের অনুগ্রহ ও দয়ার উচ্চতা সম্পর্কে তীক্ষ্ণ সচেতন। তার শব্দ বাছাই প্রকাশ করেছে তার অনুভূতির গভীরতা।

বিশেষ বিষয়: প্রচুর (*perissevo*)

{SPECIAL TOPIC:ABOUND (*perissevo*)}

এই টার্ম পৌলের দ্বারা বেশি ব্যবহৃত হয়েছে। এটি চিহ্নিত করে যেটি অতিরিক্ত হয়ে উপচে পড়ছে (অর্থাৎ, একটি ইতিবাচক অর্থে)।

১. ঈশ্বরের সত্য তাঁর গৌরবে উপচিয়া পড়ে, রোমীয় ৩:৭
২. এক ব্যক্তি, যীশু খ্রীষ্টর অনুগ্রহে বিনামূল্য উপহার, প্রচুর পরিমাণে, রোমীয় ৫:১৫
৩. বিশ্বাসীদের প্রচুর পরিমাণে আশা, রোমীয় ১৫:১৩
৪. বিশ্বাসীরা সুনির্দিষ্ট কোন খাবার খাওয়া না খাওয়ার জন্য ঈশ্বরের দ্বারা প্রশংসিত নন, ১ করি ৮:৮ (মার্ক ৭:১৫, ১৭-২৩)
৫. মন্ডলী গঠনে বিশ্বাসীরা উপচিয়া পড়ে, ১ করি ১৪:১২
৬. প্রভুর কাজের জন্য বিশ্বাসীরা উপচিয়া পড়ে, ১ করি ১৫:৫৮
৭. বিশ্বাসীরা প্রচুর পরিমাণে খ্রীষ্টের কষ্টের সহভাগিতা করে এবং প্রচুর পরিমাণে খ্রীষ্টের সান্ত্বনা লাভ করে, ২ করি ১:৫
৮. গৌরবে ধার্মিকতার পরিচর্যা উপচিয়া পড়ে, ২ করি ৩:৯
৯. বিশ্বাসীদের ধন্যবাদ জ্ঞাপনে ঈশ্বরের গৌরবে উপচিয়া পড়ে, ২ করি ৪:১৫
১০. বিশ্বাসীদের প্রচুর পরিমাণে আনন্দ, ২ করি ৮:২
১১. বিশ্বাসীরা সব কিছুতে উপচিয়া পড়ে (বিশ্বাসে, কথা বলায়, জ্ঞানে, আন্তরিকতায় এবং ভালবাসায়), সেই সাথে যিরূশালেম মন্ডলীর উপহারের জন্য, ২ করি ৮:৭
১২. সকল অনুগ্রহ বিশ্বাসীদের প্রতি উপচিয়া পড়ে, ২ করি ৯:৮
১৩. ঈশ্বরের প্রতি বিশ্বাসীদের ধন্যবাদ জ্ঞাপন উপচিয়া পড়ে, ২ করি ৯:১২
১৪. ঈশ্বরের অনুগ্রহের ধন বিশ্বাসীদের উপর মুক্তহস্তে দেওয়া হয়, ইফি ১:৮
১৫. বিশ্বাসীদের ভালবাসা এখনও আরও আর উপচিয়া পড়ে, ফিলি. ১:৯
১৬. পৌলের উপরে বিশ্বাসীদের আস্থা খ্রীষ্টে উপচিয়া পড়ে, ফিলি ১:২৬
১৭. প্রচুর পরিমাণে থাকা, ফিলি ৪:১২, ১৮
১৮. বিশ্বাসীরা কৃতজ্ঞতায় উচ্ছাসিত হয়েছে, কল ২:৭
১৯. বিশ্বাসীদের বৃদ্ধি এবং পরস্পরের প্রতি ভালবাসা উপচিয়া পড়ে, ১ থিষ ৩:১২
২০. ধার্মিক জীবনধারায় উপচিয়া পড়ে, ১ থিষ ৪:১
২১. সহ-বিশ্বাসীদের প্রতি ভালবাসায় উপচিয়া পড়া, ১ থিষ ৪:১০

খ্রীষ্টতে ঈশ্বরের অনুগ্রহ পৌলের উপলব্ধি ছিল “সব কিছুর উপরে,” সেজন্য, বিশ্বাসীদের এই “সব কিছুর উপরে” অনুগ্রহ এবং ভালবাসায় তাদের দৈনন্দিন জীবনে চলা প্রয়োজন!

২:৮ “আমি তোমাদের অনুরোধ করছি তোমরা তার প্রতি তোমাদের ভালবাসা পুনরায় স্থাপন কর” এটি উল্লেখ করেছে পুনপ্রতিষ্ঠা করা বা বৈধ কাজ ভালবাসার উদ্দেশ্যে মাধ্যমে মঞ্জুরী অফিশিয়াল ভোটের দ্বারা (গালা ৩:১৫ পদে ব্যবহার করা টার্ম)। এটি সম্ভব যে এটি কোন কিছুই বাস্তবতার রূপকগত (Louw and Nida, p. 668)।

২:৯ “আমি লিখেছিলাম” নোট দেখুন ২ করি ২:৩ পদে।

■ “পরীক্ষা” এটি উল্লেখ করে ধাতুর মুদ্রা খাঁটি কি না তা নিশ্চিত হবার জন্য পরীক্ষা করে দেখা। মনে হয় নূতন নিয়মে এর অন্তর্নিহিত তাৎপর্য “অনুমোদনের উদ্দেশ্যে পরীক্ষা করা।” দেখুন বিশেষ বিষয় “পরীক্ষা” ১ করি ৩:১৩ পদে।

■ “তোমরা সব বিষয়ে বাধ্য কি না” এই পরীক্ষাটি ছিল পৌলের কর্তৃত্বের প্রতি তাদের আনুগত্যের। এটিই ছিল বিষয় (২ করি ৭:১৫; ১০:৬)।

গ্রীক পাণ্ডুলিপিগত পার্থক্য রয়েছে যেটি “কি না” এর সাথে সম্পর্কিত। কোন কোন MSS রয়েছে

১. *ei* - κ , C, D, F, G
২. η - A, B
৩. বাদ দেওয়া হয়েছে - P⁴⁶

এটি মনে হয় যে P⁴⁶, যদিও খুবই পুরাতন, দ্রুততার সাথে করা হয়েছিল এবং প্রায়ই শব্দ বা শব্দগুচ্ছ বাদ দেওয়া হয়েছিল। যেমন অন্য বিকল্পের জন্য, সেগুলিকে ঘোষণা করা হয়েছে একই রকম। অনেক প্রাচীন গ্রীক পাণ্ডুলিপি কপি করা হয়েছে যে একজন লেখনীটি পাঠ করেছে এবং বেশ কয়েকজন তা শুনে লিখেছে। এই ভাবে, এরকম পার্থক্য শোনার সাথে সম্পর্কিত, এটা খুব সাধারণ। UBS⁴ বিকল্প #১ দিয়েছে “A” রেটিং (নিশ্চিত)।

২:১০ “ক্ষমা” এই টার্ম, *charizomai* (২ করি ২:৭,১০; ১২:১৩) এসেছে মূল *chairō* থেকে, যার অর্থ উল্লাস, আনন্দিত হওয়া। এই প্রসঙ্গে এর অর্থ অনুগ্রহপূর্বক ক্ষমা বা বাতিল করা (২ করি ২:৭,১০ [তিন বার])।

পৌল বৃহত্তর অংশকে বরেন্ধন ক্ষমা করতে ২ করি ২:৭ পদে (aorist middle infinitive); ২ করি ২:১০ পদে তিনি চলমান অনুরোধকে পুনর্বার বলেছেন (present middle indicative); ২ করি ২:১০ পদে তিনি তাদের নিশ্চিত করেছেন তার (অর্থাৎ, personal pronoun, *egō*) বিরোধীদের প্রতি অনুগ্রহশীল ও চলমান ক্ষমাশীলতার কথা (দুটি perfect middle indicatives)।

■ “যদি” এটি একটি first class conditional sentence। পৌল বিরোধীদের প্রতি তার ব্যক্তিগত ক্ষমার কথা পুনর্বার ব্যক্ত করেছেন।

■ “খ্রীষ্টের সামনে তোমাদের জন্যই” এটি পৌলের নিশ্চিত করার উপায় যে বিরোধীদের পুনরুদ্ধার মন্ডলীকে সবল করবে। তিনি নিজে এটি করতে সক্ষম ছিলেন কারণ খ্রীষ্টের জন্য তার ভালবাসা।

২:১১

NASB “যেন শয়তান আমাদের উপরে কোন সুযোগ-সুবিধা না পায়”

NKJV “পাছে শয়তান আমাদের উপরে সুযোগ-সুবিধা পায়”

RSV “যেন আমরা শয়তানের দ্বারা প্রতারণিত হয়ে না পড়ি”

TEV “শয়তানকে আমাদের উপরে হস্তক্ষেপ করা থেকে দূরে রাখি”

NJB “শয়তান দ্বারা প্রতারণিত হওয়া এড়িয়ে যেতে”

এই পদ নিশ্চিত করেছে আমাদের জগতে মন্দতার ব্যক্তিগত শক্তি ঈশ্বরের পরিকল্পনাকে বাধাগ্রহণ করে। ২ করিছীয়তে পৌল তাকে চিহ্নিত করেছেন বেশ কয়েকটি উপাধিতে।

১. শয়তান ২ করি ২:১১; ১১:১৪; ১২:৭ পদে
২. “যুগের(জগত) দেবতা” ২ করি ৪:৪ পদে
৩. “বেলিয়াল” ২ করি ৬:১৫ পদে
৪. “সরীসৃপ” ২ করি ১১:৩ পদে

“আমাদের” হতে পারে উল্লেখ করেছে পৌলের নিজে, বা পৌল ও করিছীয় মণ্ডলীকে। এটা জানা বেশ কৌতূহলের যে শয়তান প্রলোভিত করে মন্দতার প্রতি প্রবণতা এবং ভালর উচ্চশৃংখলতার দ্বারা। মঞ্জুরি দিক থেকে একটি অনুপযুক্ত, ক্ষমা না করা, ক্রোধ, বা গর্বিত মনোভাব শয়তানের জন্য দরজা উন্মুক্ত করে দিতে পারে সহভাগিতাকে ভেঙ্গে ফেলতে। দেখুন বিশেষ বিষয়: ব্যক্তিগত মন্দতা, পৃ..১৩৭, (SPECIAL TOPIC: PERSONAL EVIL, See page 137) ১ করি ৭:৫ পদে।

■ “কারণ তার মতলবের কথা তো আমাদের অজানা নেই” শয়তান চেষ্টা করে আমাদের জীবন প্রভাবিত করতে (ইফি ৪:১৪; ৬:১০-১৮)। প্রায়ই বিশ্বাসীরা তার মতলব থেকে অজ্ঞ (অর্থাৎ, *agnoeō*) থাকে।

বিশেষ বিষয়: পরিকল্পনা (পৌলের)

{SPECIAL TOPIC:SCHEMES (in Paul)}

এটি হল গ্রীক শব্দ *noēma*। এটি ২ করিন্থীয় পত্রে পৌল ৫ বার ব্যবহার করেছেন এবং ফিলি ৪:৭ পদে মাত্র একবার। এটি এসেছে মূল *nous* থেকে, যার অর্থ “মন” বা “চিন্তা।” পৌল একে দুটি ভাবে উল্লেখ করেছেন।

ক. মন্দ বা ধংসাত্মক চিন্তা

১. শয়তানের পরিকল্পনা, ২ করি ২:১১
২. মন কঠিনিকৃত এবং অবিশ্বাসের পর্দা, ২ করি ৩:১৪
৩. শয়তানের দ্বারা মন অন্ধ (এই জগতের দেবতা), ২ করি ৪:৪
৪. শয়তানের দ্বারা মন প্রতারিত (হবার মত) এবং বিপথে পরিচালিত, ২ করি ১১:৩

খ. ঈশ্বর ভক্তির চিন্তা

১. প্রতিটি চিন্তাকে খ্রীষ্টের প্রতি বাধ্যতায় বন্দি করা, ২ করি ১০:৫
২. ঈশ্বরের শান্তি যেটি সকল উপলব্ধিকে (অর্থাৎ, *nous*) অতিক্রম করে আপনার হৃদয় ও মনকে সুরক্ষা করবে (অর্থাৎ, *noemata*)

মানুষের চিন্তা এবং ভাষার দক্ষতা হল ঈশ্বরের প্রতিমূর্তির একটি অংশ (দেখুন বিশেষ বিষয়:মানুষের বক্তব্য)। এই চমৎকার দান ব্যবহার করা যেতে পারে বাল বা মন্দ কাজে। বিশ্বাসীদের অবশ্যই তাদের চিন্তা ও কথাতে পাহাড়া দিতে হবে। আমাদের মন প্রতারিত, অন্ধ, এবং প্রভাবিত হতে পারে শয়তানের দ্বারা (দেখুন বিশেষ বিষয়: শয়তান এবং বিশেষ বিষয়:আত্মিক যুদ্ধ)। সেগুলি চমৎকার ভাবে সুসজ্জিত হতে পারে ঈশ্বরের দ্বারা তাঁর গৌরবের জন্য এবং তাঁর রাজ্যের জন্য। আমরা আমাদের চিন্তা, পরিকল্পনা ও উদ্দেশ্যের ধনাধ্যক্ষ!

Copyright © 2014 Bible Lessons International

NASB (আপডেটেড) টেক্সট: ২ করিন্থীয় ২:১২-১৩

^{১২} আমি যখন খ্রীষ্টের সুসমাচারের জন্য ত্রোয়া শহরে গিয়েছিলাম, আর প্রভুতে আমার সামনে একটা দরজা খোলা হয়েছিল, ^{১৩} তখন আমি আত্মায় কিছু আরাম পাই নি কারণ আমার ভাই তীতকে সেখানে পাই নি; কিন্তু আমি তাদের কাছ থেকে বিদায় নিয়ে ম্যাসিডোনিয়ায় চলে গেলাম। (অনুবাদকৃত টেক্সট)।

২:১২ “আমি যখন ত্রোয়া শহরে গিয়েছিলাম” এটি ১ করি ১৬:৫ পদের ভ্রমণ পথের অনুসরণ করেছে (প্রেরিত ১৬:৮-১১)। পৌল দৃশ্যত করিন্থের কারণে কারও দ্বারা আক্রান্ত হয়েছিলেন তার ভ্রমণ পরিকল্পনা বাস্তব রূপ না নেবার কারণে। কেন তার ব্যাখ্যা দেবার চেষ্টা করেছেন পৌল।

■ “আর প্রভুতে আমার সামনে একটা দরজা খোলা হয়েছিল” এটি একটি perfect passive participle ইঙ্গিত দেয় যে ঈশ্বর সুসমাচারের জন্য এই সুযোগ উন্মুক্ত করেছেন এবং এটি খোলাই রয়েছে! “উন্মুক্ত দরজা” হল পৌলের একটি খুব প্রচলিত রূপক (১ করি ১৬:৯; কল ৪:৩; এবং আরও প্রেরিত ১৪:২৭ এবং প্রকা ৩:৮)। এই শব্দগুচ্ছ জোর দিচ্ছে ঈশ্বরের কার্যকরী ক্ষমতা মশীহের সম্পাদিত উদ্ধারকারী পরিচর্যা এবং সুসমাচার প্রচার ও খ্রীষ্টিয় শিষ্যত্বের জন্য তাঁর আত্মার আগ্রহের মধ্যে দিয়ে (মতি ২৮:১৯-২০ এবং প্রেরিত ১৫:৩-৪, ১২; ২১:১৯)। দেখুন বিশেষ বিষয় ১ করি ১৬:৯ পদে।

২:১৩ “আমি আত্মায় কিছু আরাম পাই নি” এখানে “আত্মা” ব্যবহৃত হয়েছে যেভাবে ব্যক্তি বা মানুষের মত সেই একই রকম ভাবে (২ করি ৭:১৩; ১ করি ১৬:১৮)। পৌল সব সময়ই করিন্থের জন্য দুশ্চিন্তাগ্রস্ত (perfect active indicative) ছিলেন (২ করি ৭:৫)। পৌলের কল্পনা সীমানা ছাড়া ছিল; আপনার জন্য লক্ষ্য রেখেছিলেন। তিনি ত্রোয়াতে একটি দরজা উন্মুক্ত রেখেছিলেন কারণ তার উদ্বেগ ও ভয় ছিল করিন্থের মন্ডলী নিয়ে। পৌল এই বিভেদপূর্ণ, গর্বিত মন্ডলীকে ভালবাসতেন।

■ “তীতকে সেখানে পান নি” পৌল আগে তীমথিয়াকে করিন্থে পাঠিয়েছিলেন, দৃশ্যত মনে হয় তাকে করিন্থের মন্ডলী খুব ভালভাবে গ্রহণ করেনি তাই পৌল তীতকে সেখানে পাঠিয়েছিলেন কঠিন একটি চিঠি দিয়ে (২ করি ২:৩-৪)। কিন্তু প্রত্যাশিত সময়ের মধ্যে পৌল তার কাছ থেকে কোন সংবাদ পান নাই সেজন্য তিনি খুব উদ্ভিগ্ন হয়েছিলেন।

২ করিন্থীয় পত্রে তীতকে বেশ কয়েকবার উল্লেখ করা হয়েছে (২ করি ২:১৩; ৭:৬, ১৩, ১৪; ৮:৬, ১৬, ২৩; ১২:১৮)।

বিশেষ বিষয়: তীত

(SPECIAL TOPIC: TITUS)

ক. তীত ছিলেন পৌলের সবচেয়ে নির্ভরযোগ্য সহকর্মীদের একজন। এটি প্রমাণিত সত্য যে পৌল করিন্থ ও ক্রীতের সমস্যাবহুল স্থানে পাঠিয়েছিলেন।

- খ. তিনি সম্পূর্ণ ভাবে একজন পরজাতি ছিলেন (তীমথিয় ছিলেন অর্ধ গ্রীক), পৌলের প্রচারের ধর্মান্তরিত হয়েছেন। পৌল তার তৃকছেদ করতে অস্বীকার করেছিলেন (গালাতীয়া ২)।
- গ. পৌলের পত্রে তিনি প্রায়ই উল্লেখিত হয়েছেন (২ করি ২:১৩; ৭:৬-১৫; ৮:৬-২৪; ১২:১৮; গালা ২:১-৩; ২ তীম ৪:১০) এবং এটা বেশ বিস্ময়কর যে লুক প্রেরিত পুস্তকে তার নাম উল্লেখ করেন নাই। কিছু কিছু ব্যাখ্যাকারকের এই তত্ত্ব যে
১. তিনি হয়তো লুকের একজন আত্মীয় হতে পারেন (সম্ভবত একজন ভাই) এবং তার নাম অর্ন্তভুক্ত করা লুকের দিক থেকে হয়তো সংস্কৃতিগত ভাবে উপযুক্ত কাজ হিসাবে দেখা হতো না, অথবা
 ২. তীত হয়তো লুকের তথ্যের প্রধান উৎস ছিলেন পৌলের জীবন ও পরিচর্যা সম্বন্ধে, এবং, সেজন্য, লুকের মত, নাম করা হয়নি
- ঘ. তিনি ও বার্নাবা পৌলের সাথে প্রেরিত ১৫ অধ্যায়ে লিপিবদ্ধ সকল গুরুত্বপূর্ণ যিরুশালেম সভায় সঙ্গী হয়েছিলেন।
- ঙ. তীতের বইটির লক্ষ্য ক্রীতে তীতের কাজ সম্পর্কে পৌলের দেওয়া উপদেশ। তীত পৌলের অফিশিয়াল বিকল্প হিসাবে কাজ করেছেন।
- চ. তীতের বিষয়ে নূতন নিয়মে শেষ তথ্য হল এই যে তাকে দালমাথিয়াতে কাজের জন্য পাঠান হয়েছিল (২ তীম ৪:১০)।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “আমি মাকিদোনিয়ায় চলে গেলাম” ২ করি ৭:৫ পদ পর্যন্ত পৌলের চিন্তায় একটি বন্ধনী রয়েছে। এটি খ্রীষ্টের জন্য ঈশ্বরের প্রশংসা করার চেয়ে ভিন্ন বিষয়! এই বিচ্যুতি খুবই সুন্দর ও খুবই সাহায্যকারী যার জন্য আমরা ঈশ্বরের ধন্যবাদ করতে পারি। পৌলের অনেক স্মরণীয় উক্তি এই বিচ্যুতি থেকেই এসেছে।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করি ২:১৪-১৭

^{১৪} ঈশ্বরের ধন্যবাদ হোক, যিনি সব সময় আমাদের খ্রীষ্টে বিজয় যাত্রায় পরিচালনা করেন, এবং তাঁর সম্বন্ধে জ্ঞানের সুগন্ধ আমাদের দ্বারা সব জায়গাতে প্রকাশ করছেন। ^{১৫} কারণ যারা উদ্ধার পাচ্ছে এবং যারা ধ্বংস হয়ে যাচ্ছে তাদের উভয়েরই কাছে ঈশ্বরের পক্ষে আমরা খ্রীষ্টের সুগন্ধ; ^{১৬} এক দলের কাছে আমরা মৃত্যুমূলক মৃত্যুজনক সুগন্ধ, অন্য দলের কাছে জীবনমূলক জীবনদায়ী সুগন্ধ। আর এই সকলের জন্য যোগ্য কে? ^{১৭} কারণ আমরা অনেকের মত নই, ঈশ্বরের বাক্যে ভাঁজ দেই, কিন্তু সরল ভাবে, ঈশ্বরের আদেশ অনুসারে, আমরা ঈশ্বরের সামনে খ্রীষ্টে কথা বলছি। (অনুবাদকৃত টেক্সট)।

২:১৪ “ঈশ্বরের ধন্যবাদ হোক” পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: পৌলের প্রশংসা, প্রার্থনা এবং ঈশ্বরের প্রতি ধন্যবাদজ্ঞাপন

(SPECIAL TOPIC: PAUL'S PRAISE, PRAYER, AND THANKSGIVING TO GOD)

পৌল ছিলেন প্রশংসার মানুষ। তিনি পুরাতন নিয়ম জানতেন। গীতের প্রথম চারটি বিভাগের (অর্থাৎ, পুস্তকগুলি) প্রতিটির শেষ হয়েছে প্রশংসা দিয়ে (গীত ৪১:১৩; ৭২:১৯; ৮৯:৫২; ১০৬:৪৮)। যে লোকেরা ঈশ্বরকে জানে তারা প্রায়ই তাঁর প্রশংসা ও আরাধনা করে।

১. তার পত্রের আরম্ভের প্যারাগ্রাফে
 - ক. প্রারম্ভিক শুভেচ্ছা ও আশীর্বাচন (রোমীয় ১:৭; ১ করি ১:৩; ২ করি ১:২)
 - খ. প্রারম্ভিক আশীর্বাচন (*eulogētos*, ২ করি ১:৩-৪; ইফি ১:৩-১৪)
২. সংক্ষিপ্ত প্রশংসার উল্লাস
 - ক. রোমীয় ১:২৫; ৯:৫
 - খ. ২ করি ১১:৩১
৩. প্রশংসা গীত (ব্যবহারের বৈশিষ্ট্য [১] *doxa* {অর্থাৎ গৌরব} এবং [২] “চিরকাল এবং চিরকালের জন্য”)
 - ক. রোমীয় ১১:৩৬; ১৬:২৫-২৭
 - খ. ইফি ৩:২০-২১
 - গ. ফিলি ৪:২০
 - ঘ. ১ তীম ১:১৭
 - ঙ. ২ তীম ৪:১৮
৪. ধন্যবাদজ্ঞাপন (অর্থাৎ, *eucharisteō*)
 - ক. পত্রের আরম্ভ (রোমীয় ১:৮; ১ করি ১:৪; ২ করি ১:১১; ইফি ১:১৬; ফিলি ১:৩; কল ১:৩, ১২; ১ থিষ ১:২; ২ থিষ ১:৩; ফিলিমন ৪

পদ; ১ তীম ১:১২; ২ তীম ১:৩)

- খ. ধন্যবাদ দানের আহ্বান (ইফি ৫:৪,২০; ফিলি ৪:৬; কল ৩:১৫, ১৭; ৪:২; ১ থিষ ৫:১৮)
৫. সংক্ষিপ্ত ধন্যবাজ্ঞাপনের উল্লাস
- ক. রোমীয় ৬:১৭; ৭:২৫
- খ. ১ করি ১৫:৫৭
- গ. ২ করি ২:১৪; ৮:১৬; ৯:১৫
- ঘ. ১ থিষ ২:১৩
- ঙ. ২ থিষ ২:১৩
৬. শেষ আর্শীবচন
- ক. রোমীয় ১৬:২০, ২৪
- খ. ১ করি ১৬:২৩-২৪
- গ. ২ করি ১৩:১৪
- ঘ. গালা ৬:১৮
- ঙ. ইফি ৬:২৪

পৌল ধর্মতত্ত্বগত ভাবে এবং অভিজ্ঞতার ভিত্তিতে খ্রিষ্ট ঈশ্বর সম্পর্কে জানতেন। তার লেখনী তিনি শুরু করেছেন প্রার্থনা এবং প্রশংসা দিয়ে। তার উপস্থাপনার মাঝখানে তিনি প্রশংসা ও ধন্যবাদ দানে উল্লাস করেছেন। তার পত্রের সমাপ্তিতে তিনি সব সময়ই মনে রেখেছেন প্রার্থনা, প্রশংসা ও ঈশ্বরের ধন্যবাদ দান। পৌলের লেখার শ্বাস প্রশ্বাস ছিল প্রার্থনা, প্রশংসা ও ধন্যবাদ জ্ঞাপন। তিনি ঈশ্বরকে জানতেন, তিনি তার নিজেকে জানতেন এবং তিনি সুসমাচার জানতেন।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “সব সময়” ঈশ্বর সব সময় আমাদের পরিচালনা দেন (১) খ্রীষ্টের মাধ্যমে; (২) খ্রীষ্টের বিজয়ে; এবং (৩) সাক্ষ্যদানের উদ্দেশ্যের জন্য (অর্থাৎ, “আমাদের মধ্যে দিয়ে প্রকাশিত,” present active participle, ২ করি ২:১৫-১৬)

NASB, NKJV “যিনি সব সময় আমাদের খ্রীষ্টে বিজয় যাত্রায় পরিচালনা করেন”

NRSV “যিনি খ্রীষ্টে সব সময় আমাদের বিজয় মিছিলে পরিচালনা করেন”

TEV “খ্রীষ্টের বিজয় মিছিলে বন্দি হিসাবে ঈশ্বর দ্বারা পরিচালিত”

NJB “যিনি সব সময় আমাদের খ্রীষ্টে তাঁর বিজয় মিছিলে অংশ দেন”

এই শব্দগুচ্ছ উল্লেখ করে বিজয় মিছিলের রোমীয় সামরিক অনুশীলন যেখানে বিজয়ী সেনাদল রোমের রাস্তা দিয়ে বিজয় মিছিল করে এগিয়ে যাওয়া, যেটি জোর দিয়েছে বিজয়ী হিসাবে খ্রীষ্টকে (the participle is singular)। তিনি ধংস করেছিলেন সকল বিরোধি শক্তিকে (কল ২:১৫, এখানের যে verb দেখা যায় তা কেবলমাত্র নূতন নিয়মের এই দুই পদে দেখা যায়)। বিশ্বাসীরা তাঁকে অনুসরণ করে, বন্দি হিসাবে নয় (TEV, NEB, এবং REB অনুবাদ করেছে এই অভিব্যক্তিকে “বন্দি” হিসাবে, কিন্তু এটি প্রসঙ্গে সুস্পষ্ট বিজয়ের বিরুদ্ধে যায়, যতক্ষণ না পৌল উল্লেখ করছেন তার কষ্টভোগ ও অপমান একজন সুসমাচার প্রচারক হিসাবে যার সাথে তুলনা করা হয়েছে রোমীয় মিছিলের বন্দিদের), কিন্তু একজন সহ যোদ্ধা হিসাবে! আমরা বিজয় লাভ করেছি সেই কারণে এবং তাঁর মধ্যে দিয়ে! আমাদের বিজয় লাভ হয়েছে, কিন্তু আমাদের অবশ্যই একে দাবী করাটা বেছে নিতে হবে এবং প্রতিদিন এতে চলতে হবে।

■ “আমাদের” ২ করি ২:১৪-১৭ পদে plural pronouns উল্লেখ করেছে (১) প্রেরিতদের; (২) পৌল ও তার প্রচারক দল; অথবা (৩) সকল বিশ্বাসী যারা সুসমাচার ছড়িয়ে দিচ্ছে। আমার কাছে অপশন #২ হল লক্ষ্য, কিন্তু #৩ হল ইঙ্গিতপূর্ণ। সুসমাচার প্রচারকেরা বিজয়ী, কিন্তু একটি মূল্য রয়েছে যা পরিশোধ করতে হবে (২ করি ৪:৭-১২; ৬:৩-১০; ১১:২৩-৩০)।

■ “প্রকাশিত” পৌল এই শব্দ ব্যবহার করেছেন প্রায়ই ২ করি স্থায়ীতে (২ করি ২:১৪; ৩:৩; ৪:১০,১১; ৫:১০, ১১[দু’বার]; ৭:১২; ১১:৬)। টার্মের অর্থ স্পষ্ট ভাবে প্রদর্শন করা বা জানানো। পৌলের প্রবল আকাংখ্যা ছিল সম্পূর্ণ ভাবে, প্রকাশ্যে, এবং স্পষ্টভাবে খ্রীষ্টের ব্যক্তিত্ব ও কাজের মধ্যে দিয়ে ঈশ্বরকে প্রকাশ (অর্থাৎ, সুসমাচার)।

■ “তাঁর সম্বন্ধে জ্ঞানের সুগন্ধ সব জায়গাতে” করি স্থায়ী মণ্ডলী তাদের মেধাগত উত্তরাধিকারের জন্য গর্বিত ছিল। পৌল গর্বিত ছিলেন খ্রীষ্টের মধ্যে দিয়ে ঈশ্বর সম্বন্ধে তার জ্ঞানের জন্য। জ্ঞান ব্যক্তিগত গৌরবের জন্য নয়, কিন্তু সুসমাচার প্রচারের জন্য। যেমন আমরা “সব সময়” (অর্থাৎ, *pantote*) খ্রীষ্টে বিজয়ে পরিচালিত হই, আমাদের কাছে প্রত্যাশা করা হয় যে আমরা স্পষ্ট ভাবে প্রকাশ (অর্থাৎ, প্রদর্শন) করবো খ্রীষ্টের বার্তা “প্রতিটি জায়গাতে” (অর্থাৎ, *panti*)। খ্রীষ্টের সার্বজনীন সুসমাচার প্রচারিত হবে তাঁর বিজয়ী অনুসারীদের দ্বারা সব জায়গাতে (মথি ২৮:১৯-২০; লূক ২৪:৪৭; প্রেরিত ১:৮)।

পৌল প্রায়ই এই ছোট্ট শব্দগুচ্ছ “প্রতিটি জায়গাতে” ব্যবহার করেছেন (১ করি ১:২; ১ থিষ ১:৮; ১ তীম ২:৮)। আমি আশ্চর্য হব এটি যদি কোন উল্লেখ না হয় মালাখী ১:১১ পদের, যেখানে ভাববাণী করা হয়েছে বিশ্বব্যাপি ঈশ্বরের মশীহের আরাধনা করার?

২:১৫ “ঈশ্বরের পক্ষে আমরা খ্রীষ্টের সুগন্ধ” এই শব্দগুচ্ছের দুটি সম্ভাব্য প্রেক্ষাপট।

১. পুরাতন নিয়মে উৎসর্গ ও ধূপের ধূমা ঈশ্বরের কাছে পৌছাত এবং তা মিস্তি সুগন্ধি রূপে গৃহিত হতো (আদি ৮:২১; যাত্রা ২৯:১৮,২৫; সেপ্টুয়াজিণ্টের লেবীয় ১:৯,১৩,১৭; ২:২; আরও ব্যবহৃত হয়েছে পৌলের দ্বারা ফিলি ৪:১৮ পদে)
২. প্রথম শতকে ধূপ পোড়ান হতো রোমের সামরিক কুচকাওয়াজের পথে

সুসমাচারের বিস্তার হল YHWH এর কাছে প্রশংসার উৎসর্গ রূপে গৃহিত হতো। বিশ্বাসীরা খ্রীষ্টে গৃহিত হতো এই উদ্দেশ্যে যে তারা খ্রীষ্টের সাদৃশ্য হবে ও তাঁর সুসমাচার প্রচার করবে।

■ “যারা উদ্ধার পাচ্ছে এবং যারা ধ্বংস হয়ে যাচ্ছে তাদের উভয়েরই কাছে” এই পার্থক্য মনে হয় যে যারা ধ্বংস হচ্ছে তাদের নিজেদের ইচ্ছার দ্বারা অবিরত চালিত হয়ে ধ্বংস হচ্ছে (present active participle), এবং যারা উদ্ধার পাচ্ছে তারা খ্রীষ্টের মধ্যে দিয়ে ঈশ্বরের ইচ্ছায় উদ্ধার পাচ্ছে (present passive participle)। “যারা উদ্ধার পাচ্ছে” এর ধর্মতাত্ত্বিক তাৎপর্যের জন্য। দেখুন বিশেষ বিষয়:পরিব্রাণ(GREEK VERB TENSES), পৃ.৮৯, (SPECIAL TOPIC: SALVATION (GREEK VERB TENSES), See page 89) ১ করি ৩:১৫ পদে।

“ধ্বংস” এর ধারণার জন্য দেখুন সম্পূর্ণ ধর্মতাত্ত্বিক আলোচনা ১ করি ১:১৮ পদে, যেটি এই টেক্সটের সমান্তরাল।

২:১৬ “আর এই সকলের জন্য যোগ্য কে” সুসমাচার প্রচার অনন্তকালীন ভাবে মানুষকে বিভক্ত করেছে। ২ করি ৩:৫-৬ পদ থেকে আমরা বুঝতে পারি যে ঈশ্বর তাঁর সন্তানদের সুসজ্জিত করেন এই ভয়ানক সাক্ষ্যের দায়িত্বাদান করে। প্রতিটি বিশ্বাসীরা জীবন ঈশ্বরের কাছে সুগন্ধ যা অন্যদের প্রভাবিত করে, হয় খ্রীষ্টের প্রতি নির্ভরতা না হয় খ্রীষ্টকে প্রত্যাখ্যান। এটা গুরুত্বপূর্ণ যে কিভাবে আমরা জীবন যাপন করি; তা অন্যরা লক্ষ্য করে (২ করি ২:১৬; ৩:২,৩)।

যখন আমি এই পদ পড়ি আমি চিন্তা করি যে কতবার এবং কতটি জায়গায় আমি সুসমাচার প্রচার করার সুযোগ পেয়েছিলাম। কেউ জানে না কাকে উপস্থাপন করা হচ্ছে বা তারা কি বলতে যাচ্ছে! অম্মার কতগুলি প্রচার ভাল ভাবে করা হয়েছে এবং কতগুলি সত্যিকার ভাবে বাজে হয়েছে! কিভাবে একজন ঘোষণাকারী এই চাপ নিয়ে দাড়াতে পারে যে একজন শ্রোতা অনন্তকালীন মনোনয়নে সিদ্ধান্ত নিয়েছে যা সে মানুষের মুখ থেকে শুনছে তার উপরে? তারা পারে না! কাজটি আত্মার, ঘোষণাকারীর নয়! আমাদের অবশ্যই সুসমাচার বলতে বিশ্বস্ত হতে হবে কিন্তু আমাদের আত্মিক দায়িত্বের সীমাবদ্ধতা রয়েছে! এটি ঈশ্বরের সুসমাচার! এটি তাঁর বাক্য! কেউই উদ্ধার পেতে পারে না আত্মার স্পর্শ ছাড়া (যোহন ৬:৪৪,৬৫)। মানবিক যুক্তি বা বাগ্মিতা চূড়ান্ত বিষয় নয়!

২:১৭ “আমরা অনেকের মত নই” পৌল উল্লেখ করেছেন (১) গ্রীক-রোমীয় জগতে ভ্রমণমীল প্রচারকদের কথা যারা বিভিন্ন স্থানে ঘুরে ঘুরে শিক্ষা দিতেন এবং (২) দার্শনিক যাদের তুলনা করা হয়েছে ভ্রান্ত শিক্ষকদের সাথে যারা প্যালেস্টাইন থেকে এসেছিল (তাদের মত গালা ১:৬-৮ পদের) এবং পৌলকে, তার সুসমাচারকে, এবং প্রেরিতত্বকে আক্রমণ করেছিল (২ করি ৪:২)।

“অনেকের” সার্থে সম্পর্কিত পার্থক্য রয়েছে (MSS x, A, B, C, K, P)। অন্যান্য প্রাচীন MSS (P⁴⁶, D, F, G, L) রয়েছে “বাকীরা” (NKJV, NRSV পাদটিকা)। Bruce Metzger, *A Textual Commentary of the Greek New Testament*, p. 577, বলেছেন দ্বিতীয় বিকল্প হল একটি “বিবর্তকর” টার্ম যেটি পৌল এই প্রসঙ্গে ব্যবহার করেন নাই। UBS⁴ দিয়েছে বিকল্প এক কে “B” রেটিং (প্রায় নিশ্চিত)।

■ “ঈশ্বরের বাক্যে ভাঁজ দেই” এটি একটি টার্ম যেটি এসেছে দ্রাক্ষারসের শিল্প থেকে। এটি দুটি ভাবে ব্যবহৃত হয়:

১. দ্রাক্ষারসের সাথে জল মেশানো যেন আরও অধিক অর্থ আয় করা যায় (অর্থাৎ, ভেজাল দেওয়া)
২. একজনের উৎপাদিত পণ্যকে লাভের জন্য ফেরি করা (অর্থাৎ, একজন ফেরিওয়ালা)

পৌল তার বার্তার (সুসমাচার) পরিবর্তন করেন নাই ভিন্ন ভিন্ন শ্রোতাদের জন্য (অর্থাৎ, গ্রীক, যিহুদী), কিন্তু তিনি তার প্রয়োগকে পরিবর্তন করেছেন (দেখুন প্রেরিত পুস্তকে পৌলের প্রচার এবং ১ করি ৯:১৯-২৩ পদে তার মন্তব্য)।

■ “কিন্তু সরল ভাবে” এই টার্ম এসেছে “মিশ্রিত করা হয় নাই” রুট থেকে (২ করি ১:১২)। এটি হতে পারে “ভাজ দেওয়া” এর বিপরীত। সরলতার জন্য এই বিরল শব্দ সম্ভবত এটি মিশ্রিত টার্ম যেটি এসেছে “সূর্যালোক” এবং “বিচার” থেকে। এটি এই ধারণা বহন করে যে কোন কিছু গোপন নাই, খাঁটি উদ্দেশ্য (১ করি ৫:৮; ২ করি ১:১২; ২:১৭; ফিলি ১:১০; ২ পিতর ৩:১)। লক্ষ্য করুন সমান্তরাল “কিন্তু সরল ভাবে” এবং “কিন্তু ঈশ্বর থেকে যেমন” এর মধ্যে।

■ “ঈশ্বরের বাক্য . . . ঈশ্বর থেকে. . . ঈশ্বরের দৃষ্টিতে” পৌল তার সুমাচারের বার্তা ঈশ্বরের বার্তা বলে নিশ্চিত করেছেন এবং সেই বার্তা হল খ্রীষ্ট! পৌল ঈশ্বরকে ধন্যবাদ জানিয়েছেন (২ করি ২:১৪) এই জন্য যে:

১. খ্রীষ্টে আমাদের বিজয় (২ করি ২:১৪)
২. প্রতিটি জায়গাতে তাঁর বিষয়ে আমাদের প্রকাশিত জ্ঞান (২ করি ২:১৪)
৩. তাঁর বিষয়ে আমাদের বার্তা জীবন ও মৃত্যু ফল দান করে (২ করি ২:১৫-১৬)
৪. আমাদের অমিশ্রিত বার্তা ঈশ্বরে কাছ থেকে এসেছে, ঈশ্বরের সামনে, খ্রীষ্ট সম্বন্ধে, এবং খ্রীষ্টে (২ করি ২:১৭)

■ “আমরা ঈশ্বরের সামনে খ্রীষ্টে কথা বলছি” ঠিক এই শব্দগুচ্ছটি পুনরাবৃত্তি করা হয়েছে ২ করি ১২:১৯ পদে। এটি মনে হয় একটি বাগধারাগত উপায় সুসমাচারের নির্ভরযোগ্যতা ও সত্যবাদিতা নিশ্চিত করার।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, ছড়ান্ত নয়।

১৫. কেন পৌল তার ভ্রমণ পরিকল্পনা বিস্তারিত ভাবে আলোচনা করেছিলেন?
১৬. করিন্থীয় মণ্ডলীর কাছে পৌল কতটি চিঠি লিখেছিলেন?
১৭. ২ করি ২:১৪ পদের বিজয়ের প্রেক্ষাপট ব্যাখ্যা করুন।
১৮. কিভাবে একজন আত্মিক চাপে দাঁড়াবে যা অন্তর্ভুক্ত ২ করি ১৫-১৬ পদে যখন আমরা জানি যে সুসমাচার প্রচার করার অর্থ হতে পারে স্বর্গ ও নরকের মধ্যে পার্থক্য?

Copyright © 2013 [Bible Lessons International](http://www.biblelessons.org)

২ করিন্থীয় ৩
(2 CORINTHIANS 3)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
নূতন চুক্তির পরিচর্যাকারী	খ্রীষ্টের পত্র	আমাদের পরিচর্য্যা (২:১৪-৩:৬)	নূতন চুক্তির দাস	ত্রয়ো থেকে মাকিদোনিয়া- প্রেরিতভূত: এটা গুরুত্বপূর্ণ (২:১২-৪:৬)
৩:১-৩	৩:১-৩ আত্মা, পত্র নয়	৩:১-৩	৩:১-৩	৩:১-৩
৩:৪-৬	৩:৪-৬	৩:৪-৬	৩:৪-৬	৩:৪-১১
৩:৭-১১	৩:৭-১৮ নূতন চুক্তির গৌরব	৩:৭-১১ নূতন চুক্তির পরিচর্য্যা	৩:৭-১১	
৩:১২-১৮		৩:১২-১৮	৩:১২-১৮	৩:১২-১৮

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১২. প্রথম প্যারাগ্রাফ
১৩. দ্বিতীয় প্যারাগ্রাফ
১৪. তৃতীয় প্যারাগ্রাফ
১৫. ইত্যাদি।

প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. এই অধ্যায়ের উপরে গুরুত্ব দান ইব্রীয় পুস্তকের উপরে গুরুত্ব দানের মত একই রকমের। এটি পুরাতন চুক্তি ও নূতন চুক্তির মধ্যকার একটি তুলনা। কিভাবে পাপী মানুষ ঈশ্বরের সামনে ধার্মিক গণিত হতে পারে।
১. মোশির ব্যবস্থা পালন করে
 ২. খ্রীষ্টে ঈশ্বরের অভিষেক কাজে বিশ্বাস করে?
- এই তুলনা পৌল তার সুসমাচার ও নিজেকে সমর্থন করে ব্যবহার করেছেন যিহূদী সমর্থিত ভ্রান্ত শিক্ষকদের বিরুদ্ধে যারা করিচ্ছে এসেছিল।
- খ. এই অধ্যায় ব্যবহার করেছে টার্ম “আত্মা” চরম দ্ব্যর্থবোধকতায়। এখানে অনেক আলোচনা রয়েছে ২ করি ৩:৬,৮,১৭ এবং ১৮ পদ নিয়ে। সেগুলি কি “পবিত্র আত্মার” সাথে সম্পর্কিত না “আত্মিকতার” ধারণা? মনে হয় একটি ইচ্ছাকৃত নমনীয়তা রয়েছে এই দুটির মধ্যে। নূতন যুগ

হল আত্মার যুগ (যির ৩১:৩১-৩৪; যিহি ৩৬:২২-৩৮), যেটি প্রতিষ্ঠিত ঈশ্বরের সাথে একটি আত্মিক সম্পর্ক বনাম একটি বৈধ, কর্ম ভিত্তিক সম্পর্কে।

গ. পৌল ব্যবহার করেছেন টার্ম “ব্যবস্থা” (দেখুন বিশেষ বিষয় ১ করি ৯:৯ পদে)

১. ব্যবস্থা = ক্রোধ; রোমীয় ৩:২০; ৪:১৫; গালা ৩:১০-১৩; কল ২:১৪

২. ব্যবস্থা = আত্মিকভাবে ভাল; রোমীয় ৭:১৪

৩. তুলনা রোমীয় ১:১৫; ২:১৩; গালা ৩:১২; এবং রোমীয় ৩:২ বা ৮:৭; ২ করি ৩:৬; গালা ৩:২১ পদের মধ্যে

৪. পৌল অব্রাহাম ও মোশিকে ব্যবহার করেছেন দুটি আদর্শগত প্রতিক হিসাবে “বিশ্বাস” এবং “ব্যবস্থা” এর মধ্যকার সম্পর্ক বোঝাতে ব্যবস্থা ভাল। এটি ঈশ্বরের কাছ থেকে এসেছে। এটি পরিচর্যা করছে, পরিচর্যা করেই যাচ্ছে, একটি স্বর্গীয় উদ্দেশ্য নিয়ে (রোমীয় ৭:৭,১২,১৪,২২,২৫)। এটি শান্তি বা পরিত্রাণ আনতে পারে না। James Stewart তার বই *A Man in Christ*, দেখিয়েছেন paradoxical চিন্তা এবং লেখা:

“আপনি স্বাভাবিক ভাবে একজন মানুষের কাছে আশা করবেন যিনি নিজেকে একটি চিন্তা ও মতবাদের পদ্ধতি গঠন করে প্রতিষ্ঠা করেছেন নিশ্চিত করতে যতটা কঠিন করা সম্ভব সেই টার্মের অর্থকে যেখানে তিনি নিজে জড়িত। আপনি একটি শব্দ দাবি করবেন, একবার আপনার লেখক দ্বারা একটি নির্দিষ্ট অর্থে তা ব্যবহৃত হয়েছিল যেটি সমগ্র লেখনীতে এই অর্থ বহন করবে। কিন্তু এর জন্য পৌলের দিক থেকে দেখুন এটা বেশ হতাশাজনক হবে। তার বেশির ভাগ শব্দগুচ্ছ নমনীয়, কঠিন নয়. . . ‘ব্যবস্থা পবিত্র,’ তিনি লিখেছেন, ‘আমি ঈশ্বরের এই ব্যবস্থায় আনন্দিত আমার ভিতরের মানুষের পক্ষে’ (রোমীয় ৭:১২-১৩) কিন্তু এটা স্পষ্ট ভাবে আর একটি *nomos* এর দিক যা তাকে করেছে অন্য জায়গায় বলিয়েছে ‘খ্রীষ্ট আমাদের ব্যবস্থা শাপ থেকে মুক্ত করেছেন’ (গালা ৩:১৩)” (পৃষ্ঠা ২৬)।

ঘ. পৌল তিনটি বড় রূপক ব্যবহার করেছেন এই অধ্যায়ে:

১. চিঠি, ২ করি ৩:১-৩

ক. অনুমোদনের চিঠি, ২ করি ৩:১

খ. সেগুলি চিঠি, ২ করি ৩:২

গ. পুরাতন নিয়মের ফলক, ২ করি ৩:৩

২. পুরাতন এবং নতুন চুক্তি, ২ করি ৩:৬-১১

ক. লিখিত বনাম আত্মিক, ২ করি ৩:৩,৬

খ. হত্যা করা বনাম জীবন দান, ২ করি ৩:৬

৩. আবরণ, ২ করি ৩:৭, ১২-১৬

ক. মোশি, ২ করি ৩:১২

খ. পৌলের সময়ের যিহুদী, ২ করি, ৩:১৪

গ. বিশ্বাসীবর্গ, ২ করি ৩:১৪-১৬

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ২ করি স্থায়ী ৩:১-৩

^১ আমরা কি আবার নিজেদের প্রশংসা করতে শুরু করেছি? অথবা কোন কোন লোকের যেমন, আমাদেরও কি সেই রকম তোমাদের কাছে বা তোমাদের কাছ থেকে প্রশংসার চিঠির দরকার হয়ে পড়েছে? ^২ তোমরাই আমাদের চিঠি, আমাদের হৃদয়ে লেখা পত্র, যা সকল মানুষ জানে ও পাঠ করেছে; ^৩ স্পষ্টতঃ যে তোমরাই খ্রীষ্টের লেখা চিঠি, আমাদের দ্বারা পরিচর্যাকৃত, এই চিঠি কালি দিয়ে লেখা হয় নি বরং জীবন্ত ঈশ্বরের আত্মা দিয়েই লেখা হয়েছে, কোন পাথরের ফলকের উপরে লেখা নয়, কিন্তু মানুষের অন্তরের উপরেই লেখা হয়েছে। (অনুবাদকৃত টেক্সট)।

৩:১ ২ করি ৩:১ পদের দুটি প্রশ্নেরই ব্যাকরণগত গঠন প্রত্যাশা করছে “না” উত্তর। এটি জানা কঠিন যে পৌল কি কৌতুক করছেন না হতাশ।

■ “প্রশংসা করা” এই শব্দটি “জায়গার” এবং “এক সাথে” এর একটি সমন্বয়, যেটি রূপক ভাবে ব্যবহৃত হয়েছে এটি দেখাতে, একসাথে বহন করা, বা অনুমোদনের জন্য।

১. দেখাতে (রোমীয় ৩:৫; ৫:৮; ২ করি ৭:১১; গালা ২:১৮)

২. সহ্য করতে (কল ১:১৭)

৩. প্রশংসা করতে (রোমীয় ১৬:১; ২ করি ৩:১; ৪:২; ৫:১২; ৬:৪; ১০:১২, ১৮; ১২:১১)

■ “যেমন কেউ কেউ” পৌল ২ করি স্থায়ীতে প্রায়ই এই টার্ম ব্যবহার করেছেন কারণ প্যালেস্টাইন থেকে আগত আক্রমণাত্মক শ্রান্ত শিক্ষকদের সাথে দ্বন্দ্ব যারা পৌল এবং তার প্রেক্ষাপট ও তার সুসমাচারের সাথে নিজেদের তুলনা করে উচ্ছে তুলে ধরতে চাইতো (২ করি ৩:২; ২:১৭; ১০:২)। তিনি ১ করি স্থায়ীতে এই একই রকমের মনোভাব প্রকাশ করেছেন নেতিবাচক অর্থে যা কিছু কিছু মন্তলীর সদস্যদের কাজ ও বিশ্বাসের সাথে সম্পর্কিত (২ করি ৪:১৮; ১৫:১২)।

■ “প্রশংসা পত্র” প্রাথমিক মণ্ডলী প্রশংসা পত্রের প্রক্রিয়া গ্রহণ করেছিল ড্রাম্যাগ প্রচারকদের সঠিক বিশ্বাস ও নির্ভরযোগ্যতা নিশ্চিত করতে (প্রেরিত ১৮:২৭; রোমীয় ১৬:১; ১ করি ১৬:৩, ১৫-১৮; ফিলি ২:২৯-৩০; ৩ যোহন ১:১২)।

৩:২ “তোমরাই আমাদের চিঠি, আমাদের হৃদয়ে লেখা পত্র” পৌল জোর দিয়ে বলছেন যে এই মণ্ডলী জন্য তার নিজের কোন প্রশংসা পত্রের দরকার নেই (বা এই মণ্ডলী থেকে), কারণ তিনি এটির আত্মিক প্রতিষ্ঠাতা যেমন খ্রীষ্ট হলেন এই মণ্ডলীর উদ্ভাবক ও প্রভু। তারা তার মাংস ও রক্তের চিঠি (২ করি ৩:৩)।

শব্দগুচ্ছ “আমাদের হৃদয়ে লিখিত” হল একটি perfect passive participle। পৌল এই মণ্ডলীকে ভালবাসতেন। তারা স্থায়ী ভাবে তার মনে ও হৃদয়ে রয়েছে। এই passive voice ইঙ্গিত দেয় যে ঈশ্বর/খ্রীষ্ট/আত্মা হলেন প্রতিনিধি (২ করি ৩:৩), যা পৌলের ভালবাসাকে উৎপন্ন করে।

দেখুন বিশেষ বিষয়: হৃদয়, পৃ..২৪৩, (SPECIAL TOPIC: THE HEART, See page 243) ১ করি ১৪:২৫ পদে।

■ “জানো এবং পাঠ করেছে” এখানে একটি শব্দ কৌশল রয়েছে এই দুটি গ্রীক শব্দের মধ্যে (অর্থাৎ, *ginōskomenē* এবং *anaginōskomenē*, ২ করি ১:১৩)। উভয়ই present passive participles।

■ “সকল মানুষের দ্বারা” এই টার্ম “সকল” এর ব্যবহার যেখানে এটি ব্যাপক নয় (রোমীয় ১১:২৬)। এটি স্পষ্টত একটি ব্যাক্যালংকার, যেটি খুবই সাধারণ যিহুদী সাহিত্যে (মথি ৫:২৯-৩০, ৩৮-৪২; ৬:২৪; ৭:৩-৫; ২৩:২৩-২৪)।

৩:৩ “প্রকাশিত হয়েছে” দেখুন ২ করি ২:১৪ পদের নোট।

■ “তোমরাই খ্রীষ্টের লেখা চিঠি” বিশ্বাসীদের অর্থ হল যারা স্পষ্ট ভাবে খ্রীষ্টকে প্রকাশ করবে তাদের উদ্দেশ্যে, বাক্যে, এবং কাজে। কিভাবে আমরা তাঁর মত করে জীবন যাপন করবো!

■ “আমাদের দ্বারা পরিচর্যাকৃত” দেখুন বিশেষ বিষয়: দাসরূপি নেতৃত্ব, পৃ..৯৫, (SPECIAL TOPIC: SERVANT LEADERSHIP, See page 95) ১ করি ৪:১ পদে।

■ “জীবন্ত ঈশ্বরের আত্মা” এই টার্মতন্ত্র উল্লেখ করেছে ত্রিত্ব ঈশ্বর অত্যন্ত নমনীয়। আত্মাকে প্রায়ই উল্লেখ করা হয়েছে যীশুর আত্মা হিসাবে (রোমীয় ৮:৯; ২ করি ৩:১৭; গালা ৪:৬; ১ পিতর ১:১১)। এখানেও সেই একই রকমের নমনীয়তা পিতাকে নির্দেশ করেছে। শিরোনাম “জীবন্ত ঈশ্বর” হল একটি YHWH এর উপরে কৌশল, যেখানে এসে ইব্রীয় verb “to be” থেকে (যাত্রা ৩:১৪)। পিতার জন্য বর্ণনামূলক শিরোনাম নূতন নিয়মে খুব সাধারণ (মথি ১৬:১৬; ২৬:৬৩; প্রেরিত ১৪:১৫; রোমীয় ৯:২৬; ২ করি ৬:১৬; ১ থিষ ১:৯; ১ তীম ৩:১৫; ৪:১০; ইব্রীয় ৩:১২; ৯:১৪; ১০:৩১; ১২:২২; প্রকা ৭:২)। পুরাতন নিয়মে পৌত্তলিক মূর্তি প্রাণহীন। তারা কোন সাড়া প্রদান করতে পারে না বা তারা বছরের মৃত অংশ (অর্থাৎ, শীতকাল) প্রকৃতির উর্বরতার চক্রকে অনুসরণ করে। হলেন একমাত্র সত্য জীবন্ত, YHWH সব সময়ই জীবন্ত ঈশ্বর!

■ “পাথরের ফলকের উপরে লেখা নয় কিন্তু মানুষের অন্তরের উপরেই লেখা হয়েছে” এটি মনে হয় যাত্রা পুস্তকে ৩১:১৮ পদে ব্যবস্থা দান ও নূতন চুক্তির প্রতিজ্ঞার সাথে সম্পর্কিত (যির ৩১:৩১-৩৪ এবং যিহি ৩৬:২২-৩৮)। এটি একটি সুস্পষ্ট তুলনা বাইরের ব্যবস্থা হিসাবে পুরাতন চুক্তি বনাম অভ্যন্তরীণ ব্যবস্থার হিসাবে নূতন চুক্তি (অর্থাৎ, নূতন হৃদয়, নূতন মন, এবং নূতন আত্মা, যিহি ১১:১৯; ৩৬:২৬)।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করি স্থায়ী ৩:৪-৬

^৪ খ্রীষ্টের মধ্য দিয়ে ঈশ্বরের উপর এই রকমের দৃঢ় বিশ্বাস আমাদের হয়েছে। ^৫ এই নয় যে, আমাদের নিজেদের মধ্যে কোন কিছু করার শক্তি আছে বলে আমরা উপযুক্ত তা নয়, বরং আমাদের সেই যোগ্যতা ঈশ্বরের কাছ থেকেই আসে, ^৬ তিনিই আমাদের নতুন ব্যবস্থার উপযুক্ত দাস হিসাবে যোগ্য করেছেন, অক্ষরে নয় কিন্তু আত্মায়, অক্ষর মৃত্যু আনে, কিন্তু আত্মা জীবন দান করেন। (অনুবাদকৃত টেক্সট)।

৩:৪ “দৃঢ় বিশ্বাস” এটি পৌলের লেখনীর আর একটি টার্ম যেটি বেশির ভাগ ২ করি স্থায়ীতে ব্যবহৃত হয়েছে। এটি বিশ্বাস, নির্ভরতা, বিশ্বাস করার (অর্থাৎ, *peithō* এবং *pistis, pisteuō*) মত একই গ্রীক রুট থেকে এসেছে। মূলত এর অর্থ নির্ভর, দৃঢ় বিশ্বাস, বা নির্ভরতা।

১. ইতিবাচক প্রসঙ্গ:

- ক. পৌলের ভ্রমণ পরিকল্পনা, ২ করি ১:১৫
- খ. পৌলের খ্রীষ্টের মধ্যে দিয়ে ঈশ্বরের উপরে নির্ভরতা, ২ করি ৩:৪
- গ. তীতে পৌলের দৃঢ় বিশ্বাস, ২ করি ৮:২২
- ঘ. খ্রীষ্টে পৌলের দৃঢ় বিশ্বাস, ইফি ৩:১২

২. নেতিবাচক প্রসঙ্গ:

- ক. পৌল তাদের প্রতি নশ্ব হতে চেয়েছেন, ২ করি ১০:২
- খ. পৌলের অনিচ্ছুক ছিলেন তার বিশ্বাসযোগ্যতার সাথে ভ্রান্ত শিক্ষকদের তুলনা করতে, ফিলি ৩:৪

৩:৫ “এই নয় যে আমাদের নিজেদের মধ্যে শক্তি আছে” গ্রীক টার্ম *hikanos* খুব প্রচলিত নূতন নিয়মে এবং এটি ব্যবহৃত হয়েছে দুটি অর্থে।

১. কোন কিছুর বৃহৎ সংখ্যা হিসাবে (২ করি ১১:৩০), এমনকি সময়ও
২. উপযুক্ত, সঠিক (২ করি ২:৬), যোগ্য, প্রশিক্ষিত, সক্ষম, বা যথেষ্ট

এখানে দ্বিতীয় অর্থটি ব্যবহৃত হয়েছে। পৌল তার বাহ্যিক যোগ্যতার অর্থে এই টার্ম ব্যবহার করেছেন ১ করি ১৫:৯ পদে। তিনি আরও বলতে চেষ্টা করেছেন যে সুসমাচার পরিচর্যাকারীরা নিজে নিজে যোগ্যতাসম্পন্ন নয় ২ করি ২:১৬ এবং ৩:৫ পদে।

তথাপি, যদিও আমরা নিজে নিজে যথেষ্ট নই, ঈশ্বরের আমাদের আহবান করেছেন এবং ক্ষমতাপন্ন করেছেন তাঁর প্রতিনিধি হিসাবে (২ করি ৩:৬; ২ তীম ২:২)। আমরা তাঁতে শক্তি প্রাপ্ত (কল ১:১২)।

■ “বিবেচনা করা” এটি হল টার্ম *logizomai*, যেটি পৌল ৩৪ বার ব্যবহার করেছেন, কিন্তু ৭ বারেরও কম নূতন নিয়মের অন্য জায়গাতে (২ করি ৩:৫; ৫:১৯; ১০:২, ৭; ১১:৫; ১২:৬)। এটি প্রতিফলিত করে পৌলের সত্যের যুক্তিগত উপস্থাপনা এবং তারপর উৎসাহ হিসাবে চিন্তা করা বিষয়টি পরিষ্কার ভাবে।

টার্মটি একটি বড় ধর্মতাত্ত্বিক শব্দ কারণ:

১. এটি সেপ্টুয়াজিটে ব্যবহৃত হয়েছে ব্যক্তিরূপে সত্যের জন্য (*the New International Dictionary of NT Theology*, vol. 3, p. 823)
২. এটি আদি ১৫:৬ পদে ব্যবহার হয়েছে, যেখানে পৌল পুরাতন নিয়মের ধার্মিকতার ন্যায্যতা বিধান করেছেন বিশ্বাসের মধ্যে দিয়ে ঈশ্বরের বিনামূল্যের দানের (রোমীয় ৪:৩)
৩. এটি হতে পারে Sophists এর ব্যবহারকৃত একটি কৌশলগত টার্ম যেটি তারা তাদের মৌখিক উপস্থাপনায় ব্যবহার করতো (Bruce W. Winter, *Philo and Paul Among the Sophists*)

আধুনিক বিশ্বাসীদের অবশ্যই সতর্কতার সাথে বিবেচনা করতে হবে তারা বিশ্বাস সম্পর্কে কি বিশ্বাস করে ও কেন। আমাদের মানসিক ও মৌখিক ক্ষমতা হল মানবে ঈশ্বরের প্রতিমূর্তির একটি অংশ। আমাদের অবশ্যই আমাদের মন দিয়ে ঈশ্বরের আরাধনা করতে হবে (LXX দ্বিতীয় বিবরণ ৬:৫; মথি ২২:৩৭)। আমাদের সক্ষম হতে হবে প্রত্যাশার একটি কৈপিয়ত দিতে হবে যেটি আমাদের মধ্যে আছে (১ পিতর ৩:১৫)। আমাদের অবশ্যই চিন্তা করতে হবে আমাদের বিশ্বাসের মধ্যে দিয়ে আমাদের স্থিরতার জন্য ও সুসমাচার প্রচারের জন্য। ("Why I Trust the NT" ভিডিওটি দেখুন online at www.freebiblecommentary.org, click করুন "Biblical Interpretation Sermons," এরপর Video Seminar, Dallas, TX, 2009" এবং তারপর পর্দার ডান দিকে পাঠ ৩ এ।

৩:৬ “নূতন ব্যবস্থার দাস” দেখুন বিশেষ বিষয়: দাসরূপি নেতৃত্ব ১ করি ৪:১ পদে।

■ “অক্ষরে নয় কিন্তু আত্মা” এখানে ধারাবাহিক তুলনা রয়েছে।

১. লিখিত বনাম আত্মিক, ২ করি ৩:৩ এবং ৫
২. অক্ষর বনাম আত্মা, ২ করি ৩:৬
৩. পুরাতন পরিচর্যা বনাম আত্মিক পরিচর্যা, ২ করি ৩:৭
৪. পরিচর্যা সংযুক্ত দোষারপের সাথে বনাম পরিচর্যা সংযুক্ত ধার্মিকতার সাথে, ২ করি ৩:৯
৫. যা চলে গেছে বনাম যা চিরস্থায়ী, ২ করি ৩:১১
৬. পর্দা উন্মোচনহীন রয়ে গেছে বনাম পর্দা অপসারিত হয়েছে, ২ করি ৩:১৪

পৌল তুলনা করছেন পুরাতন এবং নূতন চুক্তির, কিন্তু প্রকৃত পক্ষে অন্তরের বিশ্বাস (রোমীয় ২:২৯; ৭:৬) বনাম বুদ্ধির বিশ্বাস (অর্থাৎ, আইনগত, মানবিক কাজ, আত্ম ধার্মিকতা)।

■ “অক্ষর মৃত্যু আনে” এটি মনে হয় মোশির ব্যবস্থার প্রাথমিক উদ্দেশ্যের সাথে সম্পর্কিত। এটি দেওয়া হয়েছিল জীবন দিতে নয়, কিন্তু আমাদের পাপময়তাকে গুরুত্ব দিতে ও প্রকাশ করতে (রোমীয় ৭:৯-১১; গালা ৩:১০)। ব্যবস্থা দোষারপ (রোমীয় ৫:১৩), জেদ (রোমীয় ৪:১৫), এবং মৃত্যু (রোমীয় ৭:১৯; ২ করি ৩:৬) আনে। দেখুন George E. Ladd's *A Theology of the New Testament*, pp. 495-510। ব্যবস্থার স্থান স্পষ্ট ভাবে দেখা গিয়েছে রোমীয় ৩:২০; ৫:২০; ১০:৪; গালা ৩:২৪-২৫ পদে। নূতন নিয়মের বিশ্বাসী ও পুরাতন নিয়মের ব্যবস্থার মধ্যকার সম্পর্ক মহা দ্বিধা দ্বন্দ্বের বিষয় হয়েছে। এটা আমার কাছে মনে হয়, নূতন নিয়মের সকল প্যাসেজের উপরে ভিত্তি যে খ্রীষ্টিয়ানেরা পুরাতন নিয়মের ব্যবস্থার অধীনে নয় (রোমীয় ৬:১৪; গালা ৫:১৮)। এটা এই জন্য নয় যে পুরাতন নিয়মের ব্যবস্থা অতীত হয়েছে, কিন্তু এই কারণে যে নূতন নিয়মের খ্রীষ্টিয়ানেরা পুরাতন নিয়মের ব্যবস্থা পরিপূর্ণ করছে ঈশ্বরের আমাদের সাথে ভালবাসার সম্পর্কে যা দেখা যায় বিশ্বাসীদের অন্যদের ভালবাসার মাধ্যমে (রোমীয় ১৩:৮-১০; গালা ৫:১৪)। ব্যবস্থার উদ্দেশ্য পতিত মানবকে খ্রীষ্টের কাছে আনা, যেন তাদের উদ্ধার করা যায়। যাহোক, কেবল মাত্র পুরাতন নিয়মের ব্যবস্থা পরিব্রাণের উপায় নয় বলে এই অর্থ নয় এটি সামাজিক মানুষের জন্য ঈশ্বরের ইচ্ছা নয় (মথি ৫:১৭; রোমীয় ৮:৪)। দেখুন বিশেষ বিষয়: মোশির ব্যবস্থার প্রতি পৌলের দৃষ্টিভঙ্গি, পৃ. ১৬৭, ([SPECIAL TOPIC: PAUL'S VIEWS OF THE MOSAIC LAW](#), See page 167) ১ করি ৯:৯ পদে।

■ “আত্মা জীবন দান করেন” এই প্রেক্ষাপট শাস্ত্র ব্যাখ্যা নীতির পদ্ধতি যোগান দিচ্ছে না! এই প্যারাডক্স বাইবেল ভিত্তিক শাস্ত্র ব্যাখ্যা নীতির ঐতিহাসিক-ব্যাকরণগত পদ্ধতি বনাম প্রতিকি পদ্ধতির সাথে সম্পর্কিত নয়। এটি প্রাথমিক ভাবে সম্পর্কিত পুরাতন নিয়মের উদ্দেশ্য ও নূতন নিয়মের উদ্দেশ্যের স্বাতন্ত্র্যতার মধ্যে।

এই পয়েন্টের থেকেও বেশি, ঈশ্বরের উৎসে হৃদয় অনুভূত বিশ্বাস (যোহন ৬:৩৩) বনাম মানবিক উৎসে (অর্থাৎ, জ্ঞান, কাজ, বংশগত অবস্থান) নির্ভরতার ভূমিকা। ঈশ্বরের ভালবাসার চাবি হল, খ্রীষ্টের কাজ, এবং আত্মার সক্ষমতা। লক্ষ্য করুন যে অক্ষরের বধ করা এবং আত্মার জীবন দান উভয়ই present active indicatives।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করি স্থায়ী ৩:৭-১১

^১ কিন্তু মৃত্যুর যে পরিচর্যা, অক্ষর যা পাথরে লেখা ও খোদাই করা, এমন মহিমার সাথে আসল, যে ইস্রায়েল সন্তানগণ মোশির মুখের দিকে একভাবে তাকাতে পারল না মোশির মুখের মহিমার কারণে, যদিও সেই মহিমা লোপ পাচ্ছিল, ^২ তবে আত্মার পরিচর্যার ফল কি আরও মহিমাপূর্ণ হবে না? ^৩ কারণ যদি দণ্ডাজ্ঞার পরিচর্যার এমন মহিমাপূর্ণ হয়, তবে ধার্মিকতার পরিচর্যা আরও কত না বেশী মহিমাপূর্ণ। ^৪ কারণ যা মহিমাপূর্ণ ছিল, এই ক্ষেত্রে তার কোন মহিমা নেই কারণ মহিমা যা একে চেপে রেখেছে। ^৫ কেননা যা শেষ হয়ে যাচ্ছিল তা যখন এত মহিমাপূর্ণ ছিল, তখন যা চিরকাল থাকে তা আরও কত না বেশী মহিমাপূর্ণ। (অনুবাদকৃত টেক্সট)।

৩:৭ “যদি” এটি একটি, যেটি লেখকের দিক থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্যের দিক থেকে সত্য বলে ধরে নেওয়া হয়।

■ “মৃত্যুর পরিচর্যা, অক্ষর যা পাথরে লেখা” ব্যাবস্থার উদ্দেশ্য ছিল পাপময়তাকে দেখান (গালা ৩:২৪)। এই বিভাগ, ২ করি ৩:৭-১৮, হল একটি rabbinical *Midrash* যাত্রা ৩৪:২৩-৩৫ পদের উপরে। “আবরণ” রূপক তিন ভাবে ব্যবহার করা হয়: (১) মোশি; (২) সমকালীন যিহুদী; (৩) বিশ্বাসীরা।

সিনাই পর্বতে পুরাতন চুক্তি ঈশ্বরের অঙ্গুলি দ্বারা পাথরের ফলকের উপরে লিখিত হয়েছিল (যাত্রা ১৯-২০)। নূতন চুক্তিও ঈশ্বর দ্বারা লিখিত, বিশ্বাসী অনুসারীদের হৃদয়ের উপরে (যির ৩১:৩১-৩৪; যিহি ৩৬:২২-৩৮)। প্রথমটির বৈশিষ্ট্য বাহ্যিক নিয়মের উপরে বাধ্যতা, কিন্তু দ্বিতীয়টি, অভ্যন্তরীণ সম্পর্কের উপরে বাধ্যতা।

■ “মহিমার সাথে আসল” দেখুন [বিশেষ বিষয়:মহিমা \(DOXA\), পৃ..৭৩, \(SPECIAL TOPIC: GLORY \(DOXA\), See page73\)](#) ১ করি ২:৭ পদে।

■ “মোশির মুখের দিকে একভাবে তাকাতে পারল না মোশির মুখের মহিমার কারণে, যদিও সেই মহিমা লোপ পাচ্ছিল” এটি যাত্রা ৩৪:৩০-৩৫ পদের সাথে সম্পর্কিত। এই প্যাসেজ নিয়ে অনেক আলোচনা রয়েছে। কেউ কেউ মনে করেন মোশি তার মুখে আবরণ দিয়েছিলেন যেন তার মহিমার লোপ পাওয়াটা ইস্রায়েলীয়রা না দেখে (২ করি ৩:৭,১৩)। অন্যরা, যাহোক, মনে করেন যে মোশি তার মুখে আবরণ দিয়েছিলেন তার কারণ ইস্রায়েল সন্তানেরা ঈশ্বরের মহিমার সামনে দাঁড়াতে পারবে না তাদের পাপের কারণে।

৩:৮ এই পদ তুলনা করছে মোশির পরিচর্যা, যেটি ঈশ্বরের মহিমাকে প্রতিফলিত করছে আত্মার পরিচর্যার সাথে যিনি পিতার মহিমার অংশ করেন।

৩:৯ “যদি” এটি আর একটি, যেটি লেখকের দিক থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্যে দিক থেকে ধরে নেওয়া হয় সত্য বলে।

■ “দণ্ডাজ্ঞার পরিচর্যা” কি সবল, হতবাক করা নেতিবাচক উপায় পুরাতন চুক্তিকে বর্ণনা করার।

■ “ধার্মিকতার পরিচর্যা” পুরাতন নিয়ম উৎপন্ন করতো বেশির ভাগ অব্রাহামের সন্তানদের জন্য দণ্ডাজ্ঞা। নূতন নিয়ম উৎপন্ন করে অদমের সকল সন্তানের জন্য ধার্মিকতা যদি কেবল তারা খ্রীষ্টের মধ্যে দিয়ে ঈশ্বরের সমাপ্ত করা কাজে নির্ভর করে ও আত্মার আমন্ত্রণে সাড়া দান করে। দেখুন বিশেষ বিষয়:ধার্মিকতা ১ করি ১:৩০ পদে।

■ “কত না বেশি” এটি *perisseuō* এর একটি present active indicative, যেটি জোর দান করে এর চলমান প্রকৃতির উপরে। দেখুন সম্পূর্ণ নোট ২ করি ১:৫ পদে এবং বিশেষ বিষয় ২ করি ২:৭ পদে।

৩:১০

NASB “কারণ যা মহিমাপূর্ণ ছিল, এই ক্ষেত্রে তার কোন মহিমা নেই কারণ মহিমা যা একে চেপে রেখেছে।

NKJV “কারণ যা মহিমাপূর্ণ করে তৈরী করা হয়েছিল তার আর মহিমা ছিল না কারণ মহিমা যা অতিক্রম করেছিল”

NRSV “অবশ্যই, একদা যা মহিমাপূর্ণ ছিল তা তার মহিমা হারিয়ে ফেলেছে আরও মহান মহিমার কারণে”

TEV “আমরা বলতে পারি যে আরও উজ্জল মহিমার কারণে এখন যা মহিমাপূর্ণ যা অতীতে খুব উজ্জল ছিল তা হারিয়ে গেছে”

NJB “অবশ্যই, একদা যা মহিমাপূর্ণ বলে বিবেচ্য ছিল তা তার সকল মহিমা হারিয়েছে, সেই মহিমার তুলনায় যা একে অতিক্রম করেছে”

- গ. পৌল ২ করি ৫:১০ পদে আর একটি বিশ্বাসের মন্তব্য করেছেন। দৃশ্যত সকল বিশ্বাসী ও অবিশ্বাসী বিচারের জন্য খ্রীষ্টের সামনে দাঁড়াবে। এটা কি মতি ২৫ অধ্যায়ের ভেড়া ও ছাগলের বিচারের সমান্তরাল, অথবা প্রকাশিত বাক্যের ২০ অধ্যায়ের মহা শ্বেত সিংহাসনের বিচার? যদি বিশ্বাসীদের খ্রীষ্টের মধ্যে দিয়ে সব পাপ ক্ষমা করা হয়, তাহলে তাদের বিচারের জন্য আর কি থাকে? আবার এই নির্দিষ্ট প্রশ্নের উত্তর বাইবেল থেকে দেওয়া যেতে পারে না। যুক্তিগত ভাবে ধরে নেওয়াটা এই যে তারা যে জন্য দায়িত্ববান তাহল
১. সুসমাচারের বার্তা
 ২. তাদের আত্মিক মেধাসমূহ
 ৩. তাদের দৈহিক উৎসসমূহের ব্যবহার
 ৪. পরিচর্যার জন্য তাদের সুপ্রাপ্যতা
- কিন্তু, এটি কেবল মাত্র অন্দাজ যার ভিত্তি ২ করি ৫:১১-২১ পদ।
- ঘ. পৌলের আত্মিক দায়িত্বের আলোচনা ২ করি ৫:১১-২১ পদে স্পষ্টত প্রতীফলিত করছে ভ্রান্ত শিক্ষকদের স্বার্থপর, সম্ভাব্য অনৈতিক কাজ/শিক্ষা।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ২ করি স্থায়ী ৫:১-৫

^১ কারণ আমরা জানি যে যদি এই জাগতিক তাম্বু যেটি আমাদের বাসগৃহ তা ভেঙ্গে যায়, আমাদের ঈশ্বরের দেওয়া একটা ঘর আছে, সেই ঘর হাতের তৈরী নয়, তা স্বর্গে অনন্তকালস্থায়ী। ^২ কারণ বাস্তবিক এই গৃহে থেকে আমরা যে আর্তনাদ করছি, এর উপরে স্বর্গ থেকে আবাস পরিহিত হবার আকাংখা করছি, ^৩ কারণ যেমন আমরা, পরিহিত হলে পরে, দেখা যাবে আমরা উলংগ নই। ^৪ আর বাস্তবিক এই তাম্বুতে থাকা অবস্থায়, বোঝার ভায়ে আমরা আর্তনাদ করছি, কারণ আমরা পরিচ্ছদ বিহিন হতে চাই না বরং পরিচ্ছদ পরিহিত হতে চাই, যেন আমাদের মৃত্যুর অধীন দেহ জীবনের দ্বারা কবলিত হয়। ^৫ আর যিনি আমাদের এরই জন্য প্রস্তুত করেছেন তিনি ঈশ্বর, তিনি আমাদের আত্মাকে বায়না দিয়েছেন। (অনুবাদকৃত টেক্সট)।

৫:১ “আমরা জানি” এই বইতে পৌলের plural pronoun এর অগ্রগামী চিন্তাটা জানা খুব কঠিন। কখনও কখনও উল্লেখ করছে (১) নিজে; (২) তার প্রচার দলকে; বা (৩) সকল বিশ্বাসীকে। প্রসঙ্গই ঠিক করে যে কাকে ইঙ্গিত করছে। এখানে আমার মনে হয় এটা হবে #৩।

■ “যদি” এটি একটি third class conditional যার অর্থ সম্ভাব্য কাজ। পৌলের মৃত্যু সুনিশ্চিত যদি দ্বিতীয় আগমনের ঘটনা প্রথমে না ঘটে। তিনি চিন্তা করেছিলেন যে এশিয়াতেই তিনি মৃত্যুবরণ করতে যাচ্ছেন (২ করি ১:৮-১০)। একজন প্রেরিত হিসাবে তার জীবন সহজ ছিল না বা যাতনামূলক ছিল না (২ করি ৪:৭-১২; ৬:৩-১০; ১১:২৪-২৮)। সাধারণ ভাবে পৌল তার মৃত্যুর সময় বা পরিস্থিতি জানতেন না। তার হয়তো এটি চিন্তা বা আশা ছিল যে যখন খ্রীষ্ট আগমন করবেন তখন তিনি জীবিত থাকবেন (১ করি ১৫:৫১-৫২; ফিলি ৩:২০; ১ থিম ৪:১৫, ১৭)। যদিও, অন্যান্য প্যাসেজে তিনি আশা করছেন যে তিনি মৃত্যু থেকে জীবিত হয়ে উঠবেন (১ করি ৬:১৪; ২ করি ৪:১৪)। একটু ভাল আলোচনার জন্য দেখুন F. F. Bruce's *Answers to Questions*, pp. 200-201)। জীবিত অবস্থায় খ্রীষ্টের আগমন হবে এই প্রত্যাশা প্রতিটি প্রজন্মের বিশ্বাসীদের প্রত্যাশা কিন্তু তা হবে কেবলমাত্র একটি অত্যাচারিত প্রজন্মের কাছেই বাস্তব।

■ “তাম্বু” এটি বেশ কয়েকটি বাইবেলের রূপকের একটি দুর্বল মানব দেহের জন্য (অর্থাৎ, ঘাস, মাটির পাত্র)। পৌল জানতেন যে তার দেহ দুর্বল হয়ে যাচ্ছে। তিনি অনেক পুরাতন তাম্বু মেরামত করার চেষ্টা করেছেন!

NASB, TEV “ভেঙ্গে যায়”
NKJV, NRSV “ধংস হয়”
NJB “গুটিয়ে যায়”

এটি একটি aorist passive subjunctive। পৌল জানতেন যে জীবন ও মৃত্যু ঈশ্বরের হাতে (অর্থাৎ, passive voice)। তিনি জানতেন তিনি মারা যাবেন, কিন্তু তিনি জানতেন না যে তা কখন এবং কিভাবে (অর্থাৎ, subjunctive mood)।

এই টার্মের ব্যাপক ভাষাগত ক্ষেত্র রয়েছে। পুরাতন নিয়ম এবং নুতন নিয়মের *kataluma* ব্যবহৃত হয়েছে থাকার জায়গার জন্য এবং জীবন যাপনের বা থাকার বা বিশ্রামের জায়গার জন্য *kataluo*। যদিও, এটি আরও ব্যবহৃত হয়েছে কোন কিছু ধংস বা বিলোপ সাধনের জন্য (যেটি হল *luo* এর রূপকগত কিস্তার, অর্থাৎ, ক্ষতি, মথি ২৪:২)। যিশা ৩৮:১২ পদে এটি ব্যবহৃত হয়েছে একটি তাম্বুর কথায়। এটা মনে হয় পৌলের এখানে ব্যবহারের সবচেয়ে ভাল সমান্তরাল।

■ “আমাদের ঈশ্বরের দেওয়া একটা ঘর আছে” এটি একটি স্থায়ী দালান (যোহন ১৪:২-৩; ইব্রীয় ১১:১০) স্থানান্তরযোগ্য, ভাসমান তাম্বুর তুলনায় (ইব্রীয় ১১:৯)। এটি একটি present tense। পৌল বর্ণনা করছেন ভাববাণীমূলক সত্য যেন এটি ছিল বর্তমান বাস্তব।

■ “সেই ঘর হাতের তৈরী নয়” আমাদের নুতন দেহ আত্মিক দেহ হবে (১ করি ১৫:৩৫-৪৯), যীশুর মত (মার্ক ১৪:৫৮; ১ যোহন ৩:২)।

■ “স্বর্গে অনন্তকালস্থায়ী” এটি উল্লেখ করছে ঈশ্বরের থাকার জায়গার কথা। টার্ম “স্বর্গ” হল plural কারণ রাব্বিরা বিতর্ক করতেন কতটি “স্বর্গ” রয়েছে তা নিয়ে। আদি পুস্তকের ১ অধ্যায়ে স্বর্গ টার্মটি উল্লেখ করে পৃথিবীর উপরের বায়ুমণ্ডলকে। তাই রাব্বিরা বাইবেলের সংখ্যাতন্ত্রের জ্ঞানকে ব্যবহার করে জোর দিয়ে বলতেন যে তৃতীয় স্বর্গ বা সপ্তম স্বর্গ হল সেই জায়গা যেখানে ঈশ্বর বাস করেন। দেখুন বিশেষ বিষয় “স্বর্গ ২ করি ১২:২ পদে।

স্বর্গ উপরে বা বাইরে নয়। এটা সম্ভবত সময় এবং ফাঁকা স্থান ছাড়া অন্য কোন dimension। যীশু পুনরুত্থানের পরে দৃশ্য এবং অদৃশ্য হতে পারতেন, সে ভাবেই এক স্থান থেকে অন্য স্থানে যেতে পারতেন। একবার যদি বাস্তব বিশ্বজগতের আকৃতিকে বোঝা যায় তাহলে বোঝা যাবে আত্মিক জগতের বিস্ময়কর ভয়ানকত্ব।

৫:২ “এর মধ্যে” এটি হল gender এ neuter, যেটি উল্লেখ করছে “গৃহ” ২ করি ৫:১ পদে।

■ “আর্তনাদ করা” এটি শব্দটি হল একটি present active indicative, বিশ্বাসীরা অবিরত আর্তনাদ করছে বা গভীর দীর্ঘশ্বাস ফেলছে ঈশ্বর নুতন শৃংখলা এবং আমাদের নুতন আত্মিক দেহের জন্য (রোমীয় ৮:১৮-২৭; সৃষ্টির আর্তনাদ, ২ করি ৫:২২; বিশ্বাসীদের আর্তনাদ, ২ করি ৫:২৩; এবং আত্মার আর্তনাদ, ২ করি ৫:২৬)।

■ “আকাংখ্যা” এটি হল কামনার জন্য একটি সবল টার্ম (২ করি ৯:১৪)। noun এর গঠন হল ২ করি ৭:৭ এবং ১১ পদে। পৌল ছিলেন সবল অনুভূতির মানুষ।

৫:৩-৪ “এটা পরিধান করা” পৌল প্রায়ই পরিচ্ছদ পরিধান করা ব্যবহার করেছেন আত্মিক জীবনের জন্য রূপক হিসাবে। এখানে পোষাক উল্লেখ করেছে বাহ্যিক বা উপরের আলখাল্লা (*ependutēs*, যোহন ২১:৭)। তিনি পোষাক পরা ব্যবহার করেছেন ব্যক্তিগত জীবন পদ্ধতির মনোনয়নের জন্য রূপক হিসাবে। বিশ্বাসীদের উৎসাহ দান করা হয়েছে পুরাতন জীবন পোষাকের মত খুলে ফেলতে ও একপাশে সরিয়ে রাখতে (২ করি ৩:৮,৯; ইফি ৪:২২,২৫,৩১; যাকোব ১:২১; ১ পিতর)। তাদের খ্রীষ্টকে পরিধান করতে হবে (২ করি ৩:১৯,১২,১৪; ইফি ৪:২৪; রোমীয় ১৩:১৪; গালা ৩:২৭)। এই বিশ্বাসীরা এক সময় নিয়ন্ত্রিত ও পরিচালিত হতেন তাদের মন্দ ইচ্ছার দ্বারা, কিন্তু এখন, খ্রীষ্টের মধ্যে দিয়ে, তারা সেগুলি থেকে ফিরে আসতে পারে (রোমীয় ৫-৬)। খ্রীষ্টকে পরিধান করার এই টার্মতন্ত্র হতে পারে সংযুক্ত হয়েছে প্রাথমিক মন্ডলীর বাস্তবায়নের নিয়মাবলীতে, যেখানে নুতন বিশ্বাসীরা বাস্তবায়নের পরে পরিষ্কার, সাদা কাপড় পরিধান করে। পৌল অভিজ্ঞতা লাভ করতে চাননি দেহমুক্ত অবস্থা মৃত্যু ও পুনরুত্থানের মধ্যে, কিন্তু চেয়েছেন এই ঘটনায় অংশ নিতে যেটি সম্পর্কিত দ্বিতীয় আগমনের সঙ্গে (১ থি ৪:১৫-১৭), যার একটি হল নুতন আত্মিক দেহ।

দেহমুক্ত অবস্থার ধর্মতাত্ত্বিক ধারণা সুনির্দিষ্ট ভাবে শাস্ত্রে বর্ণনা করা হয়নি, কিন্তু কেবলমাত্র অনিচ্ছাকৃত ইঙ্গিত কারণ ধারণাটি ব্যবহৃত হতো গ্রীক দর্শনে একটি স্থায়ী অবস্থা হিসাবে দৈহিক দেহমুক্তির উৎকৃষ্টতর কল্পনা হিসাবে। *Word Pictures in the New Testament* A. T. Robertson বলেছেন, “পৌল ইচ্ছুক ছিলেন না কেবলমাত্র একজন দেহমুক্ত আত্মা হতে তার আত্মিক পোষাক সহ” (vol. 4, p. 228)। পরবর্তীতে একটি সংক্ষিপ্ত নোট আমার কমেট্রি থেকে, vol. 7, ১ থি ৪:১৬ (দেখুন www.freebiblecommentary.org)।

“এবং খ্রীষ্টে মৃতেরা প্রথমে উঠবে” এই শব্দগুচ্ছ দ্বিধাদ্বন্দ্বের কারণ ঘটিয়েছে এই বিষয়ে যে কোথায় মৃতেরা যায় তাদের মৃত্যু ও পুনরুত্থানের দিনে। এই পদ ইঙ্গিত দেয় যে তারা কবরে থাকে (মথি ২৭:৫২-৫৩)।

যাহোক, ২ করি ৫:৮ পদ ইঙ্গিত দেয় যে তারা প্রভুর সাথে থাকে। সমাধান হতে পারে দেহমুক্ত অবস্থা আবশ্যিকীয় অবস্থা হিসাবে ধরে নেওয়া। দৈহিক দেহ কবরে থাকে, জীবনী শক্তি ঈশ্বরের সঙ্গে থাকার জন্য চলে যায়। এখানে অনেক উত্তরহীন প্রশ্ন রয়েছে। বাইবেল কখনোই এই বিষয়ে স্পষ্ট শিক্ষার প্যাসেজ আমাদের দেয় নাই।

বেশির ভাগ অনুবাদ একে অনুবাদ করেছে সাধু ব্যক্তির ঈশ্বরের/যীশুর সাথে থাকবে এবং তাঁর সাথে ফিরে আসবে (NASB)। আর একটি দৃষ্টিভঙ্গি TEV পাওয়া যায়, “যারা খ্রীষ্টকে বিশ্বাস করে মারা গেছে তারা প্রথমে জীবিত হয়ে উঠবে।”

৫:৩ ৩ পদটি সম্ভাব্য একটি বন্ধনীর মধ্যে। এটা সঠিক ভাবে জানাটা কঠিন যে পৌল আসলে ঠিক কি উল্লেখ করেছেন কারণ

১. টেক্সটটি রূপকে মিশ্রিত
২. এটা অনিশ্চিত যে “নগ্নতা” কিভাবে “পরিধান” এর সাথে সম্পর্কিত
৩. প্রৈরিতিক কষ্টভোগের(মৃত্যু) বা বিরোধিতার (দ্রাস্ত শিক্ষা) সাথে প্রসঙ্গকৃত সম্পর্ক
৪. এছাড়াও লেখনীগত পার্থক্যের সংযুক্তের সমস্যাও রয়েছে। *eudusamenoï* (“খুলে ফেলা,” অর্থাৎ, MSS P⁴⁶, κ , B, C, D²) এর পিছনে সবচেয়ে ভাল লেখনীগত প্রমাণ, কিন্তু একই ধরনের টার্ম *ekdusamenoï* (“পরিধান করা.” অর্থাৎ, MS D^{*}) প্রসঙ্গে আরও অধিক অর্থ করে। যদি কেউ লেখনীগত সমালোচনা দিকটি মনোনয়ন করে
 - ক. পুরাতন গ্রীক পাণ্ডুলিপি উত্তম
 - খ. সবচেয়ে অস্বাভাবিক টেক্সট সম্ভবত আসলটি
 তাহলে পৌল ভিন্ন শব্দ প্রয়োগ করে পুনরুক্তি করেছেন (অর্থাৎ, “খুলে ফেলা. . . নগ্ন”)। UBS⁴ সিদ্ধান্ত গ্রহণে অক্ষম (“C” রেটিং), কিন্তু “পরিধান করা” টেক্সটে রেখেছে। Net বাইবেলও সমর্থন করেছেন #২, “পরিধান করা।”

■ “উলংগ” এই শব্দ প্রায়ই গ্রীক সাহিত্যে ব্যবহৃত হয়েছে মৃত্যুতে দেহমুক্ত অবস্থার সমর্থনে (Vincent, *Word Studies*, vol. 2, p. 822; Frank Stagg, *New Testament Theology*, pp.322-324; George E. Ladd, *A Theology of the New Testament*, pp. 552-554)। গ্রীকেরা দৈহিক দেহ থেকে এই প্রারম্ভিক মুক্তির জন্য আকাংখ্যা করতো, যদিও, খ্রীষ্ট ধর্ম, যেমন যিহুদী ধর্ম, জোর দিয়ে বলেছে যে আমাদের সব সময়ই দৈহিক অভিব্যক্তি রয়েছে (বিশ্বাসী ও অবিশ্বাসী উভয়েরই, দানি ১২:১-২; মথি ২৫:৪৬; যোহন ৫:২৮-২৯)। সম্ভবত পৌল আবারও দ্রাস্ত শিক্ষাকে যুক্তির দ্বারা খন্ডন করেছেন (অর্থাৎ, প্রারম্ভিক Gnosticism)।

৫:৪ এই সংক্ষিপ্ত ও অজ্ঞাত অর্থের পদটি অবশ্যই অনুবাদ করতে হবে রোমীয় ৮:১৮-২৫, ২৬-৩০ (অর্থাৎ, “আর্তনাদ করছি”) এবং ১ করি ১৫:৫৩-৫৪ (অর্থাৎ, “মরণশীল,” “কবলিত হওয়া”) পদের আলোকে। এটা মনে হয় ২ পদের পুনরায় ব্যক্ত করা।

৫:৫ “প্রস্তুত করেছেন” পৌল এই শব্দ প্রায়ই ২ করিহীয়েতে ব্যবহার করেছেন (২ করি৪:১৭; ৫:৫; ৭:১০,১১; ৯:১১; ১২:১২)। আমাদের জীবন ভাগ্য, সম্ভাবনা, কপাল, দ্বারা নিয়ন্ত্রিত নয়, কিন্তু ঈশ্বর দ্বারা। এমনকি আমাদের পরীক্ষা হতে পারে পরিপক্বতা ও মহা বিশ্বাসের একটি উপায় (রোমীয় ৮:২৮-৩০; ইব্রীয় ৫:৮)।

আত্মাকে দান করা হল

১. নূতন যুগের সূর্য উদয়ের চিহ্ন
২. ব্যক্তিগত পরিব্রাণের প্রমাণ
৩. পরিচর্যার উপায়
৪. পরিপক্বতার উপায়
৫. স্বর্গের নিশ্চয়তা

NASB, NJB “বায়না”
NKJV, NRSV,
TEV “নিশ্চয়তা”

বায়নার এই ধারণার পুরাতন নিয়মের উদাহরণ রয়েছে (মনে রাখুন, নূতন নিয়মের লেককেরা এবং ইব্রীয় চিন্তাবিদেদেরা কৈনী গ্রীকে লিখেছেন)।

১. ঋণ পরিশোধ করার একটি প্রতিজ্ঞা (আদি ৩৮:১৭,১৮,২০; দ্বি বি ২৪:১০-১৩)
২. পুস্তিকর খাবার যোগানোর একটি প্রতিজ্ঞা (১ শমু ১৭:১৮)
৩. একটি ব্যক্তিগত প্রতিজ্ঞা (২ রাজা ১৮:২৩; যিশা ৩৬:৮)

এই গ্রীক টার্ম সমর্থন করছে “প্রথম কিস্তি” বা অগ্রিম অর্থ (২ করি ১:২২; ৫:৫)। আধুনিক গ্রীকে এটি ব্যবহৃত হয়েছে বাগদানের আংটি হিসাবে, যেটি হল প্রতিজ্ঞা যে পরবর্তীতে বিয়ে হবে। আত্মা হল ধার্মিকতার নূতন যুগের প্রতিজ্ঞার পরিপূর্ণতা। এটি হল নূতন নিয়মের “ইতিমধ্যে” এবং “এখনও নয়” এর মধ্যকার উত্তেজনার অংশ, যেটি হল দুটি যিহুদী যুগের একটির অন্যটিকে আংশিক আচ্ছাদিত করা কারণ খ্রীষ্টের দুটি আগমন (দেখুন চমৎকার আলোচনা *How to Read the Bible for All Its Worth* by Fee and Stuart, pp. 129-134)। আত্মা এখন বায়না দিয়েছেন ভবিষ্যতের সুসম্পূর্ণতার জন্য।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করিহীয়ে ৫:৬-১০

^৬ এইজন্য, আমরা সব সময়ই উত্তম সাহস করছি, আর জানি যে যতদিন আমরা এই দেহের ঘরে বাস করবো ততদিন প্রভুর কাছ থেকে দূরে থাকব- ^৭ কারণ আমরা বিশ্বাস দ্বারা চলি, বাহ্যিক দৃশ্য দ্বারা নয়- ^৮ আমাদের সাহস আছে, আমি বলবো, আর মনে করছি বরং দেহের ঘর থেকে দূর হয়ে এবং প্রভুর সাথে বাস করাই ভাল। ^৯ সেইজন্য আমাদেরও লক্ষ্য আছে, আমরা ঘরে থাকি বা না থাকি, প্রভুকে যেন খুশী করি। ^{১০} কারণ আমরা সকলে খ্রীষ্টের বিচার সিংহাসনের সামনে উপস্থিত হবো, এই জন্য যে আমরা প্রত্যেকে এই দেহে থাকতে যা কিছু করেছি, তা ভাল হোক বা মন্দ হোক, সেই হিসাবে তার পাওনা পাই। (অনুবাদকৃত টেক্সট)।

৫:৬

NASB	“উত্তম সাহস”
NKJV, NRSV	“নির্ভরতা”
TEV	“সাহসে পূর্ণ হয়ে”
NJB	“নির্ভরতায় পূর্ণ হয়ে”

এই টার্ম বেশ কয়েকবার ২ করিন্থীয়তে দুটি অর্থে ব্যবহৃত হয়েছে।

১. নির্ভরতা, উত্তম আনন্দ (২ করি ৫:৬,৮; ৭:১৬)
২. সাহসীকতা (২ করি ১০:১,২)

আমাদের চলমান নির্ভরতা (অর্থাৎ, present active participle) খ্রীষ্টে যিনি আমাদের সাহসীকতা যোগান প্রার্থনায় ও পরিচর্যায়।

■ “গৃহে . . . দূরে থাকা” শব্দ কৌশল রয়েছে এই দুটি সম্পর্কিত টার্মের মধ্যে (এছাড়াও ২ করি ৫:৮,৯)।

১. *endēmoutēs*, গৃহে থাকা (present active participle)
২. *ekdēmoumen*, আমরা গৃহ থেকে দূরে আছি (present active indicative)

যখন আপনি জানবেন যে তাঁতে আপনি কে, আপনি সব সময়ই তাঁর সাথে গৃহে থাকবেন, যদিও, যখন আমরা জগতে আছি, আমরা বিশ্বাসে জীবন যাপন করি (৭ পদ)।

বিশেষ বিষয়: মৃতেরা, তারা কোথায়? (*SHEOL/HADES, GEHENNA, TARTARUS*)

{SPECIAL TOPIC: THE DEAD, WHERE ARE THEY? (*SHEOL/HADES, GEHENNA, TARTARUS*)}

I. পুরাতন নিয়ম

ক. প্রত্যেকটি মানুষ *Sheol* এ যাবে (একই রকম কোন মূল নেই এবং শব্দতত্ত্ব অনিশ্চিত, BDB 982, KB 1368), যেটি ছিল উল্লেখ করার একটি উপায় যে মৃতেরা কোথায় বা কবর, বেশির ভাগই প্রজ্ঞা সাহিত্যে এবং যিশাইয়তে। পুরাতন নিয়মে এটি ছিল ছায়াস্বরূপ, সজ্ঞান, কিন্তু আনন্দহীন অস্তিত্ব (ইয়োব ১০:২১০২২; ৩৮:১৭)।

খ. *Sheol* এর বৈশিষ্ট্য

১. ঈশ্বরের বিচারের সাথে সংযুক্ত (আগুন, দ্বি বি ৩২:২২)
২. দরজা সহ কারাগার, ইয়োব ৩৮:১৭; গীত ৯:১৩; ১০৭:১৮
৩. না ফেরার দেশ, ইয়োব ৭:৯ (মৃত্যুর জন্য একটি Akkadian উপাধি)
৪. অন্ধকারের একটি দেশ/রাজ্য, ইয়োব ১০:২১-২২; ১৭:১৩; ১৮:১৮
৫. নিরাবতার স্থান, গীত ২৮:১; ৩১:১৭; ৯৪:১৭; ১১৫:১৭; যিশা ৪৭:৫
৬. বিচার দিনের আগেই শান্তির সাথে সংযুক্ত, গীত ১৮:৪-৫
৭. *abaddon* এর সাথে সংযুক্ত (ধংস; দেখুন বিশেষ বিষয়: . . . *Abaddon* . . . *Apollyon*), যেখানে ঈশ্বরও উপস্থিত থাকেন, ইয়োব ২৬:৬; গীত ১৩৯:৮; আমোষ ৯:২
৮. “অতল গর্ত” (কবর) এর সাথে সংযুক্ত, গীত ১৬:১০; ৮৮:৩-৪; যিশা ১৪:১৫; যিহি ৩১:১৫-১৭
৯. দুষ্টেরা *Sheol* এ নেমে যাবে জীবন্ত, গণনা ১৬:৩০, ৩৩; ইয়োব ৭:৯; গীত ৫৫:১৫
১০. প্রায়ই ব্যক্তিরূপ দেওয়া হয় বিরাট মুখওয়ালা জন্তু হিসাবে, গণনা ১৬:৩০; হিতো ১:১২; যিশা ৫:১৪; হবক ২:৫
১১. লোকেরা সেখানে *Repha'im* কে ডাকে (অর্থাৎ, “মৃতদের আত্মা”), ইয়োব ২৬:৫; হিতো ২:১৮; ২১:১৬; ২৬:১৪ যিশা ১৪:৯-১১)
১২. যদিও, YHWH সেখানে উপস্থিত থাকেন, ইয়োব ২৬:৬; গীত ১৩৯:৮; হিতো ১৫:১১

II. নূতন নিয়ম

ক. ইব্রীয় *Sheol* অনুবাদ করা হয়েছে গ্রীক *Hades* দ্বারা (অদেখা জগৎ)

খ. *Hades* বৈশিষ্ট্য (অনেকটাই *Sheol* এর মত)

১. মৃত্যুর উল্লেখ করে, মথি ১৬:১৮
২. মৃত্যুর সাথে সংযুক্ত, প্রকা ১:১৮; ৬:৮; ২০:১৩-১৪

৩. প্রায়ই চিরস্থায়ী শাস্তির জায়গা (*Gehenna*) হিসাবে উপমা দেওয়া হয়, মথি ১১:২৩ (পুরাতন নিয়মের উদ্ধৃতি); লুক ১৯:১৫; ১৬:২৩-২৪
৪. প্রায়ই কবরের উপমাস্বরূপ, লুক ১৬:২৩
- গ. সম্ভাব্য বিভাগ (রাফি)
১. ধার্মিক অংশকে বলা হয় *Paradise* (প্রকৃত পক্ষে স্বর্গের আর একটি নাম, ২ করি ১২:৪; প্রকা ২:৭), লুক ২৩:৪৩
২. দুষ্ট অংশকে বলা হয় *Tartarus*, একটি ধারণের স্থান *Hades* থেকে অনেক নিচে, ২ পিতর ২:৪, যেখানে এটি মন্দ দূতদের জন্য থাকার জায়গা (আদি ৬; I Enoch)। এটি "Abyss," এর সাথে সংযুক্ত, লুক ৮:৩১; রোমীয় ১০:৭; প্রকা ৯:১-২,১১; ১১:৭; ১৭:১৮; ২০:১,৩
- ঘ. *Gehenna*
১. প্রতিফলিত করে পুরাতন নিয়মের শব্দগুচ্ছ, "হিল্লোম পুত্রগণের উপত্যকা," (যিরূশালেমের দক্ষিণে)। এটা ছিল সেই জায়গা যেখানে Phoenician আঙন দেবতা *Molech* (BDB 574, KB 591) এর আরাধনায় শিশু উৎসর্গ করা হত (২ রাজা ১৬:৩; ২১:৬; ২ বংশ ২৮:৩; ৩৩:৬), যেটি নিষিদ্ধ করা হয়েছে লেবীয় ১৮:২১; ২০:২-৫।
২. যিরমিয় এটিকে পৌত্তলিক আরাধনার স্থান থেকে YHWH এর বিচারের জায়গা হিসাবে পরিবর্তন করেছিলেন (যির ৭:৩২; ১৯:৬-৭)। এটি হয়ে পড়ে জ্বলন্ত, অনন্ত বিচারের স্থান I Enoch 90:26-27 and Sib. 1:103।
৩. যীশুর সময়ে যিহূদীরা অত্যন্ত ভীত ছিল তাদের পিতৃপুরুষদের শিশু উৎসর্গের মাধ্যমে পৌত্তলিক আরাধনায় অংশগ্রহণের, সেজন্য তারা এই জায়গাটিকে যিরূশালেমের ময়লা ফেলার জায়গা হিসাবে পরিবর্তন করে ফেলেছিল। যীশুর অনন্তকালীন বিচার বিষয়ক অনেক রূপক এই জায়গার স্তূপ থেকে এসেছে (আঙন, ধূমা, কীট, দুর্গন্ধ, মার্ক ৯:৪৪-৪৬)। টার্ম *Gehenna* কেবল মাত্র যীশুই ব্যবহার করেছেন (যাকোব ৩:৬ পদ বাদে)
৪. যীশুর *Gehenna* এর ব্যবহার
- ক. আঙন, মথি ৫:২২; মার্ক ৯:৪৩
- খ. স্থায়ী, মার্ক ৯:৪৮ (মথি ২৫:৪৬)
- গ. ধংসের স্থান (প্রাণ এবং দেহ উভয়েরই), মথি ১০:২৮
- ঘ. *Sheol* এর সমান্তরাল, মথি ৫:২৯-৩০; ১৮:৯
- ঙ. "নরকের পুত্রেরা" হিসাবে দুষ্টদের বৈশিষ্ট্য, মথি ২৩:১৫
- চ. বিচারের আদেশের ফলাফল, মথি ২৩:৩৩; লুক ১২:৫
- ছ. *Gehenna* এর ধারণা দ্বিতীয় মৃত্যুর সাথে সমান্তরাল (প্রকা ২:১১; ২০:৬,১৪) বা অগ্নি হ্রদ (মথি ১৩:৪২,৫০; প্রকা ১৯:২০; ২০:১০,১৪-১৫; ২১:৮)। এটা সম্ভব যে অগ্নি হ্রদ হয়ে পড়েছে মানুষ (*Sheol* থেকে) এবং মন্দ দূতদের স্থায়ী আবাস (*Tartarus* থেকে, ২ পিতর ২:৪; যিহূদা ১:৬ বা abyss, লুক ৮:৩১; প্রকা ৯:১-১১; ২০:১-৩)।
- জ. এটি মানুষের জন্য প্রস্তুত নয়, কিন্তু শয়তান ও তার দূতদের জন্য, মথি ২৫:৪১
- ঝ. এটা সম্ভব যে, যেহেতু *Sheol*, *Hades*, ও *Gehenna* একটি অপরটির অংশিক অর্থ করে তাই
১. মূলত সকল মানুষই *Sheol/Hades* গিয়েছে
২. সেখানে তাদের অভিজ্ঞতা (ভাল/মন্দ) বিচার দিনের পরে আরও খারাপ হবে, কিন্তু দুষ্টদের থাকার জায়গা একই রকম থাকবে (এই জন্য KJV অনুবাদ করেছে *hades* (কবর) কে *gehenna* (নরক) হিসাবে।
৩. নূতন নিয়মে লুকের ১৬:১৯-৩১ (লাসার ও ধনী লোক) পদ হল একমাত্র টেক্সট যেখানে দৃষ্টান্তে বিচারের আগেই কষ্টভোগের উল্লেখ করা হয়েছে। *Sheol* কে আরও বর্ণনা করা হয়েছে বর্তমানের শাস্তির জায়গা হিসাবে (দ্বি বি ৩২:২২; গীত ১৮:১-৫)। যদিও, কেউই একটি দৃষ্টান্তের উপরে কোন মতবাদ প্রতিষ্ঠা করতে পারে না।

III. মৃত্যু ও পুনরুত্থানের মধ্যবর্তী অবস্থা

- ক. নূতন নিয়ম শিক্ষা দেয় নাই "প্রাণের অমরত্ব" বিষয়ে, যেটি ছিল প্রাচীন বৈশিষ্ট্য কয়েকটি দৃষ্টান্তে পরবর্তী জীবনের, যেটি জোর দিয়ে বলছে যে
১. মানুষের প্রাণের অস্তিত্ব থাকে তাদের দৈহিক জীবনের পূর্বে
২. মানুষের প্রাণ অনন্তকালীন দৈহিক মৃত্যুর আগে ও পরে
৩. প্রায়ই দৈহিক দেহকে দেখা হতো কারাগার হিসাবে এবং মৃত্যুকে মুক্ত হয়ে পূর্ব অস্তিত্বের অবস্থায় ফিরে যাওয়া
- খ. নূতন নিয়ম ইঙ্গিত দিয়েছে মৃত্যু ও পুনরুত্থানের মধ্যবর্তী দেহমুক্তির অবস্থা
১. যীশু দেহ ও প্রাণের মধ্যকার বিভাগের কথা বলেছেন, মথি ১০:২৮
২. হয়তো অব্রাহামের ইতিমধ্যেই দেহ লাভ হয়েছিল, মার্ক ১২:২৬-২৭; লুক ১৬:২৩
৩. মোশি ও এলিয়ের রূপান্তরের সময়ে দৈহিক দেহ ছিল, মথি ১৭
৪. পৌল জোর দিয়ে বলেছেন যে দ্বিতীয় আগমনে বিশ্বাসীরা যীশুর সাথে মিলিত হবার প্রথমে নূতন দেহ লাভ করবে, ১ থি ৪:১৩-১৮
৫. পৌল জোর দিয়ে বলেছেন যে পুনরুত্থান দিনে বিশ্বাসীরা তাদের নূতন আত্মিক দেহ পাবে, ১ করি ১৫:২৩,৫২
৬. পৌল জোর দিয়ে বলেছেন যে বিশ্বাসীরা *Hades* এ যাবে না, কিন্তু মৃত্যুতে যীশুর সাথে, ২ করি ৫:৬,৮; ফিলি ১:২৩। যীশু মৃত্যুকে জয় করেছেন এবং তাঁর সাথে ধার্মিককে স্বর্গে নিয়েছেন, ১ পিতর ৩:১৮-২২।

IV. স্বর্গ

ক. এই টার্ম বাইবেলে তিনটি অর্থে ব্যবহৃত হয়েছে।

১. পৃথিবীর উপরিস্থ বায়ুমন্ডল, আদি ১:১,৮; যিশা ৪২:৫; ৪৫:১৮

২. তারকাময় স্বর্গ, আদি ১:১৪; দ্বি বি ১০:১৪; গীতা ১৪৮:৪; ইব্রীয় ৪:১৪; ৭:২৬

৩. ঈশ্বরের সিংহাসনের স্থান, দ্বি বি ১০:১৪; ১ রাজা ৮:২৭; গীতা ১৪৮:৪; ইফি ৪:১০; ইব্রীয় ৯:২৪ (তৃতীয় স্বর্গ, ২ করি ১২:২)

খ. বাইবেল মৃত্যু পরবর্তী জীবনের বিষয়ে বেশি কিছু প্রকাশ করেনি, সম্ভবত পতিত মানুষের কোন উপায় নেই বা বোঝবার ক্ষমতা না থাকার কারণে (১ করি ২:৯)।

গ. স্বর্গ একটি স্থান (যোহন ১৪:২-৩) এবং একজন ব্যক্তিক (২ করি ৫:৬,৮)। স্বর্গ হতে পারে পুনরুদ্ধারকৃত এদান বাগান (আদি ১-২; প্রকা ২১-২২)। পৃথিবী শুচিকৃত ও পুনস্থাপন করা হবে (প্রেরিত ৩:২১; রোমীয় ৮:২১; ২ পিতর ৩:১০)। ঈশ্বরের প্রতিমূর্তি (আদি ১:২৬-২৭) খ্রীষ্টে পুনস্থাপিত হবে। বর্তমানে এদোন বাগানের ঘনিষ্ঠ সহভাগিতা আবার সম্ভব।

যদিও, এটি হতে পারে রূপক (স্বর্গ হল বিশাল, ঘনক্ষেত্র বিশিষ্ট নগর প্রকা ২১:৯-২৭) এবং আক্ষরিক নয়। ১ করিষ্টীয় ১৫ অধ্যায় বর্ণনা করেছে দৈহিক দেহ ও আত্মিক দেহের মধ্যকার পার্থক্য পরিপক্ক গাছের বীজ হিসাবে। আবার ১ করিষ্টীয় ২:৯ (যিশা ৬৪:৪ এবং ৬৫:১৭ পদ থেকে উদ্ধৃতি) পদ হল একটি মহান প্রতিজ্ঞা এবং আশা! আমি জানি যে আমরা যখন তাঁকে দেখবো তখন আমরা তাঁর মত হবো (১ যোহন ৩:২)।

V. সাহায্যকারী উৎসসমূহ

ক. William Hendriksen, *The Bible On the Life Hereafter*

খ. Maurice Rawlings, *Beyond Death's Door*

Copyright © 2014 [Bible Lessons International](http://www.freebiblecommentary.org)

৫:৭ “আমরা বিশ্বাস দ্বারা চলি, বাহ্যিক দৃশ্য দ্বারা নয়” এটি হল নুতন নিয়মে একটি বার বার বলা থিম (২ করি ৪:১৮; ইব্রীয় ১১:১,১০,২৭; ১ পিতর ১:৮)। “চলি” হল জীবন যাপনের বাইবেলের একটি রূপক। বিশ্বাসীরা বাস্তব জগতে বাস, কিন্তু বিশ্বাস দ্বারা অদৃশ্য জগতকে উপলব্ধি ও নির্ভর করে।

৫:৮ এটি খ্রীষ্টিয়ানদের জন্য সত্যিই একটি চমৎকার পদ। এটি জোর দিয়ে বলেছে যে আমরা মৃত্যুতে কোন না কোন অর্থে প্রভুর সাথে মিলিত হবো। এটা আসলে প্রাণের ঘুমন্ত অবস্থার ধারণাকে খন্ডন করে। যদিও অন্য বিশ্বাসীদের সাথে আমাদের এই অবস্থায় সহভাগিতা অনিশ্চিত এবং প্রভুর সাথে আমাদের সহভাগিতা এটাই সব নয়, পরে আমরা পুনরুত্থান দিনে নূতন দেহ প্রাপ্ত হবো, মহা নির্ভরতা এটা যে আমরা তাঁর সাথে থাকবো! এই সত্য বাইবেলের কোথায়ও স্পষ্ট ভাবে শিক্ষা দেওয়া হয়নি ব্যতিক্রম সম্ভবত ফিলি ১:২১-২৩, যেটি এই পদকে অত্যন্ত তাৎপর্যপূর্ণ করেছে! এই সত্যের আলোকে পৌল এবং সকল বিশ্বাসীরা জীবনে যে কোন ধরণের এবং প্রতিটি পরিস্থিতির সম্মুখীন হতে পারে।

৫:৯ আমাদেরও লক্ষ্য আছে . . . প্রভুকে যেন খুশী করি” এটি একটি লক্ষ্য এবং প্রেরণা বিশ্বাসীদের জন্য (ইফি ৫:৮-১০; কল ১:১০)।

টার্ম “খুশী করি” বেশ কিছু লিপিতে পাওয়া যায়, এমনকি পৌলের সময়ের আগেও। এটি একটি আনুগত্যের উক্তি এবং প্রথম শতকের বিশ্বস্ত Hellenistic সংস্কৃতির সামাজিক পরিমণ্ডল (Moulton and Milligan, *The Vocabulary of the Greek Testament*, p. 259)। পৌল ছিলেন গ্রীক ও ইব্রীয় চিন্তার স্বশিক্ষিত পণ্ডিত।

৫:১০ “সকলে খ্রীষ্টের বিচার সিংহাসনের সামনে উপস্থিত হবো” এই টেক্সট লেখা হয়েছে বিশ্বাসীদের জন্য; বিশ্বাসীদেরও ঈশ্বরের সামনে দাঁড়াতে হবে (রোমীয় ১৪:১০; ১ করি ৩:১০-১৭)। দৃশ্যত, আমাদের বিচার/পুরস্কার দেওয়া হবে আমাদের উদ্দেশ্য, সুপ্রাপ্যতা, এবং আত্মিক দান ব্যবহারের জন্য। পাপ এবং পাপের সকল বিষয়ই সম্পূর্ণ ভাবে খ্রীষ্টের বিকল্প মৃত্যুতে মোকাবেলা করা হয়েছে, কিন্তু শিষ্যত্ব হল একটি বিষয়!

বিচারক হিসাবে যীশুর ধারণা, এখানে সংক্ষিপ্ত নোট আমার যোহনের কমেন্টারি ৩:১৭ পদ থেকে (অনলাইনে এটি দেখুন www.freebiblecommentary.org)

“যোহনে বেশ কয়েকটি প্যাসেজ রয়েছে যেখানে জোর দিয়ে বলেছে যে যীশু এসেছেন উদ্ধারকর্তা হিসাবে, বিচারক হিসাবে নয় (যোহন ৩:১৭-২১; ৮:১৫; ১২:৪৭)। যাহোক, যোহনে আবার আরও কয়েকটি প্যাসেজ রয়েছে যেখানে জোর দিয়ে বলেছে যে যীশু বিচার করতে এসেছেন, তিনি বিচার করবেন (যোহন ৫:২২-২৩, ২৭; ৯:৩৯; এরকমই নূতন নিয়মের অন্য অংশে, প্রেরিত ১০:৪২; ১৭:৩১; ২ তীম ৪:১; ১ পিতর ৪:৫)।

কয়েকটি ধর্মতাত্ত্বিক মন্তব্য উল্লেখিত হল: (১) ঈশ্বর যীশুকে বিচার করার ভার দিয়েছেন যেভাবে তিনি সৃষ্টি ও পরিদ্রাণ মর্যাদার চিহ্ন হিসাবে দিয়েছেন (যোহন ৫:২৩); (২) যীশু প্রথমবার বিচার করতে আসেন নাই, কিন্তু রক্ষা করতে (যোহন ৩:১৭), কিন্তু সত্য হল যে লোকেরা তাঁকে প্রত্যাখ্যান করেছে, তারা নিজেরাই নিজেদের বিচার করেছে; (৩) যীশু আবার ফিরে আসবেন রাজাদের রাজা এবং বিচারক হিসাবে (যোহন ৯:৩৯)।

এগুলি আসলে দ্বিধাধ্বন্দের মন্তব্য যেটি বাপ্তিস্ম দাতা যোহন সম্পর্কে একই ধরণের মন্তব্য যে তিনিই ছিলেন বা তিনি এলিয় নন।”

■ “যা কিছু করেছে তা ভাল হোক বা মন্দ হোক” এটি হল একটি বিশ্বজনীন নীতি যে মানুষ তাদের কাজের জন্য দায়ী এবং ঈশ্বরের কাছে তার কৈফিয়ত দিতে হবে (ইয়োব ৩৪:১১; হিতো ২৪:১২; উপ ১২:১৪; যির ১৭:১০; ৩২:১৯; মথি ১৬:২৭; ২৫:৩১-৪৬; রোমীয় ২:৬; ১৪:১২; ১ করি ৩:৮; গালা

৬:৭-১০; ২ তীম ৪:১৪; ১ পিতর ১:১৭; প্রকা ২:২৩; ২০:১২; ২২:১২)। এমনকি বিশ্বাসীদেরও তাদের জীবন যাপন ও সেবার জন্য খ্রীষ্টের কাছে জবাব দিতে হবে (অর্থাৎ, “স্মরণ পুস্তক”)। বিশ্বাসীরা কাজ দ্বারা উদ্ধার পায়নি কিন্তু কাজে তে রক্ষা পেয়েছে (ইফি ২:৮-১০; যাকোব এবং ১ যোহন)। দেখুন বিশেষ বিষয়: খ্রীষ্টিয় স্বাধীনতা বনাম খ্রীষ্টিয় দায়িত্ব ১ করি ১০:২৩ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করিষ্টিয় ৫:১১-১৫

“অতএব, প্রভুর ভয় কি তা জানাতে, আমরা মানুষের মনে বিশ্বাস জন্মানোর চেষ্টা করি, কিন্তু আমরা ঈশ্বরের কাছে প্রত্যক্ষ; আর আমি আশা করি যে আমরা তোমাদের বিবেকেরও প্রত্যক্ষ আছি।”^{২২} আমরা আবার তোমাদের কাছে নিজেদের প্রশংসা করছি না বরং আমাদের নিয়ে তোমাদের গর্ববোধ করবার কারণ দেখাচ্ছি, যেন যারা অন্তর না দেখে বাইরের চেহারা দেখে গর্ববোধ করে তাদের তোমরা একটা উত্তর দিতে পার।^{২৩} কারণ যদি আমরা হতবুদ্ধি হয়ে থাকি, তবে তা ঈশ্বরের জন্যই হয়েছে, আর যদি সুস্থ মনে থাকি, তবে তা তোমাদের জন্যই রয়েছে।^{২৪} কারণ খ্রীষ্টের ভালবাসাই আমাদের নিয়ন্ত্রণ করেছে, এর সারাংশ বুঝেছি যে, সকলের হয়ে একজন মরলেন, আর সেইজন্য সকলেই মরল;^{২৫} আর তিনি সবার হয়ে মরেছিলেন, যেন যারা জীবিত আছে তারা আর নিজেদের জন্য নয়, বরং যিনি তাদের জন্য মরেছিলেন ও জীবিত হয়েছেন তাঁরই জন্য বেঁচে থাকে। (অনুবাদকৃত টেক্সট)।

৫:১১ “প্রভুর ভয়” এই শব্দগুচ্ছ ২ করি ৫:১০ পদে উল্লেখিত খ্রীষ্টের বিচার সিংহাসনের সাথে সম্পর্কিত। রয়েছে শ্রদ্ধা আর ভয় (প্রেরিত ৫:১১; ৯:৩১) বিশ্ব ভ্রম্ভাঙ্কের বিচারের কারণে (ইব্রীয় ১০:৩১; ১২:২৯; যিহূদী ২২-২৩)! বিশ্বাসীরা অনুপ্রাণিত ঈশ্বর ভক্ত জীবন যাপনের জন্য এবং জ্ঞানের দ্বারা সুসমাচার প্রচার করা যেন প্রত্যেকে ঈশ্বরের কাছে কৈফিয়ত দিতে পারে।

উপাধি “প্রভু” উল্লেখ করতে পারে YHWH বা যীশুকে। শব্দগুচ্ছ “প্রভুর ভয়” সেপ্টুয়াজিটে সাধারণ, YHWH কে উল্লেখ করে। যাহোক, এটি নতুন নিয়মেরও একটি প্রচলিত উপাধি যীশুর জন্য। বিচার YHWH এর অধিকার, কিন্তু তিনি তা তার দেহধারী পুত্রকে তা বরাদ্দ দিয়েছেন।

■ “আমরা মানুষের মনে বিশ্বাস জন্মানোর চেষ্টা করি” প্রসঙ্গে এটি উল্লেখ করে বেশ কিছু নির্দিষ্ট সংখ্যক দলকে।

১. অবিশ্বাসীরা (২ করি ৫:১০)
২. ভ্রান্ত শিক্ষকেরা (২ করি ৫:১২)
৩. দুর্বল বিশ্বাসী (২ করি ৫:১১-১২)

পৌলের পরিচর্যা পরিপূর্ণ করেছিল মহান আদেশ সুসমাচার প্রচারে (মথি ২৮:১৯) এবং শিষ্যত্ব (মথি ২৮:২০) এর উভয় ক্ষেত্রে।

■ “আমরা ঈশ্বরের কাছে প্রত্যক্ষ” এটি একটি perfect passive indicative। পৌল সাহসের সাথে জোর দিয়ে বলছেন যে ঈশ্বর পরিপূর্ণ ভাবে এবং সম্পূর্ণ ভাবে তার উদ্দেশ্য ও ইচ্ছা জানেন (২ করি ৪:২)। দেখুন নোট ২ করি ২:১৪ পদে।

■ “আমরা তোমাদের বিবেকেরও প্রত্যক্ষ আছি” এটি একটি perfect passive infinitive। পৌল তার তার পূর্বের চিন্তায় ফিরছেন যা প্রকাশ করছে ২ করি ৪:২ পদ। তার পরিচর্যা তাদের সাথে সম্পূর্ণ ভাবে উন্মুক্ত এবং সং। পৌল চেয়েছেন এই মণ্ডলী যেন বোঝে তার পরিচর্যার উদ্দেশ্য এবং কাজ যেমন ঈশ্বর তাদেরকে স্পষ্টভাবে জানেন।

■ “বিবেক” দেখুন সম্পূর্ণ নোট ২ করি ১:১২ পদে।

৫:১২ “নিজেদের প্রশংসা করছি না” সম্পূর্ণ নোট দেখুন ২ করি ৩:১ পদে।

■ “যেন যারা অন্তর না দেখে বাইরের চেহারা দেখে গর্ববোধ করে তাদের তোমরা একটা উত্তর দিতে পার” পরিচর্যার উদ্দেশ্য এবং পদ্ধতি হল চূড়ান্ত! দৃশ্যত পৌল নিজেই করিষ্টিয় মণ্ডলীর অন্য নেতাদের সাথে তুলনা করছেন (২ করি ৪:২, এছাড়াও নোট দেখুন ১ করি ৩:১০-১৫)। কিছু কিছু নেতা কেবল দেখানোর জন্য এবং তাদের কোন গুরুত্ব নেই।

■ “গর্ব. . . গর্বিত” উভয়ই গঠিত হয়েছে টার্ম *kauchēma* থেকে। সেখানে রয়েছে উপযুক্ত গর্ব (অর্থাৎ, মণ্ডলী পৌলের গর্ব) এবং অনুপযুক্ত গর্ব (অর্থাৎ, ভ্রান্ত শিক্ষকদের গর্ব)। দেখুন বিশেষ বিষয়: গর্ব করা, পৃ..১১০, (SPECIAL TOPIC: BOASTING, See page 110) ১ করি ৫:৬ পদ।

■ “বাইরের চেহারা” দেখুন সম্পূর্ণ নোট ২ করি ১:১১ পদে।

৫:১৩ “যদি. . . যদি” এই দুটিই first class conditional sentences, যা ধরে নেওয়া হয় সত্য বলে লেখকের দিক থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্যের দিক থেকে।

NASB, NKJV,

NRSV

“আমরা হতবুদ্ধি হয়ে থাকি”

TEV

“প্রকৃত বিকৃত মস্তিষ্ক”

NJB

“অযৌক্তিক”

এটি হল একটি গ্রীক টার্ম “দাঁড়ান” (*histēmi*, দেখুন বিশেষ বিষয় ১ করি ১৫:১ পদে) সাথে preposition “বহিস্কৃত” (*ek*)। এটা ব্যবহৃত হতে পারে

১. বিশ্বয় (মথি ১২:২৩; মার্ক ৫:৪২)
২. ভয় (মার্ক ১৬:৮; লুক ৫:২৬)
৩. মোহবেশ (প্রেরিত ১০:১০; ১১:৫; ২২:১৭)
৪. বুদ্ধি হারান বা পাগল (মার্ক ৩:২১; ২ করি ৫:১৩)

এটা ঠিক করে জানা কঠিন যে পৌল আসলে কি উল্লেখ করতে চেয়েছেন। অনেক ব্যাখ্যাকারক একে সম্পর্কিত করেছেন ১১:১,১৬; ১২:১১ পদের সাথে। যাহোক, একটি ভিন্ন শব্দ ব্যবহৃত হয়েছে: “মূর্খ।” এই অধ্যায়ে পৌল তার আত্মিক অভিজ্ঞতা ও গুণাবলীর সাথে তুলনা করেছেন ক্যারিসমেটিক ভ্রান্ত শিক্ষকদের। সম্ভবত এটি একটি মন্তব্য যে এই ভ্রান্ত শিক্ষকেরা পৌলকে উল্লেখ করতে তৈরী করেছিল।

■ “আমরা যদি সুস্থ মনে থাকি, তবে তা তোমাদের জন্যই রয়েছে” পৌল নিশ্চিত ভাবে তার আত্মিক মুহূর্তের আনন্দের আবেশে ছিলেন (প্রেরিত ৯; ১ করি ১৪:৫,১৮; ২ করি ১২), কিন্তু পরিচর্যার জন্য তিনি জীবন যাপন করতেন এবং সুসমাচার উপস্থাপন করেছেন স্পষ্টতা ও মনোযোগের সাথে, একই চিন্তায় যাদের কাছে পরিচর্যা করছেন সেই দলের সংস্কৃতিক প্রত্যাশায় (১ করি ৯:১৯-২৩)।

৫:১৪ “খ্রীষ্টের ভালবাসার জন্য” ব্যাকরণগত ভাবে এটা হতে পারে: হয় “আমাদের জন্য খ্রীষ্টের ভালবাসা” (অর্থাৎ, subjective genitive) না হয় “খ্রীষ্টের জন্য আমাদের ভালবাসা” (অর্থাৎ, subjective genitive)। এই প্রসঙ্গ অপশন #১ সবচেয়ে ভাল।

NASB “নিয়ন্ত্রণ করে”
NKJV “বাধ্য করা”
NRSV “পীড়াপীড়ি করা”
TEV “শাসন করা”
NJB “বলপ্রয়োগে শাসন”

এই টার্ম অর্থ “একত্রে দৃঢ়ভাবে সংলগ্ন থাকা।” ভালবাসা আমাদের বেছে নিতে ও কাজ করতে বাধ্য করে। সুসমাচার সঠিক কাজ করার আদেশ করে; এই ক্ষেত্রে স্বার্থপর আকাংখ্যা ও জীবন পদ্ধতির মৃত্যু।

■ “একজন সকলের জন্য মরলেন” ঈশ্বরের সার্বজনীন ভালবাসা খ্রীষ্টের মধ্যে দেখা যায় যখন তিনি যিহূদী ও পরজাতিদের জন্য মরলেন (ইফি ২:১১-৩:১৩)। সকল মানুষই খ্রীষ্টে সম্ভাব্য উদ্ধার পেয়েছে (২ করি ৫:১৯; যোহন ৩:১৬-১৮; ৪:৪২; রোমীয় ৫:১৮; ১ তীম ২:৪; ২ পিতর ৩:৯; ১ যোহন ২:২; ৪:১৪)। ১৪-১৫ পদ হল সমান্তরাল সম্পর্কিত। খ্রীষ্টের অন্যদের জন্য প্রায়শ্চিত্তকে (যিশা ৫৩) তিন বার জোর দেওয়া হয়েছে। এই একই সত্য প্রকাশিত হয়েছে রোমীয় ৫:১২-২১ পদে। একে প্রায়ই বলা হয়ে থাকে আদম/খ্রীষ্ট typology (১ করি স্থীয় ১৫)।

■ “সেজন্য সকলে মরিল” ধর্মতত্ত্বগত ভাবে বিশ্বাসীরা বাপ্তিস্মে খ্রীষ্টের মৃত্যুর সাথে যুক্ত হয়ে থাকে। তাঁর মৃত্যু আমাদের দিয়েছে ক্ষমা ও অনন্ত জীবন (রোমীয় ৬)।

যেহেতু আমরা তাঁর মৃত্যুর সাথে চিহ্নিত সেহেতু আমরা আরও চিহ্নিত হবো অন্যদের জন্য তাঁর উৎসর্গীকৃত জীবনের সাথে (১ যোহন ৩:১৬)। স্বার্থপরতা, আত্ম কেন্দ্রিক জীবন অনুপযুক্ত রক্ত দ্বারা কৃত বিশ্বাসীদের জন্য (২ করি ৫:১৫)। *Synonyms of the Old Testament*, Robert B. Girdlestone এ একটি ভাল আলোচনা রয়েছে বিশ্বাসীদের জন্য “মৃত্যু” এই নূতন অন্তর্নিহিত তাৎপর্যের।

“আমাদের প্রভু তাঁর শিষ্যদের বলেছেন (মথি ১৬:২৮), ‘এখানে অনেকে দাঁড়িয়ে আছে যারা কখনও মৃত্যুর আশ্বাদ পাবে না যতক্ষণ না তারা মনুষ্যপুত্রকে তাঁর রাজ্য থেকে নেমে আসতে দেখে।’ শব্দগুলির আর একটি রূপ দিয়েছেন সাধু মার্ক (৯:১), ‘এখানে অনেক আছেন যারা ততক্ষণ পর্যন্ত মৃত্যুর পাবে না যতক্ষণ তারা পরাক্রমের সাথে স্বর্গরাজ্যকে নেমে আসতে না দেখে।’ আরও দেখুন লুক ৯:২৭ পদে।

এই প্যাসেজের object হল শিষ্যদের মনকে প্রস্তুত করা জমকালো সত্যের জন্য যা হল মৃত্যু, যেটি এখন পর্যন্ত জগতের বিভিন্ন, স্বাদ ও ছল হারিয়েছে এই ক্ষেত্রে তাদের জন্য যারা নিজেদেরকে বিশ্বাসে প্রভুর সঙ্গে বন্ধনে আবদ্ধ করেছে। খ্রীষ্ট নিজে মরেছিলেন, তিনি মৃত্যুর যাতনা ভোগ করেছিলেন, তার প্রাণ মৃত্যু পর্যন্ত ব্যাকুল হয়েছিল, এবং তাদের উদ্ধার করবেন যারা মৃত্যুর ভয় থাকা সত্ত্বেও তাদের জীবনকে বন্দিদের বিষয় করেছে। তার কাছে তখন জীবন ও মৃত্যুর, এক নূতন দৃষ্টি ভঙ্গি দেখা দেয়, তার শিষ্যদের বলেন, যে প্রভুকে অস্বীকার করে জীবন যাপন করতে চায় সে তা হারাতে, আর যে প্রভুর জন্য স্বেচ্ছায় তার জীবন হারাতে চায়, সেই লোক তার জীবন রক্ষা করবে। প্রভু সেই মহা দিনে সেই একজনের লজ্জিত করবেন, কিন্তু অন্যদের স্বীকার করবেন।

নূতন জীবনে প্রবেশ হতে পারে খ্রীষ্টের উপরে বিশ্বাস স্থাপনের মধ্যে দিয়ে অন্য কথায় বলা যায় যার সাথে মৃত্যু জড়িত। এটা হল মানবিক স্বভাব পুরাতন পদ্ধতি ও অন্তিমের নীতিগুলিকে বাদ দেয়— অন্য কথায়। এটি পাপের কাছে মৃত্যু। ঠিক যেমন দৈহিক চুক্তি ভঙ্গ যখন দেহ অনুভব করে। অন্তরের ধুকধুকানি, কাজের জন্য হাত, এবং হাঁটার জন্য পা, কারণ এই রহস্যময় দেহের মৃত্যু এবং এর অঙ্গ ও এর প্রত্যঙ্গের দীর্ঘদিন পাপের দাস থাকবে না; সেই একই ভঙ্গ বা উপত্যকা সৃষ্টি করা হয়েছে পাপ ও খ্রীষ্টীয়ানদের মধ্যে, যেমন সেখানে রয়েছে একজন মৃত লোক ও বাহ্যিক জগত কোনটিতে সে থাকবে তা সে ঠিক করবে জীবিত ও স্থানান্তরের এবং তার নিজ সন্তায়। এই মৃত্যু খ্রীষ্টের ক্রুশোপনের সাথে সম্পর্কিত, যিনি ‘পাপে মৃত’ বিশ্বাসীরা বাপ্তিস্ম লাভ করে খ্রীষ্টের মৃত্যুতে, সে খ্রীষ্টের সাথে মরে, তাঁর মৃত্যুকে সে শাস্তানাদায়ক করে, খ্রীষ্টের সাথে ক্রুশালোপিত হয় (রোমীয় ৬:৫; ২ করি ৫:১৪; গালঅ ২:১৯,২০; কল ২:১০, ৩:৩)” (পৃ...২৮৫,২৮৬)।

৫:১৫ ১৫ পদ সমান্তরাল এবং ব্যাখ্যা করে ২ করি ৫:১৪ পদ। এটা সত্যিই একটি গুরুত্বপূর্ণ সত্য। পরিত্রাণ বিনামূল্যে দত্ত, খ্রীষ্ট খ্রীষ্ট সাদৃশ্যতার মূল্য আমরা যা আছি আর আমাদের যা আছে তার সব কিছ (গালা ২:২০)!

NASB, NKJV “আবার উঠেছেন”

NRSV, TEV

NJB “জীবিত হয়েছেন”

এটি একটি aorist passive participle সাথে একটি অজ্ঞাত প্রতিনিধি। নূতন নিয়ম প্রায়ই ঈশ্বরত্বের তিন জন ব্যক্তির সকলের উপরেই পরিত্রাণের কাজের গুরুত্ব আরোপ করেছে।

১. পিতা ঈশ্বর যীশুকে জীবিত করে তুলেছেন (খেরিত ২:২৪; ৩:১৫; ৪:১০; ৫:৩০; ১০:৪০; ১৩:৩০,৩৩,৩৪,৩৭; ১৭:৩১; রোমীয় ৬:৪,৯; ৮:১১; ১০:৯; ১ করি ৬:১৪; ২ করি ৪:১৪; গালা ১:১; ইফি ১:২০; কল ২:১২; ১ থি ১:১০)
২. পুত্র ঈশ্বর নিজেকে জীবিত করে তুলেছিলেন (যোহন ২:১৯-২২; ১০:১৭-১৮)
৩. পবিত্র আত্মা ঈশ্বর যীশুকে জীবিত করে তুলেছিলেন (রোমীয় ৮:১১)

NASB (আপডেটেড) টেক্সট: ২ করি স্থায়ী ৫:১৬-১৯

^{১৬} সেইজন্য এখন থেকে আমরা আর কাউকে মাংস অনুসারে জানি না; যদিও আমরা খ্রীষ্টকে মাংস অনুসারে জেনে থাকি, তথাপি এখন আর তাঁকে এই ভাবে জানি না। ^{১৭} এই জন্য যদি কেউ খ্রীষ্টের সংগে যুক্ত থাকে, তবে সে নতুনভাবে সৃষ্ট হল; পুরানো সব কিছু অতীত গিয়েছে; দেখ, সব নতুন হয়ে উঠেছে। ^{১৮} এখন এই সব বিষয় ঈশ্বর থেকেই হয়েছে, তিনি খ্রীষ্টের মধ্য দিয়ে তাঁর নিজের সংগে আমাদের মিলিত করেছেন এবং আমাদের পুনর্মিলনের পরিচর্যার ভারও দিয়েছেন, ^{১৯} বস্তুতঃ ঈশ্বর খ্রীষ্টের মধ্য দিয়ে জগতের পুনর্মিলন করিয়ে দিচ্ছিলেন, তাদের পাপ আর তাদের বলে আর ধরলেন না, বরং তিনি আমাদের উপরে পুনর্মিলনের বাক্য সমর্পণ করেছেন। (অনুবাদকৃত টেক্সট)।

৫:১৬ “সেইজন্য এখন থেকে” খ্রীষ্টের জীবন ও মৃত্যু একটি নূতন যুগের প্রতিষ্ঠা করেছে। তাঁর আলোতে সব কিছুই ভিন্ন (গালা ৩:২৮; কল ৩:১১)।

NASB “আমরা আর কাউকে মাংস অনুসারে জানি না”

NKJV “আমরা আর কাউকে মাংস অনুসারে বিবেচনা করি না”

NRSV “আমরা মানুষের দিক থেকে আর কাউকে বিবেচনা করি না”

TEV “আর বেশিদিন, আমরা কারও বিচার করি না”

NJB “আমরা মানুষের মানদণ্ডে আর কাউকে বিবেচনা করবো না”

এটি প্রতিফলিত করতে পারে ১ শমুয়েল ১৬:৭; যিশা ১১:৩; যোহন ৭:২৪; ৮:১৫ পদ। যীশু মূল্যায়নের সকল জায়গা পরিবর্তন করে দিয়েছেন। মানুষের মানদণ্ড এখন বিচারের একটি অপরাধ উপায় (রোমীয় ৩:২২; ১ করি ১২:১৩; গালা ৩:২৮; কল ৩:১১)। আমরা জানি খ্রীষ্ট আমাদের পরিবর্তন করেন (২ করি ৫:১৭)।

এটি প্রতিফলিত করতে পারে যে করি স্থায়ী মণ্ডলীর কিছু লোক পৌলকে, তার সুসমাচারকে, এবং তার পরিচর্যাকে মূল্যায়ন করতে চেষ্টা করেছে (৪,১১ এবং ১২ অধ্যায়)।

এটা কি এই অর্থ করে না যে পৌল ঐতিহাসিক যীশুকে গুরুত্বহীন বিবেচনা করছেন বা হয়তো মহিমাম্বিত খ্রীষ্টের সাথে তুলনা করছেন। পৌল যীশুর জাগতিক জীবন, শিক্ষা এবং পরিত্রাণার্থক কাজ প্রায়ই উল্লেখ করেছেন (অর্থাৎ, ক্রুশ, পুনরুত্থান)। পৌল মানুষের মূল্যায়ন উল্লেখ করেছেন (অর্থাৎ, মাংস অনুসারে জানা)। পরিত্রাণ বিশ্বাসীকে সুযোগ দেয় জীবন ও ইতিহাসের সব কিছুকে দেখা নূতন খ্রীষ্ট কেন্দ্রিক আলোতে। মানুষের ইতিহাস পরিবর্তিত হয়ে হয়েছে পরিত্রাণের ইতিহাসে। মানুষ যীশু মশীহ হয়েছেন, সেই প্রতিজ্ঞাত জন। তাঁর জীবন এবং শিক্ষা হয়েছে অনুপ্রাণিত শাস্ত্র। ইশ্রায়েলের ইতিহাস অবশ্যই ব্যাখ্যা করতে হবে তাঁরই আলোকে!

“মাংস” এর জন্য ১ করি ১:২৬ পদে বিশেষ বিষয় দেখুন।

৫:১৭ “যদি” এটি ২ করি ৫:১৩ ও ১৬ পদের মত আর একটি first class conditional sentence।

■ “খ্রীষ্টে” খ্রীষ্টিয়ানদের বর্ণনা করার জন্য এটি পৌলের একটি প্রিয় রূপক। এটি খ্রীষ্টে আমাদের মর্যাদার কথা বলে।

NASB “নতুনভাবে সৃষ্ট”

NKJV, NRSV,

NJB, NIV “নতুন সৃষ্টি”

TEV “নতুন সত্তা”

পৌল রোমীয় ৮:১৮-২৫ পদেও সৃষ্টিকে ব্যক্তিরূপ দিয়েছেন। তিনি ঈশ্বরের নূতন সৃষ্টিকে বৈশিষ্ট্যময় করেছেন, ২ করি ৫:১৭ ও গালা ৬:১৫ পদে নূতন যুগ, আত্মার যুগ বলেছেন। বিশ্বাসীদের নূতন যুগের নাগরিকদের মত জীবন যাপন করা উচিত (রোমীয় ৬:৪)।

বিশেষ বিষয়: *KTISIS*

(SPECIAL TOPIC: KTISIS)

এই টার্ম *ktisis*, নূতন নিয়মে বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে। Louw and Nida এর অভিধান পরবর্তী সম্ভাবনাগুলিকে তালিকাভুক্ত করেছে।

১. সৃষ্টি (সৃষ্টির কাজ, মার্ক ১৩:১৯; রোমীয় ১:২০-২২; ইফি ৩:৯)
২. সৃষ্ট প্রাণি (যেগুলি জন্তু সৃষ্টি করা হয়েছিল, মার্ক ১০:৬; রোমীয় ১:২৫; ৮:৩৯; কল ১:১৫; ২৩)
৩. বিশ্ব ভ্রম্ভাণ্ড (সব কিছু যা সৃষ্টি করা হয়েছে, মার্ক ১৩:১৯; রোমীয় ৮:২০; ইব্রীয় ৯:১১)
৪. প্রতিষ্ঠান (১ পিতর ২:১৩, [#৪২.৩৯])
৫. কর্তৃপক্ষ (১ পিতর ২:১৩, [#৩৭.৪৭])

পৌল নিজেও সৃষ্টিকে ব্যক্তিতে রূপদান করেছেন রোমীয় ৮:১৮-২৫ পদে। তিনি বৈশিষ্ট্যময় করেছেন ঈশ্বরের নূতন সৃষ্টি, নূতন যুগ, আত্মার যুগ ২ করি ৫:১৭ এবং গালা ৬:১৫ পদে। বিশ্বাসীদের অবশ্যই জীবন যাপন করতে হবে নূতন যুগের নাগরিকের মত (রোমীয় ৬:৪)।

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “পুরানো সব কিছু অতীত হয়েছে; দেখ, সব নতুন হয়ে উঠেছে” লক্ষ্য করুন verb tenses এর উদ্দেশ্যমূলক বিনিময়।

১. “পুরানো সব কিছু অতীত হয়েছে” এটি হল indicative mood এ aorist tense প্রায়ই উল্লেখ করেছে অতীতে সুসম্পন্ন কাজের। এটি উল্লেখ করেছে ধর্মান্তরের।

২. “সব নতুন হয়ে উঠেছে” এটি হল perfect tense যেটি উল্লেখ করেছে ফলাফল সহ অতীতের সুসম্পন্ন কাজের। এটি উল্লেখ করে শিষ্যত্বের।

গ্রীক পাতুলিপিতে পার্থক্য রয়েছে যেটি প্রতিপালিত করে “সব কিছু” চূড়ান্ত clause এর (অর্থাৎ, MS D²)। এই ধরণের ব্যাখ্যামূলক সংযোগ পরবর্তীকালের অনুলীপিকারদের জন্য প্রচলিত ছিল। প্রাচীন গ্রীক পাতুলিপি (অর্থাৎ, MSS P⁴⁶, ৯, B, C, D*, F, G) শেষ হতো *kaina* দিয়ে। UBS⁴ দিয়েছে এই পাঠকে “A” রেটিং (নিশ্চিত)।

“নূতন” এই ধারণা পুরাতন নিয়মের *eschaton* এর জন্য শব্দতন্ত্রের একটি অংশ। পুরাতন নিয়মের ভাববাদীরা এই নূতন যুগের কথা বলেছেন।

১. “নূতন বিষয়” (যিশা ৪২:৯; ৪৩:১৯; যির ৩১:২২)
২. “নূতন চুক্তি” (যির ৩১:৩১-৩৪)
৩. “নূতন হৃদয়, নূতন আত্মা” (যিহি ১১:১৯; ১৮:৩১; ৩৬:২৬)
৪. “নূতন নাম” (যিশা ৬২:২; ৫৬:৫; ৬৫:১৫)
৫. “নূতন গীত” (গীত ৯৬:১; যিশা ৪২:১০)
৬. “নূতন আকাশ এবং নূতন পৃথিবী” (যিশা ৬৫:১৭; ৬৬:২২)

এই eschatological নূতনত্ব যীশুতে এসেছে, কিন্তু পুরাতন এখনও রয়েছে। নূতন এখনও সম্পূর্ণ রূপে সুসম্পন্ন হয়নি। যিহুদী “দুটি যুগ” আংশিক ঢেকে রেখেছে (দেখুন বিশেষ বিষয় ১ করি ১:২০ পদে) যীশুর দুটি আগমন দ্বারা পুরাতন নিয়মের ভাববাদীদের কাছে অদৃষ্টপূর্ব যদিও তারা মশীহের চিত্র এঁকেছে নশ দাসের টার্মে একই সাথে বিজয়ী রাজকীয় টার্মে।

৫:১৮ “এখন এই সব বিষয় ঈশ্বর থেকেই হয়েছে” এটা ঈশ্বরের ভালবাসা যে তিনি তাঁর পুত্রকে জগতে পাঠিয়েছেন (যোহন ৩:১৬)। পরিব্রাণ সম্পূর্ণ ভাবে ঈশ্বরের কাছ থেকেই এসেছে (দেখুন বিশেষ বিষয় ২ করি ৮:১৬-১৭; যোহন ৬:৪৪, ৬৫; ইফি ১:৪; ২:৮-৯), কিন্তু বিশ্বাসীদের অবশ্যই সাড়া প্রদান করতে হবে এবং অবিরত নূতন চুক্তির প্রতি অনুতাপ, বিশ্বাস, বাধ্যতা ও কষ্টসহিষ্ণুতায় সাড়া প্রদান করে যেতে হবে।

■ “পুনর্মিলন” এটি একটি প্রধান ধর্মতাত্ত্বিক সত্য। এই শব্দের মূল অর্থ বিনিময় বা পরিবর্তন এবং সেজন্য একত্রে আনা যেটি হস্তান্তর করা হয়েছে। বিদ্রোহী মানুষকে খ্রীষ্টের মধ্যে দিয়ে ঈশ্বরের সহভাগতায় ফিরিয়ে আনা হয়েছে। ঈশ্বর খ্রীষ্টের ধার্মিকতা বিনিময় করেছেন (২ করি ৫:২১) তাদের পাপের পরিবর্তে। আমাদের স্থানে খ্রীষ্ট মরেছিলেন (২ করি ৫:১৪, ২১)।

এই প্রসঙ্গ (অর্থাৎ, ২ করি ৫:১৬-২১) এবং রোমীয় ৫:১০-১১ পদ হল definitive প্যাসেজ এই ধর্মতাত্ত্বিক টার্মের। পাপীরা এখন বন্ধ হয়েছে, এমনকি পরিবার, পবিত্র জনের। পাপে পতনে নষ্ট সহভাগিতার পুনরুদ্ধার (আদি ৩) সুসম্পন্ন হয়েছে খ্রীষ্টে।

ধর্মতাত্ত্বিক ধারণা হিসাবে “পুনর্মিলন” এর আলোচনা করা হয়েছে Frank Stagg's *New Testament Theology*, pp. 102-104, 142।

■ “এবং আমাদের পুনর্মিলনের পরিচর্যার ভারও দিয়েছেন” ধর্মতত্ত্বগত ভাবে এটি ২ করি ৫:১৪-১৫ পদের সাথে সমান্তরাল। যীশু বিশ্বাসীদের পুনর্মিলন হয়েছেন, এখন তারা অন্যদের কাছে পুনর্মিলনের সুসমাচার বলার উপায় হয়েছে। যীশুর মৃত্যুকে বিশ্বাসীরা অন্যদের কাছে বলে এবং আমরা তাঁর পরিচর্যাকে বলি (২ করি ৫:১৯)। খ্রীষ্টসাদৃশ্যতার সেবা হল লক্ষ্য (১ যোহন ৩:১৬)। দেখুন [বিশেষ বিষয়: দাসরূপি নেতৃত্ব, পৃ. ৯৫, \(SPECIAL TOPIC: SERVANT LEADERSHIP, See page 95\)](#) ১ করি ৪:১ পদে।

৫:১৯ “ঈশ্বর খ্রীষ্টে” এটাই হল খ্রীষ্ট ধর্মের প্রধান বিষয়। নাসরতীয় যীশুতে কি ঈশ্বর ছিলেন (অর্থাৎ, ঈশ্বর, পুরাতন নিয়মের YHWH), যিনি তাঁর নিজের সাথে জগতকে পুনর্মিলিত করেছেন (গালা ১:৩-৪)? যদি তাই হয়, তাহলে খ্রীষ্ট ধর্ম সত্য; যদি তা না হয়, তবে এটি মিথ্যা। যীশু কি সত্যই ঈশ্বরের

পরিপূর্ণতা ছিলেন (যোহন ১:১-১৪; কল ১:১৫-১৬; ফিলি ২:৬-১১; ইব্রীয় ১:২-৩)? তিনি কি সত্যিই একমাত্র পথ পুনর্মিলনের এবং ক্ষমালাভের (যোহন ১৪:৬)? যদি তাই হয়, তাহলে সুসমাচার হল মানুষের শোনা সবচেয়ে গুরুত্বপূর্ণ তথ্য! আমাদের অবশ্যই সত্য বলতে হবে; আমাদের অবশ্যই সুসমাচার প্রচার করতে হবে; আমাদের খ্রীষ্টকে তুলে ধরতে হবে; আমাদের অবশ্যই হারাণ জগতের কাছে বিনামূল্যে দত্ত পরিব্রাণের কথা তুলে ধরতে হবে।

■ “জগত” ঈশ্বর জগতকে ভালবাসেন (যোহন ৩:১৬)। জগত উদ্ধার পেতে পারে (১ তীম ২:৪; ২ পিতর ৩:৯)। দেখুন বিশেষ বিষয়:পৌলের *Kosmos* এর ব্যবহার ১ করি ৩:২১-২২ পদে।

■ “তাদের পাপ আর তাদের বলে আর ধরলেন না” এটি প্রতিফলিত করতে পারে গীত ৩২:২ পদ, যেটি রোমীয় ৪:৬-৮ পদে উদ্ধৃত করা হয়েছে। ব্যবস্থার আগে, পাপ ব্যক্তির উপরে বর্তাতো না (রোমীয় ৪:১৫; ৫:১৩-১৪; প্রেরিত ১৭:৩০)। কিন্তু এই পাঠে রয়েছে আরও বড় সত্য। মানুষের জানা বিদ্রোহের মুখেও খ্রীষ্টে ক্ষমা রয়েছে। যীশুর রক্ত সব পাপ থেকে শুচি করে! পাপ এখন আর ঈশ্বর ও মানুষের মাঝে বাধা নয়, কিন্তু এখন এটি

১. অবিশ্বাস
২. খ্রীষ্টে বিশ্বাস করাটা প্রত্যাখ্যান
৩. ঈশ্বরের দানে সাড়া প্রদানে অনিচ্ছা

■ “ধরলেন না” এটি হল টার্ম *logizomai*, যেটি পৌল ৩৪ বার ব্যবহার করেছেন, কিন্তু দুটি সম্পূর্ণ ভিন্ন অর্থে। প্রথমটি দেখা যেতে পারে ২ করি ৩:৫ পদে, “বিবেচনা।” দেখুন সেখানে সম্পূর্ণ নোট।

দ্বিতীয়টি “গণনা করা” বা “আরোপ করা।” এই অর্থ স্পষ্টরূপে দেখা যায় রোমীয় ৪:৩,৪,৫,৬,৮,৯,১০,১১,২২,২৩,২৪, এবং গালা ৩:৬ পদে। এই ধর্মতাত্ত্বিক ব্যবহার ইঙ্গিত দেয় কোন কিছু জমা রাখা অন্য কারো ব্যাংকের হিসাবে।

ঈশ্বর আমাদের হিসাবে যীশুর ধার্মিকতা আরোপ করেছেন (২ করি ৫:২১)। এছাড়াও ঈশ্বর আমাদের হিসাবে পাপ ধরবেন না বা আরোপ করবেন না। কি এক বিশ্বয়কর ঈশ্বর! কি কার্যকর উদ্ধারকর্তা!

■ “তিনি আমাদের উপরে পুনর্মিলনের বাক্য সমর্পণ করেছেন” ক্ষমতাহীন, ঈশ্বর প্রেমহীন হারাণ জগত প্রবেশ পথ হতে পারে না, কিন্তু প্রবেশ পথ হতে পারে উদাসীন, নিরুদ্বেগ মন্ডলীর। আমাদের বার্তা আছে; স্বর্গরাজ্যের চাবি আমাদের আছে (মথি ১৬:১৯; প্রকা ১:১৮; ৩:৭)। আমাদের মধ্যে বাসকারী আত্মা আছে (রোমীয় ৮:৯,১১; ১ করি ৩:১৬; ৬:১৯; ২ তীম ১:১৪)। আমাদের কাছে এগিয়ে যাবার জন্য যীশুর আদেশ রয়েছে (মথি ২৮:১৮-২০)। আমরা কি করবো?

NASB (আপডেটেড) টেক্সট: ২ করি স্থায়ী ৫:২০-২১

^{২০} সেইজন্য, আমরা খ্রীষ্টের দূত হিসাবে তাঁর পক্ষে কাজ করছি, ঈশ্বর যেন আমাদের মধ্য দিয়ে অনুরোধ করছেন; তাই খ্রীষ্টের হয়ে আমরা এই মিনতি করছি, ঈশ্বরের সংগে মিলিত হও। ^{২১} যিনি পাপ জানেন নাই, তাঁকে তিনি আমাদের পক্ষে পাপস্বরূপ করলেন, যেন আমরা তাঁর মধ্য দিয়ে ঈশ্বরের ধার্মিকতা স্বরূপ হই। (অনুবাদকৃত টেক্সট)।

৫:২০ “আমরা খ্রীষ্টের দূত” কাকে এই পদে “আমরা” এবং “তোমরা” বলে উল্লেখ করছে? পৌল কি মন্ডলীর উদ্দেশ্যে কথা বলছেন? তাহলে “আমরা” পৌল ও তার পরিচর্যা দল এবং “তোমরা” করিছের বিশ্বাসীরা। এই লোকদের উদ্ধার পাবার দরকার নেই, কিন্তু তাদের দরকার একতায় ফিরে যাওয়া।

লক্ষ্য করুন যে পৌল বিশ্বাসীরা দূত হবে বলেন নাই, কিন্তু তারা হল দূত। এটি মথি ৫:১৩-১৬ পদে যীশুর মন্তব্যের মত একই রকমের। বিশ্বাসীরা লবণ ও আলো। প্রশ্ন হল কোন ধরণের লবণ ও আলো। এখানে এই প্রশ্ন। বিশ্বাসীরা খ্রীষ্টের প্রতিনিধি, কিন্তু তারা কোন ধরণের দূত: বিভক্ত, বংশগত, প্রেমহীন, ইত্যাদি?

■ “মিনতি” দেখুন সম্পূর্ণ নোট ২ করি ১:৪-১১ পদে।

■ “ঈশ্বরের সঙ্গে মিলিত হও” এটি একটি present passive imperative। এটা কি হারাণ লোকদের বা উদ্ধার পাওয়া লোকদের জন্য একটি আদেশ? বৃহত্তর প্রসঙ্গ আদেশ করে একটি উপযুক্ত জীবন পদ্ধতি বিশ্বাসীদের দিক থেকে। যীশু আমাদের পাপ ও কষ্ট থেকে উদ্ধার করেছেন; আমরা সেবা করার জন্য উদ্ধার পেয়েছি! অমাদের খ্রীষ্ট সাদৃশ্যতার পরিচর্যার জন্য ডাকা হয়েছে, ব্যক্তিগত কর্মসূচী বাস্তবায়নের জন্য নয়।

এই প্রসঙ্গে হারাণদের জন্য আকাংখী জগতের একটি বার্তা রয়েছে, খ্রীষ্ট তোমাদের জন্য মরেছেন (অবস্থানগত ধার্মিকতা)। এই প্রসঙ্গে বিভক্তদের, প্রেমহীন মন্ডলীর জন্য একটি বার্তা রয়েছে, খ্রীষ্ট তোমাদের জন্য মরেছেন (অগ্রসরমান ধার্মিকতা)।

passive voice অনুবাদ হতে পারে “ঈশ্বরকে সুযোগ দাও তাঁর সাথে তোমাকে পুনর্মিলিত করতে”; “নিজেকে সুযোগ দাও পুনর্মিলিত হতে” (*The Jerome Biblical Commentary*, p. 281); অথবা “ঈশ্বরকে সুযোগ দেও তোমাকে পরিবর্তন করতে শত্রু হতে তাঁর বন্ধুতে” (TEV)। বিশ্বাসীরা সত্য ঘোষণা করে, শাস্ত্র হারানোদের দোষী করে, পুত্র উপায় যুগিয়ে দেন, পিতা তাঁর উচ্চা সম্পূর্ণ করেন চুক্তির প্রতি সাড়া দানের মাধ্যমে।

৫:২১ এই টেক্সটে বেশ কয়েকটি মহা সত্য রয়েছে।

১. ঈশ্বর যীশুকে পাঠালেন আমাদের জন্য মরতে (যোহন ৩:১৬)। যীশু আমাদের জন্য মরতে এসেছিলেন (মার্ক ১০:৪৫)।
২. যীশু পাপ জানতেন না (যোহন ৮:৪৬; ইব্রীয় ৪:১৫; ৭:২৬; ১ পিতর ১:১৯; ২:২২; ১ যোহন ৩:৫)।
৩. লক্ষ্য হল ব্যক্তিগত ধার্মিকতা, খ্রীষ্টসাদৃশ্যতার সেবা (রোমীয় ৮:২৮-২৯; ২ করি ৩:১৮; গালা ৪:১৯; ইফি ১:৪; ১ খিষ ৩:১৩; ৪:৩; ১ পিতর ১:১৫)। যাহোক, সান্ত্বাঘ ঘটনার নোট রয়েছে (subjunctive mood)। সকল বিশ্বাসীরা সম্পূর্ণ ভাবে উপলব্ধি করতে পারে নাই ঈশ্বরের

পরিব্রাণের সম্পূর্ণ উদ্দেশ্য। এটা হল সেবা করার আহবান, ইনজেকে অস্বীকারের আহবান, পবিত্রতার আহবান। খ্রীষ্ট ধর্ম তখনই শুরু হয় যখন কেউ খ্রীষ্টে নির্ভর করে। বিশ্বাস করাটা কেবলমাত্র দীর্ঘ যাত্রার প্রথম পদক্ষেপ।

NASB “আমাদের পক্ষে পাপস্বরূপ হলেন”

NKJV “আমাদের জন্য পাপস্বরূপ হলেন”

NRSV “পাপস্বরূপ হলেন”

TEV “আমাদের পাপ বিভাগ করলেন”

NJB “পাপের জন্য বিজয়ী”

ঈশ্বর যীশুকে কিভাবে পাপী করলেন? এটা হতে পারে পুরাতন নিয়মের পাপ উৎসর্গের একটি পরোক্ষ উল্লেখ (যিশা ৫৩; রোমীয় ৮:৩)। ঈশ্বর যীশুকে নির্দোষ মেঘশাবক হিসাবে উৎসর্গ করেছিলেন (যোহন ১:২৯, ৩৬)।

আমি মনে করি ত্রুশ থেকে যীশুর বাণীগুলি, “ঈশ্বর আমার, ঈশ্বর আমার, তুমি কেন আমাকে পরিত্যাগ করেছো” (মার্ক ১৫:৩৪), যেটি গীত ২২ এর একটি উদ্ধৃতি, প্রতিফলিত করে পিতার আত্মিক বাস্তবতা পুত্রের উপরে থেকে সরে গেছে (অর্থাৎ, অন্ধকার দ্বারা প্রতিক্রিত, মার্ক ১৫:৩৩), যখন তিনি জগতের পাপ নিজের উপরে তুলে নিয়েছিলেন। এটি গালা ৩:১৩ পদের ধর্মতাত্ত্বিক সমান্তরাল, “আমাদের জন্য অভিশপ্ত হলেন”!

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

২৮. এই অধ্যায় কি মৃত্যু ও পুনরুত্থানের মধ্যবর্তী দেহমুক্ত অবস্থার শিক্ষা দেয়?
২৯. ২ করি ৫:১০ পদ কি ইঙ্গিত দেয় যে বিশ্বাসীরাও বিচার করবে? যদি তাই হয়, তাহলে কিসের জন্য?
৩০. পৌলের সুসমাচার প্রচারের দুটি উদ্দেশ্য তালিকা ভুক্ত করুন (২ করি ৫:১১, ১৪)।
৩১. কেন ১৪-১৫ পদ খ্রীষ্টিয়ান জীবনের সঠিক উপলক্ষের জন্য গুরুত্বপূর্ণ তা ব্যাখ্যা করুন।

Copyright © 2013 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

২ করিন্থীয় ৬:১-৭:১
(2 CORINTHIANS 6:1-7:1)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
পুনর্মিলনের পরিচর্যা	পরিচর্যার চিহ্ন	তার পুনর্মিলনের পরিচর্যার আরও সমর্থন	খ্রীষ্টের মধ্য দিয়ে ঈশ্বরের সাথে বন্ধুত্ব	প্রৈরিতিক কাজ
(৫:১১-৬:১৩)		(৫:১১-৬:১৩)	(৫:১১-৬:১৩)	(৫:১১-৬:১০)
৫:১১-৬:১০				
	৬:১-১০			
	পবিত্র হও		৬:৩-১০	একটি সতর্ক বার্তা
৬:১১-১৩	৬:১১-৭:১	৬:১১-১৩	৬:১১-১৩	৬:১১-১৩
জীবন্ত ঈশ্বরের মন্দির		অবিশ্বাসীদের সাথে সম্পর্কে বন্ধনী	পৌত্তলিক প্রভাবে বিরুদ্ধে ছশিয়ারি	
৬:১৪-৭:১		৬:১৪-৭:১	৬:১৪-৭:১	৬:১৪-৭:১

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

২৪. প্রথম প্যারাগ্রাফ
২৫. দ্বিতীয় প্যারাগ্রাফ
২৬. তৃতীয় প্যারাগ্রাফ
২৭. ইত্যাদি।

প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি

- ঙ. এই অধ্যায়ের ১ পদ হল সমগ্র অধ্যায়ের ব্যাখ্যার মূল বিষয়। প্রসঙ্গে অর্ন্তভুক্ত করিছের মন্ডলীর বিশ্বাসীরা এবং, সেজন্য, স্বধর্মত্যাগ অর্ন্তভুক্ত নেই (দেখুন বিশেষ বিষয় ১ করি ৬:৯ পদে), কিন্তু কার্যকর ভাবে খ্রীষ্টিয় জীবন যাপনে ব্যর্থতা।
- চ. ৪ পদের আরম্ভে ধারাবাহিক prepositions রয়েছে।
 ৫. en সাথে dative, ১৮ বার, ২ করি ৬:৪-৭
 ৬. dia সাথে genitive, ৩ বার, ২ করি ৬:৭-৮
 ৭. hōs সাথে present participles, ৭ বার, ২ করি ৬:৯-১০

এর সাথে মনে হয় অর্ন্তভুক্ত রয়েছে পৌলের পরিচর্যার বর্ণনা যতদূর সম্ভব সমস্যা এবং চাপ, বহিষ্ণু ও আভ্যন্তরীন উভয়ই, সেই সাথে ঈশ্বরের সমপরিমানে অনুগ্রহ।

ছ. উপসংহারে ২ করি ৬:৮-১০ পদ দৃশ্যত অসঙ্গত মনে হলেও এটি মনে হয় পৌলের জীবনকে বর্ণনা করছে, সমালোচকের দৃষ্টি থেকে এবং ঈশ্বরীয় দৃষ্টি উভয় দিক থেকে।

জ. ৬:১৪-১৭ পদের বিভাগটি মনে হয় প্রসঙ্গের বাইরে। ৭:২ পদ টার্মতত্ত্ব তুলে ধরে এবং ২ করি ৬:১৩ পদের আলোচনা করে। এই বিভাগ প্রকৃতিগত দিক থেকে একেবারে যিহুদী। এটা হল একটি সতর্কবানী তার জন্য যদি কেউ পৌত্তলিক সংস্কৃতির অত্যন্ত ঘনিষ্ঠ বলে চিহ্নিত হয়। সতর্কবানীটি পুরাতন নিয়মের প্রেক্ষাপট থেকে এসেছে (অর্থাৎ, যিহুদী বনাম পরজাতি বা ঈশ্বরের লোক বনাম প্রতিমাপূজকেরা)। যাহোক, পৌল এটি ১ করি ১০:১৪-৩৩ পদে এই একই ভাবে ব্যবহার করেছেন, যেখানে তিনি খ্রীষ্টিয়ানদের পৌত্তলিক আরাধনায় অংশগ্রহণের বিষয়ে আলোচনা করেছেন।

এই প্যারাগ্রাফ মনে হয় বিচ্ছিন্ন কারক যার কারণ ২ করিছীরের তত্ত্ব যা হল একটি সমন্বিত পত্র যেটি পৌলের করিছীয় মণ্ডলীর কাছে পাঠান বেশ কয়েকটি পত্রের সমন্বয়ের পত্র।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ২ করিছীয় ৬:১-১০

^১ আর তাঁর সঙ্গে কাজ করতে করতে, আমরা তোমাদের এই অনুরোধ করছি, তোমরা ঈশ্বরের অনুগ্রহ নিষ্ফল গ্রহণ কোর না—^২ কারণ তিনি বলেছেন, “উপযুক্ত সময়ে আমি তোমার প্রার্থনা শুনেছি, এবং পাপ থেকে উদ্ধার পাবার দিনে আমি তোমাকে সাহায্য করেছি।” দেখ, এখনই “উপযুক্ত সময়,” এখনই “উদ্ধার পাবার দিন”—^৩ আমরা কোন বিষয়ে কোন ব্যাঘাত জন্মাই না, যেন সেই পরিচর্যা কলঙ্কিত না হয়, ^৪ কিন্তু ঈশ্বরের সেবাকারী বলে নিজেদের যোগ্যপাত্র দেখাচ্ছি, অনেক ধৈর্যে, কষ্টে, বিপদে, সংকটে, ^৫ প্রহারে, কারাভোগে, দাঙ্গা-হাঙ্গামায়, পরিশ্রমে, অনিদ্রায়, ক্ষুধায়, ^৬ শুদ্ধতায়, জ্ঞানে, সহিষ্ণুতায়, দয়ার ভাবে, পবিত্র আত্মায়, প্রকৃত ভালবাসায়, ^৭ সত্যের বাক্যে, ঈশ্বরের শক্তিতে; ডান ও বাম হাতে ধার্মিকতার অস্ত্রশস্ত্র দ্বারা, ^৮ মহিমায় ও অসম্মান দ্বারা, অখ্যাতি ও সুখ্যাতি দ্বারা, প্রতারক হিসাবে তথাপি সত্যের বিবেচনায়; ^৯ অপরিচিতের মত তথাপি পরিচিত, মৃতের মত অথচ দেখ, আমরা জীবিত; শাসিত হিসাবে অথচ মেরে ফেলা হচ্ছে না, ^{১০} দুঃখিতের মত তথাপি সব সময়ই আনন্দিত, দীনহীনের মত অথচ অনেককে ধনী করছি, আমাদের কিছুই নেই তথাপি সব কিছুর অধিকারী। (অনুবাদকৃত টেক্সট)।

৬:১ “তাঁর সাথে কাজ করতে করতে” এটি একটি present active participle। এখানে কোন বর্ণিত object নেই, কিন্তু প্রসঙ্গ ইঙ্গিত দেয় “ঈশ্বরের সাথে” (২ করি ৫:২০; ১ করি ৩:৯)। পৌল এই একই টার্ম ব্যবহার করেছেন সুসমাচারে তার সহকর্মীদের বর্ণনা করতে (২ করি ১:২৪; ৮:২৩; ১ করি ১৬:১৬; রোমীয় ১৬:৩,৯,২১), কিন্তু এখানে প্রসঙ্গ দৃঢ়ভাবে ইঙ্গিত দিচ্ছে ঈশ্বরের। কি দারুণ চিন্তা যে বিশ্বাসীরা হল ঈশ্বরের সহ কার্যকারী (১ করি ৩:৫-৯)।

■ “আমরাও তোমাদের অনুরোধ করছি” পৌল এই একই verb ব্যবহার করেছেন ২ করি ৫:২০ পদে। দেখুন সম্পূর্ণ নোট ২ করি ১:৪-১১ পদে।

■ “ঈশ্বরের অনুগ্রহ নিষ্ফল গ্রহণ কোর না” infinitive হল aorist, যেটি উল্লেখ করে করিছীয় বিশ্বাসীরা যীশুকে গ্রহণ করছে। কিন্তু “নিষ্ফল ভাবে” উল্লেখ করে পরিব্রাণের উদ্দেশ্য, যেটি রাজ্যের জন্য ফলহীন, কেবলমাত্র ব্যক্তিগত পরিব্রাণ নয়। পৌল প্রায়ই এই টার্ম ব্যবহার করেছেন প্রত্যাশিত রাজ্যের সেবা কাজের কথা বলতে (১ করি ১৫:১০, ১৪, ৫৮; গালা ২:২; ফিলি ২:১৬; ২ থিথ ২:১; ৩:৫)। এই ধারণা পৌলের ইফিষীয়দের কাছে বলা “চলা” ব্যবহারের সাথে সমান্তরাল (ইফি ৪:১, ১৭; ৫:২, ১৫)।

৬:২ “তিনি বলেছেন” পৌল ইস্রায়েলের সাথে সম্পর্কিত পুরাতন নিয়মের প্যাসেজ উদ্ধৃত করেছেন, কিন্তু এটি ব্যবহার করেছেন present active indicative দ্বারা (অর্থাৎ, বলেছেন), তিনি দেখিয়েছেন যে প্রতিজ্ঞা সকল সময় ও সকল লোকের জন্য প্রযোজ্য। পৌল এই উদ্ধৃতি ব্যবহার করেছেন করিছীয় মণ্ডলীর কাছে ঈশ্বরের সরাসরি আবেদনের মত করে। শাস্ত্র বর্তমান ও প্রযোজ্য!

■ “উপযুক্ত সময়ে” এটি সেন্টুয়াজিটের যিশা ৪৯:৮ পদের একটি উদ্ধৃতি (অর্থাৎ, দাসের একটি কবিতা/গান), যেটি আলোচনা করে ঈশ্বরের স্বগত জানানো ও সজ্জিতকরণ (১) মশীহ ও (২) একটি Messianic সমাজ। সব সময়ই একটি চাপ রয়েছে যিশা ৪০-৫৩ অধ্যায়ে যৌথ (অর্থাৎ, জাতিয় ইস্রায়েল) এবং আদর্শ ইস্রায়েলীয় রাজার (অর্থাৎ, মশীহ) মধ্যে।

■ “উপযুক্ত সময়. . . উপযুক্ত সময়” এটি সেন্টুয়াজিটের যিশা ৪৯:৮ পদের একটি উদ্ধৃতি, ব্যবহৃত হয়েছে *dektos*, কিন্তু পৌল আরও গভীরতর রূপ ব্যবহার করেছেন (অর্থাৎ, *eurodektos*, রোমীয় ১৫:১৬) যখন তিনি ভাববানী প্রয়োগ করেছেন করিছীয় পরিস্থিতিতে (২ করি ৬:২*)। মশীহ এসেছেন এবং এখন নিমন্ত্রণ সম্পূর্ণ ভাবে ঈশ্বর দ্বারা গ্রহণীয় যা তাদের কাছে এসেছে। তাদের অবশ্যই মুহূর্তটি ধরতে হবে। তাদের অবশ্যই হতে হবে eschatological Messianic সমাজ।

কারও পরিব্রাণের দিন হল একটি চমৎকার, বিস্ময়কর ঘটনা, কিন্তু প্রায়ই এর সাথে জড়িত থাকে নির্যাতন ও সমস্যা (২ করি ৬:৪-১০)।

NASB, NKJV	“দেখ”
NRSV	“দেখ”
TEV	“শোন”
NJB	“ভাল”

এটা হল গ্রীক particle *idou*, যার উদ্দেশ্য সত্য মন্তব্যের প্রতি মনোযোগ আকর্ষণ। পৌল প্রায়ই ২ করিছীয়তে এটি ব্যবহার করেছেন (২ করি৫:১৭; ৬:২,৯; ৭:১১; ১২:১৪)।

■ “এখনই ‘উদ্ধার পাবার দিন’” ২ করিছীয় ৬:২ পদের এই শেষ বাক্য হল পৌলের যিশাইয় থেকে উদ্ধৃতির উপরে মন্তব্য। এটি উল্লেখ করতে পারে ব্যক্তিগত নিমন্ত্রণ সুসমাচারের প্রতি সাদা প্রদানের, সেই সাথে মশীহের রাজ্যের প্রতি সেবার জীবন।

NASB, NKJV,
NRSV “বর্ণনাতীত”
TEV “অমূল্য”
NJB “সবকিছু বলার উর্ধ্বে”

এটি হল টার্ম *ekdiēgeomai*, যার অর্থ সম্পূর্ণরূপে ব্যাখ্যা করা বা বিশদ বিবরণ উল্লেখ করা, এর সাথে Alpha privative, যেটি একে অস্বীকার করে। কোন না কোন ভাবে ঈশ্বরের ভালবাসা মানুষের জন্য দারুণ বিশ্বাসকর যা সম্পূর্ণ ভাবে উপলব্ধি করা অসম্ভব (দ্বি বি ৩০:১১; ইয়োব ১১:৭; গীতা ১৩৯:৬; হিতো ৩০:১৮; যিশা ৫৫:৮-৯; রোমীয় ১১:৩৩)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেষ্কারী, চূড়ান্ত নয়।

৪৪. ৮ ও ৯ অধ্যায়ে উল্লেখিত ধনাদ্যক্ষতার নীতিগুলির রূপরেখা আপনার নিজের ভাষায় লিখুন।

৪৫. ২ করি ৯:৬ এবং ২ করি ৯:১০ পদের উদ্ধৃতি আপনার নিজের জীবনে কি অর্থ বহন করে তার রূপরেখা আপনার নিজের ভাষায় লিখুন।

Copyright © 2013 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

২ করিন্থীয় ১০
(2 CORINTHIANS 10)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
পৌলের তার পরিচর্য্যার পক্ষ সমর্থন	আত্মিক যুদ্ধ	সত্যিকার শ্রেয়ত্বের জন্য আবেদন	পৌলের তার পরিচর্য্যার পক্ষ সমর্থন	দুর্বলতার দোষারপের বিরুদ্ধে পৌলের উত্তর
১০:১-৬	১০:১-৬	১০:১-৬	১০:১-৬	১০:১-১১
	পৌলের কর্তৃত্বের বাস্তবতা			
১০:৭-১১	১০:৭-১১	১০:৭-১১	১০:৭-১১	
	পৌলের কর্তৃত্বের সীমা			উচ্চাকাঙ্খ্যার দোষারপের প্রতি তার উত্তর
১০:১২-১৮	১০:১২-১৮	১০:১২-১৮	১০:১২-১৬ ১০:১৭-১৮	১০:১২-১৮

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

৪০. প্রথম প্যারাগ্রাফ
৪১. দ্বিতীয় প্যারাগ্রাফ
৪২. তৃতীয় প্যারাগ্রাফ
৪৩. ইত্যাদি।

প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. ১০ অধ্যায় থেকে ১৩ পর্যন্ত একটি সাহিত্য একক তৈরী করেছে যেখানে পৌল ভদ্র শিক্ষকের দোষারোপ থেকে আত্ম পক্ষ সমর্থন করেছেন। ভদ্র শিক্ষকেরা পৌলকে বিতর্কের মূল বিষয় করেছে। সেজন্য, অনিচ্ছাকৃতভাবে, তিনি নিজেকে মানবিক দিক থেকে নিজের আত্মপক্ষ সমর্থন করেছেন, তাদের মুখের কথা এবং বাগ্মিতাপূর্ণ পদ্ধতি ব্যবহার করে। তার মূল উদ্দেশ্য ছিল সুসমাচারকে রক্ষা করা।
- খ. পৌলের বিরুদ্ধে আনা অভিযোগ সমূহের কয়েকটি উদাহরণ।
 ১. তিনি যখন মুখোমুখি হয়েছেন তখন তোষামোদি করেছেন, কিন্তু তার চিঠিতে সাহসিকতায় পূর্ণ, ২ করি ১০:১,৯,১১।
 ২. তিনি নিম্ন স্তরের মানবিক উদ্দেশ্য নিয়ে কাজ করছিলেন, ২ করি ১০:২।
 ৩. তার ব্যক্তিগত উপস্থিতি সন্তোষজনক ছিল না এবং তার বাগ্মিতা পরিবেশনা ছিল দুর্বল; ২ করি ১০:২,১০

৪. তিনি শুধুমাত্র অর্থের জন্য প্রচার করেছেন, ২ করি ১১:৮, ১২; ১২:১৬।

গ. পৌলের শত্রুরা

১. সেখানে সম্ভবত তিনটি দল অর্ন্তভুক্ত ছিল।

ক. স্থানীয় করিন্থীয় দল নির্ভর ছিল (১ করিন্থীয় ১-৪ পদের বিভক্ত দল)

খ. পলেস্টীয় থেকে আগত যিহুদী দল (Judaizers এর মত, ২ করি ১০-১৩)।

গ. সম্ভবত উভয়ের একটি সংমিশ্রণ

২. ১ করিন্থীয় থেকে যেখানে মনে হয় দলগুলো তাকে আক্রমণ করেছিল বিরোধী অবস্থানের জন্য এবং বিরোধী অবস্থান থেকে

ক. একটি ব্যবস্থাগত দল (asceticism)

খ. একটি antinomian দল (libertines)

ঘ. কারণ পৌল বেশ কয়েকটি পত্রে পত্রে উল্লেখ করেছেন যে তিনি করিন্থীয় মণ্ডলীর কাছে লিখেছেন, যেটি দৃশ্যত সংরক্ষণ করা হয় নি, যেখানে পণ্ডিতদের অনুমান ২ করিন্থীয় হল এই সব হারান পত্রের একটি সমন্বয়। এটি নিশ্চিতভাবে সত্য যে পৌল পত্র সংক্রান্ত aorist ব্যবহার করেছেন তার বিভিন্ন লেখা উল্লেখ করতে যেটি বিভ্রান্তি সৃষ্টি করেছে সেইসাথে স্পষ্টত বিভিন্ন সাহিত্য এককগুলো যেগুলি ২ করিন্থীয় পত্র গঠন করেছে, যা প্রায়ই মনে হয় সময়ানুক্রমিক এবং যুক্তিগত বিন্যাসের বাইরে।

এটি নিশ্চিত ভাবে সম্ভব যে বিচ্ছিন্নতার কারণ ঘটেছে পৌলের এই চিঠি লেখার দ্বারা সময়ের বিবর্তনে এবং তার লেখা একটি সাহিত্য এককের পরবর্তীতে যে নতুন তথ্য ক্রমাগতভাবে আসছে সেজন্য। চিঠিটি শুরু হয়েছে ইতিবাচক নিশ্চয়তায়, কিন্তু তারপর এটি নেতিবাচক দিকে মোড় নিয়েছে।

ব্যক্তিগতভাবে, সম্ভব রয়েছে যে পৌলের কিছু চিঠি হারিয়ে গেছে তা আমাকে বিরক্ত করে না (সম্ভবত সেগুলোতে যে তথ্য রয়েছে যা হয়তো পবিত্র আত্মা চাইনি যে তা শাস্ত্র হোক), কিন্তু ২ করিন্থীয়ের প্রস্তাবিত সমন্বিত প্রকৃতি, যার কোন প্রমাণ নেই গ্রীক পাণ্ডুলিপির ঐতিহ্যে এমনকি মণ্ডলীর ঐতিহ্যেও নয়, কিন্তু সাধারণভাবে পশ্চিমা আধুনিক পণ্ডিতদের অনুমান আমাকে বিব্রত করে! আমাদের উচিত হবে না প্রাচীন প্রাচ্যের চিন্তাবিদ ও লেখকদের জোর করা আধুনিক পশ্চাত্য সাহিত্যের শ্রেণীতে জোর করে অর্ন্তভুক্ত করার।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ২ করিন্থীয় ১০:১-৬

^১ এখন আমি, পৌল, খ্রীষ্টের নম্রতা ও মৃদুতায় তোমাদের অনুরোধ করছি—আমি নাকি যখন তোমাদের সামনে থাকি তখন নম্র, কিন্তু অনুপস্থিতিতে তোমাদের প্রতি সাহসী! ^২ আমি বিনতি করছি কারণ কারণ বিরুদ্ধে আমার যে সাহস দেখান দরকার যখন আমি উপস্থিত তখন এই বিশ্বাসে তাদের প্রতি ততটা সাহস দেখাবার দরকার না হয়, যারা আমাদের বিষয়ে মনে করে যে আমরা মাংসিক ভাবে গমনাগমন করছি। ^৩ যদিও আমরা মাংসিক ভাবে চলছি, কিন্তু মাংসের বশে যুদ্ধ করছি না, ^৪ কারণ আমাদের যুদ্ধের অস্ত্রশস্ত্র মাংসিক নয়, কিন্তু দুর্গসমূহ ধংস করার জন্য ঐশ্বরীক ভাবে পরাক্রমী। ^৫ আমরা ঈশ্বরের জ্ঞানের বিরুদ্ধে মানুষের অনুমান এবং প্রতিটি অহংকারী বিষয়সমূহকে ধংস করছি, আর আমরা মনের সব চিন্তাকে বন্দী করে খ্রীষ্টের বাধ্য করছি, ^৬ আর যখন তোমাদের বাধ্যতা সম্পূর্ণ হবে, আমরা সকল অবাধ্যতার শাস্তি দিতে প্রস্তুত আছি। (অনুবাদকৃত টেক্সট)।

১০:১ “এখন আমি, পৌল, তোমাদের অনুরোধ করছি” পৌল আগের অধ্যায়ে “আমরা” ব্যবহার করেন নাই কারণ তিনি ব্যক্তিগত ভাবে আত্ম পক্ষ সমর্থন করেছেন ভ্রাতৃ শিক্ষকদের দোষারপের সামনে। পৌল *autos* এবং *ego* ব্যবহার করেছেন (২ করি ১২:১৩; রোমীয় ৭:২৫; ৯:৩; ১৫:২৪; এবং গালা ৫:২ *ego* এবং *Paulos*) জোর দিতে যে এটি ছিল তার ব্যক্তিগত আবেদন।

“বিনতি” এর জন্য দেখুন সম্পূর্ণ নোট ২ করি ১:৪-১১ পদে।

■ “খ্রীষ্টের নম্রতা ও মৃদুতার দ্বারা” পৌল তথাপিও উপযুক্ত মনোভাব এবং পদ্ধতি ব্যবহার করেছেন এই সকল ভ্রাতৃ শিক্ষকদের সাথে (মথি ১১:২৯)। নম্রতাকে গ্রীক চিন্তাবিদদেরা কোন গুণ হিসেবে দেখতেন না (অর্থাৎ, Socrates, Aristotle, Stoics)। এটি প্রতিফলিত করেছে তাদের পৌলের সমালোচনার একটি বিষয়। M. R. Vincent's *Word Studies*, vol. 2, জোর দিয়ে বলেছেন যে সেপ্টুয়াজিন্টে যে “নম্রতা” (*praus*, ২ করি ১০:১), “নম্র” (*tapeinos*, ২ করি ১০:১), এবং “দুর্বল” (*tapeinos*, ৯:৯ পদ) সাধারণত একই ইব্রীয় শব্দের অনুবাদ করা হয়েছে। তারা তুলনা করতো ধনী ও শক্তিশালী বনাম গরীব ও অবহেলিতদের (পৃ. ৮৩২)।

■ “আমি নাকি যখন তোমাদের সামনে থাকি তখন নম্র, কিন্তু অনুপস্থিতিতে তোমাদের প্রতি সাহসী” এই মূল্যায়ন উল্লেখ করতে পারে পৌলের শব্দ চিঠি যেটি হারিয়ে গেছে (২ করি ১:৯-১১)। লক্ষ্য করুন তিনি “নম্রতা” ধারণার উপর কৌশল। তিনি খ্রীষ্টকে নম্র বলেছেন (অর্থাৎ, মশীহের জন্য *praus* এর ব্যবহার মথি ২১:৫ পদে এবং বিশ্বাসীদের মথি ৫:৫; ১ পিতর ৩:৪, ১৫ পদে)। এই শব্দগুচ্ছ তিনি সমার্থক *tapeinos* শব্দ ব্যবহার করেছেন (Louw and Nida, *Greek-English Lexicon*, vol. 1, p. 748), যেটি এছাড়াও ব্যবহৃত হয়েছে যীশু (মথি ১১:২৯) এবং পৌল (২ করি ১১:৭; ১২:২১)।

■ “সাহসী” নোট দেখুন ২ করি ৫:৬ পদে।

১০:২ আমি বিনতি করছি” এটি হল গ্রীক টার্ম *deomai*, যার অর্থ গুরুত্বের সাথে জানতে চাওয়া বা আবেদন করা। এটি টার্মের সমার্থক (অর্থাৎ, *parakaleō*, Louw and Nida, *Greek-English Lexicon*, vol. 1, p. 408) পৌল ব্যবহার করেছেন ২ করি ১০:১ পদে (২ করি ২:৮; ৫:২০; ৬:১; ৮:৬; ৯:৫; ১২:৮,১৮; ১৩:১১)। তিনি জরুরীভাবে আবেদন করেছেন এই বিশ্বাসীদের পুনঃমূল্যায়ন করা তারা কি শুনেছে ভ্রান্ত শিক্ষকদের কাছ থেকে।

■ “কিন্তু যখন আমি সামনে থাকি” পৌল অবস্থা পরিবর্তন না হওয়া পর্যন্ত করিছে ফিরতে চান না। তিনি সাহসী হতে চান নি, কিন্তু নশ হতে।

■ “কারও কারও বিরুদ্ধে আমার যে সাহস দেখান দরকার এই বিশ্বাসে তাদের প্রতি ততটা সাহস দেখাবার দরকার না হয়” সেখানে “মাংস” এর জন্য গ্রীক শব্দের একটি কৌশল রয়েছে। ভ্রান্ত শিক্ষকেরা পৌলকে দোষারোপ করেছিল নিম্নতর মানবিক উদ্দেশ্য নিয়ে কাজ করার জন্য (অর্থাৎ, মাংসে)। যদিও পৌল স্বীকার করেছিলেন যে তিনি মাংসিক (অর্থাৎ, দৈহিক দেহ, ২ করি ১০:৩), তিনি দৃঢ় ভাবে জোর দিয়ে বলেছেন যে তিনি মাংসিক উদ্দেশ্য নিয়ে কাজ করেছেন না (২ করি ১:১৭; ২:১৭; ৪:৩; ৭:২; ১০:৩-৪)।

“বিশ্বাস” এর জন্য নোট দেখুন ২ করি ৩:৪ পদে।

■ “প্রস্তাব. . .বিবেচনা” এটি হল গ্রীক শব্দ *logizomai* এর উপর একটি কৌশল। পৌল এই verb (present middle [deponent] indicative) ব্যবহার করেছেন তার চিন্তা বর্ণনা করতে এবং participle (present middle [deponent]) ভ্রান্ত শিক্ষকদের মিথ্যা দোষারোপ বর্ণনা করতে। এটি মনে হয় একটি কৌশলগত টার্ম Sophists থেকে (see Bruce W. Winter, *Philo and Paul Among the Sophists*)। দেখুন টার্মের সম্পূর্ণ নোট ২ করি ৩:৫ পদে।

■ “গমনাগমন” এটি হল জীবন পদ্ধতির আচারণের জন্য একটি ইব্রীয় বাগধারা (ইফি ৪:১,১৭; ৫:২,১)।

■ “মাংসিক ভাবে” তারা পৌলকে বিচার করছিল তাদের সমাজের মানদণ্ডের আলোকে (১ করি ৯:৮; ১৫:৩২; রোমীয় ৩:৫; গালা ১:১১; ৩:১৫)। বিশ্বাসীদের একটি ভিন্ন মানদণ্ড রয়েছে-ঈশ্বরের প্রকাশিত বাক্য: (১) পুরাতন নিয়ম; (২) খ্রীষ্ট; এবং (৩) নতুন নিয়ম। দেখুন বিশেষ আলোচ্য বিষয় ১ করি ১:২৬ পদে।

১০:৩-৬ পৌল ধারাবাহিক ভাবে সামরিক রূপক ব্যবহার করেছেন খ্রীষ্টিয়ান এবং আত্মিক মন্দতার মধ্যে দৈনিক সংগ্রাম বর্ণনা করতে (রোমীয় ৭; ৮:৩-১১)। এই আত্মিক মন্দতা ২ করি ১০:৫ এ ব্যাখ্যা করা হয়েছে মানুষের যুক্তি, প্রজ্ঞা, এবং সুসমাচারের বিরুদ্ধে বিতর্ক হিসাবে (ইফি ৬:১০-১৮)।

১০:৩ “মাংসে” দেখুন বিশেষ বিষয় ১ করি ১:২৬ পদে।

■ “যুদ্ধ” এটি হল *strateuō* টার্ম, এর থেকে আমরা ইংরেজী strategy টার্মটি পেয়েছি। এটা ব্যবহৃত একজন সৈন্যের (১ করি ৯:৭; ২ তীম ২:৪) বা একটি আত্মিক যুদ্ধের রূপক হিসেবে (এখানে এবং ১ তীম ১:১৮)। আত্মিক জগতে একটি দ্বন্দ্ব চলমান রয়েছে।

১০:৪-৫ কয়েকটি ধারাবাহিক বিষয় উল্লেখ করা হয়েছে ২ করি ১০:৪-৫ পদে যা দিয়ে পৌল আক্রমণ করেছেন।

১. দুর্গের ধংস (*ochurōma*)
২. অনুমানের ধংস (*logizomai*)
৩. প্রতিটি অহংকারী বিষয়ের ধংস (*huphōma*)
৪. প্রতিটি চিন্তাকে বন্দী করে নেওয়া (*noēma*)

এই বিষয়গুলি সম্ভবত উল্লেখ করে Sophists' বাগ্মিতা, যেটি পৌল ১ করি ১-৪ অধ্যায়ে অবমূল্যায়ন করেছেন (Bruce W. Winter, *Philo and Paul Among the Sophists*, pp. 180-202)।

১০:৪ “আমাদের যুদ্ধের অস্ত্রশস্ত্র” পৌল আগেই ২ করি ৬:৭ পদে এই আত্মিক যুদ্ধের পরোক্ষ উল্লেখ করেছেন। রোমীয় পুস্তক লেখা হয়েছিল করিছ থেকে প্রায় এই একই সময়ে। তিনি আরও এই যুদ্ধ উল্লেখ করেছেন রোমীয় ৬:১৩ এবং ১৩:১২ পদে। পিতর ১ পিতর ৪:১ পদে verb রূপ ব্যবহার করেছেন, সেখানে তিনি বিশ্বাসীদের উৎসাহ দিয়েছেন তাদের মাংসের বিরুদ্ধে সংগ্রামে সশস্ত্র হতে।

এই ক্ষেত্রে একটি ভাল উৎসমূলক বই হল *Three Crucial Questions About Spiritual Warfare* by Clinton E. Arnold, published by Baker।

■ “দুর্গসমূহ ধংস করার জন্য” এটি হতে পারে একটি পরোক্ষ উল্লেখ হিতো ২১:২২ পদের (বৃহত্তর প্রসঙ্গ ২ করি ১০:১৩-৩১)। এই শব্দগুচ্ছের অর্থ নিয়ে ব্যাখ্যাকারকদের মধ্যে অনেক আলোচনা রয়েছে, কিন্তু এটি স্পষ্ট যে ২ করি ১০:৫ পদ হল আত্মিক দুর্গ কি তার একটি বর্ণনা যেটি পৌল উল্লেখ করেছেন। এটি দেখা যায় যে তিনি ভ্রান্ত শিক্ষকদের কাছে ভ্রান্ত ধর্মতত্ত্ব বিষয়ে বরেন্ছেন।

১০:৫

NASB “অনুমান ধংস করছি”
 NKJV “তর্ক বিতর্ক ছুড়ে ফেলছি”
 NRSV “তর্ক বিতর্ক ধংস ধংস করছি”
 TEV “টেনে নামাছি”
 NJB “এটা হল ধারণা যা আমরা বিনাশ করছি”

দেখুন নোট ২ করি ৩:৫ পদে।

NASB “এবং প্রতিটি অহংকারী বিষয়”
 NKJV “এবং প্রতিটি উচ্চ বিষয়”
 NRSV “এবং প্রতিটি অহংকারী বাধা”
 TEV “প্রতিটি অহংকারী বাধা”
 NJB “প্রতিটি ঔদ্ধত্যপূর্ণ ধারণা”

এটি হল “উচ্চতা” এর জন্য শব্দ অহংকারী, মানবিক চিন্তা অর্থে ব্যবহৃত হয়েছে। এটি প্রতিফলিত করে শ্রান্ত শিক্ষকদের অতিরিক্ত জোর দেওয়া

১. জ্ঞান এবং মানুষের যুক্তি (১ করি ১:১৮-২৫; কল ২:৮)
২. আইনসর্বস্বতা (কল ২:১৬-২৩)

■ “মনের সব চিন্তাকে বন্দী করে খ্রীষ্টের বাধ্য করছি” verb হল “বর্শা” এবং “যুদ্ধে বন্দী হওয়া” এর একটি সমন্বয়। এই শ্রান্ত শিক্ষকেরা করিছীয় বিশ্বাসীদের চিন্তা ও মন বন্দী করেছিল। পৌল আমাদের “মনকে নতুনীকরণ” করাতেন (রোমীয় ১২:২; ইফি ৪:২৩); আমাদের মনকে রক্ষা করতেন (ফিলি ৪:৭)। পরিগ্রহণ হল বিনামূল্যে দান, কিন্তু খ্রীষ্টীয় জীবন বৈশিষ্ট্যময় হল বাধ্যতা, সেবা, আরাধনা, এবং সহিষ্ণুতার দ্বারা। এগুলো চুক্তির দায়িত্ব। সেখানে একটি চলমান আত্মিক দ্বন্দ্ব রয়েছে!

পৌল “চিন্তা”(noēma) শব্দটি প্রায়ই ব্যবহার করেছেন ২ করিছীয়তে (২ করি ২:১১; ৩:১৪; ৪:৪; ১১:৩), কিন্তু কেবলমাত্র অন্য আর একটি সময়, ফিলি ৪:৭ পদে। করিছীয়দের জ্ঞানের উপর অতিরিক্ত জোর দেওয়া মনে হয় তার এই টার্মটি বারবার ব্যবহার করার কারণ। *Analytical Greek Lexicon Revised*, Harold K. Moulton, ed., কয়েকটি তাৎপর্য তালিকা করেছেন (পৃ.. ২৮০)।

১. মন, বোঝার ক্ষমতা, বুদ্ধি - ২ করি ৩:১৪; ৪:৪
২. হৃদয়, স্বভাৱ, স্নেহ, অনুভূতি, স্বভাব - ২ করি ১১:৩
৩. মনের একটি পরিকল্পনা, চিন্তা, উদ্দেশ্য, কৌশল - ২ করি ২:১১; ১০:৫

১০:৬ পৌল শ্রান্ত শিক্ষকদের এবং তাদের অনুসারীদের সাবধান করেছেন যে তাদের হিসাব দেবার দিন আসছে। তারা তাকে দুর্বল হওয়ার জন্য দোষারপ করেছে, কিন্তু তারা তাদের সাথে ধৈর্য ধরাকে সহজভাবে ভুল বুঝেছে (১) খ্রীষ্টের স্বার্থে এবং (২) এই মন্ডলীর সকলের ভালর জন্য। পৌল এই মন্ডলীকে সাবধান করছেন তিনি আসবার আগে এই সমস্যার মোকাবেলা করতে না হলে তিনি তাদের সাথে মোকাবেলা করবেন (১ করি ৫:৩-৫)।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করিছীয় ১০:৭-১১

^১ তোমরা জিনিসের বাইরের চেহারা দেখছ। কেউ যদি নিজের উপরে বিশ্বাস রেখে বলে সে খ্রীষ্টের, সে আবার নিজে নিজে বিবেচনা করে দেখুক, সে যেমন খ্রীষ্টের, তেমনি আমরাও খ্রীষ্টের লোক।^২ কারণ আমি যদি এই কর্তৃত্ব নিয়ে কিছুটা গর্ব করি, যে কর্তৃত্ব প্রভু দিয়েছেন তোমাদের গেঁথে তোলার জন্য এবং তোমাদের ধংস করার জন্য নয়, তাতে আমি লজ্জা পাব না,^৩ কারণ আমি আমার চিঠির দ্বারা তোমাদের ভয় দেখাচ্ছি তা মনে কোর না।^৪ কারণ তারা বলে, “তার চিঠিগুলো ভারযুক্ত আর শক্তিশালী, কিন্তু তার ব্যক্তিগত উপস্থিতি বিশেষ কিছু নয় এবং তার কথা শোনবার মত এমন কিছু নয়।”^৫ এই রকম লোক এটি বিবেচনা করুক যে, আমরা অনুপস্থিতিতে পত্রের বাক্য দ্বারা যেমন, সেই লোক আমরা উপস্থিতিতে কাজেও তেমনই। (অনুবাদকৃত টেক্সট)।

১০:৭ “তোমরা দেখছ” গ্রীকে inflected রূপ হতে পারে একটি imperative (NRSV, NJB) বা একটি indicative (NASB, TEV, NIV)। NKJV এবং ASV এটি অনুবাদ করেছে একটি প্রশ্ন হিসাবে।

করিছের মন্ডলী পরীক্ষিত ও সমালোচিত হয়েছিল সুসমাচারের দিকে লক্ষ্য রাখার পরিবর্তে একটি মাৎসিক/জাগতিক/দৈহিক স্তরের মন্ডলী হিসাবে।

■ “যদি” এটি একটি first class conditional sentence। কিছু করিছীয় মন্ডলীতে কিছু লোক ছিল যারা যারা নিজেদের প্রতারণিত করছিল (১ করি ১৪:৩৭) তাদের আত্মিক অবস্থা এবং অবস্থানের হিসাবে (অর্থাৎ, “আত্মবিশ্বাসী হওয়া,” perfect active indicative)।

■ “নিজে নিজে” পৌল এই টার্ম *eautou*, এই পদে দুইবার ব্যবহার করেছেন। এই শ্রান্ত শিক্ষকেরা তাদের নিজেদেরকে প্রতারণিত করছিল। এটি একটি কঠিন আত্মিক পরিস্থিতি যুক্তি দেওয়ার বা প্রভাবিত করার।

■ “সে যেমন খ্রীষ্টের তেমনি আমরাও” শ্রান্ত শিক্ষকেরা তাদের নিজেদের আত্মিক কর্তৃত্ব এবং মর্যাদা দাবী করেছিল, কিন্তু পৌলকে প্রত্যাখান করেছিল।

১০:৮ “যদি” এটি একটি third class conditional sentence, যেটি ইঙ্গিত দিচ্ছে সম্ভাব্য কাজের (২ করি ১১:১-১২:১৩)।

□ “গর্ব” এই টার্মটি (অর্থাৎ, *kauchaomai* এবং এর অন্য রূপগুলি) পৌলের করিন্থীয়ের চিঠিতে প্রায়ই ব্যবহার করা হয়েছে।

১. *kauchaomai* (গৌরব, গর্ব, ১ করি ১:২৯,৩১; ৩:২১; ৪:৭; ১৩:৩; ২ করি ৫:১২; ৭:১৪; ৯:২; ১০:৮,১৩,১৫,১৬,১৭,১৮,৩০; ১২:১,৫,৬,৯)

২. *kauchēma* (১ করি ৫:৬; ৯:১৫,১৬; ২ করি ১:১৪; ৫:১২; ৯:৩)

৩. *kauchēsis* (১ করি ১৫:৩১; ২ করি ১:১২; ৭:৪,১৪; ৮:২৪; ১১:১০,১৭)

দেখুন শব্দ ব্যবহারের সম্পূর্ণ নোট ২ করি ১:১২ পদে এবং বিশেষ বিষয় ১ করি ৫:৬ পদে।

□ “আমাদের কর্তৃত্ব নিয়ে, যে কর্তৃত্ব প্রভু দিয়েছেন” এটি উল্লেখ করছে পৌলের দম্মেশকের পথের অভিজ্ঞতা (প্রেরিত ৯:১৫,১৬; রোমীয় ১:৫; গালা ২:৯)।

□ “তোমাদের গেঁথে তোলার জন্য এবং তোমাদের ধংস করার জন্য নয়” পৌল এই শব্দগুচ্ছটি পুনরাবৃত্তি করেছেন ২ করি ১৩:১০ পদে। এটি যিশাইয়ের আহ্বান (যিশাইয় ৬) এবং যিরিমিয়ের আহ্বানের (যিরিমিয় ১) মত একই রকমের, তাদের আহ্বান করা হয়েছিল উভয় কাজ করার জন্য! পৌল একই verb (অর্থাৎ, *kathairesis*) ব্যবহার করেছেন, যেটি তিনি ব্যবহার করেছেন ২ করি ১০:৪ পদে (দু'বার) মানুষের যুক্তির দুর্গকে ধংসের জন্য। পৌলকে আহ্বান করা হয়েছে কিছু বিষয় ও চিন্তা সমূহ ধংস করার জন্য, কিন্তু মন্ডলীটিকে নয়। তাকে আহ্বান করা হয়েছে মন্ডলীর পক্ষ সমর্থন ও রক্ষা করার জন্য (২ করি ১০:৯)। দেখুন বিশেষ বিষয়: উৎকর্ষ সাধন, পৃ..১৫৫, (SPECIAL TOPIC: EDIFY, See page 155) ১ করি ৮:১ পদে।

□ “আমি লজ্জা পাব না” পৌল নিজের পক্ষ সমর্থন করতে যাচ্ছিলেন কারণ ভ্রাতৃ শিক্ষকেরা তাকে মূল বিষয় করেছে। তিনি নিজের পক্ষ সমর্থন করেছেন রক্ষা করতে (১) যে কর্তৃত্ব তাকে দেওয়া হয়েছে এবং (২) যে সুসমাচার তিনি প্রচার করেছেন।

এটি প্রতিফলিত করতে পারে পুরাতন নিয়মে ঈশ্বরের প্রতিজ্ঞাকে (রোমীয় ৯:৩৩ এবং ১০:১১, যিশাইয় ২৮:১৬ পদের উদ্ধৃতি), যারা ঈশ্বরে নির্ভর করবে তারা লজ্জিত বা হতাশ হবে না। পৌল জানতেন তিনি কার উপর নির্ভর করেছেন!

এমনকি যদি পৌল অনেক বেশি গর্ব করতেন (NRSV, TEV) তার আহ্বান এবং অভিষেক নিয়ে, এটা সত্যি ছিল এবং ঈশ্বর তার পক্ষ সমর্থন করতেন! যারা পৌলের কর্তৃত্ব প্রত্যাখ্যান করেছে তাদের দোষারোপ করা হয়েছে (১ করি ১৪:৩৭-৩৮)।

১০:৯ পৌলের চিঠিগুলো ছিল তাদের অনুতাপকে উৎসাহিত করার, দোষারোপ করতে নয় (২ করি ৭:৫-১৩^{৩৩})। কিন্তু ভ্রাতৃ শিক্ষকদের জন্য এটি ছিল একটি ভিন্ন গল্প (২ করি ১০:৮,১১; ১৩:১০)।

১০:১০ “কারণ তারা বলে” “তারা বলে” অনুসরণ করেছে MSS B, the Latin Vulgate, এবং Peshitta (পঞ্চম শতকের Syriac অনুবাদ)। বেশির ভাগ গ্রীক পাণ্ডুলিপিতে আছে “তিনি,” যেটি মনে হয় উল্লেখ করে ভ্রাতৃ শিক্ষকদের একজন দলনেতাকে (২ করি ১০:৭,১১; ১১:৪)।

□ “তার ব্যক্তিগত উপস্থিতি বিশেষ কিছু নয়” পৌলের বাস্তব বর্ণনার দ্বিতীয় শতকের ঐতিহ্য এসেছে খ্রিস্টলনীকীয় হতে *Paul and Thekla* নামের একটি বইয়ের অংশ থেকে। এটি বলে যে তিনি ছিলেন লম্বায় ছোট, টাক মাথা, বাকানো পা, ঘন ভুরু এবং ঠিকরে বেরিয়ে আসার মত চোখ ছিল। পৌল শারীরিকভাবে আকর্ষণীয় একজন মানুষ ছিলেন না (গালা ৪:১৪)। এই শারীরিক বৈশিষ্ট্যের কিছু কিছু মনে হয় তার মাংসে কাঁটার সাথে সম্পর্কিত (২ করি ১২:৭), যেটি আমি মনে করি চোখের সমস্যা, সম্ভবত তার “দম্মেশকের পথো” অন্ধত্বের সাথে সম্পর্কিত ছিল।

এটা সম্ভব যে এই শব্দগুচ্ছটি, পরেরটির মত, উল্লেখ করছে পৌলের প্রকাশ্যে কথা বলার ক্ষমতাকে, যেটি বিতর্কের বড় একটি বিষয় ছিল (১ করি ১:১৭)। এই শব্দগুচ্ছটি প্রায়ই ব্যবহার করা হয়েছে “মঞ্চ উপস্থিতি” হিসেবে (Bruce W. Winter, *After Paul Left Corinth*, p. 35)।

□ “এবং তার কথা শোনবার মত এমন কিছু নয়” এটি একটি Perfect passive participle। এটি হল একটি শক্তিশালী গ্রীক টার্ম (১ করি ১:২৮; ৬:৪; ১৬:১১; রোমীয় ১৪:৩,১০)। পৌল লোকদের সামনে কথা বলার জন্য একজন সুদক্ষ বক্তা ছিলেন না (গ্রীক বাগ্মিতার পদ্ধতি, ১ করি ১:১৭; ২ করি ১১:৬)। আপল্লো ছিলেন আলেকজান্দ্রিয়ার একজন অনর্গল কথা বলায়, বাগ্মিতায় পারদর্শী প্রচারক। তথাপি, পৌল দাবী করেছেন যে যদিও তিনি বাগ্মিতায় পারদর্শী নন, তবুও তার বার্তা এবং কর্তৃত্ব খ্রীষ্ট থেকে এসেছে।

১০:১১ ভ্রাতৃ শিক্ষকেরা পৌলকে দোষী করেছে শক্তিশালী চিঠি লিখেছেন, কিন্তু ব্যক্তিগত ভাবে তার উপস্থাপনা দুর্বল। পৌল নিশ্চিত করেছেন যে সবলতা তারা তার চিঠিগুলোতে নিশ্চিত করেছে সেরকমই সবল হবে তার ব্যক্তিগত উপস্থিতি যদি তিনি ব্যক্তিগতভাবে এসে সবকিছু নিজে ঠিক করেন!

NASB (আপডেটেড) টেক্সট: ২ করিন্থীয় ১০:১২-১৮

^{২২} কারণ আমরা এমন কোন লোকের সাথে আমাদের গুনতে বা তুলনা করতে সাহস করি না যারা নিজেরা নিজেদের নিজের প্রশংসা করে থাকে; কিন্তু তারা নিজেদের পরিমাপে নিজেদের পরিমাপ করে এবং নিজেদের সাথে নিজেদের তুলনা করে, সেজন্য তারা বোঝে না। ^{২৩} কিন্তু আমরা আমাদের পরিমাপের অতিরিক্ত গর্ব করবো না, বরং ঈশ্বর পরিমাপ বলে আমাদের জন্য যে সীমা স্থির করেছেন, তা তোমাদের কাছে পর্যন্তও যায়। ^{২৪} কারণ আমরা নিজেদের সীমার বাইরে নিচ্ছি না, যদি আমরা তোমাদের কাছে না যেতাম, কারণ খ্রীষ্টের সুসমাচার নিয়ে আমরা তোমাদের কাছে প্রথমে উপস্থিত হয়েছিলাম; ^{২৫} আমাদের পরিমাপের বাইরে গর্ব করি না, অর্থাৎ, অন্য লোকের পরিশ্রমে গর্ব করি না, কিন্তু আশা করি যে তোমাদের বিশ্বাস বৃদ্ধি পেলে,

আমাদের সীমা অনুসারে তোমাদের মধ্যে ব্যাপক ভাবে বিস্তারিত হবে, ^{১৬} তাতে তোমাদের থেকে দূরের জায়গাতেও সুসমাচার প্রচার করতে পারব, *আর* অন্যের সীমায় যা সম্পূর্ণ হয়েছে তাতে গর্ব কোর না। ^{১৭} কিন্তু যে গর্ব করে সে প্রভুতেই গর্ব করুক। ^{১৮} কারণ নিজের প্রশংসা করবার দরুন কেউ পরীক্ষাসিদ্ধ হয় না, বরং প্রভু যার প্রশংসা করেন সে-ই পরীক্ষা সিদ্ধ। (অনুবাদকৃত টেক্সট)।

১০:১২ “কিন্তু তারা নিজেদের পরিমাপে নিজেদের পরিমাপ করে এবং নিজেদের সাথে নিজেদের তুলনা করে” পৌল মানুষের প্রশংসার প্রতি পরোক্ষ উল্লেখ করেছেন ২ করি ৩:১ পদে (২ করি ১০:১৮); এখন তিনি এটি বিস্তৃত করেছেন মানুষের তুলনার সাথে। স্পষ্টত এই ভ্রান্ত শিক্ষকেরা তাদেরকে পৌলের সাথে তুলনা করছিলেন এমন একটি উপায়ে তাদের মর্যাদার গুরুত্ব দিতে এবং তাকে অবমূল্যায়ন করতে।

পৌল তার পুরাতন নিয়ম অধ্যয়ন করা থেকে জানতেন যে (১ শমু ১৬:৭; হিতো ২১:২) এটি কতটা ফলহীন ছিল। তিনি সম্ভবত আরও পরিচিত ছিলেন লোকেরা কিভাবে নিজেদেরকে বিচার করে এই বিষয়ে যীশুর শিক্ষার সাথে (লুক ১০:২৯; ১৬:১৫; ১৮:৯, ১৪)।

এই পদে একটি শ্লেষাত্মক নোট আছে যেমন ২ করি ১০:১ পদে আছে। পৌল প্রায়ই এই সাহিত্যরূপ ১ করি স্থায়ীতে ব্যবহার করেছেন।

দুটি aorist active infinitives এর মধ্যে সুস্পষ্ট শব্দ কৌশল রয়েছে।

১. *egkrinai* (*en* এবং *krinō*), বিচার একই শ্রেণীর অন্তর্গত হিসাবে

২. *sugkrinai* (*sun* এবং *krinō*), বিচার তুলনার দ্বারা

codex Bezae (পঞ্চম শতকের uncial MS) এ একটি শব্দগুচ্ছকে বাদ দেওয়া হয়েছে ২ করি ১০:১২ পদের শেষের দিকে এবং ২ করি ১০:১৩ পদের শুরুতে। এটা মনে হয় একজন অনুলেখকের চোখ সরে গিয়েছে ২ করি ১০:১২ পদের "ou" থেকে এবং ২ করি ১০:১৩ পদের "ouk" থেকে এবং মধ্যবর্তী শব্দগুলো বাদ দিয়েছেন (“বোঝে না। কিন্তু আমরা না”)। দেখুন লেখনীগত সমালোচনার দ্বিতীয় পরিশিষ্ট। UBS⁴ শব্দগুচ্ছটিকে দিয়েছে অর্ন্তভুক্তির একটি "B" রেটিং (প্রায় নিশ্চিত)।

■ “তারা বোঝে না” এটি সম্পূর্ণ ভাবে ছিল হতবাক করা বিবৃতি।

১. গ্রীক দার্শনিকদের কাছে এটি তাদের শ্রেষ্ঠ আত্মিক জ্ঞানের দাবীকে অবমূল্যায়িত করবে

২. ইব্রীয় চিন্তাবিদদের কাছে এটি একটি পরোক্ষ উল্লেখ হবে পশুদের প্রতি।

১০:১৩ পৌল পরোক্ষ ভাবে উল্লেখ করেছেন তার স্বর্গীয় আহ্বান এবং আদেশ (অর্থাৎ, তার “দমেশকের পথে” এর অভিজ্ঞতা, প্রেরিত ৯, ২২:৩-১৬; ২৬:৯-১৮) পরজাতিদের কাছে একজন প্রেরিত হওয়ার। তিনি তুলনা করছেন না বা প্রশংসা করছেন না, কিন্তু ঈশ্বরের আহ্বান বর্ণনা করছেন।

ঈশ্বর তাকে আহ্বান করেছেন অযিহুদীদের প্রতি একজন বিশেষ প্রতিনিধি হিসেবে এমনকি করিছে মন্ডলীও অর্ন্তভুক্ত (২ করি ১০:১৪-১৫)।

■ “ঈশ্বর পরিমাণ বলে আমাদের জন্য যে সীমা স্থির করেছেন” NASB Study Bible (p. 1701) এ এই শব্দগুচ্ছের একটি ভাল ব্যাখ্যা আছে।

“১০:১৩ ঈশ্বর পরিমাণ বলে আমাদের জন্য যে সীমা স্থির করেছেন। পৌলের মনে যে ছবিটি আছে হতে পারে সেটি একজন দৌড় প্রতিযোগির যেখানে লেনগুলো চিহ্নিত করা আছে বিভিন্ন দৌড়বিদদের জন্য। এই ক্ষেত্রে “সীমা” অবশ্যই হতে পারে “লেন” (এছাড়াও ২ করি ১০:১৫-১৬ পদে)। করিছে নিজেদেরকে জোর করে প্রবেশ করাতে, এই ভ্রান্ত প্রেরিতরা পৌলের লেনে ঢুকে পড়েছে, সেই লেনটি যেটি ঈশ্বর চিহ্নিত করেছেন এবং সেজন্য তাকে করিছে নিয়ে এসেছেন তাদের একজন খাঁটি প্রেরিত হিসাবে। তার কোন উদ্দেশ্য ছিল না অন্যদের জন্য চিহ্নিত করা অংশে এবং তাদের কাজকে নিজের বলে দাবী করার, যেমন এই ভ্রান্ত শিক্ষকেরা করেছিল। অন্যরা বুঝতো গ্রীক শব্দটি প্রশ্ন করে উল্লেখ করছে নির্দারিত সীমার রকর্ভূত।”

১০:১৪ “কারণ আমরা নিজেদের সীমার বাইরে নিচ্ছি না” এটি হল আরেকটি "huper" সমন্বয়, সমন্বয়, *huperekeinō*। দেখুন বিশেষ বিষয়: পৌলের *Huper* সমন্বয় ব্যবহার ১ করি ২:১ পদে।

■ “খ্রীষ্টের সুসমাচার নিয়ে আমরা তোমাদের কাছে প্রথমে উপস্থিত হয়েছিলাম” পৌল ছিলেন করি স্থায়ী মন্ডলীর প্রতিষ্ঠাতা, তথাপি ভ্রান্ত শিক্ষকেরা সুনাম নেবার চেষ্টা করছিল (২ করি ১০:১৮)।

১০:১৫ “আমাদের পরিমাপের বাইরে গর্ব করি না. . . অন্য লোকের পরিশ্রমে” ভ্রান্ত শিক্ষকেরা করি স্থায়ী মন্ডলীর সুনাম নিচ্ছিলো, যেটি পৌল প্রতিষ্ঠা করেছিলেন।

১০:১৬ “তাতে তোমাদের থেকে দূরের জায়গাতেও সুসমাচার প্রচার করতে পারব” এটি মনে হয় উল্লেখ করছে পৌলের রোম এবং/বা স্পেনে যাবার আকাঙ্ক্ষাকে (প্রেরিত ১৯:২১; রোমীয় ১৫:২২ পদ থেকে কয়েকটি পদ)। তিনি চেয়েছিলেন প্রতিষ্ঠিত মন্ডলীগুলো তাকে উভয়ক্ষেত্রে সাহায্য করুক, যিরূশালেমের জন্য দান এবং তাকে সমর্থ করতে পশ্চিম ভূমধ্যসাগরীয় এলাকায় ভ্রমণ করতে এবং আরো মন্ডলী স্থাপন করতে।

“দূরের” এর জন্য, এটি হল আরেকটি "huper" সমন্বয়, (*huperekeinē*), দেখুন বিশেষ বিষয়: পৌলের *Huper* সমন্বয় ব্যবহার ১ করি ২:১ পদে।

১০:১৭ “যে গর্ব করে সে প্রভুতেই গর্ব করুক” এটি হল সেপ্টুয়াজেন্টের যিরমিয় ৯:২৩-২৪ পদের একটি উদ্ধৃতি। এটি আরও উদ্ধৃত হয়েছে ১ করি ১:৩১ পদে। সকল মানুষের গর্ব করা হল বোকামী। দেখুন বিশেষ বিষয়: গর্ব করা ২ করি ১:১২ পদে।

১০:১৮ আসল প্রশ্ন হল কোন দলকে, শিক্ষককে, বা ধর্মতত্ত্বকে যীশু সমর্থন করেন (১ করি ৪:১-৫)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেষ্কারী, চূড়ান্ত নয়।

৪৬. ব্যাখ্যা করুন ৯ ও ১০ অধ্যায়ের মধ্যে স্পষ্ট বিরতি।

৪৭. পৌলের বিরুদ্ধে ভ্রান্ত শিক্ষকদের কয়েকটি অভিযোগ কি কি ছিল?

৪৮. কেন পৌল সামরিক টার্ম ব্যবহার করেছেন ভ্রান্ত শিক্ষকদের বিরুদ্ধে তার সংগ্রাম বর্ণনা করতে গিয়ে?

৪৯. এই ভ্রান্ত শিক্ষকেরা কি খাঁটি খ্রীষ্টিয়ান ছিল যারা ধর্মতত্ত্বের একটি ক্ষুদ্র অংশে ভুল ছিল বা তারা ভ্রান্ত নেতা ছিলেন যারা মানুষকে বিপথে চালিত করছিল সুসমাচারের সত্য থেকে?

Copyright © 2013 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

২ করিন্থীয় ১১
(2 CORINTHIANS 11)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
পৌল এবং ভ্রাতৃ প্রেরিতেরা	তাদের বিশ্বস্ততার উদ্দেশ্যে	বিরোধীদের প্রতি পৌলের উত্তর	পৌল এবং ভ্রাতৃ প্রেরিতেরা	পৌল তার নিজের খাঁটি প্রশংসায় পরিচালিত
১১:১-৬	১১:১-৪	১১:১-৬	১১:১-৪	১১:১-৬
	পৌল এবং ভ্রাতৃ প্রেরিতেরা		১১:৫-৬	
১১:৭-১১		১১:৭-১১	১১:৭-১১	১১:৭-১৫
১১:১২-১৫		১১:১২-১৫	১১:১২-১৫	
প্রেরিত হিসাবে পৌলের কষ্টভোগ	অনিচ্ছাকৃত গর্ব		প্রেরিত হিসাবে পৌলের কষ্টভোগে	
১১:১৬-২৯	১১:১৬-২১	১১:১৬-২১ ^ক	১১:১৬-২১ ^ক	১১:১৬-২১ ^ক
	খ্রীষ্টের জন্য কষ্টভোগ			
		১১:২১ ^ক -২৯	১১:২১ ^ক -২৯	১১:২১ ^ক -২৯
	১১:২২-৩৩			
১১:৩০-৩৩		১১:৩০-৩৩	১১:৩০-৩৩	১১:৩০-৩৩

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

৪৪. প্রথম প্যারাগ্রাফ

৪৫. দ্বিতীয় প্যারাগ্রাফ

৪৬. তৃতীয় প্যারাগ্রাফ

৪৭. ইত্যাদি।

প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ঘ. ২ করি ১০-১৩ অধ্যায় একটি সাহিত্য একক তৈরী করেছে। এই বিভাগে সেটি ২ করিছীর পূর্বের অধ্যায় থেকে অনেক ভিন্ন, পৌল আত্মপক্ষ সমর্থন করেছেন ভ্রান্ত শিক্ষকদের আক্রমণ থেকে। তারা পৌলকে উপহাসের বিষয় বানিয়েছে তাদের পৌলের সুসমাচারকে কলঙ্কিত করার প্রচেষ্টায়।
- ঙ. পৌল তার সমালোচকদের অভিযোগের উত্তর দিয়েছেন ২ করি ১১:৪,৮,১২-১৫,১৮-২০ পদে।
- চ. পৌল উপহাস ও শ্লেষ উক্তি ব্যবহার করেছেন তার পরিচর্যার বিষয়ে করিছীর খ্রীষ্টিয়ানের স্মৃতিকে ঝাঁকুনি দিতে (২ করি ১১:৫,৭,১৯,২০,২১)।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ২ করিছীর ১১:১-৬

‘আমার ইচ্ছা এই যে তোমরা আমার একটুখানি বোকামি সহ্য কর; কিন্তু তোমরা তো বাস্তবিকই আমার প্রতি সহ্য করছোই।’^২ কারণ ঈশ্বরীয় ঈর্ষায় তোমাদের জন্য আমার ঈর্ষা হচ্ছে; কেননা আমি তোমাদের খাঁটি কুমারী হিসাবে একই বর খ্রীষ্টের হাতে সমর্পণ করার জন্য বাগদান করেছি।^৩ কিন্তু আমার ভয় হচ্ছে যে, যেমন সাপ নিজের চালাকিতে হবাবে প্রতারণা করেছিল, সেইভাবে তোমাদের মন খ্রীষ্টের প্রতি সরলতা ও শুদ্ধতার ভক্তি থেকে বিপথে নিয়ে যাবে।^৪ কারণ যদি কেউ আসে এবং অন্য আর একজন যীশুর কথা প্রচার করে যাকে আমরা প্রচার করি নাই, অথবা তোমরা যদি কোন ভিন্ন আত্মা পাও যা তোমরা পাও নাই, অথবা একটি ভিন্ন সুসমাচার যা তোমরা গ্রহণ কর নাই, তখন তোমরা সুন্দর ভাবে এটি সহ্য করছো।^৫ কারণ আমার নিজের বিচার এই যে সেই সুপরিচিত প্রেরিতদের থেকে আমি একটুও পিছনে পড়ে নাই।^৬ কিন্তু যদিও আমি বজ্রতায় দক্ষ নই, তথাপি আমি জ্ঞানে সামান্য নই; সত্যি কথা বলতে কি, সব দিক থেকে সব বিষয়ে আমরা তোমাদের কাছে এটা স্পষ্ট করেছি। (অনুবাদকৃত টেক্সট)।

১১:১ “আমার ইচ্ছা এই যে তোমরা সহ্য কর” এটি হল একটি imperfect middle indicative। middle voice ১০ অধ্যায়ের জোরালো ব্যক্তিগত পরিচিতির সাথে খাপ খায়। Imperfect tense এর অর্থ হতে পারে (১) অতীতের কোন কাজের পুনরাবৃত্তি বা (২) একটি কাজের আরম্ভ। দুই নম্বরটি এই প্রসঙ্গে ভাল ভাবে খাপ খায়। দেখুন “সহ্য করা” এর উপরে সম্পূর্ণ নোট ২ করি ১১:৪ পদে।

■ “একটুখানি বোকামি” পৌল পূর্বে বর্ণনা করেছেন যে শারীরিক তুলনা করা বোকামী, কিন্তু ভ্রান্ত শিক্ষকেরা তাকে ব্যবহার করেছে উপহাসের বিষয় হিসাবে। সেজন্য, তিনি Sophist দের বাগ্মি পদ্ধতি (অর্থাৎ, গর্ব করা) ব্যবহার করেছেন তাদের বিরুদ্ধে (শ্রেষ্ঠজিম্মুলক রম্য কথা)। তাদের নিজেদের মঙ্গলের জন্য তাকে মন্ডলীর সামনে নিজের আত্ম পক্ষ সমর্থন করতে হবে। তিনি এটি করতে বোকামী অনুভব করছিলেন যেমন ১৭ ও ২১ পদ নিশ্চিত করেছে।

■ “তোমরা তো বাস্তবিকই আমার প্রতি সহ্য করছোই” এটি হয় একটি present middle indicative (NASB, NKJV, NJB) বা একটি Present middle imperative (NRSV, TEV)। তিনটি কারণ বর্ণিত হয়েছে ২ করি ১১:২,৪,৫ পদে কেন তারা তাদের শোনা উচিত। এর প্রতিটি কারণ ইংরেজীতে পরিচিত করা হয়েছে ‘জন্য’ (gar) শব্দ দ্বারা।

১১:২ “আমি তোমাদের একই বর খ্রীষ্টে বাগদান করেছি” পৌল, এই মন্ডলীর প্রতিষ্ঠাতা হিসাবে, একজন অভিভাবকের মত খ্রীষ্টের সাথে তাদের বাগদান দেওয়ার কাজটি করছেন (ইফি ৫:২২-৩৩; প্রকা ১৯:৯; ২১:২,৯; ২২:১৭)। স্বামী হিসাবে ঈশ্বর পুরাতন নিয়মের এই ধারণাটি পাওয়া যায় যিশাইয় ৫৪:৫; ৬২:৫; এবং হোশেয় ১-৩; ১১:১-৪ পদে।

■ “আমি তোমাদের খাঁটি কুমারী হিসাবে সমর্পণ করতে পারি” এটি হল বিবাহ অনুষ্ঠানের জন্য পুরাতন নিয়মের টার্মতত্ত্ব। পৌল ইফি ৫:২৫-২৭ পদে এই একই বিষয় পুনরাবৃত্তি করেছেন। পৌল খুব চতুরতার সাথে করিছীর খ্রীষ্টিয়ানদের তিরস্কার করছেন এই ভ্রমণশীল ভ্রান্ত শিক্ষকদের কথা শোনার জন্য। এক অর্থে যারা তাদের সমর্থন করেছে তারা আত্মিকভাবে অবিশ্বাসী হয়ে গিয়েছে (অর্থাৎ, পুরাতন নিয়মের আত্মিক ব্যভিচার)।

১১:৩ “যেমন সাপ নিজের চালাকিতে হবাবে প্রতারণা করেছিল” এটি উল্লেখ করে আদিপুস্তক ৩ অধ্যায়ে পাওয়া প্রলোভনের বিবরণটি (১ তীম ২:১৪)। মনে করুন সাপ হবাকে YHWH এর কাছ থেকে আত্ম নির্ভরশীলতার স্বাধীনতার দিকে ছোট ছোট ধাপে দূরে নিয়ে গিয়েছিল!

প্রতারণা করা (exapataō) টার্মটি কেবলমাত্র পৌলের দ্বারা নূতন নিয়মে ব্যবহৃত হয়েছে (রোমীয় ৭:১১; ১৬:১৮; ১ করি ৩:১৮; ২ করি ১১:৩; ২ থি ২:৩, ১ তীম ২:১৪)। খুব তীব্র রূপ নয়, apataō, ব্যবহার করা হয়েছে সেপ্টুয়াজিন্টের হবার আদিপুস্তক ৩:১৩ পদে। পৌল এটি ব্যবহার করেছেন ইফি ৫:৬ এবং ১ তীম ২:১৪ পদে (দু’বার)। প্রতারণা বাইরে ও ভিতরে উভয় দিক থেকেই আসতে পারে। বিশ্বাসীদের অবিরতভাবে সর্ভক থাকতে হবে।

টার্ম চতুরতা (panourgia) হল একটি “সকল” (pan) এবং “কাজ” (ergon) এর সমন্বিত রূপ। পৌল এটি আগে দু’বার ব্যবহার করেছেন তার করিছীর চিঠিতে (১ করি ৩:১৯; ২ করি ৪:২)। পৌল আত্মিক যুদ্ধটি বুঝতেন বিশ্বাসীদের যার মুখোমুখি হতে হয়েছে (ইফি ৪:১৪)। তিনি মানুষকে মন্দতার ফলাফল স্পষ্টভাবে বলেছেন রোমীয় ১-৩ অধ্যায়ে এবং বিশ্বাসীদের রোমীয় ৭; ইফি ৬:১০-১৯ পদে। পৌলের ধর্মতত্ত্ব শুরু হয়েছে দূত ও মানুষের বিদ্রোহ দিয়ে।

দেখুন বিশেষ বিষয়:পরিকল্পনা, পৃ..৩১৩, (SPECIAL TOPIC: SCHEMES, See page 313) ২ করি ২:১১ পদে।

■ “তোমাদের মন বিপথে নিয়ে যাবে” verb *phtheiro* হল একটি aorist passive subjunctive। আদি ৩ অধ্যায়ের অতিরিক্ত পরোক্ষ উল্লেখ পৌল এই টার্ম “ধংস” বা “নষ্ট” ব্যবহার করেছেন বেশ কয়েকবার একটি নৈতিকতার অর্থে (২ করি ৭:২; ১১:৩; ১ করি ৩:১৭; ১৫:৩৩; ইফি ৪:২২)। দেখুন বিশেষ বিষয় ১ করি ১৫:৪২ পদে। বিশ্বাসীরা প্রতারিত, প্রভাবিত এবং পরাজিত হতে পারে শয়তানের দ্বারা!

■ “সরলতা থেকে” নোট দেখুন ২ করি ১:১২ পদে।

■ “এবং শুদ্ধতা” গ্রীক পাল্লিপিকত ভিন্নতা রয়েছে যেটি যুক্ত করেছে “এবং শুদ্ধতা।” এটি পাওয়া যায় MSS P⁴⁶, κ^* , B, and G (NASB, NRSV, TEV, NIV)। এটি অনুপস্থিত MSS κ^c , D^c, H, K, and P (NKJV, NJB, REB) তে। এছাড়াও MS D^{*} তে আছে দীর্ঘতম অধ্যয়ন, কিন্তু টার্মগুলি রয়েছে বিপরিত ধারায়। কোনটি আসল তা নিয়ে শাস্ত্রীয় পণ্ডিতরা বিভক্ত। “শুদ্ধতা” এর অন্তর্ভুক্তি তুলে ধরে ২ করি ১১:২ পদকে এবং অন্তর্ভুক্ত করেছে কয়েকটি খুব ভাল এবং ভৌগোলিক ভিন্নতা প্রাচীন পাল্লিপিকগুলোতে।

NASB “খ্রীষ্টের প্রতি ভক্তি”

NKJV “যা হল খ্রীষ্টে”

NRSV, TEV,

NJB, NIV “খ্রীষ্টের প্রতি ভক্তি”

ablative preposition, *apo*, পরিচিত করায় তিনটি বিষয়।

১. সরলতা থেকে
২. শুদ্ধতা থেকে
৩. “খ্রীষ্টের প্রতি” থেকে

২ করি ১১:৩ পদে উল্লেখ্য কি? কয়েকটি ইংরেজী অনুবাদ “ভক্তি” যোগান দিয়েছে, কিন্তু এটি উল্লেখ করতে পারে “খ্রীষ্টে,” যেটি পৌলের খ্রীষ্টে ব্যক্তিগত বিশ্বাসের বিখ্যাত শব্দগুচ্ছ।

১১:৪ “কারণ যদি কেউ আসে” এটি হল একটি first class conditional sentence, যেটি লেখকের দিক বা তার সাহিত্যের উদ্দেশ্যের দিকে থেকে ধরে নেয় সত্য বলে। “কেউ” মনে হয় উল্লেখ করছে ২ করি ১০:৭,১০ পদে পরোক্ষ ভাবে উল্লেখিত ভ্রান্ত শিক্ষককে।

■ “আর একজন যীশু যাকে আমরা প্রচার করি নাই” এই ভ্রান্ত শিক্ষকেরা কিছু কিছু ক্ষুদ্র বিষয়ে গুরুত্ব দিতে অমত করছিল না, কিন্তু ব্যক্তি এবং যীশু খ্রীষ্টের কাজের বিষয়ে অমত করছিল (১ করি ৩:১১)। এটা স্পষ্ট সকল প্রমাণ একসাথে নিয়ে যে এই ভ্রান্ত শিক্ষকেরা ছিলো গালাতীয় পুস্তকের Judaizers এবং Hellenists (অর্থাৎ, *Sophists*) উভয়ের সংমিশ্রণ। যিরূশালেম থেকে আসা প্রতিনিধিরা ত্বকচ্ছেদের উপর জোর দেওয়া বাদ দিয়েছে, সম্ভবত প্রেরিত ১৫ অধ্যায়ে পাওয়া যিরূশালেমের সভার মতামতের কারণে, কিন্তু তারা তাদের যিহুদী ব্যবস্থা চালিয়ে যাচ্ছিল কোন না কোন ভাবে যুক্ত করে বা পরিমার্জিত করে Hellenistic (অর্থাৎ, *Sophists*) চিন্তাধারার দ্বারা।

এটা সম্ভব যে পৌল ভ্রান্ত শিক্ষকদের তার বিরুদ্ধে করা অভিযোগগুলো ব্যবহার করছিলেন। তার হয়তো তাকে “অন্য সুসমাচার প্রচার করা” -র দোষারোপ করছিল।

আমরা যারা বিশ্বাস করি যে বাইবেল হল অনুপ্রাণিত ঈশ্বরের বাক্য কয়েকটি প্রশ্নের আছে যার উত্তর প্রয়োজন।

১. আমরা কি নতুন নিয়ম পুরাতন নিয়মের চোখ দিয়ে পড়বো বা নতুন নিয়মের অর্থ ব্যাখ্যার উচ্চ মানদণ্ড আছে?
২. পৌলের বাক্য (বা অন্য নতুন নিয়মের লেখকদের) বাক্য কি যীশুর বাক্যের মত অনুপ্রাণিত?
৩. নতুন নিয়মের লেখকদের মধ্যে কি “কিছু” বিভক্তির উপস্থিতি সুযোগ করে দেয় আধুনিক ব্যাখ্যাকারীদের কিছু বিষয়ে উপরে “নাড়াচাড়া করার সুযোগ” করে দেয়? আমরা কি এই একই বিষয়কে সুযোগ দেবো আদি মন্ডলীর ব্যাখ্যাকারীদের মধ্যে (অর্থাৎ, গ্রীক ও ল্যাটিন মন্ডলীর আদি পিতাদের; পরবর্তী মন্ডলীর নেতাদের [Augustine, Aquinas, Luther, Calvin, etc.])? বা অন্য কোন উপায়ে রেখে দেবো, কিভাবে একজন বুঝতে পারবে (ব্যাখ্যা, সীমা) ধর্মনিষ্ঠা?

■ “অথবা তোমরা যদি কোন ভিন্ন আত্মা পাও যা তোমরা পাও নাই” কেউ কেউ একে দেখেন পবিত্র আত্মার একটি উল্লেখ হিসেবে (গালা ৪:৬; TEV), কিন্তু এটি মনে হয় শ্রেয় এটির সাথে সম্পর্কিত করা হয় (১) “ভয় ও দাসত্বের আত্মা” (রোমীয় ৮:১৫; ২ তীম ১:৭) না হয় (২) “শান্তি ও আনন্দের আত্মা” (রোমীয় ১৪:১৭)। “আত্মার” উপর সম্পূর্ণ নোট দেখুন ১ করি ২:১১ পদে।

“ভিন্ন” টার্মটি হল *heteros*, যার অর্থ অন্য আর একটি ভিন্ন ধরণের। পৌল ভ্রান্ত শিক্ষকদের ও নিজের বার্তার তুলনা করছেন (গালা ১:৬)। সেখানে গারা ১:৬-৯ পদের সমস্যাগুলি ও এখানে উল্লেখিত সমস্যার মধ্যেও অনেক মিল রয়েছে।

■ “পেয়েছো. . গ্রহণ করেছো” গ্রীক verb *lambano* ও *dechomai* হল সমার্থক। উভয়েরই মূল অর্থ হলো কোন কিছু ধরে রাখা। Louw and Nida's *Greek-English Lexicon*, vol. 1, এর দুটি নোট খুব সাহায্যকারী।

১. ১. কোন বিষয় বা উপকার পাওয়া বা গ্রহণ করার জন্য প্রথম পদক্ষেপ দাতার উপর নির্ভর করে, কিন্তু হস্তান্তরের সময়ের গুরুত্ব গ্রহণের উপর নির্ভর করে” (পৃ... ৫৭২)।

২. পাদটিকা ৩১, “সেখানে মনে হয় কিছু সামান্য পার্থক্য আছে *dechomai* ও *lambanō* এর অর্থের মধ্যে পরবর্তীতে ইঙ্গিত করা হয়েছে একজনের আরও সক্রিয় অংশগ্রহণের উপরে যে দানটি গ্রহণ করে, কিন্তু এটি বিদ্যমান প্রসঙ্গ থেকে নিএটি নির্ধারণ করা যায় না” (পৃ... ৫৭২)। আমার জন্য একজন প্রচারকমূলক খ্রীষ্টিয়ান হিসাবে, এই টার্মগুলি গুরুত্বপূর্ণ সুসমাচারের প্রতি উপযুক্ত সাড়া প্রদানে (যোহন ১:১২)। ঈশ্বরের প্রতিজ্ঞাসমূহ, খ্রীষ্টের কাজসমূহ, এবং আত্মা আহবানে অবশ্যই সাড়া দিতে হবে প্রাথমিক এবং ক্রমাগত ভাবে। এটি গঠন করে চুক্তির ধারণার ভিত্তি (অর্থাৎ, ঈশ্বর শুরু করেন, কিন্তু অবশ্যই মানুষকে সাড়া দিতে হয়)।

Lambanō এই প্রসঙ্গে বারবার আসে (২ করি ১১:৪,৮,২০,২৪; ১২:১৬)।

NASB “তোমরা সুন্দর ভাবে এটি সহ্য করছো”
NKJV “তোমরা সুন্দর এটি গড়ে তুলতে পার”
NRSV “তোমরা স্বইচ্ছায় এটি উপস্থাপন করছো”
TEV “তোমরা খুশী মনে সহ্য করছো”
NJB “আর তোমরা কেবলমাত্র স্বইচ্ছাতেই গড়ে তুলছো”

এটি হয় একটি present middle imperative না হয় একটি present middle indicative। এটি হল আঘাতমূলক শ্লেষাঙ্কি করিছীয় খ্রীষ্টিয়ানদের প্রতি লক্ষ্য যারা এই ভ্রান্ত শিক্ষকদের কথা শুনতে ইচ্ছুক।

পৌল এই *anechomai* টার্মটি এই অধ্যায়ে বেশ কয়েকবার ব্যবহার করেছেন (২ করি ১১:১,৪,১০,২০)। ২ করি ১১:১ পদে এটা ব্যবহার করা হয়েছে “ধৈর্য ধরা” অর্থে (১ করি ৪:১২), কিন্তু ২ করি ১১:৪,১৯,২০ পদে এটি বিদ্রোপাত্মক ভাবে “সহ্য করা” অর্থে ব্যবহৃত হয়েছে।

১১:৫ “কারণ আমার নিজের বিচার” এই সাহিত্য এককে পৌল verb, *logizomai*, ব্যবহার করেছেন প্রায়ই (২ করি ১০:২,৭,১১; ১১:৫; ১২:৬)। এটা হতে পারে একটি প্রচলিত-কথা বা প্রায়ই ভ্রান্ত শিক্ষকদের জন্য ব্যবহৃত Sophist টার্ম।

■ “পিছনে পড়ে নাই” এই শব্দগুচ্ছে verb হল একটি perfect active infinitive। অতীত বা বর্তমান, কোন সময়েই নয়, পৌল কি নিজেকে ছোট মনে করেছেন এই যিরুশালেম থেকে অগত কথিত কর্তৃত্বকারী প্রতিনিধিদের থেকে (২ করি ১২:১১)। এই দৃষ্টিভঙ্গিটি এছাড়াও আলোচিত হয়েছে গালা ১:১১-২:১৪ পদে, যেখানে পৌল তার নিজের প্রেরিতভ্রুও সমর্থন করেছেন।

NASB, NKJV “সেই সুপরিচিত প্রেরিতদের”
NRSV “এই সব চমৎকার প্রেরিতদের”
TEV “তোমাদের এইসব অত্যন্ত বিশেষ তথাকথিত প্রেরিতদের”
NJB “চমৎকার প্রেরিতদের থেকে”

এই বিদ্রোপাত্মক বর্ণনা হল দুটি গ্রীক টার্মের একটি সমন্বয়, *huper* (অর্থাৎ, আরও এবং উপরে) এবং *lian* (অর্থাৎ, মহান বা ছাড়িয়ে যাওয়া)। এই বর্ণনামূলক শব্দগুচ্ছেটি দুর্লভ এবং পৌল এটি কেবল এখানে ও ২ করি ১২:১১ পদে ব্যবহার করেছেন। প্রসঙ্গকৃত ও ব্যাকরণগত ভাবে ৫ পদ সংযুক্ত ২ করি ১১:৪ পদের সাথে, যেটি স্পষ্টভাবে উল্লেখ করেছে ভ্রান্ত শিক্ষকদের (২ করি ১১:১৩-১৫)। পৌল “প্রেরিত” টার্মটি ব্যবহার করেছেন বিদ্রোপাত্মক ভাবে দুটি অর্থে: (১) বারোজন এবং (২) মন্ডলী থেকে প্রেরিত বার্তাবাহকেরা (২ করি ১১:১৩)। দৃশ্যত ভ্রান্ত শিক্ষকদের যিরুশালেমের মন্ডলীর সাথে কিছু সংযোগ ছিল (২ করি ১১:২২ পদ অনুমানের দ্বারা দেখায় যে তারা যিহুদী প্রেক্ষাপট দাবী করেছে; ১২:১ পদ দেখায় যে তারা দাবী করেছে charismatic অভিজ্ঞতা)।

■ “অত্যন্ত সুপরিচিত” (*huperlian*) দেখুন বিশেষ বিষয়: পৌলের *Huper* সমন্বয় ব্যবহার ১ করি ২:১ পদে।

১১:৬ “কিন্তু যদিও” এটি হল একটি first class conditional sentence। পৌল তাদের কাছে স্বীকার করেছেন যে গ্রীক বাগ্মিতায় তার সবলতা ছিল না। তার সবলতা ছিল তার বার্তার অনুপ্রাণিত বিষয়বস্তু।

■ “আমি বজ্রতায় দক্ষ নই” এই টার্মটি ব্যবহার করা হয়েছে “অদক্ষ” বা “অপেশাদার” অর্থে (প্রেরিত ৪:১৩, যেখানে এটা ব্যবহার করা হয়েছে পিতর ও যোহনের জন্য বা ১ করিছীয় ১৪ অধ্যায়ে, যেখানে এটি ব্যবহার করা তাদের যারা আত্মিক দানগুলো সম্বন্ধে জ্ঞাত নয়)। এটি মনে হয় পৌলের স্বীকারোক্তির সাথে সম্পর্কযুক্ত যে তিনি বাগ্মিতায় পরাদর্শী নন (২ করি ১০:১০; ১ করি ১:১৭)।

এই মন্তব্যটি, দৃশ্যটি ভ্রান্ত শিক্ষকদের কাছে থেকে এসেছে, এটি দেখায় যে তারা বাগ্মিতা বিশিষ্ট কথাকে সম্মান করতো। এটি ইঙ্গিত দেয় যে একটি Hellenistic (অর্থাৎ, Sophist) প্রেক্ষাপট। দেখুন Bruce W. Winter, *Philo and Paul Among the Sophists*।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করিছীয় ১১:৭-১১

^৭ অথবা তোমরা যেন উন্নত হতে পার সে জন্য আমি নিজেকে অবণত করে কি পাণ করেছি, কারণ আমি বিনামূল্যে তোমাদের কাছে ঈশ্বরের দেওয়া সুখবর প্রচার করেছি? ^৮ তোমাদের পরিচর্যা করার জন্য আমি অন্যান্য মন্ডলীর কাছ থেকে লুট করে মজুরী নিয়েছি; ^৯ এবং যখন আমি তোমাদের কাছে ছিলাম আর অভাবের মধ্যে ছিলাম, আমি কারণ বোঝাই নি; কারণ যখন মাকিদনিয়া থেকে ভাইয়েরা এসেছিল তারা ই আমার অভাব পূরণ

করেছিল, আর সব কিছুতে আমি তোমাদের বোঝা না হওয়া থেকে নিজেকে রক্ষা করেছি, আর এভাবে সবসময় করে যাব।^{১০} আমার মধ্যে যখন খ্রীষ্টের সত্য আছে, তখন আখায়ার কোন অঞ্চলে কেউ আমার এই গর্ব করা বন্ধ করতে পারবে না।^{১১} কেন? কারণ আমি কি তোমাদের ভালবাসি না? ঈশ্বর জানেন আমি ভালবাসি! (অনুবাদকৃত টেক্সট)।

১১:৭ “তোমরা যেন উন্নত হতে পার সে জন্য আমি নিজেকে অবণত করে কি পাপ করেছি” ৭ পদ হল একটি প্রশ্ন যেটি আশা করে “না” বোধক উত্তর। এটি হল পৌলের আর একটি বিদ্বন্দ্বপাত্ৰক কথার উদাহরণ যেটি সম্পর্কিত করিন্থীয় মন্ডলী থেকে আর্থিক পরিতোষক না নেওয়ার চলমান দ্বন্দ্বটি (১ করি ৯:৩-১৮)।

“পাপ” (*hamartia*) শব্দটি ব্যবহৃত হয়েছে একটি নৈতিক নয় এমন অর্থে “আমি কি ভুল করেছি” বা “ভুল বিচার করা।” মনে রাখবেন, প্রসঙ্গ, প্রসঙ্গ- নিদ্রাণ করে শব্দের অর্থ। সাবধান থাকবেন প্রতিটি ক্ষেত্রে শব্দগুলো পূর্ব-নির্ধারিত ধর্মতত্ত্বগত ব্যাখ্যা পাঠ করতে।

■ “ঈশ্বরের সুসমাচার” লক্ষ্য করুন খ্রীষ্টের সুসমাচার (২ করি ২:১২; ৯:১৩; ১০:১৪) হল ঈশ্বরেরই সুসমাচার!

১১:৮ “আমি অন্যান্য মন্ডলী লুট করেছি” গ্রীক ও রোমীয়রা তাদের ভ্রমণকারী শিক্ষকদের মজুরী দিতো, কিন্তু পৌল জানতেন যে এটি সমালোচনার উৎস হতে পারে ভ্রান্ত শিক্ষকদের দ্বারা এবং তিনি এই মন্ডলী (বা অন্য কোন মন্ডলী যখন তিনি তাদের মধ্যে কাজ করেছেন, ১ থি ২:৫-৯; ২ থি ৩:৭-৯) থেকে আর্থিক সাহায্য গ্রহণ করতে অসম্মত ছিলেন। পৌল ফিলিপী এবং থিমলোনীকী এই উভয় জায়গা থেকে সাহায্য নিয়েছিলেন তিনি চলে যাবার পর (ফিলি ৪:১৫-১৮ এবং সম্ভবত ১ থি ৩:৬)। দৃশ্যত এটি এই মন্ডলীর অনুভূতিতে আঘাত করেছিল (২ করি ১১:১১; ১২:১৩,১৪; ১ করি ৯:১২,১৫,১৮)।

■ “মন্ডলীসমূহ” দেখুন বিশেষ বিষয় ১ করি ১:২ পদে।

■ “তোমাদের সেবা করতে” দেখুন বিশেষ বিষয়: দাসরূপী নেতৃত্ব ১ করি ৪:১ পদে।

১১:১০ “আমার মধ্যে যখন খ্রীষ্টের সত্য আছে” এটি হল একটি বাগধারাগত উপায়ে সততা দাবী করা বা পৌলের অনুপ্রেরণার অর্থ (রোমীয় ৯:১)। দেখুন বিশেষ বিষয়: পৌলের লেখনীতে “সত্য”, পৃ. ৪১৫, (SPECIAL TOPIC: "TRUTH" IN PAUL'S WRITINGS, See page 415) ২ করি ১৩:৮ পদে।

■ “আখায়ার কোন অঞ্চলে কেউ আমার এই গর্ব করা বন্ধ করতে পারবে না” এটি হল একটি সবল গ্রীক টার্ম যেটি ব্যবহৃত হয়েছে সেপ্টুয়াজিন্টে নদীতে বাধ দেবার জন্য। পৌল করিন্থীয় মন্ডলী থেকে অর্থ নিতে অসম্মত হওয়া এবং দৃশ্যত তিনি এটি প্রকাশ্যে প্রকাশ করেছেন এবং প্রায়ই করেছেন। “গর্ব করা” এর জন্য সম্পূর্ণ নোট দেখুন ২ করি ১:১২ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করিন্থীয় ১১:১২-১৫

^{১২} কিন্তু আমি যা করছি সেরকম আমি করেই যাব, যেন আমি তাদের কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ি যারা সুযোগ পেতে ইচ্ছা করে যে বিষয়ে গর্ব করে সেই বিষয়ে যেন আমাদের সমান বলে বিবেচিত হয়।^{১৩} কারণ এই রকম লোকেরা তো ভ্রান্ত প্রেরিত, প্রতারক কর্মী, খ্রীষ্টের প্রেরিত বলে নিজেদের বদলে ফেলে।^{১৪} আশ্চর্য হবার কিছু নেই, কারণ শয়তান নিজেও আলোতে পূর্ণ দূতের বেশ ধারণ করে।^{১৫} সেজন্য এটা বিশ্বাসকর নয় যে তার দাসেরা নিজেরাও ধার্মিকতার দাসের রূপ ধারণ করে, তাদের পরিণাম তাদের কাজ অনুসারেই হবে। (অনুবাদকৃত টেক্সট)।

১১:১২ পৌল তার বিরোধীদের জানতেন। তিনি চেষ্টা করেছেন তাদের আক্রমণের প্রতিটি সুযোগ এড়িয়ে যেতে। তিনি তার স্বাধীনতা ও সুসমাচার রক্ষা ও প্রসার করা অধিকার সীমিত করেছেন (রোমীয় ১৪:১-১৫:১৩)।

১১:১৩ “কারণ এই রকম লোকেরা তো ভ্রান্ত প্রেরিত” এরা নগরের বাইরের ধর্মীয় নেতারা, সম্ভবত যিরুশালেম থেকে আসা, যারা কর্তৃত্ব দাবী করেছে। পৌল তাদের ছদ্মবেশী-প্রেরিত ও ছদ্মবেশী-ভাই হিসেবে উল্লেখ করেছেন (২ করি ১১:২৬)।

■ “প্রতারক কর্মী” এই শব্দটি noun থেকে এসেছে যার অর্থ “মাছ ধরার টোপ।” তারা তাদের নিজেদের উদ্দেশ্যে করিন্থীয় বিশ্বাসীদের ধরতে চেয়েছিলো এবং তাদের সুনাম বৃদ্ধির জন্য।

■ “খ্রীষ্টের প্রেরিত বলে নিজেদের বদলে ফেলে” এরা একনিষ্ঠ খ্রীষ্টিয়ান নয় যাদের ভুল পথে পরিচালিত করা হয়েছে। এরা ছিলো আত্মিকভাবে হারিয়ে যাওয়া মানুষ (২ করি ১১:১৪) যারা চেষ্টা করছিল ঈশ্বরের মন্ডলীকে বিভাগ করতে (১ করি ৩:১০-১৫)। তার ভেড়ার পোষাকে নেকড়ে ছিল (মথি ৭; প্রেরিত ২০:২৯; ২ পিতর ১-২২; যিহূদা ১:৩-১৬)।

“বদলে ফেলা”(metaschematizō) টার্মটি ব্যবহৃত হয়েছে ২ করি ১১:১৩,১৪,১৫ পদে। এটি বলে কোন কিছু বা কারো বাহ্যিক পরিবর্তিত রূপকে (ফিলি ৩:২১)। এরা (অর্থাৎ, ভ্রান্ত শিক্ষকেরা এবং শয়তান) উপস্থিত হয় তার যা নয় সেই ভাবে!

১১:১৪ “কারণ শয়তান নিজেও আলোতে পূর্ণ দূতের বেশ ধারণ করে” এটি হল একটি স্পষ্ট সত্য, কিন্তু বাইবেলের কোথায়ও এই টার্মগুলো বর্ণনা করা হয় নি। এটি হতে পারে আদিপুস্তক ৩ অধ্যায়ের এর rabbinicals ঐতিহ্য থেকে (DSS cave 1, Manual of Discipline 3:20,24)। শয়তানের

বড় চালাকি ছিল সত্য হিসাবে ছদ্মবেশ ধারণ (আদি ৩)। মন্দ সবসময় চেষ্টা করে ভালকে অনুকরণ বা নকল করতে। ভ্রান্ত শিক্ষকেরা সবসময় মন্ডলীর ভেতর থেকে আসে (২ পিতর ২; ১ যোহন ২:১৮-১৯)। দেখুন [বিশেষ বিষয়: ব্যক্তিগত মন্দতা, পৃ..১৩৭, \(SPECIAL TOPIC: PERSONAL EVIL, See page 137\)](#) ১ করি ৭:৫ পদে।

১১:১৫ “যদি” এটি একটি first class conditional sentence। শয়তান দ্বারা অনুপ্রাণিত ভ্রান্ত শিক্ষকেরা করিছে মন্ডলীর ভিতরে ছিল। তারা আজও আমাদের মধ্যে আছে!

■ “ধার্মিকতার দাস” পৌল “ধার্মিকতা” শব্দটি এখানে যে অর্থে ব্যবহার করেছেন প্রায়ই সে অর্থে ব্যবহার করতেন না। এখানে “দয়ালুতা” বা “ধার্মিকতার” অর্ন্তনিহিত তাৎপর্য রয়েছে (মথি ৬:১), কিন্তু বিশ্বাসের দ্বারা ধার্মিকতার ধর্মতত্ত্বগত অর্থে নয় (রোমীয় ৪)। দেখুন [বিশেষ বিষয়: ধার্মিকতা ১ করি ১:৩০ পদে। দেখুন বিশেষ বিষয়: দাসরূপী নেতৃত্ব, পৃ..৯৫, \(SPECIAL TOPIC: SERVANT LEADERSHIP, See page 95\)](#) ১ করি ৪:১ পদে।

■ “তাদের পরিণাম তাদের কাজ অনুসারেই হবে” এটি মনে হয় একটি পরোক্ষ উল্লেখ হিতোপদেশ ২৪:১২ পদের। এছাড়াও এটি হলো বাইবেলের সত্যের ভিত্তি। দেখুন সম্পূর্ণ নোট ২ করি ৫:১০ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করি স্থায়ী ১১:১৬-২১

^{১৬} আমি আবার বলছি, কেউ যেন আমাকে বোকা মনে না করে; কিন্তু তোমরা যদি কর, তবে আমাকে বোকা হিসাবেই গ্রহণ কর, যেন আমি একটুখানি গর্ব করতে পারি। ^{১৭} আমি যা বলছি, প্রভুর মতানুসারে বলছি না, কিন্তু বোকামি মতই এই গর্বের বিশ্বাসে বলছি। ^{১৮} যেহেতু অনেকে মাংস অনুসারে গর্ব করে, আমিও গর্ব করব। ^{১৯} কারণ তোমরা, জ্ঞানী বলে, খুশী মনে বোকাদের সহ্য করছো। ^{২০} কারণ যদি তোমাদের কেউ দাস করে, কেউ যদি তোমাদের গ্রাস করে, কেউ যদি তোমাদের উপরে সুযোগ নেয়, কেউ যদি নিজেকে উচ্ছে তোলে, কেউ যদি তোমাদের মুখে চড় মারে, তোমরা সে সব সহ্য করে থাক। ^{২১} আমি লজ্জার সংগে অবশ্যই স্বীকার করছি যে আমরা তুলনার দ্বারা দুর্বল ছিলাম। (অনুবাদকৃত টেক্সট)।

১১:১৬ “কেউ যেন আমাকে বোকা মনে না করে. . . যেন আমি একটুখানি গর্ব করতে পারি” পৌল ব্যক্তিগতভাবে গর্ব করা নিয়ে স্বাচ্ছন্দে ছিলেন না (২ করি ১১:১, ১৭)। ভ্রান্ত শিক্ষকেরা তাকে বাধ্য করেছিল তাদের পদ্ধতি ব্যবহার করতে (অর্থাৎ, ১০-১৩ অধ্যায়ের ধরণ প্রতিকলিত করে Hellenistic বাগ্মিতা রূপের বৈশিষ্ট্য)।

“বোকামি” এর জন্য দেখুন বিশেষ বিষয় ১ করি ১৫:৩৬ পদে। “গর্ব করা” এর জন্য দেখুন বিশেষ বিষয়: গর্ব করা ১ করি ৫:৬ পদে।

■ “যদি” এটি হল একটি অসম্পূর্ণ first class conditional sentence (অর্থাৎ, verb নাই)। এই করি স্থায়ী বিশ্বাসীরা পৌলের চিঠিতে বিম্মিত হয়েছিল।

১১:১৭ পৌল যীশু জীবন এবং মনোভাবের প্রতি পরোক্ষ ভাবে উল্লেখ করেছেন ২ করি ১০:১ পদে (অর্থাৎ, খ্রীষ্টের নশতা এবং মৃদুতার দ্বারা), কিন্তু যখন গর্ব করা বা মানুষের তুলনা করার বিষয় এসেছে, পৌল অবশ্যই স্বীকার করেছেন যে যীশুতে এর কোন উদাহরণ নেই।

১১:১৮ “যেহেতু অনেকে মাংস অনুসারে গর্ব করে, আমিও গর্ব করব” এটি হল ১০-১৩ অধ্যায়ের মূল লক্ষ্য। ভ্রান্ত শিক্ষকেরা পৌল ও তার সুসমাচারকে আক্রমণ করেছে তার উত্তরাধিকার এবং আত্মিক দানগুলো তাদের সাথে তুলনার দ্বারা (২ করি ১১:৮)। পৌল মর্মান্বিত হয়েছিলেন যে মন্ডলী তাদের কথা শুনেছে এবং তাদের কথার দ্বারা দোদুল্যমান হয়েছে। সেজন্য, তিনি সিদ্ধান্ত নিয়েছেন মন্ডলীতে পুনরায় তার নেতৃত্ব ও তার সুসমাচারের প্রতি আত্মবিশ্বাসে জয় করার উদ্দেশ্যে তাদের স্তরে নেমে আসতে হবে।

১১:১৯-২০ এটি হল আঘাতমূলক বিদ্রোপাত্মক উক্তি করি স্থায়ী মন্ডলীকে লক্ষ্য করে। সবকিছুতেই ভ্রান্ত শিক্ষকেরা পৌলকে দোষারোপ করেছে, তারা মন্ডলীতে অনুশীলন করেছে এবং মন্ডলী তাদের প্রতি ইতিবাচক সাড়া দিয়েছে!

■ “সহ্য করা” দেখুন নোট ২ করি ১১:৪ পদে।

১১:২০ “যদি তোমাদের কেউ দাস করে” এটি শুরু হয় পাঁচটি first class conditional sentences এর ধারাবাহিকতা দিয়ে। এই verb (অর্থাৎ, *katadouloō*) ব্যবহৃত হয়েছে কেবলমাত্র এখানে এবং গালা ২:৪ পদে যেখানে এটি উল্লেখ করছে Judaizers প্রতি। Judaizers দাবী করে যে একজনকে খ্রীষ্টিয়ান হবার আগে তাকে একজন পরিপূর্ণ যিহুদী হতে হবে। কিভাবে এই ভ্রান্ত শিক্ষকেরা Judaizer এর সাথে সম্পর্কিত তা অনিশ্চিত। সুনির্দিষ্ট নিয়ম বা রীতি যেটি করিছে ভ্রান্ত শিক্ষকেরা পরিত্রাণের জন্য আবশ্যিক বলে সামনে রেখেছিল তাও অনিশ্চিত।

■ “কেউ যদি তোমাদের গ্রাস করে” পৌল এই verb কেবল দুইবার ব্যবহার করেছেন এখানে এবং গালা ৫:১৫ পদে, যেখানেও বর্ণনা করা হয়েছে মন্ডলীর ভ্রান্ত শিক্ষকদের সাথে সংগ্রাম।

NASB, NRSV,

TEV

“তোমাদের উপরে সুযোগ নেয়”

NKJV “তোমাদের থেকে নেয়”
NJB “তোমাদের তার শাসনের অধিনে রাখে”

এটি হল প্রচলিত verb *lambanō*, কিন্তু একটি রূপক সংযুক্তির সাথে “ধরে রাখা” আক্ষরিক অর্থে। এখানে এটি হল ব্যক্তিগত সুবিধার জন্য প্রভাবিত করা।

NASB, NKJV “নিজেকে উচ্ছে তোলে”
NRSV “হাওয়াতে রাখে”
TEV “তোমার প্রতি হীন দৃষ্টি দেয়”
NJB “নিজেকে তোমার উপরে রাখে”

পৌল এই একই টার্ম ব্যবহার করেছেন ২ করি ১০:৫ পদে ভ্রান্ত শিক্ষকদের উদ্ধৃত্যপূর্ণ বিতর্ক ও ধারণা বর্ণনা করতে। এই টার্মটি হল সহজ শব্দ “তুলে ধরা” (১ তীম ২:৮)। কিন্তু ১ করি স্থায়ীতে এটির মানবিক গর্ব আর উদ্ধৃত্যের নেতিবাচক তাৎপর্য রয়েছে।

■ “তোমাদের মুখে চড় মারে” পৌলের কথার সাথে বিদ্রূপ বেয়ে (২ করি ১১:২১)। তিনি ছিলেন তাদের অনেক মৃদু ও নশ (২ করি ১০:১), কিন্তু তারা তাকে প্রত্যাখান করেছিল; ভ্রান্ত শিক্ষকেরা ছিলো অত্যন্ত স্বার্থপর ও অবস্থার সুযোগ গ্রহণকারী, কিন্তু তারা তাদের ভালোবাসতো।

১১:২১ “আমি লজ্জার সংগে” এটি আক্ষরিক ভাবে “অশ্রদ্ধা অনুসারে।” পৌল অনুভব করেছেন যে তার নশতা ও মৃদুতাকে ভুল বোঝা হয়েছে এবং ভ্রান্ত শিক্ষকেরা সুযোগ নিচ্ছে। এটি হতে পারে বিদ্রূপের আর একটি উদাহরণ।

■ “দুর্বল” দেখুন বিশেষ বিষয়: দুর্বলতা ২ করি ১২:৯ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করি স্থায়ী ১১:২১-২৯

কিন্তু যে বিষয়ে অন্য কেউ সাহস করে-আমি বোকামিতে বলছি-সেই বিষয়ে আমি নিজেও সাহস করি।^{২২} তারা কি ইব্রীয়? আমিও তা-ই। তারা কি ইস্রায়েলীয়? আমিও তা-ই। তারা কি অব্রাহামের বংশধর? আমিও তা-ই।^{২৩} তারা কি খ্রীষ্টের সেবাকারী?—হতবুদ্ধির মত বলছি-আমি আরও বেশী করে তা-ই; আমি পরিশ্রমে অতিমাত্রা ভাবে, কারাবন্ধনে অতিমাত্রা রূপে, অসংখ্যবার মার খেয়েছি, অনেক বার মৃত্যুর মুখে পড়েছি।^{২৪} যিহূদীদের হাতে পাঁচ বার আমি উনচল্লিশ ঘা চাবুক খেয়েছি।^{২৫} বেত দিয়ে তিন বার আমাকে মারা হয়েছে, এক বার আমাকে পাথর মারা হয়েছিল, তিন বার আমার জাহাজ-ডুবি হয়েছিল, একদিন ও একরাত আমি সমুদ্রের জলের মধ্যে ছিলাম।^{২৬} আমি আমার সচরাচর ভ্রমণে, নদী থেকে বিপদে, দস্যুদের থেকে বিপদে, আমার স্বদেশি লোকদের থেকে, পরজাতিদের থেকে বিপদে, নগরের বিপদে, প্রান্তরের বিপদে, সমুদ্রের বিপদে, ভক্ত ভাইদের মধ্যে বিপদে;^{২৭} আমি পরিশ্রমে ও কষ্টে, অনেক নিদ্রাহীন রাত, খিদে ও পিপাসায়, প্রায়ই না খেয়ে থেকেছি, ঠান্ডায় ও কাপড়-চোপড়ের অভাবে।^{২৮} বাইরের এই সব ব্যাপার ছাড়াও, সব মন্ডলীগুলোর জন্য রোজই আমার উপর চিন্তার চাপ পড়েছে।^{২৯} কেউ দুর্বল হলে আমি কি তার দুর্বলতার ভাগী হই না? কেউ পাপে পড়লে আমি কি গভীর উদ্বেগ অনুভব করি না? (অনুবাদকৃত টেক্সট)।

১১:২১ পৌল আশুনের সাথে আশুন দিয়ে যুদ্ধ করতে প্রস্তুত। তারা গুণাগুণ তুলনা করতে চায়, তবে তাই হোক!

১১:২২ “তারা কি ইব্রীয়? আমিও তা-ই” এটি হল চারটি বাগ্মিত্যের প্রশ্নের প্রথমটি। “ইব্রীয়” বাগধারাগত ভাবে উল্লেখ করা হয়েছে Aramaic ভাষায় কথা বলার ক্ষমতা (প্রেরিত ৬:১), কিন্তু আসল বংশগত যিহূদীদের তাৎপর্যে। এটি হল আর একটি প্রমাণ যে এই ভ্রান্ত শিক্ষকদের দলের একটি পালেষ্টীয়/যিহূদীগত উৎস রয়েছে।

এই “আমিও তা-ই” (অর্থাৎ, *kagō*) তিন বার পুনরাবৃত্তি করা হয়েছে ২ করি ১১:২২ পদে।

■ “তারা কি ইস্রায়েলীয়? আমিও তা-ই” দৃশ্যত তারা বড়াই করছিল যে তারা পুরাতন নিয়মের ঈশ্বরের চুক্তির লোকদের অংশ বলে (ফিলি ৩:৫; যোহন ৮:৩১-৫৯)।

১১:২৩ “তারা কি খ্রীষ্টের সেবাকারী?” পৌল এখানে দাবী করছেন না যে তারা খ্রীষ্টিয়ান। তিনি সহজভাবে দাবী করছেন, বিতর্কের খাতিরে, যে তার একই আত্মিক গুণাবলি আছে যা নিয়ে তারা বড়াই করছিলো। এমনকি তারা পৌলের থেকেও আত্মিক শ্রেষ্ঠত্ব দাবী করেছিলো।

■ “আমি আরও বেশী করে তা-ই” পৌলের তুলনার ধারাবাহিকতা ছিল *en* এর সাথে।

১. আরও বেশী পরিশ্রমে, ২ করি ১১:২৩
২. আরও বেশী কারাবরণে, ২ করি ১১:২৩
৩. পরিমাণের বেশী চাবুকের আঘাতে, ২ করি ১১:২৩
৪. প্রায়ই মৃত্যুর ভয়ে, ২ করি ১১:২৩
- ক. উনচল্লিশবার চাবুকের আঘাত (৫ বার), ২ করি ১১:২৪

খ. লাঠি দিয়ে আঘাত (৩ বার), ২ করি ১১:২৫

গ. পাথর ছুড়ে মারা (একবার), ২ করি ১১:২৫

ঘ. জাহাজ ডুবি (৩ বার), ২ করি ১১:২৫

এর বেশ কিছু প্রেরিত পুস্তকে লিপিবদ্ধ আছে, কিন্তু সবকিছু না। বাস্তবে আমরা প্রথম শতকের মন্ডলীর সম্বন্ধে অল্প কিছু জানি। পৌলকে সুসমাচার প্রচারের মূল্য দিতে হয়েছিল!

১১:২৪ “যিহুদীদের হাতে পাঁচ বার আমি উনচল্লিশ ঘা চাবুক খেয়েছি” এটি উল্লেখ করে সমাজগৃহের বিচারালয় কর্তৃক পরিচালিত শাস্তি প্রদানকে (দ্বি বি ২৫:১-৩)। একটি লাঠি দিয়ে সম্ভবত বেত্রাঘাত করা হতো (যাত্রা ২১:২০; হিতো ১০:১৩; ১৯:২৯; ২৬:৩) এবং জন সম্মুখে দেওয়া হতো। এই ধরনের শাস্তি প্রদান প্রচলিত ও ব্যবহার করা হতো অশূরিয়তে এবং মিশরে। এটা ইস্রায়েলেও অনুশীলন করা হতো (যিশা ৫০:৬; যির ২০:২; ৩৭:১৫)।

রাবিররা পরে সংকলণ করেছিল যে এটা হতে হবে চল্লিশটি আঘাত থেকে একটি কম (অর্থাৎ, সর্বোচ্চ সংখ্যা, Josephus, *Antiq.* ৪:৮:২১,২৩)। তারা নির্দিষ্ট করে দিয়েছিল যে বেশিরভাগ আঘাত দেওয়া হবে পিছনে ও সামনে, বাম ও ডান কাধে (*Maccoth* ৩:১০ পদ থেকে কয়েকটি পদ)।

১১:২৫ “বেত দিয়ে মারা হয়েছে” এটি উল্লেখ করে এক ধরনের রোমীয় বিচার বিভাগীয় শাস্তি দান (অর্থাৎ, *verberatio*), সম্ভবত একটি নগরের বিচারালয় কর্তৃক পরিচালিত হতো (প্রেরিত ১৬:২২-৪০; ১ করি ৪:২১) জন সম্মুখে।

■ “এক বার আমাকে পাথর মারা হয়েছিল” প্রেরিত ১৪:১৯ পদে তার আঘাতকারীরা মনে করেছিল তিনি মারা গিয়েছেন! এটি মনে হয় সেই ঘটনাটি।

■ “তিন বার আমার জাহাজ-ডুবি হয়েছিল” এটি দেখায় প্রেরিতদের ইতিহাস সত্যিকার ভাবে কতটা সীমাবদ্ধ। পৌলের জাহাজডুবি প্রেরিত পুস্তকে লিপিবদ্ধ আছে যা ইতিহাসে এই অংশের পরে ঘটেছে। প্রেরিত পুস্তক একটি সম্পূর্ণ ইতিহাস নয়, কিন্তু প্যালেস্টাইন থেকে রোম, যিহুদী থেকে অধিহুদীদের দিকে সুসমাচার গমনের একটি ধর্মতত্ত্বগত বিবরণ।

১১:২৬

NASB “আমি আমার সচরাচর ভ্রমণে”

NKJV “প্রায়ই ভ্রমণে”

NRSV “সচরাচর ভ্রমণে”

TEV “অনেক ভ্রমণে”

NJB “অবিরত ভ্রমণে”

এটি শুরু হয়েছে dative plurals এর আরেকটি তালিকা বা একটি অষ্ট কেস পদ্ধতি A. T. Robertson এর মত, এটি তকমা লাগানো হয়েছে locative। কোন verb, participle, বা infinitive নেই ২ করি ১১:২৬,২৭,২৮ পদে। এটি বর্ণনা করে খ্রীষ্টের জন্য পৌলের সেবা কাজ।

১. নদী থেকে বিপদ
২. দুস্যদের থেকে বিপদ
৩. আমার স্বদেশি লোকদের থেকে বিপদ (যখন তিনি করিছে ছিলেন)
৪. পরজাতিয়দের থেকে বিপদ
৫. নগরের বিপদে
৬. প্রান্তরের বিপদ
৭. সমুদ্রের বিপদ
৮. ভন্ড ভাইদের মধ্যে বিপদ (যখন তিনি করিছে ছিলেন)

১১:২৭ “আমি পড়েছি” পৌল আর একটি তালিকা বর্ণনা করেছেন dative/locative ব্যবহার করে।

১. পরিশ্রমে
২. কষ্টে
৩. নিদ্রাহীন রাত
৪. খিদেতে
৫. পিপাসাতে
৬. না খেয়ে অনেক বার (আক্ষরিকভাবে “প্রায়ই খাবার ছাড়া”)
৭. ঠাণ্ডায়
৮. কাপড় চোপরের অভাবে (আক্ষরিকভাবে “উন্মুক্ত ভাবে”)

আমরা সকলে যারা সুমাচারের সেবক বলে দাবী করি আমাদের উচিত হবে অনুযোগ করা বাদ দেওয়া!

১১:২৮ আর একটি বিষয় যেটি পৌলের জন্য দৈনিক কষ্টের কারণ ছিলো তা ছিল মণ্ডলীসমূহের সবলতা ও কার্যকারীতার জন্য তার মানসিক/আত্মিক দুগ্ধশিস্তা-সম্ভবত এটি ছিল সবার চেয়ে খারাপ যাতনা!

১১:২৯ “কেউ দুর্বল হলে আমি কি তার দুর্বলতার ভাগী হই না” ২৯ পদে দুটি বাগ্মিতার প্রশ্ন আছে। যখন পৌল দেখলেন মন্ডলীগুলো ও বিশ্বাসীরা কষ্ট পাচ্ছে, এটা তাকেও কষ্ট দিল এবং তাদের উপরে তাকে ক্ষিপ্ত করলো যারা ছোটদের হোচট খাওয়ায় কারণ ছিল (মথি ১৮)।

NASB “গভীর উদ্বেগ”

NKJV “অন্তর্জালয় জ্বলা”

NRSV “অন্তর্জালা”

TEV “কষ্টে পরিপূর্ণ”

NJB “যাতনায় জ্বলা”

পৌল জ্বলঅ এই টার্মটি ব্যবহার করেছেন তার করিছীয় পত্রে একটি বিশেষ অর্থে। এটি নেতিবাচক বা ধ্বংসাত্মক নয় (ইফি ৬:১৬), কিন্তু একটি রূপক, তীব্র আকাঙ্ক্ষার জন্য (১ করি ৭:৯)।

NASB, TEV “পাপে পড়লে”

NKJV, NRSV “বাধা সৃষ্টি করলে”

NJB “পতনের ব্যবস্থা করলে”

এটি হল গ্রীক টার্ম *skandalon*, যেটি আক্ষরিকভাবে উল্লেখ করে একটি টোপযুক্ত ফাঁদের-কাঠি (রোমীয় ১১:৯)। এটি ব্যবহৃত হয়েছে নৈতিক ব্যর্থতার অর্থে (এখানে এবং ১ করি ৮:১৩) বা সম্ভবত “শ্রেষ্ঠ প্রেরিতদের” ভ্রান্ত ধর্মতত্ত্বের দ্বারা প্রলোভিত হওয়া (১ করি ১:২৩; গালা ৫:১১)।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করিছীয় ১১:৩০-৩৩

“^{১০} যদি আমাকে গর্ব করতেই হয়, তবে আমি আমার দুর্বলতা নিয়েই গর্ব করব। ^{১১} প্রভু যীশু খ্রীষ্টের ঈশ্বর ও পিতা, যিনি যুগে যুগে ধন্য, জানেন যে আমি মিথ্যা কথা বলছি না। ^{১২} দম্মেশকে আরিতা রাজার নিযুক্ত শাসনকর্তা আমাকে ধরবার জন্য দম্মেশকীয়দের নগর পাহারা দেবার আদেশ দিয়েছিলেন, ^{১৩} আর দেয়ালের জানলা দিয়ে আমাকে বুড়িতে করে নামিয়ে দেওয়া হয়েছিল, আর এইভাবেই আমি তাঁর হাত থেকে পালিয়ে গিয়েছিলাম। (অনুবাদকৃত টেক্সট)।

১১:৩০ “যদি” এটি হল একটি first class conditional sentence।

■ “আমার দুর্বলতা নিয়েই গর্ব করব” পৌলের বিচার ও সমালোচনার কারণে তিনি অনুভব করেছেন যে তার শক্তি ছিল ঈশ্বরের এবং তার দুর্বলতা ছিল ঈশ্বরের গৌরব পাবার জন্য একটি সুযোগ (২ করি ১২:১-১০)

১১:৩১ “প্রভু যীশু খ্রীষ্টের ঈশ্বর ও পিতা” এই পদটি হলো একটি শপথ। পৌল প্রায়ই ঈশ্বরের নাম ব্যবহার করতেন তার বিবৃতির সত্যতায় জোর দেবার জন্য (রোমীয় ১:৯; ২ করি ১:১৮; ১১:১০,১১; গালা ১:২০; ১ তীম ২:৭)।

■ “যুগে যুগে” এটি হল আক্ষরিকভাবে “যুগের শেষ পর্যন্ত” (রোমীয় ১:২৫; ৯:৫; ১১:৩৬; ১৬:২৭)। একই শব্দগুচ্ছ, কিন্তু singular, পাওয়া যায় ১ করি ৮:১৩ ও ২ করি ৯:৯ পদে। দেখুন বিশেষ বিষয়: এই যুগ এবং আসন্ন যুগ ১ করি ১:২০ পদে।

১১:৩২-৩৩ “দম্মেশকে আরিতা রাজার নিযুক্ত শাসনকর্তা” কেউ বলে এটি হল anticlimactic, কিন্তু এটি ছিল দৃশ্যত সবচেয়ে বেশি বিব্রতকর (অর্থাৎ, দুর্বলতর) মুহূর্ত পৌলের জীবনে। এটি উল্লেখ করতে পারে ভ্রান্ত শিক্ষকদের আর একটি অভিযোগের। রাজা Aretas (অর্থাৎ, *Harethath*) ছিলেন Nabatean সাম্রাজ্যের রাজা ৯ খ্রীষ্টপূর্ব থেকে ৪০ খ্রীষ্টাব্দ পর্যন্ত। তিনি ছিলেন হেরোদ Antipas এর স্বশুড়। Aretas টার্মটি হল “ফরৌণ” টার্মের মত, সকল Nabatean রাজাদের জন্য যারা Petra এ শাসন করতেন। “ethnarch” হতে পারে Aretus এর দম্মেশকের অফিশিয়াল প্রতিনিধি। প্রেরিত ৯:২৩-২৫ পদের বিবরণ কিছুটা ভিন্ন; সম্ভবত ভ্রান্ত শিক্ষকেরা এই ঘটনাটি ব্যবহার করেছেন পৌলের চরিত্রকে আক্রমণ করার জন্য।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেষ্কারী, ছড়ান্ত নয়।

১. কেন পৌল নিজের পক্ষ সমর্থন করেছেন এই ভ্রান্ত শিক্ষকদের বিরুদ্ধে?
২. ২ করি ১১:৩ পদ কি উল্লেখ করে গৌরব থেকে পতন বা প্রৈরিতিক কর্তৃত্ব থেকে প্রলোভিত করে সরিয়ে নেওয়া?
৩. কেন পৌল করিন্থীয় মন্ডলী থেকে অর্থ গ্রহণ করেন নাই?
৪. এই ভ্রান্ত শিক্ষকেরা কারা ছিলো?
৫. এই ভ্রান্ত শিক্ষকদের ধর্মতত্ত্ব বর্ণনা করুন?
৬. কেন পৌলের জীবনে এমন ভয়ংকর আচরণ লাভ করা তার প্রৈরিতিক কর্তৃত্বের একটি চিহ্ন? (১ করি ৪:৯-১৩; ২ করি ৪:৮-১২; ৬:৪)

Copyright © 2013 [Bible Lessons International](http://www.biblelessons.org)

২ করিন্থীয় ১২
(2 CORINTHIANS 12)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
দর্শন এবং প্রত্যাদেশ	পরমদেশের দর্শন	আরও গর্ব করা: দুর্বলতায় সবলতা	পৌলের দর্শন এবং প্রত্যাদেশ	পৌল তার নিজের প্রশংসায় পরিচালিত (১১:১-১২:১৮)
১২:১-১০	১২:১-১০	১২:১-১০	১২:১-৬ ১২:৭-১০	১২:১-৬ ১২:৭-১০
পৌলের করিন্থীয় মণ্ডলীর জন্য উদ্বেগ	একজন প্রেরিতের চিহ্ন		করিন্থীয়দের জন্য পৌলের উদ্বেগ	
১২:১১-১৮	১২:১১-১৩ মণ্ডলীর জন্য প্রেম ১২:১৪-২১	১২:১১-১৩ পৌলের আবার করিছ যাবার পরিকল্পনা (১২:১৪-১৩:১০)	১২:১১-১৩ ১২:১৪-১৫ ১২:১৬-১৮	১২:১১-১৩ ১২:১৪-১৫ ১২:১৬-১৮
		আত্ম পরীক্ষা ও সংশোধনের আহবান (১২:১৯-১৩:১০)		পৌলের ভয় এবং দুঃশিক্ষা (১২:১৯-১৩:১০)
১২:১৯-২১		১২:১৯-২১	১২:১৯-২১	১২:১৯-২১

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

৪৮. প্রথম প্যারাগ্রাফ

৪৯. দ্বিতীয় প্যারাগ্রাফ

৫০. তৃতীয় প্যারাগ্রাফ

৫১. ইত্যাদি।

প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

ছ. পৌলের বিশেষ দর্শন এবং তার দৈহিক সমস্যা উভয়ই এই একই প্রসঙ্গে আলোচিত হয়েছে, সম্ভবত উভয়ই ঘটেছিল ১৪ বছর আগে তার নগরিতে (৪২ বা ৪৩ খ্রীষ্টাব্দে)। এটি তার ধর্মান্তরের অভিজ্ঞতাকে উল্লেখ করতে পারে না যেটি ঘটেছিল কম বেশ ২০ বছর আগে, যদিও আমি মনে করি তার “কাঁটা” ছিল তার চোখের সমস্যা, যার শুরু হতে পারে দম্মেশকের পথে যীশুর সম্মুখীন হওয়া থেকে (প্রেরিত ৯:২২,২৬)।

জ. পৌল তার তিক্ত বিদ্রূপ চালিয়ে গেছেন ২ করি ১২:১১,১৩ এবং ১৫ পদে যেমন তিনি করেছেন ২ করি ১১:৪-৫, ৭, ১৯০২১ পদে। আমি বিশ্বাস করি যে ১০-১৩ অধ্যায় লিখিত হয়েছিল Hellenistic বাগ্মিতা পদ্ধতিতে এটা দেখাবার উদ্দেশ্যে যে উদ্ভূতপূর্ণ Hellenistic প্রশিক্ষিত যিহুদী ভ্রাতৃ শিক্ষকদের যে তিনিও তা জানেন, এবং তাদের পছন্দের সাহিত্য পদ্ধতিতে ব্যবহার করতে পারতেন।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ২ করি স্থায়ী ১২:১-১০

^১ গর্ব করা আবশ্যিক, যদিও তাতে কোন লাভ নেই; কিন্তু আমি প্রভুর নানা দর্শন ও প্রত্যাদেশের কথা বলবো। ^২ খ্রীষ্টে বিশ্বাসী একজন লোককে আমি জানি যিনি চৌদ্দ বছর আগে-সশরীরে কি না আমি জানি না, অশরীরে কি না আমি জানি না, ঈশ্বর জানেন-এমন লোককে তৃতীয় স্বর্গ পর্যন্ত তুলে নেওয়া হয়েছিল। ^৩ আর এমন লোকের বিষয়ে আমি জানি-সশরীরে না অশরীরে আমি তা জানি না, ঈশ্বর জানেন-^৪ তাকে পরমদেশে তুলে নেওয়া হয়েছিল এবং সে অকথনীয় কথা শুনেছিল, যা একজন মানুষকে বলতে দেওয়া হয় না। ^৫ এই লোকের সম্বন্ধে আমি গর্ব করব, কিন্তু আমার নিজের সম্বন্ধে গর্ব করব না, কেবল আমার দুর্বলতার বিষয়ে করব। ^৬ কারণ যদি আমি গর্ব করতে চাই তবুও আমি বোকা হবো না, কারণ আমি সত্যি কথাই বলব; কিন্তু আমি এসব থেকে বিরত থাকবো, এইজন্য যে আমাকে যেমন দেখতে পায় ও আমার মুখে যেমন শুনতে পায় তার চেয়ে আমাকে অধিক শ্রেষ্ঠ বলে মনে না করে। ^৭ আর ঐ প্রত্যাদেশের অতি মহত্বের কারণে, আমি যেন বেশি দর্প না করি, এই কারণে আমার মাংসে একটা কাঁটা, শয়তানের এক বার্তাবাহক দেওয়া হয়েছে আমাকে কষ্ট দেবার জন্য-আমার নিজের দর্প করা থেকে বিরত রাখার জন্য! ^৮ এই বিষয় নিয়ে প্রভুকে আমি তিন বার অনুরোধ করেছিলাম যেন তিনি আমার কাছ থেকে তা দূর করেন। ^৯ আর তিনি আমাকে বললেন, “আমার অনুগ্রহই তোমার পক্ষে যথেষ্ট, কারণ দুর্বলতার মধ্য দিয়েই আমার শক্তি সিদ্ধ হয়।” অতি আনন্দে, সেজন্য, আমি আমার নানা দুর্বলতায় গর্ব করব, যেন খ্রীষ্টের শক্তি আমার উপর থাকে। ^{১০} তাই খ্রীষ্টের জন্য নানা দুর্বলতায়, অপমানে, অনটনে, অত্যাচারে, অসুবিধা-ভোগে আমি সন্তুষ্ট, কারণ যখন আমি দুর্বল তখনই আমি শক্তিশালী। (অনুবাদকৃত টেক্সট)।

১২:১ “গর্ব করা আবশ্যিক” গ্রীক টার্ম *dei* অর্থ “আবশ্যিকীয়।” ভ্রাতৃ শিক্ষকেরা পৌলকে আক্রমণ করেছিল। তিনি তার সুসমাচারকে রক্ষা করার জন্য নিজের আত্মপক্ষ সমর্থন করেছিলেন। টার্ম “গর্ব” প্রায়ই ১০১৩ অধ্যায়ে ব্যবহৃত হয়েছে (২ করি ১০:৮, ১৩, ১৫, ১৬, ১৭; ১:১২, ১৬, ১৮, ৩০; ১২:১, ৫, ৬, ৯, দেখুন সম্পূর্ণ নোট ২ করি ১:১২ পদে এবং বিশেষ বিষয় ১ করি ৫:৬ পদে), যেটি বৈশিষ্ট্যময় প্রথম শতকের জনপ্রিয় বাগ্মিতা পদ্ধতিতে। পৌল অহংকারী ভ্রাতৃ শিক্ষকদের দেখিয়েছেন যে তিনিও তাদের খেলা খেলতে পারেন।

এই বাক্যটি প্রাচীন অনুলিপিকারকের কাছ হতবুদ্ধিকর ছিল, যারা এতে পরিবর্তিত করেছে বেশ কয়েকটি উপায়ে।

১. কেউ কেউ যোগ করেছেন “যদি” (MSS κ^2 , H)

২. কেউ কেউ *dei* (অবশ্যই) পরিবর্তন করে *de* (কিন্তু) করেছেন, (MSS κ and D)

৩. UBS⁴ রূপ সমর্থিত হয়েছে MSS P⁴⁶, B, D², F, G (“A” রেটিং) দ্বারা

২ এবং ৩ নম্বর দেখায় কিভাবে প্রাচীন মূল গ্রীক টেক্সট পরিবর্তিত হয়েছিল ভাল উদ্দেশ্য থাকা অনুলিপিকারকদের দ্বারা।

NASB “যদিও তাতে কোন লাভ নেই”

NKJV “যদিও নিঃসন্তেহে কোন লাভ নেই”

NRSV “এর দ্বারা কোন কিছুই লাভ হবে না”

TEV “এমন কি যদিও এটি কোন ভাল কাজ করবে না”

NJB “এই নয় যে এটি কোন ভাল কিছু করবে”

যদি পৌলের গর্ব করায় কোন উপকার না থাকে, তবে কেন তিনি তা করবেন? তিনি এটি করেছেন বিদ্রূপাত্মক ভাবে এর কায়কারিতার জন্য, তিনি ভ্রাতৃ শিক্ষকদের মত একই টার্ম ও পদ্ধতিসমূহ ব্যবহার করেছেন (অর্থাৎ, বিভিন্ন স্থানে ছড়িয়ে ছিটিয়ে থাকা বাগ্মিতায় প্রশিক্ষিত যিহুদী বিশ্বাসী যারা কোন না কোন ভাবে যিরূশালেমের মন্ডলীর সাথে সংযুক্ত ছিল, গালাতীয়ার Judaizers এর মত এবং প্রেরিত ১৫ অধ্যায়ের যিরূশালেমের সভায় দেখা যাওয়া Pharisaic উপাদানসমূহের মত একই রকম)।

■ “দর্শন ও প্রত্যাদেশ” এই দুটি টার্মের মধ্যে সম্ভবত কোন স্বতন্ত্রতা ছিল না; উভয়ই বর্ণনা করছে এক ধরনের সরাসরি প্রত্যাদেশের কথা (১ করি ২:১০; ১১:২৩; গালা ১:১২; ২:২; ইফি ৩:৩)। ভ্রাতৃ শিক্ষকেরা সম্ভবত দাবী করেছিল বিশেষ সরাসরি প্রত্যাদেশের। টার্ম “প্রত্যাদেশ” হল *apocalypse*, যার অর্থ “এমন কিছু যা ঢাকা নয়।”

ভ্রাতৃ শিক্ষকেরা, তখনও এবং এখনও, বৈশিষ্ট্যময় যার দ্বারা

১. যৌন শোষণ
২. অর্থনৈতিক শোষণ
৩. বিশেষ ও অদ্বিতীয় প্রত্যাদেশ লাভের দাবী

■ “প্রভুর” এটি হতে পারে একটি subjective genitive, “প্রভুর কাছ থেকে প্রত্যাদেশ লাভ” বা একটি objective genitive, “প্রভুর সম্বন্ধে।” পরবর্তী প্রসঙ্গ ইঙ্গিত দেয় “প্রভুর থেকে” (passive voices, ২ করি ১২:২,৪,৭)।

১২:২ “একজন লোককে আমি জানি” এটি হল রাব্বীদের উপায় নিজের সম্পর্কে কথা বলার। পৌল মনে হয় ঘটনাটি উল্লেখ করতে অনিচ্ছুক ছিলেন, কিন্তু তিনি তা করেছিলেন মণ্ডলীর প্রতি তার ভালবাসা এবং ভ্রাতৃ শিক্ষকদের কারণে যারা আত্মিক দর্শনের দাবী করতো।

■ “খ্রীষ্টে” এটি ছিল পৌলের একজন খ্রীষ্টিয়ান হিসাবে প্রিয় উপাধি। বিশ্বাসীরা চিহ্নিত তাঁর জীবন/মৃত্যু/পুনরুত্থানের সাথে (রোমীয় ৮:২৯; ২ করি ৩:১৮; গালা ৪:১৯; ইফি ১:৪; ১ থি ৩:১৩; ৪:৩; ১ পিতর ১:১৫)।

George Ladd, *A Theology of the New Testament*, একটি মজার মন্ডলী করেছেন যে

“খ্রীষ্টে যে লোক সে আত্মাতেও। যদি ‘খ্রীষ্টে’ এর বিপরিত হয় আদম, তবে ‘আত্মাতে’ এর বিপরিত হবে ‘মাংসে।’

আত্মাতে জীবন অর্থ নূতন যুগে eschatological অস্তিত্ব প্রাপ্ত জীবন” (পৃ..৪৮৩)।

■ “চৌদ্দ বছর আগে” এটি সম্ভবত ঘটেছিল পৌলের তার্ষ নগরীতে প্রাথমিক পরিচর্যার সময়, যে বিবরণ লিখিত হয়নি, আন্তিয়খিয়া মন্ডলীকে সাহায্য করার জন্য বার্ষিক তাকে নিতে আসার আগে (প্রেরিত ১১:২৫-২৬)। লক্ষ্য করুন যে পৌলের জন্য বিশেষ দর্শন প্রতিদিনকার ঘটনা ছিল না, কিন্তু তিনি বেশ কয়েকটি দর্শন দেখেছিলেন (প্রেরিত ৯:৪; ১৮:৯; ২৩:১১; ২৭:২৩)।

■ “সশরীরে কি না আমি জানি না, অশরীরে কি না আমি জানি না” পৌল নিজেও নিশ্চিত ছিলেন না আসলে ঠিক কি হয়েছিল (শব্দগুচ্ছটি ২ করি ১২:২ এবং ৩ পদে দুই বার পুনরাবৃত্তি করা হয়েছে)। এটি সম্ভবত যিহিস্কেলের পুস্তকের ৮ অধ্যায়ে লেখা যিহিস্কেলের অভিজ্ঞতার মত বা যোহানের প্রকাশিত বাক্যের অভিজ্ঞতার মত (প্রকা ১:১০; ৪:২; ১৭:৩; ২১:১০)। লক্ষ্য করুন যে খ্রীষ্ট ধর্মে দেহ স্বর্গ থেকে বহিস্কৃত নয় যেমন এটি ছিল গ্রীক দর্শনে।

■ “তুলে নেওয়া” এই একই টার্ম ব্যবহৃত হয়েছে (১) প্রেরিত পুস্তকের ৮:৩০ পদে ফিলিপ; (২) ১ থি ৪:১৭ পদে “rapture”; এবং (৩) প্রকা ১২:৫ পদে পুরুষ শিশু। এর মূল অর্থ মাংসাসী প্রাণির তার শিকার করা। পৌল অপ্রত্যাশিত ভাবে এবং দ্রুত দেহ বা মনে ঈশ্বরের উপস্থিতিতে গিয়েছেন (২ করি ১২:৪)।

■ “তৃতীয় স্বর্গ” পারবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: স্বর্গ এবং তৃতীয় স্বর্গ

(SPECIAL TOPIC: THE HEAVENS AND THE THIRD HEAVEN)

পুরাতন নিয়মের টার্ম “স্বর্গ” সাধারণত plural (অর্থাৎ, *shamayim*, BDB 1029, KB 1559)। ইব্রীয় টার্মের অর্থ “উচ্চতা।” ঈশ্বরের উচ্চ বাস করেন। এই ধারণা প্রতিফলিত করে ঈশ্বরের পবিত্রতা ও সর্ব বিরাজমানতাকে।

আদি ১:১, plural, “স্বর্গ এবং পৃথিবী,” দেখা হয়েছে ঈশ্বরের সৃষ্টি হিসাবে (১) গ্রহের উপরে বিরাজিত বায়ুমন্ডল বা (২) সকল বাস্তবতাকে উল্লেখ করার একটি উপায় (আর্থাৎ, আত্মিক এবং দৈহিক)। এই মূল উপলব্ধি থেকে অন্যান্য লেখনীসমূহ উদ্ভূত করা হয়েছে স্বর্গের স্তর উল্লেখ “স্বর্গের স্বর্গ” (গীত ৬৮:৩৩) বা “স্বর্গ এবং স্বর্গের স্বর্গ” (দ্বি বি ১০:১৪; ১ রাজা ৮:২৭; নহি ৯:৬; গীত ১৪৮:৪)। রাব্বিরা ধরে নিয়েছে যে হতে পারে

১. দুটি স্বর্গ (অর্থাৎ, R. Judah, Hagigah 12b)
২. তিনটি স্বর্গ (Test. Levi 2-3; Ascen. of Isa. 6-7; Midrash Tehillim on Ps. 114:1)
৩. পাঁচটি স্বর্গ (III Baruch)
৪. সাতটি স্বর্গ (R. Simonb. Lakish; Ascen. of Isa. 9:7)
৫. দশটি স্বর্গ (II Enoch 20:3b; 22:1)

এই সবগুলির অর্থ ছিল এটা দেখান যে বাস্তব সৃষ্টি থেকে ঈশ্বরের প্রথক হয়ে যাওয়া এবং/বা তাঁর সর্ব বিরাজমানতা। rabbinical যিহুদী ধর্মে সবচেয়ে প্রচলিত স্বর্গের সংখ্যা সাত। A. Cohen, *Everyman's Talmud* (p. 30), বলেছেন এটি জ্যোতির্বিজ্ঞানের কোটার সাথে সংযুক্ত, কিন্তু আমি মনে করি এটি উল্লেখ করছে সিদ্ধ সংখ্যা সাতকে (অর্থাৎ, আদি ২:২ পদে সৃষ্টির দিন সংখ্যা সাত প্রতিনিধিত্ব করছে ঈশ্বরের বিশ্বাসের)।

পৌল, ২ করি ১২:২ পদে, উল্লেখ করেছেন “তৃতীয়” স্বর্গ (গ্রীক *ouranos*) একটি উপায় হিসাবে ঈশ্বরের ব্যক্তিগত, রাজসিক উপস্থিতি চিহ্নিতকরণে। পৌলের ঈশ্বরের সাথে ব্যক্তিগত সাক্ষাতের অভিজ্ঞতার ছিল!

১২:৩-৪ এই পদগুলি ২ করি ১২:২ পদে বর্ণিত ঘটনামূহকে আরও বর্ণনা করে।

১২:৪ “পরমদেশ” এটি হল পারস্য থেকে ধার করে আনা শব্দ “একজন অদ্রবংশীয়ের দেওয়াল ঘেরা বাগান” এর জন্য। “এদন বাগান” এর জন্য সেপ্টুয়াজিন্টে গ্রীক শব্দ ব্যবহৃত হয়েছে (আদি ২:৮; ৩:১; যিহি ২৮:১৩; ৩১:১৮)। যমালয় বা Sheol এর ধার্মিক অংশের জন্য লুক ২৩:৪৩ পদে ব্যবহৃত টার্ম। বাইবেলের ক্যাননের বাইরের বই *The Secrets of Enoch*, বা *II Enoch*, ৮ অধ্যায়, এটি ব্যবহৃত হয়েছে তৃতীয় স্বর্গ বা ঈশ্বরের উপস্থিতির জন্য। তৃতীয় স্বর্গ বা পরমদেশ উভয়ই হল ঈশ্বরের উপস্থিতি উল্লেখের একটি উপায়।

■ “অকথনীয় কথা শুনেছিল, যা একজন মানুষকে বলতে দেওয়া হয় না” মানবিকতার কৌতুহল সত্যের সকল ক্ষেত্রে সহজ হয় না। যেমন লাসার তার কবরের অভিজ্ঞতা নিয়ে কিছু বলে নাই। পৌলও নয় (অর্থাৎ, অত্যন্ত পবিত্র), পারতেন না (অর্থাৎ, মানুষের ভাষা যথেষ্ট নয়), এই অভিজ্ঞতা অন্তরে কাছে বর্ণনা করতে। “অকথনীয়” নিয়ে স্পষ্টত শব্দের কৌশল রয়েছে: *arrētos*, “বক্তৃতা,” এবং *hrētos* বা সম্ভবত এটি ছিল রহস্যময় ধর্মের দীক্ষা অনুষ্ঠানের একটি কৌশলগত বাগধারা। সম্ভবত তিনি যা দেখেছিলেন তা বর্ণনা করতে মানুষের সাধারণ ভাষার শব্দকোষ যথেষ্ট ছিল না (১ করি ২:৯)।

১২:৫ পৌল তার ব্যক্তিগত কর্মকাণ্ড নিয়ে গর্ব করছেন না (দেখুন সম্পূর্ণ নোট ২ করি ১:১২ পদে), কিন্তু তার কাছে ব্যক্তিগত অভিজ্ঞতা ও সুসমাচারের সত্য উভয়ের মাধ্যমে লাভ করা ঈশ্বরের প্রত্যাদেশের। পৌলের দুর্বলতা যা ঈশ্বরকে মহিমান্বিত করেছে তার মধ্যে দিয়ে (তুলনা করুন যোহন ৫:৫ পদের সাথে পিলি ৪:১৩ পদের)।

■ “দুর্বলতা” দেখুন বিশেষ বিষয় ২ করি ১২:৯ পদে।

১২:৬ “যদি” এটি একটি third class conditional sentence, যার অর্থ সম্ভাব্য কাজ।

■ “বোকা” দেখুন বিশেষ বিষয় ১ করি ১৫:৩৬ পদে।

■ “এইজন্য যে আমাকে যেমন দেখতে পায় ও আমার মুখে যেমন শুনতে পায় তার চেয়ে আমাকে অধিক শ্রেষ্ঠ বলে মনে না করে” এটি ছিল বিদ্রূপে পরিপূর্ণ। এই ভ্রান্ত শিক্ষকেরা অতীতের অনেক অভিজ্ঞতা ও প্রশংসাকে জাঁকজমকের সাথে দেখাত, যেগুলি সমন্ধে করিহীয়েরা কেবলমাত্র শুনেছিল। পৌলে বরেন্ধন, “আমি তোমাদের যা দেখাই নি তা নিয়ে আমার প্রশংসা কোর না, কিন্তু তা নিয়ে কর যেটা আমি তোমাদের মদ্যে থাকার সময়ে করেছি। আমার বিবরণ দেখ!”

১২:৭ “আর ঐ প্রত্যাদেশের অতি মহত্ত্বের কারণে” এই শব্দগুচ্ছ ব্যাকরণগত ভাবে সম্পর্কিত হতে পারে ২ করি ১২:৬ পদের “কেউ যেন আমাকে শ্রেষ্ঠ মনে না করে” বা ২ করি ১২:৭ পদের “আমার নিজের প্রশংসা করা থেকে দূরে রাখা” এর সাথে। যদি ২ করি ১২:৭ পদের মূল লেখনিতে *dio* থাকে (MSS κ , A, B, F, G) তাহলে এটি সম্ভবত যাবে ২ করি ১২:৬ পদের সাথে, কিন্তু *dio* কে বাদ দেওয়া হয়েছে বেশ কিছু প্রাচীন গ্রীক পাণ্ডুলিপি থেকে (MSS P⁴⁶, D, and the Vulgate, Armenian, and Peshitta অনুবাদ)। UBS⁴ এর অর্ন্তভুক্তিকে দিয়েছে “C” রেটিং (সিদ্ধান্ত নেওয়াটা কঠিন)।

“অতি মহত্ত্ব” (*hyperbolē*) এর জন্য দেখুন বিশেষ বিষয়: পৌলের *Huper* সমন্বয় ব্যবহার ১ করি ২:১ পদে।

■ “আমার নিজের দর্প করা থেকে বিরত রাখার” ২ থি ২:৪ পদে এই একই শব্দ ব্যবহৃত হয়েছে “পাপ পুরুষ” বা খ্রীষ্টারীর “উদ্ধৃত্যপূর্ণ গর্ব করার বর্ণনা দিতে। পৌল আবার তার নিজের সাথে ভ্রান্ত শিক্ষকদের তুলনা করছেন। তারা নিজের প্রশংসা করছে তাদের Sophistic বাগিতার পদ্ধতির দ্বারা যেটি পৌল ১০-১৩ অধ্যায়ে উপহাস করে অনুকরণ করেছেন)।

পৌল বিশ্বাস করতেন যে ঈশ্বর (অর্থাৎ, “দেওয়া হয়েছে” এর passive voice) একটি উদ্দেশ্যের জন্য এই “মাংসে কাঁটা” দিয়েছেন (অর্থাৎ, *hina* বাক্যাংশ)। এটি হতে পারে রোমীয় ৮:২৮ পদের অর্থ (অর্থাৎ, কিছু কিছু গ্রীক পাণ্ডুলিপিতে পাঠ করি “ঈশ্বর সকল বিষয়ের কারণ”), কিন্তু ভাল হল খ্রীষ্টসাদৃশ্যতা অত্যন্ত স্পষ্টভাবে রোমীয় ৮:২৯ পদে প্রকাশিত হয়েছে (অর্থাৎ, তাঁর পুত্রের প্রতিমূর্তির নিয়ম নীতি মেনে চলা)। শয়তান হল একজন দাস!

■ “মাংসে কাঁটা” টার্ম “কাঁটা” অর্থ হতে পারে “খুটা” (অর্থাৎ, আক্ষরিক ভাবে “সূচালু হওয়া”)। Classical গ্রীকে এটি একটি তীক্ষ্ণ খুটি অর্থে ব্যবহৃত হতো কিন্তু সেপ্টুয়াজিন্টে এটি ব্যবহৃত হয়েছে কাঁটা গাছের জন্য (গণনা ৩৩:৫৫; যিহি ২৮:২৪; গোশেয় ২:৬)। পৌলের মাংসে কাঁটা সম্পর্কে কিছু তত্ত্ব প্রচলিত রয়েছে সেগুলি হল:

১. আদি মণ্ডলীর পিতা, Luther এবং Calvin, বলেছেন এটি ছিল তার পতিত প্রকৃতির আত্মিক সমস্যা (অর্থাৎ, মাংসে)
২. Chrysostom বলেছেন এটি ছিল ব্যক্তির সাথে সমস্যা (গণনা ৩৩:৫৫; বিচার ২:৩)
৩. কেউ কেউ বলেছেন এটি ছিল সন্ন্যাস রোগ
৪. Sir William Ramsay বলেছেন এটি ছিল ম্যালেরিয়া

৫. আমি মনে করি এটি ছিল চোখ ওঠা রোগ, একটি প্রচলিত চোখের সমস্যা (তুলনা করুন আদি ৪:১৩-১৫ এবং ৬:১১ পদ) যা খুব খারাপ ছিল বা দম্বেশকের পথের কারণে অন্ধত্ব (প্রেরিত ৯, সম্ভবত পুরাতন নিয়মের একটি পরোক্ষ উল্লেখ যিহোশূয় ২৩:১৩) “মাংস” এর জন্য বিশেষ বিষয় দেখুন ১ করি ১:২৬ পদে।

■ “শয়তানের এক দূত” ঈশ্বর শয়তানকে সুযোগ দেন এবং ব্যবহার করেন (ইয়োব ২:৬; ১ করি ৫:৫; ১ তীম ১:২০)। টার্ম “দূত” মনে হয় উল্লেখ করছে মন্দতার প্রতিনিধিকে। টার্ম “দূত” ইব্রীয় ও গ্রীক উভয়েই অনুবাদ হতে পারে “স্বর্গদূত।” যদি তাই হয়, আমরা দেখি যে বিশ্বাসীরা মন্দতার দ্বারা আঘাত পেতে পারে, কিন্তু লক্ষ্য করুন এটা ঈশ্বরের উদ্দেশ্যের জন্য। ঈশ্বর মন্দতাকে ব্যবহার করেন তাঁর ধার্মিক উদ্দেশ্য সাধনে।

বিশেষ বিষয়: শয়তান (SPECIAL TOPIC: SATAN)

এটি কয়েকটি কারণে খুব কঠিন একটি বিষয়।

১. পুরাতন নিয়ম ঈশ্বরের কোন প্রধান শত্রুর কথা প্রকাশ করে নাই, কিন্তু YHWH এর একজন দাসের কথা (দেখুন A. B. Davidson, *OT Theology*, pp. 300-306), যে মানুষের সামনে একটি বিকল্প রাখে এবং মানুষকে অধার্মিকতার বিষয়েও দোষি করে। কেবলমাত্র একজনই ঈশ্বর (দেখুন বিশেষ বিষয়: এক ঈশ্বরবাদ), পুরাতন নিয়মে একটি ক্ষমতা, একটি কারণ- YHWH (যিশা ৪৫:৭; আমোষ ৩:৬)।
২. ঈশ্বর একজন প্রধান ব্যক্তিগত শত্রুর ধারণার উন্নয়ন ঘটেছে Persian দ্বৈতবাদী ধর্মের (Zoroastrianism) প্রভাবের অধিনে আন্ত বাইবেলে ভিত্তিক (ক্যানন বর্হিভূত) সাহিত্যে। এটাই পরবর্তীতে, ভীষণ প্রভাবিত করে rabbinical যিহুদী ধর্মে এবং Essene সমাজে (অর্থাৎ, মুর সাগরের পুঁথি)।
৩. নূতন নিয়ম বিস্ময়কর ভাবে পুরাতন নিয়মের এই থিমকে কঠোর ভাবে উন্নয়ন করেছে, কিন্তু নির্বাচিত, শ্রেণীতে।

যদি কেউ বাইবেল ভিত্তিক ধর্মতত্ত্বের দিক থেকে (প্রতিটি বই বা লেখক বা সাহিত্য ধারা আধ্যয়ন করে এবং পৃথক ভাবে রূপরেখা করে) মন্দতার অধ্যয়নে অগ্রসর হয়, তাহলে মন্দতার খুব আলাদা আলাদা দৃষ্টিভঙ্গি প্রকাশিত হবে।

যদি, কেউ বাইবেল ভিত্তিক নয় বা বাইবেল বর্হিভূত ভাবে মন্দতার বিশ্ব ধর্ম বা প্রাচ্য ধর্মের অধ্যয়নে অগ্রসর হয়, তাহলে বেশির ভাগ নূতন নিয়মে উন্নয়নে Persian দ্বৈতবাদ এবং গ্রীক-রোমীয় আত্মবাদের আভাস পাওয়া যায়।

যদি কেউ শাস্ত্রের ঐশ্বরীক কর্তৃত্বে (যেমন আমি!) পূর্বে ধরে নেওয়া অনুমানে নিবেদিত হয়, তাহলে নূতন নিয়মের উন্নয়ন অবশ্যই দেখবেন অগ্রসরমান প্রকাশ হিসাবে। খ্রীষ্টিয়ানদের অবশ্যই যিহুদী লোক কাহিনি বা পশ্চিমা সাহিত্য (Dante, Milton) গ্রহণ থেকে নিজেদের সুরক্ষা করতে হবে ধারণাতে আবার প্রভাবিত হওয়া থেকে। এই ক্ষেত্রের প্রকাশে নিশ্চিত ভাবেই রহস্য এবং দ্ব্যর্থকতা রয়েছে। ঈশ্বর মনোনীত করেছেন মন্দতার সকল দিক, এর উৎপত্তি (দেখুন বিশেষ বিষয়: লুসিফার), এর উন্নয়ন, এর উদ্দেশ্য, প্রকাশ না করার, কিন্তু তিনি এর পরাজয় প্রকাশ করেছেন!

পুরাতন নিয়মের টার্ম “শয়তান,” বা “অভিযোগকারী” (BDB 966, KB 1317) তিনটি আলাদা আলাদা দলের সাথে সম্পর্কিত হতে পারে।

১. মানুষের দোষারপকারী (১ শমু ২৯:৪; ২ শমু ১৯:২২; ১ রাজা ১১:১৪, ২৩, ২৫; গীত ১০৯:৬)
২. দূতদের মত অভিযোগকারী (গণনা ২২:২২-২৩; ইয়োব ১-২; সখ ৩:১)
৩. মন্দ আত্ম অভিযোগকারী (১ বংশ ২১:১; ১ রাজা ২২:২১; সখ ১৩:২)

কেবলমাত্র পরবর্তীতে দুই নিয়মের মধ্যবর্তী সময়ে আদি পুস্তকের ৩ অধ্যায়ের সাপ শয়তানের সাথে চিহ্নিত হয়েছে (Book of Wisdom 2.23-24; II Enoch 31:3), এবং পরবর্তীতেও এটিই হয়ে পড়েছে rabbinical বিকল্প (Sot 9b and Sanh. 29a)। আদি ৬ অধ্যায়ের “মানুষের পুত্রেরা” I Enoch 54:6 পদে হয়েছে দূত। আমি এটি উল্লেখ করেছি, একে ধর্মতাত্ত্বিক সঠিকতার উপরে জোর না দেওয়া, কিন্তু এর উন্নয়নকে দেখানো। নূতন নিয়মে পুরাতন নিয়মের এই কাজ দূতদের উপরে অর্পিত হয়েছে, ব্যক্তিরূপী মন্দতাকে (২ করি ১১:৩; প্রকা ১২:৯)।

ব্যক্তিরূপী মন্দতার উৎপত্তি পুরাতন নিয়ম থেকে স্থির করা কঠিন বা অসম্ভব (নির্ভর করে আপনার এই বিষয়ে দৃষ্টিভঙ্গি)। এর জন্য একটি কারণ হল ইস্রায়েলীয়দের দূত এক ঈশ্বরবাদ (দেখুন বিশেষ বিষয়: এক ঈশ্বরবাদ; আরও নোট করুন ১ রাজা ২২:২০-২২; উপ ৭:১৪; যিশা ৪৫:৭; আমোষ ৩:৬) YHWH এর উপরে অর্পিত তাঁর অদ্বিতীয়ত্ব এবং প্রাধান্যতা প্রদর্শনে (যিশা ৪৩:১১; ৪৪:৬,৮,২৪; ৪৫:৫-৬, ১৪, ১৮, ২১, ২২)।

তথ্যের সম্ভাব্য উৎসগুলি হল (১) ইয়োব ১-২, যেখানে শয়তান “ঈশ্বরের পুত্রগণের” একজন (অর্থাৎ, স্বর্গদূত) বা (২) যিশাইয় ১৪ এবং যিহিস্কেল ২৮, যেখানে গর্ভিত প্রাচ্য দেশীয় রাজা (বাবিল ও সোর) সম্ভাব্য গর্ভিত শয়তানের দৃষ্টান্তে ব্যবহৃত হয়েছে (১ তীম ৩:৬)। আমার মিশ্র অনুভূতি রয়েছে এই বিষয় সম্বন্ধে। যিহিস্কেল এদান বাগানের রূপক ব্যবহার করেছেন, কেবলমাত্র শয়তান হিসাবে সোরের রাজার জন্য নয় (যিহি ২৮:১২-১৬), কিন্তু এছাড়াও সং অসং জ্ঞানদায়ক বৃক্ষ হিসাবে মিসরের রাজাকেও (যিহি ৩১)। যদিও, যিশাইয় ১৪, নির্দিষ্টভাবে ১২-১৪ পদ, মনে হয় গর্ভের কারণে দূতদের মধ্যে বিদ্রোহ বর্ণনা করেছে। যদি শয়তানের উৎপত্তি ও তার সুনির্দিষ্ট স্বভাব সম্পর্কে ঈশ্বর আমাদের কাছে প্রকাশ করতে চাইতেন, তবে এটা একটা খুব অবাক করা উপায় এবং স্থান এটা করার। আমাদের অবশ্যই সতর্ক থাকতে হবে অল্প, ভিন্ন ভিন্ন নিয়মের দ্ব্যর্থবোধক অংশ, লেখক, বই, এবং সাহিত্য

বারা গ্রহণে এবং এগুলিকে সমন্বয় করা এক ঐশ্বরীক বিশ্বাসের টুকরা হিসাবে।

Alfred Edersheim এর সাথে আমি একমত (*The Life and Times of Jesus the Messiah*, vol. 2, appendices XIII [pp. 748-763] and XVI [pp.770-776]) যে rabbinical যিহুদী ধর্ম Persian দ্বৈতবাদ এবং মন্দ আত্মার অনুমানে অতিরিক্ত পরিমানে প্রভাবিত হয়েছে। এই ক্ষেত্রে রাব্বিরা সত্যের জন্য ভাল উৎস নয়। যীশু এই বিষয়ে সমাজগৃহের শিক্ষায় সম্পূর্ণ ভাবে এড়িয়ে গেছেন। আমি মনে করি যে YHWH এর একজন প্রধান শত্রুর ধারণাটির উন্নয়ন হয়েছে Iranian দ্বৈতবাদের দুটি প্রধান দেবতা Ahkiman ও Ormaza থেকে, এবং তারপর এটি উন্নয়ন হয়েছে রাব্বিদের দ্বারা বাইবেল ভিত্তিক YHWH এবং শয়তান এই দ্বৈতবাদে।

নিশ্চিত ভাবেই নূতন নিয়মে অগ্রসমান প্রকাশ রয়েছে ব্যক্তিরূপী মন্দতা হিসাবে, কিন্তু রাব্বিদের মত পরিবর্তিত নয়। এই পার্থক্যের একটি ভাল উদাহরণ হল “স্বর্গে যুদ্ধ।” শয়তানের পতন ছিল যুক্তিগত আবশ্যিকতা, কিন্তু বিশদ বিবরণ দান করা হয়নি (দেখুন বিশেষ বিষয়: শয়তান ও দূতদের পতন)। এমনকি যা কিছু দেওয়া হয়েছে তার উপরে রহস্য উদঘাটনমূলক সাহিত্য পর্দা টেনেছে (প্রকা ১২:৪, ৭, ১২, ১৩)। যদিও শয়তান যীশুতে পরাজিত এবং জগতে নির্বাসিত, কিন্তু সে এখনও YHWH এর একজন দাস হিসাবে কাজ করছে (মথি ৪:১; লুক ২২:৩১-৩২; ১ করি ৫:৫; ১ তীম ১:২০)।

আমাদের অবশ্যই এই ক্ষেত্রে কৌতুহল দমন করা দরকার। মন্দতা ও প্রলোভনের ব্যক্তিগত শক্তি রয়েছে, কিন্তু একজন মাত্র ঈশ্বরও রয়েছেন আর আমরা আজও আমাদের নিজেদের বেছে নেবার জন্য দায়ী। আত্মিক যুদ্ধ রয়েছে, পরিত্রাণের আগে ও পরে উভয় দিকেই। একমাত্র বিজয় আসতে পারে এবং আমাদের মধ্যে থাকতে পারে ত্রিভুত ঈশ্বরের মধ্যে দিয়ে। মন্দতা পরাজিত হয়েছে এবং দুরিভূত হবে প্রকা ২০:১০)!

Copyright © 2014 Bible Lessons International

■ “আমাকে কষ্ট দেবার জন্য” এটি হল একটি present active subjunctives। শব্দের আক্ষরিক অর্থ “মুষ্টি দ্বারা আঘাত করা।” এই সমস্যাটি যন্ত্রণাদায়ক ও বার বার ছিল।

■ “আমার নিজের দর্প করা থেকে বিরত রাখার জন্য” এটি একটি উদ্দেশ্যের (অর্থাৎ, *hina*) ব্যাক্যাংশ। ভ্রান্ত শিক্ষকদের আত্মিক দাবী তুলে ধরেছে তাদের অহংবোধকে। পৌল নিজেকে নত করেছেন।

১২:৮ “প্রভুকে আমি অনুরোধ করেছিলাম” প্রসঙ্গকৃত ভাবে এটি উল্লেখ করতে পারে (১) YHWH বা (২) Jesus (যোহন ১৪:১৩-১৪)। পৌল সাধারণ ভাবে পিতার কাছে প্রার্থনা করেছেন। খ্রীষ্টিয়ানেরা ত্রিভুতের যে কোন একজনের কাছে প্রার্থনা করতে পারেন, যদিও আমরা সাধারণ ভাবে পিতার কাছে প্রার্থনা করি, পুত্রের নামে, আত্মার মাধ্যমে।

■ “এই” এটা সম্ভব যে “এই” উল্লেখ করছে (১) এই অবস্থা; (২) এই নির্যাতন; (৩) এই শয়তানের দূত; বা (৪) এই দৈহিক অসুস্থতা।

■ “তিন বার” গেষশিমানী বাগানে যীশুর প্রার্থনা তিনবার পুনরাবৃত্তি করা হয়েছিল (মথি ২৬:৪২; মার্ক ১৪:৩৯, ৪১)। তিনবার পুনরাবৃত্তির অর্থ গুরুত্বদান। এটি আসলে নির্ভরতার অভাব নয়, কিন্তু দেখায় যে আমরা যে কোন বিষয়ে যখনই প্রয়োজন মনে করবো তখনই আমরা প্রার্থনা করতে পারি। এই পুনরাবৃত্তি, যন্ত্রণাময় সমস্যা পৌলকে শিক্ষা দিয়েছে মহা আত্মিক শিক্ষা (২ করি ১২:৯)। আমি অবশ্যই এখানে বলবো যে এই বিবরণ আলোকপাত করে আমাদের আজকের দিনে বিশ্বাসে আরোগ্যদানের উপরে অতি-গুরুত্বদানের এই শর্তে যে লোক আরোগ্য লাভ করতে চায় তার বিশ্বাসের পরিমাণের উপরে। স্পষ্টত পৌলের বিশ্বাসের বিশ্বাস ছিল। এছাড়াও, দুর্ভাগ্যজনক শিক্ষা যে ঈশ্বর চান এই অংশে উল্লেখিত সমস্যা থেকে প্রতিটি বিশ্বাসী আরোগ্য লাভ করুক এবং উদ্ধার লাভ করুক। পৌল এবং যীশু উভয়েরই অনুরোধ তারা যেভাবে চেয়েছেন সেভাবে তারা উত্তর পান নাই। ঈশ্বর তাঁর উদ্দেশ্যে আমাদের জীবনে সমস্যা ও অসুস্থতা ব্যবহার করেন (রোমীয় ৮:১৭; ২ করি ১:৫, ৭; ফিলি ৩:১০; ১ পিতর ৪:১২-১৭)। আমাদের দরকার হল ঈশ্বরের আমাদের কাছে তাঁর নিজেকে ও তাঁর ইচ্ছাকে প্রকাশ!

১২:৯ “তিনি বলেছেন” এটি হল perfect tense, বাগধারাগত ভাবে “তিনি চূড়ান্ত ভাবে বলেছেন।”

■ “আমার অনুগ্রহই তোমার পক্ষে যথেষ্ট” ঈশ্বরের চরিত্র ও উপস্থিতি সবই পৌলের দরকার ছিল। আমি মনে করি পৌল হয়তো ১ রাজা ৮:২৭ পদ চিন্তা করছিলেন। পুরাতন নিয়মে এটি একটি জায়গা যেখানে শব্দগুচ্ছ “স্বর্গ এবং স্বর্গের স্বর্গ” ব্যবহৃত হয়েছে, যেটি হতে পারে ২ করি ১২:২ পদে পৌলের “তৃতীয় স্বর্গ” এর উৎস। শলোমনের প্রার্থনা অতিক্রম করেছিল ঈশ্বরের “উচ্চ স্বর্গে” এবং তাঁর মন্দিরে স্বভাবিক উপস্থিতি। পৌল তৃতীয় স্বর্গের রাজকীয় উপস্থিতিতে থাকেন নাই, কিন্তু প্রতিদিন ঈশ্বরের অনুগ্রহশীল প্রকৃতি এবং ব্যক্তিগত উপস্থিতিতে থেকেছেন।

■ “শক্তি সিদ্ধ হয়” এটি একটি Present passive। ঈশ্বরের শক্তি মানুষের চেয়ে বিভিন্ন বিষয়ের দ্বারা পরিচালিত হয়। ঈশ্বর তখনই গৌরব লাভ করেন যখন মানবিক পাত্র দুর্বল হয় এবং তার নিজের প্রয়োজন মিটাতে অক্ষম হয়। ঈশ্বরের শক্তি হল তাঁর অপরিবর্তনীয় চরিত্র!

এই শব্দগুচ্ছ হতে পারে পৌলকে মনে করিয়েছে ১ করি ২:৫ বা ২ করি ৪:৭ পদ এবং সাধারণ ভাবে ভ্রান্ত শিক্ষকদের মানুষের কাজের বা যোগ্যতার উপর গুরুত্ব দানের সাথে অসম্পর্কিত।

■ “আমার দুর্বলতায় গর্ব করব” দেখুন পরবর্তীতে বিশেষ বিষয়।

বিশেষ বিষয়: দুর্বলতা (*astheneō*)

{(SPECIAL TOPIC: WEAKNESS (*astheneō*))}

ভ্রান্ত শিক্ষকেরা তাদের যোগ্যতায় এবং বাগাড়ম্বরপূর্ণ পদ্ধতির গর্ব করে, কিন্তু পৌল জানতেন “দুর্বলতা”-এর (*astheneō*) মূল্য। পৌল এই দুর্বলতার ধারণা বেশ কয়েকটি ভিন্ন ভিন্ন উপায়ে ব্যবহার করেছেন।

১. ঈশ্বরের দুর্বলতা মানুষের চেয়ে সবেল, ১ করি ১:২৫
২. জগতের মধ্যে দুর্বলতা, ১ করি ১:১৭
৩. পৌলের দুর্বলতা এবং ভয়, ১ করি ২:৩; ৯:২২; ২ করি ১১:২৯, ৩০; ১২:৫
৪. পৌল ও তার প্রচারকদের দল, ১ করি ৪:১০; ২ করি ১১:২১
৫. দুর্বল বিশ্বাসী (রোমীয় ১৪:১-১৫:১৩), ১ করি ৮:৭, ৮, ৯, ১০, ১১, ১২; ৯:২২
৬. শারীরিক অসুস্থতা, ১ করি ১১:৩০
৭. মানুষের শরীরের অংশ, ১ করি ১২:২২
৮. দৈহিক দেহ, ১ করি ১৫:৪৩
৯. পৌলের সশরীরে উপস্থিতি বা তার বাগাড়ম্বরের দক্ষতা, ২ করি ১০:১০
১০. পৌলের দুর্বলতায় ঈশ্বরের সবেলতার প্রকাশ, ২ করি ১২:৯, ১০; ১৩:৪, ৯
১১. পৌলের মধ্যে দিয়ে খ্রীষ্টের বার্তা, ২ করি ১৩:৩
১২. খ্রীষ্টের বাস্তব দেহ, ২ করি ১৩:৪

Copyright © 2014 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

■ “খ্রীষ্টের শক্তি” লক্ষ্য করুন ঈশ্বরের শক্তি! এটি খ্রীষ্টের শক্তি! খ্রীষ্ট হলেন ঈশ্বর!

NASB, NRSV “আমার উপর থাকে”

NKJV, NJB “আমার উপরে অবস্থিতি করে”।

TEV “আমার উপরে. . .সুরক্ষার অনুভূতি”

এটি হল গ্রীক টার্ম *episkēnoō*, যেটি হল *epi plus skēnē* (তাম্বু, ২ করি ৫:১), সেজন্য, রূপকগত ভাবে অতিরিক্ত ছায়া বা মেনে নেওয়া। এই শব্দটি পাওয়া যায় কেবলমাত্র নূতন নিয়মের এখানে। এই একই মূল ব্যবহৃত হয়েছে যীশুর কুমারীর গর্ভে জন্ম গ্রহণের (লুক ১:৩৫) যীশুর রূপান্তর (মথি ১৭:৫), এবং প্রেরিতদের ছায়া লোকদের উপরে পড়লে লোকেরা আরোগ্য লাভ করতো (প্রেরিত ৫:১৫)।

পৌল জানতেন যে প্রান্তরে ভ্রমণের সময় কালের মেঘের কথা (যাত্রা ৪০:৩৫) যাকে রাব্বিরা নাম দিয়েছেন “মহিমার *Shekinah* মেঘ”। *Shekinah* অর্থ “স্থায়ীভাবে বাস করা।” পৌল চাইতেন তার কাছে ঈশ্বরের ব্যক্তিগত উপস্থিতি, পরিপূর্ণ এবং সম্পূর্ণ ভাবে খ্রীষ্টে প্রকাশিত। এটাই হল খ্রীষ্ট ধর্মের লক্ষ্য, ব্যক্তিগত ক্ষমতা, ব্যক্তিগত মর্যাদা, একটি বিশেষ জ্ঞান বা অভিজ্ঞতা নয় (অর্থাৎ, “দুর্বলতা ও কষ্টভোগের মধ্যে দিয়ে তাঁকে জানা,” ফিলি ৩:১০)।

১২:১০ “তাই নানা দুর্বলতায় আমি সন্তুষ্ট” পৌল ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে জানতেন (অর্থাৎ, দম্বেশকের পথ) যে ভাল ইচ্ছা এবং ব্যক্তিগত প্রচেষ্টা যথেষ্ট নয়। আমাদের দরকার অনুগ্রহ (২ করি ১২:৯), শক্তি নয়। কোন মানুষই ঈশ্বরে গৌরব নিতে পারে না (১ করি ১:২৯; ইফি ২:৯)। ঈশ্বরের অনুগ্রহ, শক্তি, এবং গৌরব হল জোর দিয়ে বলার, অপরিপূর্ণ মানবিক পাত্র।

■ “নানা দুর্বলতায় আমি সন্তুষ্ট” পদের স্মরণে পৌল একটি সংক্ষিপ্ত সারমর্ম দিয়েছেন তার পরীক্ষার, যেটি তিনি আগেই উল্লেখ করেছেন ২ করি ৪:৭-১১; ৬:৩-১০; ১১:২৪-২৮ পদে। পৌল সম্পূর্ণ ভাবে মথি ৫:১০-১২ পদে যীশুর কথার অর্থ জানতেন।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করি ১২:১১-১৩

“আমি বোকা হয়েছি; কিন্তু তোমরাই আমাকে তা হতে বাধ্য করেছ। কারণ তোমাদেরই উচিত ছিল আমার প্রশংসা করা, কারণ যদিও আমি কিছুই নই তবুও সেই বিশেষ প্রেরিতদের চেয়ে কোনমতেই ছোট নই।” সত্যিকার প্রেরিতের চিহ্ন তোমাদের মধ্যে ধৈর্যের সংগে কাজ করেছে, নানা রকম চিহ্ন ও আশ্চর্য্য কাজ আর অলৌকিক কাজ করে।^{১০} বল দেখি তোমরা অন্যান্য মণ্ডলীর চেয়ে কোন দিক দিয়ে ছোট, কেবল একটা বিষয়ে তা হল আমি তোমাদের বোকা হই নি? এই ভুলের জন্য আমাকে ক্ষমা কর। (অনুবাদকৃত টেক্সট)।

১২:১১ “আমি বোকা হয়েছি” এটি একটি perfect active indicative। ভ্রমণশীল ভ্রান্ত শিক্ষকদের (অর্থাৎ, ২ করি ১০-১৩) কোন কোন ভাগ (অর্থাৎ, ১ করি ১-৪) বা দল পৌলকে, তার নেতৃত্বকে, তার কর্তৃত্বকে, তার কথা বলার পদ্ধতিকে এবং সুসমাচারকে আক্রমণ করেছিল। তাই পৌলকে নিজের আত্মপক্ষ সমর্থন করতে হয়েছিল। কিন্তু এটি বেশ কয়েকভাবে করেছিলেন।

১. তাদের সাথে নিজের জীবনের তুলনা করে
২. তাদের বাগ্মিতার পদ্ধতি ব্যবহার করেছিলেন, কিন্তু নশতার সাথে
৩. তার পয়েন্টকে উপস্থাপন করতে উপহাস ব্যবহার করেছেন

দেখুন বিশেষ বিষয়: বোকা লোকদের জন্য টার্ম, পৃ..২৭০, (SPECIAL TOPIC: TERMS FOR FOOLISH PEOPLE, See page 270)
১ করি ১৫:৩৬ পদে।

■ “আমি” জোর দিয়ে বলা হয়েছে “আমি” (অর্থাৎ, *egō*) ব্যবহৃত হয়েছে ২ করি ১২:১১, ১৩, ১৫ এবং ১৬ পদে।

■ “প্রশংসা করা” দেখুন সম্পূর্ণ নোট ২ করি ৩:১ পদে।

■ “তবুও সেই বিশেষ প্রেরিতদের চেয়ে কোনমতেই ছোট নই” দেখুন সম্পূর্ণ নোট ২ করি ১১:৫ পদে।

■ “যদি” এটি একটি first class conditional sentence ব্যবহৃত হয়েছে সাহিত্যের উদ্দেশ্যে তার পয়েন্টকে গঠন করতে, বাস্তবতা নেই। কোন অর্থেই পৌল তাদের চেয়ে হীন ছিলেন না।

■ “আমি কিছুই নই” পৌল জানতেন এবং বুঝতেন একমাত্র অনুগ্রহের মাঝেই তার অবস্থান (১ করি ১৫:৯; ইফি ৩:৮; ১ তীম ১:১৫)। তিনি আরও জানতেন এবং আছত, সহজাত প্রেরিত হিসাবে তার স্থান (প্রেরিত ৮:২২, ২৬)!

১২:১২ “চিহ্ন ও আশ্চর্য্য কাজ আর অলৌকিক কাজের দ্বারা” পৌলের পরিচর্য্যার প্রমাণিত হয়েছিল ঈশ্বরের শক্তির দ্বারা (১ করি ২:৪; ৪:২০; রোমীয় ১৫:১৯)। যদিও, এটি কেবলমাত্র অলৌকিক কাজ ছিল না, কিন্তু এই মণ্ডলীর প্রতি তার মনোভাব ও কাজ প্রমাণ করেছিল তিনি ঈশ্বর থেকেই ছিলেন।

১২:১৩ “আমি তোমাদের বোঝা হই নি” পৌল এই দলাদলি পূর্ণ মণ্ডলীকে সুযোগ দেন নাই তাকে সাহায্য করুক। তিনি ফিলিপীর মণ্ডলীকে (ফিলি ৪:১৫) এবং থিমলোনীকীয়ের মণ্ডলীকে (১ থিম ৩:৬) এটি করতে দিয়েছিলেন, কিন্তু কেবলমাত্র তিনি নগর ত্যাগ করার পরে। এটি করিন্থীয় মণ্ডলীর অনুভূতিকে আঘাত করেছিল (২ করি ১২:১৩), কিন্তু পৌল সামান্যও সিদ্ধান্ত থেকে সরে যান নাই ভ্রান্ত শিক্ষকদের দোষারপের কারণে (২ করি ১১:৮-২০)। যদিও, পৌল পরিচর্য্যার জন্য (১ করি ৯:৩-১৮) মণ্ডলীর অর্থনৈতিক সহায়তাকে সমর্থন (একজন অধ্যক্ষ হিসাবে) করতেন।

■ “মণ্ডলীসমূহ” দেখুন বিশেষ বিষয় ১ করি ১:২ পদে।

■ “এই ভুলের জন্য আমাকে ক্ষমা কর” এটি একটি তিজ্ঞ বিদ্রূপ।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করি ১২:১৪-১৮

^{১৪} আমি এখন এই তৃতীয় বার তোমাদের কাছে যাবার জন্য প্রস্তুত হয়ে আছি, আর আমি তোমাদের বোঝা হব না; কারণ আমি তোমাদের কোন কিছু পেতে চাই না, কিন্তু তোমাদের পেতে চাই; কারণ ছেলেমেয়েদের দায়িত্ব নয় তাদের পিতামাতার জন্য ধন সঞ্চয় করা, কিন্তু পিতামাতারা তাদের ছেলেমেয়েদের জন্য সঞ্চয় করবে। ^{১৫} আমি খুব খুশী হয়েই তোমাদের প্রাণের জন্য খরচ করব এবং নিজেকেও দিয়ে দেব। যদি আমি তোমাদের বেশী ভালবাসি, তবে আমি কি কম ভালবাসা পাই? ^{১৬} কিন্তু যাই হোক, আমি নিজেকে তোমাদের বোঝা করি না; নয়তো, আমি চালাক বলে তোমাদের সাথে ছলনা করেছি। ^{১৭} নিশ্চিত ভাবে আমি তোমাদের কাছে যাদের পাঠিয়েছিলাম তাদের কারণ দ্বারা কি তোমাদের কাছ থেকে সুযোগ নিয়েছে? ^{১৮} আমি তীতকে যাবার জন্য অনুরোধ করেছিলাম, আর তার সংগে সেই ভাইকেও পাঠিয়েছিলাম। তীত কি তোমাদের কাছ থেকে সুযোগ নিয়েছেন? কখনও না। আমরা কি একই আত্মায় একই পদচিহ্নে চলি নি? (অনুবাদকৃত টেক্সট)।

১২:১৪

NASB, NRSV,

NJB

“এখন”

NKJV

“কারণ এখন”

TEV

-বাদ দেওয়া হয়েছে-

এটি হল গ্রীকে জোর দিয়ে বলা particle *idou*, সুসমাচারে প্রায়ই ব্যবহৃত হয়েছে, সাধারণত অনুবাদ করা হয়েছে “দেখ।” এটি পরবর্তী বক্তব্যের প্রতি মনোযোগ আকর্ষণের কাজ করে। পৌল এটি খুব কম ব্যবহার করেছেন (রোমীয় ৯:২৩ [পুরাতন নিয়মের উদ্ধৃতি]; ১ করি ১৫:৫১; ২ করি ৫:১৭; ৬:২ [পুরাতন নিয়মের উদ্ধৃতি], ৯; ৭:১১; ১২:১৪; গালা ১:২০)।

■ “এই তৃতীয় বার” প্রেরিত পুস্তক কেবলমাত্র দুই বার করিছে যাবার কথা লিপিবদ্ধ করেছে (প্রেরিত ১৮:১; ২০:২-৩; ২ করি ১:১৫; ১৩:১,২)। যদিও, প্রেরিত পুস্তক একটি সম্পূর্ণ বা বিশদ ইতিহাস নয়, কিন্তু একটি ধর্মতাত্ত্বিক প্রমাণপত্র দেখিয়েছে কিভাবে লোক সমাজ থেকে লোক সমাজে, প্যালেস্টাইন থেকে রোমে খ্রীষ্ট ধর্ম বিস্তার লাভ করেছে।

■ “আমি তোমাদের বোঝা হব না” এটি উল্লেখ করে অর্থনৈতিক ক্ষতিপূরণ (২ করি ১১:৯; ১২:১৩; ১ করি ৯:১২,১৮)। পৌল নিশ্চিত করেছেন যে ক্ষতিপূরণ লাভ করা পরিচর্যাকারীর অধিকার, কিন্তু ব্যক্তিগত ভাবে নিজে এটি প্রত্যাখ্যান করেছেন কারণ (১) তিনি এই বিষয় নিয়ে ভ্রাতৃ শিক্ষকদের দ্বারা আক্রমণের বিষয় হতে পারেন (২ করি ১২:১৪*) বা (২) একজন রাব্বি হিসাবে তার নিজের শ্রেণাপট এটি বর্জন করিয়েছে।

■ “কিন্তু তোমাদের” পৌল তাদের টাকা চাননি, কিন্তু তাদের আনুগত্য ও কল্যাণকর ইচ্ছা।

■ “ছেলেমেয়েদের. . . পিতামাতার” পৌল একটি পাবারিক উপমা ব্যবহার করেছেন। তিনি নিজেকে তাদের আত্মিক পিতা হিসাবে বিবেচনা করেছেন (১ করি ৪:১৪-১৫; গালা ৪:১৯)।

১২:১৫ “খরচ করা” এই গ্রীক শব্দ দুটি ভাবে বোঝা যেতে পারে: (১) আক্ষরিক ভাবে “অর্থ প্রদান করা” (প্রেরিত ২১:২৪) বা (২) রূপকভাবে “সম্পূর্ণ ভাবে খরচ করা” বা “সবকিছুর বা যে কোন কিছুর মূল্য প্রদান” (মার্ক ৫:২৬)। পৌল তার সব সম্পত্তি এবং/বা নিজেকে দিতে প্রস্তুত ছিলেন খ্রীষ্টের পক্ষে করিষ্টীয় বিশ্বাসীদের মধ্যে।

স্পষ্টত পৌল টাকা নিয়ে শব্দের কৌশল করেছেন। তিনি চাননি যে তারা তার জন্য টাকা খরচ করে, কিন্তু তিনি নিজেকে তাদের জন্য ব্যয় করবেন।

■ “তোমাদের প্রাণের জন্য” “প্রাণ” (অর্থাৎ, *psychē*) ব্যক্তি অর্থে ব্যবহৃত হলেও পৌলের লেখনীতে “আত্মা” হিসাবে লিখিত হয়েছে (*pneuma*, ফিলি ১:২৭)।

এটি মানবজাতির তত্ত্ববিদ্যাগত দুই ভাগ নয়, কিন্তু দ্বৈত সম্পর্ক এই গ্রহ এবং ঈশ্বর উভয়ের সাথে। ইব্রীয় শব্দ *nephesh* (BDB 659) ব্যবহৃত হয়েছে আদিপুস্তকে মানবজাতি ও জীবজন্তু উভয়ের জন্য, অন্যদিকে “আত্মা” (*ruah*, BDB 924) অদ্বিতীয় ভাবে মানবজাতির জন্য ব্যবহৃত হয়েছে। এটি তিনটি অংশধারী(trichotomous) সত্ত্বা হিসাবে মানুষের প্রকৃতির উপরে কোন proof-text নয়। বাইবেলে একটি একক হিসাবে মানবজাতি মুখ্যত প্রতিনিধিত্ব করে (আদি ২:৭)। trichotomous, দুই ভাগ, বা একটি একক হিসাবে মানবজাতির তত্ত্বের একটি উত্তম সারমর্মের জন্য দেখুন Millard J. Erickson's *Christian Theology* (second edition) pp. 538-557 and Frank Stagg's *Polarities of Man's Existence in Biblical Perspective*।

■ “যদি” এটি একটি first class conditional sentence, যেটি ধরে নেয় লেখকের দিক থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্যের দিক থেকে সত্য বলে।

■ “অধিক” এই সম্পর্কিত টার্মের দলকে বৈশিষ্ট্যময় করা হয়েছে ২ করিষ্টীয়তে পৌলের আবগম্য এবং উচ্ছৃংখল সাহিত্য পদ্ধতিতে। দেখুন সম্পূর্ণ নোট ২ করি ২:৭ পদে।

■ “আমি কি কম ভালবাসা পাই” পৌল যত অধিক তাদের দিয়েছেন, তত অধিক তারা কম ভালবাসা ও শ্রদ্ধার আচরণ তার সাথে করেছে। এটি ছিল একটি অসহনীয় পরিস্থিতি।

১২:১৬ “নয়তো, আমি চালাক বলে, তোমাদের সাথে ছলনা করেছি” এটি হতে পারে ৮-৯ অধ্যায়ের যিরুশালেমের মন্ডলীর চাঁদার বিষয়ের সম্পর্কিত। ভ্রাতৃ শিক্ষকেরা সম্ভবত তাকে দোষারপ করেছে যে তিনি তার নিজের জন্য টাকা সংগ্রহ করার জন্য অন্যদের পাঠাচ্ছেন (২ করি ১২:১৭-১৮)।

এখানে পৌলের মন্তব্য তিব্বতের বিদ্রূপ“

১২:১৮ তীত” এটি বিশ্বাসকর যে তীতকে প্রেরিত পুস্তকে কখনই উল্লেখ করা হয়নি (সম্ভবত সে ছিল লূকের ভাই)। সে ছিল পৌলের নির্ভরযোগ্য ও বিশ্বস্ত সাহায্যকারীদের একজন। (দেখুন বিশেষ বিষয় ২ করি ২:১৩ পদে)। দৃশ্যত তীত পৌলের দৃষ্টান্ত অনুসরণ করে এই মণ্ডলী থেকে কোন অর্থ গ্রহণ করে নাই।

■ “তার সাথে ভাইকে” এটি সম্ভবত সেই একই লোক যেমন ২ করি ৮:১৮ পদের। কেউ কেউ মনে করেন যে ইনি ছিলেন লূক (অর্থাৎ, Origen)। এটি মন্ডলীর প্রতিনিধিদের সাথে নেওয়া ছিল পৌলের যিরুশালেমের মন্ডলীর জন্য চাঁদার বিষয়ে দোষারপকে নিরস্ত্র করা।

■ ১৭ ও ১৮ পদ হল চারটি প্রশ্নের ধারাবাহিকতা। এই প্রথম দুটির ব্যাকরণগত রূপ আশা করে “না” উত্তর, অন্যদিকে শেষ দুটি আশা করে “হ্যাঁ” উত্তর। এই প্রশ্নগুলির উদ্দেশ্য ছিল এটা দেখান যে পৌল বা তীত কেউই কোন ভাবেই তাদের কাছ থেকে কোন সুযোগ নিচ্ছেন না, যেমন অনেকের অভিযোগ ছিল।

■ “একই আত্মায়” এটি উল্লেখ করে তীতের মানবিক আত্মার উদ্ভব (অর্থাৎ, locative case), পবিত্র আত্মা নয় (instrumental case)। পৌল “আত্মা” ব্যবহার করেছেন প্রায়ই নিজেকে উল্লেখ করতে (২ করি ২:১৩; ৭:১৩; ১ করি ২:১১; ৫:৪; ১৬:১৮; রোমীয় ১:৯; ৮:১৬; ফিলি ৪:২৩)। দেখুন নোট ২ করি ৭:১৩ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করি স্থায়ী ১২:১৯-২১

১৯ তোমরা সব সময় এই ভাবছো যে আমরা তোমাদের কাছে নিজেদের পক্ষে কথা বলছি। প্রকৃত পক্ষে, ঈশ্বরের সামনে আমরা খ্রীষ্টে কথা বলছি; প্রিয়তমেরা, সব কিছুই তোমাদের গড়ে তুলবার জন্যই।^{২০} কারণ আমার ভয় হয় যে সম্ভবত যখন আমি আসব তখন আমি তোমাদের যে রকম দেখতে চাই হয়তো সেই রকম দেখতে পাব না আর তোমরাও আমাকে যে রকম দেখতে চাও সেই রকম দেখতে পাবে না। আর সম্ভবত সমস্যা, ঈর্ষা, রাগী মেজাজ, ঝগড়া, নিন্দা, পরচর্চা, ঔদ্ধত্য, গোলমাল থাকবে। ২১ আমার ভয় হচ্ছে যে, আমি যখন আবার আসব তখন আমার ঈশ্বর তোমাদের সামনে আমাকে অবনত করবেন, আর যারা আগে পাপ করেছিল অথচ তাদের অশুচিতা, ব্যভিচার ও লম্পটতা যেগুলি তারা অনুশীলন করতো তা থেকে মন ফিরায় নি, তাদের অনেকের জন্য আমি বিলাপ করবো। (অনুবাদকৃত টেক্সট)।

১২:১৯ “সব সময় এই” পৌল তার বর্তমান চিঠির কথা উল্লেখ করেছেন (অর্থাৎ, ২ করি স্থায়ী)।

■ “তোমরা ভাবছো যে আমরা তোমাদের কাছে নিজেদের পক্ষে কথা বলছি” এটি একটি উপহাসমূলক মন্তব্য। পৌল এই মণ্ডলীকে খুব ভালভাবে জানতেন। তাদের নিজেদের যোগ্যতা ও স্বাধীনতার বিষয়ে তাদের ফুলানো ফাপানো মতামত ছিল।

■ “প্রকৃতপক্ষে ঈশ্বরের সামনে” পৌল এই একই শব্দগুচ্ছ ২ করি ২:১৭ পদে ব্যবহার করেছেন, যেখানে তিনি ঈশ্বরে সামনে নির্ভরযোগ্যতার এক শপথ গ্রহণ করেছেন।

■ “সব কিছুই তোমাদের গড়ে তুলবার জন্যই” পৌল এই একই টার্ম ২ করি ১০:৮ পদে ব্যবহার করে তার কর্তৃত্বকে উল্লেখ করেছেন। তিনি নিজের আত্মপক্ষ সমর্থন করছেন এই বিপথে চলে যাওয়া মন্ডলীকে রক্ষা করতে। তার কাজ ছিল তাদের জন্য, তার নিজের জন্য নয়। দেখুন [বিশেষ বিষয়: উৎকর্ষ সাধন, পৃ..১৫৫, \(SPECIAL TOPIC: EDIFY, See page 155\)](#) ১ করি ৮:১ পদে।

■ “প্রিয়তমেরা” পৌল খোলাখুলি ভাবে এই মন্ডলীকে বলছেন, তথাপি অত্যন্ত ভালবাসায়। এটি ছিল মমতা মাখানো একটি টার্ম (১ করি ১০:১৪; ১৫:৫৮; ২ করি ৭:১; ১২:১৯)।

১২:২০ এটি সঠিক ভাবে প্রতিফলিত করেছে এই মণ্ডলীর ১ করি স্থায়ীর বর্ণনা পরস্পরের প্রতি এবং পৌলের প্রতি।

■ “সমস্যা” দেখুন সম্পূর্ণ নোট ১ করি ২:১১ পদে।

এই টার্ম এবং পরেরটি হল singular (MSS P⁴⁶, α , A), কিন্তু তালিকার অন্যান্য টার্মগুলি হল plural।

■ “ঈর্ষা” এই শ্রেণীপটে এটি উল্লেখ করছে দলকে বা বিভক্তির আত্মাকে (১ করি ৩:৩)। দেখুন ২ করি ৯:২ পদের নোট।

■ “রাগী মেজাজ” এটি উল্লেখ করছে রাগের বহিঃপ্রকাশ (গালা ৫:২০; ইফি ৪:১৩; কল ৩:৮)।

■ “ঝগড়া” এই টার্মের (অর্থাৎ, *eritheia*) মূল অর্থ “ভাড়ার জন্য ঘোরা।” এটি এই ভাবে এখানে ব্যবহৃত হয়েছে উচ্চবংশীয়দের দস্ত তাদের বিরুদ্ধে যারা জীবন ধারণের জন্য কাজ করতে হয়। এই মনোভাব ১ করি স্থায়ীর ভিত্তিক দলগুলির প্রতিদ্বন্দ্বিতার সাথে খাপ খায়, বিশেষ করে ১১ অধ্যায়। এই টার্ম প্রায়ই পৌলের দ্বারা ব্যবহৃত হয়েছে (রোমীয় ২:৮; গালা ৫:২০; ফিলি ১:১৭; ২:৩; এবং এছাড়াও দেখুন যাকোবের ব্যবহার যাকোব ৩:১৪, ১৬ পদে)।

■ “নিন্দা” এটি উল্লেখ করে অন্য লোকের মন্দ বলা, তাদের সুনাম নষ্ট করা (রোমীয় ১:৩০; ২ করি ১২:২০; যাকোব ৪:১১; ১ পিতর ২:১, ১২; ৩:১৬)। এই কাজকর্ম ব্যবহৃত হয় শয়তানের কাজকর্মকে বর্ণনা করতে।

■ “পরচর্চা” এটি হল টার্ম “কানে কানে বলা,” যেটি উল্লেখ করে গোপনে কারো পিছনে গল্প বলা।

■ “ঔদ্ধত্য” গ্রীক টার্ম এর মূলত অর্থ হল ফোলানো বা কোন কিছুকে ফাপানো (অর্থাৎ, Robertson, *Word Pictures in the New Testament*, p. 105 and Vincent, *Word Studies*, p. 766, from *phusa* - bellows)। এটা এই ভাবে খ্রীষ্টিয় সাহিত্যে ব্যবহৃত হয়েছে (সম্ভবত পৌলের দ্বারা উদ্ভাবিত) রূপকভাবে গর্ব বা ঔদ্ধত্যের জন্য। এটি ছিল করি স্থায়ীর মণ্ডলীর জন্য একটি বড় আত্মিক সমস্যা। পৌল এই শব্দ ব্যবহার করেছেন ১ করি ৪:৫.১৮.১৯; ৫:২; ৮:১; ১৩:৪; এবং ২ করি ১২:২০ পদে পাপের তালিকাতে। এটি নূতন নিয়মের করি স্থায়ী পত্রের বাইরে ব্যবহৃত হয়েছে কল ২:১৮ পদে, যেখানে এটি উল্লেখ করছে gnostic বিশেষ জ্ঞানের দর্শনের।

NASB “গোলমাল”

NKJV	“কোলাহল”
NRSV, TEV	“বিশৃংখল”
NJB	“বিশৃংখলতা”

নোট দেখুন ১ করি ১৪:৩৩ পদে। এটি ছিল দলাদলি পূর্ণ মণ্ডলী। এই টার্ম আরও ব্যবহৃত হয়েছে যাকোব ৩:১৬ পদে। বেশ কিছু পাপের তালিকা রয়েছে পৌলের লেখনীতে (রোমীয় ১:২৯-৩১; ১ করি ৫:১১; ৬:৯; গালা ৫:১৯-২১; ইফি ৪:৩১; ৫:৩৪; কল ৩:৫-৯)। অনেক ভাবে সেগুলি Stoics দেব পাপগুলির তালিকার সাথে সমান্তরাল ছিল। খ্রীষ্ট ধর্ম দাবী করে নৈতিক সাড়া প্রদান। অনন্ত জীবন দৃশ্যমান, নৈতিক বৈশিষ্ট্যসমূহ।

১২:২১ পৌল চিন্তিত ছিলেন যে যদি এই মণ্ডলী মন পরিবর্তন না করে তবে তিনি যখন আবার ফিরে আসবেন তখন তিনি তার প্রৈরিতিক কর্তৃত্ব জোর করে অনুশীলন করবেন (২ করি ১৩:২)। কিছু কিছু বিভক্ত দল (অর্থাৎ, ১ করিহীয়) এবং ভ্রান্ত শিক্ষকেরা (অর্থাৎ, ২ করিহীয়) দৃশ্যত আত্ম প্রশয়ে ঈশ্বর বিহীন জীবন যাপন করছিল।

NASB, TEV, NJB	“অবনত করা”
NKJV, NRSV NIV	“নম্র করা”

পৌল এই মূল টার্ম করিহীয় পত্রে বেশ কয়েকবার ব্যবহার করেছেন (Harold K Moulton, *The Analytical Greek Lexicon Revised*, p. 397 থেকে নেওয়া হয়েছে।

১. *tapeinos*

- ক. পরিস্থিতিতে নিম্ন, অবসন্ন (২ করি ৭:৬)
- খ. নম্র ভাবে ভালবাসা বা অতিরিক্ত নয় (২ করি ১০:১)

২. *tapeinoō*

- ক. (Middle voice) নম্র অবস্থায় জীবন যাপন করা (২ করি ১১:৭)
- খ. আশা ও প্রত্যাশা নিয়ে শ্রদ্ধার সাথে নম্র হওয়া; হতাশায় অবসন্ন হওয়া (২ করি ১২:২১)

■ “বিলাপ” নোট দেখুন ১ করি ৫:২ পদে।

■ “বিলাপ” এই সম্পূর্ণ শব্দগুচ্ছ একটি article ও participle কে অনুবাদ করে কেবলমাত্র এখানে এবং ২ করি ১৩:২ পদে ব্যবহৃত হয়েছে। এটি হল গ্রীক preposition *pro* এর perfect active participle (অর্থাৎ, পূর্বে) এবং *hamartanoō* (অর্থাৎ, পাপের প্রতি)। সমন্বিত অর্থ হল তারা যারা পাপ করেছে এবং পাপ করেই যাচ্ছে। “অতীত” এর ধারণা অর্ন্তভুক্ত হয়নি, কিন্তু অনুবাদকেন্দ্রের একটি সংযুক্তি। indicative mood এ কেবলমাত্র সময়কে অর্ন্তভুক্ত করা হয়েছে।

■ “মন ফিরান” এই পদ স্পষ্টত উল্লেখ করে খ্রীষ্টিয়ানদের যারা পাপ করেই চলেছে। মন ফিরানোটাই হল চূড়ান্ত, কেবলমাত্র আরম্ভে নয় (মার্ক ১:১৫; প্রেরিত ২:৩৮,৪১; ৩:১৬,১৯; ২০:২১) কিন্তু অবিরত ভাবে (১ যোহন ১:৯)। একজন বিশ্বাসীর জন্য মন ফিরানো হল সহভাগিতা পুনরুদ্ধার, পরিত্রাণ নয়! মন ফিরানো হল নির্দিষ্ট কতগুলি আত্মিক ধাপ বা কাজের চেয়ে ঈশ্বরের ও নিজের প্রতি একটি মনোভাব। দেখুন সম্পূর্ণ নোট ২ করি ৭:৮-১১ পদ।

■ “অশুচিতা, ব্যভিচার ও লম্পটতা” আমাদের অবশ্যই মনে রাখতে হবে ঈশ্বরবিহীন, কামনাপূর্ণ সংস্কৃতি থেকে করিহের নূতন বিশ্বাসীরা বেরিয়ে এসেছিল। তারা বেড়ে উঠেছে দেবতাদের নামে অবাধ যৌনতা ও ইন্দ্রিয়সক্তির মধ্যে দিয়ে। যাই হোক, লক্ষ্য করুন যে এই পদ আরও উল্লেখ করেছে সেই সব উপায়ের যার দ্বারা খ্রীষ্টিয়ানরা তাদের জীবনে পাপের মোকাবেলা করবে-তাহল মন ফিরানো (১ যোহন ১:৯; গীত ১৯:১২-১৪)। বিশ্বাস এবং মন ফিরানো উভয়ই খ্রীষ্টিয় জীবনে প্রারম্ভিক ও চলমান আত্মিক অভিজ্ঞতা।

তালিকা প্রতিফলিত করতে পারে ভ্রান্ত শিক্ষকদের কাজ যারা জোর দিত গ্রীক বাগ্মিতার পদ্ধতিতে, যেটি ইঙ্গিত করতে পারে যে তারা এছাড়াও Gnosticism কে প্রকাশ করেছে, যেটি জ্ঞানের উপরে জোর দান করে, কিন্তু নৈতিক মানদণ্ডকে অবমূল্যায়ন করে। এই টার্মগুলি পৌলের গালা ৫:১৯ পদের মাসিক পাপের তালিকাতে অর্ন্তভুক্ত। ধার্মিকতা অবশ্যই শুচিকরণ থেকে পৃথক নয়/হতে পারে না!

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেষ্কারী, ছুড়ান্ত নয়।

৭. কেন পৌল তার নিজের বিশেষ প্রত্যাদেশ উল্লেখ করেছেন এবং তারপরে এ বিষয়ে আমাদের আর কিছু বলেন নাই?
৮. কেন দুর্বলতা ব্যবহার যোগ্যতার একটি চাবিকাঠি?
৯. ঈশ্বর কি তাঁর উদ্দেশ্য সম্পন্ন করতে মন্দতাকে ব্যবহার করেন?
১০. পৌল কেন এই মণ্ডলী থেকে অর্থ গ্রহণের বিষয়ে অত্যন্ত স্পর্শকাতর ছিলেন? (২ করি ১২:২০-২১)।

Copyright © 2013 [Bible Lessons International](http://www.biblelessons.org)

২ করিন্থীয় ১৩
(2 CORINTHIANS 13)

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
চূড়ান্ত সতর্কবানী ও শুভেচ্ছা	কর্তৃত্ব সহ আসবেন	আত্ম পরীক্ষা ও সংশোধনের আহ্বান (১২:১৯-১৩:১০)	চূড়ান্ত সতর্কবানী ও শুভেচ্ছা	পৌলের ভয় ও উদ্বেগ
১৩:১-৪	১৩:১-৬	১৩:১-৪	১৩:১-৪	১৩:১-৪
১৩:৫-১০	পৌল পরজাতিদের ১৩:৭-১০	১৩:৫-১০	১৩:৫-১০	১৩:৫-১০
১৩:১১-১২	শুভেচ্ছা এবং আশীর্বাদ ১৩:১১-১৪	উপসংহার ১৩:১১-১২	উপসংহার ১৩:১১ ১৩:১২ ^ক ১৩:১২ ^খ	উপসংহার ১৩:১১ ১৩:১২
১৩:১৩		১৩:১৩	১৩:১৩	১৩:১৩

পাঠ চক্র তিন (["A Guide to Good Bible Reading"](#) থেকে)

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

অধ্যয়নটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

- ৫২. প্রথম প্যারাগ্রাফ
- ৫৩. দ্বিতীয় প্যারাগ্রাফ
- ৫৪. তৃতীয় প্যারাগ্রাফ
- ৫৫. ইত্যাদি।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ২ করিন্থীয় ১৩:১-৪

^১ আমি এই তৃতীয় বার তোমাদের কাছে আসছি। দুই বা তিনজন সাক্ষীর কথায় সব বিষয় নিশ্চিত বলে প্রমাণিত হয়। ^২ আমি আগে বলেছিলাম দ্বিতীয় বার উপস্থিত হলে পরে, এবং যদিও এখন অনুপস্থিত আছি বলে আমি আগেই তাদের বলেছি যারা অতীতে পাপ করেছে এবং সেভাবে অন্য

সকলকে, যে আমি যখন আবার আসব তখন আমি কাউকেই রেহাই দেব না, ° কারণ খ্রীষ্ট যিনি আমার মধ্য দিয়ে কথা বলেছেন তার প্রমাণ তোমরা খুঁজছো, এবং তিনি তোমাদের পক্ষে দুর্বল নন, কিন্তু তোমাদের মধ্যে শক্তিমান। ৪ কারণ বাস্তবিক তিনি দুর্বলতার কারণে ক্রুশারোপিত হয়েছিলেন, তথাপি কিন্তু ঈশ্বরের শক্তির কারণে তিনি জীবিত আছেন। আর আমরাও তাঁতে দুর্বল, তথাপি তোমাদের প্রতি পরিচালিত ঈশ্বরের শক্তির কারণে আমরা তাঁর সাথে জীবিত থাকবো। (অনুবাদকৃত টেক্সট)।

১৩:১ “আমি এই তৃতীয় বার তোমাদের কাছে আসছি” এই দিচ্ছে লেখনীগত বিশ্বাসযোগ্যতা ১ ও ২ করিন্থীয় পত্র লেখার মধ্যবর্তী সময়ে পৌলের করিছে কষ্টদায়ক পরিদর্শন (২ করি ১২:১৪)। প্রেরিত পুস্তকে এই পরিদর্শনের কথা লিপিবদ্ধ হয়নি।

■ “সব বিষয়” এটি শুরু হয়েছে দ্বি বি ১৯:১৫ পদ থেকে উদ্ধৃতি দিয়ে (গণনা ৩৫:৩০; দ্বি বি ১৭”৬’ মথি ১৮:১৬; ১ তীম ৫:১৯), যেটি আলোচনা করে বিচারালয়ের প্রক্রিয়া। তাহলে এই অধ্যায়ে এটি কি উল্লেখ করছে? দুটি সম্ভাবনা রয়েছে।

১. এটি উল্লেখ করছে পৌলের মণ্ডলীর মূল্যায়ন। তিনি সেখানে দু’বার গিয়েছেন এবং তাদের সাথে আলোচনা করেছেন। তারা দায়িত্ববান ছিল এবং কৈফিয়ত যোগ্য হবে সত্যের শ্রোতা হিসাবে।
২. এটি মণ্ডলীর শৃংখলা উল্লেখ করে যা সম্পর্কিত মণ্ডলীর দলগুলির মধ্যে।
 - ক. ১ করি ১-৪ অধ্যায়ের বিভক্ত দলগুলি (২ করি ১২:২৯)
 - খ. একটি অনৈতিক দল (২ করি ১২:২১)
 - গ. “শ্রেষ্ঠ প্রেরিত” বা ভ্রান্ত শিক্ষক যাদের সংযোগ যিরুশালেম ও যিহূদী ধর্মের সাথে (১০-১৩ অধ্যায়, বিশেষ করে ১১:১৩-১৫)

NASB “নিশ্চিত বলে প্রমাণিত হয়”

NKJV “প্রতিষ্ঠিত হয়”

NRSV “অবশ্যই প্রচলিত হয়”

TEV “অবশ্যই সমর্থিত হয়”

NJB “আবশ্যিক হয়”

এই verb এর রূপ future passive indicative (NKJV), কিন্তু Barbara and Timothy Friberg, *Analytical Greek New Testament*, p. 573, বলেছেন এটি কাজ করছে একটি aorist passive imperative হিসাবে (NRSV, NJB)। দেখুন বিশেষ বিষয়: দাঁড়ান (*Histēmi*) ১ করি ১৫:১ পদে।

১৩:২ “যারা অতীতে পাপ করেছে এবং সেভাবে অন্য সকলকে” এটি মনে হয় দুটি দলের সাথে সম্পর্কিত। প্রথম দল “যারা অতীতে পাপ করেছে” (perfect active participle), অবশ্যই করিছেই সেই সব বিশ্বাসীদের উল্লেখ করছে যারা পৌলের কথা দু’বার শুনেছে, কিন্তু এখনও তার নেতৃত্বের প্রতি বিদ্রোহ করছে। এটা হতে পারে ১ করিন্থীয় ১-৪ অধ্যায়ে বিভক্ত দল বা একটি অনৈতিক দল (২ করি ১২:২০-২১; ১ করিন্থীয় ৫)।

এই শব্দগুচ্ছ “এবং অন্য সকলে” মনে হয় তাদের সাথে সম্পর্কিত যারা উভয়ই সময়েই উপস্থিত ছিল না, সম্ভবত যিরুশালেম থেকে ভ্রান্ত শিক্ষক ও তাদের সমর্থকেরা, যার উপরে ১০-১৩ অধ্যায়ে দৃষ্টি দিয়েছিল। যদিও উভয় দল/সব দলগুলির উপরে লক্ষ্য ছিল যে পৌল চেয়েছিলেন তারা সমস্যা মোকাবেলা করবে, কিন্তু যদি তারা না করে, তবে তিনি করবেন!

■ “যদি” এটি একটি, কিন্তু এটি “কখন” অর্থে ব্যবহৃত হয়েছে (যোহন ১৬:৭ এবং ১ যোহন ৩:২)।

■ “আমি কাউকেই রেহাই দেব না” পৌল ১ করি ৭:২৩ এবং ২ করি ১:২৩ পদে এই টার্মটি ব্যবহার করেছেন ইতিবাচক অর্থে, কিন্তু বিচার বিভাগীয় অর্থে উভয়ই এখানে এবং ২ করি ১২:৬ পদে ব্যবহৃত হয়েছে (২ করি ১০:১১)।

১৩:৩ “প্রমাণ” পরীক্ষার এই ধারণা এই প্রসঙ্গ বার বার এসেছে। দুটি গ্রীক টার্মের অন্তর্নিহিত তাৎপর্যের মধ্যে একটি স্থায়ী শব্দ কৌশল রয়েছে, *dokimazō* এবং *peirazō*।

১. ৩ পদ, প্রমাণ – *dokimē* (২ করি ২:৯; ৮:২; ৯:১৩; ১৩:৩)
২. ৫ পদ, পরীক্ষা – *peirazō* (২ করি ১৩:৫)
৩. ৫ পদ, নীরিক্ষা – *dokimazō* (২ করি ৮:৮, ২২; ১৩:৫)
৪. ৫ পদ, পরীক্ষায় ব্যর্থ – *adokimos*
৫. ৬ পদ, পরীক্ষায় ব্যর্থ হয়ো না – *adokimos*
৬. ৭ পদ, প্রমাণিত – *dokimos* (২ করি ১০:১৮)
৭. ৭ পদ, অপ্রমাণিত – *adokimos*

সম্পূর্ণ শব্দ অধ্যয়নের জন্য দেখুন বিশেষ বিষয় ১ করি ৩:১৩ পদে।

■ “খ্রীষ্ট যিনি আমার মধ্য দিয়ে কথা বলেছেন” করিছের কয়েকজন পৌলের কর্তৃত্বকে চ্যালেঞ্জ করেছিল। তারা পৌলকে “পরীক্ষা” করেছিল! ২ করি ১৩:৫ পদে পৌল তাদের “পরীক্ষা” করবেন! পৌলের মধ্যে যে খ্রীষ্ট উপস্থিত আছেন তা নিশ্চিত (২ করি ১২:১২)।

■ “দুর্বল নন” দুর্বলতা হল বিজয় লাভের ঈশ্বরীয় উপায় যেমন প্রকাশিত হয়েছে যীশুর জীবনে (২ করি ১৩:৪) এবং পৌলের জীবনে (২ করি ১০:১,১১; ১২:৯; ১৩:৯)। আত্মিক সুসম্পূর্ণতার জন্য কোন মানুষই ঈশ্বরের সামনে গৌরবান্বিত হবে না যেটি হল ঈশ্বর কে তার সরাসরি ফলাফল কিন্তু আমরা কে তা নয়। এটি হল ঈশ্বরের উৎস যেটি আত্মিক ফলাফল সুসম্পূর্ণ করে! বিশ্বাসীদের অবশ্যই তাদের প্রয়োজন ও অসহায়ত্বের মধ্যে দিয়ে তাঁর ক্ষমতাকে প্রবাহিত হবার সুযোগ দিতে হবে। দেখুন বিশেষ বিষয়: দুর্বলতা, পৃ. ৪০৬, (SPECIAL TOPIC: WEAKNESS, See page 406) ২ করি ১২:৯ পদে।

- ৩-৪ পদ হল বাগ্মিতাগত ঔদ্ধত্য দ্রাস্ত শিষ্ককদের সরাসরি বিপরিত সারমর্ম। তারা দাবী করেছিল শ্রেষ্ঠত্বের যে বিষয়ে
১. গৌষ্ঠিগত বংশধারার
 ২. ব্যক্তিগত charismatic অভিজ্ঞতার
 ৩. শ্রেষ্ঠ Sophistic, বাগ্মিতায় প্রশিক্ষণ
 ৪. ব্যক্তিগত তুলনা করে

■ “তোমাদের প্রতি. . .তোমাদের মধ্যে” এই plural “তোমাদের” দেখায় যে পৌল উল্লেখ করছেন ধর্মীয় আরাধনা সভার অভিজ্ঞতা, ব্যক্তিগত অভিজ্ঞতা নয় (২ করি ১৩:৫)। সম্ভবত TEV অনুবাদ “তোমাদের মধ্যবর্তী,” মূল বিষয়টি ধরতে পেরেছে।

১৩:৪ “ক্রুশারোপিত” পৌল বেশ কয়েকটি টার্ম ব্যবহার করেছেন যীশুর মৃত্যুকে বর্ণনা করতে:

১. মৃত্যু (রোমীয় ৫:৬ পদ থেকে কয়েকটি পদ; ৮:৩৪; ১৪:১৫; ১ করি ৮:১১; ১৫:৩; ২ করি ৫:১৫; গালা ২:২১; ১ থি ৪:১৪; ৫:১০)
২. রক্ত (রোমীয় ৩:২৫; ৫:৯; ইফি ১:৭; ২:১৩; কল ১:২০)
৩. ক্রুশ (১ করি ১:১৭-১৮; গালা ৫:১১; ৬:১২,১৪; ইফি ২:১৬; ফিলি ২:৮; কল. ১:২০; ২:১৪)
৪. ক্রুশারোপন (১ করি ১:২৩; ২:২; ২ করি ১৩:১৪; গালা ৩:১)

■ “তথাপি কিন্তু ঈশ্বরের শক্তির কারণে তিনি জীবিত আছেন” এই শব্দগুচ্ছেটি এমন যেটি প্রাথমিক মন্ডলীতে খ্রীষ্ট ধর্ম সম্বন্ধীয় অনেক দ্বন্দ্বের কারণ হয়েছে। যীশুও কি ঈশ্বর ছিলেন না? মানুষ যীশু কি জীবিত ছিলেন আলাদা ঈশ্বরের শক্তির দ্বারা (অর্থাৎ, YHWH)? কেউই একটি পদ বা নির্বাচিত পদ নিয়ে একটি পদ্ধতিগত উপলব্ধি তৈরী করতে পারে না, কিন্তু অবশ্যই সকল ধর্মতাত্ত্বিক ধারণাকে একত্র করে সাংখ্যিক ভাবে একটি সমন্বয় করার চেষ্টা করতে পারে। দেখুন বিশেষ বিষয়: একঈশ্বরবাদ ১ করি ৮:৪ পদে।

সাধারণত এই পদের টার্মতত্ত্ব ব্যবহৃত হয়েছে নিশ্চিত করতে যে পিতা ঈশ্বর, অনুমোদনের একটি কাজ হিসাবে, পুত্রকে মৃত্যু থেকে জীবিত করেছেন (থেরি ২:২৪; ৩:১৫; ৪:১০; ৫:৩০; ১০:৪০; ১৩:৩০,৩৩,৩৪,৩৭; ১৭:৩১; রোমীয় ১:৪; ৬:৪,৯; ৮:১১; ১০:৯; ১ করি ৬:১৪; ২ করি ৪:১৪; গালা ১:১; ইফি ১:২০; কল ২:১২; ১ থি ১:১০)। যদিও আরও অনুপ্রাণিত লেখনী আছে যা নিশ্চিত করে যে (১) আত্মা যীশুকে জীবিত করেছেন (রোমীয় ৮:১১) বা (২) পুত্র নিজেই জীবিত হয়ে উঠেছেন (যোহন ২:১৯-২২; ১০:১৭-১৮)।

■ “আমরাও তাঁত দুর্বল, তথাপি আমরা তাঁর সাথে জীবিত থাকবো” খ্রীষ্ট ধর্ম সম্পর্কে পৌলের উপলব্ধি ছিল বিশ্বাসীদের যীশুর জীবন, মৃত্যু, এবং পুনরুত্থানে শনাক্তকরণ। যেমন তিনি বাস করেছেন নন্দ্র, অদ্র, এবং তাঁর জীবনকে ভুল বোঝা হয়েছে, তেমন আমরাও হবো; যেমন তিনি অন্যদের সেবায় মৃত্যুবরণ করেছেন, তেমনি আমাদেরও উচিত; যেমন তিনি জীবিত হয়ে উঠেছেন, তেমন আমরাও হবো (অর্থাৎ, এখন নূতন জীবন) এবং থাকবো (অর্থাৎ, দ্বিতীয় আগমনে পুনরুত্থিত দেহে)।

এই শনাক্তকরণ ধর্মতত্ত্ব খুব স্পষ্ট রোমীয় ৬ অধ্যায়ে। পৌল রোমীয় লিখেছেন যখন তিনি করিছে আলোচনা করছিলেন। পৌলের খ্রীষ্ট ধর্মের (অর্থাৎ রোমীয়) পদ্ধতিগত উপলব্ধি গুরুত্ব লাভ করেছিল যখন তিনি এই ব্যতিক্রমী কর্মে রত মণ্ডলীর সাথে কাজ করছিলেন।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করি স্থায়ী ১৩:৫-১০

“নিজেদের পরীক্ষা করে দেখ তোমরা বিশ্বাসে আছ কি না: নিজেরাই পরীক্ষা কর! অথবা তোমরা কি নিজেদের সম্বন্ধে এটি জান না, যে খ্রীষ্ট যীশু তোমাদের মধ্যে আছেন—যদি না বাস্তবিক ভাবে তোমরা পরীক্ষায় ব্যর্থ হও? ^৬ কিন্তু আমি নির্ভর করি যে তোমরা উপলব্ধি করতে পারবে যে আমরা নিজেরা পরীক্ষায় ব্যর্থ হইনি। ^৭ এখন আমরা ঈশ্বরের কাছে প্রার্থনা করি যেন তোমরা কোন মন্দ কাজ না কর; এই জন্য নয় যে আমাদের যেন সিদ্ধ বলে দেখা যায়, কিন্তু এই জন্য যেন তোমরা যা ঠিক তা কর, এমন কি যদিও আমাদের সিদ্ধের মত দেখা না যায়। ^৮ কারণ আমরা সত্যের বিরুদ্ধে কিছুই করতে পারি না, কিন্তু কেমলমাত্র সত্যের পক্ষে পারি। ^৯ আমরা আনন্দ করি কারণ আমরা নিজেরা যখন দুর্বল কিন্তু তোমরা বলবান; আর এর জন্য প্রার্থনাও করি, যেন তোমরা পূর্ণতা প্রাপ্ত হও। ^{১০} এই কারণের জন্য আমি অনুপস্থিত থাকার সময়ে আমি এই সব লিখছি, যেন যখন উপস্থিত হবো আমার কঠোরতা ব্যবহার করার প্রয়োজন না হয়, সেই কর্তৃত্ব অনুসারে যা প্রভু আমাকে দিয়েছেন গৈথে তোমাদের জন্য কিন্তু ছিন্ন করার জন্য নয়। (অনুবাদকৃত টেক্সট)।

১৩:৫ “নিজেদের পরীক্ষা করে দেখ” এটি একটি present active imperative। এটি হল শব্দ *peirazō*, যার অর্থ “ধংস করার দৃষ্টিভঙ্গি নিয়ে পরীক্ষা করা” দেখুন সম্পূর্ণ নোট ১ করি ৩:১৩ পদে। তারা পৌলকে পরীক্ষা করেছিল; এখন তারা অবশ্যই নিজেরা নিজেদের পরীক্ষা করবে!

■ “যদি” এটি একটি first class conditional sentence, যেটি সত্য বলে ধরে নেওয়া হয়। পৌল তাদের বিশ্বাসের প্রতি সন্দেহ করছেন না, কিন্তু তাদের চ্যালেঞ্জ জানাচ্ছেন জাগরিত হতে!

■ “বিশ্বাস” গ্রীক টার্ম “বিশ্বাস” (*pistis*) ইংরাজীতে অনুবাদ হয়েছে তিনটি টার্ম দ্বারা: বিশ্বাস, বিশ্বাস করা, বা নির্ভর করা। দেখুন বিশেষ বিষয় ১ করি ২:৪ পদে। বিশ্বাস নূতন নিয়মে তিনটি অর্থে ব্যবহৃত হয়েছে: (১) ঈশ্বরের খ্রীষ্ট হিসাবে যীশুকে ব্যক্তিগত ভাবে গ্রহণ হিসাবে; (২) তাঁর জন্য বিশ্বস্ততার সাথে জীবন যাপন হিসাবে; এবং (৩) তাঁর সম্বন্ধে সত্যের দেহ হিসাবে (২ করি ১৩:৩; গালা ১:২৩; ৩:২৩-২৫)। পরিপক্ব খ্রীষ্ট ধর্মে এ তিনটি অর্থই অর্ন্তভুক্ত।

■ “নিজেদের পরীক্ষা করে দেখ” পৌল তার আদেশ পুনরুক্তি করেছেন (অর্থাৎ, আর একটি present active imperative), কিন্তু ব্যবহার করেছেন অন্য টার্ম (অর্থাৎ, *dokimazō*) পরীক্ষা করার জন্য, যেটি ইঙ্গিত দেয় অনুমোদনের দৃষ্টিভঙ্গি নিয়ে পরীক্ষা করা। দেখুন বিশেষ বিষয় ১ করি ৩:১৩ পদে।

■ “জানতে পারা” এটি হল গ্রীক টার্ম *epigniōskō* (অর্থাৎ, present active indicative), যেটি সাধারণত চিহ্নিত করে অভিজ্ঞতালব্ধ পরিপূর্ণ জ্ঞান।

■ “খ্রীষ্ট যীশু তোমাদের মধ্যে” যেমন ২ করি ১৩:৪ পদ দৃষ্টি দিয়েছে যৌথ দিকের উপরে, এই শব্দগুচ্ছ (একই preposition and plural pronoun ব্যবহার করে) উল্লেখ করতে পারে আরও ব্যক্তিগত দিক। খ্রীষ্ট নিশ্চিত ভাবে তাঁর লোকদের মধ্যে, কিন্তু তাঁর প্রতিটি লোকদেরও ভিতরে! যীশু এবং আত্মার পরিচর্যা কাজ খুব ঘনিষ্ঠ ভাবে যুক্ত যাতে প্রায়ই আত্মাকে বলা হয় খ্রীষ্টের আত্মা (রোমীয় ৮:৯; ১ পিতর ১:১১)। যীশু আরও বলেছেন যে বিশ্বাসীদের মদ্যে বাস করবেন (যোহন ১৪:২৩; রোমীয় ৮:১০; কল ১:২৭ পদ। আরও লক্ষ্য করুন মথি ২৮:২০ পদ)। দেখুন [বিশেষ বিষয়: যীশু এবং আত্মা, পৃ. ৩২৫, \(SPECIAL TOPIC: JESUS AND THE SPIRIT, See page 325\)](#) ২ করি ৩:১৭ পদে।

■ “যদি না বাস্তবিক ভাবে তোমরা পরীক্ষায় ব্যর্থ হও” এই শব্দগুচ্ছ সমান্তরাল “যদি তোমরা বিশ্বাসে থাক” এর সাথে ২ করি ১৩:৫ পদে। পৌল জোর দিয়ে বলেছেন বেশ কয়েকটি উপায়ে (অর্থাৎ, ২ করি ১৩:৫ পদে first class conditional sentence এবং *dokimazō* এর ব্যবহার) যে তিনি বিশ্বাস করেন তার পাঠকদের ও বিশ্বাসীদের, কিন্তু তাদের সকলকে নয়। ভ্রান্ত শিক্ষকদের শর্ত ছিল যে তারা খ্রীষ্টকে জানে না (দেখুন [বিশেষ বিষয়: ধর্মত্যাগ \(APHISTĒMI\)](#), পৃ. ১১৯, [\(SPECIAL TOPIC: APOSTASY \(APHISTĒMI\), See page 119\)](#)) ১ করি ৬:৯ পদে)। এই বাক্যাংশ তাদের সাথে সম্পর্কযুক্ত।

এই বাক্যাংশ পাপপূর্ণ বিশ্বাসীদের সাথে সম্পর্কযুক্ত নয় কারণ পৌল তাদের ২ করি ১২:২০-২১ পদে বলেছেন। তাদের দরকার ছিল মন ফিরোনোর, কিন্তু ভ্রান্ত শিক্ষকদের দরকার ছিল খ্রীষ্টকে (মথি ৭)।

পৌল এই একই টার্ম ব্যবহার করেছেন ১ করি ৯:২৭ পদে এই কারণে যে কেন তিনি নিজেকে ঈশ্বরের অধীনে রাখার জন্য সংগ্রাম করছেন। পৌল চাননি “অযোগ্য” প্রত্যাখ্যাত হতে। বিশ্বাসীদের চ্যালেঞ্জ জানানো হয়েছে তাদের নিজেদের পরীক্ষা করতে (ফিলি ২:১২)।

১৩:৬ পৌল জোর দিয়ে বলেছেন যে তিনি এবং তার সাহায্যকারীরা পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে (অর্থাৎ, মেকি নয়, *adokimos*, ২ করি ১৩:৭), বিশেষ করে করিচের মণ্ডলীর সাথে সম্পর্কে। যদি তাদের মধ্যে বাসকারী খ্রীষ্ট থাকতেন, তাহলে পৌলের পরিচর্যা কার্যকর হয়েছিল।

১৩:৭ এই অর্থে একটি সবল, একনিষ্ঠ করিচীয় মণ্ডলী নিশ্চিত করবে পৌলের নেতৃত্ব ও প্রেরিতিক প্রত্যয়নকে। তিনি অধিক উদ্বিগ্ন ছিলেন যে তারা যেটা ঠিক ও উপযুক্ত সেটা করবে সুসমাচার ও ঈশ্বরের কারণে, কেবলমাত্র পৌলের প্রত্যয়নকে দেখাবে না বা তার নেতৃত্বকে নিশ্চিত করবে না (২ করি ১৩:৯)।

■ “প্রমাণিত. . .অপ্রমাণিত” পৌল *dokimos* এবং *adokimos* এর উপরে তার শব্দের কৌশল চালিয়ে যাচ্ছেন।

১৩:৮ এই প্রসঙ্গে সত্য ব্যক্তি হিসাবে (অর্থাৎ, যীশু মশীহ), বার্তা হিসাবে (অর্থাৎ, যীশু বিষয়ক সুসমাচার), এবং একটি জীবন পদ্ধতি হিসাবে (অর্থাৎ, যীশুর জীবনকে অনুকরণ করা) সুসমাচারকে উল্লেখ করছে।

বিশেষ বিষয়: পৌলের লেখনীতে “সত্য” (SPECIAL TOPIC: “TRUTH” IN PAUL’S WRITINGS)

পৌলের এই টার্মের ব্যবহার করেছেন এবং এর সম্পর্কযুক্ত গঠন এসেছে পুরাতন নিয়মের সমমান *emet* থেকে, যার অর্থ নির্ভরযোগ্য বা বিশ্বস্ত (BDB 53; দেখুন বিশেষ বিষয়: পুরাতন নিয়মে বিশ্বাস করা, নির্ভরতা, বিশ্বাস, এবং বিশ্বস্ততা)। আন্ত-বাইবেল ভিত্তিক যিহুদী লেখনীতে এটি ব্যবহৃত হয়েছিল মিথ্যার তুলনায় সত্য বুঝাতে। হতে পারে যে সবচেয়ে ঘনিষ্ঠ সমান্তরাল হবে মরু সাগরের পুঁথির “ধন্যবাদ জ্ঞাপক সমবেত গান,” যেখানে এটি ব্যবহৃত হয়েছে প্রকাশিত মতবাদ বোঝাতে। এসেনি সম্প্রদায়ের সদস্যরা হয়েছিল “সত্যের সাক্ষি।”

পৌল এই টার্ম যীশু খ্রীষ্টের সুসমাচার উল্লেখের একটি উপায় হিসাবে ব্যবহার করেছেন।

১. রোমীয় ১:১৮, ২৫; ২:৮, ২০; ৩:৭; ১৫:৮

২. ১ করিন্থীয় ১৩:৬
৩. ২ করিন্থীয় ৪:২; ৬:৭; ১১:১০; ১৩:৮
৪. গালাতীয় ২:৫,১৪; ৫:৭
৫. ইফিসীয় ১:১৩; ৬:১৪
৬. কলসীয় ১:৫,৬
৭. ২ থিমথলনীকীয় ২:১০,১২,১৩
৮. ১ তীমথিয় ২:৪; ৩:১৫; ৪:৩; ৬:৫
৯. ২ তীমথিয় ২:১৫,১৮,২৫; ৩:৭,৮; ৪:৪
১০. তীত ১:১,১৪

পৌল এছাড়াও এই টার্ম তার সঠিক ভাবে/সত্যবাদিতায় বক্তব্য প্রকাশের একটি উপায় হিসাবে ব্যবহার করেছেন

১. প্রেরিত ২৬:২৫
২. রোমীয় ৯:১
৩. ২ করিন্থীয় ৭:১৪; ১২:৬
৪. ইফিসীয় ৪:২৫
৫. ফিলিপীয় ১:১৮
৬. ১ তীমথিয় ২:৭

তিনি এছাড়াও এটি ১ করি ৫:৮ পদে তার উদ্দেশ্য এবং ইফি ৪:২৪; ৫:৯; ফিলি ৪:৮ পদে জীবন-পদ্ধতি (এছাড়াও সকল খ্রীষ্টিয়ানের জন্য) বর্ণনায় ব্যবহার করেছেন। তিনি মাঝে মাঝে এটি সকল লোকের জন্য ব্যবহার করেছেন।

১. ঈশ্বর, রোমীয় ৩:৪ যোহন ৩:৩৩; ১৭:১৭)
২. যীশু, ইফি ৪:২১(যোহন ১৪:৬ পদের মত একই রকম)
৩. প্রৈরিতিক সাক্ষী, তীত ১:১৩
৪. পৌল, ১ করি ৬:৮

পৌল কেবলমাত্র গালা ৪:১৬ এবং ইফি ৪:১৫ পদে verb রূপ (অর্থাৎ, *alētheuō*) ব্যবহার করেছেন, যেখানে এটি উল্লেখ করে সুসমাচার। আরও অধিক অধ্যয়নের জন্য পরামর্শ নিন Colin Brown (ed), *The New International Dictionary of New Testament Theology*, vol. 3, pp. 784-902।

Copyright © 2014 [Bible Lessons International](http://www.biblelessons.org)

১৩:৯ “আমরা আনন্দ করি কারণ আমরা নিজেরা যখন দুর্বল কিন্তু তোমরা বলবান” এটি হল পৌলের স্ববিরোধিতা। তিনি জানতেন যে মানুষের দুর্বলতার মধ্যে দিয়ে আত্মিক শক্তি অবমুক্ত হয় (২ করি ১২:১০; ১৩:৪)। সেজন্য, তিনি দুর্বল থাকতেই চেয়েছেন। যদিও, করিন্থীয় মণ্ডলীর সবল হবার জন্য, অবশ্যই দুর্বল হয়েছেন। লোকে যেভাবে জীবনকে মূল্যায়ন করে এটি ঠিক তার বিপরিত। ভ্রান্ত শিক্ষকেরা জোর দিয়ে বলতেন শিক্ষা, ভংশধারা, অভিজ্ঞতার মাধ্যমে সবলতা আসে, কিন্তু পৌল জোর দিতেন খ্রীষ্টের উদাহরণের মাধ্যমে (২ করি ১৩:৪)।

■ “যেন তোমরা পূর্ণতা প্রাপ্ত হও” এই টার্মের noun এর রূপ নূতন নিয়মে কেবলমাত্র এখানে পাওয়া যায়। verb এর অর্থ “একত্রে গ্রথিত হওয়া।” পৌল verb এর রূপ ব্যবহার করেছেন ১ করি ১:১০ পদে, যেটি করিন্থীয় মণ্ডলীকে আহবান জানিয়েছে এর দলাদলি বিভাগ শেষ করতে। এখন ২ করিন্থীয় পত্রের শেষে তিনি আবার সেই আদেশে ফিরে যাচ্ছেন (অর্থাৎ, একতা যার ফলাফল আত্মিক পর্যাণ্ডতায়)।

Louw and Nida, *Greek-English Lexicon of the New Testament*, vol. 1, p. 680, জোর দিয়ে বলেছেন যে *artios* (অর্থাৎ, সম্পূর্ণ, পর্যাণ্ড, নির্দিষ্ট কাজের জন্য পরিপূর্ণ ভাবে সজ্জিত), এর সকল ভিন্ন ভিন্ন prepositional compounds সহ (অর্থাৎ, *epi* এবং *kata*), সবগুলিই একই অর্থবোধক (লুক ৬:৪০; ২ করি ১৩:৯,১১; ইফি ৪:১২; ২ তীম ৩:১৭)।

পৌল চাইতেন করিছে একটি সক্রিয়, একতাবদ্ধ, ভালবাসায় পূর্ণ মণ্ডলী (২ করি ১৩:১১)। এগুলি এখানে হতে গেলে অবশ্যই দরকার হবে ক্ষমশীলতা, পূনর্মিলন, এবং মণ্ডলীর শৃংখলা (গালা ৬:১)।

১৩:১০ পৌল করিছে আর একটি যাতনাময় পরিদর্শন চাইতেন না (২ করি ২:৩-৪)। তিনি চাইতেন না তার প্রৈরিতিক কর্তৃত্বে ঢেকে সেখানে যেতে, করং পিতামাতার মত ভালবাসায়। যদিও, মণ্ডলীর সাড়া প্রদান নির্ভর করতো কিভাবে তিনি কাজ করবেন।

■ “সেই কর্তৃত্ব অনুসারে যা প্রভু আমাকে দিয়েছেন” এই একই শব্দগুচ্ছ দেখা যায় ২ করি ১০:৮ পদে। এই প্রৈরিতিক কর্তৃত্ব, ব্যক্তিগত উপস্থিতিতে না হয় বহুদূরের (১ করি ৫:৪) খ্রীষ্টের কর্তৃত্ব থেকে আসা (২ করি ১২:১৯; ১৩:৩)। এই কর্তৃত্ব পৌলকে দেওয়া হয়েছিল দন্মেশকের পথের ঘটনায় (প্রেরিত ৯:২২,২৬)।

■ “গেঁথে তোলা” দেখুন বিশেষ বিষয়:উৎকর্ষ সাধন ১ করি ৮:১ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করিন্থীয় ১৩:১১-১৩

^{১১} অবশেষে, ভাইয়েরা, আনন্দ কর, পরিপূর্ণ হও, সাজনা প্রাপ্ত হও, এক মনা হও, শান্তিতে বাস কর; আর প্রেমের ও শান্তির ঈশ্বর তোমাদের সঙ্গে সঙ্গে থাকবেন। ^{১২} পবিত্র চুম্বনে একে অন্যকে শুভেচ্ছা জানাও। ^{১৩} পবিত্রগণ তোমাদের শুভেচ্ছা জানাচ্ছে। (অনুবাদকৃত টেক্সট)।

১৩:১১ “অবশেষে” আক্ষরিক ভাবে এটি হল “বাকিটুকুর জন্য” (গালা ৬:১৭)। এটি হল পৌলের বৈশিষ্ট্যময় উপসংহারের শব্দগুচ্ছ (ইফি ৬:১০; ফিলি ৩:১; ৪:৮; ২ থি ৩:১)। এটি সাধারণত শেষের দিকে এগিয়ে যাওয়ার একটি মোড়।

■ “ভাইয়েরা” কি সুন্দর ও সাজনাজনক উপায় একটি সমস্যাপূর্ণ মণ্ডলীর কাছে লেখা কঠিন পত্রের সমাপ্তি। এটি আরও কাজ করছে একটি সাহিত্য যন্ত্রের মত যেটি সংকেত দিচ্ছে একটি নূতন বিষয়ের দিকে মোড় নেবার।

■ এখানে ধারাবাহিক পাঁচটি present imperatives।

১. “আনন্দ কর” (present active imperative)। পৌল প্রায়ই এই টার্ম ব্যবহার করেছেন ২ করিছীয়তে (২ করি ২:৩; ৬:১০; ৭:৭,৯,১৩, ১৬; ১৩:৯,১১)। এই টার্মের অর্থ হতে পারে “বিদায়” (ফিলি ৩:১; ৪:৪), কিন্তু এটি ধারাবাহিক imperatives এর সঙ্গে খাপ খায় না।
২. “পরিপূর্ণ হও” (present passive imperative)। এটি বলছে একতা ও সেবার কথা (৯ পদ)।
৩. “সাজনা পাও” (present passive imperative)। পৌল প্রায়ই ২ করিছীয়তে এই টার্ম ব্যবহার করেছেন (২ করি ১:৪,৬; ২:৭,৮; ৫:২০; ৬:১; ৭:৬,৭,১৩; ৮:৬; ৯:৫; ১০:১; ১২:৮,১৮; ১৩:১১)।
৪. “এক মনা হও” (present active imperative)। এই গ্রীক টার্মের অনেক তাৎপর্য রয়েছে (Louw and Nida, vol. 2, p. 259), কিন্তু এই প্রসঙ্গে এটি “পরিপূর্ণ হও” এর সাথে সমান্তরাল। এটি উল্লেখ করছে সুসমাচারের স্বার্থে এক হওয়ার। এটি জোর দিয়ে বলছে না যে বিশ্বাসীদের অবশ্যই সকল বিষয়ে একমত হতে হবে, কিন্তু এই যে তারা অবশ্যই দ্বিমত পোষণ করবে ভালবাসায় এবং তাতে সুসমাচার সব সময়ই ব্যক্তিগত মতামত বা সমর্থনের উর্দে থাকবে!
৫. “শান্তিতে বাস কর” (present active imperative)। এটি নিশ্চিত ভাবে প্রতিফলিত করছে ১ করিছীয় ১০-১৩ অধ্যায়। এটি অনিশ্চিত যে কিভাবে এই সমস্যা সম্পর্কযুক্ত, কিন্তু উভয়ই অনৈক্যতার ও বিতর্কের কারণ হয়েছে। পৌল আদেশ করেছেন শান্তি, আপোষের দ্বারা নয়, কিন্তু খ্রীষ্টসাদৃশ্যতার দ্বারা। শান্তির ঈশ্বর (২ করি ১৩:১১) আমাদের দুর্বলতায় আমাদের সাহায্য করবেন!

■ “প্রেমের ও শান্তির ঈশ্বর” YHWH এর জন্য কি চমৎকার বর্ণনামূলক উপাধি। YHWH প্রায়ই “শান্তি”এর সাথে যুক্ত (রোমীয় ১৫:৩৩; ১৬:২০; ১ করি ১৪:৩৩; ফিলি ৪:৯; ১ থি ৫:২৩; ইব্রীয় ১৩:২০)। তাঁকে বলা হয়েছে ২ থি ৩:১৬ পদে “শান্তির প্রভু।” ভালবাসা ও শান্তি উভয়ই উল্লেখিত হয়েছে ইফি ৬:২৩ পদে।

বিশ্বাসীদের অবশ্যই এই বৈশিষ্ট্যগুলি অনুকরণ করতে হবে তাদের একজনের সাথে অন্যের সম্পর্কের মধ্যে।

১৩:১২ “শুভেচ্ছা” এটি অনুবাদ হতে পারে “বিদায়ের প্রস্তাব” (প্রেরিত ২০:১; ২১:৬)। এটি গ্রহণ করা ও সহভাগিতার মনোভাব প্রকাশ করে। এর বিপরিত মনোভাব প্রকাশিত হয়েছে মথি ৫:৪৭ পদে।

কেবলমাত্র একটি মন্তব্য শেষ দুটি পদের সংখ্যা নির্ণয় সম্বন্ধে। কোন কোন ইংরাজী অনুবাদ ২ করি ১৩:১২-১৩ পদকে সমন্বয় করেছে (TEV, NJB, RSV, NRSV), অন্যদিকে অন্যরা এক দুটি পদে ভাগ করেছেন (KJV, NKJV, NASB, NIV)।

■ “পবিত্র চুম্বন” এই প্রথা (অর্থাৎ, পরিবারের সদস্য ও বন্ধুদের মধ্যে) পরবর্তীতে বন্ধ হয়ে যায় পৌত্তলিকদের ভুল বোঝার কারণে (অর্থাৎ, যৌন উত্তেজক চুম্বন)। প্রাথমিক মন্ডলীতে পুরুষ পুরুষকে এবং মহিলা মহিলাকে চুম্বন করতো (অর্থাৎ, সমাজগৃহের প্রথা অনুসরণ করা, রোমীয় ১৬:১৬; ১ করি ১৬:২০; ১ থি ৫:২৬)। দেখুন নোট ১ করি ১৬:২০ পদে।

এটি একটি imperative। এর অর্থ কি যে খ্রীষ্টিয়ানেরা অবশ্যই একটি নির্দিষ্ট নিয়মে একজন অন্যকে চুম্বন করবে? এখানে একটি ভাল উদাহরণ যে কিভাবে সংস্কৃতি ও ববিষ্যৎ পরিস্থিতি অবশ্যই ব্যাখ্যাকে প্রভাবিত করে। রূপটি কোন বিষয় নয়, কিন্তু মনোভাব। বিশ্বাসীরা হল একটি পরিবার।

১৩:১৩ “পবিত্র গণ” এই শব্দগুচ্ছ উল্লেখ করছে কেবলমাত্র পৌল ও তার প্রচার দরকে নয়, কিন্তু “পবিত্র গণ” কে (অর্থাৎ, পৌলের অন্যান্য মণ্ডলীর সকলে)। এখানে করিছীয় মণ্ডলী ও ও এই অন্যান্য মণ্ডলীর মধ্যে একটি উত্তেজনা ছিল। এই মণ্ডলীর মধ্যে শ্রেষ্ঠত্বের বিষয় নিয়ে উত্তেজনা ছিল। পৌল এই বিষয় বেশ কয়েকবার উল্লেখ করেছেন সকল মণ্ডলীকে একই মানদণ্ডের শিক্ষা দিয়েছেন (১ করি ৪:১৭; ৭:১৭; ১১:১৬,৩৪; ১৪:৩৩)। করিছ অবশ্যই এই পরিবারের একটি অংশ হবে, সুযোগ নয়, উচ্চ স্তরের সদস্য। দেখুন বিশেষ বিষয়: পবিত্র গণ, পৃ..২৭, (SPECIAL TOPIC: SAINTS, See page 27) ১ করি ১:২ পদে।

কাদের বর্তমান সমস্যায়, পৌলের দ্বারা শুরু হওয়া সকল মন্ডলী তাদের শুভেচ্ছা পাঠিয়েছে, যেটি ইঙ্গিত দেয় সহভাগিতা, উদ্বেগ, সহযোগিতা, প্রার্থনা এবং গ্রহণ করা।

NASB (আপডেটেড) টেক্সট: ২ করিছীয় ১৩:১৪

^{১৪} প্রভু যীশু খ্রীষ্টের অনুগ্রহ, ঈশ্বরের ভালবাসা, এবং পবিত্র আত্মার সহভাগিতা তোমাদের সকলের সহবর্তী হোক। (অনুবাদকৃত টেক্সট)।

১৩:১৪ পৌল সব সময়ই তার চিঠি শেষ করতে প্রার্থনা বা আশীর্বচনের দ্বারা, কিন্তু এই চিঠিটি অদ্বিতীয়। এটি সমন্বিত ঈশ্বরের চরিত্রের তিনটি দিক সাথে ত্রিভূত তিন ব্যক্তি। এটি আরও অসাধারণ যে যীশু প্রথমে উল্লেখিত হয়েছেন। “ত্রিভূত” জন্য সম্পূর্ণ নোটের জন্য দেখুন বিশেষ বিষয় ১ করি ২:১০ পদে।

ঈশ্বরের তিনটি দিক: অনুগ্রহ, ভালবাসা, এবং সহভাগিতা, এগুলি করিছের “সকল” বিশ্বাসীদের জন্য। এটি হল প্রার্থনার সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ। পৌল বিশ্বাসীদের মধ্যে একতার পুনরুদ্ধার করতে চেয়েছেন তথাপি চিনতে পেরেছেন এবং প্রত্যাখ্যান করেছেন ভ্রান্ত বিশ্বাসীদের।

পৌল একজন অনুলিপিকার ব্যবহার করেছেন এই চিঠিটি লিখতে, কিন্তু সম্ভবত নিজের হাতে কলম তুলে নিয়েছিলেন ব্যক্তিগত ভাবে শেষ প্রার্থনাটি লিখতে (২ থিম ৩:১৭)। পৌল এই মণ্ডলীকে ভালবাসতেন!

■ “পবিত্র আত্মার সহভাগিতা” দেখুন বিশেষ বিষয় ১ করি ১:৯ এবং ১২:১১ পদে।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেষ্কারী, চূড়ান্ত নয়।

১১. কিভাবে বিশ্বাসীরা নিজেদের পরীক্ষা করবে?
১২. কেন পৌল ১১-১৩ অধ্যায়ে প্রায়ই তার দুর্বলতা সম্পর্কে বলেছেন?
১৩. কষ্টসহিষ্ণুতা কিভাবে নিশ্চয়তার সাথে সম্পর্কিত?
১৪. কিভাবে ঈশ্বর একই সময়ে এক এবং তিন হতে পারেন?

Copyright © 2013 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

গ্রীক ব্যাকরণগত টার্মের সংক্ষিপ্ত সংজ্ঞা (BRIEF DEFINITIONS OF GREEK GRAMMATICAL TERMS)

Koine গ্রীক, যাকে প্রায় সময়ই Hellenistic গ্রীক বলা হয়, যেটি ছিল ভূমধ্যসাগরীয় অঞ্চলের সাধারণ ভাষা যার শুরু হয়েছিল মহান আলেকজান্ডারের (৩৩৬-৩২৩ খ্রী. পূ.) বিজয় দিয়ে এবং প্রায় আটশত বছর (খ্রী.পূ. ৩০০ থেকে ৫০০ খ্রীষ্টাব্দ) পর্যন্ত টিকে ছিল। এটা শুধু একটি সহজবোধ্য, ক্লাসিক্যাল গ্রীক ছিল না, কিন্তু নানা দিক দিয়ে একটি নতুন গ্রীক রূপ ছিল যা প্রাচীন নিকট প্রাচ্য এবং ভূমধ্যসাগরীয় অঞ্চলের দ্বিতীয় ভাষা হয়ে উঠেছিল।

নতুন নিয়মের গ্রীক ভাষা কিছু কিছু দিক দিয়ে অনন্য ছিল কারণ এর ব্যবহারকারীরা, লুক এবং ইব্রীয় পুস্তকের লেখক ছাড়া, সম্ভবত অরামীয় ভাষা তাদের প্রাথমিক ভাষা হিসেবে ব্যবহার করেছেন। সেজন্য, তাদের লেখনী প্রভাবিত হয়েছিল অরামীয় বাগধারা ও কাঠামোগত রূপ দ্বারা। তাছাড়া তারা পড়েছেন এবং উদ্ভূতি করেছেন সেপ্টুয়াজিন্ট (পুরাতন নিয়মের গ্রীক অনুবাদ) থেকে যা একইভাবে Koine গ্রীকে লেখা হয়েছিল। কিন্তু একই ভাবে সেপ্টুয়াজিন্ট লিখেছেন যিহুদী পণ্ডিতেরা যাদের মাতৃভাষা গ্রীক ছিল না।

এটা আমাদের কাছে একটি মনে রাখার মত কাজ করে যে আমরা নতুন নিয়মকে কখনো কঠোর ব্যাকরণের কাঠামোর মধ্যে ঠেলে দিতে পারি না। এটি অনন্য এবং তথাপি এর সাথে অনেক মিল রয়েছে (১) সেপ্টুয়াজিন্ট; (২) যিহুদীদের লেখা যেমন যোষেফাসের লেখাসমূহ; এবং (৩) মিশরের পাওয়া papyri (প্যাপিরাসের পাতায় লেখা)। কিভাবে আমরা এখন নতুন নিয়মের ব্যাকরণগত বিশ্লেষণে অগ্রসর হবো?

Koine গ্রীক এবং নতুন নিয়মের Koine গ্রীকের ব্যাকরণগত বৈশিষ্ট্য হল সাবলীল। অনেক উপায়ে এটি ছিল ব্যাকরণ সহজবোধ্য করার সময়। প্রেক্ষাপট হবে আমাদের প্রধান সহায়ক। শব্দসমূহের অর্থ শুধুমাত্র বৃহত্তর প্রেক্ষাপটে হয়, সেহেতু ব্যাকরণগত গঠন কেবলমাত্র (১) নির্দিষ্ট লেখকের দ্বারা এবং (২) একটি নির্দিষ্ট প্রেক্ষাপটের আলোকে বুঝতে পারা যাবে। গ্রীক রীতি এবং গঠনের কোন অকাত্য সংজ্ঞা করা সম্ভব নয়।

Koine গ্রীক ছিল প্রধানত কথ্য বা চলিত ভাষা। প্রায় সময়ই ব্যাখ্যার জন্য মূল চাবিকাঠি হল প্রকৃতি এবং কথ্য ভাষার রূপ। প্রায় সব প্রধান বাক্যাংশে verb প্রথমে আসবে, এর অগ্রগণ্যতা দেখাবার জন্য। গ্রীক verb এর বিশ্লেষণ করার সময় তিনটি তথ্য উল্লেখ করা আবশ্যিক: (১) TENSE, VOICE, এবং MOOD (আকস্মিক অথবা বস্তুর গঠন সম্বন্ধিয়ার) মৌলিক গুরুত্ব; (২) বিশেষ verb এর মৌলিক অর্থ (lexicography); এবং (৩) প্রসঙ্গের প্রবাহ (বাক্য-বিন্যাস/শব্দ-বিন্যাস (syntax))।

I. TENSE

ক. Tense বা দৃষ্টিভঙ্গির সঙ্গে সেই verb এর ক্রিয়াপদের সমাপ্ত বা অসমাপ্ত কাজ সম্পর্কযুক্ত। একে প্রায়ই বলা হয় “perfective” এবং “imperfective।”

১. Perfective tense দৃষ্টি দেয় কোন কাজ ঘটলে। কিছু ঘটেছে এটা ছাড়া আর কোন তথ্য দেওয়া হয় না! এর শুরু, ধারাবাহিকতা বা সীমা উল্লেখ করা হয় না।

২. Imperfective tense দৃষ্টি দেয় কোন কাজের ধারাবাহিকতার উপরে। এটা একই রকম কাজ, নির্দিষ্ট কাজ, প্রগতিশীল কাজ ইত্যাদি হিসাবে বর্ণনা করা যেতে পারে।

খ. Tenses কে শ্রেণী ভাগ করা যায় লেখক যেভাবে কাজকে চলমান হতে দেখেন

১. এটা ঘটেছে = aorist

২. এটা ঘটেছে এবং ফলাফল মেনে নেওয়া = perfect

৩. অতীতে ঘটেছিল এবং ফলাফল স্থায়ী ছিল, কিন্তু এখন নাই = pluperfect

৪. এটা ঘটছিল = present

৫. এটা ঘটেছিল = imperfect

৬. এটা ঘটবে = future

এই tense অনুবাদে সাহায্য করবে তার একটি শব্দ/বাস্তব উদাহরণ হবে সম্ভবত “পরিব্রাণ” টার্মটি। একে বিভিন্ন tenses এ ব্যবহার করে দেখানো হয়েছে এর প্রক্রিয়া এবং সীমা:

১. aorist - “রক্ষা প্রাপ্ত” (রোমীয় ৮:২৪)

২. perfect - “রক্ষা পেয়েছে এবং ফল বর্তমান রয়েছে” (ইফিষীয় ২: ৫, ৮)

৩. present - “পরিব্রাণ করা হয়েছে” (১ করি ১:১৮; ১৫:২)

৪. future - “পরিব্রাণ করা হবে” (রোমীয় ৫:৯, ১০; ১০:৯)

গ. verb tense কে লক্ষ্য করে, অনুবাদকরণ মূল লেখক একটি নির্দিষ্ট tense এ কি প্রকাশ করতে চেয়েছেন তা খোঁজ করেন। “কোন অলংকরণ ছাড়া” মানদণ্ডের tens ছিল aorist। এটা ছিল নিয়মিত “অনির্দিষ্ট,” “অচিহ্নিত,” বা “অক্ষুন্ন” verb এর রূপ। একে বিভিন্ন উপায়ে ব্যাপক ভাবে ব্যবহার করা যেতে পারে যেটি প্রসঙ্গ অবশ্যই উল্লেখ করবে। এটা সহজে বলছে যে কিছু ঘটেছে। অতীত সময়ের দৃষ্টিভঙ্গির লক্ষ্য হল indicative mood। যদি অন্য কোন tense ব্যবহার করা হয়, তবে সুনির্দিষ্ট কোন কিছু উপর অনেক গুরুত্ব দেওয়া হয়েছে। কিন্তু কি?

১. perfect tense । এখানে একটি সম্পাদিত কাজের কথা বলে যার ফল এখনো রয়েছে । কোন কোন দিক দিয়ে এটি ছিল aorist এবং present tense এর সমন্বয় । সাধারণত এর লক্ষ্য হল বিদ্যমান ফলের উপর বা একটি কাজের সম্পাদানের উপর । (উদাহরণ: ইফি ২:৫ ও ৮ পদ, “তোমাদেরকে উদ্ধার করা হয়েছে এবং করা হচ্ছে”) ।
২. pluperfect tense । এটা অনেকটা perfect ব্যতিক্রম হল এর ফল এখন আর বিদ্যমান নেই । উদাহরণ: যোহন ১৮:১৬ “পিতর বাহিরের দরজায় দাড়িয়ে ছিলেন ।”
৩. present tense । এখানে বলা হয় একটি অসম্পাদিত বা অসম্পূর্ণ কাজ । এর লক্ষ্য সাধারণত ঘটনার চলমানতা । উদাহরণ: ১ যোহন ৩:৬ ও ৯ পদ, “যারা তাঁর মধ্যে রয়েছে তারা পাপ করে না,” “যারা ঈশ্বর থেকে জাত তারা পাপ করে না ।”
৪. imperfect tense । এই কালের সঙ্গে present tense এর সম্পর্ক perfect এবং pluperfect এর মধ্যে সম্পর্কের অনুরূপ । imperfect বলে একটি অসম্পূর্ণ কাজ যা ঘটছিল কিন্তু এখন থেমে গেছে বা অতীতে শুরু হওয়া কোন কাজ । উদাহরণ: মথি ৩:৫, “তখন সমস্ত যিরূশালেমের লোক তাঁর কাছে যাওয়া শুরু করল” বা “তখন যিরূশালেমের লোক তাঁর কাছে গেল ।”
৫. future tense । এখানে একটি কাজের কথা বলা হয় যা সাধারণত ভবিষ্যৎ সময়কালের জন্য পরিকল্পিত থাকে । এটা একটি ঘটনা ঘটান চেয়ে ঘটনা ঘটান সম্ভাব্যতার দিতে লক্ষ্য করে থাকে । এটি প্রায়ই ঘটনার নিশ্চয়তা নিয়ে কথা বলে । উদাহরণ: মথি ৫:৪-৯, “ধনা তারা...যারা... ।”

II. VOICE

- ক. VOICE বর্ণনা করে verb কাজ এবং subject এর সঙ্গে এর সম্পর্ক ।
- খ. Active voice হল সাধারণ, প্রত্যাশিত, গুরুত্বপূর্ণহীন উপায়ে চেষ্টা করা যে subject verb এর কাজটি করছিল ।
- গ. passive voice অর্থ হল যে subject বহিষ্কৃত মাধ্যমে উৎপন্ন verb এর ফল লাভ করছেন । বহিষ্কৃত মাধ্যমে কাজ উৎপন্ন হচ্ছে এর ইঙ্গিত গ্রীক নূতন নিয়মে পরবর্তীতে উল্লেখিত PREPOSITIONS এবং cases পাওয়া যায়:
 ১. এটি ব্যক্তিগত সরাসরি মাধ্যম *hupo* ablative case সাথে (মথি ১:২২; প্রেরিত ২২:৩০)
 ২. একটি ব্যক্তিগত অন্তর্বর্তী মাধ্যম *dia* ablative case সাথে (মথি ১:২২)
 ৩. একটি নিরপেক্ষ মাধ্যম সাধারণত *en* instrumental case এর সাথে ।
 ৪. মাঝে মাঝে একাই এটি হয় ব্যক্তিগত না হয় নিরপেক্ষ মাধ্যম instrumental case -এ ।
- ঘ. middle voice অর্থ হল subject verb এর কাজ উৎপন্ন করেন এবং সেই সাথে verb এর কাজের সাথে সরাসরি যুক্ত থাকেন । এটাকে প্রায়ই বলা হয় ব্যক্তিগত আগ্রহে উচ্চতর voice । এর গঠন বাক্যাংশের subject এর উপরে গুরুত্ব দেয় অথবা কোন না কোন ভাবে বাক্যের উপরে । এই গঠন ইংরাজীতে পাওয়া যায় না । গ্রীকে এর সম্ভাব্য অনেক অর্থ এবং অনুবাদ রয়েছে । এই রূপের কিছু উদাহরণ হল:
 ১. reflexive - এর উপর subject এর সরাসরি কাজ । উদাহরণ: মথি ২৭:৫, “আত্মহত্যা করলো ।”
 ২. intensive - subject এর জন্য নিজে কাজ উৎপন্ন করেন । উদাহরণ: ২ করি ১১:১৪, “শয়তান নিজেকে বদলে ফেলে একজন আলোর দূত হিসাবে ।”
 ৩. reciprocal- দুটি subjects এর মধ্যে পারস্পরিক ক্রিয়া । উদাহরণ: মথি ২৬:৪, “তারা একে অন্যের সাথে আলোচনা করলেন ।”

III. MOOD (ev “MODE”)

- ক. Koine গ্রীকে চার ধরণের mood রয়েছে । তারা বাস্তবতার সাথে verb এর সম্পর্ক উল্লেখ করে, অন্তত লেখকের নিজের মনের সাথে সম্পর্ক । mood দুটি বড় ভাগে বিভক্ত: যা নির্দেশ করে বাস্তবতা (indicative) এবং যা নির্দেশ করে সম্ভাবনা (subjunctive, imperative and optative) ।
- খ. indicative mood হল সাধারণ mood যা প্রকাশ করে কি ঘটেছে বা ঘটছে, অন্তত লেখকের মনে । এটিই গ্রীকে একমাত্র mood যা প্রকাশ করে একটি নির্দিষ্ট সময় এবং এমনকি এখানে দৃষ্টিভঙ্গি হচ্ছে গৌণ ।
- গ. subjunctive mood প্রকাশ করে ভবিষ্যতে ঘটা সম্ভাব্য ঘটনার কথা । যা এখনও ঘটেনি কিন্তু ঘটান সম্ভাবনা আছে । এটা সাথে future indicative এর বেশ মিল রয়েছে । ভিন্নতা হচ্ছে subjunctive কিছু সন্দেহ প্রকাশ করে থাকে । ইংরাজীতে একে সাধারণত প্রকাশ করা হয় “could,” “would,” “may,” বা “might” দিয়ে ।
- ঘ. optative mood একটি ইচ্ছা প্রকাশ করে যা তাত্ত্বিক দিক থেকে সম্ভব । এটা বিবেচিত হয় subjunctive এর চেয়ে বাস্তবতার এক ধাপ দূরত্বের । optative প্রকাশ করে একটি নির্দিষ্ট পরিবেশে সম্ভাবনা । optative নূতন নিয়মে ছিল না বললেই চলে । এর সবচেয়ে বেশী ব্যবহার পৌলের বিখ্যাত শব্দগুচ্ছে “এটা কখনো হতে পারে না” (KJV, “ঈশ্বর নিষিদ্ধ”), পনেরো বার ব্যবহার করা হয়েছে (রোমীয় ৩:৪, ৬, ৩১; ৬:২, ১৫; ৭:৭, ১৩; ৯:১৪; ১১:১, ১১; ১ করি ৬:১৫; গালা ২:১৭; ৩:২১; ৬:১৪) অন্য উদাহরণগুলো পাওয়া যাবে লুক ১:৩৮; ২০:১৬ প্রেরিত ৮:২০, এবং ১ থিখ ৩:১১ ।
- ঙ. imperative mood গুরুত্ব দেয় একটি নির্দেশের যা সম্ভব ছিল কিন্তু এই গুরুত্ব ছিল বক্তার অভিপ্রায়ের উপর । এটা শুধু দাবি করে ঐচ্ছিক সম্ভাবনা এবং অন্য মনোনয়নের দ্বারা বিশেষভাবে প্রভাবিত হয়েছে । প্রার্থনা এবং তৃতীয় পুরুষের অনুরোধের ক্ষেত্রে imperative এর বিশেষ ব্যবহার ছিল । এই নির্দেশগুলো শুধুমাত্র নূতন নিয়মের present এবং aorist tense এ পাওয়া যায় ।
- চ. কিছু ব্যাকরণ participle কে এক প্রকার mood হিসাবে শ্রেণী বিন্যাস করে । এরা গ্রীক নূতন নিয়মে খুব সাধারণ, সাধারণত ব্যাখ্যা করা হয়ে থাকে verbal adjective হিসাবে । এদেরকে মূল verb এর সাথে সমন্বিত রেখে অনুবাদ করা হয় যার সঙ্গে এটি সম্পর্কিত । বিভিন্ন

উপায়ে participle কে অনুবাদ করা সম্ভব ছিল। এটা সবচেয়ে ভাল হবে কয়েকটি ইংরাজী পরীক্ষা করলে। Baker প্রকাশিত *The Bible in Twenty Six Translations* এক্ষেত্রে বড় সাহায্যকারী হবে।

ছ. aorist active indicative ছিল সাধারণ বা “অনির্দেশিত” উপায়ে কোন ঘটনা লিপিবদ্ধ করার জন্য। অন্য কোন tense, voice বা mood কিছু নির্দিষ্ট ব্যাখ্যামূলক তাৎপর্য যা আসলে মূল লেখক বলতে চেয়েছেন।

IV. যিনি গ্রীক ভাষার সাথে পরিচিত নন তাদের জন্য নিম্নলিখিত শিক্ষাগুলো সাহায্য করবে প্রয়োজনীয় তথ্য দিয়ে:

- ক. Friberg, Barbara and Timothy. *Analytical Greek New Testament*. Grand Rapids: Baker, 1988
- খ. Marshall, Alfred. *Interlinear Greek-English New Testament*. Grand Rapids: Zondervan, 1976
- গ. Mounce, William D. *The Analytical Lexicon to the Greek New Testament*. Grand Rapids: Zondervan, 1993,
- ঘ. Summers, Ray. *Essentials of New Testament Greek*. Nashville: Broadman, 1950 ,
- ঙ. Academically accredited Koine Greek correspondence কোর্সগুলো Moody Bible Institute in Chicago, IL এ সহজলভ্য।

V. NOUNS

ক. শব্দবিন্যাসগত noun case দ্বারা শ্রেণীবদ্ধ করা হয়। case হল noun এর রূপান্তরিত রূপ যা এর সাথে verb এবং বাক্যের অন্য অংশের সম্পর্ক দেখায়। Koine গ্রীকে case এর কার্যক্রম preposition দ্বারা নির্দেশিত হয়ে থাকে। যেহেতু case এর রূপ বেশ কিছু বিভিন্ন সম্পর্ক নির্দেশ করতে সক্ষম, preposition উন্নতি করা করা হয়েছে সেই সম্ভাব্য কার্যক্রমের স্পষ্ট বিভক্তি দেবার জন্য।

খ. গ্রীকে case কে নিম্নলিখিতভাবে আট ভাগে শ্রেণী বিভাগ করা হয়েছে:

১. nominative case ব্যবহৃত হয়েছে নামকরণের জন্য এবং এটি সাধারণত বাক্যের বা বাক্যাংশের subject। এটি আরো ব্যবহৃত হয়েছে predicate noun এবং adjectives এর সাথে যুক্তকারী verb “হতে” বা “হয়।”
২. genitive case ব্যবহৃত হয়েছে বর্ণনা এবং সাধারণত এর সাথে বৈশিষ্ট্য যুক্ত হতো অথবা শব্দের গুণাগুণ যা এর সাথে সম্পর্কযুক্ত ছিল। এটা প্রশ্নের উত্তর দিত, “কি ধরণের?” একে প্রায়ই বর্ণনা করা হয়েছে ইংরাজী preposition “of” দ্বারা।
৩. ablative case একই রূপান্তরিত রূপ ব্যবহার করেছে genitive হিসাবে, কিন্তু এটি ব্যবহৃত হয়েছে বিভেদ বর্ণনা করতে। এটি সাধারণত বিভেদ বোঝায় সময়, স্থান, উৎস, উৎপত্তি অথবা স্তরে। এতে প্রায়ই প্রকাশ করা হয়েছে ইংরাজী preposition “থেকে” দিয়ে।
৪. dative case ব্যবহৃত হয়েছে ব্যক্তিগত ইচ্ছা বর্ণনা করতে। এটা সম্ভবত উল্লেখ করে একটি ইতিবাচক বা নেতিবাচক দৃষ্টিভঙ্গির। এটা প্রায়ই indirect object ছিল। এটা প্রায়ই প্রকাশ করা হতো ইংরাজী preposition “to” দিয়ে।
৫. locative case একই রকম রূপান্তরিত রূপ যেমন dative এর, কিন্তু এটি বর্ণনা করতো স্থান, সময় অথবা যুক্তিগত সীমাবদ্ধতার মর্যাদা অথবা অবস্থান। এটা প্রায়ই ব্যাখ্যা করতো ইংরাজী preposition “মধ্যে, উপরে, at, মধ্যে, সময় কাল, দ্বারা, উপর এবং পার্শ্বে” দ্বারা।
৬. instrumental case ছিল একই রূপে রূপান্তরিত DATIVE এবং locative case এর মত। এটা প্রকাশ করে থাকে উপায় বা সংযুক্তি। এটা প্রায় প্রকাশ করা হতো ইংরাজী preposition “দ্বারা” বা “সঙ্গে” দিয়ে।
৭. accusative case ব্যবহৃত হয়েছে কোন কার্যের উপসংহার বর্ণনা করার জন্য। এটা সীমাবদ্ধতা প্রকাশ করে থাকে। এর প্রধান ব্যবহার ছিল direct object কে পরিচালনা করা। এটা প্রশ্নের উত্তর দিত “কত দূর?” বা “কি পরিমাণে?”
৮. vocative case এর ব্যবহার হয়েছে কাউকে সরাসরি উদ্দেশ্য করার জন্য।

VI. CONJUNCTIONS AND CONNECTORS

ক. গ্রীক অত্যধিক নিখুঁত ভাষা কারণ এতে অনেক সংযোজক রয়েছে। সেগুলি চিন্তার (বাক্যাংশ, বাক্য এবং প্যারাগ্রাফ) সংযোগ করে। এদের ব্যবহার এত সাধারণ যে এদের অনুপস্থিতি (asyndeton) প্রায়ই Exegetically তাৎপর্যপূর্ণ। প্রকৃত পক্ষে, এই conjunction and connector গুলি লেখকের চিন্তাকে নির্দেশ করে থাকে। এগুলি প্রায় সময়ই তিনি আসলে কি বলতে চাচ্ছেন তা নির্দ্বারগে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

খ. এখানে কিছু conjunctions and connector এবং তাদের অর্থ দেওয়া হল (এই তথ্যের বেশী ভাগ সংগ্রহ করা হয়েছে H. E. Dana and Julius K. Mantey’s *A Manual Grammar of the Greek New Testament*) থেকে।

১. সময় সংযোগকারী
 - ক. *epei, epeidē, hopote, hōs, hote, hotan,*(subj.)- “কখন”
 - খ. *heōs-* “যেহেতু”
 - গ. *hotan, epan,*(subj.)- “যখনই”
 - ঘ. *heōs, achri, mechri* (subj.)- “যতক্ষণ”
 - ঙ. *priv* (infin.)-“পূর্বে”
 - চ. *hōs-* “থেকে,” “কখন” “যেমন”

২. যৌক্তিক সংযোগকারী
- ক. উদ্দেশ্য
- (১) *hina* (subj.), *hopōs* (subj.), *hōs* - “নির্দেশ অনুসারে,” “যে”
- (২) *hōste* (articular accusative infinitive)–“যে”
- (৩) *pros* (articular accusative infinitive), বা *eis* (articular accusative infinitive), –“যে”
- খ. ফলাফল (উদ্দেশ্য এবং ফলাফলের ব্যাকরণগত রূপের মধ্যে একটি নিবিড় সংযোগ আছে)
- (১) *hōste* (infinitive, এটাই সবচেয়ে সাধারণ) - “নির্দেশ অনুসারে,” “এইভাবে”
- (২) *hiva* (subj.)– “সে জন্য”
- (৩) *ara*- “সুতরাং”
- গ. কার্যকরণ বা কারণ
- (১) *gar* (কারণ/প্রভাব বা কারণ/উপসংহার)- “জন্য,” “কারণ”
- (২) *dioti, hotiy*- “কারণ”
- (৩) *epei, epeidē, hōs* - “থেকে/হইতে”
- (৪) *dia* (accusative এর সাথে) এবং (articular infin. এর সাথে)–“কারণ”
- ঘ. অনুমানসিদ্ধ
- (১) *ara, poinun, hōste* – “অতএব”
- (২) *dio* (শক্তিশালী inferential conjunction) - “কিসের উপর ভিত্তি করে,” “কিসের জন্য,” “সেজন্য”
- (৩) *oun* - “সেজন্য,” “তাই,” “তখন,” “ফলতঃ”
- (৪) *toinoun*- “অনুসারে”
- ঙ. বৈপরিত্যজ্ঞাপক বা বৈসাদৃশ্য
- (১) *alla*, (শক্তিশালী adversative) - “কিন্তু,” “ব্যতিক্রম”
- (২) *de*-“কিন্তু,” “তবে,” “এখনো,” “অন্যদিকে”
- (৩) *kai*, - “কিন্তু”
- (৪) *mentoi, oun*- “যাহোক”
- (৫) *plēn* - “তা স্বত্ত্বেও”(বেশির ভাগ লুকে)
- (৬) *oun* - “যাহোক”
- চ. তুলনা
- (১) *hōs, kathōs* (comparative clauses পরিচিতি)
- (২) *kata* (*katho, kathoti, kathōsper, kathaper*, সমন্বয়ের সাথে)
- (৩) *hosos* (ইব্রীয়তে)
- (৪) *ē*, - “তখন/তারপর”
- ছ. একটানা/চলমান অথবা ধারাবাহিক
- (১) *de*- “এবং” “এখন”
- (২) *kai*- “এবং”
- (৩) *tei*- “এবং”
- (৪) *hina, oun*-“তাই”
- (৫) *oun*- “তখন” (যোহনে)
৩. গুরুত্ব বা জোরের সাথে ব্যবহার
- ক. *alla*- “নিশ্চয়ই”, “হ্যাঁ,” “প্রকৃত পক্ষে”
- খ. *ara* - “বাস্তবিক,” “নিশ্চয়ই” “অবশ্যই”
- গ. *gar*- “কিন্তু বাস্তবিক” “নিশ্চয়ই” “বাস্তবিক”
- ঘ. *de* - “বাস্তবিক”
- ঙ. *ean* - “এমনকি/তবুও”
- চ. *kai*-“এমনকি/তবুও” “অবশ্যই” “বাস্তবিক”
- ছ. *mentoi*- “অবশ্যই/বাস্তবিক”
- জ. *oun*- “বাস্তবিক,” “যে কোন ভাবে/সর্বোত্তমভাবেই”

VII. CONDITIONAL SENTENCES

- ক. একটি conditional sentence এক বা একের অধিক শর্তাধীন বাক্যাংশ থাকে। এই ব্যাকরণগত গঠন অনুবাদে সাহায্য করে কারণ এটা verb কাজটি কেন করলো বা করলো না তার শর্ত, যুক্তি বা কারণ দিয়ে থাকে। চার ধরনের conditional sentence রয়েছে। তারা স্থানান্তর হয় যা সত্য হিসাবে ধরা হয় লেখকের দৃষ্টিভঙ্গি থেকে বা তার উদ্দেশ্য থেকে যেন তা শুধুমাত্র একটি ইচ্ছা ছিল।

- খ. first class conditional sentence প্রকাশ করে কাজ বা সত্তা যা ধরে নেওয়া হয়েছে লেখকের দৃষ্টিভঙ্গি থেকে সত্য অথবা তার উদ্দেশ্যের জন্য যদিও সেটা প্রকাশ করা হয়েছিল “যদি” দ্বারা। বিভিন্ন প্রেক্ষাপটে এটা অনুবাদ হতে পারে “যেহেতু/থেকে” (মথি ৪:৩; রোমীয় ৮:৩১)। যাহোক, এর মানে এই নয় যে সকল প্রথম শ্রেণী বাস্তবের সাথে সত্য। প্রায়ই তাদের ব্যবহার করা হয় যুক্তিতে বা প্রতারণামূলক কিছু চিহ্নিত করার জন্য (মথি ১২:২৭)।
- গ. second class conditional sentence কে প্রায়শই বলা হয় “সত্যের বিপরীত।” এটা উল্লেখ করে এমন কিছু যা বাস্তবতা থেকে ভিন্ন বলে দাবী করে। উদাহরণ:
১. “যদি তিনি সত্যি একজন ভাববাদী হতেন, যেটা তিনি নন, তাহলে তিনি জানতেন কে এবং কি রকম চরিত্রের মহিলা যে তাঁর কাছে বসে আছে, কিন্তু তিনি জানেন না” (লুক ৭:৩৯)।
 ২. “যদি আপনারা মোশিকে বিশ্বাস করতেন, তাহলে আপনারা আমাকেও বিশ্বাস করতেন” (যোহন ৫:৪৬)
 ৩. “যদি আমি এখনও মানুষকে সম্বলিত করতে চেষ্টা করি, যা আমি করি না, তবে তো আমি খ্রীষ্টের দাস নই, কিন্তু আমি তাই-ই” (গালাতীয় ১:১০)
- ঘ. third class বলে ভবিষ্যতের সম্ভাব্য কাজের কথা। এটা প্রায়ই সেই কাজের সম্ভাব্যতা ধরে নেয়। এটা সাধারণত বোঝায় কোন সম্ভাব্য ঘটনা। VERB এর কাজ নির্ভর করে “ইহা” বাক্যাংশের কাজের উপরে। ১ যোহন থেকে উদাহরণ: ১:৬-১০; ২:৪, ৬, ৯, ১৫, ২০, ২১, ২৪, ২৯; ৩:২১; ৪:২০; ৫:১৪, ১৬।
- ঙ. fourth class হল সম্ভাবনা থেকে বহুদূরে। এটা নূতন নিয়মে ব্যতিক্রম। সত্যি কথা বলতে কি, কোন সম্পূর্ণ fourth class conditional sentence নেই যেখানে দুই অংশের শর্ত সংজ্ঞার সাথে মিলে যায়। আংশিক fourth class এর উদাহরণ হল ১ পিতর ৩:১৪ পদের আরম্ভের বাক্যাংশ। আংশিক fourth class এর উদাহরণ হল খ্রীরিত ৮:৩১ এর শেষ বাক্যাংশ।

VIII. PROHIBITIONS

- ক. present imperative এর সাথে mē particle প্রায়ই (কিন্তু অতিরিক্ত ভাবে নয়) জোর দেয় চলমান কোন কাজ থামানোর জন্য। কিছু উদাহরণ হল: “জগতে তোমাদের ধন সঞ্চয় করো না...” (মথি ৬:১৯) “নিজের বিষয়ে চিন্তা করো না...” (মথি ৬:২৫); “দেহের কোন অংশকে পাপ কাজ করার হাতিয়ার হিসেবে তুলে দিও না...” (রোমীয় ৬:১৩); “তোমরা ঈশ্বরের পবিত্র আত্মাকে দুঃখ দিও না...” (ইফিসীয় ৪:৩০); এবং “মাতাল হয়ো না...” (৫:১৮)।
- খ. aorist subjunctive এর সাথে mē particle জোর দেয় “কোন কাজ আরম্ভ অথবা শুরু কোর না।” কিছু উদাহরণ হল: “এই কথা মনে কোরো না...” (মথি ৫:১৭); “এইজন্য চিন্তা কোরো না...” (মথি ৬:৩১); “তুমি কখনো লজ্জিত হয়ো না...” (২ তীম. ১:৮)।
- গ. double negative এর সাথে subjunctive mood হল খুব জোরালো অস্বীকৃতি। “না, কখনো না” বা “কোন অবস্থাতেই নয়।” কিছু উদাহরণ: “সে কখনও মৃত্যু দেখিবে না.....” (যোহন ৮:৫১); “আমি কখনও, না কখনও না...” (১ করি ৮:১৩)।

IX. THE ARTICLE

- ক. Koine গ্রীকে definite article “the” -র ব্যবহার ছিল ইংরাজী ভাষার মত একই রকম। এর মূল কাজ ছিল “নির্দেশক” এর মত, একটি শব্দ, নাম বা শব্দগুচ্ছের প্রতি দৃষ্টি আকর্ষণ করার উপায়। নূতন নিয়মে এর ব্যবহার লেখক থেকে লেখকে ভিন্ন হয়। definite article কাজ করতে পারে
১. বিপরীত হাতিয়ার হিসাবে demonstrative pronoun এর মত;
 ২. পূর্বে উল্লেখিত subject বা ব্যক্তির চিহ্ন হিসাবে;
 ৩. বাক্যের সংযোগকারী verb এর subject চিহ্নিত করার উপায় হিসাবে। উদাহরণ: “ঈশ্বর আত্মা,” যোহন ৪:২৪; “ঈশ্বর জ্যোতি,” (১ যোহন ১:৫); “ঈশ্বর প্রেম,” (৪:৮, ১৬)।
- খ. Koine গ্রীকে ইংরাজীর মত indefinite article, “a” অথবা “an” নেই। definite article অনুপস্থিতির অর্থ হতে পারে
১. কোন কিছুর চারিত্রিক বৈশিষ্ট্য বা গুণাবলীর উপর দৃষ্টি দেওয়া
 ২. কোন কিছুর শ্রেণীবিন্যাসের উপরে দৃষ্টি দেওয়া
- গ. নূতন নিয়মের লেখকেরা ব্যাপকভাবে ভিন্নতা প্রকাশ করেছেন যে কিভাবে article ব্যবহার করা হয়েছে।

X. গ্রীক নূতন নিয়মে কিভাবে শব্দ বা উক্তি প্রতি জোর দেওয়া হয়েছে

- ক. নির্দিষ্ট শব্দ বা উক্তির প্রতি জোর দেওয়ার কৌশল নূতন নিয়মের লেখক থেকে লেখকে ভিন্ন। সবচেয়ে সামঞ্জস্যপূর্ণ এবং বিধিসম্মত লেখক ছিলেন লুক এবং ইব্রীয় পুস্তকের লেখক।
- খ. আমরা পূর্বে উল্লেখ করেছি যে aorist active indicative ছিল নির্দিষ্ট শব্দ বা উক্তিতে জোর দেবার জন্য মান সম্মত এবং অচিহ্নিত উপায়, কিন্তু অন্য যে কোন tense, voice, or mood এর ছিল ব্যাখ্যামূলক তাৎপর্য। এর অর্থ এই নয় যে aorist active indicative তাৎপর্যপূর্ণ ভাবে ব্যাকরণে ব্যবহার করা হতো না। উদাহরণ: রোমীয় ৬:১০ (দু'বার)।
- গ. Koine গ্রীকে শব্দের ধারা
১. Koine গ্রীক হল একটি রূপান্তরিত ভাষা যেটা ইংরাজী ভাষার মত শব্দের ধারা অনুসারে স্বাধীন ছিল না। সেজন্য লেখক সাধারণ প্রত্যাশিত ধারা ভিন্নভাবে ব্যবহার করে দেখাতেন

- ক. লেখক পাঠকের উপরে কিসের জোর দিতে চাচ্ছেন
 খ. পাঠককে কি অবাক করবে বলে লেখক ভেবেছিলেন
 গ. লেখক গভীরভাবে কি উপলব্ধি করেছেন
২. গ্রীক ভাষায় সাধারণ শব্দের ধারা এখনও একটি অমিমাংসিত ব্যাপার। যাহোক, অনুমিত সাধারণ ধারা হল:
- ক. সংযোগকারী verb এর জন্য
 (১) verb
 (২) subject
 (৩) complement
- খ. transitive verb এর জন্য
 (১) verb
 (২) subject
 (৩) object
 (৪) indirect object
 (৫) prepositional phrase
- গ. noun phrase এর জন্য
 (১) noun
 (২) modifier
 (৩) prepositional phrase
৩. শব্দের ধারা হতে পারে চূড়ান্ত ভাবে একটি গুরুত্বপূর্ণ ব্যাখ্যাকর পয়েন্ট। উদাহরণ:
- ক. “..আমাকে ও বার্নবাকে সহভাগিতার দক্ষিণ হস্ত দিলেন,” শব্দগুচ্ছ “সহভাগিতার দক্ষিণ হস্ত” হল খন্ডিত এবং সম্মুখে অবস্থান করে এর তাৎপর্য প্রকাশ করে (গালা ২:৯)।
 খ. “খ্রীষ্টের সহিত” প্রথমে বসেছে। তাঁর মৃত্যু ছিল মূল বিষয় (গালা ২:২০)।
 গ. “বহুভাগে ও বহুরূপে” (ইব্রীয় ১:১), প্রথমে বসেছে। এটা ছিল কিভাবে ঈশ্বর নিজেকে প্রকাশ করেছেন যা ছিল বৈপরিত্যমূলক, প্রকাশের সত্যানুসারে ছিল না।
- ঘ. সাধারণত কিছু পরিমাণে শব্দ বা উক্তির উপর জোর দেখানো হয়েছে
১. pronoun পুনরাবৃত্তি যা ইতিমধ্যে ক্রিয়ার রূপান্তরিত রূপে বর্তমান রয়েছে। উদাহরণ: “আমি সর্বদা তোমাদের সঙ্গে সঙ্গে আছি..” (মথি ২৮:২০)।
২. অনুমিত conjunction অনুপস্থিতি, অথবা অন্য সংযুক্তিকারক হাতিয়ার বাক্য, শব্দগুচ্ছ, বাক্যাংশ বা বাক্যের মধ্যে। একে বলা হয় asyndeton (“সীমাহীন”)। সংযুক্তিকারক হাতিয়ার প্রত্যাশিত ছিল, সেজন্য এর অনুপস্থিতি দৃষ্টি আকর্ষণ করে। উদাহরণ:
 ক. স্বর্গসুখ, মথি ৫:৩ পদ থেকে কয়েকটি পদ (তালিকার উপর জোর দান)
 খ. যোহন ১৪:১ (নূতন বিষয়)
 গ. রোমীয় ৯:১ (নূতন অংশ)
 ঘ. ২ করি. ১২:২০ (তালিকার উপর জোর দান)
৩. শব্দ বা শব্দগুচ্ছের পুনরাবৃত্তি বর্তমান রয়েছে প্রদত্ত প্রসঙ্গে। উদাহরণ: “তাঁর গৌরবের প্রশংসা” (ইফি ১:৬, ১২ এবং ১৪)। এই শব্দগুচ্ছ ব্যবহৃত হয়েছে ত্রিভুজের প্রতিটি ব্যক্তির কাজ প্রদর্শনের জন্য।
৪. বাগধারা বা শব্দ(স্বর) ব্যবহার টার্মের মধ্যে
- ক. euphemisms- নিষিদ্ধ বিষয়ের শব্দের বিকল্প হিসাবে যেমন “ঘুমানো” মৃত্যুর জন্য (যোহন ১১:১১-১৪) বা “পা” পুরুষের গুহ্যদ্বারের জন্য (রুত ৩:৭-৮; ১ শমু ২৪:৩)।
 খ. circumlocutions- ঈশ্বরের নামের জন্য বিকল্প শব্দ, যেমন “স্বর্গ রাজ্য” (মথি ৩:২১) বা “স্বর্গ থেকে বাণী” (মথি ৩:১৭)।
 গ. বাক্যালংকার
 (১) অসম্ভব অতিরঞ্জন (মথি ৩:৯; ৫:২৯-৩০; ১৯:২৪)
 (২) মৃদু অতি বিবরণ (মথি ৩:৫; প্রেরিত ২:৩৬)
 (৩) ব্যক্তিরূপ দান (১ করি ১৫:৫৫)
 (৪) বিদ্রুপ (গালাতীয় ৫:১২)
 (৫) কাব্যিক প্যাসেজ (ফিলি ২:৬-১১)
 (৬) শব্দের মাঝে স্বরের কারুকাজ
 ক. “মণ্ডলী”
 (i) “মণ্ডলী” (ইফি ৩:২১)
 (ii) “ডাকা” (ইফি ৪:১, ৪)
 (iii) “আহবান” (ইফি ৪:১, ৪)
 খ. “স্বাধীন”
 (i) “স্বাধীন মহিলা” (গালা ৪:৩১)
 (ii) “স্বাধীনতা” (গালা ৫:১)

(iii) “স্বাধীন” (গালা ৫:১)

চ. বাগধারাগত ভাষা- ভাষা যা সংস্কৃতিগত এবং ভাষা দ্বারা নির্দিষ্ট:

- (১) অলঙ্কারপূর্ণ ব্যবহার “খাবার” এর (যোহন ৪:৩১-৩৪)
- (২) অলঙ্কারপূর্ণ ব্যবহার “মন্দির” এর (যোহন ২:১৯; মথি ২৬:৬১)
- (৩) একটি ইব্রীয় সহানুভূতির বাগধারা “ঘৃণা” (আদি ২৯:৩১; দ্বি বি ২১:১৫; Thess. ১৪:৩৬; যোহন ১২:২৫; রোমীয় ৯:১৩)
- (৪) “সকলে” বনাম “অনেকে।” তুলনা করুন যিশাইয় ৫৩:৬ পদের (“সকলে”) সাথে ৫৩:১১ এবং ১২ পদের (“অনেকে”)। এর টার্ম সমার্থক যেভাবে রোমীয় ৫:১৮ এবং ১৯ পদ দেখায়।

৫. ভাষা সংক্রান্ত শব্দগুচ্ছ সম্পূর্ণ ব্যবহারের পরিবর্তে শুধু একটি একক শব্দ। উদাহরণ: “প্রভু যীশু খ্রীষ্ট।”

৬. *autos* এর বিশেষ ব্যবহার

- ক. যখন article (attributive position) এর সাথে এটা অনুবাদ করা হয় “একই।”
- খ. যখন article (predicate position) ছাড়া এটা অনুবাদ করা হয় intensive reflexive pronoun হিসাবে- “তিনি স্বয়ং,” “তিনি স্বয়ং,” বা “এটি স্বয়ং।”

৭. গ্রীক ভাষা না জানা বাইবেলের ছাত্র শব্দ বা উক্তির উপর জোর দেওয়ায় বিভিন্ন ভাবে চিহ্নিত করতে পারে:

১. Analytical lexicon and interlinear Greek/English text এর ব্যবহার করে।
২. ইংরেজী অনুবাদগুলোর তুলনা করে, বিশেষভাবে অনুবাদের বিভিন্ন তত্ত্ব থেকে। উদাহরণ: “ওয়ার্ড-ফর-ওয়ার্ড” অনুবাদ (KJV, NKJV, ASV, NASB, RSV, NRSV) সাথে একটি “গতিশীল সমতুল্য” এর (Williams, NIV, NEB, REB, JB, NJB, TEV) তুলনা করে। এখানে একটি ভাল সাহায্যকারী বই *The Bible in Twenty-Six Translations* published by Baker.
৩. *The Emphasized Bible* by Joseph Bryant Rotherham (Kregel, 1994) এর ব্যবহার।
৪. খুবই আক্ষরিক অনুবাদের ব্যবহার
ক. *The American Standard Version* of 1901
খ. *Young’s Literal Translation of the Bible* by Robert Young (Guardian Press, 1976)।

ব্যাকরণ অধ্যয়ন করা ক্লাসিকের কিন্তু সঠিক ব্যাখ্যার জন্য প্রয়োজনীয়। এই সংক্ষিপ্ত সংজ্ঞা, মন্তব্য এবং উদাহরণগুলোর অর্থ হল গ্রীক ভাষা না জানা পাঠকেরা এই ব্যাকরণগত টিকা ব্যবহার করে এই খন্ড পড়তে উৎসাহিত হয়। নিশ্চিতভাবেই এই সংজ্ঞাগুলি অতিরিক্ত সহজ করা হয়েছে। এগুলো কখনো যুক্তি-প্রমাণ ছাড়া, অনমনীয় উপায়ে ব্যবহার করা উচিত নয়, কিন্তু নতুন নিয়মের syntax (বাক্যের গঠন) বিশদভাবে বোঝবার প্রাথমিক ধাপ হিসাবে। আশা রাখি এই সংজ্ঞাগুলো পাঠককে বুঝতে সাহায্য করবে অন্য শিক্ষা সাহায্যকার মন্তব্যগুলো যেমন নতুন নিয়মের কৌশলগত ব্যাখ্যাসমূহ।

বাইবেল উদ্ধৃত অংশ থেকে পাওয়া তথ্যের উপর ভিত্তি করে আমাদের ব্যাখ্যা যাচাই করতে সক্ষম হতে হবে। এই বিষয়ে ব্যাকরণ হবে গুরুত্বপূর্ণ বিষয়গুলোর একটি; অন্য বিষয়গুলো অর্ন্তভুক্ত হতে পারে ঐতিহাসিক প্রেক্ষাপট, সাহিত্য প্রসঙ্গ, সমসাময়িক শব্দের ব্যবহার, এবং সমান্তরাল প্যাসেজ।

লেখনী বিষয়ক সমালোচনা (TEXTUAL CRITICISM)

এই বিষয়টি নিয়ে এমনভাবে আলোচনা করা হবে যেন এই ব্যাখ্যামূলক বইতে পাওয়া লেখনী বিষয়ক টীকা ব্যাখ্যা করা যায়। নিম্নলিখিত রূপরেখা ব্যবহার করা হবে

ন. আমাদের ইংরেজী বাইবেলের লেখনী বিষয়ক উৎসগুলো

- গ. পুরাতন নিয়ম
- ঘ. নতুন নিয়ম

IV. “নিম্নতর সমালোচনা” যা “লেখনী বিষয়ক সমালোচনা” নামে পরিচিত এর সমস্যা এবং তত্ত্বসমূহের সংক্ষিপ্ত ব্যাখ্যা।

V. অধিকতর অধ্যয়নের উৎস সমূহের প্রস্তাবনা

III. আমাদের ইংরেজী বাইবেলের লেখনী বিষয়ক উৎসগুলো

গ. পুরাতন নিয়ম

৫. Masoretic text (MT)– ইব্রীয় ব্যঞ্জনবর্ণের লেখনী ১০০ খ্রীষ্টাব্দে Rabbi Aquiba ঠিক করেছিলেন। স্বরবর্ণের পয়েন্ট, উচ্চারণ, marginal notes, যতি চিহ্ন এবং apparatus points সমূহ ছয়শো শতকে যুক্ত করা হয় এবং নয়শো শতকে সমাপন করা হয়। এটা করেছিলেন যিহুদী পণ্ডিতদের একটি দল যারা Masoretes নামে পরিচিত ছিলেন। পাল্লিলিপির লেখনী বিষয়ক যে রূপ তারা ব্যবহার করেছিলেন তা Mishnah, Talmud, Targums, Peshitta, এবং Vulgate এর যে কোন একটির মত একই রকম ছিল।

৬. Septuagint (LXX)– ঐতিহ্য বলে ৭০ জন যিহুদী পণ্ডিত ৭০ দিনে সেন্দুয়াজিট রচনা করেছিলেন Alexandria library এর জন্য রাজা দ্বিতীয় Ptolemy (২৮৫-২৪৬ খ্রীষ্ট পূর্ব)-র পৃষ্ঠপোষকতায়। অনুবাদটি সম্ভবত Alexandria তে বসবাসরত এক যিহুদী নেতার অনুরোধে করেছিলেন। এই ঐতিহ্য প্রচলিত হয়েছে “Letter of Aristeas” থেকে। LXX সাধারণ ভাবে ভিত্তি ছিল বিভিন্ন ইব্রীয় পাল্লিলিপির লেখনী বিষয়ক ঐতিহ্য Rabbi Aquiba (MT)-র লেখনী থেকে।

৭. Dead Sea Scrolls (DSS)– Dead Sea Scrolls গুলো লেখা হয়েছিল রোমীয় খ্রীষ্ট পূর্ব সময় কালে (২০০ খ্রী.পূ. থেকে ৭০ খ্রী.) একদল যিহুদী পৃথকীকৃত দল যাদেরকে বলা হত “এসেনি” (“Essenes”)। ইব্রীয় পাল্লিলিপি, যা মরু সাগরের বিভিন্ন এলাকাতো পাওয়া গিয়েছিল, দেখায় কিছুটা ভিন্ন ইব্রীয় পাল্লিলিপির লেখনী বিষয়ক দল MT এবং LXX উভয়ের পিছনে।

৮. কিভাবে এই লেখনী সমূহের তুলনা ব্যাখ্যাকারীদের পুরাতন নিয়ম বুঝতে সাহায্য করেছে তার কিছু নির্দিষ্ট উদাহরণ দেওয়া হল

ঘ. LXX অনুবাদক এবং পণ্ডিতদের MT বুঝতে সাহায্য করেছে

(৪) LXX –এর যিশাইয় ৫২:১৪ পদ, “যেমন অনেকে তাঁহার বিষয়ে হতবুদ্ধি হইবে।”

(৫) MT –এর যিশাইয় ৫২:১৪ পদ, “তদ্রূপ অনেকে তোমার বিষয়ে হতবুদ্ধি হইবে।”

(৬) যিশাইয় ৫২:১৫ পদে LXX এর সর্বনামের পার্থক্য নিশ্চিত করে

ক. LXX, “সেই রকমই অনেক জাতি তাঁহাতে চমৎকৃত হইবে”

খ. MT, “সেই রকমই তিনি অনেক জাতিকে নাড়া দেবেন”

ঙ. DSS অনুবাদক এবং পণ্ডিতদের MT বুঝতে সাহায্য করেছে

৩. DSS –এর যিশাইয় ২১:৮ পদ, “আর সেই ভবিষ্যৎ দ্রষ্টা উচ্চ শব্দ করিয়া কহিল, আমি নিরন্তর প্রহরি-দুর্গে দাঁড়াইয়া থাকি..”

৪. MT –এর যিশাইয় ২১:৮ পদ, “এবং আমি সিংহবৎ উচ্চ শব্দ করিয়া কহিলাম, আমি দিনমানে নিরন্তর প্রহরি-দুর্গে দাঁড়াইয়া থাকি..”

চ. LXX, এবং DSS উভয়ই ব্যাখ্যা করতে সাহায্য করেছে যিশাইয় ৫৩:১১ পদ

৩. LXX এবং DSS, “আপন প্রাণের পরিশ্রমের পরে তিনি আলোক দেখিবেন, তিনি সন্তুষ্ট হইবেন”

৪. MT, “তিনি দেখিবেন...আপন প্রাণের পরিশ্রম, তিনি তৃপ্ত হইবেন”

ঘ. নতুন নিয়ম

৯. গ্রীক নতুন নিয়মের ৫,৩০০ এর বেশী পাল্লিলিপির সমস্ত বা কিছু অংশ আজও বিদ্যমান আছে। ৮৫ টি লেখা হয়েছে papyri –তে এবং ২৬৮ টি পাল্লিলিপির সবকিছু লেখা হয়েছে বড় হাতের অক্ষরে (uncials), পরবর্তীতে, প্রায় নয়শো শতকে একটি চলমান লেখনীর অতি ক্ষুদ্র পদ্ধতি উন্নয়ন করা হয়েছিল। গ্রীক পাল্লিলিপির লিখিত রূপের সংখ্যা প্রায় ২,৭০০। আমাদেরও প্রায় ২,১০০ আরাধনায় ব্যবহৃত বাইবেল পাঠের অনুলিপির তালিকা আছে যাকে আমরা বলি lectionaries।

১০. জাদুঘরে রক্ষিত প্রায় ৮৫টি গ্রীক পাল্লিলিপির মধ্যে papyrus-তে লেখা নতুন নিয়মের কিছু অংশ রয়েছে। কিছু কিছুর সময়কাল দ্বিতীয় শতক, কিন্তু বেশীর ভাগই হল তৃতীয় বা চতুর্থ শতকের। এই MSS এর কোনটাই সম্পূর্ণ নতুন নিয়ম ছিল না। যেহেতু এগুলো নতুন নিয়মের পুরাতন অনুলিপি যার অর্থ এই নয় যে এতে স্বয়ংক্রিয় ভাবে অল্প ভিন্নতা আছে। এর অনেকগুলো স্থানীয় ব্যবহারের জন্য দ্রুততায় অনুলিপি করা হয়েছিল। এই প্রক্রিয়া সাবধানতা ব্যবহার করা হয় নি। সেহেতু এর মধ্যে অনেক ভিন্নতা আছে।

১১. Codex Sinaiticus, যেটি ইব্রীয় অক্ষর \aleph (aleph) অথবা (০১) দ্বারা পরিচিত, সিনাই পর্বতে অবস্থিত St. Catherine's monastery তে পাওয়া গিয়েছিল Tischendorf দ্বারা। এর সময় কাল ছিল চতুর্থ শতক এবং এতে পুরাতন নিয়মের LXX এবং গ্রীক নতুন নিয়ম উভয় ছিল। এটা হল “the Alexandrian Text” এর ধরণ।
১২. Codex Alexandrinus, যেটি পরিচিত “A” বা (০২) হিসাবে, একটি পঞ্চম শতকের গ্রীক পাণ্ডুলিপি যা মিশরের আলেকজান্দ্রিয়াতে পাওয়া গিয়েছিল।
১৩. Codex Vaticanus, যেটি পরিচিত “B” বা (০৩) হিসাবে, রোমের ভাটিক্যান গ্রন্থাগারে পাওয়া গিয়েছিল এবং এর সময়কাল চতুর্থ শতকের মধ্যভাগ। এতে পুরাতন নিয়মের LXX এবং গ্রীক নতুন নিয়ম উভয় ছিল। এটা হল “the Alexandrian Text” এর ধরণ।
১৪. Codex Ephraemi, যেটি পরিচিত ছিল “C” বা (০৪) হিসেবে, একটি পঞ্চম শতকের গ্রীক পাণ্ডুলিপি যার আংশিক ধ্বংস হয়ে গিয়েছিল।
১৫. Codex Bezae, যেটি পরিচিত ছিল “D” বা (০৫) হিসেবে, একটি পঞ্চম বা ষষ্ঠ শতকের গ্রীক পাণ্ডুলিপি। এটি ছিল যাকে আমরা বলি “The Western Text” এর প্রধান প্রতিনিধিত্বকারী। এতে অনেক সংযুক্তি এবং King James অনুবাদের মূল গ্রীক পণ্ডুলিপি ছিল।
১৬. নতুন নিয়মের MSS –কে তিনটি ভাগে ভাগ, সম্ভবত চার ভাগে ভাগ করা যায়, একই গোত্রীয় যা নির্দিষ্ট বৈশিষ্ট্য সহভাগিতা করে থাকে।

ঙ. মিশরের Alexandrian text

- (৭) P⁷⁵, P⁶⁶ (প্রায় ২০০ খ্রীষ্টাব্দ), যা সুমাচার লিপিবদ্ধ করেছে
- (৮) P⁴⁶ (প্রায় ২২৫ খ্রীষ্টাব্দ), যা পৌলের পত্রগুলো লিপিবদ্ধ করেছে
- (৯) P⁷² (প্রায় ২২৫-২৫০ খ্রীষ্টাব্দ), যা পিতর এবং যিহুদা লিপিবদ্ধ করেছে
- (১০) Codex B, একে বলা হয় Vaticanus (প্রায় ৩২৫ খ্রীষ্টাব্দ), যেখানে সম্পূর্ণ পুরাতন নিয়ম এবং নতুন নিয়ম অর্ন্তভুক্ত
- (১১) এই লেখনী রূপ থেকে Origen এর উদ্ধৃতির উৎস
- (১২) অন্য MSS যা এই \aleph , C, L, W, 33 এর লেখনী রূপ দেখায়

চ. উত্তর আফ্রিকা থেকে পশ্চিমা লেখনী

- (৫) উত্তর আফ্রিকার মন্ডলীর আদি পিতাদের উদ্ধৃতি, Tertullian, Cyprian এবং পুরাতন ল্যাটিন অনুবাদ
- (৬) Irenaeus থেকে উদ্ধৃতি
- (৭) Tatian এবং পুরাতন Syriac অনুবাদ থেকে উদ্ধৃতি
- (৮) Codex D “Bezae” এই লেখনী ধরণ অনুসরণ করে

ছ. Constantinople থেকে Eastern Byzantine text

- (৫) এই লেখনী ধরণ প্রতিফলিত হয়েছে ৫,৩০০ MSS এর ৮০% উপরে
- (৬) সিরিয়ার আন্তখিয়ার মন্ডলীর আদি পিতাদের উদ্ধৃতি, Cappadoceans, Chrysostom, এবং Therodoret
- (৭) Codex A, শুধুমাত্র সুসমাচারগুলিতে
- (৮) Codex E (অষ্টম শতক) সম্পূর্ণ নতুন নিয়মের জন্য

জ. সম্ভাব্য চতুর্থ ধরণ হল “Caesarean” প্যালেস্টাইন থেকে

- (৩) এটা প্রাথমিকভাবে শুধুমাত্র মার্কে দেখা যায়
- (৪) এর কিছু সাক্ষী হল P⁴⁵ এবং W

IV. “নিম্নতর সমালোচনা” বা “পাণ্ডুলিপির লেখনী বিষয়ক সমালোচনা” এর সমস্যা এবং তত্ত্বসমূহ

গ. কিভাবে ভিন্নতা ঘটে

৩. অনিচ্ছাকৃত বা দুর্ঘটনাবশতঃ (বেশির ভাগই ঘটনার কারণে)

- ঘ. হাতে অনুলিখনের সময় চোখ এড়িয়ে যাওয়া যা দ্বিতীয়বার পড়ার ক্ষেত্রে দুটি একই শব্দ হয় এবং সেজন্য এর মধ্যের সমস্ত শব্দ বাদ পড়ে (homoioteleuton)
- (৩) চোখ এড়িয়ে যাওয়ায় দুটি অক্ষরের শব্দ বা শব্দগুচ্ছ বাদ পড়া (haplography)
- (৪) মনের ভুলে গ্রীক লেখনীর একটি শব্দগুচ্ছ বা line এর পুনরাবৃত্তি (dittography)
- ঙ. শোনার ভুলে মৌখিক অনুলিখনের সময়ে ভুল বানান ঘটে (itacism)। প্রায়ই এই ভুল বানান বোঝায় বা বানান করে একই রকম উচ্চারণের গ্রীক শব্দ।
- চ. প্রাচীন গ্রীক লেখনীতে কোন অধ্যায় বা পদের বিভাগ, অঙ্ক বা কোন যতিচিহ্ন এবং শব্দের মধ্যে কোন বিভাজন ছিল না। এটা সম্ভব ছিল অক্ষরগুলোকে ভাগ করে বিভিন্ন জায়গায়তে বসিয়ে বিভিন্ন শব্দ তৈরী করা

৪. ইচ্ছাকৃত

- চ. লেখনী অনুলিখনে ব্যাকরণগত রূপের উন্নয়ন করার জন্য পরিবর্তন করা হয়েছিল
- ছ. অন্য বাইবেল বিষয়ক লেখনীর (harmonization of parallels) সাথে সাদৃশ্য আনার জন্য পরিবর্তন করা হয়েছিল
- জ. দুই বা ততোধিক ভিন্ন লেখনীকে সমন্বয় করে একটি দীর্ঘ সংযুক্ত লেখনী (conflation) করার জন্য পরিবর্তন করা হয়েছিল
- ঝ. লেখনীর একটি অনুভূত সমস্যা সঠিক করার জন্য পরিবর্তন করা হয়েছিল (১ করি ১১:২৭ এবং ১ যোহন ৫:৭-৮)
- ঞ. কিছু অতিরিক্ত তথ্য যেমন ঐতিহাসিক পটভূমি বা লেখনীর উপযুক্ত ব্যাখ্যা এক লিপিকার সীমা নির্ধারণ করেছেন কিন্তু অন্য লিপিকার দ্বারা লেখার মধ্যে আনা হয়েছে (যোহন ৫:৪)

- ঘ. লেখনী বিষয়ক সমালোচনার মৌলিক মতবাদ (যৌক্তিক নিয়মাবলী যা নির্ধারণ করে একটি লেখনীর মৌলিক অধ্যয়ন যখন ভিন্নতা বর্তমান রয়েছে)
৮. সবচেয়ে অনভিপ্রেত বা ব্যাকরণগত ভাবে অস্বাভাবিক লেখনী সম্ভাবত মৌলিক
 ৯. সংক্ষিপ্ত লেখনী সম্ভাবত মৌলিক
 ১০. পুরাতন লেখনীকে বেশী গুরুত্ব দেওয়া হয় কারণ এর মূলের সাথে ঐতিহাসিক নৈকট্য, অন্য সবকিছু একই রকম থাকে
 ১১. MSS এর যেগুলি ভৌগোলিকভাবে ভিন্ন সাধারণত সেগুলি মূল অধ্যয়ন আছে
 ১২. মতবাদগত ভাবে দুর্বল লেখনী, বিশেষভাবে যেগুলির পাণ্ডুলিপি পরিবর্তনের সময় কালের বৃহত্তর ধর্মতত্ত্বগত আলোচনার সাথে সম্পর্কযুক্ত, যেমন ত্রিত্ব ১ যোহন ৫:৭-৮ পদে মনোনীত করা হয়।
 ১৩. অন্যান্য ভিন্নতায় লেখনী সবচেয়ে উত্তমভাবে ব্যাখ্যা করা যায়
 ১৪. দুইটি উদ্ধৃতি যা এই সমস্যামূলক ভিন্নতার মধ্যে সমতা দেখাতে সাহায্য করে
 - গ. J. Harold Greenlee's book, *Introduction to New Testament Textual Criticism*,
 “কোন খ্রীষ্টিয় মতবাদ বিতর্কিত লেখনীর উপর নির্ভর করে না; এবং নতুন নিয়মের ছাত্রদের যারা মূল থেকে অনুপ্রাণিত হওয়ার চেয়ে আরও প্রথাগত বা মতবাদগত ভাবে শক্তিশালী হতে চায় তাদের অবশ্যই সচেতন হতে হবে”
 (পৃ. ৬৮)
 - ঘ. W. A. Criswell বলেছেন Greg Garrison of *The Birmingham News*- কে যে তিনি (Criswell) বিশ্বাস করেন না যে বাইবেলের সব শব্দ অনুপ্রাণিত, “অন্তত: সব শব্দ নয় যা শতকের পর শতক ধরে অনুবাদকেরা আধুনিক জনগণকে দিয়েছেন।” Criswell বলেছেন,
 “আমি নিজে লেখনীর সমালোচনায় বিশেষভাবে বিশ্বাসী। যেমন, আমি মনে করি, মার্কেসের ১৬ তম অধ্যায়ের শেষের অর্ধেক প্রচলিত মতের বিরুদ্ধ বিশ্বাস: এটা অনুপ্রাণিত নয়, এটি শুধুমাত্র সাজানো.....। যখন আপনি এইসব কিছু পুরাতন পাণ্ডুলিপিগুলোর তুলনা করবেন, মার্ক পুস্তকে এমন কিছু নেই যা পুস্তকের উপসংহার হতে পারে। কেউ একজন এটাকে যুক্ত করেছেন.....”
 SBC inerrantists এর পৃষ্ঠপোষক দাবী করেন যে, পুস্তকে সন্নিবেশিত” (“interpolation”) করার প্রমাণ যোহন ৫ পদে, বৈৎসদা পুকুর পাড়ে যীশুর বিবরণ। তিনি আরও আলোচনা করেছেন যিহুদার আত্মহত্যার দুইটি ভিন্ন প্রেক্ষাপট (মথি ২৭ এবং প্রেরিত ১): Criswell, বলেছেন, “এটা শুধুমাত্র আত্মহত্যার একটি ভিন্ন দৃষ্টি।” “যদি এটি বাইবেলে থাকে তাহলে এর জন্য একটি ব্যাখ্যা রয়েছে। এবং যিহুদার আত্মহত্যার দুইটি বিবরণ বাইবেলে রয়েছে।” Criswell আরও বলেছেন, “লেখনী বিষয়ক সমালোচনা নিজেই একটি অসাধারণ বিজ্ঞান। এটি ক্ষণস্থায়ী নয়, এটা অপ্রাসঙ্গিক নয়। এটা গতিশীল এবং কেন্দ্রীয়...”
- V. পাণ্ডুলিপির সমস্যাসমূহ (লেখনী বিষয়ক সমালোচনা)
- খ. অধিকতর অধ্যয়নের উৎসসমূহের পরামর্শ
 ৪. *Biblical Criticism: Historical, Literary and Textual*, by R.H. Harrison
 ৫. *The Text of the New Testament: Its Transmission, Corruption and Restoration* by Bruce M. Metzger,
 ৬. *Introduction to New Testament Textual Criticism*, by J. H Greenlee

শব্দকোষ/পরিভাষা

(GLOSSARY)

Adoptionism (দত্তক গ্রহণ-তত্ত্ব) এটি ছিল যীশুর ঈশ্বরত্বের সাথে সম্পর্কিত একটি পূর্ব ধারণা। এটি মূলত বলতে চেষ্টা করে যে যীশু সব দিক দিয়ে একজন সাধারণ মানুষ ছিলেন এবং তাঁর বাপ্তিস্মের সময় ঈশ্বর বিশেষ অর্থে তাঁকে দত্তক নিয়েছিলেন (মথি. ৩:১৭; মার্ক ১:১১) বা তাঁর পুনরুত্থানের সময়ে (রোমীয় ১:৪)। যীশু এমন একটি দৃষ্টান্তমূলক জীবন যাপন করতেন যে ঈশ্বর কিছু কিছু ক্ষেত্রে, (বাপ্তিস্ম, পুনরুত্থান) তাঁকে তাঁর “পুত্র” হিসেবে দত্তক নিয়েছিলেন (রোমীয় ১:৪; ফিলি ২:৯)। এটা ছিল প্রাথমিক মন্ডলী এবং অষ্টম শতকের অল্প কিছু মানুষের ধারণা। ঈশ্বরের মানুষ রূপ নেওয়ার (দেহ ধারণ) পরিবর্তে এটি একে উল্টে ফেলে এবং এখন হয়ে যায় মানুষ ঈশ্বর হয়েছেন!

এটা ব্যাখ্যা করা কঠিন যে কিভাবে যীশু, ঈশ্বরের পুত্র, পূর্ব-বিদ্যমান ঈশ্বর, পুরস্কৃত বা উচ্চ প্রশংসিত হয়েছিলেন একটি দৃষ্টান্তমূলক জীবনের জন্য। যদি তিনি ঈশ্বরই হয়ে থাকেন, কিভাবে তাঁকে পুরস্কৃত করা যেতে পারে? যদি তাঁর পূর্ব-বিদ্যমান স্বর্গীয় মহিমা থাকে তাহলে কিভাবে তাঁকে আরও সম্মানিত করা হয়? যদিও এটা আমাদের জন্য হৃদয়ঙ্গম করা অনেক কঠিন, পিতা যীশুকে কোন না কোন বিশেষ অর্থে সম্মানিত করেছিলেন তাঁর পিতার ইচ্ছা উত্তমরূপে পরিপূর্ণ করার জন্য।

Alexandrian School (আলেকজান্দ্রিয়ার পন্ডিতদের দল) দ্বিতীয় শতকে মিশরের আলেকজান্দ্রিয়াতে বাইবেল ব্যাখ্যার এই পদ্ধতির উদ্ভব হয়েছিল। এটি ফিলো, যিনি প্লটোর অনুসারী ছিলেন তার প্রাথমিক ব্যাখ্যামূলক নীতি ব্যবহার করে। প্রায় সময়ই একে রূপার্থক পদ্ধতি বলা হয়। এটি সংস্কার আন্দোলনের পূর্ব পর্যন্ত মন্ডলীকে আন্দোলিত করত। এর সবচেয়ে দক্ষ প্রবক্তারা ছিলেন ওরিগেন এবং আগষ্টিন। দেখুন Moises Silva, *Has The Church Misread The Bible?* (Academic, 1987)

Alexandrinus (আলেকজান্দ্রিনাস) এটি মিশরের আলেকজান্দ্রিয়ার পঞ্চম শতকের গ্রীক পাণ্ডুলিপি, যার অর্ন্তভুক্ত ছিল পুরাতন নিয়ম, Apocrypha (ক্যানন বহির্ভূত পুস্তক) এবং নতুন নিয়মের অধিকাংশ। এটি হল আমাদের সমস্ত গ্রীক নতুন নিয়ম (মথি, যোহন এবং ২ করিন্থীয় পত্রের কিছু অংশ বাদে) বৃহত্তর সাক্ষী/প্রমাণের একটি। যখন এই পাণ্ডুলিপি, যার নামকরণ করা হয়েছে “A,” এবং পাণ্ডুলিপি যার নামকরণ করা হয়েছে হল “B” (Vaticanus) একমত হয়েছে অধ্যয়নের উপর, এটা অধিকাংশ স্থানেই বেশির ভাগ পন্ডিত দ্বারা মূল হিসেবে বিবেচনা করা হয়েছে।

Allegory (রূপক) এটা এক ধরণের বাইবেল ভিত্তিক ব্যাখ্যা যার মূলতঃ উন্নয়ন হয়েছিল আলেকজান্দ্রিয়ার যিহুদী ধর্মের ভিতরে। একে জনপ্রিয় করেছিলেন আলেকজান্দ্রিয়ার ফিলো। এর চালিকা শক্তির আকাংখ্যার ভিত্তি হল শাস্ত্রের ঐতিহাসিক পটভূমি এবং/অথবা সাহিত্য প্রসঙ্গকে উপেক্ষা করার মাধ্যমে বাইবেলকে একজনের সংস্কৃতি বা দার্শনিক ব্যবস্থার উপযুক্ত করা। এটি শাস্ত্রের প্রতিটি লেখনীর পিছনের গোপন বা আত্মিক অর্থ খোঁজে। উল্লেখ্য যে, যীশু মথি ১৩ অধ্যায়ে, এবং পৌল গালাতীয় ৪ অধ্যায়ে সত্য বলার জন্য রূপকের ব্যবহার করেছেন। এটি, যাহোক, শাস্ত্র অধ্যয়নে মতবাদগত তত্ত্ব রূপে ছিল, কঠোরভাবে রূপকধর্মী নয়।

Analytical lexicon (বিশ্লেষণাত্মক অভিধান) এটি এক ধরণের গবেষণার হাতিয়ার যা একজনকে নতুন নিয়মের প্রতি গ্রীক রূপ চিহ্নিত করতে সাহায্য করে। এটি একটি সংকলন, গ্রীক বর্ণমালার শৃংখল অনুসারে, রূপের এবং মৌলিক সংজ্ঞা সমূহের। একটি interlinear অনুবাদের সাথে সমন্বিত হয়ে, এটি গ্রীক পড়তে না পারা বিশ্বাসীদের নতুন নিয়মে গ্রীক ব্যাকরণগত এবং বাক্যগঠনগত রূপ বিশ্লেষণ করতে সাহায্য করে।

Analogy of Scripture (শাস্ত্রের উপমা) এই সেই শব্দগুচ্ছ যা এই দৃষ্টিভঙ্গি বোঝাতে ব্যবহৃত হয়েছে যে বাইবেলের সমস্ত কিছু ঈশ্বর দ্বারা অনুপ্রাণিত হয়েছে, সেহেতু, স্ববিরোধী নয় কিন্তু সম্পূর্ণক। এই পূর্ব ধারণগত নিশ্চয়তা হল একটি সমান্তরাল প্যাসেজের বাইবেলের লেখনী অনুবাদের জন্য ব্যবহৃত মূলনীতি।

Ambiguity (অস্পষ্টতা/দ্ব্যর্থক বাক্য) এটি উল্লেখ করে সেই অনিশ্চয়তা যার ফলাফল হল একটি লিখিত নথিপত্র যখন সেখানে দুই বা ততোধিক সম্ভাব্য অর্থ বা যখন দুই বা ততোধিক বিষয়কে একই সময়ে উল্লেখ করা হয়ে থাকে। এটা সম্ভব যে যোহন উদ্দেশ্যমূলকভাবেই ambiguity (দুটি ব্যাখ্যা) ব্যবহার করেছেন।

Anthropomorphic (নরত্বারোপ/ব্যক্তিরূপ দান) এর অর্থ “মানুষের মত চারিত্রিক বৈশিষ্ট্য সম্পন্ন সত্তা,” এই টার্ম ঈশ্বর সম্বন্ধে আমাদের ধর্মীয় ভাষা বর্ণনা করতে ব্যবহৃত হয়েছে। এটি এসেছে গ্রীক টার্ম মানবজাতি থেকে। এর অর্থ হল আমরা ঈশ্বরের বিষয়ে এমনভাবে বলি যেন তিনি একজন মানুষ। ঈশ্বরকে বর্ণনা করা হয়েছে শারিরিক, সামাজিক এবং সমাজিক টার্মে যেটি মানুষের সাথে সম্পর্কযুক্ত (আদি ৩:৮; ১ রাজা ২২:১৯-২৩)। এটি অবশ্যই শুধুমাত্র একটি উপমা। যাহোক, আমাদের ব্যবহারের জন্য মানুষ ছাড়া আর কোন শ্রেণীবিভাগ বা টার্ম নেই। সুতরাং, ঈশ্বরের বিষয়ে আমাদের জ্ঞান, যদিও সত্য, খুবই সীমাবদ্ধ।

Antiochian School (আন্তিয়খিয়ার পন্ডিতদের দল) এই বাইবেল অনুবাদ পদ্ধতির উদ্ভব হয়েছিল সিরিয়ার আন্তিয়খিয়ায় তৃতীয় শতকে মিশরের আলেকজান্দ্রিয়ার রূপকার্থক পদ্ধতির প্রতিক্রিয়া হিসাবে। এর মূল চালিকা শক্তি ছিল বাইবেলের ঐতিহাসিক অর্থের উপরে দৃষ্টি দেওয়া। এটি বাইবেলকে অনুবাদ করেছিল সাধারণ, মানবিক সাহিত্য হিসাবে। এই দল যীশুর দুইটি স্বভাব (Nestorianism) বা একটি স্বভাব (সম্পূর্ণ ঈশ্বর এবং

সম্পূর্ণ মানুষ) ছিল কিনা এই বিষয়ে বিতর্কে জড়িয়ে গিয়েছিল। একে বিরুদ্ধ মত বলে রোমীয় ক্যাথলিক মন্ডলী অ্যাখ্যা দেয় এবং পারস্যে স্থানান্তরিত হয় কিন্তু এই দলের সামান্যই তাৎপর্য ছিল। এর মৌলিক ব্যাখ্যার নীতিগুলো পরবর্তীতে ক্লাসিক্যাল প্রোটেস্ট্যান্ট সংস্কারকারীদের (Luther এবং Calvin) অনুবাদের নীতি হয়েছিল।

Antithetical (বৈপরিত্য/ভিন্নতা/বিভেদমূলক) এটি হল হিব্রু কবিতার পঙতিগুলোর মধ্যকার সম্পর্ক বোঝানো জন্য ব্যবহৃত তিনটি বর্ণনামূলক টার্মের একটি। এটি কবিতার পঙতির মধ্যে মিল করে যেগুলো বিপরীত অর্থ বোঝায় (হিতো ১০:১, ১৫:১)।

Apocalyptic literature (রহস্য-উদ্ঘাটনমূলক সাহিত্য) এটা ছিল প্রধান, হয়তো সম্ভবত অনন্য, একটি যিহুদী রীতি। এটি একটি রহস্যময় ধরণের লেখা যা বিদেশী বিশ্ব শক্তি দ্বারা যখন যিহুদীদের আক্রমণ এবং দখল করা হয়েছিল সেই সময় ব্যবহৃত হত। এটি ধরে নেয় যে একজন ব্যক্তিগত, পরিত্রাণকারী ঈশ্বর সৃষ্টি এবং নিয়ন্ত্রণ করছেন বিশ্বের ঘটনাগুলো, এবং ইস্রায়েলের প্রতি তাঁর বিশেষ আগ্রহ এবং তত্ত্বাবধান রয়েছে। এই সাহিত্য ঈশ্বরের বিশেষ প্রচেষ্টার মাধ্যমে চূড়ান্ত বিজয়ের প্রতিজ্ঞা করে।

এটি অত্যন্ত প্রতীকীমূলক ও অবাস্তব অনেক রহস্যময় টার্মে। এটা প্রায়ই সত্য প্রকাশ করে থাকে রং, সংখ্যা, দর্শন, স্বপ্ন, দূতসুলভ ধ্যানে, সাংকেতিক শব্দ এবং প্রায়ই ভাল এবং মন্দের মধ্যে একটি তীক্ষ্ণ দ্বৈত বাদের মাধ্যমে।

এই রীতির কিছু উদাহরণ হল (১) পুরাতন নিয়মে, যিহিঙ্কেল (৩৬-৪৮), দানিয়েল (৭-১২ অধ্যায়), সখরিয়; এবং (২) নতুন নিয়মে, মথি ২৪, মার্ক ১৩, ২ থিমলনীকীয় ২ এবং প্রকাশিত বাক্য।

Apologist (Apologetics) (কৈফিয়তদানকারী কৈফিয়তমূলক) এটি এসেছে “আইনসম্মত প্রতিরক্ষা” গ্রীক মূল থেকে। এটি ধর্মতত্ত্বের ভিতরে একটি নির্দিষ্ট শৃংখলা যেটি অন্বেষণ করে খ্রীষ্টিয় বিশ্বাসকে দেবার জন্য প্রমাণ এবং যুক্তিসম্মত বিতর্কসমূহ।

A priori (অগ্রগণ্য বলে বিবেচ্য) এটি মূলত “পূর্ব ধারণা” টার্মের সমার্থক। এর মধ্যে অর্ন্তভুক্ত থাকে পূর্বে গৃহিত সংজ্ঞা, নীতি বা অবস্থাসমূহের যুক্তি যাকে সত্য বলে ধরে নেওয়া হয়। এটি হল সেটি যাকে কোন পরীক্ষা বা বিশ্লেষণ ছাড়াই গ্রহণ করা হয়েছে।

Arianism (অরিয়সের তত্ত্ব) Arius ছিলেন তৃতীয় এবং চতুর্থ শতকের মিশরের আলেকজান্দ্রিয়ার মন্ডলী একজন প্রেসবিটার। তিনি বলতে চেষ্টা যে যীশু পূর্বে-বিদ্যমান ছিলেন কিন্তু ঐশ্বরীয় ছিলেন না (পিতার মত একই সত্তা ছিল না), সম্ভবত হিতোপদেশ ৮:২২-৩১ পদ অনুসারে। তিনি আলেকজান্দ্রিয়ার বিশপের আপত্তির সম্মুখীন হন, যিনি (৩২৮ খ্রীষ্টাব্দ) তার সাথে বিতর্ক শুরু করেন যেটা অনেক বছর স্থায়ী হয়েছিল। অরিয়াসের তত্ত্ব ইস্টার্ন মন্ডলীর অনুমোদিত মতবাদ হয়ে দাঁড়ায়। ৩২৫ খ্রীষ্টাব্দে নাইসিয়ার কাউন্সিল Arius -কে দোষী সাব্যস্ত করেছিল এবং জোর দিয়েছিল পূর্বের পরিপূর্ণ সমতা এবং ঈশ্বরত্বের প্রতি।

Aristotle (এরিস্টটল) তিনি ছিলেন প্রাচীন গ্রীসের দার্শনিকদের একজন, প্লেটোর একজন শিষ্য এবং মহান আলেকজান্ডারের শিক্ষক। তার প্রভাব, এমনকি আজও, আধুনিক শিক্ষা ব্যবস্থার অনেক ক্ষেত্রে বিস্তার লাভ করেছে। এর কারণ হল তিনি পর্যবেক্ষণ এবং শ্রেণীবিভাগের মাধ্যমে জ্ঞানার্জনের উপরে জোর দিয়েছিলেন। এটি বিজ্ঞানসম্মত পদ্ধতির মতবাদগুলোর একটি।

Autographs (স্বহস্তে লিখন) বাইবেলের মূল লেখাকে এই নাম দেওয়া হয়েছিল। এই মূল, হাতে লেখা পাণ্ডুলিপিগুলোর সবটাই হারিয়ে গিয়েছে। শুধু লেখাগুলো অনুলিখনের অনুলিখনই রয়ে গিয়েছে। এটাই হল ইব্রীয় এবং গ্রীক পাণ্ডুলিপিগুলো এবং প্রাচীন সংস্করণগুলোর অনেক রকমের লেখনীর ভিন্নতার উৎস।

Bezae এটি হল ষষ্ঠ শতকের একটি গ্রীক এবং ল্যাটিন পাণ্ডুলিপি। এটার নাম করণ হয়েছে “D।” এর মধ্যে সুসমাচারসমূহ ও প্রেরিত পুস্তক এবং সাধারণ প্রেরিত পত্রের কিছু অংশ ছিল। একে চিহ্নিত করা হয় অসংখ্য অনুলিপিকারকের সংস্করণ দ্বারা। এটি গঠন করে “Textus Receptus” এর ভিত্তি, King James Version এর পশ্চাতে মুখ্য গ্রীক পাণ্ডুলিপির ঐতিহ্য।

Bias (পক্ষপাত) এই টার্মটি ব্যবহৃত হয়েছে একটি বস্তু বা দৃষ্টিভঙ্গি প্রতি একটি শক্তিশালী পূর্ব প্রবণতা বর্ণনা করার জন্য। এটা একটি মানসিক অবস্থা যেখানে কোন নির্দিষ্ট বস্তু বা দৃষ্টিভঙ্গির বিষয়ে নিরপেক্ষ থাকা হল অসম্ভব। এটা একটি পক্ষপাতদুষ্ট অবস্থান।

Biblical Authority (বাইবেলের কর্তৃত্ব) এই টার্মটি ব্যবহার করা হয়েছে একটি বিশেষ অর্থে। এটি মূল লেখক তার সময়কালে কি বলতে চেয়েছেন এবং সেই সত্য আমাদের সময়কালে কিভাবে প্রয়োগ করা হয় সেটি বুঝতে পারাকে ব্যাখ্যা করে। বাইবেলের কর্তৃত্ব সাধারণভাবে ব্যাখ্যা করা হয় যে বাইবেলকেই আমাদের একমাত্র কর্তৃত্বকারী সহায়ক হিসাবে দেখাকে। যাহোক, বর্তমানের, ভ্রান্ত অনুবাদের আলোকে, আমি বাইবেলের ধারণাকে ঐতিহাসিক-ব্যাকরণগত পদ্ধতির মতবাদ দ্বারা অনুবাদের মধ্যে সীমিত রেখেছি।

Canon (ক্যানন) এই টার্মটি ব্যবহৃত হয়েছে লেখাগুলো বর্ণনা করার জন্য যেগুলো অনন্যভাবে অনুপ্রাণিত বলে বিশ্বাস করা হয়। এটি পুরাতন নিয়ম এবং নতুন নিয়ম উভয় লেখার ক্ষেত্রেই ব্যবহার করা হয়েছে।

Christocentric এই একটি টার্ম যীশু-কেন্দ্রিকতা বর্ণনা করার জন্য ব্যবহৃত হয়েছে। আমি একে এই সংযুক্তির সাথে ব্যবহার করি যে যীশু হলেন সমস্ত বাইবেলের প্রভু। পুরাতন নিয়ম তাঁর দিকে নির্দেশ করে এবং তিনি হলেন এর পরিপূর্ণতা এবং লক্ষ্য (মথি ৫:১৭-৪৮)।

Commentary (ব্যাখ্যা পুস্তক) এটি হল একটি বিশেষায়িত ধরণের গবেষণামূলক বই। এটি বাইবেলের পুস্তক সমূহের সাধারণ পটভূমি দিয়ে থাকে। পরে এটি চেষ্টা করে পুস্তকের প্রতিটি অংশের অর্থ ব্যাখ্যা করতে। কিছু কিছু গুরুত্ব দেয় প্রয়োগের উপর, যখন অন্যগুলি লেখনীসমূহ নিয়ে আরও কৌশলগত পদ্ধতি নিয়ে আলোচনা করে। এই বইগুলো সাহায্যকারী, কিন্তু একজনের উচিত নিজের প্রারম্ভিক অধ্যয়ন শেষ করার পর ব্যবহার করা। ব্যাখ্যাকারীর অনুবাদ সমালোচনা ছাড়া গ্রহণ করা উচিত নয়। বিভিন্ন ধরণের ধর্মতাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে লেখা ব্যাখ্যামূলক বইয়ের তুলনা করা সাধারণত সহায়ক হয়।

Concordance (নির্ঘণ্ট) এটি বাইবেল অধ্যয়নের জন্য এক ধরণের গবেষণার হাতিয়ার। এটা পুরাতন এবং নূতন নিয়মের প্রতিটি শব্দের প্রতিটি ঘটনার তালিকা করে থাকে। বিভিন্ন উপায়ে এটি সাহায্য করে: (১) ইব্রীয় বা গ্রীক শব্দ নিরূপণ করা যেটি কোন নির্দিষ্ট ইংরাজী শব্দের পিছনে থাকে; (২) একই ইব্রীয় বা গ্রীক শব্দ ব্যবহার করা হয়েছে এমন প্যাসেজের তুলনা করা; (৩) দেখানো যেখানে দুটি ভিন্ন ইব্রীয় বা গ্রীক টার্ম একই ইংরাজী শব্দে অনুবাদ করা হয়েছে; (৪) নির্দিষ্ট বইগুলো বা লেখকেরা নির্দিষ্ট শব্দসমূহ কতটা নিয়মিত ব্যবহার করেছেন তা দেখানো; (৫) কাউকে বাইবেলের একটি প্যাসেজ খুঁজে বের করতে সাহায্য করা (Walter Clark's *How to Use New Testament Greek Study Aids*, pp. 54-55)।

Dead Sea Scrolls (মরু সাগরের পুঁথি) এটি নির্দেশ করে একটি ধারাবাহিক ইব্রীয় এবং আরামিক ভাষায় লিখিত প্রাচীন লেখাসমূহ যেগুলো মরু সাগরের কাছে ১৯৪৭ সনে পাওয়া যায়। এগুলো ছিল প্রথম শতাব্দীর যিহূদী ধর্মের একটি সম্প্রদায়ের ধর্মীয় গ্রন্থাগার। রোমীয় দখলদার এবং ৬০ দশকের ধর্মান্বদের যুদ্ধের চাপের কারণে তারা জেরুজালেমের কাছে বায়ুরোধক মাটির পাত্রে রেখে গুহা বা গর্তে লুকিয়ে রেখেছিল। সেগুলি আমাদের প্রথম শতাব্দীর প্যালেস্টাইনের ঐতিহাসিক পটভূমি বুঝতে সাহায্য করেছে এবং নিশ্চিত করেছে যে Masoretic Text, খুবই সঠিক, অন্তত: অতীতে প্রাথমিক খ্রীষ্ট-পূর্ব যুগ পর্যন্ত। এদের নামকরণ করা হয়েছে সংক্ষিপ্ত রূপ “DSS” দিয়ে।

Deductive (অবরোধন) এই যুক্তি বা কারণ বের করার পদ্ধতি সাধারণ নীতি থেকে নির্দিষ্ট প্রয়োগে স্থানান্তর করা যায় কারণের অর্থের দ্বারা। এটা আরোহণ যুক্তির বিপরীত রূপ, যেটি সুনির্দিষ্ট পর্যবেক্ষণ থেকে সাধারণ উপসংহারে (তত্ত্বসমূহের) স্থানান্তরের বৈজ্ঞানিক পদ্ধতি প্রতিফলিত করে।

Dialectical (যুক্তি তর্কের মাধ্যমে সত্যে পৌঁছানো) এটা সেই যুক্তির পদ্ধতি যার দ্বারা যেগুলো মনে হয় পরস্পরবিরোধী বা প্রচলিত মতবাদ বিরোধী সেগুলোকে একটি চিন্তা দ্বারা একত্র করে একটি সমন্বিত উত্তর খোঁজা হয় যেখানে অসংগতির দুইটি দিকই থাকবে। অনেক বাইবেলের মতবাদে অনেক Dialectical জোড়া, পূর্ব নির্ধারিত ভাগ্য-স্বাধীন ইচ্ছাশক্তি; নিরাপত্তা –অধ্যবসায়; বিশ্বাস–কার্জ; সিদ্ধান্ত – শিষ্যত্ব; খ্রীষ্টিয় স্বাধীনতা – খ্রীষ্টিয় দায়িত্ব রয়েছে।

Diaspora (ছড়িয়ে পড়া) এটি হল কৌশলগত গ্রীক টার্ম পলেস্টাইনের যিহূদীরা ব্যবহার করতো অন্য যিহূদীদের বর্ণনা করতে যারা প্রতিজ্ঞাত ভূমির ভৌগোলিক সীমারেখার বাইরে বসবাস করতো।

Dynamic equivalent (গতিশীল সমতুল্য) এটি বাইবেল অনুবাদের একটি তত্ত্ব। বাইবেল অনুবাদকে দেখা যেতে পারে “ওয়ার্ড-ফর-ওয়ার্ড” এর সাদৃশ্য ক্রমাগত রূপ, যেখানে প্রতিটি ইব্রীয় বা গ্রীক শব্দের জন্য একটি ইংরাজী শব্দ অবশ্যই সরবরাহ করতে হবে, একটি “প্যারামর্ফজ”-এ যেখানে শুধুমাত্র চিন্তা অনুবাদ করা হয় মূল শব্দ বিন্যাস বা শব্দগুচ্ছের। এই দুই তত্ত্বের মধ্যে “গতিশীল সমতুল্য” হল যেটি চেষ্টা করে মূল লেখাকে গুরুত্বের সাথে গ্রহণ করতে, কিন্তু একে অনুবাদ করে আধুনিক ব্যাকরণগত রূপ এবং বাগধারায়। অনুবাদের বিভিন্ন তত্ত্বগুলো নিয়ে একটি খুবই ভাল আলোচনা পাওয়া যাবে Fee and Stuart's *How to Read the Bible For All Its Worth*, p. 35 এবং Robert Bratcher's Introduction to the TEV।

Eclectic (বিভিন্ন সূত্র থেকে প্রাপ্ত উপাদানের সমন্বয়) এই টার্মটি ব্যবহার করা হয় লেখনী বিষয়ক সমালোচনায় সংযুক্ত করে। এটি উল্লেখ করে বিভিন্ন গ্রীক পাণ্ডুলিপিগুলোর থেকে বাছাই করে অধ্যয়নের অনুশীলনকে যেন একটি লেখনীতে পৌঁছাতে পারে যেটি সম্ভবত মূল হস্তলেখগুলোর কাছাকাছি হবে। এটা এই দৃষ্টিভঙ্গিকে প্রত্যাখ্যান করে যে গ্রীক পাণ্ডুলিপিগুলোর যে কোন একটি পাণ্ডুলিপি মূল লেখা সংগ্রহ করেছে।

Eisegesis এটা হল বাইবেল ব্যাখ্যার বিপরীত। যদি বাইবেল ব্যাখ্যা মূল লেখকের উদ্দেশ্য “বের করে দেওয়া” হয়, এই টার্ম বোঝায় বাইরের চিন্তা বা মতামতকে “ভিতরের নিয়ে আসা”।

Etymology (শব্দতত্ত্ব) এটি হল শব্দ অধ্যয়নের একটি দৃষ্টিভঙ্গি যেটি চেষ্টা করে একটি শব্দের মূল অর্থ নিরূপণ করতে। এই মূল অর্থ থেকে, বিশেষায়িত ব্যবহারগুলো চিহ্নিত করা আরো সহজ হয়। অনুবাদের ক্ষেত্রে, শব্দ তত্ত্ব প্রধান গুরুত্ব নয়, বরং একটি শব্দের সমসাময়িক অর্থ এবং ব্যবহার।

Exegesis এটি হল সুনির্দিষ্ট প্যাসেজ অনুবাদের অনুশীলনের জন্য কৌশলগত টার্ম। এর মানে “বের করে দেওয়া” (লেখনী থেকে) পরোক্ষভাবে বোঝায় যে আমাদের উদ্দেশ্য হল ঐতিহাসিক পটভূমি, সাহিত্য প্রসঙ্গ, বাক্য গঠন এবং সমসাময়িক শব্দার্থের আলোকে মূল লেখকের উদ্দেশ্য বোঝা।

Genre এটি একটি ফরাসী টার্ম যেটি বিভিন্ন ধরনের সাহিত্য বোঝায়। এই টার্মের চালিকা শক্তি হল সাহিত্য রূপের বিভিন্ন শ্রেণীতে বিন্যাস করার মাধ্যমে যেটা সাধারণ বৈশিষ্ট্য ভাগ করে: ঐতিহাসিক বর্ণনা, কবিতা, প্রবাদ, রহস্য-উন্মোচক এবং প্রণীত আইনসমূহ।

Gnosticism (জ্ঞানবাদ) আমাদের বেশীর ভাগ এই প্রচলিত মতের বিরুদ্ধে বিশ্বাসের জ্ঞান এসেছে দ্বিতীয় শতাব্দীর জ্ঞানবাদী লেখা হতে। যাহোক, এই প্রারম্ভিক ধারণা উপস্থাপিত হয়েছিল প্রথম শতাব্দীতে (এবং পূর্বে)।

কেউ কেউ বলে দ্বিতীয় শতকের Valentian মতবাদ এবং Cerinthian এর জ্ঞানবাদ হল : (১) বস্তু এবং আত্মা ছিল সহ-অনন্তকালীন (একটি সত্ত্বাত্মীয় দ্বৈতবাদ)। বস্তু হল মন্দ, আত্মা হল ভাল। ঈশ্বর, যিনি আত্মা, সরাসরী যুক্ত হতে পারেন না মন্দ বস্তুর গঠন কার্যে; (২) রয়েছে emanations (eons বা দেবদূতসুলভ স্তর) ঈশ্বর এবং বস্তুর মধ্যে। শেষ বা নিম্নতর ছিল পুরাতন নিয়মের YHWH, যিনি এই মহাবিশ্ব তৈরী করেছেন (kosmos); (৩) যীশু ছিলেন YHWH এর মত একজন emanation কিন্তু মাপে অনেক উচ্চতর, সত্য ঈশ্বরের কাছাকাছি। কেউ কেউ তাকে সর্বোচ্চে স্থান দেয় কিন্তু তবুও ঈশ্বরের থেকে নিম্নতর এবং নিশ্চিতভাবে দেহধারী ঈশ্বর নন (যোহন ১:১৪)। যেহেতু বস্তু হল মন্দ, যীশুর মানুষের শরীর থাকতে পারে না এবং এখনও স্বর্গীয় থাকতেন। তিনি ছিলেন আত্মিক ছায়া (১ যোহন ১:১-৩, ৪:১-৬); এবং (৪) পরিত্রাণ পাওয়া যায় যীশুর উপর বিশ্বাসের মাধ্যমে এর সাথে বিশেষ জ্ঞান যেটা কেবলমাত্র বিশেষ ব্যক্তির জানতেন। জ্ঞান (গুপ্তমন্ত্র) প্রয়োজন ছিল স্বর্গীয় পরিমন্ডলে অগ্রসর হবার জন্য। যিহুদী আইন সর্বস্বতা প্রয়োজন ছিল না ঈশ্বরের কাছে পৌছানোর জন্য।

জ্ঞানবাদের দ্রাষ্ট শিষ্ককেরা দুইটি বিপরীত নৈতিকতা পদ্ধতির সমর্থক ছিলেন: (১) কারও জন্য, জীবনধারা ছিল পরিত্রাণের জন্য সম্পূর্ণ অগুরুত্বপূর্ণ। তাদের জন্য, পরিত্রাণ এবং আত্মিকতা ছিল সংক্ষিকারে গোপন জ্ঞানে (গুপ্তমন্ত্র) দূতগণের পরিমন্ডলের (eons) মধ্য দিয়ে; বা (২) অন্যদের জন্য, পরিত্রাণের জন্য জীবনধারা ছিল গুরুত্বপূর্ণ। তারা জোর দিত একটি সন্ন্যাসী জীবনধারা সত্য আত্মিকতার প্রমাণ হিসাবে।

Hermeneutics এটি নীতির জন্য কৌশলগত একটি টার্ম যেটি বাইবেল সমালোচনা ও ভাষ্যকে পরিচালিত করে। এটি একটি সুনির্দিষ্ট নীতিমালা এবং শিল্প-কলা/দান উভয়ই। বাইবেল ভিত্তিক, বা পবিত্র গ্রন্থ, শাস্ত্রের ব্যাখ্যার বিজ্ঞান সাধারণত দুই শ্রেণীতে বিভক্ত: সাধারণ নীতিমালা এবং বিশেষ নীতিমালা। এটি বাইবেলে পাওয়া বিভিন্ন ধরনের সাহিত্যের সাথে সম্পর্কিত। প্রতিটির ভিন্ন ধরনের নিজস্ব অনন্য নীতিমালা আছে কিন্তু সেই সাথে অনুবাদের কিছু সাধারণ অনুমান এবং পদ্ধতি বিভাগ করে থাকে।

Higher Criticism (উচ্চতর সমালোচনা) এটি হল বাইবেল ভিত্তিক অনুবাদের পদ্ধতি যেটি একটি নির্দিষ্ট বাইবেল ভিত্তিক পুস্তকের ঐতিহাসিক পটভূমি এবং সাহিত্য গঠনের উপর গুরুত্ব দিয়ে থাকে।

Idiom (বাগধারা) এই শব্দটি ব্যবহার করা হয় বিভিন্ন সংস্কৃতিতে পাওয়া শব্দগুচ্ছে যেগুলির বিশেষায়িত অর্থ রয়েছে সাধারণ অর্থের সাথে সংযুক্ত নয়। কিছু আধুনিক উদাহরণ হল: “এটা অতিশয় ভাল ছিল,” বা “তুমি আমাকে ঠিক মেরে ফেললে।” বাইবেলেও এই ধরনের শব্দগুচ্ছ রয়েছে।

Illumination (আলোকিত করণ) এটা হল ঈশ্বর যে মানব জাতির সাথে কথা বলেছেন সেই ধারণার প্রদত্ত নাম। এই সম্পূর্ণ ধারণাটি সাধারণত তিনটি টার্মে ব্যক্ত করা হয়: (১) প্রকাশিত- ঈশ্বর মানুষের ইতিহাসে সক্রিয় ছিলেন; (২) অনুপ্রেরণা- তিনি তাঁর কার্যের সঠিক ব্যাখ্যা দিয়েছেন এবং তাদের অর্থ সংরক্ষণ করার জন্য নির্দিষ্ট লোকদের বাছাই করেছেন; এবং (৩) আলোকিত করণ- তিনি তাঁর আত্মা মানব জাতিকে দিয়েছেন তাঁর আত্ম-প্রকাশ বুঝতে সাহায্য করার জন্য।

Inductive এটি হল একটি যুক্তির পদ্ধতি অথবা কারণ যেটি নির্দিষ্ট অংশ থেকে সম্পূর্ণতায় স্থানান্তর হয়। এটি হল আধুনিক বিজ্ঞানের গবেষণামূলক পদ্ধতি। এটি মূলত অ্যারিস্টটলের পদ্ধতির প্রয়োগ।

Interlinear এটি হল এক ধরনের গবেষণার হাতিয়ার যেটি অনুমোদন করে যারা কোন বাইবেল ভিত্তিক ভাষা না পড়ে এর অর্থ এবং গঠন বিশ্লেষণ করতে সক্ষম হয়। এটি ইংরেজী অনুবাদকে একটি ওয়ার্ড-ফর-ওয়ার্ড স্তরে প্রতিষ্ঠা করে মূল বাইবেল ভিত্তিক ভাষার অধীনে স্থাপন করে। এই হাতিয়ার, একটি “বিশ্লেষণাত্মক শব্দকোষ” এর সাথে যুক্ত হয়ে ইব্রীয় এবং গ্রীক এর রূপ এবং মৌলিক সংজ্ঞাসমূহ দান করবে।

Inspiration (অনুপ্রেরণা) এটি হল সেই ধারণা যে ঈশ্বর মানব জাতির কাছে কথা বলেছেন বাইবেল লেখকদের নিশ্চিত ভাবে এবং স্পষ্টভাবে তাঁর প্রকাশকে সংরক্ষণ করার দ্বারা। এই সম্পূর্ণ ধারণা সাধারণত তিনটি টার্মে ব্যক্ত করা হয়: (১) প্রকাশিত- ঈশ্বর মানুষের ইতিহাস সক্রিয় ছিলেন; (২) অনুপ্রেরণা- তিনি তাঁর কার্যের সঠিক ব্যাখ্যা দিয়েছেন এবং তাদের অর্থ সংরক্ষণ করার জন্য নির্দিষ্ট লোকদের বাছাই করেছেন; এবং (৩) আলোকিত করণ- তিনি তাঁর আত্ম-প্রকাশ মানব জাতির বোঝার জন্য তাঁর আত্মাকে সাহায্যের জন্য দিয়েছেন।

Language of description (বর্ণনার ভাষা) এটি ব্যবহার করা হয় বাগধারার সাথে যুক্ত করে যা দিয়ে পুরাতন নিয়ম লেখা হয়েছে। পঞ্চ ইন্দ্রিয় যে পছায জগতের সবকিছু দৃশ্যমান সেই টার্মে এটি বলে। এটি একটি বৈজ্ঞানিক বর্ণনা নয়, নতুবা এটা হওয়া উচিত ছিল।

Legalism (আইনসর্বস্বতা) এই মনোভাব চিহ্নিত করা যায় একটি অতিরিক্ত জোর দেওয়া আইনগুলো বা ধর্মীয় আচার দ্বারা। এর ঈশ্বরের কাছে গ্রহণযোগ্য হবার জন্য মানুষের আইন পালনের উপর নির্ভর করার প্রবণতা আছে। এর প্রবণতা হল সম্পর্কের অবণতি এবং উপস্থাপনাকে উচ্চতর করা, উভয়ই একটি পবিত্র ঈশ্বর এবং পাপময় মানবিকতার মধ্যে নিয়মগত সম্পর্কের গুরুত্বপূর্ণ দৃষ্টিভঙ্গি।

Literal (আক্ষরিক) এটি আন্তর্জাতিক লেখনী-নিবন্ধ এবং বাইবেল ব্যাখ্যার কৌশলের ঐতিহাসিক পদ্ধতির আরেকটি নাম। এর অর্থ যে অনুবাদে অর্ন্তভুক্ত থাকে মানুষের ভাষার সাধারণ এবং সুস্পষ্ট অর্থ, যদিও এটা এখনও প্রতীকী ভাষার উপস্থিতি বলে স্বীকৃত।

Literary genre (সাহিত্য ধারা) এটা উল্লেখ করে যে মানুষের যোগাযোগ কিভাবে স্বতন্ত্র রূপ নিতে পারে, যেমন কবিতা বা ঐতিহাসিক বর্ণনা। প্রত্যেক ধরনের সাহিত্যের রয়েছে নিজস্ব বিশেষ বাইবেল ব্যাখ্যার কৌশল প্রক্রিয়ায় সঙ্গে সংযুক্ত সকল রচিত সাহিত্যের জন্য সাধারণ নীতিসমূহ।

Literary unit (আক্ষরিক/সাহিত্যের একক) এটি উল্লেখ করে একটি বাইবেল ভিত্তিক বইয়ের প্রধান চিন্তার বিভাগ সমূহের। এটি গড়ে উঠতে পারে কিছু পদ, প্যারাগ্রাফ বা অধ্যায় নিয়ে। এটি একটি স্বয়ংসম্পূর্ণ একক একটি কেন্দ্রীয় সাবজেক্টের সাথে।

Lower criticism (নিম্নতর সমালোচনা) দেখুন “গ্রন্থীয় সমালোচনা।”

Manuscript (পাণ্ডুলিপি) এই টার্মটি গ্রীক নতুন নিয়মের বিভিন্ন অনুলেখনের সাথে সম্পর্কযুক্ত। সাধারণত এগুলি বিভক্ত বিভিন্ন ধরণ দ্বারা: (১) যে বস্তুর উপর লেখা হয়েছে (papyrus, চামড়া), বা (২) লেখনীর নিজস্ব রূপ (সব বড় হাতের বা চলমান লেখনী)। এর সংক্ষিপ্ত রূপ দান করা হয়েছে “MS” (একবচন) বা “MSS” (বহুবচন)।

Masoretic Text এটি উল্লেখ করে নবম শতকের যিহুদী পণ্ডিতদের প্রজন্ম দ্বারা রচিত পুরাতন নিয়মের ইব্রীয় পাণ্ডুলিপিগুলি যেগুলোর মধ্যে রয়েছে স্বরবর্ণের পয়েন্ট এবং অন্য লেখনীর টিকাসমূহ। এটি আমাদের ইংরাজী পুরাতন নিয়মের মৌলিক লেখনী গঠন করে। এর লেখনী ঐতিহাসিকভাবে নিশ্চিত করেছে ইব্রীয় MSS দ্বারা, বিশেষভাবে যিশাইয়, মরু সাগরের পুঁথি নামে পরিচিত। এর সংক্ষিপ্ত রূপ হল “MT।”

Metonymy এটি বাক্যালঙ্কার যেখানে একটি জিনিসের নাম ব্যবহার করা হয় এর সাথে সম্পর্কিত অন্য কিছুর প্রতিনিধিত্ব করতে। যেমন একটি উদাহরণ, “কেটলিটি ফুটছে” মানে আসলে “কেটলিটির ভিতরের পানি ফুটছে।”

Muratorian Fragments (মুরাটানিয়ান খণ্ডগুলো) এটি নতুন নিয়মের ক্যাননকৃত পুস্তকসমূহের একটি তালিকা। এটি লেখা হয়েছিল রোমে ২০০ খ্রীষ্টাব্দের আগে। এটি প্রোটেষ্ট্যান্টদের নতুন নিয়মের মত একই রকম সাতাইশটি পুস্তক দিয়েছে। এটি স্পষ্ট ভাবে দেখায় রোম সাম্রাজ্যে স্থানীয় মন্ডলীগুলোর বিভিন্ন অংশ “বাস্তবসম্মত ভাবে” ক্যানন নির্ধারণ করেছিল চতুর্থ শতাব্দীর বৃহত্তর মন্ডলীর পরিষদগুলোর আগেই।

Natural revelation (স্বাভাবিক প্রকাশ) এটি মানুষের কাছে ঈশ্বরের আত্ম-প্রকাশের একটি শ্রেণী। এতে অর্ন্তভুক্ত আছে স্বাভাবিক শৃংখলা (রোমীয় ১:১৯-২০) এবং নৈতিক চেতনা (রোমীয় ২:১৪-১৫)। এটি গীত ১৯:১-৬ পদ এবং রোমীয় ১-২ অধ্যায়ের কথা বলছে। এটি বিশেষ প্রকাশ থেকে স্বতন্ত্র, যেটি বাইবেলে ঈশ্বরের সুনির্দিষ্ট আত্ম-প্রকাশ এবং নাসরতের যীশুর সর্বোচ্চতা।

এই ধর্মতত্ত্বগত শ্রেণীকে পুনরায় জোর দেওয়া হয় খ্রীষ্টিয়ান বিজ্ঞানীদের মধ্যে “পুরাতন পৃথিবী” আন্দোলনের দ্বারা (অর্থাৎ, হাগ রসের লেখা)। তারা এই শ্রেণীকে ব্যবহার করে দাবী করে যে সকল সত্য হল ঈশ্বরের সত্য। প্রকৃতি হল ঈশ্বরের বিষয়ে জ্ঞানের একটি খোলা দরজা; এটি বিশেষ প্রকাশ (বাইবেল) থেকে ভিন্ন। এটি আধুনিক বিজ্ঞানকে প্রাকৃতিক ধারাকে স্বাধীন ভাবে গবেষণা করতে অনুমতি দেয়। আমার মতে এটি একটি সুবর্ণ নতুন সুযোগ আধুনিক বৈজ্ঞানিক পশ্চিমা বিশ্বকে প্রত্যক্ষ করার।

Nestorianism Nestorius ছিলেন পঞ্চম শতাব্দীর কন্সটান্টিনোপলের আদিপিতা। তিনি সিরিয়ার আন্তর্জাতিক প্রশিক্ষিত হয়েছেন এবং দাবী করেছেন যে যীশুর দুইটি স্বভাব ছিল, একটি সম্পূর্ণ মানুষ এবং একটি সম্পূর্ণ ঐশ্বরীক। এই দৃষ্টিভঙ্গি আলেকজান্দ্রিয়ার প্রচলিত এক স্বভাব দৃষ্টিভঙ্গি থেকে পৃথক ছিল। Nestorius এর মূল উদ্দেশ্য ছিল মেরীকে “ঈশ্বরের মা” উপাধি দেওয়া নিয়ে। Nestorius কে বিরোধীতা করেছিল আলেকজান্দ্রিয়ার Cyril এবং তার নিজের আন্তর্জাতিক প্রশিক্ষিত অনুমান। আন্তর্জাতিক ছিল বাইবেল অনুবাদের ঐতিহাসিক-ব্যাকরণগত লেখনীগত প্রক্রিয়ার কেন্দ্রস্থান, অন্যদিকে আলেকজান্দ্রিয়া ছিল চার-ভাগে বিভক্ত (রূপকার্থক) অনুবাদের বিদ্যালয়। Nestorius কে চূড়ান্তভাবে কার্যালয় থেকে সরানো হয় এবং নির্বাসিত করা হয়।

Original author (মূল লেখক) এটা উল্লেখ করে শাস্ত্রের আসল লেখক/রচয়িতাদের।

Papyri এটি মিশর থেকে আসা একধরনের লেখার বস্তু। এটা প্রস্তুত করা হয় নদীর নলখাগড়া দিয়ে। এটা হল সেই বস্তু যার উপরে আমাদের গ্রীক পুরাতন নিয়মের প্রাচীন অনুলিপি লেখা হয়েছে।

Parallel passages (সমান্তরাল প্যাসেজ) এগুলো হল ধারণার অংশ যে বাইবেলের সব কিছু ঈশ্বর-প্রদত্ত এবং, সেহেতু, এটা নিজের সবচেয়ে ভাল অনুবাদক এবং প্রচলিত মতবাদ বিরুদ্ধ সত্যের সমতাকারী। এটা আরও সাহায্যকারী যখন একজন একটি অস্পষ্ট এবং সন্দেহজনক প্যাসেজ অনুবাদ করার চেষ্টা করে থাকে। তারা আরও সাহায্য করে একজনকে একটি প্রদত্ত বিষয়ে স্পষ্ট প্যাসেজ খুঁজে বের করতে সেই সাথে প্রদত্ত বিষয়ের অন্য সকল বাইবেল ভিত্তিক দৃষ্টিভঙ্গিগুলি।

Paraphrase এটি বাইবেল অনুবাদের একটি তত্ত্বের নাম। বাইবেল অনুবাদকে দেখা যেতে পারে “word to word” এর চলমান কাঠামোর রূপ, যেখানে প্রতিটি ইব্রীয় বা গ্রীক শব্দের জন্য একটি ইংরাজী শব্দ অবশ্যই সরবরাহ করতে হবে “প্যারামেজ”এ, সেখানে শুধুমাত্র চিন্তা অনুবাদ করা হয়

মূল লেখনীর ধারা বা শব্দসমষ্টির সামান্য বিবেচনা সাপেক্ষে। এই দুই তত্ত্বের মধ্যে “প্রগতিশীল সমতুল্য” যেটি চেষ্টা করে মূল লেখাকে গুরুত্বের সাথে গ্রহণ করতে, কিন্তু এটাকে অনুবাদ করে আধুনিক ব্যাকরণগত রূপ এবং বাগধারায়। অনুবাদের বিভিন্ন তত্ত্বগুলো নিয়ে একটি খুবই ভাল আলোচনা পাওয়া যাবে Fee and Stuart’s *How to Read the Bible For All Its Worth*, p. 35।

Paragraph এটি হল গদ্যের মৌলিক ব্যাখ্যামূলক সাহিত্যের একক। এর মধ্যে থাকে একটি কেন্দ্রীয় চিন্তাধারা এবং এর ক্রমোন্নতি। যদি আমরা এর প্রধান চালিকা শক্তির সাথে থাকি তবে আমরা গৌণতার প্রধান বা মূল লেখকের উদ্দেশ্য এড়িয়ে যেতে পারবো না।

Parochialism এটি পক্ষপাতের সাথে সম্পর্কিত যেটি স্থানীয় ধর্মতত্ত্ব/সাংস্কৃতিক পটভূমির মধ্যে সীমাবদ্ধ। এটি বাইবেলের সত্যের সকল মানবিক সংস্কৃতির স্বত্ত্বা বা এর প্রয়োগকে স্বীকার করে নেয় না।

Paradox এটা উল্লেখ করে সেই সত্য যেগুলো মনে হয়পরস্পরবিরোধী, অথচ উভয়ই সত্য, যদিও একে অন্যের সাথে উত্তেজনা রয়েছে। তারা উপস্থাপনার দ্বারা সত্যকে গঠন করে যদি বিপরীত দিক থেকে হয়। অনেক বাইবেলের সত্য উপস্থাপিত হয়েছে যা স্ববিরোধী (বা যুক্তি তর্ক) জোড়ায়। বাইবেলীয় সত্যগুলো বিচ্ছিন্ন তারকা নয়, কিন্তু তারকায় গঠিত তারকাপুঞ্জ।

Plato তিনি ছিলেন প্রাচীন গ্রীসের একজন দার্শনিক। তার দর্শনশাস্ত্র ইষ্টার্ণ মন্ডলীকে অনেক প্রভাবিত করেছে মিশরের আলেকজান্দ্রিয়ার পন্ডিতদের এবং পরবর্তীতে আগষ্টিন এর মধ্য দিয়ে। তিনি সত্য বলে মেনে নিয়েছেন যে পৃথিবীর সবকিছু কাল্পনিক এবং আধাত্মিক আদিরূপের দুর্লভ একটি অনুকরণ। ধর্মতত্ত্ববিদরা পরবর্তীতে প্লেটোর “গঠন/ধারণা” কে আধাত্মিক রাজত্বের সমকক্ষরূপে গণ্য করেছেন।

Presupposition (পূর্বধারণা) এটি আমাদের একটি বিষয়ে পূর্বকল্পিত উপলব্ধিকে উল্লেখ করে। আমরা প্রায়ই কোন বিষয় সম্পর্কে মতামত বা বিবেচনা তৈরী করে নেই শাস্ত্রের কাছে নিজেদের যাওয়ার আগে। এই পূর্বধারণা পক্ষপাত নামেও পরিচিত, একটি *priori* অবস্থান, একটি আনুমান বা পূর্ব উপলব্ধি হিসাবে।

Proof-texting এটি হল শাস্ত্র অনুবাদের একটি অনুশীলন একটি পদের উদ্ধৃতি এর সাহিত্যের এককের তাৎক্ষণিক প্রসঙ্গ বা বৃহত্তর প্রসঙ্গের কোন বিবেচনা করা ছাড়াই। এটি পদকে মূল লেখকের লক্ষ্য থেকে সরিয়ে দেয় এবং সাধারণত যুক্ত থাকে একটি ব্যক্তিগত মতামত প্রমাণের চেষ্টা যখন বাইবেলের কর্তৃত্ব দাবী করে।

Rabbinical Judaism যিহুদী লোকদের এই পর্যায়ের জীবন শুরু হয় বাবিলে নির্বাসন (৫৮৬-৫৩৮ খ্রীষ্ট-পূর্ব) থেকে। যখন যাজক এবং মন্দিরের প্রভাব সরে যায়, সে সময়ে স্থানীয় সমাজ-গৃহগুলো যিহুদীর জীবনের কেন্দ্র হয়ে ওঠে। যিহুদী সংস্কৃতি, সহভাগিতা, আরাধনা ও বাইবেল অধ্যয়ন জাতীয় ধর্মীয় জীবনের কেন্দ্র হয়ে ওঠে এই স্থানীয় কেন্দ্রগুলো। যীশুর সময়েও এই “অধ্যাপকদের ধর্ম” সমান্তরাল ছিল এই সকল যাজকদের কাছে। ৭০ খ্রীষ্টাব্দে যিরূশালেম পতনের সময় এই অধ্যাপকদের গঠিত, ফরীশীদের দ্বারা প্রভাবিত, যিহুদীদের ধর্মীয় জীবনের দিক নিয়ন্ত্রণ করেছে। এটি বৈশিষ্ট্যমণ্ডিত হয়েছে ব্যবহারিক, আইনসম্মত Torah এর ব্যাখ্যা দ্বারা যেভাবে মৌখিক ঐতিহ্যে (Talmud) বর্ণনা করা আছে।

Revelation (প্রকাশিত) এটি হল ঈশ্বর মানব জাতির সাথে যে কথা বলেছেন সেই ধারণার প্রদত্ত নাম। এই সম্পূর্ণ ধারণা সাধারণত তিনটি টার্মে ব্যক্ত করা হয়: (১) প্রকাশিত- ঈশ্বর মানুষের ইতিহাসে সক্রিয় ছিলেন; (২) অনুপ্রেরণা- তিনি তাঁর কার্যের সঠিক ব্যাখ্যা দিয়েছেন এবং তাদের অর্থ সংরক্ষণ করার জন্য নির্দিষ্ট লোকদের বাছাই করেছেন; এবং (৩) আলোকিত করণ- তিনি তাঁর আত্ম-প্রকাশ মানব জাতির বোঝার জন্য তাঁর আত্মাকে সাহায্যের জন্য দিয়েছেন।

Semantic field এটি উল্লেখ করে একটি শব্দের সাথে যুক্ত অর্থের সম্পূর্ণ সীমা। এটি হল মূলত একটি শব্দের যে বিভিন্ন প্রসঙ্গ আছে তার বিভিন্ন অর্থসমূহ।

Septuagint এটি ইব্রীয় পুরাতন নিয়মের গ্রীক অনুবাদের নাম। ঐতিহ্য বলে, মিশরের আলেকজান্দ্রিয়ার গ্রন্থাগারের জন্য সন্তর জন যিহুদী পন্ডিত সন্তর দিনে এটি লিখেছিলেন। ঐতিহ্যগত সময় কাল হল ২৫০ খ্রীষ্ট পূর্বের কাছাকাছি (বাস্তবে এটা শেষ করতে সম্ভবত একশ বছরের বেশি লেগেছিল)। এই অনুবাদ তাৎপর্যপূর্ণ কারণ (১) এটা আমাদের একটি প্রাচীন লেখাকে Masoretic ইব্রীয় লেখার সাথে তুলনা করতে সুযোগ দিয়েছে; (২) এটা আমাদের যিহুদী ব্যাখ্যার তৃতীয় ও দ্বিতীয় শতকের খ্রীষ্ট পূর্বের অবস্থা দেখায়; (৩) এটা আমাদের যীশুকে প্রত্যাক্ষানে আগে যিহুদীদের মশীহের উপলব্ধি দেয়। এর সংক্ষিপ্ত হল “LXX”।

Sinaiticus এটি হল চতুর্থ শতকের একটি গ্রীক পাণ্ডুলিপি। এটি খুঁজে পেয়েছিলেন Tischendorf, একজন জার্মানির পন্ডিত, Jebel Musa এর St. Catherine’s আশ্রমে, সিনাই পর্বতের একটি ঐতিহ্যময় স্থান। এই পাণ্ডুলিপির নামকরণ করা হয়েছে ইব্রীয় বর্ণমালার প্রথম অক্ষর নাম “aleph” [א] দ্বারা। এতে আছে পুরাতন এবং সম্পূর্ণ নতুন নিয়ম উভয়ই। এটি আমাদের অতি প্রাচীন একটি uncial MSS।

Spiritualizing (আত্মিকতা করণ) এই টার্মটি রূপক বর্ণনা করার সাথে সমার্থক এই অর্থে যে এটি একটি প্যাসেজের ঐতিহাসিক এবং সাহিত্যিক প্রসঙ্গ সরিয়ে দেয় এবং অন্য মানদণ্ডের ভিত্তিতে একে ব্যাখ্যা করে।

Synonymous (সমার্থক) এটি একই বা খুব কাছাকাছি অর্থের (যদিও বাস্তবে দুইটি শব্দ কখনো সম্পূর্ণরূপে অর্থগত ভাবে একটির উপরে অন্যটি উঠে যায় না) সাথে শব্দটি উল্লেখ করে। এগুলি এত কাছাকাছি সম্পর্ক যুক্ত যে এরা বাক্যের অর্থ না হারিয়ে একে অন্যকে প্রতিস্থাপিত করতে পারে। একে আরো ব্যবহার করা হয় ইব্রীয় কাব্যিক উপমার তিনটি রূপের একটির নাম হিসাবে। এই অর্থে এটি উল্লেখ করে কবিতার দুইটি পঙতি যেটা সত্য প্রকাশ করে (গীত ১০:৩)।

Syntax (বাক্য-গঠন) এটি একটি গ্রীক টার্ম যেটি উল্লেখ করে একটি বাক্যের কাঠামো। এই পন্থায় সম্পর্কিত একটি বাক্যের অংশগুলি একসাথে বসিয়ে একটি সম্পূর্ণ চিন্তা তৈরী করতে।

Synthetical এটি ইব্রীয় কবিতার সাথে সম্পর্কযুক্ত তিনটি টার্মের একটি। এই টার্ম কবিতার পঙতিগুলির কথা বলে যেগুলি গড়ে ওঠে একে অন্যের উপর ক্রমবর্ধমান অর্থে, কখনো বলা হয় “চূড়ান্তে উপস্থিত” (গীত ১৯:৭-৯)।

Systematic theology (নিয়মতান্ত্রিক ধর্মতত্ত্ব) এটা হল ব্যাখ্যার একটি ধাপ যেটি চেষ্টা করে বাইবেলের সত্যগুলো যুক্ত করতে একটি সমন্বিত ও যুক্তিসঙ্গত পন্থায়। এটি একটি যুক্তিগত, বরং নিছক ঐতিহাসিকের চেয়ে, খ্রীষ্টিয় ধর্মতত্ত্বের উপস্থাপন শ্রেণী বিভাগের (ঈশ্বর, মানুষ, পাপ, পরিত্রাণ, ইত্যাদি) দ্বারা।

Talmud এটি যিহুদীদের মৌখিক ঐতিহ্যের সার সংগ্রহের জন্য শিরোনাম। যিহুদীরা বিশ্বাস করে এটি মৌখিকভাবে ঈশ্বর মোশীকে দিয়েছিলেন সিনাই পর্বতের উপরে। বাস্তবে এটা মনে হয় যিহুদী শিক্ষকদের বহু বছরের মাধ্যমে সংগৃহীত জ্ঞান। Talmud এর দুই ধরনের লিখিত সংস্করণ আছে: বাবিলীয় এবং সংক্ষিপ্ত, অসমাপ্ত পলেস্টীয়।

Textual criticism (লেখনী বিষয়ক সমালোচনা) এটি হল বাইবেলের পাণ্ডুলিপিগুলি অধ্যয়ন করা। লেখনীগত সমালোচনার প্রয়োজন কারণ কোন মূল লেখনীর অস্তিত্ব নেই এবং অনুলিখনগুলি একে অপর থেকে পৃথক। এটি চেষ্টা করে ভিন্নতা বর্ণনা করতে এবং পুরাতন এবং নতুন নিয়মের হস্তলিখিত মূল শব্দের (যত কাছাকাছি সম্ভব) থাকতে। একে প্রায়ই বলা হয় “নিম্নতর সমালোচনা।”

Textus Receptus এই নামকরণ বিকশিত হয় গ্রীক নতুন নিয়মের Elzevir এর সংস্করণে ১৬৩৩ খ্রীষ্টাব্দে। মূলত এটি গ্রীক নতুন নিয়মের একটি রূপ যেটি প্রস্তুত হয়েছিল কয়েকটি প্রাচীন গ্রীক পাণ্ডুলিপি এবং Erasmus (১৫১০-১৫৩৫), Stephanus (১৫৪৬-১৫৫৯) এবং Elzevir (১৬২৪-১৬৭৪) এর লাতিন সংস্করণ থেকে। *An Introduction to the Textual Criticism of the New Testament*, p. 27, A. T. Robertson বলেছেন “Byzantine text হল কার্যতভাবে Textus Receptus।” Byzantine text হল প্রাচীন গ্রীক পাণ্ডুলিপির (পশ্চাত্য, আলেকজান্দ্রিয়া এবং Byzantine) পরিবার তিনটির মধ্যে কম মূল্যবান। এর মধ্যে রয়েছে বহু শতকের হাতে লেখা অনুলিপি সমূহের ক্রটি। যাহোক, A. T. Robertson আরো বলেছেন “Textus Receptus” আমাদের জন্য একটি যথেষ্ট নির্ভুল লেখা সংরক্ষণ করেছে” (পৃ. ২১)। এই গ্রীক পাণ্ডুলিপির ঐতিহ্য (বিশেষভাবে Erasmus এর ১৫২২ এর তৃতীয় সংস্করণ) ১৬১১ খ্রীষ্টাব্দের King James সংস্করণের ভিত্তি গঠন করেছে।

Torah এটি “শিক্ষা দেওয়া” র জন্য ইব্রীয় টার্ম। এটি মোশীর লেখাগুলোর (আদিপুস্তক থেকে দ্বিতীয় বিবরণ) অফিশিয়াল শিরোনাম হয়ে এসেছে। এটা হল, যিহুদীদের জন্য, সবচেয়ে কর্তৃত্বপূর্ণ বিভাজন ইব্রীয়দের ধর্মশাস্ত্রের।

Typological এটি একটি বিশেষ ধরনের ব্যাখ্যা। সাধারণত এর সাথে জড়িত থাকে পুরাতন নিয়মের প্যাসেজে পাওয়া নতুন নিয়মের সত্য একটি প্রতীকী চিহ্নের দ্বারা। এই শ্রেণীর বাইবেল ব্যাখ্যার কৌশল ছিল আলেকজান্দ্রিয় পদ্ধতির মুখ্য উপাদান। এই ধরনের ব্যাখ্যার অপব্যবহারের কারণে, একজনকে নতুন নিয়মে সংরক্ষিত সুনির্দিষ্ট উদাহরণে এটার ব্যবহার সীমিত করতে হবে।

Vaticanus এটি চতুর্থ শতকের গ্রীক পাণ্ডুলিপি। এটা পাওয়া গিয়েছিল ভ্যাটিক্যান গ্রন্থাগারে। এর মধ্যে মূলত রয়েছে সমস্ত পুরাতন নিয়ম, বাইবেলের অপ্রামাণিক অংশসমূহ এবং নতুন নিয়ম। যাহোক, কিছু অংশ (আদিপুস্তক, গীতসংহিতা, ইব্রীয়, পালকীয় পত্র, ফিলিমন এবং প্রকাশিত বাক্য) হারিয়ে গিয়েছে। হস্তলিখনের মূল ভাষার শব্দচয়ন নির্ধারণে এটি খুব সাহায্যকারী একটি পাণ্ডুলিপি। এর নামকরণ হয়েছে বড় হাতের “B” দ্বারা।

Vulgate এটি Jerome এর বাইবেলের লাতিন অনুবাদের নাম। এটি রোমীয় ক্যাথলিক মন্ডলীর মৌলিক বা “সাধারণ” অনুবাদ হয়েছিল। এটা করা হয়েছিল ৩৮০ খ্রীষ্টাব্দে।

Wisdom literature (প্রজ্ঞা সাহিত্য) এটি প্রাচীন নিকট প্রাচ্যের সাহিত্যের একটি প্রচলিত ধারা (এবং আধুনিক বিশ্বে) ছিল। মূলত এর চেষ্টা ছিল একটি নতুন প্রজন্মকে কবিতা, প্রবাদ, বা রচনার মধ্য দিয়ে সফলভাবে বেচে থাকবার জন্য নীতিমালা প্রদান। এটি উদ্দেশ্য ছিল যৌথ সমাজের চেয়ে ব্যক্তির প্রতি বেশী। এটি ইতিহাসের প্রতি ইঙ্গিত ব্যবহার করেনি, কিন্তু জীবনের অভিজ্ঞতা এবং পর্যবেক্ষণের উপর ভিত্তি করেছে। বাইবেলে ইয়োব থেকে পরমগীত YHWH র উপস্থিতি এবং আরাধনা ধরে নেয়, কিন্তু এই ধর্মীয় দৃষ্টি ভঙ্গি স্পষ্ট নয় প্রতিটি মানুষের অভিজ্ঞতার প্রতিটি সময়ে।

একটি সাহিত্য রীতি হিসাবে এটি সাধারণ সত্য প্রকাশ করে। যাহোক, এই সাহিত্য রীতি প্রতিটি সুনির্দিষ্ট পরিস্থিতিতে ব্যবহার করা যায় না। এটি হল সাধারণ বিবৃতি যেটি প্রতিটি স্বতন্ত্র পরিস্থিতিতে প্রয়োগ করা যায় না।

এইসব জ্ঞানী ব্যক্তির জীবনের কঠিন প্রশ্ন করতে সাহস করেন। প্রায়ই এরা ঐতিহ্যগত ধর্মীয় দৃষ্টিভঙ্গিগুলো (ইয়োব এবং উপদেশক) অভিযুক্ত করে। তারা জীবনের দুঃখদায়ক ঘটনার বিষয়ে সহজ উত্তরের একটি সমতা এবং চিন্তা গঠন করে থাকে।

World picture and worldview (বিশ্ব চিত্র এবং দৃষ্টিভঙ্গি) এগুলো হল সাধারণ টার্ম। এগুলো সৃষ্টি সম্পর্কে দার্শনিকগত ধারণা। “বিশ্ব চিত্র” টার্মটি উল্লেখ করে “কিভাবে” সৃষ্টি যেহেতু “দৃষ্টিভঙ্গি” সম্পর্কযুক্ত “কে” এর সাথে। এই টার্মগুলি ব্যাখ্যার সাথে সাদৃশ্য যা আদি পুস্তক ১-২ আলোচনা করে প্রাথমিকভাবে সৃষ্টির কে -এর সাথে কিভাবে সাথে নয়।

YHWH এটি পুরাতন নিয়মে ঈশ্বরের জন্য নিয়মের নাম। এটা ব্যাখ্যা করা হয়েছে যাত্রা ৩:১৪ পদে। এটি ইব্রীয় শব্দ “হতে” এর CAUSATIVE রূপ। যিহুদীরা এই নাম উচ্চারণ করতে ভয় পেত, পাছে তারা অনর্থক নাম নেয় এই ভয়ে; সুতরাং, তারা ইব্রীয় বিকল্প টার্ম *Adonai* “সদাপ্রভু” ব্যবহার করতো। এইভাবে এই নিয়মের নাম ইংরাজীতে অনুবাদ করা হয়েছে।

Copyright © 2013 [Bible Lessons International](http://www.biblelessons.org/)

মতবাদগত বিবৃতি (DOCTRINAL STATEMENT)

আমি বিশ্বাস বা মতবাদের বিবৃতির তেমন গুরুত্ব দেই না। আমি সব সময় বাইবেলকে গুরুত্ব দেই। যাহোক, আমি উপলব্ধি করেছি যে বিশ্বাসের একটি বিবৃতি তাদের জন্য দেওয়া দরকার যারা আমাকে চেনে না এবং আমার মতবাদগত উদ্দেশ্য মূল্যায়নের উপায় জানে না। আমাদের বর্তমান সময়ে অনেক রকম ধর্মতাত্ত্বিক ভুল ও প্রবঞ্চনার মাঝে পরবর্তীতে উল্লেখিত হল আমার সংক্ষিপ্ত ধর্মতত্ত্ব।

১. বাইবেল, নূতন এবং পুরাতন উভয় নিয়মই, ঈশ্বরের অনুপ্রাণিত, অপ্রাপ্ত, কৃর্তৃকারী, অনন্তকালীন বাক্য। এটি হল অলৌকিক নেতৃত্বের অধীনে মানুষের লিপিবদ্ধ ঈশ্বরের আত্ম-প্রকাশ। এটি হল ঈশ্বর এবং তাঁর উদ্দেশ্য সম্পর্কে আমার স্পষ্ট সত্যের একমাত্র উৎস। তাছাড়া এটি তাঁর মন্ডলীর একমাত্র বিশ্বাস ও অনুশীলনের একমাত্র উৎস।
২. কেবলমাত্র একজনই অনন্তকালীন, পুনরুদ্ধারকারী সৃষ্টি কর্তা ঈশ্বর। তিনি দৃশ্য ও অদৃশ্য সকল কিছুর সৃষ্টি কর্তা। তিনি নিজেকে প্রেমময় ও তত্ত্বাবধানকারী হিসাবে প্রকাশ করেছেন যদিও তিনি ন্যায়বান ও ন্যায়্য। তিনি নিজেকে তিনটি স্বতন্ত্র ব্যক্তিতে প্রকাশ করেছেন: পিতা, পুত্র এবং পবিত্র আত্মা; সত্যিকার ভাবে পৃথক তথাপি একই সত্ত্বা।
৩. ঈশ্বর সক্রিয় ভাবে তাঁর পৃথিবীকে নিয়ন্ত্রণ করছেন। তাঁর সৃষ্টির জন্য অনন্তকালীন পরিকল্পনা রয়েছে যা অপরিবর্তনীয় ও ব্যক্তিগত ভাবে যে কেউ সেদিকে দৃষ্টি দিতে পারে যা মানুষের স্বাধীন ইচ্ছাকে অনুমোদন করে। ঈশ্বরের জ্ঞান এবং অনুমতি ছাড়া কোন কিছুই ঘটে না, তথাপি তিনি ব্যক্তিগত ভাবে মানুষকে ও দূতদের উভয়কেই বেছে নেবার সুযোগ দিয়েছেন। যীশু হলেন পিতার মনোনীত মানুষ এবং সকলেই সাম্ভাব্য ভাবে তাঁতে মনোনীত। যে কোন ঘটনায় ঈশ্বরের পূর্ব জ্ঞান কখনোই মানুষকে খাটো করে না পূর্ব-লিখিত শাস্ত্রের স্থিরতায়। আমরা সকলে আমাদের নিজেদের কাজ ও চিন্তার জন্য দায়ী।
৪. মানব জাতি, যদিও ঈশ্বরের প্রতিমূর্তি দ্বারা এবং পাপ মুক্ত সৃষ্টি, তারা ঈশ্বরের বিদ্রোহ করাটা বেছে নেয়। যদিও প্রলোভিত হয়েছিল অতিপ্রাকৃতিক প্রতিনিধি দ্বারা, আদম এবং হবা তাদের স্বেচ্ছাকৃত আত্ম-কেন্দ্রিকতার জন্য দায়ী। তাদের বিদ্রোহে মানব জাতি ও সৃষ্টিকে প্রভাবিত করেছে। আমাদের সকলের ঈশ্বরের দয়ার ও অনুগ্রহের প্রয়োজন আদমের কৃত পাপের এবং আমাদের স্বেচ্ছাকৃত ব্যক্তিগত বিদ্রোহ উভয়ের জন্য।
৫. ঈশ্বর ক্ষমা এবং পুনরুত্থানের উপায় যোগান দিয়েছেন পতিত মানবের জন্য। যীশু খ্রীষ্ট, ঈশ্বরের অদ্বিতীয় পুত্র, মানুষ হলেন, পাপহীন জীবন যাপন করলেন এবং তাঁর বিকল্প মৃত্যুর উপায়ে মানবজাতির পাপের দেনা শোধ করলেন। তিনিই একমাত্র পুনরুদ্ধার ও ঈশ্বরের সঙ্গে সহভাগিতার উপায়। আর কোন পরিব্রাণের উপায় নেই যীশুর কৃত সম্পূর্ণ কাজ ছাড়া।
৬. আমাদের প্রত্যেকে ব্যক্তিগত ভাবে ঈশ্বরের ক্ষমা এবং পুনরুত্থান লাভ করতে হবে বিশ্বাসের মধ্যে দিয়ে। এটাই হল সম্পূর্ণ কাজ ইচ্ছাশক্তির উপায়ে নির্ভরতার কাজ ঈশ্বরের প্রতিজ্ঞায় যীশুর মধ্যে দিয়ে এবং ইচ্ছাপূর্ণ ভাবে জানা পাপ থেকে নিজেকে ফেরান।
৭. আমরা প্রত্যেকেই পরিপূর্ণ ভাবে ক্ষমাপ্রাপ্ত এবং উদ্ধারকৃত খ্রীষ্টে আমাদের নির্ভরতা এবং পাপ থেকে মন পরিবর্তনের কারণে। যদিও, এই নূতন সম্পর্কের প্রমাণ হল পরিবর্তনে এবং পরিবর্তীত জীবনে। মানবের জন্য ঈশ্বরের লক্ষ্য কেবলমাত্র একদিন স্বর্গে নিয়ে যাওয়া নয় কিন্তু এখনই খ্রীষ্ট সাদৃশ্য হওয়া। যারা সত্যিকার ভাবে পুনরুদ্ধার প্রাপ্ত, যদিও মাঝে মাঝে পাপ করেন, অবিরত বিশ্বাসে এবং অনুতাপে রয়েছেন তাদের সমগ্র জীবনে।
৮. পবিত্র আত্মা হলেন “অন্য যীশু”(the other Jesus)। তিনি এই জগতে উপস্থিত হারানদের খ্রীষ্টের দিকে পরিচালিত করতে এবং যারা খ্রীষ্টকে লাভ করেছে তাদের খ্রীষ্ট সাদৃশ্যতায় পরিচালিত করতে। আত্মার দান পরিব্রাণে দেওয়া হয়। সেগুলি হল যীশুর জীবন ও পরিচর্যা তাঁর দেহ অর্থাৎ মন্ডলীর মধ্যে ভাগ করে দেওয়া হয়। দান যেগুলি মূলত যীশুর মনোভাব ও উদ্দেশ্যের অনুপ্রেরণায় অনুপ্রাণিত হওয়া প্রয়োজন আত্মার ফলে। আমাদের সময়ে আত্মা সক্রিয় যেমন তিনি ছিলেন বাইবেলের সময়কালে।
৯. পিতা পুনরুত্থিত খ্রীষ্টকে সকল কিছুর বিচারকর্তা করেছেন। তিনি পৃথিবীতে আবার ফিরে এসে সকল মানুষের বিচার করবেন। যারা যীশুর উপরে নির্ভর করে এবং যাদের নাম মেষ শাবকের জীবন পুস্তকে লিখিত আছে তারা সকলে তাঁর পুনরাগমনে অনন্তকালীন গৌরবের দেহ লাভ করবে। তারা চিরকাল তাঁর সঙ্গে বসবাস করবে। যাহোক, যারা ঈশ্বরের সত্যে সাড়া দিতে প্রত্যাখ্যান করেছে তারা অনন্তকালীন ভাবে পৃথক হবে ত্রিত্ব ঈশ্বরের সহভাগিতার আনন্দ থেকে। তাদের শয়তান ও তার দূতদের সঙ্গে দোষি করা হবে।

এটি নিশ্চিত ভাবে সম্পূর্ণ বা ধারাবাহিক নয় কিন্তু আমি আশা করি এটি আপনাকে আমার হৃদয়ের ধর্মতাত্ত্বিক সুগন্ধ দেবে। আমি এই মন্তব্য পছন্দ করি:

“আবশ্যকীয়তায়—একতা, প্রান্তিকতায়—স্বাধীনতা, সকল বিষয়ে—ভালবাসা।”